বিদুষঃ সার্ব্বাত্ম্যেন যোগ্যাদিষু প্রাপ্তঅঙ্গনাদ্যনুবাদে স্যাদতিপ্রসক্তিরিতি শঙ্কতে—যথাপ্রাপ্তেতি। অতিপ্রসঙ্গমেব প্রকটয়তি—যোগ্যাদিষ্বিতি। অবিদ্যাকৃতনামরূপবিরচিতোপাধিবিষয়সম্বন্ধনিবন্ধনমিথ্যাজ্ঞানাধীনত্বাদাত্মনি দুঃখিত্বাদিপ্রতীতেঃ ন তত্র বস্তুতো দুঃখিত্বং, ন চ অঙ্গনাস্তপি বাস্তবমাবিদ্যকৈব মুক্তিস্তুতয়েঽনুবাদাদদুঃখিত্বস্ত হি নানুবাদোঽতিহীনত্বপ্রাপ্তেরিতি পরিহরতি—নেত্যাদিনা। যৎ তু বিরুদ্ধশ্রুতিদৃষ্টৈর্নাপরার্থ্যো নির্ণয়ো ভবতীতি, তত্রাহ—বিরুদ্ধেতি। বেদ্যত্বাবেদ্যত্বাদিশ্রুতীনাং সোপাধিকনিরুপাধিকবিষয়ত্বেন মধুকাণ্ডে ব্যবস্থোক্তেত্যর্থঃ। ব্রাহ্মণার্থমুপসংহরতি—তস্মাদিতি। ব্রহ্মণ্যানন্দস্ত বেদ্যতায়া দুর্নিরূপত্বং তচ্ছব্দার্থঃ। যথৈবোঽস্তেত্যত্র ভেদো ন বিবক্ষিতঃ, সর্ব্বাত্মভাবস্ত প্রকৃতত্বাত্তথা বিজ্ঞানাদিবাক্যোক্তানন্দস্ত বেদ্যতা ন বিবক্ষিতা। উক্তরীত্যা তদ্বেদ্যতায়া দুষ্প্রতিপাদত্বাৎ, তস্মাদতিশয়ানন্দং চিদেকতানং বস্তু সিদ্ধমিত্যর্থঃ ॥ ৪০ ॥২৮॥৭॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং তৃতীয়াধ্যায়স্য নবমং ব্রাহ্মণম্ ॥ ৩॥ ৯।

ভাষ্যানুবাদ। যদি মনে কর যে, মর্ত্ত্য ত স্বভাবতই জাত; সুতরাং তৎসম্বন্ধে আর জিজ্ঞাস্য কি আছে?—যাহা জন্মিয়াছে, তাহারই জন্ম বিষয়ে প্রশ্ন করা যাইতে পারে, কিন্তু জাত পদার্থের সম্বন্ধে নহে; ইহা যখন উৎপন্নই রহিয়াছে, (আর পুনরুৎপন্ন হইবে না,) তখন এবিষয়ে ত প্রশ্নই সঙ্গত হয় না; না, একথা বলিতে পার না; কারণ, মৃত্যুর পরও নিশ্চয়ই জন্ম হইয়া থাকে; তাহা না হইলে কৃতনাশ ও অকৃতাভ্যাগম নামক দুইটী দোষ ঘটিতে পারে (১)। অতএব তোমাদিগকে জিজ্ঞাসা

(১) তাৎপর্য্য—কৃতনাশ অর্থ—যে সমস্ত কর্ম্ম করা হয়, সে সমস্ত কর্ম্মের নিষ্ফলতা, আর অকৃতাভ্যাগম অর্থ—যেরূপ কর্ম্ম করা হয় নাই, সেরূপ কর্ম্মফলভোগ করা। অভিপ্রায়

করিতেছি—মৃত্যুর পরে এই মর্ত্ত্যকে পুনর্ব্বার জন্মায় কে? সভাস্থ ব্রাহ্মণগণ তাহা বুঝিতে পারিলেন না, অর্থাৎ মৃত্যুর পর যাহা হইতে পুনরায় জন্ম লাভ হয়, জগতের সেই মূল কারণ নিরূপণ করিতে পারিলেন না; অতএব ব্রহ্মিষ্ঠত্ব নিবন্ধন যাজ্ঞবল্ক্যের নিকট সকলে পরাজিত হইলেন; তিনি গোধন লইয়া গেলেন। এখানেই আখ্যায়িকা সমাপ্ত হইল।১

অতঃপর—যাহা জগতের মূল কারণ, সাক্ষাৎ সম্বন্ধে যে শব্দ দ্বারা ব্রহ্মের নির্দ্দেশ হইয়া থাকে এবং স্বয়ং যাজ্ঞবল্ক্যও ব্রাহ্মণগণকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন; স্বয়ং শ্রুতিই তাহা আমাদিগকে বলিয়া দিতেছেন – 'বিজ্ঞানং' —বিশিষ্ট জ্ঞানস্বরূপ, তাহাই আবার আনন্দ স্বরূপও বটে, কিন্তু উহা বিষয়জ জ্ঞানের স্থায় দুঃখমিশ্রিত নহে; তবে কি না, উহা শিব (কল্যাণময়), অনুপম —সর্ব্ববিধ ক্লেশসম্পর্ক-বর্জ্জিত, নিত্যতৃপ্ত ও একরস (একস্বভাব)। উক্ত উভয়বিধ বিশেষণবিশিষ্ট ব্রহ্ম কি প্রকার?—ধনদাতার—কর্ম্মানুষ্ঠাতা যজমানের পরায়ণ—পরম আশ্রয় অর্থাৎ কর্ম্মফলপ্রদাতা। অপিচ, যাহারা লোকৈষণা, বিত্তৈষণা ও পুত্রৈষণা, এই ত্রিবিধ কামনা হইতে সম্পূর্ণ বিরত হইয়া সেই ব্রহ্মেতেই স্থিতি লাভ করেন; অকর্ম্মী (জ্ঞানী)' এবং ব্রহ্মবিৎ —যিনি সেই ব্রহ্মতত্ত্ব সম্যক্ অবগত হইয়াছেন, তাহাদেরও পরমাশ্রয়স্বরূপ।২

অতঃপর, এ বিষয়ে এইরূপ আলোচনা করা যাইতেছে—জগতে 'আনন্দ' শব্দ সুখবাচক বলিয়া প্রসিদ্ধ; অথচ এখানে "আনন্দং ব্রহ্ম" ব্রহ্মবাক্যে আনন্দ শব্দটী ব্রহ্মের বিশেষণরূপে ব্যবহৃত হইয়াছে; এবং অন্যান্য শ্রুতিতেও ব্রহ্ম-বিশেষণ রূপে 'আনন্দ' শব্দের উল্লেখ রহিয়াছে; যথা—'ব্রহ্মকে আনন্দ স্বরূপ বলিয়া জানিয়াছিলেন,' 'আনন্দ স্বরূপ ব্রহ্মকে জানিলে', 'এই আকাশ (ব্রহ্ম) যদি আনন্দ স্বরূপ না হইত,' 'যাহা ভূমা (পরম মহৎ ব্রহ্ম), তাহাই সুখ স্বরূপ', 'এই পরমাত্মাই পরম আনন্দস্বরূপ' ইত্যাদি। 'আনন্দ' শব্দ সাধারণতঃ অনুভবযোগ্য সুখেই প্রসিদ্ধ; অতএব ব্রহ্মানন্দও যদি অনুভব-

এই যে, মর্ত্ত্য পুরুষ যদি মৃত্যুর পর, পুনরায় জন্ম লাভ না করে, প্রত্যেক জন্মই যদি অভিনব—স্বভাবজাত হয়, তাহা হইলে, বলিতে হইবে যে, কোন জীবই স্বকৃত কর্ম্মের ফলভোগ করে না এবং সেরূপ ভোগের সম্ভাবনাও রহিল না; সুতরাং কৃত কর্ম্ম গুলি নষ্ট—বিফল হইয়া গেল, আর প্রত্যেকের পক্ষেই অকৃত—যাহা নিজে করে নাই, এরূপ ফলের ভোগ সম্ভাবিত হইল। তাহার ফলে জগতের দৃশ্যমান বৈচিত্র্য রক্ষা পাইতে পারে না ইত্যাদি।

যোগ্য হয়, তাহা হইলেই ব্রহ্মবিষয়ে প্রযুক্ত উক্ত 'আনন্দ' শব্দ যুক্তিযুক্ত হয়, (নচেৎ সঙ্গত হয় না)।৩

ভাল কথা, স্বয়ং শ্রুতি যখন ব্রহ্মকে আনন্দস্বরূপ বলিতেছেন, তখন ব্রহ্মও অনুভবযোগ্য আনন্দস্বরূপই হউক ; ইহাতে আর বিচার্য্য বিষয় কি আছে? না—একথা বলিতে পারা যায় না ; কেন না, এ বিষয়ে বিরুদ্ধ শ্রুতিবাক্যও পরিলক্ষিত হইতেছে। হাঁ, সত্য বটে, ব্রহ্মবিষয়ে যেমন আনন্দশব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যায়, তেমনি ব্রহ্মৈকত্বপক্ষে বিজ্ঞানেরও (অনুভবেরও) প্রতিষেধ শুনিতে পাওয়া যায় ; যথা—'যখন মুমুক্ষুর সমস্তই আত্মস্বরূপ হইয়া যায়, তখন কে কাহাকে কিসের দ্বারা দর্শন করিবে? কিসের দ্বারা কাহাকে জানিবে?' 'যাহাতে অন্য কিছু দর্শন করে না, অন্য কিছু শ্রবণ করে না, এবং অন্য কিছু জানে না, তাহাই ভূমা (ব্রহ্ম)' জীব প্রাজ্ঞ পরমাত্মার সহিত সম্মিলিত হইয়া বাহ্য বা আভ্যন্তর কিছুই জানে না' ইত্যাদি। অতএব পরস্পর বিরুদ্ধার্থ-বোধক শ্রুতি থাকায় বিচার করা আবশ্যক হইতেছে ; সুতরাং বেদবাক্যের প্রকৃতার্থ নিরূপণের জন্য বিচার করা উচিত। বিশেষতঃ মোক্ষবাদিগণের মধ্যে বিরুদ্ধ মত দর্শনেও বিচারের আবশ্যকতা আছে,—সাংখ্য ও বৈশেষিক উভয়েই মোক্ষবাদী ; তাঁহারা বলেন—মুক্তিতে অনুভবযোগ্য কোন সুখ থাকে না ; অন্য সম্প্রদায় বলেন যে, মুক্তিতেও নিরতিশয়—যাহা অপেক্ষা আর অধিক নাই, এইরূপ আনন্দ অনুভব হইয়া থাকে। অতএব বিচারের যথেষ্ট প্রয়োজন রহিয়াছে।৪

এমত অবস্থায় কোন পক্ষ অবলম্বন করা উচিত? না, আনন্দ প্রভৃতি শব্দের স্পষ্ট উল্লেখ দর্শনে এবং 'মুক্ত পুরুষ হাস্য, ক্রীড়া ও রমণ করতঃ', 'তিনি যদি পিতৃলোককামী হন', 'যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিদ্', 'সমস্ত কাম (বিষয়) উপভোগ করেন' ইত্যাদি শ্রুতিবাক্যানুসারে স্বীকার করিতে হয় যে, মুক্তিতেও সুখ-সংবেদন হইয়া থাকে। ভাল, একত্ব-সিদ্ধান্ত পক্ষে কারক-বিভাগ যখন থাকেনা, তখন ত সুখ-বিজ্ঞান হইবে কিরূপে? কারণ, ক্রিয়া-মাত্রই বহুকারক-সাধ্য ; বিজ্ঞানও যখন একটী ক্রিয়া, তখন একত্ব-পক্ষে আনন্দানুভব হইবে কি প্রকারে? না, ইহা দোষাবহ হয় না ; কারণ, এবিষয়ে যখন স্পষ্ট শ্রুতিপ্রমাণ রহিয়াছে, তখন ব্রহ্মানন্দের অনুভবেও বিরোধ হইতে পারে না ; আর আনন্দ অনুভবগোচর না হইলে যে, 'বিজ্ঞানমানন্দম্' প্রভৃতি বাক্য অসঙ্গত হয়, সেকথাও আমরা পূর্ব্বেই বলিয়াছি।৫

ভাল, জিজ্ঞাসা করি, বচন থাকিলেই কি হয়?—বচনে ত নিশ্চয়ই অগ্নির শীতলতা, কিম্বা জলের উষ্ণতা জন্মাইতে পারে না; কারণ, বচনে (শব্দ প্রমাণ) কেবল বস্তুর স্বভাব জ্ঞাপন করে মাত্র, কিন্তু অন্য দেশে অগ্নি শীতল, অথবা অগম্য কোনও স্থানে জল স্বভাবতঃ উষ্ণ—উহা জ্ঞাপন করিতে পারে না; [জ্ঞাপন করিলেও, সে বাক্য প্রমাণরূপে গ্রাহ্য হয় না]। না—এ আপত্তি হইতে পারে না; কেন না, পরমাত্মগত আনন্দের যে, অনুভব হয়, ইহা প্রত্যক্ষও দেখিতে পাওয়া যায়; বিশেষতঃ 'অগ্নি শীতল' ইত্যাদি বাক্য যেমন প্রত্যক্ষের বিরুদ্ধার্থপ্রকাশক, 'বিজ্ঞানম্ আনন্দম্' এবম্বিধ বাক্যগুলি সেরূপ কোনপ্রকার বিরুদ্ধার্থপ্রকাশক নহে। ৬

আর ঐ সকল শ্রুতিবাক্যের যে, অর্থগত বিরোধ নাই তাহা অনুভবসিদ্ধও বটে,—'আমি সুখী' ইত্যাদিরূপে আত্মার সুখরূপত্ব সকলেই অনুভব করিয়া থাকে; (১) সুতরাং আত্মার আনন্দ স্বরূপত্বকথাটা প্রত্যক্ষের বিরুদ্ধ হইতেছে না; অতএব আনন্দস্বরূপ ব্রহ্ম বিজ্ঞানাত্মক বলিয়াই আপনি আপনাকে অনুভব করিয়া থাকে। এইরূপ হইলেই আত্মার আনন্দস্বরূপত্ব-প্রতিপাদক পূর্ব্বোদাহৃত "জক্ষৎ ক্রীড়ন্ রমমাণঃ" ইত্যাদি শ্রুতিবাক্যেরও সামঞ্জস্য রক্ষা পাইতে পারে। ৭

না—একথা হইতে পারে না; কারণ, দেহেন্দ্রিয়াদির অভাবে বিজ্ঞানোৎপত্তি কখনই সম্ভবপর হয় না; কেন না, আত্যন্তিক মোক্ষদশায় শরীর থাকে না; শরীর রূপ আশ্রয় না থাকিলে ইন্দ্রিয় থাকাও সম্ভব হয় না; অতএব দেহেন্দ্রিয়াদি না থাকায় আনন্দ বিষয়ে বিজ্ঞানোৎপত্তি একেবারেই অসম্ভব। আর যদি দেহেন্দ্রিয়াদির অভাবেও বিজ্ঞানোৎপত্তি স্বীকার করা হয়, তাহা হইলেও, এই দেহেন্দ্রিয়াদি পরিগ্রহের কিছুমাত্র প্রয়োজন দেখা যায় না; একথা একত্বসিদ্ধান্তের বিরুদ্ধও বটে; কারণ পর ব্রহ্ম নিত্য বিজ্ঞানস্বরূপ বলিয়া যদি আপনার আনন্দাত্মক ভাব প্রকাশ

---

(১) এখানে আশঙ্কা হইতে পারে যে, 'অহং সুখী' বলিলে বুঝা যায় যে, আত্মার ধর্ম্মই সুখ, কিন্তু আত্মা সুখাত্মক নহে; সুতরাং ভাষ্যকার 'আত্মার সুখাত্মতা অনুভব হয় বলিলেন কিরূপে? তদুত্তরে বলিতে পারা যায় যে, ইঁহাদের মতে ধর্ম্ম ও ধর্ম্মী পৃথক্ বস্তু নহে; উভয়ই এক সত্তার অধীন; সুতরাং ধর্ম্ম ও ধর্ম্মী অভিন্ন পদার্থ; অতএব 'অহং সুখী' বাক্যেও সুখ-ধর্ম্মটাকে তাহার আশ্রয়ভূত আত্মার সহিত অভিন্ন বলিয়া গ্রহণ করা অনুচিত হয় নাই।

করিতেন, তাহা হইলে ত সর্ব্বদাই প্রকাশ করিতেন; কিন্তু তাহা ত কখনই করেন না; আর সংসারী আত্মাও যখন সংসার হইতে বিনির্মুক্ত হয়, তখনই সে আপনার প্রকৃত স্বরূপ প্রাপ্ত হয়; সুতরাং সংসারীর পক্ষে ব্রহ্মানন্দ উপলব্ধি করা সম্ভব হয় না। তাহার পর, মুক্ত আত্মাও—জলাশয়ে নিক্ষিপ্ত জলাঞ্জলির ন্যায় ব্রহ্মের সঙ্গে মিশিয়া এক হইয়া যায়, কিন্তু আনন্দাত্মক ব্রহ্মবিজ্ঞানের জন্য কখনই পৃথক্ হইয়া থাকে না, অতএব 'মুক্তিদশায় জীব আনন্দাত্মক আত্মাকে অনুভব করিয়া থাকে' এ কথার কোনই অর্থ থাকে না। ৮

আর যদি বল, মুক্ত আত্মা পৃথক্ থাকিয়াই ব্রহ্মানন্দ উপলব্ধি করিয়া থাকে; এবং 'আমি আনন্দস্বরূপ' বলিয়া প্রত্যগাত্মাকে (আপনাকে) অনুভব করিয়া থাকে, তাহা হইলেও একত্বসিদ্ধান্তের বিরোধ হয়, এবং সমস্ত শ্রুতিবাক্যেরও বাধা ঘটে; অথচ এতদতিরিক্ত তৃতীয় আর একটা কল্পনা করাও সম্ভব হয় না। আরও এক কথা, ব্রহ্ম যদি সর্ব্বদাই আত্মানন্দ অনুভব করিতে থাকে; তাহা হইলে, বিজ্ঞান ও অবিজ্ঞান-বিভাগ কল্পনা নিরর্থক হইয়া পড়ে; আত্মার আনন্দবিষয়ক বিজ্ঞান যদি সর্ব্বদাই বিদ্যমান থাকে, তাহা হইলে, বলিতে হইবে যে,তাহাই তাহার স্বভাব; সুতরাং আত্মা আনন্দ অনুভব করে' এইরূপ নূতন করিয়া অনুভব কল্পনা করা সঙ্গত হইতে পারে না। অতএব যদি তাহার আগন্তুক বিজ্ঞানের সম্ভাবনা থাকে, তাহা হইলেই ঐরূপ কল্পনার সার্থকতা হইতে পারে, যেমন 'আপনাকে ও অপরকে জানে' ইত্যাদি বাক্যের সার্থকতা হয়, তদ্রূপ অবিচ্ছিন্নভাবে যাহার মন কেবল ইষুতে একান্ত নিবিষ্ট, তাহার সম্বন্ধে যেমন ইষুবিষয়ে জ্ঞান ও অজ্ঞানের কল্পনা অর্থহীন, তেমনি বিজ্ঞানাত্মক আত্মা কখনও জ্ঞানকে জানে, কখনও জানে না, এইরূপ কল্পনারও কোনই অর্থ থাকে না। ৯

এই দোষ পরিহারের জন্য যদি বল, আত্মা বিচ্ছিন্নভাবেই স্বীয় আনন্দের অনুভব করিয়া থাকে; তাহা হইলেও আত্মবিজ্ঞানের ছিদ্রে, অর্থাৎ যে সময় আত্মানন্দবিষয়ে জ্ঞান না থাকে, সেই সময়ে অন্য বিষয়ে বিজ্ঞান হইতে পারে; তাহা হইলে ত আত্মার নির্ব্বিকারভাব নষ্ট হয়; নির্ব্বিকারত্ব নষ্ট হইলেই তাহার অনিত্যত্ব আসিয়া পড়ে। অতএব বুঝিতে হইবে যে, ব্রহ্মের কেবল স্বরূপমাত্র প্রতিপাদন করাই "বিজ্ঞানমানন্দম্" এই শ্রুতির

মুখ্য উদ্দেশ্য, কিন্তু ব্রহ্মানন্দের অনুভাব্যতা প্রতিপাদন করা ইহার মুখ্য উদ্দেশ্য নহে। আপত্তি হইতে পারে যে, ব্রহ্মানন্দ যদি অনুভবগোচরই না হয়, তাহা হইলে 'জক্ষৎ ক্রীড়ন্' ইত্যাদি শ্রুতি বিরুদ্ধ হইয়া পড়ে? না, সে আপত্তিও হইতে পারে না; কারণ, ব্রহ্ম ও নিখিল আত্মা যখন একই বস্তু, তখন ঐ শ্রুতিকে যথাপ্রাপ্তার্থানুবাদক অর্থাৎ যাহা স্বতই সম্ভবপর হয়, ঐশ্রুতিটী তাহাই প্রতিপাদন করিতেছে মাত্র। অভিপ্রায় এই যে, মুক্তাত্মা যখন সমস্ত আত্মার সঙ্গে এক—অভিন্ন হইয়া যায়, তখন যোগী বা দেবতা প্রভৃতি যে কোনও আত্মাতে হাস্যক্রীড়াদি যাহা কিছু হয়, তাহাই সেই মুক্ত পুরুষের হাস্য ক্রীড়াদিরূপে পরিগণিত হয়; কারণ, তখন তিনি সর্ব্বাত্মভাব প্রাপ্ত হইয়াছেন; অতএব বুঝিতে হইবে যে, সর্ব্বাত্মভাবরূপ মোক্ষের প্রশংসার জন্যই স্বতঃপ্রাপ্ত হাস্যক্রীড়া প্রভৃতি ব্যাপার ঐ সমস্ত শ্রুতিতে কথিত হইয়াছে মাত্র, কিন্তু অন্য কোনও নূতন বিষয় জ্ঞাপন করিতেছে না।১০

ভাল কথা, ঐ সকল শ্রুতি যদি স্বতঃপ্রাপ্ত বিষয়েরই অনুবাদক মাত্র হয়, তাহা হইলেও সর্ব্বাত্মভাবাপন্ন মুক্ত পুরুষের হাস্যক্রীড়াদি প্রাপ্তির ন্যায় দুঃখাদি প্রাপ্তিও ত হইতে পারে—উৎকৃষ্ট দেহে যেমন হাস্যক্রীড়াদি সম্ভাবিত হয়, তেমনি স্থাবরাদি দেহে আবার নিরতিশয় দুঃখসম্বন্ধও তাহার হইতে পারে? না, এরূপ আপত্তি হইতে পারে না; কারণ, যত কিছু সুখ-দুঃখাদি সম্বন্ধ আছে, তৎ সমস্তই নামরূপকৃত কার্য্য করণরূপ (দেহেন্দ্রিয়াদিরূপ) উপাধি-সম্পর্কজনিত ভ্রান্তি-বিজ্ঞানে অধ্যারোপিত মাত্র—কোনটাই সত্য নহে; এই প্রণালীতে পূর্ব্বেই উক্ত আপত্তির পরিহার করা হইয়াছে। ইহার বিরুদ্ধার্থ বোধক শ্রুতিসমূহেরও প্রতিপাদ্য বিষয় যে, কি হইবে তাহা পূর্ব্বেই বলিয়াছি। অতএব, "এষোঽস্য পরম আনন্দঃ" (ইহাই ইহার (জীবের) পরম আনন্দ) এই শ্রুতিগত 'আনন্দ' শব্দের ন্যায় আনন্দবোধক অন্যান্য শ্রুতিবাক্যেরও ব্যাখ্যা গ্রহণ করিতে হইবে ॥২৪০॥৩৪॥

ইতি বৃহদারণ্যকোপনিষদে তৃতীয়াধ্যায়ের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৩॥৯॥

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমং ব্রাহ্মণম্ ॥৩॥৯॥

ইতি বৃহদারণ্যকোপনিষদি তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

চতুর্থোঽধ্যায়ঃ।

আভাসভাষ্যম্। জনকো হ বৈদেহ আসাঞ্চক্রে 'অস্য সম্বন্ধঃ'—শারীরাদ্যানষ্টৌ পুরুষান্ নিরুহ্য প্রত্যুহ্য, পুনর্হৃদয়ে, দিগ্‌ভেদেন চ পুনঃ পঞ্চধা ব্যূহ্য, হৃদয়ে প্রত্যুহ্য, হৃদয়ং শরীরঞ্চ পুনরন্যোন্যপ্রতিষ্ঠং প্রাণাদি-পঞ্চবৃত্ত্যাত্মকে সমানাখ্যে জগদাত্মনি সূত্রে উপসংহৃত্য, জগদাত্মানং শরীর-হৃদয়সূত্রাবস্থমতিক্রান্তবান্ য ঔপনিষদঃ পুরুষঃ—নেতি নেতীতি ব্যপদিষ্টঃ, স সাক্ষাচ্চ উপাদানকারণস্বরূপেণ চ নির্দ্দিষ্টঃ "বিজ্ঞানমানন্দম্" ইতি। তস্যৈব বাগাদিদেবতাদ্বারেণ পুনরধিগমঃ কর্ত্তব্য—ইত্যধিগমনোপায়ান্তরার্থো-ঽয়মারম্ভো ব্রাহ্মণদ্বয়স্য। আখ্যায়িকা তু আচারপ্রদর্শনার্থা।—

আভাসভাষ্যানুবাদ। 'জনকো হ বৈদেহ আসাঞ্চক্রে' ইত্যাদি। অতীত তৃতীয়াধ্যায়ের সহিত ইঁহার সম্বন্ধ এইরূপ—পূর্ব্ব অধ্যায়ের শেষে শারীরপ্রভৃতি অষ্টবিধ পুরুষের স্বরূপ নিরূপণ করিয়া, পুনশ্চ হৃদয় মধ্যে তাহাদের উপসংহার করিয়া, আবার দিগ্‌ভেদানুসারে তাহাদের পাঁচভাগে বিভক্ত করিয়া পুনশ্চ হৃদয়ে তাহাদের উপসংহার প্রদর্শন করা হইয়াছে। তাহার পর, পরস্পর পরস্পরে আশ্রিত হৃদয় ও শরীরকে প্রাণাপানাদি পঞ্চবিধ বৃত্তিবিশিষ্ট 'সমান'সংজ্ঞক জগদাত্মাস্বরূপ 'সূত্রে' উপসংহার করিয়া, আবার শরীর, হৃদয় ও সূত্রস্থ সেই জগদাত্মকে, 'সমানের'ও অতীত, যে ঔপনিষদ পুরুষ 'নেতি নেতি' বাক্যে নির্দ্দিষ্ট হইয়াছেন, তাহাকেই 'বিজ্ঞানম্ আনন্দম্' বাক্যে সাক্ষাৎসম্বন্ধে ও উপাদান কারণরূপে নির্দ্দেশ করা হইয়াছে। এখন আবার বাক্ প্রভৃতির অধিষ্ঠাত্রী দেবতা দ্বারা তাঁহার উপলব্ধি করান আবশ্যক; এই জন্য তাহাকে লাভ করিবার পক্ষে আরো যে সমস্ত উপায় আছে, তৎপ্রতিপাদনার্থ পরবর্ত্তী ব্রাহ্মণদ্বয় আরব্ধ হইতেছে। পূর্ব্বের ন্যায় এখানেও বিদ্যাগ্রহণের আচার প্রদর্শনার্থ একটী আখ্যায়িকা প্রদর্শিত হইতেছে।

ওঁম্ জনকো হ বৈদেহ আসাঞ্চক্রেঽথ হ যাজ্ঞবল্ক্য আবব্রাজ। তং হোবাচ যাজ্ঞবল্ক্য কিমর্থমচারীঃ পশূনিচ্ছন্নণ্বন্তানিতি। উভয়মেব সম্রাড়িতি হোবাচ ॥২৪১॥১॥

অন্বয়ার্থঃ। জনকঃ (তদুপাধিকঃ) বৈদেহঃ (বিদেহাধিপতিঃ) আসাঞ্চক্রে (আগন্তুকানাং দর্শনযোগ্যং স্থানং অধিষ্ঠিতবান্), হ (ঐতিহ্যে)। অথ (অনন্তরং) যাজ্ঞবল্ক্যঃ (তন্নামক ঋষিঃ) আবব্রাজ (তত্রাগতঃ)। [জনকঃ] তং (যাজ্ঞবল্ক্যং) উবাচ হ—হে যাজ্ঞবল্ক্য, [ত্বং] কিমর্থং অচারীঃ? (মমান্তিকম্ আগতোঽসি?) পশূন্ (গবাদীন্ ইচ্ছন্, অণ্বন্তান্ (সূক্ষ্মান্তান্ দুর্বিজ্ঞেয়ার্থান্) [বা জ্ঞাতুম্]? ইতি। [এবং পৃষ্টঃ যাজ্ঞবল্ক্যঃ] উবাচ হ—হে সম্রাট্, উভয়মেব (পশূনপি ইচ্ছন্, দুর্বিজ্ঞেয়ানর্থানপি জ্ঞাতুমিত্যর্থঃ) ॥ ২৪১ ॥ ১ ॥

মূলানুবাদ। বিদেহদেশাধিপতি জনক মহারাজ একদা লোকের দর্শনোপযুক্ত স্থানে অধিষ্ঠিত রহিয়াছিলেন; অনন্তর যাজ্ঞবল্ক্য ঋষি তাহার নিকট উপস্থিত হইলেন। জনক তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য, তুমি কি উদ্দেশ্যে আমার নিকট আসিয়াছ?—পুনশ্চ পশুলাভের ইচ্ছায়? অথবা আমার নিকট বহুবিধ সূক্ষ্ম তত্ত্ব জানিবার ইচ্ছায়? যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্, উভয়ের ইচ্ছায়ই, অর্থাৎ পশুলাভের ইচ্ছায়ও আসিয়াছি এবং সূক্ষ্ম তত্ত্ব-বিষয়ক প্রশ্ন শুনিবার ইচ্ছায়ও আসিয়াছি ॥২৪১॥১॥

শাঙ্করভাষ্যম্। জনকো হ বৈদেহ অসাঞ্চক্রে আসনং কৃতবান্ আস্থায়িকাং দত্তবানিত্যর্থঃ, দর্শনকামেভ্যো রাজা। অথ হ তস্মিন্নবসরে যাজ্ঞবল্ক্য আবব্রাজ আগতবান্ আত্মনো যোগক্ষেমার্থম্, রাজ্ঞো বা বিবিদিষাং দৃষ্ট্বা অনুগ্রহার্থম্। তথাগতং যাজ্ঞবল্ক্যং যথাবৎ পূজাং কৃত্বা উবাচ হ উক্তবান্ জনকঃ—হে যাজ্ঞবল্ক্য কিমর্থম্ অচারীঃ আগতোঽসি? কিং পশূনিচ্ছন্ পুনরপি, আহোস্বিৎ অণ্বন্তান্ সূক্ষ্মান্তান্ সূক্ষ্মবস্তুনির্ণয়ান্তান্ প্রশ্নান্ মত্তঃ শ্রোতুমিচ্ছন্নিতি। উভয়মেব—পশূন্ প্রশ্নাংশ্চ, হে সম্রাট্। সম্রাড়িতি বাজপেয়যাজিনো লিঙ্গম্; যশ্চাজ্ঞয়া রাজ্যং প্রশাস্তি, স সম্রাট্, তস্যামন্ত্রণং হে সম্রাড়িতি; সমস্তস্য বা ভারতস্য বর্ষস্য রাজা ॥২৪১॥১ ॥

টীকা। পূর্ব্বস্মিন্নধ্যায়ে জল্পন্যায়েন সচ্চিদানন্দং ব্রহ্ম নির্দ্ধারিতম্। ইদানীং বাদ-ন্যায়েন তদেব নির্দ্ধারয়িতুমধ্যায়ান্তরমবতারয়তি—জনক ইতি। তত্র ব্রাহ্মণদ্বয়তাৎপর্য্য-সম্বন্ধং প্রতিজানীতে—অস্ত্বেতি। তদেব বক্তুং বৃত্তং কীর্ত্তয়তি—শারীরাদ্যানিতি। নিরূহ প্রত্যুহেতি বিতার্ধ্য ব্যবহারমাপাদ্যেত্যর্থঃ। প্রত্যুহ হৃদয়ে পুনরুপসংহৃত্যেতি যাবৎ।

জগদায়ণীত্যাব্যাকৃতোক্তিঃ। সূত্রশব্দেন তৎকারণং গৃহ্যতে। অতিক্রমণং তদ্গুণদোষা-সংস্পৃষ্টত্বম্। অনন্তরব্রাহ্মণদ্বয়তাৎপর্য্যমাহ—তস্মৈ ত্বেতি। বাগাদ্যধিষ্ঠাত্রীষগ্ন্যাদিষু দেবতাসু ব্রহ্মদৃষ্টিধারেত্যর্থঃ। পূর্ব্বোক্তাথয়ব্যতিরেকাদিসাধনাপেক্ষয়ান্তরশব্দঃ। আচার্য্য-বতা শ্রদ্ধাদিসম্পন্নেন বিদ্যা লব্ধব্যেত্যাচারঃ। অপ্রাপ্তপ্রাপ্তির্যোগঃ, প্রাপ্তস্য রক্ষণং ক্ষেম ইতি বিভাগঃ। ভারতস্য বর্ষস্য হিমবৎসেতুপর্য্যন্তস্য দেশস্যেতি যাবৎ ॥২৪১॥১॥

ভাষ্যানুবাদ। বিদেহাধিপতি জনক আসন করিয়া বসিয়াছিলেন, অর্থাৎ যাহারা রাজদর্শনের অভিলাষে আগমন করে, তাহাদের দর্শনোপযুক্ত স্থানে উপবেশন করিয়াছিলেন। সেই অবসরে যাজ্ঞবল্ক্য ঋষি, আপনার যোগ-ক্ষেমের জন্যই হউক, অথবা রাজার তত্ত্বজিজ্ঞাসা দর্শনে অনুগ্রহপ্রকাশার্থই হউক আসিয়াছিলেন। মহারাজ জনক সমাগত যাজ্ঞবল্ক্যকে যথাবিধি অর্চ্চনা করিয়া জিজ্ঞাসা করিলেন,—হে যাজ্ঞবল্ক্য, তুমি কি উদ্দেশ্যে আগমন করিয়াছ?—পুনর্ব্বারও পশুলাভের প্রত্যাশায়? কিংবা আমার নিকটে অণ্বন্ত—অর্থাৎ সূক্ষ্ম তত্ত্বনির্ণায়ক নানাপ্রকার প্রশ্ন শুনিবার ইচ্ছায়? যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্, উভয়ের ইচ্ছায়ই অর্থাৎ পশুলাভ ও প্রশ্ন শ্রবণ উভয়ের জন্যই আসিয়াছি। 'সম্রাট্' শব্দটী বাজপেয়যাজীর চিহ্ন, অর্থাৎ সম্রাট্ শব্দে সম্বোধন করায় বুঝা যাইতেছে যে, জনক মহারাজ বাজপেয়নামক যজ্ঞ করিয়াছিলেন, এবং তিনি আজ্ঞাক্রমে অপরাপর রাজাদেরও শাসন করিতেন; অথবা তিনি সমস্ত ভারতবর্ষের অধিপতি ছিলেন; এই জন্য তিনি সম্রাট্ শব্দে সম্বোধনের যোগ্য ॥ ২৪১ ॥ ১ ॥

যত্তে কশ্চিদব্রবীৎ তচ্ছৃণবামেত্যব্রবীন্মে জিত্বা শৈলিনির্বাগ্ বৈ ব্রহ্মেতি, যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ব্রূয়াৎ তথা তচ্ছৈলিনিরব্রবীদ্ বাগ্বৈ ব্রহ্মেত্যবদতো হি কিং স্যাদিতি, অব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাম্, ন মেঽব্রবাদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি, স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য।

বাগেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রজ্ঞেত্যেনদুপাসীত। কা প্রজ্ঞতা যাজ্ঞবল্ক্য। বাগেব সম্রাড়িতি হোবাচ। বাচা বৈ সম্রাড় বন্ধুঃ প্রজ্ঞায়ত ঋগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদো

হ্যথর্ব্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টং হুতমাশিতং পায়িতময়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি চ ভূতানি বাচৈব সম্রাট্ প্রজ্ঞায়ন্তে, বাগ্বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম। নৈনং বাগ্ জহাতি সর্ব্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি, দেবো ভূত্বা দেবানপ্যেতি, য এবং বিদ্বানেতদুপাস্তে। হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥২৪২॥২॥

অন্বয়ার্থঃ। [যাজ্ঞবল্ক্য উবাচ—হে সম্রাট্,] কশ্চিৎ (আচার্য্যঃ) তে (তুভ্যং) যৎ অব্রবীৎ (উক্তবান্), তৎ [বয়ং] শৃণবাম (শ্রোতুমিচ্ছাম)ইতি। [জনক আহ] শৈলিনিঃ (শিলিনস্যাপত্যং পুমান্) জিত্বা (জিত্বাখ্য আচার্য্যঃ) মে (মহ্যং) অব্রবীৎ (অকথয়ৎ)—বাক্ (বাগ্দেবতা) বৈ (এব) ব্রহ্ম ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—যুক্তমুক্তমেতৎ] যথা মাতৃমান্ (অনুশাসনক্ষমা মাতা যস্যাস্তি, সঃ), পিতৃমান্ (উপদেশপ্রদানোচিতঃ পিতা যস্যাস্তি, সঃ), আচার্য্যবান্ (উপনয়নাৎ পরং সমাবর্ত্তনপর্য্যন্তং উপদেষ্টা গুরুঃ যস্যাস্তি, সঃ, এবংবিধ আচার্য্যঃ] যথা ব্রূয়াৎ (উপদিশেৎ) [শিষ্যং], তথা শৈলিনিঃ তৎ অব্রবীৎ—বাক্ বৈ ব্রহ্ম ইতি ; হি (যতঃ) অবদতঃ (বাগ্বিধুরস্য মূকস্য) কিং স্যাৎ ? (ঐহিকং পারত্রিকং বা ন কিমপীত্যর্থঃ)। তু (পুনঃ) তস্য (বাগ্ব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং (আশ্রয়ং) তে (তুভ্যং) অব্রবীৎ ? [জনক আহ—] [স আচার্য্যঃ] মে (মহ্যং) ন অব্রবীৎ (আয়তনবিজ্ঞানং ন উপদিষ্টবান্) ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] হে সম্রাট্, এতৎ (বাগ্ব্রহ্ম) একপাদ্ (পাদত্রয়শূন্যমিত্যর্থঃ) বৈ (এব)। হে যাজ্ঞবল্ক্য, সঃ (আচার্য্যত্বেন কল্পিতঃ ত্বং) নঃ (অস্মান্) ব্রূহি (কথয়) [আয়তনমিতি শেষঃ]। [যাজ্ঞবল্ক্য আহ—] বাক্ (বাগিন্দ্রিয়ম্) এব আয়তনং (শরীরম্), আকাশঃ প্রতিষ্ঠা (ত্রৈকালিক আশ্রয়ঃ) ; এনৎ (এতৎ বাগ্ব্রহ্ম) 'প্রজ্ঞা' ইতি (প্রজ্ঞারূপেণ) উপাসীত। [অত্র বাগ্ব্রহ্মণঃ বাগিন্দ্রিয়ং দ্বিতীয়ঃ পাদঃ, আকাশঃ তৃতীয়ঃ পাদঃ, প্রজ্ঞা চ চতুর্থঃ পাদঃ ইতি ভাবঃ]। [জনকঃ পপ্রচ্ছ] হে যাজ্ঞবল্ক্য, কা প্রজ্ঞতা ? (কিং প্রজ্ঞৈব প্রজ্ঞতা, উত প্রজ্ঞাতঃ অতিরিক্তঃ

কশ্চিৎ প্রজ্ঞাধর্ম্মঃ ? হে সম্রাট্, বাক্ এব [প্রজ্ঞতা] ইতি হ [যাজ্ঞবল্ক্যঃ উবাচ। [কথম্ ?] হে সম্রাট্, বৈ (যতঃ) বাচা বন্ধুঃ প্রজ্ঞায়তে (অয়ং মম বন্ধুরিতি বাচা এব পরিচীয়তে ইত্যর্থঃ), তথা হে সম্রাট্, ঋগ্বেদঃ, যজুর্ব্বেদঃ, সামবেদঃ, অথর্ব্বাঙ্গিরসঃ (অথর্ব্ববেদঃ), ইতিহাসঃ, পুরাণম্, বিদ্যা, উপনিষদঃ, শ্লোকাঃ, সূত্রাণি, অনুব্যাখ্যানানি, ব্যাখ্যানানি, ইষ্টং, (যাগজনিতং ধর্ম্মজাতম্), হুতং (হোমজং ধর্ম্মজাতং ; অশিতং (অন্ন-দানকৃতং), পায়িতং (পানীয়দানকৃতং ', অয়ং (বর্ত্তমানঃ) চ লোকঃ (জন্ম), পরঃ (ভবিষ্যন্) চ লোকঃ (জন্ম), [কিং বহুনা,] সর্ব্বাণি চ ভূতানি বাচা এব প্রজ্ঞায়ন্তে ; [অতঃ] হে সম্রাট্, বাক্ বৈ (এব) পরমং ব্রহ্ম। যঃ (যঃ কশ্চিৎ জনঃ) এবং বিদ্বান্ (জানন্ সন্) এতৎ (বাগ্ ব্রহ্ম) উপাস্তে, বাক্ এনং (বাগ্ব্রহ্মবিদং) ন জহাতি ; সর্ব্বাণি ভূতানি এনং (বাগ্ব্রহ্মবিদং) অভি (লক্ষ্যীকৃত্য) ক্ষরন্তি (স্বং স্বমর্থম্ উপহরন্তি) ; ইহ (অস্মিন্নেব দেহে) দেবঃ ভূত্বা (দেবত্বং প্রাপ্য) দেবান্ অপ্যেতি (দেহপাতোত্তরকালং চ দেবান্ অভিসম্পদ্যতে ইত্যর্থঃ)। [এতৎ শ্রুত্বা] বৈদেহঃ জনকঃ উবাচ হ— [বিদ্যামূল্যং] হস্ত্যৃষভং (হস্তিতুল্যঃ ঋষভঃ যত্র, তৎ তথাভূতং) সহস্রং (গোসহস্রং) [তুভ্যং] দদামি ইতি। [এবমুক্তঃ] সঃ যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—শিষ্যান্ অননুশিষ্য (উপদেশেন কৃতার্থান্ অকৃত্বা) ন হরেত (কিঞ্চিদপি গৃহ্ণীয়াৎ) ইতি মে (মম) পিতা অমন্যত, (মমাপি তথৈব মতমিত্যভিপ্রায়ঃ) ইতি ॥ ২৪২ ॥ ২ ॥

মূলানুবাদ। [যাজ্ঞবল্ক্য ঋষি বিদেহাধিপতি জনক মহারাজকে বলিলেন—তোমার বহু আচার্য্য আছে ; তন্মধ্যে কোন এক আচার্য্য তোমাকে যাহা বলিয়াছেন, তাহা আমি শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন,] শিলিনের পুত্র—শৈলিনি জিত্বানামক আচার্য্য আমাকে বলিয়াছিলেন—'বাক্ই ব্রহ্ম'। যাজ্ঞবল্ক্য বলিলেন, একথা খুব সত্য ; উপযুক্ত পিতা, মাতা ও গুরুর নিকট শিক্ষাপ্রাপ্ত আচার্য্য যেরূপ উপদেশ দিয়া থাকেন, শৈলিনি জিত্বাও তোমাকে ঠিক সেইরূপই উপদেশ দিয়াছেন,— "বাগ্ বৈ ব্রহ্ম" ইতি ; কেন না, যে লোক বাগ্ বিহীন, তাহার

কোন কার্য্য সম্পন্ন হয়?—ঐহিক বা পারলৌকিক কোন কার্য্যই সম্পন্ন হয় না। কিন্তু তোমাকে সেই বাগ্ব্রহ্মের আয়তন (শরীর) ও প্রতিষ্ঠা (নিয়ত আশ্রয়) সম্বন্ধে উপদেশ দিয়াছেন কি? [জনক বলিলেন,] না, তিনি আমাকে তাহা বলেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন,] হে সম্রাট্, ইহা হইতেছে ব্রহ্মের একপাদ, অর্থাৎ একটী অংশ মাত্র; (এখনও অপর তিনটী পাদ তোমার অবিজ্ঞাত রহিয়াছে); [জনক বলিলেন,] হে যাজ্ঞবল্ক্য, তদ্বিষয়ে আপনার অভিজ্ঞতা আছে; অতএব আপনিই আমাকে তাহা বলুন। [জনক বলিলেন,] বাগিন্দ্রিয়ই ইহার আয়তন, এবং আকাশ ইহার প্রতিষ্ঠা; ইহাকে 'প্রজ্ঞা' বলিয়া উপাসনা করিবে। [জনক জিজ্ঞাসা করিলেন—] হে যাজ্ঞবল্ক্য, এই 'প্রজ্ঞা' কথার অর্থ কি? প্রজ্ঞা অর্থ কি বাক্? না তাহার ধর্ম্ম? [যাজ্ঞবল্ক্য] বলিলেন—হে সম্রাট্, বাক্ই, অর্থাৎ বাক্ই এখানে প্রজ্ঞাশব্দের অর্থ। কেন না, হে সম্রাট্, বাক্দ্বারাই বন্ধুকে উত্তমরূপে জানা যায়, এবং বাক্য দ্বারাই ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, ইতিহাস, পুরাণ, বিদ্যা, উপনিষদ্ (বেদরস্য), শ্লোক, সূত্র, অনুব্যাখ্যান, ব্যাখ্যান, ইষ্ট (যজ্ঞজনিত ধর্ম্ম), হোমজ ধর্ম্ম, অন্নপানপ্রদানজনিত ধর্ম্ম, ইহ জন্ম, পর জন্ম, এবং সমস্ত ভূতবর্গ এই বাক্যের সাহায্যেই জানিতে পারা যায়; অতএব, হে সম্রাট্, বাক্ই পরব্রহ্ম। যিনি এই রূপে বাগ্ব্রহ্মের উপাসনা করেন, বাক্ কখনও তাহাকে পরিত্যাগ করে না; সমস্ত ভূতবর্গ ইহাকে উপহার প্রদান করে, এবং তিনি এই দেহেই দেবত্ব লাভ করিয়া দেহপাতের পর দেবতাতে মিলিয়া যান। বিদেহপতি জনক [একথা শুনিয়া] বলিলেন—আমি বিদ্যার মূল্য স্বরূপ হস্তিতুল্য বৃষভযুক্ত গোসহস্র তোমাকে প্রদান করিতেছি। যাজ্ঞবল্ক্য বলিলেন—আমার পিতা মনে করিতেন—শিষ্যকে উপদেশ দ্বারা কৃতার্থ না করিয়া [তাহার নিকট হইতে কিছুই] গ্রহণ করিতে নাই, [আমারও তাহাই মত] ॥২৪২॥২॥

শাঙ্করভাষ্যম্। কিন্তু, যৎ তে তুভ্যং কশ্চিদব্রবীৎ আচার্য্যঃ—অনেকাচার্য্যসেবী হি ভবান্, তৎ শৃণবামেতি। ইতর আহ—অব্রবীদুক্তবান্ মে মম আচার্য্যো জিত্বা নামতঃ শিলিনস্যাপত্যং শৈলিনিঃ—বাগ্বৈ ব্রহ্মেতি বাগ্দেবতা ব্রহ্মেতি। আহেতরঃ যথা মাতৃমান্ মাতা যস্য বিদ্যতে পুত্রস্য সম্যগনুশাস্ত্রী, স মাতৃমান্। অতঊর্দ্ধং পিতা যস্যানুশাস্তা, স পিতৃমান্। উপনয়নাদূর্দ্ধমাসমাবর্ত্তনাদাচার্য্যঃ যস্যানুশাস্তা, স আচার্য্যবান্; এবং শুদ্ধিত্রয়হেতুসংযুক্তঃ স সাক্ষাদাচার্য্যঃ স্বয়ং ন কদাচিদপি প্রামাণ্যাদ্ব্যভিচরতি; স যথা ব্রূয়াৎ শিষ্যায়, তথাঽসৌ জিত্বা শৈলিনিরুক্তবান্—বাগ্বৈ ব্রহ্মেতি। অবদতো হি কিং স্যাদিতি—ন হি মূকস্যেহার্থমমুত্রার্থং বা কিংচন স্যাৎ।১

কিং তু অব্রবীদুক্তবান্, তে তুভ্যং, তস্য ব্রহ্মণ আয়তনং প্রতিষ্ঠাঞ্চ? আয়তনং নাম শরীরম্; প্রতিষ্ঠা ত্রিষপি কালেষু য আশ্রয়ঃ। আহেতরঃ—ন মে অব্রবীদিতি। ইতর আহ—যদ্যেবম্,একপাৎ বৈ এতৎ একঃ পাদো যস্য ব্রহ্মণঃ, তদিদমেকপাদ্ ব্রহ্ম ত্রিভিঃ পাদৈঃ শূন্যম্ উপাস্যমানমপি ন ফলায় ভবতীত্যর্থঃ। যদ্যেবম্, স ত্বং বিদ্বান্ সন্ নঃ অস্মভ্যং ব্রূহি, হে যাজ্ঞবল্ক্যেতি। স চাহ—বাগেব আয়তনং, বাগ্দেবস্য ব্রহ্মণো বাগেব করণম্ আয়তনং শরীরম্; আকাশঃ অব্যাকৃতাখ্যঃ প্রতিষ্ঠা উৎপত্তিস্থিতিলয়কালেষু। প্রজ্ঞেত্যেনৎ উপাসীত—প্রজ্ঞেতীয়মুপনিষদ্ ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ, প্রজ্ঞেতি কৃত্বা এনদ্ব্রহ্মোপাসীত।২

কা প্রজ্ঞতা যাজ্ঞবল্ক্য? কিং স্বয়মেব প্রজ্ঞা? উত প্রজ্ঞানিমিত্তা—যথা আয়তনপ্রতিষ্ঠে ব্রহ্মণো ব্যতিরিক্তে, তদ্বৎ কিম্? ন; কথং তর্হি? বাগেব সম্রাড়িতি হোবাচ; বাগেব প্রজ্ঞেতি হ উবাচ উক্তবান্, ন ব্যতিরিক্তা প্রজ্ঞেতি। কথং পুনর্ব্বাগেব প্রজ্ঞেতি? উচ্যতে—বাচা বৈ সম্রাট্ বন্ধুঃ প্রজ্ঞায়তে—অস্মাকং বন্ধুরিত্যুক্তে প্রজ্ঞায়তে বন্ধুঃ; তথা ঋগ্বেদাদি, ইষ্টং যাগনিমিত্তং ধর্ম্মজাতং, হুতং হোমনিমিত্তঞ্চ, অশিতম্ অন্নদাননিমিত্তং, পায়িতং পানদাননিমিত্তম্ অয়ঞ্চ লোকঃ ইদঞ্চ জন্ম, পরশ্চ লোকঃ প্রতিপত্তব্যঞ্চ জন্ম, সর্ব্বাণি চ ভূতানি বাচৈব সম্রাট্, প্রজ্ঞায়ন্তে; অতো বাগ্বৈ সম্রাট্, পরমং ব্রহ্ম। নৈনং যথোক্তব্রহ্মবিদং বাগ্ জহাতি। সর্ব্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি বলিদানাদিভিঃ; দেবো ভূত্বা পুনঃ শরীরপাতোত্তরকালং দেবানপ্যেতি—অপিগচ্ছতি, য এবং বিদ্বানেতদুপাস্তে।৩

বিদ্যা-নিষ্ক্রয়ার্থং হস্তিতুল্য ঋষভঃ—হস্ত্যৃষভো যস্মিন্ গোসহস্রে,

তৎ হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ—অননুশিষ্য শিষ্যং কৃতার্থমকৃত্বা শিষ্যাৎ ধনং ন হরেতেতি মে মম পিতা অমন্যত ; মমাপ্যয়মেবাভিপ্রায়ঃ ॥২৪২॥২॥

টীকা। তত্র রাজানং প্রতি প্রশ্নমুখাপয়তি—কিঞ্চিত্তি। কশ্চিদিতি বিশেষণস্য তাৎপর্য্যমাহ—অনেকেতি। প্রামাণ্যমাগুরম্। যথোক্তার্থানুমোদনে যুক্তিমাহ—মহীতি। ১

যথোক্তব্রহ্মবিত্ত্যা কৃতকৃত্যত্বং মন্বানং রাজানং প্রত্যাহ—কিঞ্চিত্তি। আয়তনপ্রতিষ্ঠয়োরেকত্বাৎ পুনরুক্তিমাশঙ্ক্য বিভজতে—আয়তনং নামেতি। একপাদত্বেঽপি ব্রহ্মণস্তদুপাসনাদিষ্টসিদ্ধিরিতি চেন্নেত্যাহ—ত্রিস্তিরিতি। ক্বচিৎ প্রতিষ্ঠামায়তনং চেতি শেষঃ। ২

প্রশ্নমেব বিবৃণোতি—কিং স্বয়মেবেতি। প্রজ্ঞা নিমিত্তং যস্যা বাচঃ সা তথা। দ্বিতীয়পক্ষং বিশদয়তি—যথেতি। ব্যতিরেকপক্ষং নিষেধতি—নেতি। আকাঙ্ক্ষাপূর্ব্বকং পক্ষান্তরং গৃহ্নাতি—কথং তর্হীতি। বলিদানমুপহারসমর্পণম্। আদিশব্দেন স্রক্চন্দনবস্ত্রালঙ্কারাদিগ্রহঃ। বিদ্যানিষ্ক্রয়ার্থমুবাচেতি সম্বন্ধঃ। পিতুরেতন্মতমস্তু, তব কিমায়াতং, তদাহ—মমাপীতি ॥২৪২। ২॥

ভাষ্যানুবাদ। হে মহারাজ, তুমি অনেক আচার্য্যের সেবা করিয়াছ; তন্মধ্যে কোন এক আচার্য্য তোমাকে যাহা বলিয়াছেন. উপদেশ দিয়াছেন, আমরা তাহা শ্রবণ করিতে ইচ্ছা করি। অপরে (জনক) বলিলেন—শৈলিনি—শিলিনের পুত্র জিত্বানামক আচার্য্য আমাকে বলিয়াছেন—'বাগ্ বৈ ব্রহ্ম' অর্থাৎ বাগ্দেবতাই ব্রহ্ম ইতি। অপরে (জনক) বলিলেন—মাতৃমান্—যে পুত্রের যথাযথভাবে অনুশাসনসমর্থা মাতা বিদ্যমান থাকে, তিনি মাতৃমান্ ; তাহার পর পিতা যাহাকে শাসন করেন, তিনি পিতৃমান্ ; অতঃপর উপনয়ন হইতে আরম্ভ করিয়া সমাবর্ত্তনকাল পর্য্যন্ত আচার্য্য যাহার অনুশাসন করিয়া থাকেন, তিনি আচার্য্যবান্ ; যে আচার্য্য, এবংবিধ ত্রিপ্রকার শুদ্ধিসমন্বিত, তিনি নিজে কখনই সাক্ষাৎসম্বন্ধে অপ্রমাণ্যভাগী বা অনাপ্তপদ-বাচ্য হইতে পারেন না। ঐরূপ প্রমাণভূত আচার্য্য শিষ্যকে যেরূপ উপদেশ দিয়া থাকেন, এই জিত্বা নামক শৈলিনি আচার্য্যও তোমাকে ঠিক সেইরূপই যথার্থ বলিয়াছেন যে, বাগ্ বৈ ব্রহ্মেতি ; কেন না, যে ব্যক্তি বলিতে পারে না—মূক, তাহার কি হয়?—মূক ব্যক্তির ঐহিক বা পারলৌকিক কোন কার্য্যই নিষ্পন্ন হয় না। [অতএব তিনি ঠিক উপদেশই দিয়াছেন] ১

কিন্তু তিনি কি তোমাকে উহার আয়তন ও প্রতিষ্ঠা সম্বন্ধে কিছু বলিয়াছেন? আয়তন অর্থ—শরীর; আর প্রতিষ্ঠা অর্থ—যাহা ভূত, ভবিষ্যৎ ও বর্তমান এই কালত্রয়স্থায়ী আশ্রয়। জনক বলিলেন—না, আমাকে তিনি তাহা বলেন নাই। যাজ্ঞবল্ক্য বলিলেন, যদি এইরূপই হইয়া থাকে, তাহা হইলে [জানিবে যে,] ইহা একপাদ ব্রহ্ম—অর্থাৎ চতুষ্পাদ ব্রহ্মের ইহা একটী মাত্র পাদ; অবশিষ্ট পাদত্রয় এখনও তোমার অবিজ্ঞাত রহিয়াছে; সুতরাং পাদত্রয়হীন একপাদ মাত্র বাক্‌ব্রহ্মের উপাসনা করিলেও সম্যক্ ফলের সম্ভাবনা নাই। [জনক বলিলেন,] হে যাজ্ঞবল্ক্য, যদি এরূপই হয়, তাহা হইলে, তুমি যখন জান, তখন তুমিই তাহা আমাকে বল। যাজ্ঞবল্ক্য বলিলেন, বাক্‌ই ইহার আয়তন, অর্থাৎ বাগিন্দ্রিয়ই বাক্‌দেবতা ব্রহ্মের আয়তন—শরীর; এবং অব্যাকৃত আকাশ (১) তাহার প্রতিষ্ঠা—উৎপত্তি, স্থিতি ও প্রলয়, এই কালত্রয়ব্যাপী আশ্রয়; 'প্রজ্ঞা' এই উপনিষদ্‌টী হইতেছে ব্রহ্মের চতুর্থ পাদ; অতএব 'প্রজ্ঞা' বলিয়াই এই ব্রহ্মের উপাসনা করিবে।২

[জনক জিজ্ঞাসা করিলেন,] হে যাজ্ঞবল্ক্য, প্রজ্ঞতা কি? অর্থাৎ এখানে প্রজ্ঞা অর্থ কি প্রজ্ঞাই? অথবা প্রজ্ঞাজনিত অন্য কিছু? যেমন আয়তন ও প্রতিষ্ঠা ব্রহ্ম হইতে স্বতন্ত্র পদার্থ, ইহাও কি সেইরূপই স্বতন্ত্র কোন পদার্থ? [যাজ্ঞবল্ক্য বলিলেন—] না, তাহা নহে; তবে কি? হে সম্রাট্, উহা বাক্‌ই, প্রজ্ঞা বাকের অতিরিক্ত নহে। ভাল, বাক্যকেই প্রজ্ঞা বলা হইতেছে কিরূপে? হে সম্রাট্, যে হেতু বাক্য দ্বারাই বন্ধুকে জানা যায়—'ইনি আমাদের বন্ধু' বলিলে, তাহাকে বন্ধু বলিয়া জানিতে পারা যায়; সেইরূপ, ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, ইষ্ট (যাগলব্ধ ধর্ম্মসমূহ), হুত—হোমোৎপন্ন ধর্ম্মসমূহ, আশিত (অন্নদানোৎপন্ন ধর্ম্ম), পায়িত পেয়দ্রব্য প্রদান জনিত ধর্ম্ম, ইহ জন্ম, পরজন্ম এবং সমস্ত ভূত, এই বাক্যের সাহায্যেই জানা যায়। হে সম্রাট্, অতএব বাক্‌ই ব্রহ্ম। যিনি এই তত্ত্ব জানিয়া বাগ্‌ব্রহ্মের উপাসনা করেন, বাক্য কখনও সেই বাগ্‌ব্রহ্মবিদ্

(১) তাৎপর্য্য—অব্যাকৃত অর্থ—অপঞ্চীকৃত। প্রথম আকাশাদি পঞ্চভূত অবিমিশ্রিত—বিশুদ্ধভাবে উৎপন্ন হয়, সেই অবস্থায় উহাদিগকে অব্যাকৃত বলা হয়। আকাশাদি ভূত সমূহ পরে পরস্পরের সহিত সম্মিশ্রিত (পঞ্চীকৃত) হয়। পঞ্চীকৃত ভূতসমূহই লোকের ব্যবহারে আইসে।

পুরুষকে পরিত্যাগ করে না, এবং সমস্ত ভূতবর্গ ইহাকে উপহার প্রদান করে; তিনি এই শরীরেই দেবত্ব লাভ করেন, এবং দেহপাতের পর দেবতাতে মিলিত হন। ৩

বিদেহাধিপতি জনক বলিলেন—আমি এই বিদ্যার মূল্যস্বরূপ হস্তিতুল্য বৃষযুক্ত সহস্র গো তোমাকে প্রদান করিতে ইচ্ছা করি। তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন, আমার পিতা মনে করিতেন যে, শিষ্যকে উপদেশ না দিয়া অর্থাৎ শিষ্যকে কৃতার্থ না করিয়া, তাহার নিকট হইতে ধন গ্রহণ করিবে না। অভিপ্রায় এই যে, আমার পিতার যাহা অভিমত, আমারও তাহাই মত ॥২৪২॥২॥

যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্ম উদঙ্কঃ শৌল্বায়নঃ প্রাণো বৈ ব্রহ্মেতি, যথা মাতৃমান্ পিতৃমা-নাচার্য্যবান্ ব্রূয়াৎ তথা তচ্ছৌল্বায়নোঽব্রবীৎ—প্রাণো বৈ ব্রহ্মেত্যপ্রাণতো হি কিংস্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়-তনং প্রতিষ্ঠাম্? ন মেঽব্রবীদিতি, একপাদ্বা এতৎ সম্রা-ড়িতি, স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য। প্রাণ এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রিয়মিত্যেনদুপাসীত, কা প্রিয়তা যাজ্ঞবল্ক্য, প্রাণ এব সম্রাড়িতি হোবাচ, প্রাণস্য বৈ সম্রাট্ কামায়াযাজ্যং যাজয়ত্যপ্রতিগৃহ্যস্য প্রতিগৃহ্ণাত্যপি, তত্র বধাশঙ্কং ভবতি, যাং দিশমেতি প্রাণস্যৈব সম্রাট্ কামায়, প্রাণো বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম। নৈনং প্রাণো জহাতি, সর্ব্বাণ্যেনং ভূতান্য-ভিক্ষরন্তি, দেবো ভূত্বা দেবানপ্যেতি, য এবং বিদ্বানেতদুপাস্তে; হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ, সহোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥২৪৩॥৩॥

সরলার্থঃ। [যাজ্ঞবল্ক্যঃ পুনরাহ— হে সম্রাট্,] কশ্চিৎ (আচার্য্যঃ) যৎ এব (তত্বং) তে (তুভ্যম্) অব্রবীৎ; তৎ শৃণবাম ইতি। [জনক আহ—] শৌল্বায়নঃ (শুল্বস্যাপত্যং পুমান্) উদঙ্কঃ (তন্নামকঃ আচার্য্যঃ) মে (মহ্যং) অব্রবীৎ—প্রাণঃ বৈ ব্রহ্ম-ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] মাতৃমান্

পিতৃমান্ আচার্য্যবান্ (ঈদৃশগুণসম্পন্ন আচার্য্যঃ) যথা ব্রূয়াৎ (কথয়েৎ), শৌল্বায়নঃ তথা তৎ অব্রবীৎ—প্রাণঃ ব্রহ্মেতি। [যুক্তঞ্চৈতৎ]— হি (যস্মাৎ) অপ্রাণতঃ (প্রাণব্যাপারমকুর্ব্বতঃ প্রাণরহিতস্য) কিং স্যাৎ? (ন কিমপীত্যর্থঃ)। হে সম্রাট্, তু (পুনঃ) তস্য আয়তনং প্রতিষ্ঠাং চ তে (তুভ্যম্) অব্রবীৎ? [আচার্য্যঃ]। [জনক আহ—] মে (মহ্যং) ন অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] হে সম্রাট্, একপাদ্ বৈ এতৎ (পাদত্রয়রহিতং পাদমাত্রং ব্রহ্মণ এতদিত্যর্থঃ)। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, সঃ (তদ্বিজ্ঞানবান্ ত্বং) বৈ (এব) মে (মহ্যং) ব্রূহি। [যাজ্ঞবল্ক্য আহ—] প্রাণ এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা (আশ্রয়ঃ), প্রিয়মিতি এনৎ (প্রাণব্রহ্ম) উপাসীত। [জনক আহ—] প্রিয়তা কা? হে সম্রাট্, প্রাণএব ইতি হ যাজ্ঞবল্ক্য উবাচ; হে সম্রাট্, প্রাণস্য কামায় (প্রাণতৃপ্ত্যর্থং) বৈ অযাজ্যং (যাজনানর্হং যাজয়তি, অপ্রতিগৃহ্যস্য (যস্মাৎ প্রতিগ্রহো ন কর্ত্তব্যঃ, তস্মাদপি) প্রতিগৃহ্ণাতি (দ্রব্যাদিকং স্বীকরোতি); তথা প্রাণস্যৈব কামায় (তৃপ্তয়ে) যাং দিশং এতি (গচ্ছতি), তত্র (তস্যাং দিশি) বধাশঙ্কং (বধাশঙ্কা—মরণ-ত্রাসঃ) ভবতি; [অতঃ] হে সম্রাট্, প্রাণঃ বৈ পরমম্ ব্রহ্ম। যঃ এবং বিদ্বান্ (জানন্ সন্) এতৎ (প্রাণব্রহ্ম) উপাস্তে; এনং (উপাসকং) প্রাণঃ ন জহাতি (অস্য অকালমৃত্যুর্ন ভবতি); সর্ব্বাণি ভূতানি এনং অভিক্ষরন্তি (উপহরন্তি) [পূর্ব্ববৎ]; দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি। বৈদেহঃ জনক উবাচ হ— [বিদ্যানিষ্ক্রয়ার্থং] হস্ত্যৃষভং সহস্রং দদামি ইতি। যাজ্ঞবল্ক্য উবাচ হ—শিষ্যং অননুশিষ্য [শিষ্যাৎ] ন হরেত ইতি মে পিতা অমন্যত; [মমাপি তদেব মতমিতি ভাবঃ] ॥ ২৪৩ ॥ ৩

মূলানুবাদ। [পুনশ্চ যাজ্ঞবল্ক্য জনককে জিজ্ঞাসা করিলেন—] অপর কোন আচার্য্য তোমাকে যাহা বলিয়াছেন, তাহা শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন—] উদঙ্কনামক শৌল্বায়ন —শুল্বের পুত্র আমাকে বলিয়াছেন যে, প্রাণই ব্রহ্ম; [যাজ্ঞবল্ক্য বলিলেন—] মাতৃমান্ পিতৃমান্ ও আচার্য্যোপদিষ্ট আচার্য্য যেরূপ বলিয়া থাকেন, শৌল্বায়ন উদঙ্কও তোমাকে ঠিক সেইরূপই প্রাণ-ব্রহ্মের উপদেশ দিয়াছেন; কেন না, যে ব্যক্তি প্রাণহীন,

তাহার ঐহিক বা পারলৌকিক কোন কার্য্যই নিষ্পন্ন হয় না। কিন্তু হে সম্রাট্, তোমাকে সেই প্রাণব্রহ্মের আয়তন (শরীর) ও আশ্রয়ের উপদেশ দিয়াছেন কি? [জনক বলিলেন—] না, তাহা আমাকে বলেন নাই; আপনি যখন জানেন, তখন আপনিই আমাকে তাহা বলুন। [যাজ্ঞবল্ক্য বলিলেন—] প্রাণ ইহার আয়তন, আকাশ ইহার প্রতিষ্ঠা বা আশ্রয়, ইহাকে 'প্রিয়' বলিয়া উপাসনা করিবে। [জনক জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য,] এই প্রিয়তা কি? [যাজ্ঞবল্ক্য] বলিলেন—হে সম্রাট্, প্রাণই প্রিয়তা, (তদতিরিক্ত কিছু নহে); কেননা, লোকে এই প্রাণের পরিতৃপ্তিসাধনের জন্যই অযাজ্য-যাজন করে, অপ্রতিগ্রাহ্য লোকের নিকট প্রতিগ্রহ করে, এবং যেদিকে যায়, সেই দিকেই আপনার অনিষ্টাশঙ্কা করে,—এ সমস্তই প্রাণের প্রিয়তার ফল; অতএব, হে সম্রাট্, প্রাণই পরমব্রহ্ম। যে লোক এই প্রকারে প্রাণব্রহ্ম অবগত হইয়া উপাসনা করে, প্রাণ কখনই [অসময়ে] তাহাকে ত্যাগ করে না; এবং সমস্ত ভূত ইহাকে উপহার প্রদান করে; সে ব্যক্তি এই দেহেই দেবত্ব লাভ করে, এবং দেহপাতের পর সেই দেবতাকে প্রাপ্ত হয়। বিদেহাধিপতি জনক বলিলেন, আমি তোমাকে হস্তিতুল্য বৃষসমন্বিত সহস্র গো দান করিতেছি। যাজ্ঞবল্ক্য বলিলেন—আমার পিতার অভিমত এই যে, শিষ্যকে কৃতার্থ না করিয়া তাহার নিকট কিছু গ্রহণ করিবে না; [আমারও তাহাই মত] ॥২৪৩।৩॥

শাঙ্করভাষ্যম্। যদেব তে কশ্চিদব্রবীৎ—উদঙ্কো নামতঃ, শুল্বস্যাপত্যং শৌল্বায়নোঽব্রবীৎ—প্রাণো বৈ ব্রহ্মেতি, প্রাণো বায়ুর্দেবতা। পূর্ব্ববৎ। প্রাণ এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা; উপনিষৎ—প্রিয়মিত্যেনদুপাসীত। কথং পুনঃ প্রিয়ত্বম্? প্রাণস্য বৈ, হে সম্রাট্, কামায় প্রাণস্যার্থায় অযাজ্যং যাজয়তি পতিতাদিকমপি; অপ্রতিগৃহস্যাপ্যুগ্রাদেঃ প্রতিগৃহ্লাত্যপি; তত্র তস্যাং দিশি বধনিমিত্তমাশঙ্কং বধাশঙ্কা ইত্যর্থঃ, যাং দিশমেতি তস্করাদ্যাকীর্ণাঞ্চ, তস্যাং দিশি বধাশঙ্কা; তচ্চৈতৎ সর্ব্বং প্রাণস্য প্রিয়ত্বে ভবতি; প্রাণশ্চৈব

সম্রাট্ কামায়। তস্মাৎ প্রাণো বৈ সম্রাট্, পরমং ব্রহ্ম; নৈনং প্রাণো জহাতি। সমানমন্যৎ ॥ ২৪৩ ॥ ৩ ॥

টীকা। যথা বাগগ্নির্দেবতা, তদ্বদিত্যাহ—পূর্ব্ববদিতি। প্রাণ এবায়তনমিত্যত্র প্রাণশব্দঃ করণবিষয়ঃ। পতিতাদিকমিত্যাদিপদমকুলীনগ্রহার্থম্। উগ্রো জাতিবিশেষঃ। আদিশব্দেন ম্লেচ্ছগণো গৃহ্যতে। ২৪৩ ॥ ৩।

ভাষ্যানুবাদ। "যদেব তে কশ্চিদ্ অব্রবীৎ" [ইত্যাদি প্রশ্ন; তদুত্তরে জনক বলিলেন—] উদঙ্কনামক শৌল্বায়ন (শুল্বের পুত্র) বলিয়াছেন,—প্রাণই ব্রহ্ম; পূর্ব্বের ন্যায় এখানেও প্রাণ অর্থ—বায়ু দেবতা। প্রাণ তাহার আয়তন (শরীর), আকাশ তাহার প্রতিষ্ঠা (আশ্রয়); 'প্রিয়' তাহার উপনিষৎ—রহস্য নাম; 'প্রিয়' বলিয়াই ইহার উপাসনা করিবে।

প্রাণের প্রিয়ত্ব কিরূপে? হে সম্রাট্, যেহেতু প্রাণের কামনায় অর্থাৎ প্রাণের তৃপ্তির জন্য লোকে অযাজ্য পতিতাদির যাজন করে; যাহাদের নিকট প্রতিগ্রহ—দানগ্রহণ করিতে নাই, সেই উগ্রাদি জাতির (১) নিকটও প্রতিগ্রহ করিয়া থাকে; এবং তস্কর ও দস্যু প্রভৃতিতে পরিপূর্ণ যে কোন দিকে গমন করে, সেই দিকেই আপনার বধাশঙ্কা করিয়া থাকে, অর্থাৎ অনিষ্ট পাতের সম্ভাবনা করিয়া থাকে। হে সম্রাট্, প্রাণই পরম ব্রহ্ম, প্রাণ কখনই তাহাকে [অকালে] ত্যাগ করে না। অন্যাংশের ব্যাখ্যা পূর্ব্ব শ্রুতির অনুরূপ ॥ ২৪৩ ॥৩

(১) তাৎপর্য্য—উগ্র মিশ্রজাতিবিশেষ। মনু বলিয়াছে—"ক্ষত্রিয়াৎ শূদ্রকন্যায়াং ক্রূরাচারবিহারবান্। ক্ষত্র-শূদ্রবপুর্জন্তুরুগ্রো নাম প্রজায়তে॥" (১০ম অঃ, ৯ম শ্লোক)। কুল্লূকভট্ট ইহার ব্যাখ্যাস্থলে, 'শূদ্রকন্যায়াং উঢ়ায়াম্' বলিয়াছেন; সুতরাং ইহার মতে উগ্রজাতি অপ্রতিগ্রাহ্য না হওয়াই উচিত, কিন্তু মেধাতিথি ব্যাখ্যাভাগে ওরূপ কোন কথা বলেন নাই; বরং বচনে 'কন্যা' শব্দের প্রয়োগ থাকায় অবিবাহিতা অর্থই বুঝা যায়; এরূপ হইলে, ভাষ্যকারের 'অপ্রতিগ্রাহ্যস্যাপি উগ্রাদেঃ' কথা সুসঙ্গত হয়।

যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে বর্কুর্বার্ষ্ণশ্চক্ষুর্বৈ ব্রহ্মেতি, যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ব্রূয়াৎতথা তদ্বার্ষ্ণোঽব্রবীচ্চক্ষুর্বৈ ব্রহ্মেত্যপশ্যতো হি কিংস্যাদিতি, অব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং, ন মেঽব্রবী-

দিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি, স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য, চক্ষুরেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা সত্যমিত্যেনদুপাসীত, কা সত্যতা যাজ্ঞবল্ক্য চক্ষুরেব সম্রাড়িতি হোবাচ, চক্ষুষা বৈ সম্রাট্ পশ্যন্তমাহুরদ্রাক্ষীরিতি, স আহাদ্রাক্ষমিতি, তৎ সত্যং ভবতি, চক্ষুর্বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম ; নৈনং চক্ষুর্জহাতি সর্ব্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবংবিদ্বানেতদুপাস্তে। হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি। ২৪॥৪॥

সরলার্থঃ। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপি জনকমাহ—] কশ্চিৎ (আচার্য্যঃ) তে (তুভ্যং) যৎ এব অব্রবীৎ, তৎ শৃণবাম ইতি। [জনক আহ—] বার্ষ্ণঃ (বৃষ্ণস্য অপত্যং) বর্কুঃ মে অব্রবীৎ—চক্ষুঃ বৈ ব্রহ্ম—ইতি। [যুক্তমুক্তমেতৎ—] মাতৃমান্ পিতৃমান্ আচার্য্যবান্ [আচার্যঃ] যথা ব্রূয়াৎ, তথা বর্কুঃ তৎ অব্রবীৎ—চক্ষুঃ বৈ ব্রহ্ম ইতি। হি (যতঃ) অপশ্যতঃ (দর্শনশক্তিবিহীনস্য) কিং স্যাৎ ? (ন কিমপীত্যর্থঃ) ইতি। [যাজ্ঞবল্ক্য আহ -] তস্য (চক্ষু ব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং চ তে (তুভ্যং) অব্রবীৎ [আচার্যঃ] ? [জনক আহ—] মে (মহ্যং) ন অব্রবীৎ-ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] হে সম্রাট্, এতৎ (চক্ষুব্রহ্ম) বৈ একপাদ (পাদত্রয়হীনং ব্রহ্মেত্যর্থঃ)। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, সঃ (তদ্বিজ্ঞানবান্ ত্বং) নঃ (অস্মান্) ব্রূহি। [যাজ্ঞবল্ক্য আহ—] চক্ষুঃ এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা, সত্যম্-ইতি (সত্যনাম্না) এনৎ (চক্ষুব্রহ্ম) উপাসীত। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, কা সত্যতা ? [যাজ্ঞবল্ক্যঃ] উবাচ—হে সম্রাট্, চক্ষুঃ এব ইতি। হে সম্রাট্, চক্ষুষা পশ্যন্তং বৈ আহুঃ—[ত্বম্] অদ্রাক্ষীঃ ? (দৃষ্টবান্ অসি কিম্ ?) ইতি ; সঃ (দ্রষ্টা) আহ (কথয়তি)—অদ্রাক্ষম্ (দৃষ্টবান্ অস্মি) ইতি ; তৎ (তদুক্তং) সত্যং (অব্যভিচারি) ভবতি ; [অতঃ] হে সম্রাট্, চক্ষুঃ বৈ পরমং ব্রহ্ম ইতি। য এবং বিদ্বান্ (জানন্) এতৎ (চক্ষুব্রহ্ম) উপাস্তে, চক্ষুঃ এনং ন জহাতি ; সর্ব্বাণি ভূতানি এনং অভিক্ষরন্তি ; তথা দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি। বৈদেহঃ জনকঃ উবাচ

হ—হস্ত্যৃষভং সহস্রং দদামীতি। [তৎ শ্রুত্বা] সঃ যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—অননুশিষ্য হরেত—ইতি মে পিতা অমন্যত ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ২৪৪ ॥ ৪ ॥

মূলানুবাদ। [যাজ্ঞবল্ক্য জনককে জিজ্ঞাসা করিলেন—] অপর কোন আচার্য্য তোমাকে যাহা উপদেশ দিয়াছেন, তাহা শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন—] বৃষ্ণের পুত্র বর্কু আমাকে বলিয়াছেন যে, 'চক্ষুঃ বৈ ব্রহ্ম' (চক্ষু হইতেছে ব্রহ্ম) ইতি। [যাজ্ঞবল্ক্য বলিলেন—তিনি ঠিক বলিয়াছেন ;] মাতা পিতা ও গুরুর নিকট শিক্ষাপ্রাপ্ত আচার্য্য যেরূপ বলিয়া থাকেন, বার্ষ্ণও ঠিক সেইরূপই তোমাকে বলিয়াছেন—'চক্ষুঃ বৈ ব্রহ্ম' ইতি ; কেন না, যে লোক দেখিতে পায় না—চক্ষুহীন, তাহার কোন কার্য্য সাধিত হয় ? (কোন কার্য্যই নহে) ; কিন্তু [জিজ্ঞাসা করি, তিনি] তোমাকে উহার আয়তন (শরীর) ও প্রতিষ্ঠা (আশ্রয়) বলিয়াছেন কি ? [জনক বলিলেন—] না—তিনি আমাকে তাহা বলেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন—] হে সম্রাট্, ইহা ব্রহ্মের এক পাদ বা একাংশ মাত্র, (এখনও অপর তিন পাদ অবিজ্ঞাত রহিয়াছে)। [জনক বলিলেন,] হে যাজ্ঞবল্ক্য, তুমি যখন তাহা জান, তখন তুমিই আমাকে তাহা বল। [যাজ্ঞবল্ক্য বলিলেন—] চক্ষু ইহার আয়তন, আকাশ ইহার প্রতিষ্ঠা, 'সত্য' ইহার রহস্য নাম ; অতএব সত্য বলিয়াই ইহার উপাসনা করিবে। [জনক জিজ্ঞাসা করিলেন—] হে যাজ্ঞবল্ক্য, এই সত্যতা কাহাকে বলে ? যাজ্ঞবল্ক্য বলিলেন, হে সম্রাট্, উহা চক্ষুই (তদতিরিক্ত কিছু নহে) ; কেন না, হে সম্রাট্ যে ব্যক্তি চক্ষু দ্বারা দর্শন করিতে সমর্থ, তাহাকে লোকে জিজ্ঞাসা করিয়া থাকে যে, তুমি দেখিয়াছ কি ? সে ব্যক্তি তদুত্তরে বলিয়া থাকে যে, হাঁ, আমি দেখিয়াছি। তাহার সে কথা সত্য বলিয়া পরিগণিত হইয়া থাকে ; অতএব হে সম্রাট্, চক্ষুই পরম ব্রহ্ম। যে ব্যক্তি এই-রূপ জানিয়া চক্ষু-ব্রহ্মের উপাসনা করে ; চক্ষু কখনও তাহাকে ত্যাগ করে না ; এবং সমস্ত ভূতই তাহাকে উপহার প্রদান করে ;

এবং তিনি এই দেহেই দেবত্ব লাভ করিয়া দেহপাতের পর দেবতার সাযুজ্য লাভ করেন। [এ কথার পর] বিদেহপতি জনক বলিলেন—হে যাজ্ঞবল্ক্য, আমি তোমাকে হস্তিতুল্য বৃষভযুক্ত সহস্র গো প্রদান করিতেছি। [যাজ্ঞবল্ক্য বলিলেন, আমার পিতা মনে করিতেন যে, শিষ্যকে উপদেশ দ্বারা কৃতার্থ না করিয়া, তাহার নিকট হইতে কিছু গ্রহণ করিবে না; (আমারও তাহাই ইচ্ছা) ॥ ২৪৪॥ ৪ ॥

শাঙ্কর ভাষ্যম্। যদেব তে কশ্চিৎ বর্কু রিতি নামতঃ বৃষ্ণস্যাপত্যং বার্ষ্ণঃ অব্রবীৎ চক্ষুর্বৈ ব্রহ্মেতি, আদিত্যো দেবতা চক্ষুষি। উপনিষৎ—সত্যম্। যস্মাৎ শ্রোত্রেণ শ্রুতমনৃতমপি স্যাত্তু চক্ষুষা দৃষ্টম্। তস্মাদ্বৈ সম্রাট্—পশ্যন্ত-মাহুঃ—অদ্রাক্ষীস্ত্বং হস্তিনমিতি, স চেৎ অদ্রাক্ষমিত্যাহ, তৎ সত্যমেব ভবতি। যস্ত্বন্যো ব্রূয়াৎ—অহমশ্রৌষমিতি, তদ্ব্যভিচরতি। যত্তু চক্ষুষা দৃষ্টম্, তদব্যভি-চারিত্বাৎ সত্যমেব ভবতি ॥২৪৪॥৪॥

টীকা। চক্ষুর্ব্রহ্মণঃ সত্যত্বং সাধয়তি—যস্মাদিতি। উক্তমেবোপপাদয়তি—যস্ত্বিতি। ২৪৪ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ। "যদেব তে কশ্চিৎ" ইত্যাদি। বর্কু নামক, বৃষ্ণের পুত্র—বার্ষ্ণ। 'চক্ষুই ব্রহ্ম' একথার অর্থ এই যে, চক্ষুর অধিদেবতা সূর্য্যঃ। তাহার উপনিষৎ (গোপনীয় নাম হইতেছে)—সত্য; যেহেতু শ্রবণেন্দ্রিয় দ্বারা যাহা শ্রবণ করা হয়, তাহা অসত্যও হইতে পারে, কিন্তু চক্ষু দ্বারা দৃষ্ট বস্তু সেরূপ হয় না; সেই হেতু হে সম্রাট্, চক্ষু দ্বারা দর্শনকারীকে লক্ষ্য করিয়া লোকে বলিয়া থাকে যে, তুমি হস্তী দেখিয়াছ? সে যদি বলে হাঁ, আমি দেখিয়াছি; তাহা হইলে, উহা সত্যই হইয়া থাকে; কিন্তু অন্যে যদি বলে, আমি হস্তীর কথা শুনিয়াছি মাত্র; (কিন্তু কখনও দেখি নাই), তাহা হইলে, সে কথা অন্যথাও হইতে পারে; কিন্তু যাহা চক্ষু দ্বারা দৃষ্ট হয়, তাহার কখনই অন্যথা হয় না,(সত্যই হয় ॥ ২৪৪ ॥ ৪ ॥

যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে গর্দ্দভীবি-পীতো ভারদ্বাজঃ শ্রোত্রং বৈ ব্রহ্মেতি, যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ব্রূয়াত্তথা তদ্ভারদ্বাজোঽব্রবীচ্ছ্রোত্রং বৈ

ব্রহ্মেত্যশৃণ্বতো হি কিং স্যাদিতি, অব্রবীত্তু তে তস্যা-য়তনং প্রতিষ্ঠাম্, ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি, স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য, শ্রোত্রমেবায়তনমাকাশঃ প্রতি-ষ্ঠাঽনন্ত ইত্যেনদুপাসীত। কাঽনন্ততা যাজ্ঞবল্ক্য দিশ এব সম্রাড়িতি হোবাচ, তস্মাদ্বৈ সম্রাড়পি যাং কাঞ্চ দিশং গচ্ছতি, নৈবাস্যা অন্তং গচ্ছত্যনন্তা হি দিশো দিশো বৈ সম্রাট্ শ্রোত্রঞ্চ শ্রোত্রং বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম, নৈনঞ্চ শ্রোত্রং জহাতি সর্ব্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবান-প্যেতি, য এবং বিদ্বানেতদুপাস্তে। হস্ত্যৃষভঞ্চ সহস্রং দদা-মীতি হোবাচ জনকো বৈদেহঃ, সহোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নানমুশিষ্য হরেতেতি ॥২৪৫॥৫॥

সরলার্থঃ। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপি জনকং প্রত্যাহ—] যদেব তে কশ্চিৎ (আচার্য্যঃ) অব্রবীৎ তৎ শৃণবাম ইতি পূর্ব্ববৎ। [জনক আহ—] গর্দ্দভী-বিপীতঃ ভারদ্বাজঃ (ভরদ্বাজস্যাপত্যং) মে অব্রবীৎ—শ্রোত্রং (শ্রবণেন্দ্রিয়ং) বৈ ব্রহ্ম-ইতি। যথা মাতৃমান্ পিতৃমান্ আচার্য্যবান্ ব্রূয়াৎ, তথা তৎ অব্রীবৎ— শ্রোত্রং বৈ ব্রহ্ম ইতি; হি (যস্মাৎ) অশৃন্বতঃ (শ্রবণম্ অকুর্ব্বতঃ জনস্য) কিং স্যাৎ ? (ন কিমপীত্যর্থঃ) ইতি। তু (কিন্তু) তস্য (শ্রোত্র-ব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং [চ] তে (তুভ্যং) অব্রবীৎ ? [জনক আহ—] ন মে অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] হে সম্রাট্, একপাদ্ বৈ এতৎ (শ্রোত্র-ব্রহ্ম) ইতি। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, সঃ (ত্বং) নঃ (অস্মান্) বৈ ব্রূহি। [যাজ্ঞবল্ক্য আহ—] শ্রোত্রং এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা, অনন্ত ইতি এনৎ (শ্রোত্রব্রহ্ম) উপাসীত। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, অনন্ততা কা ? [যাজ্ঞবল্ক্যঃ] উবাচ হ—হে সম্রাট্, দিশ এব ইতি; তস্মাৎ বৈ সম্রাট্ অপি যাং কাংচ দিশং গচ্ছতি, অস্যাঃ (দিশঃ) অন্তং (সমাপ্তিং) নৈব গচ্ছতি (প্রাপ্নোতি); হি (যস্মাৎ) দিশঃ অনন্তাঃ (অন্তরহিতাঃ); হে সম্রাট্, দিশঃ বৈ (এব) শ্রোত্রং (দিগধিষ্ঠিতং শ্রোত্রমিত্যর্থঃ); হে সম্রাট্, [অতএব] শ্রোত্রং বৈ পরমং ব্রহ্ম। যঃ এবং বিদ্বান্ (জানন্) এতৎ (শ্রোত্রব্রহ্ম)

উপাস্তে; শ্রোত্রং এনং (বিদ্বাংসং) ন জহাতি; সর্ব্বাণি ভূতানি এনং অভিক্ষরন্তি; সঃ দেবঃ ভূত্বা [দেহপাতানন্তরং] দেবান্ অপ্যেতি। [হে যাজ্ঞবল্ক্য,] হস্ত্যৃষভং সহস্রং (গোসহস্রং) দদামি—ইতি হ বৈদেহঃ জনক উবাচ। সঃ যাজ্ঞবল্ক্য উবাচ হ—মে (মম) পিতা অমন্যত—অননুশিষ্য ন হরেত (শিষ্যাৎ কিঞ্চিদপি ন গৃহ্নীত) ইতি; [মমাপি তদভিমতমিতি ভাবঃ] ॥ ২৪৫ ॥ ৫ ॥

মূলানুবাদ। [যাজ্ঞবল্ক্য জিজ্ঞাসা করিলেন—] তোমাকে অপর আচার্য্য যাহা বলিয়াছেন, তাহা আমরা শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন—] গর্দ্দভীবিপীতনামক ভরদ্বাজপুত্র আমাকে বলিয়াছেন—'শ্রোত্রই ব্রহ্ম'। [যাজ্ঞবল্ক্য বলিলেন,] মাতৃমান্ পিতৃমান্ ও আচার্য্যবান্ গুরু যেরূপ বলিয়া থাকেন; ভরদ্বাজপুত্রও ঠিক সেইরূপই উপদেশ দিয়াছেন যে, 'শ্রোত্রই ব্রহ্ম'; কেন না, যে ব্যক্তি শুনিতে পায় না, তাহার কোন কার্য্য সম্পন্ন হয়? (কোন কার্য্যই নহে)! [যাজ্ঞবল্ক্য জিজ্ঞাসা করিলেন—] তাহার আয়তন ও প্রতিষ্ঠা তোমাকে বলিয়াছেন কি? [জনক বলিলেন!] না—তাহা আমাকে বলেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন—] হে সম্রাট্, ইহা ব্রহ্মের একটী পাদ বা অংশ মাত্র। [জনক বলিলেন] হে যাজ্ঞবল্ক্য, তুমিই আমাকে তাহা বল। [যাজ্ঞবল্ক্য বলিলেন—] শ্রোত্রই ইহার আয়তন, আকাশ ইহার প্রতিষ্ঠা এবং 'অনন্ত' ইহার উপনিষৎ; অতএব 'অনন্ত' বলিয়া ইহার উপাসনা করিবে। হে যাজ্ঞবল্ক্য, সেই অনন্তত্ব কি? যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্, দিক্‌সমূহই অনন্ত; সেই হেতুই সম্রাট্ও যে কোন দিকে গমন করে, নিশ্চয়ই তিনিও ইহার অন্ত পান না; কেন না, দিক্‌সমূহ অনন্ত; সেই দিক্ই শ্রোত্র; এবং শ্রোত্রই পরম ব্রহ্ম।

যে ব্যক্তি এইরূপ অবগত হইয়া শ্রোত্র-ব্রহ্মের উপাসনা করেন; শ্রোত্র কখনই তাহাকে ত্যাগ করে না; সমস্ত ভূত ইহার উদ্দেশে বলি উপহার দেয়, এবং এই দেহেই দেবত্ব লাভ করিয়া দেহপাতের

পর দেবভাব প্রাপ্ত হন। বিদেহপতি জনক বলিলেন—আমি তোমাকে হস্তিতুল্য বৃষভযুক্ত সহস্র গো দান করিতেছি। যাজ্ঞবল্ক্য বলিলেন, আমার পিতার অভিমত ছিল এই যে, শিষ্যকে কৃতার্থ না করিয়া কিছু গ্রহণ করিবে না; (আমারও তাহাই মত) ॥ ২৪৫॥৫ ॥

শাঙ্করভাষ্যম্। যদেব তে, গর্দ্দভীবিপীতইতি নামতঃ; ভারদ্বাজো গোত্রতঃ। শ্রোত্রং বৈ ব্রহ্মেতি। শ্রোত্রে দিগ্ দেবতা; অনন্ত ইত্যেনদুপাসীত। কা অনন্ততা শ্রোত্রস্য? দিশ এব শ্রোত্রস্যানন্ত্যম্ যস্মাৎ, তস্মাদ্বৈ সম্রাট্, প্রাচীমুদীচীং বা যাং কাঞ্চিদপি দিশং গচ্ছতি, নৈব অস্যা অন্তং গচ্ছতি কশ্চিদপি। অতোঽনন্তা হি দিশঃ, দিশো বৈ সম্রাট্, শ্রোত্রম্; তস্মাদ্দিগানন্ত্যমেব শ্রোত্রস্যানন্ত্যম্ ॥২৪৫॥৫॥

টীকা। দিশামানন্ত্যেঽপি শ্রোত্রস্য কিমায়াতং, তদাহ—দিশো বা ইতি ॥২৪৫॥৫॥

ভাষ্যানুবাদ। গর্দ্দভীবিপীতনামক ভারদ্বাজ—ভরদ্বাজগোত্রজ ঋষি—[আমাকে বলিয়াছেন], 'শ্রোত্রই ব্রহ্ম' [এ কথার অভিপ্রায়—] দিক্ই শ্রবণেন্দ্রিয়ের দেবতা। ইহাকে 'অনন্ত' বলিয়া উপাসনা করিবে। শ্রোত্রের অনন্তত্ব কিরূপ? যেহেতু দিক্সমূহই শ্রবণেন্দ্রিয়ের আনন্ত্য (অসীমতা); হে সম্রাট্, সেই হেতু পূর্ব্ব, উত্তর কিংবা অন্য যে কোন দিকে গমন করুক না কেন, কেহই সেই দিকের অন্ত পায় না; এই কারণে দিক্সমূহ অনন্ত। হে সম্রাট্, দিক্সমূহই শ্রোত্র; অতএব দিকের অনন্ততাই শ্রবণেন্দ্রিয়ের অনন্ততা বলিয়া গ্রহণ করিতে হইবে ॥ ২৪৫ ॥ ৫ ॥

যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে সত্যকামো জাবালো মনো বৈ ব্রহ্মেতি, যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ব্রূয়াত্তথা তজ্জাবালোঽব্রবীন্মনো বৈ ব্রহ্মেত্যমনসো হি কিং স্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাম্, ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি, স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য, মন এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠানন্দ ইত্যেনদুপাসীত, কানন্দতা যাজ্ঞবল্ক্য, মন এব সম্রাড়িতি হোবাচ, মনসা বৈ সম্রাট্ স্ত্রিয়মভিহার্য্যতে তস্যাং

প্রতিরূপঃ পুত্রো জায়তে স আনন্দো মনো বৈ সম্রাট্, পরমং ব্রহ্ম, নৈনং মনো জহাতি সর্ব্বাণ্যেনং ভূতান্যভি-ক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে, হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ, স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরে-তেতি ॥২৪৬॥৬॥

অন্বয়ার্থঃ। [যাজ্ঞবল্ক্যঃ পুনরাহ—] যৎ এব তে কশ্চিৎ (আচার্য্যঃ) অব্রবীৎ, তৎ শৃণবাম ইতি। [জনক আহ] জাবালঃ (জবালায়া অপত্যং) সত্যকামঃ (তন্নামক আচার্য্যঃ) অব্রবীৎ—মনঃ বৈ ব্রহ্ম ইতি। যথা মাতৃমান্ পিতৃমান্ আচার্য্যবান্ ব্রূয়াৎ, তথা জাবালঃ তৎ অব্রবীৎ—মনঃ বৈ ব্রহ্মেতি। হি (যতঃ) অমনসঃ (মনোবৃত্তিরহিতস্য জনস্য) কিং স্যাৎ? ইতি। তু (পুনঃ) তে (তুভ্যং) তস্য (মনোব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং (চ) অব্রবীৎ? ইত্যাহ যাজ্ঞবল্ক্যঃ। [জনকঃ প্রত্যাহ] মে (মহ্যং) ন অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] হে সম্রাট্, এতৎ (মনো ব্রহ্ম) বৈ একপাদ্ (একাংশমাত্রং ব্রহ্মণঃ)। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, সঃ (ত্বং) বৈ নঃ (অস্মান্) ব্রূহি। [যাজ্ঞবল্ক্য আহ—] মনঃ এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা, আনন্দ ইতি [কৃত্বা] এনৎ (মনোব্রহ্ম) উপাসীত। হে যাজ্ঞবল্ক্য, কা আনন্দতা? [যাজ্ঞবল্ক্যঃ] উবাচ হ—হে সম্রাট্, মনঃ এব (আনন্দতা ইত্যর্থঃ); হে সম্রাট্, বৈ (যতঃ) মনসা স্ত্রিয়ং (স্ত্রী) অভিহার্য্যতে (প্রার্থ্যতে); তস্যাং (প্রার্থিতায়াং স্ত্রিয়াং) প্রতিরূপঃ (আত্মানুরূপঃ) পুত্রঃ জায়তে; সঃ (পুত্রঃ) আনন্দঃ (আনন্দকরঃ); অতএব হে সম্রাট্, মনঃ বৈ পরমং ব্রহ্ম। যঃ বিদ্বান্ এতৎ (মনোব্রহ্ম) এবং উপাস্তে, মনঃ এনং (বিদ্বাংসং) ন জহাতি, সর্ব্বাণি ভূতানি এনং অভিক্ষরন্তি; [সঃ] দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি। বৈদেহঃ জনক উবাচ হ—[হে যাজ্ঞবল্ক্য,] হস্ত্যৃষভং সহস্রং দদামি ইতি। সঃ যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—অননুশিষ্য ন হরেত ইতি মে পিতা অমন্যত। [অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ] ॥ ২৪৬ ॥ ৬ ॥

মূলানুবাদ। যাজ্ঞবল্ক্য পুনশ্চ জিজ্ঞাসা করিলেন—হে সম্রাট্, তোমাকে অপর কোন আচার্য্য যাহা বলিয়াছেন, তাহা শ্রবণ

করিতে ইচ্ছা করি। [জনক বলিলেন,] সত্যকামনামক জাবাল (জবালার পুত্র) আমাকে বলিয়াছেন যে, মনই ব্রহ্ম। মাতা পিতা ও আচার্য্যের নিকট শিক্ষাপ্রাপ্ত আচার্য্য যেরূপ বলিয়া থাকেন, জাবালও ঠিক সেইরূপই মনোব্রহ্মের উপদেশ দিয়াছেন; কারণ, যাহার মন নাই, তাহার কোন কার্য্যই হইতে পারে না; কিন্তু তিনি তাহার 'আয়তন' ও 'প্রতিষ্ঠা' বলিয়াছেন কি? [জনক বলিলেন,] না, তাহা আমাকে বলেন নাই। যাজ্ঞবল্ক্য বলিলেন—] হে সম্রাট্, ইহা হইতেছে ব্রহ্মের একটী মাত্র পাদ, (আরো তিন পাদ তোমার জ্ঞাতব্য রহিয়াছে)। [জনক বলিলেন—] হে যাজ্ঞবল্ক্য, তুমিই আমাকে তাহা বল। [যাজ্ঞবল্ক্য বলিলেন—] মনই আয়তন, আকাশ তাহার প্রতিষ্ঠা, ইহাকে 'আনন্দ' বলিয়া উপাসনা করিবে। [জনক জিজ্ঞাসা করিলেন—] হে যাজ্ঞবল্ক্য, এই আনন্দতা কি? [যাজ্ঞবল্ক্য] বলিলেন—হে সম্রাট্, মনই; কেন না, মনের সাহায্যেই অভিমত স্ত্রীকে প্রার্থনা করা হইয়া থাকে; এবং তাহাতে আত্মানুরূপ পুত্র জন্মলাভ করে; সেই পুত্রই আনন্দ—আনন্দের কারণ হয়; অতএব হে সম্রাট্, ইহাই পরম ব্রহ্ম; যে বিদ্বান্ ইহাকে এইরূপে উপাসনা করেন, মন কখনই তাহাকে ত্যাগ করে না; সমস্ত ভূত তাঁহাকে উপহার প্রদান করে; এবং তিনি দেবতা হইয়া দেহ-পাতের পর দেব-সাযুজ্য লাভ করেন। বিদেহপতি জনক বলি-লেন—তোমাকে আমি হস্তিতুল্য বৃষভযুক্ত সহস্র গো প্রদান করিতেছি। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্, আমার পিতা মনে করিতেন—শিষ্যকে কৃতার্থ না করিয়া কিছু গ্রহণ করিবে না, (আমারও তাহাই অভিমত) ॥ ২৪৬ ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্। সত্যকাম ইতি নামতঃ, জবালায়া অপত্যং জাবালঃ। চন্দ্রমা মনসো দেবতা, আনন্দ ইত্যুপনিষৎ; যস্মান্মন এবানন্দঃ, তস্মান্মনসা বৈ সম্রাট্, স্ত্রিয়মভিকাময়মানোঽভিহার্য্যতে প্রার্থয়তেইত্যর্থঃ। তস্যাং বাং স্ত্রিয়মভিকাময়মানোঽভিহার্য্যতে, তস্যাং প্রতিরূপঃ অনুরূপঃ

পুত্রো জায়তে; স আনন্দহেতুঃ পুত্রঃ; স যেন মনসা নির্বর্ত্ত্যতে, তন্মন আনন্দঃ ॥২৪৬॥৬॥

টীকা। তথাপি কথমানন্দত্বং মনসঃ সম্ভবতি, তত্রাহ—অ যেনেতি ॥ ২৪৬ ॥ ৬ ॥

ভাষ্যানুবাদ। জবালার পুত্র জাবাল ঋষি 'সত্যকাম' নামে প্রসিদ্ধ। চন্দ্র হইতেছেন মনের দেবতা। আনন্দ তাহার 'উপনিষদ্'; যেহেতু মনই আনন্দ (আনন্দের কারণ); সেই হেতু, হে সম্রাট্, পুরুষ স্ত্রীকামনায় প্রার্থনা করিয়া থাকে; অতএব যে স্ত্রীকে কামনা করিয়া অভিহার বা প্রার্থনা করিয়া থাকে, সেই স্ত্রীতে প্রতিরূপ (কামনানুরূপ) পুত্র জন্ম লাভ করে; সেই পুত্রই আনন্দের হেতুভূত (আনন্দকর) হয়। সেই পুত্র যে মনের দ্বারা নিষ্পাদিত হয়, সেই মন নিশ্চয়ই আনন্দ স্বরূপ ॥ ২৪৬ ॥ ৬ ॥

যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে বিদগ্ধঃ শাকল্যো হৃদয়ং বৈ ব্রহ্মেতি, যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ব্রূয়াৎ তথা তচ্ছাকল্যোঽব্রবীদ্ হৃদয়ং বৈ ব্রহ্মেত্যহৃদয়স্য হি কিং স্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাম্, ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি, স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য, হৃদয়মেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা স্থিতিরিত্যেনদুপাসীত, কা স্থিততা যাজ্ঞবল্ক্য, হৃদয়মেব সম্রাড়িতি হোবাচ, হৃদয়ং বৈ সম্রাট্ সর্ব্বেষাং ভূতানাং প্রতিষ্ঠা হৃদয়ে হ্যেব সম্রাট্ সর্ব্বাণি ভূতানি প্রতিষ্ঠিতানি ভবন্তি, হৃদয়ং বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম, নৈনং হৃদয়ং জহাতি সর্ব্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে, হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ, স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥ ৪৭॥৭॥

ইতি বৃহদারণ্যকোপনিষদি চতুর্থাধ্যায়স্য প্রথমং ব্রাহ্মণম্ ॥৪॥১ ॥

সরলার্থঃ। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপি আহ—] যৎ এব তে কশ্চিৎ অব্রবীৎ, তৎ শৃণবাম ইতি। [জনক আহ—] বিদগ্ধঃ (পণ্ডিতঃ)

শাকল্যঃ মে অব্রবীৎ,—হৃদয়ং বৈ ব্রহ্ম ইতি। যথা মাতৃমান্ পিতৃমান্ আচার্য্যবান্ (পুরুষঃ) ব্রূয়াৎ, তথা শাকল্যঃ তৎ অব্রবীৎ—হৃদয়ং ব্রহ্ম ইতি। হি (যস্মাৎ) অহৃদয়স্য (হৃদয়রহিতস্য) কিং স্যাৎ ? ইতি ; তু (পুনঃ) তে (তুভ্যং) তস্য (হৃদয়-ব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং চ অব্রবীৎ ? [জনক আহ—] মে (মহ্যং) ন অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] হে সম্রাট্, এতৎ বৈ একপাদ্ (ব্রহ্মণ একাংশমাত্রম্) ইতি। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, সঃ (বিদ্বান্ ত্বং) নঃ (অস্মান্) ব্রূহি [ইতি]। [যাজ্ঞবল্ক্যঃ] আহ—] হৃদয়ম্ এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা ; স্থিতিরিতি এনৎ (হৃদয়-ব্রহ্ম) উপাসীত। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, কা স্থিততা ? [যাজ্ঞবল্ক্যঃ] উবাচ হ—হে সম্রাট্, হৃদয়ম্ এব (স্থিততা ইত্যর্থঃ)। হে সম্রাট্, হৃদয়ং বৈ (এব) সর্ব্বেষাং ভূতানাম্ আয়তনম্, হে সম্রাট্, হৃদয়ং বৈ সর্ব্বেষাং ভূতানাং প্রতিষ্ঠা, হে সম্রাট্, হৃদয়ে হি এব সর্ব্বাণি ভূতানি প্রতিষ্ঠিতানি ভবন্তি ; হে সম্রাট্, হৃদয়ং বৈ পরমং ব্রহ্ম। যঃ বিদ্বান্ এতৎ (হৃদয়ং) এবং (যথোক্তেন প্রকারেণ) উপাস্তে, হৃদয়ং এনং (বিদ্বাংসং) ন জহাতি, সর্ব্বাণি ভূতানি এনং অভিক্ষরন্তি ; [সঃ] দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি। বৈদেহঃ জনকঃ উবাচ হ—হস্ত্যৃষভং সহস্রং দদামি ইতি। সঃ যাজ্ঞবল্ক্যঃ [উবাচ হ—] অননুশিষ্য ন হরেত ইতি মে পিতা অমন্যত ; [মমাপি তথৈব মতমিত্যভিপ্রায়ঃ। অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ] ॥২৪৭॥৭॥

মূলানুবাদ। যাজ্ঞবল্ক্য পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন—অপর কোন আচার্য্য তোমাকে যাহা বলিয়াছেন, তাহা শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন—] বিদগ্ধ (পণ্ডিত) শাকল্য আচার্য্য আমাকে বলিয়াছেন—হৃদয়ই ব্রহ্ম ; মাতা পিতা ও আচার্য্যোপদিষ্ট গুরু যেরূপ উপদেশ দিয়া থাকেন, শাকল্যও সেইরূপই বলিয়াছেন যে, হৃদয়ই ব্রহ্ম ; কেন না, অহৃদয়ের কোন কার্য্য হইতে পারে ? ভাল, তিনি তোমাকে তাহার আয়তন ও প্রতিষ্ঠা বলিয়াছেন কি ? না—তিনি তাহা আমাকে বলেন নাই। হে সম্রাট্, ইহা ব্রহ্মের একটী মাত্র পাদ। [জনক বলিলেন—] হে যাজ্ঞবল্ক্য, তুমি আমাকে তাহা বল। [যাজ্ঞবল্ক্য বলিলেন—] হৃদয়ই ইহার আয়তন, আকাশ ইহার প্রতিষ্ঠা, 'স্থিতি' বলিয়া ইহার উপাসনা করিবে। [জনক বলিলেন—] হে

যাজ্ঞবল্ক্য, স্থিততা কি ? [যাজ্ঞবল্ক্য] বলিলেন—হে সম্রাট্, হৃদয়ই [স্থিততা]; কারণ, হে সম্রাট্, হৃদয়ই সমস্ত ভূতের আয়তন, হৃদয়ই সমস্ত ভূতের প্রতিষ্ঠা, হে সম্রাট্, হৃদয়েই সমস্ত ভূত অবস্থিতি করে; অতএব হে সম্রাট্, হৃদয়ই পরম ব্রহ্ম। হে সম্রাট্, যে বিদ্বান্ এইরূপে ইহার উপাসনা করে, হৃদয় কখনই তাহাকে ত্যাগ করে না; সমস্ত ভূত তাহার জন্য উপহার প্রদান করে, এবং তিনি এই দেহেই দেবত্ব লাভ করিয়া দেহপাতের পর দেবসাযুজ্য লাভ করেন। বিদেহাধিপতি জনক বলিলেন, হে যাজ্ঞবল্ক্য, আমি তোমাকে হস্তিতুল্য বৃষভযুক্ত সহস্র গো দান করিতেছি। যাজ্ঞবল্ক্য বলিলেন, আমার পিতা মনে করিতেন যে, শিষ্যকে কৃতার্থ না করিয়া কিছু গ্রহণ করিতে নাই, (আমারও তাহাই মত) ॥২৪৬॥৬॥

ইতি চতুর্থাধ্যায়ে প্রথম ব্রাহ্মণের ব্যাখ্যা ॥৪॥১॥

শাঙ্করভাষ্যম্। বিদগ্ধঃ শাকল্যঃ—হৃদয়ং বৈ ব্রহ্মেতি। হৃদয়ং বৈ সম্রাট্, সর্ব্বেষাং ভূতানামায়তনম্; নামরূপকর্ম্মাত্মকানি হি ভূতানি হৃদয়াশ্রয়াণীত্যবোচাম শাকল্যব্রাহ্মণে হৃদয়প্রতিষ্ঠানি চেতি। তস্মাদ্ হৃদয়ে হ্যেব, সম্রাট্, সর্ব্বাণি ভূতানি প্রতিষ্ঠিতানি ভবন্তি। তস্মাদ্ হৃদয়ং স্থিতিরিত্যুপাসীত। হৃদয়ে চ প্রজাপতির্দ্দেবতা ॥২৪৭॥৭॥

ইতি বৃহদারণ্যকোপনিষদি চতুর্থাধ্যায়স্য প্রথম-ব্রাহ্মণভাষ্যম্ ॥৪॥১॥

টীকা। কথং হৃদয়স্য সর্ব্বভূতায়তনত্বং তৎপ্রতিষ্ঠাত্বং চ, তদাহ—নামরূপেতি। তস্মাদিতি শাকল্যব্রাহ্মণপরামর্শঃ। ভূতানাং হৃদয়প্রতিষ্ঠত্বে ফলিতমাহ—তস্মাদ্ হৃদয়মিতি ॥ ২৪৭ ॥ ৭ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য প্রথমং ব্রাহ্মণম্ । ৪ । ১ ।

ভাষ্যানুবাদ। বিদগ্ধ শাকল্য [বলিয়াছেন যে,] হৃদয়ই ব্রহ্ম। হে সম্রাট্, হৃদয়ই সমস্ত ভূতের আয়তন। নাম রূপ ও কর্ম্মাত্মক ভূতনিবহ যে, হৃদয়াশ্রিত এবং হৃদয়ে অবস্থিত, একথা আমরা পূর্ব্বে শাকল্য ব্রাহ্মণে প্রতি-

পাদন করিয়াছি। অতএব হে সম্রাট্, সমস্ত ভূত হৃদয়েই প্রতিষ্ঠিত আছে। অতএব হৃদয়কে 'স্থিতি' বলিয়া (স্থিতিগুণসম্পন্ন বলিয়া) উপাসনা করিবে। হৃদয়ের অধিষ্ঠাত্রী দেবতা হইতেছেন প্রজাপতি (ব্রহ্মা) ॥২৪৭॥৭॥

ইতি চতুর্থাধ্যায়ে প্রথম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৪ ॥ ১ ॥

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

জনকো হ বৈদেহঃ কূর্চ্চাদুপাবসর্পন্নুবাচ নমস্তেহস্তু যাজ্ঞবল্ক্যানু মা শাধীতি, স হোবাচ যথা বৈ সম্রাট্ মহান্তমধ্বানমেষ্যন্ রথং বা নাবং বা সমাদদীতৈবমেবৈতাভিরুপনিষদ্ভিঃ সমাহিতাত্মাস্যেবং বৃন্দারক আঢ্যঃ সন্নধীতবেদ উক্তোপনিষৎক ইতো বিমুচ্যমানঃ ক্ব গমিষ্যসীতি, নাহং তদ্ভগবন্ বেদ যত্র গমিষ্যামীত্যথ বৈ তেহহং তদ্বক্ষ্যামি যত্র গমিষ্যসীতি, ব্রবীতু ভগবানিতি ॥২৪৮॥১॥

সন্বয়ার্থঃ। বৈদেহঃ (বিদেহপতিঃ) জনকঃ কূর্চ্চাৎ (আসনবিশেষাৎ) [উত্থায়] উপ (যাজ্ঞবল্ক্যসমীপং) অবসর্পন্ (শিষ্যভাবেন গচ্ছন্) উবাচ হ—হে যাজ্ঞবল্ক্য, তে (তুভ্যং) নমঃ (নমস্কারঃ) অস্তু; মা (মাং) অনুশাধি (শিক্ষয়) ইতি। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) উবাচ (জনকম্ উক্তবান্) হ—হে সম্রাট্, যথা মহান্তং (দূরগামিনং) অধ্বানং (পন্থানং) এষ্যন্ (গমিষ্যন্) [জনঃ] রথং বা নাবং (নৌকাং) বা সমাদদীত (উপায়ত্বেন গৃহ্ণীয়াৎ); এবম্ (তদ্বৎ) এব এতাভিঃ (উক্তাভিঃ) উপনিষদ্ভিঃ [উক্তলক্ষণানি ব্রহ্মাণি উপাসীনঃ ত্বং] সমাহিতাত্মা (সমাহিতচিত্তঃ) অসি (ভবসি); এবং (ন কেবলং সমাহিতাত্মা, অপিতু) বৃন্দারকঃ (দেববৎ পূজ্যঃ), আঢ্যঃ (ধনাধিপঃ), অধীতবেদঃ (বেদবিৎ), উক্তোপনিষৎকঃ (আচার্য্যেভ্যঃ লব্ধোপনিষদ্বিদ্যঃ চ ত্বং) ইতঃ (অস্মাৎ দেহাৎ) বিমুচ্যমানঃ (দেহং পরিত্যজন্) ক্ব (কস্মিন্ স্থানে) গমিষ্যসি? ইতি। [জনক আহ—] হে ভগবন্, (পূজনীয়), অহং তৎ (দেহপাতানন্তরগন্তব্যস্থানং) ন বেদ (ন জানামি) ইতি। [যাজ্ঞবল্ক্য আহ—] অহং তে (তুভ্যং) তৎ বক্ষ্যামি (কথয়িষ্যামি), যত্র গমিষ্যসি ইতি। [জনক আহ—] ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) ব্রবীতু (তৎ মাম্ উপদিশতু) ইতি ॥ ২৪৮ ॥ ১ ॥

মূলানুবাদ। বিদেহাধিপতি জনক আপনার আসন হইতে উঠিয়া শিষ্যভাবে যাজ্ঞবল্ক্যের সমীপে উপস্থিত হইয়া বলিলেন, হে

যাজ্ঞবল্ক্য, আপনার উদ্দেশ্যে নমস্কার; আপনি আমাকে শিক্ষাপ্রদান করুন।' এ কথার পর যাজ্ঞবল্ক্য বলিলেন, হে সম্রাট্, লোকে দূরগামী পথে যাইবার জন্য যেরূপ রথ বা নৌকা সংগ্রহ করিয়া থাকে; আপনিও তদ্রূপ পূর্ব্বোক্ত পদ্ধতিক্রমে উপাসনা করতঃ সমাহিতচিত্ত হইয়াছেন; অর্থাৎ আপনি এ পর্য্যন্ত যাহা কিছু করিয়াছেন, সে সমস্ত কেবল সাধারণ উপায় মাত্র, কিন্তু কোনটীই সিদ্ধিক্ষেত্র নহে। আপনি এইরূপে লোকপূজ্য ঐশ্বর্য্যশালী, বেদবিৎ ও উপনিষদ্-রহস্য অবগত হইয়াছেন সত্য, কিন্তু এই দেহত্যাগের পর কোথায় যাইবেন, [তাহা জানেন কি ?]। [জনক্ বলিলেন—] হে ভগবন্, দেহত্যাগ করিয়া যেখানে যাইব, তাহা আমি জানি না। অনন্তর [যাজ্ঞবল্ক্য বলিলেন,] আপনি যেখানে যাইবেন, তাহা আমি আপনাকে বলিয়া দিতেছি। [জনক বলিলেন,] পূজনীয় আপনি তাহা উপদেশ করুন ॥ ২৪৮॥১ ॥

শাঙ্করভাষ্যম্। জনকো হ বৈদেহঃ। যস্মাৎ সবিশেষণানি সর্ব্বাণি ব্রহ্মাণি বিজানাতি যাজ্ঞবল্ক্যঃ, তস্মাদাচার্য্যত্বং হিত্বা জনকঃ কূর্চ্চাদাসনবিশেষাদুত্থায়, উপ সমীপম্ অবসর্পন্ পাদয়োঃনিপতন্নিত্যর্থঃ, উবাচ উক্তবান্, নমস্তে তুভ্যম্ অস্তু,হে যাজ্ঞবল্ক্য; অনু মা শাধি অনুশাধি মামিত্যর্থঃ। ইতিশব্দো বাক্যপরিসমাপ্ত্যর্থঃ। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ—যথা বৈ লোকে, হে সম্রাট্, মহান্তং দীর্ঘমধ্বানম্ এষ্যন্ গমিষ্যন্, রথং বা স্থলেন গমিষ্যন্, নাবং বা জলেন গমিষ্যন্ সমাদদীত,এবমেব এতানি ব্রহ্মাণি এতাভিরুপনিষদ্ভির্যুক্তানি উপাসীনঃ সমাহিতাত্মা অসি,অত্যন্তমেতাভিরুপনিষদ্ভিঃ সংযুক্তাত্মাঅসি; ন কেবলমুপনিষৎসমাহিতঃ, এবং বৃন্দারকঃ পূজ্যশ্চ, আঢ্যশ্চেশ্বরঃ ন দরিদ্র ইত্যর্থঃ। অধীতবেদঃ অধীতো বেদো যেন স ত্বম্ অধীতবেদঃ উক্তাশ্চোপনিষদ আচার্য্যৈস্তুভ্যম্, স ত্বমুক্তোপনিষৎকঃ; এবং সর্ব্ববিভূতিসম্পন্নোঽপি সন্ ভয়মধ্যস্থ এব—পরমাত্মজ্ঞানেন বিনা অকৃতার্থ এব তাবদিত্যর্থঃ যাবৎ পরং ব্রহ্ম ন বেৎসি; ইতঃ অস্মাদ্দেহাদ্বিমুচ্যমান এতাভিঃ, নৌরথস্থানীয়াভিঃ সমাহিতঃ ক কস্মিন্ গমিষ্যসি কিং বস্তু প্রাপ্স্যসীতি। নাহং তদ্বস্তু ভগবন্ পূজাবন্, বেদ জানে,—যত্র গমিষ্যামীতি। অথ যদ্যেবং ন জানীষে যত্র গতঃ কৃতার্থঃ স্যাঃ, অহং বৈ

তে তুভ্যং তদ্বক্ষ্যামি, যত্র গমিষ্যসীতি। ব্রবীতু ভগবানিতি, যদি প্রসন্নো মাং প্রতি। শৃণু—॥২৪৮॥১॥

টীকা। পূর্ব্বস্মিন্ ব্রাহ্মণে কানিচিদুপাসনানি জ্ঞানসাধনান্যুক্তানি। ইদানীং ব্রহ্মণ বৈদেহস্য আগমাদিদ্বারা জ্ঞানার্থং ব্রাহ্মণান্তরমবতারয়তি—জনকো হেতি। রাজ্ঞো জ্ঞানিত্বাভিমানে শিষ্যত্ববিরোধিত্বপনীতে মুনিং প্রতি তস্য শিষ্যত্বেনোপসত্তিং দর্শয়তি—যস্মাদিতি। নমস্কারোক্তেরুদ্দেশ্যমুপক্ষতি—অনু মেতি। অভীষ্টমনুশাসনং কর্ত্তুং প্রাচীনজ্ঞানস্য ফলাভাসহেতুত্বোক্তিদ্বারা পরমফলহেতুরাত্মজ্ঞানমেবেতি বিবক্ষিত্বা তত্র রাজ্ঞো জিজ্ঞাসামাপাদয়তি—স হেত্যাদিনা। যথোক্তগুণসম্পন্নশ্চেদহং, তর্হি কৃতার্থত্বান্ন মে কর্ত্তব্যমস্তীত্যাশঙ্ক্যাহ—এবমিতি। যাজ্ঞবল্ক্যো রাজ্ঞো জিজ্ঞাসামাপাদ্য পৃচ্ছতি—ইত ইতি। পরবস্তুবিষয়ে গতেরযোগাৎ প্রশ্নবিষয়ং বিবক্ষিতং সঙ্ক্ষিপতি—কিং বাস্তিতি। রাজ্ঞা স্বকীয়মজ্ঞত্বমুপেত্য শিষ্যত্বে স্বীকৃতে প্রত্যুক্তিমবতারয়তি—অথেতি। তত্রা পেক্ষিতমথশব্দসূচিং পূরয়তি যদ্যেবমিতি আজ্ঞাপনমসূচিতমিতি শঙ্কাং বারয়তি—যদীতি। প্রসাদাভিমুখ্যমাত্মনঃ সূচয়তি—শৃণ্বিতি। ২৪৮॥১॥

ভাষ্যানুবাদ। "জনকঃ হ বৈদেহঃ" ইত্যাদি। যেহেতু যাজ্ঞবল্ক্য ঋষি সমস্ত ব্রহ্মতত্ত্ব ও তদগত বিশেষভাব সমুদয় অবগত আছেন, সেই হেতুই জনক মহারাজ আপনার আচার্য্যভাব পরিত্যাগ করিয়া—কূর্চ্চাসন হইতে উঠিয়া সমীপে উপস্থিত হইলেন অর্থাৎ যাজ্ঞবল্ক্যের চরণে নিপতিত হইলেন, এবং বলিলেন—হে যাজ্ঞবল্ক্য, তোমাকে নমস্কার, এখন তুমি আমাকে উপদেশ প্রদান কর। শ্রুতির 'ইতি' শব্দটী জনকের বাক্যসমাপ্তিদ্যোতক। যাজ্ঞবল্ক্য এইরূপে অনুরুদ্ধ হইয়া বলিলেন—হে সম্রাট্, ব্যবহার-জগতে দেখিতে পাওয়া যায় যে, কোন লোককে দীর্ঘ পথ যাইতে হইলে, যদি স্থলপথে যাইবার আবশ্যক হয়, তাহা হইলে সে যেমন রথ অবলম্বন করে, আর যদি জলপথে যাইতে হয়, তাহা হইলে যেমন নৌকার আশ্রয় গ্রহণ করে; পূর্ব্বোক্ত উপনিষদ্-সহযোগে নানাবিধ ব্রহ্মোপাসনা করতঃ তুমিও ঠিক সেইরূপই সমাহিতাত্মা হইয়াছ, অর্থাৎ উক্ত উপনিষদ্সমূহ-যোগে তুমি অত্যন্ত সংযতচিত্তমাত্র হইয়াছ; কেবল যে, উপনিষদেই সমাহিত-চিত্ত হইয়াছ, তাহা নহে, পরন্তু বৃন্দারক—লোকপূজ্য; আঢ্য ধনৈশ্বর্য্য-সম্পন্ন, অর্থাৎ দারিদ্র্যরহিত, এবং অধীতবেদ—বেদবিদ্যাও অবগত হইয়াছ। তাহার পর আচার্য্যগণও তোমাকে বেদসার—উপনিষদ্ উপদেশ করিয়াছেন। তুমি এই প্রকারে সর্ব্ববিধ ঐশ্বর্য্যসমন্বিত হইয়াও ভয়ের মধ্যেই বর্ত্তমান রহিয়াছ, অর্থাৎ আত্মজ্ঞানের অভাবে তত্তক্ষণ তুমি নিশ্চয়ই

অকৃতার্থ, যতক্ষণ পরব্রহ্ম অবগত না হইতেছ। [ভাল,জিজ্ঞাসা করি,] নৌকা ও রথস্থানীয় ঐ সমস্ত উপনিষদে সমাহিতচিত্ত তুমি জান কি?—এই দেহ হইতে বিমুক্ত হইয়া অর্থাৎ দেহত্যাগের পর কোথায় গমন করিবে?—কোন বস্তু প্রাপ্ত হইবে?।

[জনক বলিলেন—] হে ভগবন্—পূজনীয়, আমি তাহা জানি না, যেখানে আমাকে যাইতে হইবে। যেখানে যাইয়া কৃতার্থ হইবে, তাহা যদি তুমি না জান, তবে আমিই তোমাকে তাহা বলিব—তুমি ইতঃপর যেখানে গমন করিবে। [জনক বলিলেন—] আপনি যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে আপনিই আমাকে তাহা উপদেশ দিন। [যাজ্ঞবল্ক্য বলিলেন—বলিতেছি,] শ্রবণ কর—॥২৪৮॥১॥

ইন্ধো হ বৈ নামৈষ যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তং বা এতমিন্ধঌসন্তমিন্দ্র ইত্যাচক্ষতে পরোক্ষেণৈব, পরোক্ষপ্রিয়া ইব হি দেবাঃ প্রত্যক্ষদ্বিষঃ ॥ ৪৯॥২॥

সরলার্থঃ। এষঃ (বক্ষ্যমাণঃ) বৈ (প্রসিদ্ধৌ) ইন্ধঃ (ইন্ধনামা) হ; [কঃ?] যঃ অয়ং ("চক্ষুঃ বৈ ব্রহ্ম" ইত্যুক্তঃ) দক্ষিণে অক্ষন্ (অক্ষিণি) [বিশেষেণ অবস্থিতঃ] পুরুষঃ। ইন্ধং (দীপ্তিমত্বাৎ প্রত্যক্ষং) সন্তং, তং এতং (পুরুষং) ইন্দ্র-ইতি পরোক্ষেণ (পরোক্ষবস্তুবাচিনা ইন্দ্র-শব্দেন) এব আচক্ষতে (কথয়ন্তি) [তত্ত্বদর্শিনঃ]; [কুতঃ?] হি (যস্মাৎ) দেবাঃ পরোক্ষপ্রিয়াঃ (পরোক্ষার্থকং নাম প্রিয়ং যেষাং, তে তথোক্তাঃ) ইব (সম্ভাবনায়াম্) [সন্তঃ] প্রত্যক্ষদ্বিষঃ (প্রত্যক্ষনামগ্রহণং দ্বিষন্তি ইত্যর্থঃ) ॥২৪৯॥২॥

মূলানুবাদ। এই যে, দক্ষিণ চক্ষুতে সন্নিহিত পুরুষ, ইনি ইন্ধ নামে প্রসিদ্ধ, অর্থাৎ দীপ্তিগুণ থাকায় ইঁহার নাম হইতেছে ইন্ধ; ইনি ইন্ধ হইলেও অর্থাৎ প্রত্যক্ষবোধক ইন্ধ নামে প্রসিদ্ধ হইলেও তত্ত্বদর্শী পণ্ডিতগণ ইঁহাকে পরোক্ষবোধক ইন্দ্র নামেই নির্দ্দেশ করিয়া থাকেন; কারণ, দেবতারা যেন, পরোক্ষ নাম গ্রহণেই সন্তোষ লাভ করেন, এবং প্রত্যক্ষভাবে নাম গ্রহণকে বিদ্বেষ করিয়া থাকেন ॥২৪৯॥২॥

শাঙ্করভাষ্যম্। ইন্ধো হ বৈ নাম। ইন্ধ ইত্যেবংনামা, যঃ চক্ষুর্বৈ ব্রহ্মেতি পুরোক্ত আদিত্যান্তর্গতঃ পুরুষঃ, স এষঃ, যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ অক্ষণি

বিশেষেণ ব্যবস্থিতঃ, স চ সত্যনামা, তং বৈ এতং পুরুষং; দীপ্তিগুণত্বাৎ প্রত্যক্ষং নামাস্য ইন্ধ ইতি; তমিন্ধং সন্তম্ ইন্দ্র ইত্যাচক্ষতে পরোক্ষেণ। যস্মাৎ পরোক্ষপ্রিয়া ইব হি দেবাঃ প্রত্যক্ষদ্বিষঃ প্রত্যক্ষনামগ্রহণং দ্বিষন্তি। এষ ত্বং বৈশ্বানরমাত্মানং সম্পন্নোঽসি ॥ ২৪৯ ॥ ২ ॥

টীকা। বিশ্বতৈজসপ্রাজ্ঞানুবাদেন তুরীয়ং ব্রহ্ম দর্শয়িতুমাদৌ বিশ্বমনুবদতি—ইন্ধ ইতি। কোঽসাবিন্ধনামেতি চেৎ তমাহ—যশ্চক্ষুরিতি। অধিদৈবতং পুরুষমুক্ত্বাঽধ্যাত্মং তং দর্শয়তি—যোঽয়মিতি। তস্য পূর্ব্বস্মিন্নপি ব্রাহ্মণে প্রস্তুতত্বমাহ—স চেতি। প্রকৃতে পুরুষে বিদুষাং সম্মতিমাহ—তং বা এতমিতি। ইন্ধত্বং সাধয়তি—দীপ্তীতি। প্রত্যক্ষস্য পরোক্ষেণাখ্যানে হেতুমাহ—যস্মাদিতি ॥ ২৪৯ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ। 'ইন্ধো হ বৈ নাম' ইতি। পূর্ব্বে 'চক্ষুঃ বৈ ব্রহ্ম' ইত্যাদি বাক্যে আদিত্যমণ্ডলান্তর্গত যে পুরুষের উল্লেখ করা হইয়াছে, তাহার প্রসিদ্ধ নাম ইন্ধ; আবার অধ্যাত্ম দক্ষিণ চক্ষুতে বিশেষরূপে বিদ্যমান যে পুরুষ, তাহার প্রসিদ্ধ নাম—সত্য; প্রত্যক্ষগ্রাহ্য দীপ্তিগুণসম্পন্ন বলিয়া সেই এই পুরুষ 'ইন্ধ' নামে প্রসিদ্ধ হইলেও,ঋষিগণ ইঁহাকে পরোক্ষবাচী 'ইন্দ্র'নামে অভিহিত করিয়া থাকেন; কারণ, দেবগণ পরোক্ষ নাম গ্রহণেই যেন সন্তুষ্ট, এবং প্রত্যক্ষবিদ্বেষী, অর্থাৎ প্রত্যক্ষভাবে নাম গ্রহণ করিলে তাঁহারা অসন্তুষ্ট হন। [হে জনক,] এইরূপে তুমি বৈশ্বানর আত্মাকে প্রাপ্ত হইয়াছ(১) ॥ ২৪৯ ॥ ২ ॥

(১) তাৎপর্য্য—তুরীয় ব্রহ্মের স্বরূপ প্রদর্শন করা এখানে শ্রুতির অভিপ্রেত; কিন্তু প্রথমেই তাহা প্রদর্শন করা অসম্ভব মনে করিয়া শ্রুতি প্রথমে ব্রহ্মের সগুণভাব—বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞের স্বরূপ প্রদর্শন করতঃ অবশেষে তুরীয় ব্রহ্মের স্বরূপ নির্দ্দেশ করিবেন। তন্মধ্যে এখানে 'বিশ্ব' সংজ্ঞক ব্রহ্মের স্বরূপ নির্দ্দেশ হইয়াছে।

ইহারও আবার দুইটী ভাব—এক অধিদৈবত, দ্বিতীয় অধ্যাত্ম, তন্মধ্যে আদিত্যান্তর্গত পুরুষ হইতেছেন অধিদৈবত, আর দক্ষিণাক্ষিগত পুরুষ হইতেছেন অধ্যাত্ম। অধিদৈবত পুরুষের নাম—ইন্ধ; আর অধ্যাত্ম পুরুষের নাম সত্য।

ইন্ধ অর্থ—দীপ্তিবিশিষ্ট; আদিত্যগত দীপ্তি প্রত্যক্ষগ্রাহ্য; আর ইন্দ্র অর্থ—ঐশ্বর্য্যসম্পন্ন; আলোচ্য পুরুষগত ঐশ্বর্য্য প্রত্যক্ষগ্রাহ্য নহে, শাস্ত্রগম্য; সুতরাং ইন্দ্র শব্দটী পরোক্ষার্থাভিধায়ক। মনে হয়, ব্যবহার জগতে যেমন কোন কোন লোক সোজাসোজী নাম ধরিয়া ডাকিলে অসন্তুষ্ট হয়, ঐশ্বর্য্যজ্ঞাপক নাম করিলেই সুখী হয়; দেবতাদের অবস্থাও ঠিক তদনুরূপ।

অথৈতদ্বামেঽক্ষণি পুরুষরূপমেষাস্য পত্নী বিরাট্, তয়োরেষ সংস্তাবো য এষোঽন্তর্হৃদয় আকাশোঽথৈনয়োরেতদন্নং য এষো-

হস্তর্হৃদয়ে লোহিতপিণ্ডোহথৈনয়োরেতৎ প্রাবরণং যদেতদন্তর্হৃদয়ে জালকমিবাথৈনয়োরেষা স্মৃতিঃ সঞ্চরণী, যৈষা হৃদয়াদূর্দ্ধা নাড্যুচ্চরতি, যথা কেশঃ সহস্রধা ভিন্ন এবমস্যৈতা হিতা নাম নাড্যোহন্তর্হৃদয়ে প্রতিষ্ঠিতা ভবন্ত্যেতাভির্ব্বা এতদাস্রবদাস্রবতি তস্মাদেষ প্রবিবিক্তাহারতর ইবৈব ভবত্যস্মাচ্ছারীরাদাত্মনঃ॥ ২৫০॥ ৩॥

সরলার্থঃ। অথ (প্রকারান্তরে) বামে অক্ষণি (অক্ষিণি) [যৎ] এতৎ পুরুষরূপম্, এষা (এষঃ বামাক্ষিপুরুষঃ) অস্য (বিশ্বপুরুষস্য) পত্নী (ভোগ্যা অন্নরূপা) বিরাট্ (বিরাট্ সংজ্ঞকঃ পুরুষঃ); তয়োঃ (ইন্দ্রস্য ইন্দ্রাণ্যাঃ চ) এষঃ সংস্তাবঃ (যত্র দ্বৌ মিলিত্বা অন্যোন্যং সংস্তবং কুর্ব্বাতে, সঃ); [কঃ সঃ?] যঃ এষঃ অন্তর্হৃদয়ে হৃদয়মধ্যে আকাশঃ (ছিদ্রং)। অথ এনয়োঃ (ইন্দ্রস্য ইন্দ্রাণ্যাঃ চ) এতৎ (বক্ষ্যমাণং) অন্নং (রক্ষাহেতুঃ); [কিং তৎ?] যঃ এষঃ অন্তর্হৃদয়ে লোহিতপিণ্ডঃ (ভুক্তান্নস্য সূক্ষ্মঃ পরিণামবিশেষঃ)। অথ এনয়োঃ (ইন্দ্রস্য ইন্দ্রাণ্যাঃ চ) এতৎ (বক্ষ্যমাণং) প্রাবরণম্ (আচ্ছাদনম); [কিং তৎ?] যৎ এতৎ অন্তর্হৃদয়ে জালকম্ ইব (জলবৎ শিরাসন্ততিঃ); অথ এনয়োঃ এষা সঞ্চরণী (গমনাগমনোপায়ঃ) স্মৃতিঃ (পন্থাঃ পদ্ধতিঃ); [এষা কা?] যা এষা নাড়ী হৃদয়াৎ ঊর্দ্ধা (ঊর্দ্ধমুখী সতী) উচ্চরতি (উদ্গচ্ছতি); [কীদৃশী সা?] সহস্রধা ভিন্নঃ কেশঃ যথা (সহস্রভাগ-বিভক্তকেশবৎ) অস্য (শরীরস্য) 'হিতা' নাম (হিতেতি নাম্না প্রসিদ্ধাঃ) নাড্যঃ অন্তর্হৃদয়ে প্রতিষ্ঠিতাঃ ভবন্তি। এতৎ (অন্নং) আস্রবৎ (গলৎ) এতাভিঃ (নাড়ীভিঃ) বৈ আস্রবতি (গচ্ছতি—রসাদিভাবমাপদ্যতে)। তস্মাৎ (অন্নস্য সূক্ষ্মভাগ-পরিপোষিতত্বাৎ হেতোঃ) এষঃ (তৈজসঃ আত্মা) অস্মাৎ শারীরাৎ আত্মনঃ (পূর্ব্বোক্তং বৈশ্বানরাখ্যম্ আত্মানম্ অপেক্ষ্য) প্রবিবিক্তাহারতরঃ (প্রবিবিক্তাহারঃ—দেহপিণ্ডঃ, অয়ং তু তস্মাদপি সূক্ষ্মতরাহার ইত্যর্থঃ) ইব ভবতি॥ ২৫০॥ ৩॥

মূলানুবাদ। আর এই যে, বাম চক্ষুতে পুরুষ আছেন, তিনি পূর্ব্বোক্ত দক্ষিণাক্ষিস্থিত ইন্দ্রনামক পুরুষের পত্নী অর্থাৎ ভোগ্য—অন্ন স্বরূপ বিরাট্; ইহাই সেই ইন্দ্র ও ইন্দ্রাণীর সংস্তাব,

(সংস্তাব অর্থ—যাহাতে উভয়ে উভয়ের স্তুতি করে); তাহা এই হৃদয়ান্তর্গত আকাশ। উক্ত ইন্দ্র ও ইন্দ্রাণীর ইহাই অন্ন,—যাহা এই হৃদয়মধ্যে স্থিত লোহিতপিণ্ড; এই লোহিত-পিণ্ডটী (ভুক্ত অন্নের সূক্ষ্ম পরিণতি); ইহাই ইহাদের উভয়ের প্রাবরণ বা আচ্ছাদন, যাহা এই হৃদয়মধ্যে জালের ন্যায় শিরাসমূহ; এবং ইহাই তাহাদের সঞ্চরণের পথ, যাহা এই হৃদয়প্রদেশ হইতে উর্দ্ধগামিনী নাড়ী; একটী কেশকে সহস্রভাগে বিভক্ত করিলে যেরূপ হয়, ঠিক সেইরূপ সূক্ষ্ম এই হিতানামক নাড়ীসমূহও দেহপিণ্ডের হৃদয়মধ্যে বিদ্যমান রহিয়াছে। যে সময় অন্নরস ক্ষরিত হয়, তখন এই সমস্ত নাড়ীপথেই ক্ষরিত হয়; সেই জন্যই এই শারীর—পূর্ব্বোক্ত বিশ্বনামক শরীরময় আত্মা অপেক্ষা, এই তৈজসসংজ্ঞক আত্মা অতিশয় সূক্ষ্মবিষয়ভোগী বলিয়াই যেন প্রতীত হয়॥ ২৫০ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্। অথৈতদ্বামেঽক্ষণি পুরুষরূপম্, এষাস্য পত্নী—যং ত্বং বৈশ্বানরমাত্মানং সম্পন্নোঽসি, তস্যাস্য ইন্দ্রস্য ভোক্তুর্ভোগ্যৈষা পত্নী, বিরাট্ অন্নং ভোগ্যত্বাদেব। তদেতদন্নঞ্চ অত্তা চ একং মিথুনং স্বপ্নে। কথম্? তয়োরেষঃ—ইন্দ্রাণ্যা ইন্দ্রস্য চ এষ সংস্তাবঃ, সম্ভূয় যত্র সংস্তবং কুর্ব্বাতে অন্যোন্যম্, স এব সংস্তাবঃ। কোঽসৌ? য এষোঽন্তর্হৃদয়ে আকাশঃ—হৃদয়স্য মাংসপিণ্ডস্য মধ্যে অন্তর্হৃদয়ে অথৈনয়োরেতৎ বক্ষ্যমাণম্ অন্নং ভোজ্যং স্থিতিহেতুঃ; কিন্তৎ? য এষোঽন্তর্হৃদয়ে লোহিতপিণ্ডঃ—লোহিত এব পিণ্ডাকারাপন্নো লোহিতপিণ্ডঃ। অন্নং জগ্ধং দ্বেধা পরিণমতে—যৎ স্থূলং, তদধো গচ্ছতি; যদন্যৎ, তৎ পুনরগ্নিনা পচ্যমানং দ্বেধা পরিণমতে—যো মধ্যমো রসঃ, স লোহিতাদিক্রমেণ পাঞ্চভৌতিকং পিণ্ডং শরীরমুপচিনোতি; যোঽণিষ্ঠো রসঃ, স এব লোহিতপিণ্ড ইন্দ্রস্য লিঙ্গাত্মনো হৃদয়ে মিথুনীভূতস্য, যং তৈজসমাচক্ষতে; স তয়োরিন্দ্রেন্দ্রাণ্যোঃ হৃদয়ে মিথুনীভূতয়োঃ সূক্ষ্মাসু নাড়ীষনুপ্রবিষ্টঃ স্থিতিহেতুর্ভবতি, তদেতদুচ্যতে—অথৈনয়োরেতদন্নমিত্যাদি। ১

কিঞ্চান্যৎ; অথৈনয়োরেতৎ প্রাবরণম্; ভুক্তবতোঃ স্বপতোশ্চ প্রাবরণং ভবতি লোকে, তৎসামান্যং হি কল্পয়তি শ্রুতিঃ; কিং তদিহ প্রাবরণম্?

যদেতদন্তর্হৃদয়ে জালকমিব অনেকনাড়ীছিদ্রবহুলত্বাৎ জালকমিব। অথৈনয়োরেষা সৃতিঃ মার্গঃ, সঞ্চরতোঽনয়েতি সঞ্চরণী, স্বপ্নাজ্জাগরিত দেশাগমনমার্গঃ। কা সা সৃতিঃ? যা এষা হৃদয়াৎ হৃদয়দেশাদ্‌ ঊর্দ্ধাভিমুখী সতী উচ্চরতি নাড়ী। তস্যাঃ পরিমাণমিদমুচ্যতে—যথা লোকে কেশঃ সহস্রধা ভিন্নোঽত্যন্তসূক্ষ্মো ভবতি, এবং সূক্ষ্মা অস্য দেহস্য সম্বন্ধিন্যো হিতা নাম—হিতা ইত্যেবং খ্যাতা নাড্যঃ, তাশ্চান্তর্হৃদয়ে মাংসপিণ্ডে প্রতিষ্ঠিতা ভবন্তি; হৃদয়াদ্বিপ্ররূঢ়াস্তাঃ সর্ব্বত্র কদম্বকেসরবৎ এতাভির্নাড়ীভিরত্যন্তসূক্ষ্মাভিরেতদন্নম্‌ আস্রবৎ গচ্ছৎ আস্রবতি গচ্ছতি। তদেতদ্দেবতাশরীরম্‌ অনেনান্নেন দামভূতেনোপচীয়মানং তিষ্ঠতি। ২

তস্মাৎ—যস্মাৎ স্থূলেনান্নেনোপচিতঃ পিণ্ডঃ, ইদন্তু দেবতাশরীরং লিঙ্গং সূক্ষ্মেণান্নেনোপচিতম্‌ তিষ্ঠতি, পিণ্ডোপচয়করমপ্যন্নং প্রবিবিক্তমেব মূত্রপুরীষাদিস্থূলমপেক্ষ্য, লিঙ্গস্থিতিকরং তু অন্নং ততোঽপি সূক্ষ্মতরম্‌ অতঃ প্রবিবিক্তাহারঃ পিণ্ডঃ, তস্মাৎপ্রবিবিক্তাহারাদপি প্রবিবিক্তাহারতর এষ লিঙ্গাত্মা ইবৈব ভবতি, অস্মাচ্ছরীরৎ—শরীরমেব শারীরম্‌, তস্মাচ্ছারীরাদাত্মনঃ বৈশ্বানরাৎ—তৈজসঃ সূক্ষ্মান্নোপচিতো ভবতি॥ ২৫০ ॥৩॥

টীকা। একস্যৈব বৈশ্বানরস্যোপাসনার্থং প্রাসঙ্গিকমিন্দ্রশ্চেন্দ্রাণী চেতি মিথুনং কল্পয়তি—অথেত্যাদিনা। প্রাসঙ্গিকধ্যানাধিকারার্থোঽথশব্দঃ। যদেতন্মিথুনং জাগরিতে বিশ্বশব্দিতং, তদেবৈকং স্বপ্নে তৈজসশব্দবাচ্যমিত্যাহ—তদেতদিতি। তচ্ছব্দিতং তৈজসমধিকৃত্য পৃচ্ছতি—কথমিতি। কিং তস্য স্থানং পৃচ্ছ্যতে? অন্নং বা? প্রাবরণং বা? মার্গো বা? ইতি বিকল্প্যাদ্যং প্রত্যাহ—তয়োরিতি। সংস্তবং সঙ্গতিমিতি যাবৎ। দ্বিতীয়ং প্রত্যাহ—অথেতি। অন্নাতিরেকেণ স্থিতেরসম্ভবাত্তস্য বক্তব্যত্বাদিত্যথশব্দার্থঃ। লোহিতপিণ্ডং সূক্ষ্মান্নরসং ব্যাখ্যাতুং ভক্ষিতস্যান্নস্য তাবদ্বিভাগমাহ—অন্নমিতি। যদণুৎপুনরিতি যোজনীয়ম্‌। তত্রেত্যধ্যাহৃত্য যো মধ্যম ইত্যাদিগ্রন্থো যোজ্যঃ। উপাধ্যুপহিতয়োরেকত্বমাশ্রিত্যাহ—যং তৈজসমিতি। তস্যান্নত্বমুপপাদয়তি—স তয়োরিতি। ব্যাখ্যাতেঽর্থে বাক্যস্যান্বিতাবয়বত্বমাহ—তদেতাদতি। ১

যদি প্রাবরণং পৃচ্ছ্যতে, তত্রাহ—কিঞ্চান্যদিতি। ভোগস্যাপানন্তর্য্যমথশব্দার্থঃ। প্রাবরণপ্রদর্শনস্য প্রয়োজনমাহ—ভুক্তবতোরিতি। ইহেতি ভোক্তৃভোগ্যয়োরিন্দ্রেন্দ্রাণ্যোরুক্তিঃ। হৃদয়জালকয়োরাধারাধেয়ত্বমবিবক্ষিতং, তস্যৈব তদ্ভাবাৎ। মার্গশ্চেৎ পৃচ্ছ্যতে, তত্রাহ—অথেতি। নাড়ীভিঃ শরীরং ব্যাপ্তস্যান্নস্য প্রয়োজনমাহ—তদেতদিতি। ২

তস্মাদিত্যাদিবাক্যমাদায় ব্যাচষ্টে—যস্মাদিতি। তথাপি প্রবিবিক্তাহার ইত্যেব বক্তব্যে প্রবিবিক্তাহারতর ইতি কস্মাদুচ্যতে? তত্রাহ—পিণ্ডেতি। যস্মাদিত্যস্যাপেক্ষিতং

কথয়তি—অত ইতি। শারীরাদিতি শ্রূয়তে, কথং শরীরাদিত্যুচ্যতে; তত্রাহ—শরীর-মেবেতি। উক্তমর্থং সঙ্ক্ষিপ্যোপসংহরতি—আত্মন ইতি ॥২০০।৩॥

ভাষ্যানুবাদ। তাহার পর, এই যে, বামচক্ষুতে পুরুষ আছেন, তিনি ইঁহার পত্নী অর্থাৎ তুমি পূর্ব্বশ্রুত্যুক্ত যে বৈশ্বানর আত্মাকে লাভ করিয়াছ, সেই ইন্দ্রনামক ভোক্তার ইহা ভোগ্যরূপা পত্নী বিরাট্স্বরূপ অন্ন; ভোগ্য বলিয়াই ইহাকে অন্ন বলা হইল। স্বপ্নাবস্থায় উক্ত ভোক্তা ও ভোগ্য এতদুভয়ের সম্মিলনে এক মিথুনীভাব সম্পন্ন হয়। কিরূপে হয়?—উক্ত ইন্দ্রাণী ও ইন্দ্রের ইহাই সংস্তাব—যাহাতে উভয়ে সম্মিলিত হইয়া পরস্পর পরস্পরের স্তুতিগান করিয়া থাকে, তাহাকে সংস্তাব বলে। এখানে সেই সংস্তাব কি? [যাজ্ঞবল্ক্য বলিলেন,] যাহা এই হৃদয়মধ্যবর্ত্তী আকাশ, [তাহাই সংস্তাব; [—এখানে 'অন্তর্হৃদয়ে' অর্থ হৃদয়নামক মাংসপিণ্ডের মধ্যে। উক্ত উভয়ের ইহাই হইতেছে অন্ন—অর্থাৎ রক্ষার হেতুভূত ভোগ্য; ইহা কি? যাহা এই হৃদয়মধ্যবর্ত্তী লোহিতপিণ্ড অর্থাৎ পিণ্ডা-কার লোহিত খণ্ড। অভিপ্রায় এই যে, ভুক্ত অন্ন দুইভাগে পরিণত হয়,—যাহা স্থূলভাগ, তাহা অধোগামী হয়, আর যাহা সূক্ষ্মভাগ, তাহাও জাঠরাগ্নি দ্বারা পরিপাক পাইয়া দুইভাগে পরিণত হয়,—যাহা মধ্যম ভাগ—স্থূলও নয়, সূক্ষ্মও নয়, এমন রসভাগ, সেই রসভাগই লোহিতাদি পরম্পরাক্রমে পাঞ্চভৌতিক দেহের পরিপুষ্টি সাধন করে। আর যাহা সূক্ষ্মতম রস, তাহাই হৃদয়স্থ মিথুনীভূত লিঙ্গসংজ্ঞক ইন্দ্রের—পণ্ডিতগণ যাহাকে 'তৈজস' নামে অভিহিত করিয়া থাকেন, তাহার লোহিতপিণ্ড। এই লোহিতপিণ্ডই সূক্ষ্ম নাড়ীপথে প্রবেশপূর্ব্বক হৃদয়গত মিথুনীভূত ইন্দ্র ও ইন্দ্রাণীর স্থিতি সাধন করিয়া থাকে। ১

আরও এক কথা,—ইহাই তাহাদের উভয়ের প্রাবরণ,—ব্যবহার-জগতে দেখিতে পাওয়া যায়, যাহারা ভোজন করে ও নিদ্রা যায়, তাহাদের গাত্রে আবরণবস্ত্র থাকে; শ্রুতি ইহাদের সম্বন্ধেও সেইরূপ অবস্থা পরিকল্পনা করিতেছেন। এখানে সেই প্রাবরণটী কি? অন্তর্হৃদয়ে—হৃদয়াভ্যন্তরে যে, জালের মত নাড়ী আছে, তাহা;—নাড়ীর সংখ্যা অনেক, এবং সে সমস্ত নাড়ীর ছিদ্ররন্ধ্রও বহু; এইজন্য নাড়ীসমষ্টিকে জালের সদৃশ বলা হইয়াছে। তাহার পর, এই হৃদয়স্থ ইন্দ্র ও ইন্দ্রাণীর ইহাই সংচরণী

স্মৃতি; 'সঞ্চরণী' অর্থ—যাহা দ্বারা যাতায়াত করা হয়, অর্থাৎ ইহাই তাহাদের স্বপ্নাবস্থা হইতে জাগ্রৎ-অবস্থায় আসিবার পথ। সেই পথটী কি? উক্ত হৃদয়প্রদেশ হইতে যে নাড়ীটী ঊর্দ্ধমুখে উদ্গত, সেই নাড়ী। সেই নাড়ীর পরিমাণ এইরূপ বলা হইতেছে—জগতে একটী কেশকে সহস্রভাগে বিভক্ত করিলে, তাহা যেমন অত্যন্ত সূক্ষ্ম হয়, ঠিক তেমনি; এই দেহগত হিতানামে প্রসিদ্ধ নাড়ীসমূহও অতিশয় সূক্ষ্ম, সেই সূক্ষ্ম নাড়ীগুলি আবার হৃদয়মধ্যবর্ত্তী উক্ত মাংসপিণ্ডের মধ্যে সন্নিবিষ্ট থাকে; শেষে কদম্ব-কুসুমের কেশররাশির ন্যায় ঐ নাড়ীসমূহ হৃদয় হইতে নির্গত হইয়া সর্ব্বদেহে প্রসৃত হইয়া থাকে। ভুক্ত অন্ন যখন অবস্থান্তর প্রাপ্ত হয়, তখন ঐ সমস্ত সূক্ষ্ম নাড়ীপথেই গমন করিয়া থাকে। এই যে, দেবতা-শরীর, তাহা রজ্জুস্বরূপ ঐ অন্ন দ্বারা পরিরক্ষিত হইয়া বৃদ্ধি প্রাপ্ত হয়, (নচেৎ শরীর বিনষ্ট হইয়া যাইত)। ২

সেইহেতু—যেহেতু দৃশ্যমান দেহপিণ্ড উপভুক্ত স্থূল অন্ন দ্বারা বর্দ্ধিত হয়, কিন্তু লিঙ্গাত্মক সূক্ষ্ম দেবতাশরীরটী সূক্ষ্ম অন্নরসে বর্দ্ধিত হইয়া থাকে। তাহার পর, দেহপিণ্ডের পরিবর্দ্ধক অন্ন স্থূল হইলেও মূত্রপুরীষাদির তুলনায় সূক্ষ্মই বটে, কিন্তু লিঙ্গশরীরের পুষ্টি ও স্থিতিসাধন যে অন্ন, তাহা তদপেক্ষাও অধিক সূক্ষ্ম; এই হেতু দেহপিণ্ড সাধারণতঃ প্রবিবিক্তাহার; এই লিঙ্গাত্মক দেহ যেন সেই প্রবিবিক্তাহার (সূক্ষ্মগ্রাহী) দেহপিণ্ড অপেক্ষাও অধিকতর প্রবিবিক্তাহার (সূক্ষ্মতরাহার) বলিয়া প্রতীত হয়; অভিপ্রায় এই যে, বৈশ্বানরসংজ্ঞক এই শারীর আত্মা—শরীর অপেক্ষা সূক্ষ্মতর অন্নে উপচিত হইয়া থাকে ॥২৫০॥৩॥

তস্য প্রাচী দিক্ প্রাঞ্চঃ প্রাণাঃ, দক্ষিণাদিগ্ দক্ষিণে প্রাণাঃ, প্রতীচী দিক্ প্রত্যঞ্চঃ প্রাণা উদীচী দিগুদঞ্চঃ প্রাণাঃ, ঊর্দ্ধা দিগূর্দ্ধাঃ প্রাণাঃ, অবাচী দিগবাঞ্চঃ প্রাণাঃ, সর্ব্বা দিশঃ সর্ব্বে প্রাণাঃ, স এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্য্যো নহি শীর্য্যতেঽসঙ্গো নহি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যত্যভয়ং বৈ জনক প্রাপ্তোঽসীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ। স হোবাচ জনকো

বৈদেহোঽভয়ন্ত্বা গচ্ছতাদ্ যাজ্ঞবল্ক্য; যো নো ভগবন্নভয়ং বেদয়সে, নমস্তেঽস্ত্বিমে বিদেহা অয়মহমস্মি ॥ ২৫১ ॥ ৪ ॥

ইতি চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥৪॥২॥

সরলার্থঃ। অস্য (তৈজসত্বং প্রাপ্তস্য বিদুষঃ) প্রাচী (পূর্ব্বা) দিক্, প্রাঞ্চঃ (প্রাগ্‌গমনশীলাঃ) প্রাণাঃ; দক্ষিণা দিক্ দক্ষিণে (দক্ষিণ-দিগ্‌গামিনঃ) প্রাণাঃ; প্রতীচী (পশ্চিমা) দিক্ প্রত্যঞ্চঃ (পশ্চিমাভি-মুখাঃ) প্রাণাঃ; উদীচী (উত্তরা) দিক্ উদঞ্চঃ প্রাণাঃ, ঊর্দ্ধা দিক্ ঊর্দ্ধাঃ প্রাণাঃ; অবাচী দিক্ অবাঞ্চঃ প্রাণাঃ; সর্ব্বাঃ দিশঃ সর্ব্বে প্রাণাঃ। সঃ এষঃ (যথোক্তগুণসম্পন্নঃ) নেতি নেতি (নেতি নেতীতিনিষেধপর্য্যন্ত-ভূমিঃ) আত্মা অগৃহ্যঃ নহি গৃহ্যতে, অশীর্য্যঃ নহি শীর্য্যতে; অসঙ্গঃ নহি সজ্যতে; অসিতঃ, ন ব্যথতে; ন রিষ্যতি। হে জনক, [ত্বং] বৈ অভয়ং (জন্মমরণাদিভয়রহিতং ব্রহ্ম) প্রাপ্তঃ অসি (ভবসি) ইতি যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ। স বৈদেহঃ জনকঃ উবাচ হ—হে ভগবন্ যাজ্ঞ-বল্ক্য, যঃ ত্বং নঃ (অস্মান্) অভয়ং ব্রহ্ম বেদয়সে (জ্ঞাপয়সি), তং ত্বা (ত্বাং) অভয়ং গচ্ছতাৎ (গচ্ছতু; সর্ব্বথা ভয়রহিতো ভবেত্যর্থঃ)। তে (তুভ্যং) নমঃ (নমস্কারঃ) অস্তু, ইমে বিদেহাঃ (বিদেহাখ্যজনপদাঃ) অয়ং অহং (চ) [তব অধীনঃ] অস্মি ॥২৫১॥৪॥

মূলানুবাদ। বৈশ্বানরভাব হইতে ক্রমে তৈজসভাবাপন্ন সেই বিদ্বানের পূর্ব্বদিক্ হইতেছে অগ্রগামী প্রাণ; দক্ষিণ দিক্ হইতেছে দক্ষিণদিক্‌বর্ত্তী প্রাণ; পশ্চিম দিক্ হইতেছে পশ্চিমদিগ্-বর্ত্তী প্রাণ; উত্তর দিক্ হইতেছে উত্তরদিক্‌গামী প্রাণ; ঊর্দ্ধ-দিক্ হইতেছে ঊর্দ্ধদিগ্‌বর্ত্তী প্রাণ; অধোদিক্ হইতেছে অধোগামী প্রাণ; এবং সাধারণ দিক্ সমূহ হইতেছে সর্ব্বপ্রাণ। [পূর্ব্বে 'নেতি নেতি'রূপে] উক্ত সেই এই আত্মা অগ্রাহ্য, কোন ইন্দ্রিয়ের দ্বারা গৃহীত হয় না; অশীর্য্য—কোনরূপে শীর্ণ হয় না; অসঙ্গ—কোথাও আসক্ত হয় না; অসিত (অনবরুদ্ধ); কিছু দ্বারা আবদ্ধ হয় না, এবং কোনরূপে হিংসাও প্রাপ্ত হয় না। যাজ্ঞবল্ক্য

বলিলেন—হে জনক, তুমি অভয় (জন্ম মরণাদি ভয় নিবারক ব্রহ্ম) প্রাপ্ত হইয়াছ। এ কথায় বিদেহপতি জনক বলিলেন—হে পূজনীয় যাজ্ঞবল্ক্য, যে তুমি আমাকে অভয় ব্রহ্ম-স্বরূপ বুঝাইতেছ, সেই তোমাকেও অভয় ব্রহ্ম প্রাপ্ত হউক, অর্থাৎ আমার ন্যায় তুমিও অভয় ব্রহ্ম লাভ কর। তোমার উদ্দেশ্যে নমস্কার করি; এই সমস্ত বিদেহ দেশ এবং এই আমি তোমার [অধীন] আছি ॥২৫॥৪॥

ইতি চতুর্থাধ্যায়ে দ্বিতীয় ব্রাহ্মণ ॥ ৪ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্। স এষ হৃদয়ভূতস্তৈজসঃ সূক্ষ্মভূতেন প্রাণেন বিধ্রিয়মাণঃ প্রাণ এব ভবতি,তস্যাস্য বিদুষঃ ক্রমেণ বৈশ্বানরাৎ তৈজসং প্রাপ্তস্য হৃদয়াত্মানমাপন্নস্য হৃদয়াত্মনশ্চ প্রাণাত্মানমাপন্নস্য প্রাচী দিক্ প্রাঞ্চঃ প্রাগ্‌গতাঃ প্রাণাঃ; তথা দক্ষিণা দিক্ দক্ষিণে প্রাণাঃ; তথা প্রতীচী দিক্ প্রত্যঞ্চঃ প্রাণাঃ, উদীচী দিক্ উদঞ্চঃ প্রাণাঃ; ঊর্দ্ধা দিক্ ঊর্দ্ধাঃ প্রাণাঃ; অবাচী দিক্ অবাঞ্চঃ প্রাণাঃ; সর্ব্বা দিশঃ সর্ব্বে প্রাণাঃ; এবং বিদ্বান্ ক্রমেণ সর্ব্বাত্মকং প্রাণমাত্মত্বেনোপগতো ভবতি, তং সর্ব্বাত্মানং প্রত্যগাত্মন্যুপসংহৃত্য দ্রষ্টুর্হি দ্রষ্টৃভাবং নেতি নেত্যাত্মানং তুরীয়ং প্রতিপদ্যতে; যমেষ বিদ্বান্ অনেন ক্রমেণ প্রতিপদ্যতে। স এষ নেতি নেত্যাত্মেত্যাদি ন রিষ্যতীত্যন্তং ব্যাখ্যাতমেতৎ। অভয়ং বৈ জন্মমরণাদিনিমিত্তভয়শূন্যম্, হে জনক, প্রাপ্তোঽসি—ইতি এবং কিল উবাচ উক্তবান্ যাজ্ঞবল্ক্যঃ। তদেতদুক্তম্—অথ বৈ তেঽহং তদ্ বক্ষ্যামি, যত্র গমিষ্যসীতি। স হোবাচ জনকো বৈদেহঃ—অভয়মেব ত্বা ত্বামপি গচ্ছতাদ্‌গচ্ছতু, যস্ত্বং নঃ অস্মান্, হে ভগবন্ পূজাবন্ যাজ্ঞবল্ক্য, অভয়ং ব্রহ্ম বেদয়সে জ্ঞাপয়সি প্রাপিতবান্ উপাধিকৃতাজ্ঞানব্যবধানাপনয়নেনেত্যর্থঃ। কিমন্যং অহং বিদ্যানিষ্ক্রয়ার্থং প্রযচ্ছামি, সাক্ষাদাত্মানমেব দত্তবতে; অতো নমস্তেঽস্তু; ইমে বিদেহাঃ তব, যথেষ্টং ভুজ্যন্তাম্; অয়ঞ্চাহমস্মি দাসভাবে স্থিতঃ; যথেষ্টং মাং রাজ্যঞ্চ প্রতিপদ্যস্বেত্যর্থঃ ॥ ২৫॥৪॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যে চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৪ ॥ ২ ॥

টীকা। তস্য প্রাচী দিগিত্যাদ্যবতারয়িতুং ভূমিকাং করোতি—স এষ ইতি। প্রাণশব্দেনাজ্ঞাতঃ প্রত্যগাত্মা প্রাজ্ঞো গৃহ্যতে। এবং ভূমিকাং কৃত্বা বাক্যমাদায় ব্যাকরোতি—তস্যেত্যাদিনা। তৈজসং প্রাপ্তস্যেত্যস্য ব্যাখ্যানং হৃদয়াত্মানমাপন্নস্যেতি। উক্তমর্থং-

সঞ্জিগ্যাহ—এবং বিদ্বানিতি। বিশ্বস্ত জাগরিতাভিমানিনস্তৈজসে তস্য চ স্বপ্নাভিমানিনঃ সুষুপ্ত্যভিমানিনি প্রাজ্ঞে ক্রমেণান্তর্ভাবং জানন্নিত্যর্থঃ। স এষ নেতি নেত্যাদে-ত্যাদেস্তু নিকাং করোতি—তং সর্ব্বাত্মানমিতি। তত্র বাক্যমবতার্য্য পূর্ব্বোক্তং ব্যাখ্যানং স্মারয়তি—যমেষ ইতি। তুরীয়াদপি প্রাপ্তব্যমন্তদস্তরবতীত্যাশঙ্ক্যাহ—অভ-য়মিতি। গন্তব্যং বক্ষ্যামীত্যুপক্রম্যাবস্থাত্রয়াতীতং তুরীয়মুপদিশন্নাত্মান্ পৃষ্টঃ কোবিদা-নানাচষ্ট ইতি স্যায়বিষয়তাং নাতিবর্ত্ততেত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। বিদ্যায়া দক্ষি-ণান্তরাভাবমভিপ্রেত্যাহ—স হোবাচেতি। কথং পুনরন্তস্থিতস্য নষ্টস্য বাহস্ত-প্রাপণমিত্যাশঙ্ক্যাহ—উপাধীতি। পশ্বাদিকং দক্ষিণান্তরং সম্ভবতীত্যাশঙ্ক্য তস্যোক্ত-বিদ্যাস্বরূপত্বং নাস্তীত্যাহ—কিমন্যদিতি। বস্তুতো দক্ষিণান্তরাভাবমুক্ত্বা প্রতীতিমাশ্রি-ত্যাহ—অত ইতি। অক্ষরার্থমুক্ত্বা বাক্যার্থমাহ—যথেষ্টমিতি। ২৫১॥ ৪॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্। ৪। ২।

ভাষ্যানুবাদ। এই যে, এই হৃদয়স্বরূপ তৈজস, ইহা সূক্ষ্ম প্রাণ দ্বারা বিশেষভাবে বিধৃত হইয়া প্রকৃতপক্ষে প্রাণই হয়; অর্থাৎ প্রাণ-রূপেই পর্য্যবসিত হয়; সেই যে, এই বিদ্বান্, যিনি বৈশ্বানরভাব (স্থূলভাব) হইতে ক্রমে তৈজসত্ব প্রাপ্ত হৃদয়াত্মভাব প্রাপ্ত হইয়া হৃদয়াত্মক হইয়াছেন; তাহার পূর্ব্ব দিক্ হইতেছে পূর্ব্বদিগ্গামী প্রাণ; পশ্চিম দিক্ পশ্চিমভাগবর্ত্তী প্রাণ; উত্তর দিক্ উত্তরদিগ্বর্ত্তী প্রাণ; ঊর্দ্ধ দিক্ ঊর্দ্ধগামী প্রাণ; অধোদিক্ অধোগামী প্রাণ; এবং সমস্ত দিক্ সমষ্টিভূত প্রাণ। এবম্বিধ জ্ঞানসম্পন্ন পুরুষ ক্রমে ক্রমে সর্ব্বাত্মক প্রাণকে আত্মারূপে লাভ করেন; সেই সর্ব্বাত্মা প্রাণকেও আবার পরমাত্মাতে পর্য্যবসিত করিয়া, পশ্চাৎ 'নেতি নেতি' রূপে তুরীয় (বিশ্ব, বৈশ্বানর ও তৈজস অপেক্ষা চতুর্থ) আত্মাকে প্রাপ্ত হইয়া থাকেন। 'স এষ নেতি নেতি' ইত্যাদি হইতে 'ন রিষ্যতি' পর্য্যন্ত অংশ পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে।

হে জনক, তুমি অভয়—জন্মমরণাদিজনিত ভীতিশূন্য (ব্রহ্মকে) প্রাপ্ত হইয়াছ—এই কথা যাজ্ঞবল্ক্য বলিয়াছিলেন। এই কথাই পূর্ব্বে উক্ত হইয়াছে যে, 'তুমি মৃত্যুর পর যেখানে গমন করিবে, তাহা তোমাকে বলিব' ইতি। তখন বিদেহাধিপতি জনক বলিলেন—ভগবন্ হে যাজ্ঞবল্ক্য, যে তুমি আমাদিগকে অভয় ব্রহ্ম বলিয়াছ, উপাধিকৃত অজ্ঞানজ ব্যবধান অর্থাৎ অব্রহ্মভাব অপনয়নপূর্ব্বক প্রকৃত ব্রহ্মভাব প্রাপ্ত করিয়াছ, সেই তোমাকেও অভয় ব্রহ্ম প্রাপ্ত হউক; অধিক কি, তুমি যখন আমাকে সাক্ষাৎ

আত্মবস্তু প্রদান করিয়াছ, তখন তোমাকে আমি বিদ্যার মূল্যস্বরূপ আর কি প্রদান করিতে পারি; অতএব তোমার উদ্দেশ্যে আমার নমস্কার হউক; এই বিদেহদেশ তোমার যথেষ্ট উপভোগ্য হউক; আর এই আমিও তোমার দাসরূপে আছি; এই রাজ্য এবং আমাকে তুমি ইচ্ছামত গ্রহণ কর ॥২৫১॥৫॥

ইতি চতুর্থাধ্যায়ে দ্বিতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥৪॥২॥

তৃতীয়ং ব্রাহ্মণম্।

আভাসভাষ্যম্। জনকং হ বৈদেহং যাজ্ঞবল্ক্যো জগামেত্যস্যাভিসম্বন্ধঃ। বিজ্ঞানময় আত্মা সাক্ষাদপরোক্ষাদ্ব্রহ্ম সর্ব্বান্তরঃ পর এব— "নান্যোঽতোঽস্তি দ্রষ্টা, নান্যদতোঽস্তি দ্রষ্টৃ" ইত্যাদিশ্রুতিভ্যঃ। স এব ইহ প্রবিষ্টঃ বদনাদিলিঙ্গঃ অস্তি ব্যতিরিক্ত ইতি মধুকাণ্ডে অজাতশত্রুসংবাদে প্রাণাদিকর্ত্তৃত্ব-ভোক্তৃত্বপ্রত্যাখ্যানেনাধিগতোঽপি সন্, পুনঃ প্রাণনাদিলিঙ্গমুপন্যস্য ঔষস্ত্যপ্রশ্নে প্রাণনাদিলিঙ্গো যঃ সামান্যেনাধিগতঃ "প্রাণেন প্রাণিতি" ইত্যাদিনা. "দৃষ্টেৰ্দ্রষ্টা" ইত্যাদিনা অলুপ্তশক্তিস্বভাবোঽধিগতঃ। ১

তস্য চ পরোপাধিনিমিত্তঃ সংসারঃ—যথা রজ্জূষর-শুক্তিকা-গগনাদিষু সর্পোদক-রজতমলিনত্বাদি পরোপাধ্যারোপণনিমিত্তমেব, ন স্বতঃ; তথা; নিরুপাধিকো নিরুপাখ্যঃ 'নেতি নেতি' ইতি ব্যপদেশ্যঃ সাক্ষাদপরোক্ষাৎ সর্ব্বান্তর আত্মা ব্রহ্ম অক্ষরম্ অন্তর্যামী প্রশাস্তা ঔপনিষদঃ পুরুষঃ বিজ্ঞানমানন্দং ব্রহ্মেত্যধিগতম্। ২

তদেব পুনরিন্ধসংজ্ঞঃ প্রবিবিক্তাহারঃ; ততোঽন্তর্হৃদয়ে লিঙ্গাত্মা প্রবিবিক্তাহারতরঃ; ততঃ পরেণ জগদাত্মা প্রাণোপাধিঃ; ততোঽপি প্রবিলাপ্য জগদাত্মানমুপাধিভূতং রজ্জ্বাদাবিব সর্পাদিকং বিদ্বয়া, "স এষ নেতি নেতি" ইতি সাক্ষাৎসর্ব্বান্তরং ব্রহ্মাধিগতম্। এবমভয়ং পরিপ্রাপিতো জনকঃ যাজ্ঞবল্ক্যেন আগমতঃ সঙ্ক্ষেপতঃ। অত্র চ জাগ্রৎস্বপ্নসুষুপ্ততুরীয়াণ্যুপন্যস্তানি অন্যপ্রসঙ্গেন—ইন্ধঃ, প্রবিবিক্তাহারতরঃ, সর্ব্বে প্রাণাঃ, স এষ নেতি নেতীতি। ৩

ইদানীং জাগ্রৎস্বপ্নাদিদ্বারেণৈব মহতা তর্কেণ বিস্তরতোঽধিগমঃ কর্ত্তব্যঃ; অভয়ং প্রাপয়িতব্যম্; সত্তাবশ্চাত্মনো বিপ্রতিপত্ত্যাশঙ্কানিরাকরণদ্বারেণ—ব্যতিরিক্তত্বং শুদ্ধত্বম্ স্বয়ংজ্যোতিষ্ট্বম্ অলুপ্তশক্তিস্বরূপত্বং নিরতিশয়ানন্দস্বাভাব্যম্ অদ্বৈতত্বঞ্চ অধিগন্তব্যমিতি ইদমারভ্যতে। আখ্যায়িকা তু বিদ্যাসম্প্রদান-গ্রহণবিধিপ্রকাশনার্থা, বিদ্যাস্তুতয়ে চ বিশেষতঃ, বরদানাদিসূচনাৎ।৪

আভাসভাষ্য-টীকা। পূর্ব্বস্মিন্ ব্রাহ্মণে জাগরাদিদ্বারা তত্ত্বং নির্দ্ধারিতং, সম্প্রতি ব্রাহ্মণান্তরমবতার্য্য তত্র পূর্ব্বেণ সম্বন্ধং প্রতিজানীতে—জনকমিতি। তয়োস্তুল্যং

তৃতীয়ে বৃত্তং কীর্ত্তয়তি—বিজ্ঞানময় ইতি। তদ্ব্রহ্ম সাক্ষাদপরোক্ষাৎ সর্ব্বান্তর আত্মা, স পর এব বিজ্ঞানময় আত্মেত্যত্র হেতুমাহ—নান্য ইতি। বিজ্ঞানময়ঃ পর এবেত্যত্র বাক্যান্তরং পঠতি—স এষ ইতি। বদথাপিত্যাদাবুক্তমনুবদতি—বদনাদীতি। তাভ্যাং মর্থমনূদ্য চাতুর্থিকমর্থমনুবদতি—অস্তীতি। যদি মধুকাণ্ডে গার্গ্যকাশ্যসংবাদে প্রাণাদীনাং কর্ত্তৃত্বাদিনিরাকরণেন তেভ্যো ব্যতিরিক্তোঽস্তি বিজ্ঞানাত্মেতি সোঽধিগতস্তর্হি কিমিতি পঞ্চমে তৎসম্ভাবো ব্যুৎপাদ্যতে, তত্রাহ—পুনরিতি। যদ্যপি বিজ্ঞানময়সম্ভাবশ্চতুর্থে স্থিত-স্তথাপি পুনরৌষস্ত্যে প্রশ্নে যঃ প্রাণেন প্রাণিতীত্যাদিনা প্রাণাদিলিঙ্গমুপন্যস্য তল্লিঙ্গগম্যঃ সামান্যেনাধিগতঃ, স দৃষ্টের্দ্রষ্টেত্যাদিনা কূটস্থদৃষ্টিস্বভাবো বিশেষতো নিশ্চিতস্তথা চ পঞ্চমেঽপি তদ্ব্যুৎপাদনমুচিতমিত্যর্থঃ। ১

আত্মা কূটস্থদৃষ্টিস্বভাবশ্চেৎ কথং তস্য সংসারস্তত্রাহ—তস্য চেতি। অজ্ঞানং তৎ-কার্য্যং চান্তঃকরণাদি পরোপাধিশব্দার্থঃ। সংসারস্যাস্মত্তৌপাধিকত্বে দৃষ্টান্তমাহ—যথেতি। দার্ষ্টান্তিকস্যানেকরূপত্বাদনেকদৃষ্টান্তোপাদানমিত্যভিপ্রেত্য দার্ষ্টান্তিকমাহ—তথেতি। যথোক্তদৃষ্টান্তানুসারেণাত্মন্যপি পরোপাধিঃ সংসার ইতি যাবৎ। সোপাধিকস্যাত্মনঃ সংসা-রিত্বমুক্ত্বা নিরুপাধিকস্য নিত্যমুক্তত্বমাহ—নিরুপাধিক ইতি। নিরুপাখ্যত্বং বাচাং মনসাং চাগোচরত্বম্। কথং তর্হি তত্রাগমপ্রামাণ্যং, তত্রাহ—নেতি নেতীতিব্যপদেশ্য ইতি। কহোলপ্রশ্নোক্তমনুদ্রবতি—আক্ষাদিতি। অক্ষরব্রাহ্মণোক্তং স্মারয়তি—অক্ষরমিতি। অন্তর্যামিব্রাহ্মণোক্তং স্মারয়তি—অন্তর্য্যামীতি। শাকল্যব্রাহ্মণোক্ত-মনুসন্দধাতি—ঔপনিষদ ইতি। ২

পাঞ্চমিকমর্থমিথমনূদ্যাতীতে ব্রাহ্মণদ্বয়ে বৃত্তমনুভাষতে—তদেবেতি। যৎ সাক্ষাদপ-রোক্ষাৎসর্ব্বান্তরং ব্রহ্ম, তদেবাধিগমনোপায়বিশেষোপদর্শনপুরঃসরং পুনরধিগতমিতি সম্বন্ধঃ। ষড়াচার্য্যব্রাহ্মণার্থং সঙ্ক্ষিপ্য কূর্চ্চব্রাহ্মণার্থং সঙ্ক্ষিপতি—ইন্ধ ইত্যাদিনা। ইন্ধস্য বিশেষণং প্রবিবিক্তাহার ইতি। হৃদয়েঽন্তর্যো লিঙ্গাত্মা স ততো বৈশ্বানরাদিন্ধাৎ প্রবিবিক্তা-হারতর ইতি যোজনা। বিশ্বতৈজসাবুক্ত্বা প্রাজ্ঞতুরীয়ে প্রদর্শয়তি—ততঃ পরেণেতি। ততস্তস্মাদ্বিশ্বাত্তৈজসাচ্চ পরেণ ব্যবস্থিতো যো জগদাত্মা প্রাণোপাধিরব্যাকৃতাখ্যঃ প্রাজ্ঞ-স্ততোঽপি তমপ্যুপাধিভূতং জগদাত্মানং কেবলে প্রতীচি বিদ্যয়া প্রবিলাপ্য স এষ নেতি নেতীতি যত্তুরীয়ং ব্রহ্ম তদধিগতমিতি সম্বন্ধঃ। বিদ্যয়োপাধিবিলাপনে দৃষ্টান্তমাহ—রজ্জ্বাদাবিতি। অভয়ং বৈ জনকেত্যাদাবুক্তমনুবদতি—এবমিতি। কূর্চ্চব্রাহ্মণোক্ত-মর্থমনূভাষিতং সঙ্ক্ষিপ্যাহ—অত্র চেতি। অন্তপ্রসঙ্গেনোপাসনানাং ক্রমমুক্তিফলত্বপ্রদর্শন-প্রসঙ্গেনেতি যাবৎ। তেষামুপন্যাসমেবাভিনয়তি—ইন্ধ ইত্যাদিনা। ৩

বৃত্তমনূদ্যোত্তরব্রাহ্মণস্য তাৎপর্য্যমাহ—ইদানীমিতি। আদিশব্দঃ সুষুপ্তিতুরীয়-সংগ্রহার্থঃ। তর্কস্য মহত্ত্বং চতুর্বিধদোষরাহিত্যেনাবাধিতত্বম্। অধিগমস্তস্যৈব প্রস্তুতস্য ব্রহ্মণ ইতি শেষঃ। কর্ত্তব্য ইতীদমিদানীমারভ্যত ইতি সম্বন্ধঃ। কিমিদং ব্রহ্মণোঽধিগমস্য কর্ত্তব্যত্বং নাম, তদাহ—অভয়মিতি। অধিগন্তব্যমর্থান্তরমাহ—সদ্ভাবশ্চেতি।

প্রাগপি সম্ভাবস্তাধিগতস্তৎকিমর্থং পুনস্তাদর্থ্যেন প্রবৃত্যতে, তত্রাহ—বিপ্রতিপত্তীতি। বাদিনাং বিপ্রতিপত্ত্যা নাস্তিত্বশঙ্কায়াং তন্নিরাসদ্বারাত্মনঃ সম্ভাবোঽধিগন্তব্য ইত্যর্থঃ। আত্মনোঽস্তিত্বেঽপি কেচিদ্দেহাদৌ তদন্তর্ভাবমভ্যুপগচ্ছন্তি, তান্ প্রত্যাহ—ব্যতিরিক্তত্ব-মিতি। দেহাদিব্যতিরিক্তোঽপ্যাত্মা কর্ত্তা ভোক্তা চেত্যেকে, ভোক্তৈব কেবলমিত্যপরে, তান্ প্রত্যুক্তম্—শুদ্ধত্বমিতি। তস্য জড়ত্বপক্ষং প্রত্যাচষ্টে—স্বয়ং জ্যোতিষ্ট্বমিতি। তত্র কূটস্থদৃষ্টিস্বভাবত্বং হেতুমাহ—অলুপ্তেতি। এতেন বিজ্ঞানস্য ক্ষণিকত্বপক্ষোঽপি প্রত্যুক্তো বেদিতব্যঃ। যে ত্বানন্দমাত্মগুণমাহুস্তান্ প্রত্যাহ—নিরতিশয়েতি। আত্মনঃ সপ্রপঞ্চত্ব-পক্ষং প্রত্যাদিশতি—অদ্বৈতত্বং চেতি।

ব্রাহ্মণতাৎপর্য্যমভিধায়াখ্যায়িকা-তাৎপর্য্যমাহ—আখ্যায়িকা ত্বিতি। বিদ্যায়াঃ সম্প্রদানং শিষ্যস্তস্য গ্রহণবিধিঃ শ্রদ্ধাদিপ্রকারস্তস্য প্রকাশনার্থেয়মাখ্যায়িকেতি যাবৎ। প্রয়োজনান্তরং তস্যা দর্শয়তি—বিদ্যেতি। কথং কর্ম্মভ্যো বিশেষতো বিদ্যায়াঃ স্তুতিরত্র লক্ষ্যতে, তত্রাহ—বরেতি। কামপ্রশ্নাখ্যস্য বরস্য যাজ্ঞবল্ক্যেন রাজ্ঞে দত্তত্বাত্তেন চাবসরে ব্রহ্মজ্ঞানস্যৈব পৃষ্টত্বাদনেন বিধিনা বিদ্যাস্তুতেঃ সূচনাৎ সাপ্যত্র বিবক্ষিতেত্যর্থঃ। ৪

আভাসভাষ্যানুবাদ। অতীত দ্বিতীয় ব্রাহ্মণের সহিত 'জনকং হ বৈদেহং যাজ্ঞবল্ক্যো জগাম' ইত্যাদি তৃতীয় ব্রাহ্মণের সম্বন্ধ কথিত হইতেছে—"নান্যদ্ অতোঽস্তি দ্রষ্টা, নান্যদতোঽস্তি দ্রষ্টৃ" ইত্যাদি শ্রুতি হইতে জানা গিয়াছে যে, বিজ্ঞানময় জীবাত্মা প্রকৃতপক্ষে সাক্ষাৎ প্রত্যক্ষরূপী সর্ব্বান্তর পরমাত্মাই বটে। তাহার পর, মধুকাণ্ডে অজাতশত্রু-সংবাদে সেই আত্মাই দেহ মধ্যে প্রবিষ্ট ও বচন-শ্রবণাদি ক্রিয়া দর্শনে দেহাতিরিক্তরূপে অনুমানগম্য এবং আপাতপ্রতীত প্রাণনাদিক্রিয়ার কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাদি ধর্ম্মের নিরাসপূর্ব্বক যথার্থরূপে প্রতিপাদিত হইয়াছে; কিন্তু উষস্তের প্রশ্নে আবার সামান্যরূপে অবগত সেই আত্মারই—"প্রাণেন প্রাণিতি" ইত্যাদি ও "দৃষ্টের্দ্রষ্টা" ইত্যাদি বাক্যে বিশেষরূপে প্রতিপাদন করা হইয়াছে যে, কোন অবস্থাতেই তাহার জ্ঞান-প্রকাশশক্তি বিলুপ্ত হয় না। ১

আরও বলা হইয়াছে যে, যেমন আগন্তুক দোষবশতঃ রজ্জুতে সর্প, উষরভূমিতে উদক, শুক্তিতে রজত ও গগনে মালিন্য আরোপিত হইয়া থাকে, কিন্তু ঐ সমস্ত ধর্ম্ম উহাদের স্বাভাবিক নহে, তেমনি অলুপ্তশক্তি সেই আত্মার যে, সংসার—জন্ম মরণ ও সুখদুঃখাদি সম্বন্ধ, সে সমুদয়ও উপাধিকৃত—অন্যের সহিত সম্বন্ধবশত উৎপন্ন, কিন্তু স্বভাবসিদ্ধ নহে। তাহা হইতে ইহাই প্রতিপন্ন হইয়াছে যে, আত্মা স্বভাবতঃ নিরুপাধিক, নির্ব্বিশেষ, 'নেতি নেতি'রূপে নিষেধমুখে নির্দ্দেশযোগ্য, সাক্ষাৎ প্রত্যক্ষরূপী, সর্ব্বান্তর,

অন্তর্যামী, সর্ব্বশাসনকর্ত্তা, উপনিষৎপ্রতিপাদ্য অক্ষর পুরুষ এবং বিজ্ঞান ও আনন্দস্বরূপ ব্রহ্ম। ২

সেই আত্মাকেই আবার ইন্ধ সংজ্ঞায় অভিহিত করিয়া, তাহার স্থূল বিষয়োপভোগ নির্দ্দেশ করা হইয়াছে, তদপেক্ষাও সূক্ষ্মবিষয়গ্রাহী হৃদয়মধ্যে নিহিত লিঙ্গাত্মার স্বরূপ কথিত হইয়াছে ; পরে তদপেক্ষাও উত্তম প্রাণোপাধিসমন্বিত জগদাত্মার কথা বলা হইয়াছে ; শেষে অবিদ্যাপ্রসূত রজ্জুগত সর্পের ন্যায় উপাধিভূত জগদাত্মভাব জ্ঞানবলে বিলীন করিয়া "স এষ নেতি নেতি" বলিয়া সাক্ষাৎ সর্ব্বান্তর্যামী ব্রহ্মতত্ত্ব বিশেষিত করা হইয়াছে। যাজ্ঞবল্ক্য ঋষি এইরূপে শাস্ত্রোপদেশানুসারে জনককে সংক্ষেপতঃ অভয় ব্রহ্ম বিজ্ঞাপিত করিয়াছেন। এখানে ইন্ধ, প্রবিবিক্তাহারতর ও প্রাণব্যূহের বিষয় বর্ণিত হইয়াছে এবং 'স এষ নেতি নেতি' বাক্যে প্রসঙ্গক্রমে জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্ত ও তুরীয় আত্মারও স্বরূপ নিরূপিত হইয়াছে। ৩

এখন সাক্ষাৎ সম্বন্ধে জাগ্রৎ-স্বপ্নাদি অবস্থানুসারে তর্ক দ্বারা ও বিশেষভাবে তাহাকে জানিতে হইবে, অভয় লাভ করাইতে হইবে, এবং যত রকম আশঙ্কা উত্থিত হইতে পারে, তাহা খণ্ডন করিয়া দেহাদি ব্যতিরিক্ত আত্মার সদ্ভাব, শুদ্ধত্ব, (সদা পাপপুণ্যশূন্যত্ব), স্বপ্রকাশত্ব, অলুপ্তশক্তিস্বভাবত্ব, সর্ব্বাতিশয় আনন্দরূপত্ব এবং অদ্বিতীয়ত্ব জ্ঞাপন করিবার জন্য এই প্রকরণ আরব্ধ হইতেছে। কিরূপে বিদ্যাদান করিতে হয়, কিরূপে বিদ্যা গ্রহণ করিতে হয়, তাহা জ্ঞাপনের জন্য আখ্যায়িকার অবতারণা করা হইয়াছে ; বিশেষতঃ বরদান প্রভৃতি কার্য্য হইতে বুঝা যায় যে, বিদ্যার মহিমা কীর্ত্তন করাও আখ্যায়িকার আর একটী প্রধান উদ্দেশ্য। ৪

জনকং হ বৈদেহং যাজ্ঞবল্ক্যো জগাম, স মেনে ন বদিষ্য ইত্যথ হ যজ্জনকশ্চ বৈদেহো যাজ্ঞবল্ক্যশ্চাগ্নিহোত্রে সমূদাতে, তস্মৈ হ যাজ্ঞবল্ক্যো বরং দদৌ, স হ কামপ্রশ্নমেব বব্রে, তং হাস্মৈ দদৌ, তং সম্রাড়েব পূর্ব্বং প্রপর্চ্ছ ॥ ২৫২ ॥ ১ ॥

অন্বয়ার্থঃ। যাজ্ঞবল্ক্যঃ বৈদেহং জনকং জগাম হ। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) [গচ্ছন্] মেনে (চিন্তিতবান্)—ন বদিষ্যে (রাজ্ঞা অজিজ্ঞাসিতঃ সন্ কিমপি ন কথয়িষ্যামি ইত্যর্থঃ) ইতি। অথ (তথাপি) যৎ বৈদেহঃ জনকঃ যাজ্ঞবল্ক্যশ্চ অগ্নিহোত্রে সমূদাতে (বিচারিতবন্তৌ); [তস্য কারণমেতৎ—]

যাজ্ঞবল্ক্যঃ হ (ঐতিহ্যে) তস্মৈ (জনকায়) বরং দদৌ; সঃ (জনকঃ) হ কামপ্রশ্নং (ইচ্ছানুরূপং প্রশ্নং) বব্রে (প্রার্থিতবান্); [যাজ্ঞবল্ক্যশ্চ] অস্মৈ (জনকায়) তং (কামপ্রশ্নরূপং বরং) দদৌ; [অতঃ] সঃ সম্রাট্ (জনকঃ) এব পূর্ব্বং (প্রথমং) তং পপ্রচ্ছ (পৃষ্টবান্) ॥২৫২॥২॥

মূলানুবাদ। যাজ্ঞবল্ক্য ঋষি কোন সময়ে বিদেহপতি জনকের নিকট গিয়াছিলেন; তিনি যাইবার সময় মনে মনে স্থির করিলেন—আমি কিছুই বলিব না; তথাপি যে, বিদেহপতি জনক ও যাজ্ঞবল্ক্য অগ্নিহোত্র যজ্ঞসম্বন্ধে আলোচনা করিয়াছিলেন, [তাহার কারণ—] ইতঃপূর্ব্বে যাজ্ঞবল্ক্য ঋষি জনক মহারাজকে একটী বর প্রদান করিয়াছিলেন; তাহাতে তিনি কামপ্রশ্নই প্রার্থনা করিয়াছিলেন; যাজ্ঞবল্ক্যও তাহাকে সেই বরই দিয়াছিলেন; এই জন্য সম্রাট্ জনকই প্রথমে প্রশ্ন করিয়াছিলেন ॥২৫১॥২॥

শাঙ্করভাষ্যম্। জনকং হ বৈদেহং যাজ্ঞবল্ক্যো জগাম। স চ গচ্ছন্ এবং মেনে চিন্তিতবান্—ন বদিষ্যে কিঞ্চিদপি রাজ্ঞে, গমনপ্রযোজনং তু যোগক্ষেমার্থম্। ন বদিষ্যে ইত্যেবংসঙ্কল্পোঽপি যাজ্ঞবল্ক্যঃ যদ্ যৎ জনকঃ পৃষ্টবান্, তৎ তৎ প্রতিপেদে; তত্র কো হেতুঃ সঙ্কল্পিতস্যান্যথাকরণে—ইত্যত্রাখ্যায়িকামাচষ্টে।

পূর্ব্বত্র কিল জনক-যাজ্ঞবল্ক্যয়োঃ সংবাদ আসীদগ্নিহোত্রে নিমিত্তে; তত্র জনকস্যাগ্নিহোত্রবিষয়ং বিজ্ঞানমুপলভ্য পরিতুষ্টো যাজ্ঞবল্ক্যঃ তস্মৈ জনকায় হ কিল বরং দদৌ। স চ জনকো হ কামপ্রশ্নমেব বরং বব্রে বৃতবান্; তঞ্চ বরং হাস্মৈ দদৌ যাজ্ঞবল্ক্যঃ; তেন বরপ্রদানসামর্থ্যেন অব্যাচিখ্যাসুমপি যাজ্ঞবল্ক্যং তূষ্ণীংস্থিতমপি সম্রাড়েব জনকঃ পূর্ব্বং পপ্রচ্ছ। তত্রৈবানুক্তিঃ, ব্রহ্মবিদ্যায়াঃ কর্ম্মণা বিরুদ্ধত্বাৎ; বিদ্যায়াশ্চ স্বাতন্ত্র্যাৎ,—স্বতন্ত্রা হি ব্রহ্মবিদ্যা সহকারিসাধনান্তরনিরপেক্ষা পুরুষার্থসাধনেতি চ ॥ ২৫২ ॥ ১ ॥

টীকা। তাৎপর্য্যমেবমুক্ত্বা ব্যাখ্যানক্রমাণামারভতে—জনকমিত্যাদিনা। সংবাদং ন করোমীতি ব্রতং চেৎ, কিমিতি গচ্ছতীত্যাশঙ্ক্যতে—গমনেতি। উত্তরমাহ—যোগেতি। অথ হেত্বাদ্ভবতারয়তি—নেত্যাদিনা। অত্রোত্তরমেবেতি শেষঃ। পূর্ব্বত্রেতি কর্ম্ম-কাণ্ডোক্তিঃ। নম্বগ্নিহোত্রপ্রকরণে কামপ্রশ্নো বরো দত্তশ্চেৎ কিমিতি তত্রৈবাত্মযাথাত্ম্য-প্রশ্নপ্রতিবচনে নাহভিহিতবাং, তত্রাহ—তত্রৈবেতি। কর্ম্মনিরপেক্ষায়া ব্রহ্মবিদ্যায়া

মোক্ষহেতুত্বাদপি কর্ম্মপ্রকরণে তদনুক্তিরিত্যাহ—রিতায়াশ্চেতি। সর্ব্বাপেক্ষাধিকরণ-ন্যায়েন তস্যাঃ স্বাতন্ত্র্যমিত্যাশঙ্ক্যাহ—স্বতন্ত্রা হীতি। সা হি স্বোৎপত্তৌ স্বফলে বা কর্ম্মাণ্যপেক্ষতে? নাদ্যোঽভ্যুপগমাৎ। ন দ্বিতীয়ঃ, অত এব চাগ্নীন্ধনাদ্যনপেক্ষেতি-ন্যায়বিরোধাদিত্যভিপ্রেত্যাহ—সহকারীতি। ইত্যস্মাচ্চ হেতোস্তত্রৈবানুক্তিরিতি সম্বন্ধঃ॥ ২৫২ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ। পুরাকালে যাজ্ঞবল্ক্য ঋষি বিদেহাধিপতি জনকের সমীপে গিয়াছিলেন। তিনি যাইতে যাইতে এইরূপ মনে করিয়াছিলেন—চিন্তা করিয়াছিলেন—আমি রাজাকে কিছুই বলিব না, অর্থাৎ আমার গমনের প্রয়োজন যে, যোগক্ষেম, তাহা তাহাকে বলিব না (১)। যাজ্ঞবল্ক্য যে, 'আমি বলিব না' এইরূপ স্থিরসঙ্কল্প হইয়াও, জনক মহারাজ তাহাকে যাহা যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তিনি সে সমস্তের উত্তর দিয়াছিলেন। যাজ্ঞবল্ক্যের পূর্ব্বসঙ্কল্প পরিত্যাগের কারণ যে কি, তাহা জানাইবার নিমিত্ত এই আখ্যায়িকার অবতারণা করিতেছেন।

ইতঃপূর্ব্বে জনক ও যাজ্ঞবল্ক্যের অগ্নিহোত্র নামক যজ্ঞসংবন্ধে কথোপকথন হইয়াছিল; তাহাতে যাজ্ঞবল্ক্য ঋষি অগ্নিহোত্র যজ্ঞবিষয়ে জনকের উত্তম বিজ্ঞান দর্শনে পরিতুষ্ট হইয়া জনককে বর দিতে সম্মত হন; জনক তখন কাম-প্রশ্নই ইচ্ছানুযায়ী বররূপে প্রার্থনা করিয়াছিলেন; যাজ্ঞবল্ক্যও তাহাকে সেই বরই প্রদান করিয়াছিলেন। সেইরূপ বর প্রদত্ত হইয়াছিল বলিয়াই এখন যাজ্ঞবল্ক্য কোন তত্ত্ব ব্যাখ্যান করিতে ইচ্ছা না করিলেও—চুপ করিয়া থাকিলেও সম্রাট্ নিজেই তাঁহাকে প্রথমে জিজ্ঞাসা করিলেন। পূর্ব্বে যে, অগ্নিহোত্র যজ্ঞপ্রসঙ্গেই এ তত্ত্ব বলেন নাই কেন, তাহার কারণ—ব্রহ্মবিদ্যা স্বভাবতই কর্ম্মের বিরোধী বা প্রতিকূল, এবং স্বতন্ত্রভাবে বিজ্ঞেয়; কারণ, ব্রহ্মবিদ্যা স্বতন্ত্রভাবে—অপর কোনও সাধনের সাহায্য না লইয়াই পুরুষার্থ সাধন করিয়া থাকে॥ ২৫২ ॥ ১ ॥

যাজ্ঞবল্ক্য কিংজ্যোতিরয়ং পুরুষ ইতি, আদিত্যজ্যোতিঃ সম্রাড়িতি হোবাচ, আদিত্যেনৈব জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম্ম কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্যাজ্ঞবল্ক্য ॥ ২৫৩ ॥ ২ ॥

(১) তাৎপর্য্য—'যোগ' অর্থ—অপ্রাপ্তের প্রাপ্তি; 'ক্ষেম' অর্থ—প্রাপ্ত বস্তুর রক্ষণাবেক্ষণ করা। যাজ্ঞবল্ক্যের জনকসমীপে গমনের প্রধান উদ্দেশ্য—এই যোগক্ষেম লাভ।

অন্বয়ার্থঃ। ইদানীং জনকস্য প্রশ্নং প্রকটীকর্ত্তুমাহ—যাজ্ঞবল্ক্যে-ত্যাদি। হে যাজ্ঞবল্ক্য, অয়ং পুরুষঃ (ব্যবহারিকঃ জীবঃ) কিংজ্যোতিঃ? (যেন জ্যোতিষা ব্যবহরতি, কিং তজ্জ্যোতিঃ?) ইতি। [যাজ্ঞবল্ক্যঃ] উবাচ হ—হে সম্রাট্, আদিত্যজ্যোতিঃ (আদিত্যেন জ্যোতিষা ব্যবহরতী-ত্যর্থঃ) ইতি। অয়ং পুরুষঃ আদিত্যেন (চক্ষুষোঽনুগ্রাহকেন) জ্যোতিষা এব আস্তে (ব্যবহারে বর্ত্ততে), পল্যয়তে (ক্ষেত্রাদৌ পরিভ্রমতি), কর্ম্ম (ব্যাপারং) কুরুতে, বিপল্যেতি (প্রত্যাগচ্ছতি) ইতি। [এবমুক্তঃ জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, এবম্ এব (ত্বয়া যদুক্তম্, তৎ তথৈবেত্যর্থঃ) ॥২৫৩॥২॥

মূলানুবাদ। [এখন জনকের প্রশ্ন বলা হইতেছে—জনক জিজ্ঞাসা করিলেন—] হে যাজ্ঞবল্ক্য, এই যে হস্তপদাদিযুক্ত ব্যব-হারিক পুরুষ, এই পুরুষ কোন জ্যোতির সাহায্যে ব্যবহার সম্পা-দন করিয়া থাকে? [যাজ্ঞবল্ক্য] বলিলেন—হে সম্রাট্, আদিত্য-রূপ জ্যোতির সাহায্যে। এই পুরুষ আদিত্য জ্যোতির সাহায্যেই ব্যবহার সম্পাদন করে—নানাস্থানে গমন করে, তথা হইতে আগমন করে, এবং আবশ্যক কর্ম্ম নিষ্পাদন করে। [জনক বলিলেন—] হে যাজ্ঞবল্ক্য, ইহা এইরূপই বটে, অর্থাৎ তুমি যাহা বলিলে, তাহা সেইরূপই সত্য ॥ ২৫৩ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্। হে যাজ্ঞবল্ক্যেতেবং সম্বোধ্য অভিমুখীকরণায়; কিংজ্যোতিরয়ং পুরুষ ইতি—কিমস্য পুরুষস্য জ্যোতিঃ, যেন জ্যোতিষা ব্যবহরতি, সোঽয়ং কিংজ্যোতিঃ? অয়ং প্রাকৃতঃ কার্য্যকরণসঙ্ঘাতরূপঃ শিরঃ-পাণ্যাদিমান্ পুরুষঃ পৃচ্ছ্যতে—কিময়ং স্বাবয়বসঙ্ঘাত-বাহ্যেন জ্যোতিরন্তরেণ ব্যবহরতি? আহোস্বিৎ স্বাবয়বসঙ্ঘাতমধ্যপাতিনা জ্যোতিষা জ্যোতিঃকার্য্যম্ অয়ং পুরুষো নির্ব্বর্ত্তয়তি? ইত্যেতদভিপ্রেত্য পৃচ্ছতি। কিঞ্চাতঃ—যদি ব্যতিরিক্তেন যদি বা অব্যতিরিক্তেন জ্যোতিষা জ্যোতিঃকার্য্যং নির্ব্বর্ত্তয়তি? শৃণু তত্র কারণম্।—যদি ব্যতিরিক্তেনৈব জ্যোতিষা জ্যোতিঃকার্য্যনির্ব্বর্ত্তকত্বমস্য স্বভাবো নির্দ্ধারিতো ভবতি, ততোঽদৃষ্টজ্যোতিঃকার্য্যবিষয়েঽপ্যনুমাস্যামহে, ব্যতিরিক্তজ্যোতির্নিমিত্তমেবেদং কার্য্যমিতি; অথাব্যতিরিক্তেনৈব স্বাত্মনা জ্যোতিষা ব্যবহরতি, ততঃ অপ্রত্যক্ষেঽপি জ্যোতিষি জ্যোতিঃকার্য্যদর্শনে অব্যতিরিক্তমেব জ্যোতিরনুমেয়ম্। অথানিয়ম এব—ব্যতিরিক্তমব্যতিরিক্তং

বা জ্যোতিঃ পুরুষস্য ব্যবহারহেতুঃ, ততোঽনধ্যবসায় এব জ্যোতির্ব্বিষয়ে— ইত্যেবং মন্বানঃ পৃচ্ছতি জনকো যাজ্ঞবল্ক্যং—"কিংজ্যোতিরয়ং পুরুষ ইতি।১

নন্বেবম্ অনুমানকৌশলে জনকস্য কিং প্রশ্নেন? স্বয়মেব কস্মান্ন প্রতিপদ্যতে, ইতি; সত্যমেতৎ; তথাপি লিঙ্গলিঙ্গিসম্বন্ধবিশেষাণামত্যন্তসৌক্ষ্ম্যাৎ দুরব-বোধতাং মন্যতে বহূনামপি পণ্ডিতানাম্, কিমুতৈকস্য; অতএব হি ধর্ম্মসূক্ষ্ম-নির্ণয়ে পরিষদ্ব্যাপার ইষ্যতে, পুরুষবিশেষশ্চাপেক্ষ্যতে—দশাবরা পরিষৎ, এয়ো বৈকো বেতি; তস্মাদ্‌যদ্যপ্যনুমানকৌশলং রাজ্ঞস্তথাপ্যত্র যুক্তো যাজ্ঞবল্ক্যঃ প্রষ্টুম্, বিজ্ঞানকৌশলতারতম্যোপপত্তেঃ পুরুষাণাম্।২

অথবা শ্রুতিঃ স্বয়মেব আখ্যায়িকাব্যাজেন অনুমানমার্গমুপন্যস্য অস্মান্ বোধয়তি পুরুষমতিমনুসরন্তী। যাজ্ঞবল্ক্যোঽপি জনকাভিপ্রায়াভিজ্ঞতয়া ব্যতিরিক্তমাত্মজ্যোতির্ব্বোধয়িষ্যন্ জনকং ব্যতিরিক্তত্বপ্রতিপাদকমেব লিঙ্গং প্রতিপেদে, যথা—প্রসিদ্ধম্ আদিত্যজ্যোতিঃ সম্রাড়িতি হোবাচ। কথম্? আদিত্যেনৈব স্বাবয়বসঙ্ঘাতব্যতিরিক্তেন চক্ষুষোঽনুগ্রাহকেণ জ্যোতিষা অয়ং প্রাকৃতঃ পুরুষ আস্তে উপবিশতি, পল্যয়তে পর্য্যেতি ক্ষেত্রমরণ্যং বা, তত্র গত্বা কর্ম্ম কুরুতে, বিপল্যেতি বিপর্য্যেতি চ যথাগতম্। অত্যন্তব্যতিরিক্তজ্যোতিষ্ট্ব-প্রসিদ্ধতাপ্রদর্শনার্থমনেকবিশেষণম্; বাহ্যানেকজ্যোতিঃপ্রদর্শনঞ্চ লিঙ্গস্যাব্যভি-চারিত্বপ্রদর্শনার্থম্। এবমেবৈতদ্‌যাজ্ঞবল্ক্য ॥ ২৫৩ ॥ ২ ॥

টীকা। যাজ্ঞবল্ক্যব্রতভঙ্গে হেতুমুক্ত্বা জনকস্য প্রশ্নমুত্থাপয়তি—হে যাজ্ঞ-বল্ক্যেতি। অক্ষরার্থমুক্ত্বা প্রশ্নবাক্যে বিবক্ষিতমর্থমাহ—কিময়মিত্যাদিনা। সশব্দো যথোক্তপুরুষবিষয়ঃ। জ্যোতিষ্কার্য্যমিত্যাসনাদিব্যবহারোক্তিঃ। ইত্যেতদিতি কল্পদ্বয়ং পরামৃশ্যতে। পক্ষদ্বয়েঽপি ফলং পৃচ্ছতি—কিং চেতি। সপ্তম্যর্থে তসিঃ। উত্তরমাহ—শৃণ্বিতি। তত্রেতি পক্ষদ্বয়োক্তিঃ। কারণং ফলমিতি যাবৎ। প্রথমপক্ষ-মনূদ্য স্বপক্ষসিদ্ধিফলমাহ—যদীত্যাদিনা। ষষ্ঠী পুরুষমধিকরোতি। যত্র কারণভূতং জ্যোতির্ন দৃশ্যতে, তৎকার্য্যং ত্বাসনাদ্যুপলভ্যতে, তত্রাপি বিষয়ে স্বপ্নাদাবিতি যাবৎ। অনুমানমেবাভিনয়তি—ব্যতিরিক্তেতি। বিমতমতিরিক্তজ্যোতিরধীনং ব্যবহারত্বাৎ সংমতবদিত্যর্থঃ।

পক্ষান্তরমনূদ্য লোকায়তপক্ষসিদ্ধিফলমাহ—অথেত্যাদিনা। অপ্রত্যক্ষেঽপীত্য-ব্যতিরিক্তমিতি চ্ছেদঃ। কল্পনান্তরমাহ—অথেতি। অনিয়মং ব্যাকরোতি—ব্যতি-রিক্তমিতি। তস্মিন্ পক্ষে ব্যবহারহেতৌ জ্যোতিষ্যনিশ্চয়াত্তৎকার্য্যো ব্যবহারোঽপি ন স্থৈর্য্যমালম্বেতেত্যাহ—তত ইতি। ব্যাখ্যাতং প্রশ্নমুপসংহরতি—ইত্যেবমিতি।১

প্রশ্নমাক্ষিপতি—নন্বিতি। ব্যতিরিক্তজ্যোতির্বুভুৎসয়া ভবিষ্যতীতি চেৎ, তত্রাহ—

অয়মেবেতি। রাজ্ঞোঽনুমানকৌশলমঙ্গীকরোতি—অত্যমিতি। কিমিতি তর্হি পৃচ্ছতীত্যাশঙ্ক্যাহ—তথাঽপীতি। ব্যাপ্যব্যাপকয়োস্তৎসম্বন্ধস্য চাতিসূক্ষ্মত্বাদেকেন দুর্জ্ঞানত্বাত্তজ্জ্ঞানে যাজ্ঞবল্ক্যোঽপ্যপেক্ষিত ইত্যর্থঃ। কথং তেষামতিসূক্ষ্মত্বং, তত্রাহ—বহূনামপীতি। লিঙ্গাদিষনেকেষামপি বিবেকিনাং দুর্বোধতাস্তি, কিমুতৈকস্য তেষু দুর্বোধতা বাচ্যেত্যর্থঃ। তেষামত্যন্তসৌক্ষ্ম্যে মানবীং স্মৃতিং প্রমাণয়তি—অত এবেতি। কুশলস্যাপি সূক্ষ্মার্থনির্ণয়ে পুরুষান্তরাপেক্ষায়াঃ সত্ত্বাদেবেতি যাবৎ। পুরুষবিশেষো বেদবিদধ্যাত্মবিদিত্যাদিঃ। তত্র স্মৃত্যর্থং সংক্ষিপতি—দশেতি। উক্তং হি—

'ধর্ম্মেণাধিগতো যৈস্তু বেদঃ সপরিবৃংহণঃ।
তে শিষ্টা ব্রাহ্মণা জ্ঞেয়াঃ শ্রুতিপ্রত্যক্ষহেতবঃ।
দশাবরা বা পরিষদ্যং ধর্ম্মং পরিচক্ষতে।
ত্র্যবরা বাপি বৃত্তস্থাস্তং ধর্ম্মং ন বিচারয়েৎ।
ত্রৈবিদ্যো হৈতুকস্তর্কী নৈরুক্তো ধর্ম্মপাঠকঃ।
ত্রয়শ্চাশ্রমিণঃ পূর্ব্বে পর্ষদেষা দশাবরা।
ঋগ্বেদবিদ্যজুর্ব্বিচ্চ সামবেদবিদেব চ।
ত্র্যবরা পরিষজ্জ্ঞেয়া ধর্ম্মসংশয়নির্ণয়ে' ইতি।

একো বেত্যধ্যাত্মবিদুচ্যতে। কুশলস্যাপি রাজ্ঞো যাজ্ঞবল্ক্যং প্রতি প্রশ্নোপপত্তিমুপসংহরতি—তস্মাদিতি। সূক্ষ্মার্থনির্ণয়ে পুরুষান্তরাপেক্ষায়া বৃদ্ধসংমতত্বাদিতি যাবৎ। তত্রৈব হেত্বন্তরমাহ—বিজ্ঞানেতি। ২

রাজ্ঞো যাজ্ঞবল্ক্যাপেক্ষামুপপাদ্য পক্ষান্তরমাহ—অথ বেতি। তথা চাত্র রাজ্ঞো মুনের্ব্বা বিবক্ষিতত্বাভাবাৎ কিমিতি রাজা মুনিমনুসরতীতি চোদ্যং নিরবকাশমিতি শেষঃ।

প্রশ্নোপপত্তৌ প্রতিবচনমুপপন্নমেবেতি মত্বানন্তরং তদুত্থাপয়তি—যাজ্ঞবল্ক্যোঽপীতি। অতিরিক্তে জ্যোতিষি প্রষ্টু রাজ্ঞোঽভিপ্রায়স্তদতিজ্ঞতয়া তথাবিধং জ্যোতী রাজানং বোধয়িষ্যন্ যথাতিরিক্তজ্যোতিরাবেদকং বক্ষ্যমাণং লিঙ্গং গৃহীতব্যাপ্তিকং প্রসিদ্ধং ভবতি, তথা তদ্ব্যাপ্তিগ্রহণস্থলমাদিত্যজ্যোতিরিত্যাদিনা মুনিরপি প্রতিপন্নবানিত্যর্থঃ। ব্যাপ্তিং বুভুৎসমানঃ পৃচ্ছতি—কথমিতি। যো ব্যবহারঃ সোঽতিরিক্তজ্যোতিরধীনো যথা সবিত্রধীনো জাগ্রদ্ব্যবহার ইতি ব্যাপ্তিং ব্যাকরোতি—আদিত্যেনেতি। এবকারং ব্যাচষ্টে—স্বাবয়বেতি। আদিত্যাপেক্ষামন্তরেণ চক্ষুর্ব্বশাদেবায়ং ব্যবহারঃ সেৎস্যতীত্যাশঙ্ক্যাহ—চক্ষুষ ইতি। আসনাদ্যন্যতমব্যাপারদেশে ব্যাপ্তিসিদ্ধের্বৃথা বিশেষণবহুত্বমিত্যাশঙ্ক্যাহ—অত্যন্তেতি। আসনাদীনামেকৈকব্যভিচারে দেহস্যাস্তথাভাবেঽপি বাহ্যগ্রাহকং জ্যোতিস্তথা ভবতি। অতস্তদসংগ্রাহ্যাদত্যন্তবিলক্ষণমিতি বিবক্ষিত্বা ব্যাপারচতুষ্টয়মুপদিষ্টমিত্যর্থঃ। তথাপি কিমর্থমাদিত্যাস্থনেকপর্য্যায়োপাদানমেকেনৈব ব্যাপ্তিগ্রহসম্ভবাদিত্যাশঙ্ক্যাহ—বাহ্যেতি। দেহেন্দ্রিয়মনোব্যাপাররূপং কর্ম্ম লিঙ্গং তস্য ব্যতিরিক্তজ্যোতিরব্যভিচারসাধনার্থমনেকপর্য্যায়োপন্যাসঃ, বহবো হি দৃষ্টান্তা ব্যাপ্তিং দ্রঢয়ন্তীত্যর্থঃ। ২৩। ২।

ভাষ্যানুবাদ। জনক যাজ্ঞবল্ক্যের দৃষ্টি আকর্ষণের জন্য সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিলেন যে, এই পুরুষ (ব্যবহারিক জীব) কিংজ্যোতি? অর্থাৎ এই পুরুষের সেই জ্যোতিটী কি, যে জ্যোতির সাহায্যে ব্যবহার নির্ব্বাহ করিয়া থাকে? এখানে লোকপ্রসিদ্ধ দেহেন্দ্রিয়সমষ্টিভূত হস্ত-মস্তকাদিযুক্ত পুরুষের সম্বন্ধে প্রশ্ন হইতেছে যে, এই পুরুষ কি স্বীয় অবয়ব-সমষ্টির অতিরিক্ত অপর কোনও জ্যোতির সাহায্যে ব্যবহার করিয়া থাকে? অথবা স্বীয় অবয়বান্তর্গত কোন জ্যোতির সাহায্যেই জ্যোতির কার্য্য (আলোকের কার্য্য) নির্ব্বাহ করিয়া থাকে? এই অভিপ্রায়ে জনকের প্রশ্ন। এই প্রশ্নের ফল কি?—পুরুষ যদি অবয়বাতিরিক্ত জ্যোতি দ্বারা জ্যোতির কার্য্য নির্ব্বাহ করে, যদিবা অনতিরিক্ত জ্যোতি দ্বারাই জ্যোতির কার্য্য নির্ব্বাহ করে, তাহাতে বিশেষ কি? তাহার ফল শ্রবণ কর—যদি ব্যতিরিক্ত জ্যোতি দ্বারা জ্যোতির কার্য্য নির্ব্বাহ করাই পুরুষের স্বভাব হয়, তাহা হইলে, যেখানে কোন জ্যোতিঃপদার্থ দেখিতে পাওয়া যায় না, অথচ জ্যোতির কার্য্য—প্রকাশন মাত্র দেখিতে পাওয়া যায়, সে স্থলেও, আমরা তাহা অতিরিক্ত জ্যোতির কার্য্য বা ফল বলিয়াই অনুমান করিতে পারি; আর যদি অব্যতিরিক্ত—স্বাবয়বমধ্যবর্ত্তী জ্যোতি দ্বারা ব্যবহার করাই পুরুষের স্বভাব হয়, তাহা হইলেও, অদৃশ্য জ্যোতির স্থানেও, জ্যোতির কার্য্য দর্শন করিয়া, অনতিরিক্ত জ্যোতির অনুমান করিতে পারি। আর যদি কোন নিয়মই না থাকে—যথাসম্ভব অতিরিক্ত ও অনতিরিক্ত উভয়-প্রকার জ্যোতিই পুরুষের ব্যবহার-নির্ব্বাহের হেতু হয়, তাহা হইলেও জ্যোতি বা প্রকাশের সম্বন্ধে কোন একটা স্থিরনিশ্চয় সিদ্ধান্ত পাওয়া যায় না; এইরূপ সংশয়-সমাকুল হইয়া জনক মহারাজ প্রশ্ন করিতেছেন যে, "কিংজ্যোতিঃ অয়ং পুরুষঃ ইতি। ১

ভাল কথা, জনকের যদি এতটাই অনুমান কৌশল থাকে, তাহা হইলে আর প্রশ্নের প্রয়োজন কি?—নিজেই তত্ত্ব নিরূপণ করেন না কেন? হাঁ, এ কথা সত্যই বটে; কিন্তু তাহা হইলেও, হেতু-হেতুমদ্ভাবঘটিত সম্বন্ধ বা ব্যাপ্তিনিরূপণ এতই দুরূহ যে, সমবেত বহু পণ্ডিতের পক্ষেও তাহা নিতান্ত নির্ব্বোধ্য বলিয়া মনে হয়, একজনের পক্ষে আর কথা কি? এই কারণেই কোনও সূক্ষ্ম ধর্ম্মতত্ত্ব নিরূপণস্থলে জ্ঞানিগণ পরিষদ্‌ব্যবস্থা স্বীকার করিয়া থাকেন; এবং ধর্ম্মনিরূপক ব্যক্তির গুণগত

উৎকর্ষের অপেক্ষা করিয়া থাকেন—যেমন দশজন বিজ্ঞ ব্যক্তিকে লইয়া, অথবা একজনকে লইয়াও বিচার-সভা সংঘটিত হইয়া থাকে; অভিপ্রায় এই যে, বিশিষ্টগুণসম্পন্ন হইলে একজন ব্যক্তি দ্বারাও ধর্ম্মনিরূপণ হইতে পারে, তদপেক্ষা হীনগুণ হইলে তিন জন, আর তদপেক্ষাও হীনগুণ হইলে, সভায় দশজন সভ্যের আবশ্যক হয় (১)। অতএব বুঝিতে হইবে, যদিও রাজা জনকের অনুমান-নৈপুণ্য থাকুক, তথাপি যাজ্ঞবল্ক্যের জিজ্ঞাসা করা যুক্তিযুক্তই হইয়াছে;—কারণ বিভিন্ন ব্যক্তির অনুমান-কৌশল বিভিন্ন প্রকার—উৎকর্ষাপকর্ষযুক্ত। ২

অথবা, শ্রুতি নিজেই মানববুদ্ধির বা লোকব্যবহারের অনুবর্ত্তিনী হইয়া প্রথমতঃ আখ্যায়িকাচ্ছলে অনুমানপ্রণালী প্রদর্শন করিয়া আমাদিগকে তত্ত্বোপদেশ দিতেছেন। মহর্ষি যাজ্ঞবল্ক্যও মহারাজ জনকের অভি-প্রায় পরিজ্ঞাত থাকায় দেহাতিরিক্ত আত্মজ্যোতি বুঝাইবার জন্য, জনকের প্রতি দেহাতিরিক্ত জ্যোতির অস্তিত্বজ্ঞাপক হেতুর উপন্যাস করিয়া বলিলেন—হে সম্রাট্, আদিত্য একটী প্রসিদ্ধ জ্যোতি!। কিরূপ? না, চক্ষুর অনুগ্রাহক অর্থাৎ চাক্ষুষ প্রত্যক্ষের সহকারী কারণ—দেহাতিরিক্ত আদিত্য জ্যোতির সাহায্যে এই প্রাণিসমুদায় উপবেশন করিয়া থাকে, ক্ষেত্র বা অরণ্যাদি স্থানে গমন করিয়া থাকে, সেখানে যাইয়া কর্ম্ম করে, এবং যে ভাবে গিয়াছিল, সেই ভাবেই প্রত্যাগমন করে। ব্যবহারনিষ্পাদক জ্যোতিঃপদার্থটী যে দেহাবয়ব হইতে অত্যন্ত পৃথক্, ইহা জ্ঞাপন করিবার জন্য এখানে বহু বিশেষণ বা অনেকগুলি কার্য্যের উল্লেখ করা হইয়াছে। বাহ্য বহুজ্যোতিঃ প্রদর্শনের অভিপ্রায় এই যে, উক্ত হেতুনিচয় অব্যভিচারী অর্থাৎ উল্লিখিত জ্যোতিঃসমূহই যে, ব্যবহার নিষ্পাদনের অব্যভিচারী সাধন ইহা জানান। জনক বলিলেন—হে যাজ্ঞবল্ক্য, ইহা এইরূপই বটে ॥২৫॥২॥

(১) তাৎপর্য্য—মনু বলিয়াছেন—"ধর্ম্মেণাধিগতো যৈস্তু বেদঃ সপরিবৃংহণঃ। তে শিষ্টা ব্রাহ্মণা জ্ঞেয়াঃ শ্রুতিপ্রত্যক্ষহেতবঃ। দশাবরা বা পরিষদ্ যং ধর্ম্মং পরিচক্ষতে। ত্র্যবরা বাপি বৃত্তস্থাঃ, তং ন ভূয়ো বিচারয়েৎ" ইতি। অর্থাৎ যাহারা ধর্ম্মানুসারে বেদ ও বেদাঙ্গ অবগত হইয়াছেন, শ্রুত্যর্থপ্রত্যক্ষকারী সেই সমুদয় ব্রাহ্মণ 'শিষ্ট' পদবাচ্য। তাদৃশ গুণসম্পন্ন দশ জন সদস্যযুক্ত অথবা তিনজন সদস্যযুক্ত অথবা একজন সদস্যযুক্ত ধর্ম্মসভাও যাহা ধর্ম্ম বলিয়া নিরূপণ করেন, তাহাই প্রকৃত ধর্ম্ম; সেরূপ ধর্ম্মসম্বন্ধে আর পুনর্ব্বার বিচার করিবে না। এখানে বুঝিতে হইবে যে, গুণাধিক্য হইলে একজন, তদপেক্ষা হীন-গুণস্থলে তিনজন, আর তাহা অপেক্ষাও হীনগুণ হইলে দশ জন সদস্যের আবশ্যক হয়।

অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইতি চন্দ্রমা এবাস্য জ্যোতির্ভবতীতি, চন্দ্রমসৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম্ম কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্‌ যাজ্ঞবল্ক্য ॥ ২৫৪ ॥ ৩ ॥

সরলার্থঃ। [জনকঃ পুনঃ পপ্রচ্ছ—] হে যাজ্ঞবল্ক্য, আদিত্যে অস্তমিতি (সতি) অয়ং পুরুষঃ কিংজ্যোতিঃ এব [ভবতি]? ইতি, [যাজ্ঞবল্ক্য আহ—] [তদা] চন্দ্রমাঃ (চন্দ্রঃ) এব অস্য (পুরুষস্য) জ্যোতিঃ ভবতি ইতি। [তদা] অয়ং (পুরুষঃ) চন্দ্রমসা জ্যোতিষা এব আস্তে,, পল্যয়তে, কর্ম্ম কুরুতে, বিপল্যেতি ইতি। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, এতৎ এবম্‌ এব ইতি ॥ ২৫৪ ॥ ৩ ॥

মূলানুবাদ। [পুনশ্চ জনক জিজ্ঞাসা করিলেন—] হে যাজ্ঞবল্ক্য, আদিত্য জ্যোতির অস্তময়ে (অভাবে) এই ব্যবহারী পুরুষ কোন জ্যোতিদ্বারা ব্যবহার করিয়া থাকে? [যাজ্ঞবল্ক্য বলিলেন,] তখন চন্দ্রই তাহার জ্যোতিঃস্বরূপ হয়; চন্দ্ররূপ জ্যোতির সাহায্যেই তখন এই পুরুষ স্থিতিলাভ করে, গমন করে, কর্ম্ম করে, এবং স্বস্থানে প্রত্যাবর্ত্তন করে। [জনক বলিলেন—] হে যাজ্ঞবল্ক্য, ইহা ঠিক এইরূপই বটে ॥২৫৪॥৩॥

শাঙ্করভাষ্যম্‌। তথাস্তমিতে আদিত্যে যাজ্ঞবল্ক্য কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইতি। চন্দ্রমা এবাস্য জ্যোতিঃ ॥২৫৪॥৩॥

টীকা। ।২৫৪।৩।

ভাষ্যানুবাদ। হে যাজ্ঞবল্ক্য, আদিত্য জ্যোতি অস্তমিত হইলে, কোন পদার্থটী এই পুরুষের জ্যোতিঃস্বরূপ হয়? [যাজ্ঞবল্ক্য বলিলেন—] তখন চন্দ্রই তাহার জ্যোতিস্বরূপ হইয়া থাকে ॥২৫৪॥৩॥

অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য চন্দ্রমস্যস্তমিতে কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইত্যগ্নিরেবাস্য জ্যোতির্ভবতীত্যগ্নিনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম্ম কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্যাজ্ঞবল্ক্য ॥ ২৫৫ ॥ ৪ ॥

বস্তুক্তম্, সালোকোঽন্যশ্চান্যশ্চ ঘটো জায়ত ইতি; তদসৎ, ক্ষণান্তরেঽপি 'স এবায়ম্' ইতি প্রত্যভিজ্ঞানাৎ। সাদৃশ্যাৎ প্রত্যভিজ্ঞানং, কৃত্তোত্থিত-কেশনখাদিষ্বিবেতি চেৎ; ন, তত্রাপি ক্ষণিকত্বস্যাসিদ্ধত্বাৎ, জাত্যেকত্বাচ্চ। কৃত্তেষু পুনরুত্থিতেষু চ কেশনখাদিষু কেশনখত্বজাতেরেকত্বাৎ কেশ-নখত্বপ্রত্যয়স্তন্নিমিত্তোঽভ্রান্ত এব; নহি দৃশ্যমান-লূনোত্থিতকেশনখাদিষু ব্যক্তিনিমিত্তঃ স এবেতি প্রত্যয়ো ভবতি; কস্যচিদ্দীর্ঘকালব্যবহিতদৃষ্টেষু চ তুল্যপরিমাণেষু তৎকালীনবালাদিতুল্যা ইমে কেশ-নখাদ্যা ইতি প্রত্যয়ো ভবতি, নতু ত এবেতি; ঘটাদিষু পুনর্ভবতি স এবেতি প্রত্যয়ঃ; তস্মান্ন সমো দৃষ্টান্তঃ।২৫

প্রত্যক্ষেণ হি প্রত্যভিজ্ঞায়মানে বস্তুনি তদেবেতি, ন চান্যত্বমনুমাতুং যুক্তম্, প্রত্যক্ষবিরোধে লিঙ্গস্যাভাসোপপত্তেঃ; সাদৃশ্যপ্রত্যয়ানুপপত্তেশ্চ, জ্ঞানস্য ক্ষণিকত্বাৎ; একস্য হি বস্তুদর্শিনো বস্ত্বন্তরদর্শনে সাদৃশ্যপ্রত্যয়ঃ স্যাৎ, ন তু বস্তুদর্শ্যেকো বস্ত্বন্তরদর্শনায় ক্ষণান্তরমবতিষ্ঠতে, বিজ্ঞানস্য ক্ষণিকত্বাৎ, সকৃদ্বস্তুদর্শনেনৈব ক্ষয়োপপত্তেঃ। তেনেদং সদৃশমিতি হি সাদৃশ্যপ্রত্যয়ো ভবতি, তেনেতি দৃষ্টস্মরণং, ইদমিতি বর্ত্তমান প্রত্যয়ঃ; তেনেতি দৃষ্টং স্মৃত্বা যাবদিদমিতি বর্ত্তমানং ক্ষণকালমবতিষ্ঠেত, ততঃ ক্ষণিকবাদহানিঃ।২৬

অথ তেনেত্যেবোপক্ষীণঃ স্মার্ত্তঃ প্রত্যয়ঃ, ইদমিতি চান্য এব বার্ত্তমানিকঃ প্রত্যয়ঃ ক্ষীয়তে, ততঃ সাদৃশ্যপ্রত্যয়ানুপপত্তিঃ—তেনেদং সদৃশমিতি, অনেকদর্শিন একস্যাভাবাৎ; ব্যপদেশানুপপত্তিশ্চ—দ্রষ্টব্যদর্শনেনৈবোপক্ষয়াদ্বিজ্ঞানস্যেদং পশ্যাম্যদোঽদ্রাক্ষমিতি ব্যপদেশানুপপত্তিঃ, দৃষ্টবতো ব্যপদেশক্ষণানবস্থানাৎ। অথাবতিষ্ঠেত; ক্ষণিকবাদহানিঃ। অথাদৃষ্টবতো ব্যপদেশঃ সাদৃশ্যপ্রত্যয়শ্চ, তদানীং জাত্যন্ধস্যেব রূপবিশেষব্যপদেশস্তৎসাদৃশ্যপ্রত্যয়শ্চ, সর্ব্বমন্ধপরম্পরেতি প্রসজ্যেত সর্ব্বজ্ঞশাস্ত্রপ্রণয়নাদি; নচৈতদিষ্যতে। অকৃতাভ্যাগম-কৃতবিপ্রনাশ-দোষৌ তু প্রসিদ্ধতরৌ ক্ষণবাদে।২৭

দৃষ্টব্যপদেশহেতুঃ পূর্ব্বোত্তরসহিত এক এব হি শৃঙ্খলাবৎ প্রত্যয়ো জায়ত ইতি চেৎ, তেনেদং সদৃশমিতি চ; ন, বর্ত্তমানাতীতয়োর্ভিন্নকালত্বাৎ; তত্র বর্ত্তমানপ্রত্যয় একঃ শৃঙ্খলাবয়বস্থানীয়োঽতীতশ্চাপরঃ, তৌ প্রত্যয়ৌ ভিন্নকালৌ তদুভয়প্রত্যয়বিষয়স্পৃক্ চেৎ শৃঙ্খলাপ্রত্যয়ঃ, ততঃ ক্ষণদ্বয়ব্যাপিত্বাদেকস্য বিজ্ঞানস্য পুনঃ ক্ষণবাদহানিঃ। মম-তবতাদিবিশেষানুপপত্তেশ্চ সর্ব্বসংব্যবহারলোপপ্রসঙ্গঃ। ২৮

সর্ব্বস্য চ স্বসংবেদ্যবিজ্ঞানমাত্রত্বে বিজ্ঞানস্য চ স্বচ্ছাববোধাবভাসমাত্রস্বাভাব্যাভ্যুপগমাৎ, তদ্দর্শিনশ্চান্যস্যাভাবেঽনিত্যদুঃখশূন্যানাত্মত্বাদ্যনেককল্পনানুপপত্তিঃ। নচ দাড়িমাদেরিব বিরুদ্ধানেকাংশবত্ত্বং বিজ্ঞানস্য, স্বচ্ছাবভাসস্বাভাব্যাদ্ বিজ্ঞানস্য। অনিত্যদুঃখাদীনাং বিজ্ঞানাংশত্বে চ সতি অনুভূয়মানত্বাদ্ ব্যতিরিক্তবিষয়ত্বপ্রসঙ্গঃ। অথানিত্যদুঃখাদ্যাত্মৈকত্বমেব বিজ্ঞানস্য, তদা তদ্বিয়োগাদ্বিশুদ্ধিকল্পনানুপপত্তিঃ; সংযোগিমলবিয়োগাদ্ধি বিশুদ্ধির্ভবতি, যথা আদর্শপ্রভৃতীনাম্; ন তু স্বাভাবিকেন ধর্ম্মেণ কস্যচিদ্ বিয়োগো দৃষ্টঃ; নহি অগ্নেঃ স্বাভাবিকেন প্রকাশেনৌষ্ণ্যেন বা বিয়োগো দৃষ্টঃ। যদপি পুষ্পগুণানাং রক্তত্বাদিনাং দ্রব্যান্তরযোগেন বিযোজনং দৃশ্যতে, তত্রাপি সংযোগপূর্ব্বত্বমনুমীয়তে বীজভাবনয়া পুষ্পফলাদীনাং গুণান্তরোৎপত্তিদর্শনাৎ; অতো বিজ্ঞানস্য বিশুদ্ধিকল্পনানুপপত্তিঃ। ২৯

বিষয়বিষয্যাভাসত্বঞ্চ যন্মলং পরিকল্প্যতে বিজ্ঞানস্য, তদপ্যন্যসংসর্গাভাবাদনুপপন্নম্; নহি অবিদ্যমানেন বিদ্যমানস্য সংসর্গঃ স্যাৎ; অসতি চান্যসংসর্গে, যো ধর্ম্মো যস্য দৃষ্টঃ, স তৎস্বভাবত্বান্ন তেন বিয়োগমর্হতি, যথাগ্নেরৌষ্ণ্যম্, সবিতুর্ব্বা প্রভা। তস্মাদনিত্যসংসর্গেণ মলিনত্বং তদ্বিশুদ্ধিশ্চ বিজ্ঞানস্যেতীয়ং কল্পনা অন্ধপরম্পরৈব প্রমাণশূন্যেত্যবগম্যতে। ৩০

যদপি তস্য বিজ্ঞানস্য নির্ব্বাণং পুরুষার্থং কল্পয়ন্তি, তত্রাপি ফলাশ্রয়ানুপপত্তিঃ; কণ্টকবিদ্ধস্য হি কণ্টকবেধজনিতদুঃখনিবৃত্তিঃ ফলং, ন তু কণ্টকবিদ্ধমরণে তদ্দুঃখনিবৃত্তিফলস্যাশ্রয় উপপদ্যতে; তদ্বৎ সর্ব্বনির্ব্বাণে, অসতি চ ফলাশ্রয়ে, পুরুষার্থকল্পনা ব্যর্থৈব। যস্য হি পুরুষশব্দবাচ্যস্য সত্ত্বস্যাত্মনো বিজ্ঞানস্য চার্থঃ পরিকল্প্যতে, তস্য পুনঃ পুরুষস্য নির্ব্বাণে, কস্যার্থঃ পুরুষার্থ ইতি স্যাৎ। যস্য পুনরস্ত্যনেকার্থদর্শী বিজ্ঞানব্যতিরিক্ত আত্মা তস্য দৃষ্টস্মরণদুঃখসংযোগবিয়োগাদি সর্ব্বমেবোপপন্নম্ অন্যসংযোগনিমিত্তং কালুষ্যং, তদ্বিয়োগনিমিত্তা চ বিশুদ্ধিরিতি,। শূন্যবাদিপক্ষস্তু সর্ব্বপ্রমাণবিপ্রতিবিদ্ধ ইতি তন্নিরাকরণায় নাদরঃ ক্রিয়তে ॥২৫৮॥৭॥

টীকা। নন্বাত্মজ্যোতিঃ সঙ্ঘাতাদ্ব্যতিরিক্তমন্তঃস্থং চেতি সাধিতং, তথা চ কথং কতম আত্মেতি পৃচ্ছ্যতে তত্রাহ—যদ্যপীতি। অনুগ্রাহ্যেণ দেহাদিনা সমানজাতীয়ত্বাদিত্যাদেরনুগ্রাহকত্বদর্শনান্নিমিত্তাদনুগ্রাহকত্বাবিশেষাদাত্মজ্যোতিরপি সমানজাতীয়ং দেহাদিনেতি ভ্রান্তির্ভবতি, তয়েতি যাবৎ। অবিবেকিনো নিকৃষ্টদৃষ্ট্যভাবাদিত্যর্থঃ। ব্যতিরেকসাধকস্য ন্যায়স্য দর্শিতত্বাৎ কুতো ভ্রান্তিরিত্যাশঙ্ক্যাহ—ন্যায়েতি। ভ্রান্তিনিমিত্তাবিবেককৃতং ধর্ম্মমুক্ত্বা প্রকারান্তরেণ প্রশ্নমুত্থাপয়তি—অথবেতি। প্রশ্নাক্ষরাণি ব্যাচষ্টে—কতমো

ৎস্যাবিতি। নম্নু জ্যোতির্নিমিত্তো ব্যবহারো ময়োক্তো ন স্বাদিত্যাশঙ্ক্যাহ—যেনেতি। আত্মনৈবায়ং জ্যোতিষেত্যুক্তত্বাদাসনাদিনিমিত্তং জ্যোতিরাত্মেত্যর্থঃ। ১

প্রকারান্তরেণ প্রশ্নং ব্যাকরোতি—অথবেতি। সপ্তম্যর্থং কথয়তি—সর্ব্ব ইতি। যোঽয়ং ত্বয়াভিপ্রেতো বিজ্ঞানময়ঃ, স প্রাণেষু মধ্যে কতমঃ স্যাৎ, তেঽপি হি বিজ্ঞানময়া ইব ভান্তীতি যোজনা। উক্তমর্থং দৃষ্টান্তেন বুদ্ধাবারোপয়তি—যথেতি। ব্যাখ্যানয়োরবান্তরবিভাগমাহ—পূর্ব্বস্মিন্নিত্যাদিনা। হৃদীত্যাদি প্রতিবচনমিতি শেষঃ। পক্ষান্তরমাহ—অথবেতি। সর্ব্বস্য প্রশ্নত্বে বাক্যং যোজয়তি—বিজ্ঞানেতি। স সমানঃ সন্নিত্যাদি প্রতিবচনমিতি শেষঃ। ২

দ্বিতীয়তৃতীয়পক্ষয়োররুচিং সূচয়ন্নাদ্যং পক্ষমঙ্গীকরোতি—যোঽয়মিতি। ত্বয়া পৃষ্টঃ সোঽয়মিত্যাত্মনশ্চিদ্রূপত্বেন প্রত্যক্ষত্বাদয়মিতি নির্দ্দেশ ইতি পদদ্বয়ার্থঃ। দেহব্যবচ্ছেদার্থং বিশিনষ্টি—বিজ্ঞানময় ইতি। বিজ্ঞানশব্দার্থমাচক্ষাণস্তৎপ্রায়ত্বং প্রকটয়তি—বুদ্ধীতি। বুদ্ধিরেব বিজ্ঞানং বিজ্ঞায়তেঽনেনেতি ব্যুৎপত্তেস্তেনোপাধিনা সম্পর্ক এবাবিবেকত্বস্মাদিতি যাবৎ। তৎসম্পর্কে প্রমাণমাহ—বুদ্ধিবিজ্ঞানেতি। তস্মাদ্বিজ্ঞানময় ইতি শেষঃ নম্নু চক্ষুর্ম্ময়ঃ শ্রোত্রময় ইত্যাদি হিত্বা বিজ্ঞানময় ইত্যেব কস্মাদুপদিশ্যতো তত্রাহ—বুদ্ধিহীতি। তস্যাঃ সাধারণকরণত্বে প্রমাণমাহ—মনসা হীতি। মনসঃ সর্ব্বার্থত্বং সমর্থয়তে—বুদ্ধীতি। কিমর্থানি তর্হি চক্ষুরাদীনি করণানীত্যাশঙ্ক্যাহ—দ্বারমাত্রাণীতি। বুদ্ধেঃ সতি প্রাধান্যে ফলিতমাহ—তস্মাদিতি। ৩

বিজ্ঞানং পরং ব্রহ্ম, তৎপ্রকৃতিকো জীবো বিজ্ঞানময় ইতি ভর্ত্তৃপ্রপঞ্চৈরুক্তমনুবদতি—যেষামিতি। বিজ্ঞানময়াদিগ্রন্থে ময়টো ন বিকারার্থতেতি তৈরেবোচ্যতে, তত্র মনঃসমভিব্যাহারাদ্বিজ্ঞানং বুদ্ধির্ন চাত্মা তদ্বিকারস্তস্মাদস্মিন্‌প্রয়োগে ময়টো বিকারার্থত্বং বদতাং স্বোক্তিবিরোধঃ স্যাদিতি দূষয়তি—তেষামিতি। কথং বিজ্ঞানময়পদার্থনির্ণয়ার্থং প্রয়োগান্তরমনুশ্রীয়তে, তত্রাহ—সন্দিগ্ধশ্চেতি। যথা পুরোডাশঃ চতুর্দ্ধা কৃত্বা বহিষদং করোতীতি পুরোডাশমাত্রচতুর্দ্ধাকরণবাক্যমেকার্থসম্বন্ধিনা শাখান্তরীয়েণাগ্নেয়ং চতুর্দ্ধা করোতীত্যনেন বিশেষবিষয়তয়া নিশ্চিতার্থেনাগ্নেয় এব পুরোডাশে ব্যবস্থাপ্যতে, যথা চাক্তাঃ শর্করা উপদধাতীত্যত্র কেনাক্তেত্যপেক্ষায়াং তেজো বৈ ঘৃতমিতি বাক্যশেষান্নির্ণয়স্তথেহাপীত্যর্থঃ। আত্মবিকারত্বে মোক্ষানুপপত্ত্যা স্বব্যাধিতস্তাবা বিজ্ঞানময়পদার্থনিশ্চয় ইত্যাহ—নিশ্চিতেতি। যদুক্তং নির্ণয়ো বাক্যশেষাদিতি, তদেব ব্যনক্তি—অধীরিতি চেতি। ৪

আধারাদন্যা সপ্তমী দৃষ্টা, সা কথং ব্যতিরেকপ্রদর্শনার্থেত্যাশঙ্ক্যাহ—যথেতি। ভবত্বত্রাপি সামীপ্যলক্ষণা সপ্তমী, তথাপি কথং ব্যতিরেকপ্রদর্শনমিত্যাশঙ্ক্যাহ—প্রাণেষু হীতি। ফলিতং সপ্তম্যর্থমভিনয়তি—প্রাণেম্বিতি। তেষু সমীপস্থোঽপি কথং তেভ্যো ব্যতিরিচ্যতে, তত্রাহ—যো হীতি। ৫

বিশেষণান্তরমাদায় ব্যাবর্ত্ত্যাং শঙ্কামুক্ত্বা পুনরবতার্য্য ব্যাকরোতি—হৃদীত্যা-

দিনা। বিশেষণান্তরস্ত তাৎপর্য্যমাহ—অন্তরিতীতি। জ্যোতিঃশব্দার্থমাহ—জ্যোতিরিতি। তস্য জ্যোতিষ্ট্বং স্পষ্টয়তি—তেনেতি। আত্মজ্যোতিষা ব্যাপ্তস্য কার্য্যকরণসঙ্ঘাতস্য ব্যবহারক্ষমত্বে দৃষ্টান্তমাহ—যথেতি। চেতনাবানিবেত্যুক্তং দৃষ্টান্তেনোপপাদয়তি—যথা বেতি। হৃদয়ং বুদ্ধিস্ততোঽপি সূক্ষ্মত্বাদাত্মজ্যোতিস্তদন্তঃস্থমপি হৃদয়াদিকং সঙ্ঘাতং চ সর্ব্বমেকীকৃত্য স্বচ্ছায়ং করোতীতি কৃত্বা যথোক্তমণিসাদৃশ্যমুচিতমিতি দার্ষ্টান্তিকে যোজনা। কথমিদমাত্মজ্যোতিঃ সর্ব্বমাত্মচ্ছায়ং করোতি, তত্রাহ—পারম্পর্য্যেণেতি। বিষয়াদিষু প্রত্যগাত্মান্তেষূত্তরোত্তরং সূক্ষ্মতাতারতম্যাত্তেষ্বেবাত্মাদিবিষয়ান্তেষু স্থূলতাতারতম্যাচ্চ প্রতীচঃ সর্ব্বস্মাদন্তরতমত্বাত্তত্র তত্র স্বাকারত্বমুপপন্নমিত্যর্থঃ। ৬

বুদ্ধেরাত্মচ্ছায়ত্বং সমর্থয়তে—বুদ্ধিস্তাবদিতি। লৌকিকপরীক্ষকাণাং বুদ্ধ্যাত্মাভিমানভ্রান্তিমুক্তেঽর্থে প্রমাণয়তি—তেন হীতি। বুদ্ধেঃ পশ্চান্মনসোঽপি চিচ্ছায়ত্বে তত্র হেতুমাহ—বুদ্ধীতি। আত্মনঃ সর্ব্বাবভাসকত্বমুক্তমুপসংহরতি—এবমিতি। আত্মনঃ সর্ব্বাবভাসকত্বে কিমিতি কস্যচিৎ কচিদেবাত্মধীরিত্যাশঙ্ক্যাহ—তেন হীতি। বুদ্ধ্যাদেরুক্তক্রমেণাত্মচ্ছায়ত্বং তচ্ছব্দার্থঃ। আত্মজ্যোতিষঃ সর্ব্বাবভাসকত্বে লোকপ্রসিদ্ধিরেব ন প্রমাণং, কিন্তু ভগবদ্বাক্যমপীত্যাহ—তথা চেতি। নাশিনামস্মনাশী চেতনাশ্চেতয়িতারো ব্রহ্মাদয়স্তেষামযমেব চেতনো যথোদকাদীনামনগ্নীনামগ্নিনিমিত্তং দাহকত্বং, তথাত্মচৈতন্যনিমিত্তমেব চেতয়িতৃত্বমন্যেষামিত্যাহ—নিত্য ইতি। অনুগমনবদনুমানং স্বগতয়া ভাসা ভাদিতি শব্দাৎ প্রত্যাহ—তস্যেতি। যেনেতি। তত্র নাবেদবিন্মনুতে তং বৃহন্তমিত্যুত্তরত্র সম্বন্ধঃ। জ্যোতিঃশব্দব্যাখ্যানমুপসংহরতি—তেনেতি।

হৃদ্যন্তঃস্থিতোঽয়মাত্মা সর্ব্বাবভাসকত্বেন জ্যোতির্ভবতীতি যোজনা। পদান্তরমাদায় ব্যাচষ্টে—পুরুষ ইতি। আদিত্যাদিজ্যোতিষঃ সকাশাদাত্মজ্যোতিষি বিশেষমাহ—নিরতিশয়ং চেতি। প্রতিবচনবাক্যার্থমুপসংহরতি—স এষ ইতি। ৭

স সমানঃ সন্নিত্যাদ্যবতারয়িতুং বৃত্তং কীর্ত্তয়তি—বাহ্যানামিতি। তর্হি বাহ্যজ্যোতিঃসদ্ভাবাবস্থায়ামকিঞ্চিৎকরমাত্মজ্যোতিরিত্যাশঙ্ক্যাহ—যদাপীতি। ব্যতিরেকমুখেনো (পো) ক্তমর্থমন্বয়মুখেন কথয়তি—আত্মজ্যোতিরিতি। আত্মজ্যোতিষঃ সর্ব্বানুগ্রাহকত্বে প্রমাণমাহ—যদেতদিতি। সর্ব্বমন্তঃকরণাদি প্রজ্ঞানেত্রমিত্যৈতরেয়কে শ্রবণাদুক্তমাত্মজ্যোতিষঃ সর্ব্বানুগ্রাহকত্বমিত্যর্থঃ। কিঞ্চাচেতনানাং কার্য্যকারণানাং চেতনত্বপ্রসিদ্ধ্যনুপপত্ত্যা সদা চিদাত্মব্যাপ্তিরেষ্টব্যেত্যাহ—অভিমানো হীতি। কথমসঙ্গস্য প্রতীচং সর্ব্বত্র বুদ্ধ্যাদাবহংমান ইত্যাশঙ্ক্যাহ—অভিমানেতি। ৮

বৃত্তমনূদ্যোত্তরবাক্যমবতারয়তি—যদ্যপীতি। যথোক্তমপি প্রত্যগ্জ্যোতির্জাগরিতে দর্শয়িতুমশক্যমিতি শ্রুতিঃ স্বপ্নং প্রস্তৌতীত্যর্থঃ। অশক্যত্বে হেতুমাহ—অর্ব্বেতি। স্বপ্নে নিকৃষ্টং জ্যোতিরিতি শেষঃ। সদৃশঃ সমনুসঞ্চরতীতি সম্বন্ধঃ। সাদৃশ্যস্য প্রতিযোগি-

সাপেক্ষত্বমপেক্ষ্য পৃচ্ছতি—কেনেতি। উত্তরম্—প্রকৃতত্বাদিতি। প্রাণানামপি তুল্যং তদিতি চেত্তত্রাহ—অস্মিন্নিহিতত্বাচ্চেতি। হেতুদ্বয়ং সাধয়তি—হৃদীত্যাদিনা প্রকৃতত্বাদিকলমাহ—তস্মাদিতি। ৯

সামান্যং প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি—কিং পুনরিত্যাদিনা। বিবেকতোঽনুপলব্ধিং ব্যক্তীকর্ত্তুং বুদ্ধিজ্যোতিষোঃ স্বরূপমাহ—অবভাসত্বেতি। অবভাসকত্বে দৃষ্টান্তমাহ—আলোকবদিতি। তথাপি কথং বিবেকতোঽনুপলব্ধিস্তত্রাহ—অবভাসত্বেতি। প্রসিদ্ধিমেব প্রকটয়তি—বিশুদ্ধত্বাদ্ধীতি। উক্তমর্থং দৃষ্টান্তেন বুদ্ধাবারোপয়তি—যথেত্যাদিনা। দৃষ্টান্তগতমর্থং দার্ষ্টান্তিকে যোজয়তি—তথেতি। পুনরুক্তিং পরিহরতি—ইত্যুক্তমিতি। সর্ব্বাবভাসকত্বে কথং বুদ্ধ্যৈব সাম্যমিত্যাশঙ্ক্যাহ—তেনেতি। সর্ব্বাবভাসকত্বং তচ্ছব্দার্থঃ। কিমর্থং তর্হি বুদ্ধ্যা সাধারণমুক্তমিত্যাশঙ্ক্য দ্বারত্বেনেত্যাহ—বুদ্ধীতি। আত্মনঃ সর্ব্বেণ সমানত্বে বাক্যশেষমনুকূলয়তি—সর্ব্বময় ইতি চেতি। ১০

বাক্যশেষসিদ্ধেঽর্থে লোকভ্রান্তের্গমকত্বমাহ—তেনেতি। সর্ব্বময়ত্বেনেতি যাবৎ। আত্মানাত্মনোর্ব্বিবেকদর্শনভ্রাশকত্বে পরস্পরাধ্যাসস্তদ্ধর্ম্মাধ্যাসশ্চ ভ্রান্তস্তশ্চ লোকানাং মোহো ভবেদিত্যাহ—ইতি সর্ব্বেতি। ধর্ম্মিবিষয়ং মোহমভিনয়তি—অয়মিতি। ধর্ম্মবিষয়ং মোহং দর্শয়তি—এবং ধর্ম্মেতি। তদেব স্ফুটয়তি—কর্ত্তেত্যাদিনা। বিকল্পৈঃ সর্ব্বো লোকো মোমুহ্যত ইতি সম্বন্ধঃ। স সমানঃ সন্নিত্যস্যার্থমুক্তাবশিষ্টং ভাগং ব্যাকরোতি—অত ইত্যাদিনা। ১১

আত্মনঃ স্বাভাবিকমুভয়লোকসঞ্চরণমিত্যাশঙ্ক্যানন্তরবাক্যমাদত্তে—তত্রেতি। আত্মা সপ্তম্যর্থঃ। যতঃশব্দো বক্ষ্যমাণাতঃশব্দেন সম্বধ্যতে। অক্ষরোত্থমর্থমুক্ত্বা বাক্যার্থমাহ—ধ্যানেতি। ধ্যানবতীং বুদ্ধিং ব্যাপ্তিশ্চিদাত্মা ধ্যায়তীবেত্যত্র দৃষ্টান্তমাহ—আলোকবদিতি। যথা খল্বালোকো নীলং পীতং বা বিষয়ং ব্যাপ্নুবানস্তদাকারো দৃশ্যতে, তথাঽয়মপি ধ্যানবতীং বুদ্ধিং ভাসয়ন্ধ্যানবানিব ভবতীত্যর্থঃ। যথোক্তবুদ্ধ্যবভাসকত্বমুক্তং হেতুমনূদ্য ফলিতমাহ—অত ইতি। ইবশব্দার্থং কথয়তি—ন হীতি। বুদ্ধিধর্ম্মাণামাত্মন্যৌপাধিকত্বেন মিথ্যাত্বমুক্ত্বা প্রাণধর্ম্মাণামপি তত্র তথাত্বং কথয়তি—তথেতি। আত্মনি চলনস্যৌপাধিকত্বং সাধয়তি—তেন্দ্রিতি। ইবশব্দসামর্থ্যসিদ্ধমর্থমাহ—ন হীতি। ১২

স হীত্যাত্মনস্তরবাক্যমাকাঙ্ক্ষাদ্বারেণোত্থাপয়তি—কথমিত্যাদিনা। তচ্ছব্দো বুদ্ধিবিষয়ঃ। সঙ্করণাদীত্যাদিশব্দো ধ্যানাদিব্যাপারসংগ্রহার্থঃ। স্বপ্নো ভূত্বা লোকমতিক্রামতীতি সম্বন্ধঃ। কথমাত্মা স্বপ্নো ভবতি, তত্রাহ—স যথেতি। উক্তেঽর্থে বাক্যমবতার্য্য ব্যাকরোতি—অত আহেতি। উক্তং হেতুমনূদ্য ফলিতমাহ—মৃত্যোরিতি। রূপাণ্যতিক্রামতীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ক্রিয়াস্তৎফলানি চাশ্রয়ো যেষাং, যানি বা ক্রিয়াণাং তৎফলানাং চাশ্রয়ভূতানীতি যাবৎ। ১৩

বুদ্ধ্যবভাসকং জ্যোতিরাত্মেত্যুক্তং শ্রদ্ধা শাক্যঃ শঙ্কতে—নন্বিতি। প্রমাণাদতিরিক্তাত্মোপলব্ধিরিত্যাশঙ্ক্য প্রত্যক্ষমনুমানং চেতি প্রমাণদ্বৈবিধ্যনিয়মমভিপ্রেত্য তাভ্যামতিরিক্তা-

ত্বানুপলম্ভাদ্ভাসাবস্তীত্যাহ—ধীব্যতিরেকেণেতি। তত্র দৃষ্টান্তমাহ—যথেতি। ঘটাদিরালোকশ্চেত্যুভয়োর্মিথঃ সংসৃষ্টয়োর্বিবেকেনানুপলম্ভবদবভাস্যাবভাসকয়োর্বুদ্ধ্যাত্মনো-র্ভেদেঽপি পৃথগনুপলব্ধাদৈক্যমবভাসতে, বস্তুতস্তু তয়োরন্যত্বমেবেতি শঙ্কামনুবদতি—যত্ত্বিতি। বৈষম্যপ্রদর্শনোত্তরমাহ—তত্রেতি। দৃষ্টান্তঃ সপ্তম্যর্থঃ। ঘটাদেরন্যত্বেনেতি সম্বন্ধঃ। জ্যোতিরন্তরং নাস্তি চেৎ কুতো গ্রাহ্যগ্রাহকসম্বিত্তিরিত্যাশঙ্ক্যাহ—ধীরেবেতি। বাহ্যার্থবাদিনোঃ সৌত্রান্তিকবৈভাসিকয়োরভিপ্রায়মুপসংহরতি—তস্মাদ্নেতি। ১৪

ইদানীং বিজ্ঞানবাদী বাহ্যার্থবাদিভ্যামভ্যুপগতং দৃষ্টান্তমনুবদতি—যদপীতি। বাহ্যার্থবাদপ্রক্রিয়া ন সুগতাভিপ্রেতেতি দূষয়তি—তত্রেতি। উভয়ত্র দৃষ্টান্তস্বরূপং সপ্তম্যর্থঃ। ননু ঘটাদেরবভাস্যাদালোকোঽবভাসকো ভিন্নো লক্ষ্যতে, নেত্যাহ—পরমার্থতস্ত্বিতি। তস্য স্থায়িত্বং ব্যাবর্তয়তি—অন্যোঽন্য ইতি। প্রতীতং বিষয়প্রাধান্যং ব্যাবর্তয়ন্ তত্ত্বমেব ব্যনক্তি—বিজ্ঞানমাত্রমিতি। বিজ্ঞানবাদে যথোক্তদৃষ্টান্তরাহিত্যং কলতীত্যাহ—যদেতি। শিষ্যবুদ্ধ্যনুসারেণ ত্রিবিধং বুদ্ধাভিপ্রায়মুপসংহরতি—এবমিত্যাদিনা। পরিকল্পোত্যন্তেন বাহ্যার্থবাদমুপসংহৃত্য তস্মৈবেত্যাদিনা বিজ্ঞানবাদমুপসংজহার। তত্র বিজ্ঞানবাদোপসংহারং বিবৃণোতি—তদ্গ্রাহ্যেতি। শূন্যবাদিমতমাহ—তস্যাপীতি। তদেব স্ফুটয়তি—তদপীতি। ১৫

পক্ষত্রয়েঽপি দোষং সম্ভাবয়তি—সর্বা ইতি। কথমমূষাং কল্পনানাং দূষণমিত্যাশঙ্ক্য প্রথমং বাহ্যার্থবাদিনং প্রত্যাহ—তত্রেতি। নির্ধারণে সপ্তমী। যৎ তু ধীরেবাবভাসকত্বেন স্বাকারেতি, তত্রাহ—নেতি। যদবভাস্যং তৎস্বাতিরিক্তাবভাস্যমবভাস্যত্বাদ্ যথা ঘটাদি। অবভাস্যা চেয়ং বুদ্ধিরিত্যনুমানাদবুদ্ধিব্যতিরিক্তঃ সাক্ষী সিদ্ধতীত্যর্থঃ দৃষ্টান্তং সাধয়তি তমসীতি। তস্যাবভাসকাপেক্ষাং দর্শয়িতুং বিশেষণম্—সালোকো ঘট ইতি। সংশ্লেষাবগমান্নাস্তি ঘটস্য ব্যতিরিক্তাবভাস্যত্বমিত্যাশঙ্ক্যাহ—সংশ্লিষ্টয়োরপীতি। তবকস্তত্বং কিং তাবতেত্যাশঙ্ক্যাহ—অন্যত্বে চেতি। ব্যতিরিক্তাবভাসকত্বং তাদৃশাবভাসকসাহিত্যমিতি যাবৎ। অবভাসয়তি ঘটাদিরিতি শেষঃ। ১৬

দৃষ্টান্তস্য সাধ্যবিকলত্বে পরিহৃতে ব্যভিচারমাশঙ্ক্যতে—নন্বিতি। তদেব ব্যতিরেকমুখেনা(পা)হ—ন হীতি। অনৈকান্তিকত্বং নিগময়তি—তস্মাদিতি। প্রদীপস্য পক্ষতুল্যত্বাৎ ন ব্যভিচারোঽস্তীতি পরিহরতি নাবভাস্যত্বেতি। অথান্যাবভাসকত্বাৎ তস্য নান্যাবভাস্যত্বমিতি চেত্তত্রাহ-যদ্যপীতি। অবভাস্যত্বহেতোরব্যভিচারে ফলিতমাহ—যদা চেতি। ব্যতিরিক্তাবভাস্যত্বং বুদ্ধেরিতি শেষঃ। অবভাস্যত্বে সত্যপি প্রদীপে ব্যতিরিক্তেনৈবাবভাস্যত্বমিতি নিয়মাসিদ্ধের্ব্যভিচারতাদবস্থ্যমিতি শঙ্কতে—নন্বিতি। ১৭

যদি প্রদীপস্য স্বাবভাসনাৎপূর্বমসন্বিশেষঃ সমনন্তরকালে স্যাত্তদা স্বাত্মানং ভাসয়তীতি বক্তুং যুক্তং ন চ সোঽস্তীতি দূষয়তি নেত্যাদিনা। তদেব বিবৃণোতি—যথেতি। অবভাস্যত্বাবিশেষাদিত্যর্থঃ। প্রদীপে পরোক্তং বিশেষমনুভাষ্য দূষয়তি—যত্ত্বিত্যাদিনা। যদা দীপো ন স্বাত্মানং ভাসয়তি তদানবভাসমানঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। বিশেষা-

ভাবেঽপি দীপস্য স্বৈবাবভাসকত্বং কিং ন স্যাদিতি চেত্তত্রাহ—ন হীতি। দীপস্য বিশেষান্তরাভাবেঽপি স্বাত্মসন্নিধ্যসন্নিধী বিশেষাবিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। দীপস্য স্বেনাত্মনা বা যস্মিন্বিশেষাভাবে ফলিতমাহ—অসতীতি। ১৮

ব্যভিচারনিরাসপূর্ব্বকং ভাস্যভাস্যমানমুপপাদ্যানুমানান্তরমাহ—চৈতন্যেতি। যদ্‌-ব্যঞ্জকং তৎস্ববিজাতীয়ব্যঙ্গ্যং যথা সূর্য্যাদি, ব্যঞ্জকং চ বিজ্ঞানং তস্মাদ্বিজ্ঞানব্যতিরিক্ত-শিদাত্মা সিধ্যতীত্যর্থঃ। প্রদীপস্য ন স্বাবভাসকত্বং কিং তু বিজাতীয়চৈতন্যাবভাস্যত্বমিতি স্থিতে ফলিতমাহ—তস্মাদিতি। যদ্গ্রাহ্যং তদ্গ্রাহকান্তরগ্রাহ্যং যথা দীপঃ, গ্রাহ্যং চেদং বিজ্ঞানমিত্যনুমানান্তরমাহ—চৈতন্যেতি। তথাপি কথং স্বদিষ্টগ্রাহকসিদ্ধিরিত্যাশঙ্ক্য বিমৃশতি—চৈতন্যগ্রাহ্যত্বে চেতি। কথং তর্হি নির্ণয়স্তত্রাহ—ইতি তত্র সন্দিহ্য-মান ইতি। অস্তু লোকানুসারী নিশ্চয়ো লোকস্তু কথমিত্যাশঙ্ক্যাহ—তথা চেতি। তথাপি কুতো বিবক্ষিতাত্মজ্যোতিস্তত্রাহ—যশ্চেতি।

বিজ্ঞানস্য গ্রাহকান্তরগ্রাহ্যত্বে তস্যাপি গ্রাহকান্তরাপেক্ষায়ামনবস্থাপ্রসক্তিরিতি শঙ্কতে—তদাঽনবস্থেতি চেদিতি। কূটস্থবোধস্য বিজ্ঞানসাক্ষিণোঽবিষয়ত্বান্নানবস্থেতি পরি-হরতি—নেতি। যদ্গ্রাহ্যং তৎ স্বাতিরিক্তগ্রাহ্যং যথা ঘটাদীতি, গ্রাহ্যত্বমাত্রং বুদ্ধিগ্রাহকস্য ততো বস্তুত্বে প্রদীপস্য স্বানবভাস্যত্বন্যায়েন লিঙ্গমুক্তং ন চ বুদ্ধিসাক্ষিণো গ্রাহ্যত্বমস্তি কূটস্থ-দৃষ্টিস্বাভাব্যাৎ তৎ কুতোঽনবস্থেত্যুপপাদয়তি—গ্রাহ্যত্বমাত্রং হীতি। সাক্ষী স্বাতি-রিক্তগ্রাহ্যো গ্রাহকত্বাদ্ বুদ্ধিবদিত্যাশঙ্ক্যাহ—নাস্তীতি। গ্রাহকত্বং হি গ্রহণকর্তৃত্বং বা তৎ সাক্ষিত্বং বা। আদ্যে বুদ্ধিসাক্ষিণো মুখ্যবৃত্ত্যা গ্রহণকর্তৃত্বে ন কিঞ্চিল্লিঙ্গং সম্ভবতি। দ্বিতীয়ে তস্য গ্রাহকান্তরাভাবে ন কদাচিদপি প্রমাণমস্তি তৎকুতোঽনবস্থেত্যর্থঃ। ১৯

গ্রাহকানবস্থাং পরিহৃত্য করণানবস্থামাশঙ্কতে—বিজ্ঞানস্যেতি। তস্য হি গ্রাহ্যত্বে চক্ষুরাদিস্থানীয়েন করণেন ভবিতব্যং তস্যাপি গ্রাহ্যত্বেঽন্যৎকরণমিত্যনবস্থাং দূষয়তি—ন নিয়মাভাবাদিতি। নিয়মাভাবং সাধয়তি—ন হীত্যাদিনা। বৈচিত্র্যদর্শনমা-কাঙ্ক্ষাপূর্ব্বকং স্ফুটয়তি—কথমিত্যাদিনা। উভয়ব্যতিরেকং বিশদয়তি—ন হীতি। তথাপি কথং বৈচিত্র্যং তত্রাহ—ঘটবদিতি। নিয়মাভাবমুপসংহরতি—তস্মাদিতি। অনবস্থাদোষনিরাকরণং নিগময়তি—তস্মাদ্বিজ্ঞানস্যেতি। বাহ্যার্থবাদিমতনিরাকরণমুপ-সংহরতি—তস্মাৎ সিদ্ধমিতি। ২০

বাহ্যার্থবাদিনি ধ্বস্তে বিজ্ঞানবাদী চোদয়তি—নন্বিতি। বাহ্যার্থো বিজ্ঞানাতিরিক্তো নাস্তীত্যত্র প্রমাণমাহ—যদ্ধীতি। নোপলভ্যতে চ জাগ্রদ্বস্তু জাগ্রদ্বিজ্ঞানব্যতিরেকেণেতি শেষঃ। দৃষ্টান্তং সমর্থয়তে—স্বপ্নেতি। দার্ষ্টান্তিকং বিবৃণোতি—তথেতি। উক্তমনু-মানমুপসংহরতি—তস্মাদিতি। সর্ব্বং বিজ্ঞানমাত্রমিতি স্থিতে ফলিতমাহ—তত্রেতি। কিমিতি তস্য মিথ্যাত্বং তত্রাহ—সর্ব্বস্যেতি। ২১

বাহ্যার্থাপলাপবাদিনং দূষয়তি—নেত্যাদিনা। হেতুং বিশদয়তি—নাস্তীতি। বিজ্ঞানমাত্রবাদিনাদেকান্তেন বাহ্যার্থাসত্ত্বাপত্তিরিতি শঙ্কতে—নন্বিতি। বাহ্যার্থং হঠা-দঙ্গীকারয়তি—নেত্যাদিনা। অন্বয়মুখেনোক্তমর্থং ব্যতিরেকমুখেন(ণ) বিশদয়তি—

বিজ্ঞানাদিতি। জ্ঞানজ্ঞেয়য়োরৈক্যে দোষান্তরমাহ—তথেতি। অনর্থকং শাস্ত্রমুপদিশতো বুদ্ধস্য সর্ব্বজ্ঞত্বং ন স্যাদিত্যাহ—তৎকর্তুরিতি। বাশব্দশ্চার্থঃ। ২২

ইতশ্চ সর্ব্বস্য নাস্তি বিজ্ঞানমাত্রত্বমিত্যাহ—কিঞ্চান্যদিতি। ন কেবলং পূর্ব্বোক্তোপপত্তিবশাদেব বাহ্যার্থোঽভ্যুপেয়ঃ কিন্তু তত্রৈবান্যদপি কারণমুচ্যত ইতি যাবৎ। তদেব স্ফুটয়তি—বিজ্ঞানেনেতি। যদ্গ্রাহ্যং তৎস্বব্যতিরিক্তগ্রাহ্যং যথা প্রতিবাদ্যাদি জাগ্রদ্বস্তু চেদং গ্রাহ্যমিত্যনুমানান্ন বাহ্যার্থাপলাপসিদ্ধিরিত্যর্থঃ। দৃষ্টান্তে বিপ্রতিপত্তিং প্রত্যাহ—ন হীতি। নিরাকর্ত্তব্যত্বেঽপি তেষাং জ্ঞানমাত্রত্বং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাত্মীয়জ্ঞানস্বমাত্রজ্ঞানত্বং বা তেষামিতি বিকল্প্য ক্রমেণ দূষয়তি—ন হীত্যাদিনা। স্বকীয়নিষেধে স্বনিষেধে চানিষ্টাপত্তিমাচষ্টে—তথাচেতি। যদঙ্গীকারালোচনায়ামপি প্রতিবাদ্যাদীনাং বিজ্ঞানাতিরেকঃ সেৎস্যতীত্যাহ—নচেতি। অন্যথা বিবাদাভাবাপাতাদিতি ভাবঃ। কথং তর্হি তেষামঙ্গীকারস্তত্রাহ—ব্যতিরিক্তেতি। সিদ্ধে দৃষ্টান্তে ফলিতমনুমানং নিগময়তি—তস্মাদিতি। কিঞ্চ চৈত্রসন্তানেন মৈত্রসন্তানো ব্যবহারাদনুমীয়তে সর্ব্বজ্ঞানেন চাসর্ব্বজ্ঞজ্ঞানানি জ্ঞায়ন্তে তত্র ভেদস্য তেঽপি সিদ্ধেস্তদ্দৃষ্টান্তাল্লীলাদেস্তদ্ভিন্নস্য ভেদঃ শক্যোঽনুমাতুমিত্যাহ—সন্তত্যন্তরবদিতি। ইতি ন বাহ্যার্থাপলাপসিদ্ধিরিতি শেষঃ। তদপলাপাসম্ভবে ফলিতমাহ—তস্মাদিতি। ২৩

বিজ্ঞানাদর্থভেদোক্ত্যা প্রত্যগাত্মাবিজ্ঞানাতিরিক্ত উক্তঃ। সম্প্রতি বিমতং ন জ্ঞানভিন্নং গ্রাহ্যত্বাৎ স্বপ্নগ্রাহ্যবদিত্যুক্তমনুবদতি স্বপ্ন ইতি। অযুক্তং বিজ্ঞানাতিরিক্তমর্থস্যেতি শেষঃ। দৃষ্টান্তস্য সাধ্যবিকলতামভিপ্রেত্য পরিহরতি—নাভাবাদপীতি। সংগ্রহবাক্যং বিবৃণোতি—তত্রৈবেতি। বাহ্যার্থবাদিভ্যো বিশেষমাহ—তদভ্যুপগমেত্যেতি। তথাপি কথং দৃষ্টান্তস্য সাধ্যবিকলতেত্যাশঙ্ক্যাহ—স হীতি। ঘটাদিবিজ্ঞানস্য ভাবভূতত্বাভ্যুপগতস্য ঘটাদের্ভাবাদভাবাদ্বা বিষয়াদর্থান্তরত্বাদস্য কস্যচিদ্বাহ্যার্থস্যোপগমাদ্দৃষ্টান্তস্য সাধ্যবিকলতা সুপ্রসিদ্ধেত্যর্থঃ। মাধ্যমিকমতমতিদেশেন নিরাকরোতি—এতেনেতি। জ্ঞানজ্ঞেয়য়োর্নিরাকর্তুমশক্যত্ববচনেনেতি যাবৎ। আত্মনো গ্রাহ্যত্বাহমিতি প্রত্যগাত্মনৈব গ্রাহ্যতেতি মীমাংসকমতমপি প্রত্যুক্তমেকস্যৈব গ্রাহ্যগ্রাহকতায়া নিরস্তত্বাদিত্যাহ—প্রত্যগাত্মেতি। ২৪

ক্ষণভঙ্গবাদিনোক্তমনূদ্য প্রত্যভিজ্ঞাবিরোধেন নিরাকরোতি—যত্তূক্তমিত্যাদিনা। ক্ষণিকেঽপি প্রত্যভিজ্ঞোপপত্তিং শাক্যঃ শঙ্কতে—সাদৃশ্যাদিতি। দৃষ্টান্তং বিঘটয়ন্নুত্তরমাহ—ন তত্রাপীতি। তথাপি কথং তত্র প্রত্যভিজ্ঞেত্যাশঙ্ক্যাহ—জাতীতি। তন্নিমিত্তা তেষু প্রত্যভিজ্ঞেতি শেষঃ। তদেব প্রপঞ্চয়তি—কৃত্তেম্বিতি। অত্রান্ত ইতি ছেদঃ। কিমিতি জাতিনিমিত্তৈষা ধীর্ব্যক্তিনিমিত্তা কিং ন স্যাদত আহ—ন হীতি। ননু সাদৃশ্যবশাদ্ব্যক্তিমেব বিষয়ীকৃত্য প্রত্যভিজ্ঞানং কেশাদিষু কিং ন স্যাত্তত্রাহ—কস্যচিদিতি। অভ্রান্তস্যেতি যাবৎ। দার্ষ্টান্তিকে বৈষম্যমাহ—ঘটাদিম্বিতি। বৈষম্যমুপসংহরতি—তস্মাদিতি। ২৫

এবমত্বং ক্ষণিকং যথা প্রদীপাদি সন্তন্যামী তাবা ইত্যনুমানবিরোধাদ্ভ্রান্তং প্রত্যভিজ্ঞান-মিত্যাশঙ্ক্যাহ—প্রত্যক্ষেণেতি। অনুকূলানুমানবৎপ্রত্যক্ষবিরোধে ক্ষণিকত্বানুমানং দোষেত্যবাধিতবিষয়ত্বাভাবাদনুমিত্যজনকমিতি ভাবঃ। ইতশ্চ প্রত্যভিজ্ঞানং সাদৃশ্যনিবন্ধনো ভ্রমো ন ভবতীত্যাহ—সাদৃশ্যেতি। তদনুপপত্তৌ হেতুমাহ জ্ঞানস্যেতি। তত্র ক্ষণিকত্বেঽপি কিঞ্চিতি সাদৃশ্যপ্রত্যয়ো ন সিধ্যতীত্যাশঙ্ক্যাহ—একস্যেতি। অস্তু তর্হি বস্তুদ্বয়দর্শিত্বমেকস্যেতি চেন্নেত্যাহ—ন দ্বিতি। উক্তমেবার্থং প্রপঞ্চয়তি—তেনেত্যা-দিনা। ভবতু কিং তাবতেতি তত্রাহ—তেনেতি দৃষ্টমিতি। অবতিষ্ঠেত যদীতি শেষঃ। ২৬

ক্ষণিকত্বহানিপরিহারং শঙ্কিত্বা পরিহরতি—অথেত্যাদিনা। তত্র হেতুমাহ—অনেকেতি। পরপক্ষে দোষান্তরমাহ ব্যপদেশেতি। তদেব বিবৃণোতি ইদ-মিতি। ব্যপদেশস্য ক্ষণেঽনবস্থানাসিদ্ধিং শঙ্কিত্বা দূষয়তি—অথেত্যাদিনা। অন্যো দ্রষ্টান্যশ্চ ব্যপদেষ্টেত্যাশঙ্ক্য পরিহরতি—অথেত্যাদিনা। শাস্ত্রপ্রণয়নাদীত্যাদিশব্দেন শাস্ত্রীয়ং সাধ্যসাধনাদি গৃহ্যতে। ক্ষণিকত্বপক্ষে দূষণান্তরমাহ—অকৃতেতি। ২৭

ব্যপদেশানুপপত্তিমুক্তাং সমাদধানঃ শঙ্কতে—দৃষ্টেতি। সাদৃশ্যপ্রত্যয়স্য শৃঙ্খলা-স্থানীয়েন প্রত্যয়েনৈব সেৎস্যতীত্যাহ—তেনেদমিতি। অপসিদ্ধান্তপ্রসক্ত্যা প্রত্যাচষ্টে—নেত্যাদিনা। তাবেবোক্তৌ যৌ প্রত্যয়ৌ বিষয়ৌ তদবগাহী চেন্মধ্যবর্তী শৃঙ্খলাবয়ব-স্থানীয়ঃ প্রত্যয় ইতি যাবৎ। ক্ষণানাং মিথঃ সম্বন্ধস্তর্হি মা ভূদিতি চেত্তত্রাহ—মমেতি। ব্যপদেশসাদৃশ্যপ্রত্যয়ানুপপত্তিস্তু স্থিতৈবেতি চকারার্থঃ। ২৮

যৎ তু বিজ্ঞানস্য দুঃখাদ্যাপন্নত্বং তদ্দূষয়তি—সর্বস্য চেতি। শুদ্ধত্বাত্তৎসংসর্গাদ্ভাবাচ্চ ন জ্ঞানস্য দুঃখাদিসংপ্লবঃ স্বসংবেদ্যত্বাদ্দীপাদিবদিত্যর্থঃ। জ্ঞানস্য শুদ্ধবোধৈকস্বাভাব্যমসিদ্ধং দাড়িমাদিবন্নানাবিধদুঃখাদ্যংশবত্ত্বসম্ভবাদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। তত্রৈব হেত্বন্তরমাহ—অনিত্যেতি। তেষাং তদ্ধর্মত্বে সত্যানুভূয়মানত্বাৎ ততোঽতিরিক্তত্বং তদ্ধর্মাণাং ধর্মিমাত্রত্বাভাবাদ্যেয়ানাং চ নানাদর্থান্তরত্বাদতো যন্নৈবং ন তজ্-জ্ঞানাংশো যথা ঘটাদি নৈবং চ দুঃখাদীত্যর্থঃ। জ্ঞানস্য দুঃখাদি ধর্মো ন ভবতি কিন্তু স্বরূপ-মেবেতি শঙ্কামনূদ্য দোষমাহ—অথেত্যাদিনা। অনুপপত্তিমেব প্রকটয়তি—সংযোগীত্যাদিনা। স্বাভাবিকস্যাপি বিয়োগোঽস্তি পুষ্পরক্তত্বাদীনাং তথোপলব্ধে-রিত্যাশঙ্ক্যাহ—যদপীতি। দ্রব্যান্তরশব্দেন পুষ্পসম্বন্ধিনোঽবয়বাস্তদীয়রক্তত্বাদ্যারম্ভকা বিবক্ষিতাঃ। বিমতং সংযোগপূর্বকং বিভাগবত্ত্বাদ্যেষাদিবদিত্যনুমানান্ন স্বাভাবিকস্য সতি বস্তুনি নাশোঽস্তীত্যর্থঃ। অনুমানানুগুণং প্রত্যক্ষং দর্শয়তি—বীজেতি। কার্পাসাদি-বীজে দ্রব্যবিশেষসম্পর্কাদ্রক্তাদিবাসনয়া তৎ পুষ্পাদীনাং রক্তাদিগুণোদয়োপলম্ভাৎ তৎসং-যোগিদ্রব্যাপগমাদেব তৎ পুষ্পাদিষু রক্তত্বাদ্যনুপপত্তিরিত্যর্থঃ। বিশুদ্ধ্যনুপপত্তিমুপসংহরতি—অত ইতি। ২৯

কল্পনান্তরমনূদ্য দূষয়তি—বিষয়বিষয়ীতি। কথং পুনস্তন্নিদ্ধান্তেন সংসর্গাভাব-স্তত্র বিষয়েণ সংসর্গাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। যথাত্রসংসর্গস্ত্রয়োরপি জ্ঞানস্য বিষয়-

বিষয়াভাসত্বমলং স্যাদিতি চেৎ তত্রাহ—অন্যত্তি চেত্তি। কল্পনান্তরমপ্রামাণিকমনাদেয়মিত্যুপসংহরতি—তস্মাদিত্তি। ৩০

কল্পনান্তরমুত্থাপয়তি—যদপীত্তি। উপশান্তির্নির্বাণশব্দার্থঃ। দূষয়তি—তত্রাপীত্তি। কল্যভাবেঽপি ফলং স্যাদিতি চেন্নেত্যাহ—কণ্টে চত্তি। দার্ষ্টান্তিকং বিবৃণোত্তি—যস্ত হীত্তি। নন্বন্যতেঽপি বস্তুনোঽদ্বয়ত্বাত্তস্যাসঙ্গস্য কেনচিদপি সংযোগবিয়োগয়োরযোগাৎ কল্পিত্বাসম্ভবে মোক্ষাসম্ভবাদি তুল্যমিত্যাশঙ্ক্যাহ—যস্ত পুনরিত্তি। যদ্যপি পূর্ণং বস্তু বস্তুতোঽসঙ্গমঙ্গীক্রিয়তে তথাপি ক্রিয়াকারকফলভেদস্যাবিদ্যামাত্রকৃতত্বাদস্মন্মতে সর্ব্বব্যবহারসম্ভবাৎ ন সাম্যমিতি ভাবঃ। নন্ বাহ্যার্থবাদো বিজ্ঞানবাদশ্চ নিরাকৃতৌ শূন্যবাদো নিরাকর্ত্তব্যোঽপি কস্মান্ন নিরাক্রিয়তে তত্রাহ—শূন্যবাদীত্তি। সমস্তস্য বস্তুনঃ সত্ত্বেন ভানাৎ মানানাং চ সর্ব্বেষাং সবিষয়ত্বাৎ শূন্যস্য চাবিষয়তয়া প্রাপ্ত্যভাবেন নিবাকরণানর্হত্বাত্তদ্বিষয়ে চ শূন্যবাদিনৈব বিষয়নিরাকরণোক্ত্যা শূন্যস্যাপহ্নুবাত্তস্য চ স্ফুরণাস্ফুরণয়োঃ সর্ব্বশূন্যত্বাযোগাত্তদ্বাদিনশ্চ সত্ত্বাসত্ত্বয়োস্তদনুপপত্তেঃ সংবৃতেশ্চাশ্রয়াভাবাদসম্ভবাত্তদাশ্রয়ত্বে চ শূন্যস্য স্বরূপহানান্নিরাশ্রয়ত্বেং চাসংবৃতিত্বান্নাস্যাভিত্তত্বাদনিরাসায়াদরঃ ক্রিয়তে তৎসিদ্ধং বুদ্ধ্যাদ্যতিরিক্তং নিত্যসিদ্ধমত্যন্তশুদ্ধং কূটস্থমদ্বয়মাত্মজ্যোতিরিতি ভাবঃ॥ ২৫৮॥ ৭॥

ভাষ্যানুবাদ। ইতঃপূর্ব্বে যে সমস্ত কথা বলা হইয়াছে, তাহাতে, যদিও আত্মার দেহাতিরিক্ততা সিদ্ধ হইয়াছে সত্য, তথাপি জগতে যখন সমানজাতীয় পদার্থসমূহের মধ্যেই অনুগ্রাহ্য-অনুগ্রাহকভাব দৃষ্ট হয়, তখন সহজেই ভ্রম উপস্থিত হইতে পারে যে, উক্ত আত্মা কি চক্ষুঃ প্রভৃতি করণবর্গেরই অন্যতম (একটী), ? অথবা ভিন্ন ? ইহা স্থির করিতে না পারিয়া জনক মহারাজ জিজ্ঞাসা করিতেছেন—'কতমঃ' ইতি। সূক্ষ্মতানিবন্ধন -বিষয়টী সহজ বুদ্ধিগম্য নয় ; এই কারণে এ বিষয়ে ভ্রম হওয়া সম্ভবপরই বটে। অথবা, আত্মা দেহ হইতে পৃথক্, ইহা প্রমাণিত হইলেও, চক্ষুঃ প্রভৃতি সমস্ত 'করণ'ই যেন চৈতন্যসম্পন্ন বলিয়াই প্রতীত হইয়া থাকে, অথচ সে সমুদয় হইতে আত্মার বিবেক বা পার্থক্যও বুঝিতে পারা যায় না ; এই জন্য, অর্থাৎ এই সংশয় দূরীকরণের নিমিত্ত আমি (জনক) জিজ্ঞাসা করিতেছি—"কতম আত্মা" ইতি। তুমি যে আত্মার কথা বলিয়াছ, [জিজ্ঞাসা করি—] দেহ, ইন্দ্রিয়, প্রাণ ও মন—ইহাদের মধ্যে সেই জ্যোতির্ম্ময় আত্মা কোনটী ?—যে জ্যোতির সাহায্যে পুরুষ ব্যবহার নিষ্পাদন করিয়া থাকে—বলা হইয়াছে। ১

অথবা, তুমি এই যে আত্মাকে বিজ্ঞানময় বলিয়া মনে করিয়াছ ;—অভিপ্রায় এই যে, যেমন বলা হইয়া থাকে—'এখানে যে সমুদয় ব্রাহ্মণ উপস্থিত

আছেন, ইঁহারা সকলেই তেজস্বী; ইহাদের মধ্যে ষড়ঙ্গবিদ্ (১) ব্রাহ্মণ কোন্‌টী'? সেইরূপ চক্ষুঃ কর্ণ প্রভৃতি সমস্ত ইন্দ্রিয়ই যেন বিজ্ঞানময় বলিয়া প্রতীত হইতেছে; ইহাদের মধ্যে তুমি যাহাকে এই বিজ্ঞানময় আত্মা বলিয়া অভিপ্রায় প্রকাশ করিয়াছ, সেই বিজ্ঞানময় আত্মা কোনটী? পূর্ব্বোক্ত ব্যাখ্যাতে 'কতম আত্মা' এইটুকু মাত্র প্রশ্ন বাক্য; 'যোঽয়ং বিজ্ঞানময়ঃ' ইত্যাদি বাক্য তাহার প্রতিবচন বা উত্তরাংশ; দ্বিতীয় ব্যাখ্যায় 'বিজ্ঞানময়ঃ প্রাণেষু' এই পর্য্যন্তই প্রশ্নবাক্য বুঝিতে হইবে (২)। অথবা, 'কতমঃ' হইতে 'হৃদ্যন্তর্জ্জ্যোতিঃপুরুষঃ' এই পর্য্যন্ত সমস্তটাই প্রশ্নবাক্য। যাহার স্বরূপগত বিশেষত্ব অবধারিত আছে, 'যোঽয়ং বিজ্ঞানময়ঃ' কথায় তাহাই প্রতিপাদিত হইয়াছে; এই শব্দার্থ-সম্বন্ধ এবং প্রশ্নবাক্য পরিসমাপ্তিসূচক 'কতম আত্মা ইতি' এই 'ইতি' শব্দেরও অব্যবধানে সম্বন্ধ হওয়াই যুক্তিযুক্ত; এইজন্য বেশ বুঝা যাইতেছে যে, 'কতম আত্মা' এই পর্য্যন্তই প্রশ্নবাক্য, আর পরবর্ত্তী 'যোঽয়ম্' ইত্যাদি সমস্তটাই তাহার উত্তর বাক্য। ২

আত্মা প্রত্যক্ষসিদ্ধ; এই জন্য প্রত্যক্ষবোধক 'অয়ং' শব্দে তাহার নির্দ্দেশ করা হইয়াছে। 'বিজ্ঞানময়' অর্থ—বিজ্ঞানপ্রায় (বিজ্ঞানপ্রচুর)—রাহু যেরূপ চন্দ্র ও সূর্য্যের সহিত সম্বদ্ধ হইয়া লোকলোচনগোচর হয়, তদ্রূপ বিজ্ঞানময় আত্মাও, বুদ্ধি-বিজ্ঞানরূপ উপাধির সহিত অবিবেকবশতঃ

---

(১) তাৎপর্য্য—এখানে 'ষড়ঙ্গ' শব্দে ছয়টী বেদাঙ্গ বুঝিতে হইবে। বেদাঙ্গ ছয়টী এই-(১) শিক্ষাসূত্র (ইহাতে বর্ণের উচ্চারণাদির নিয়ম লিখিত আছে); (২) কল্পসূত্র (ইহা যাগযজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠানপদ্ধতি; (৩) ব্যাকরণ (পদ সাধনাদির নিয়মপ্রদর্শক শাস্ত্র); (৪) নিরুক্ত (বৈদিক শব্দের যোগার্থ নিরূপক শাস্ত্র); (৫) ছন্দঃ (প্রসিদ্ধ ছন্দঃপ্রক্রিয়া-প্রদর্শক শাস্ত্র); (৬) জ্যোতিষ (গ্রহনক্ষত্রাদির স্বরূপ ও গতি প্রভৃতি নিরূপক শাস্ত্র)।

(২) তাৎপর্য্য—আত্মা স্বভাবতঃ নির্গুণ, নিষ্ক্রিয় ও নির্ব্বিকার; সুতরাং তাহাতে সুখ দুঃখ, ধ্যান ধারণা কিংবা গমনাগমন কিছুই থাকিতে পারে না; অথচ সকলেই আত্মার ঐ সমস্ত অবস্থা অনুভব করিয়া থাকে। ইহার কারণ কি? ইহার কারণ অবিবেক—অগ্নিযোগে লৌহ যেরূপ অগ্নিময় হইয়া যায়, লৌহের দাহশক্তি না থাকিলেও—তদবস্থায় "অয়ো দহতি" - লৌহ দগ্ধ করিতেছে, এইরূপ প্রয়োগ করা হয়, ঠিক তেমনি সুখদুঃখ ও ক্রিয়াশালিনী বুদ্ধির সহিত দীর্ঘকালব্যাপী ঘনিষ্ঠ সম্বন্ধে সম্বদ্ধ হইয়া বিশুদ্ধ আত্মাও বিজ্ঞানাত্মক বুদ্ধির ধর্ম্মে অনুরঞ্জিত হইয়া বুদ্ধির মতই প্রতিভাসমান হয়; এই জন্য আত্মাকে 'বিজ্ঞানময়' শব্দে নির্দ্দেশ করা হইয়াছে।

বা পার্থক্যবোধ না থাকায়, যেন বুদ্ধিময় বলিয়াই প্রতীত হয়, সেই হেতু বুদ্ধিবিজ্ঞানসমন্বিত আত্মা'বিজ্ঞানময়'বলিয়া অভিহিত হইয়া থাকে। অন্ধকারে সম্মুখস্থ প্রদীপ যেরূপ সর্ববস্তুর প্রকাশক হয়,তদ্রূপ বুদ্ধিও আত্মার সমস্ত বিষয়-প্রতীতির প্রধান সহায় হয়। শ্রুতিও বলিয়াছেন—'মনের দ্বারাই দর্শন করে, মনের দ্বারাই শ্রবণ করে' ইতি। অন্ধকার মধ্যে দর্শনযোগ্য যত কিছু বিষয় থাকে ; সে সমস্তইযেমন সম্মুখস্থ প্রদীপালোকে সমুদ্ভাসিত হইয়া যায়, তেমনি দৃশ্য বিষয়মাত্রই বুদ্ধিবিজ্ঞানের আলোক সহযোগেই দৃষ্টিগোচর হইয়া থাকে ; অতএব বুঝিতে হইবে যে, দর্শন ব্যাপারে বুদ্ধিই প্রধান, অপরাপর ইন্দ্রিয়সমূহ তাহার দ্বার বা সহায় মাত্র। এই জন্য সেই বুদ্ধি দ্বারাই আত্মাকে বিশেষিত করিয়া বলা হইয়াছে—"বিজ্ঞানময়" ইতি। ৩

যাহারা ব্যাখ্যা করেন যে, 'বিজ্ঞানময়' অর্থ—পরমাত্মবিষয়ক বিজ্ঞানের বিকার ; তাহাদের ঐরূপ অর্থ যে, শ্রুতিসম্মত নহে, তাহা নিশ্চয় করিয়া বলা যাইতে পারে ; কারণ, অন্যত্র 'বিজ্ঞানময়' ও 'মনোময়' প্রভৃতি ময়ট্ প্রত্যয়ান্ত শ্রৌত শব্দগুলির বিকার ভিন্ন অর্থেও প্রয়োগ দেখিতে পাওয়া যায় (১)। বিশেষতঃ যে শব্দের অর্থবিশেষ নির্ণয়ের পক্ষে সংশয় উপস্থিত হয়, সেখানেই অন্য স্থানীয় অসন্দিগ্ধ প্রয়োগ দেখিয়া অর্থবিশেষ নির্দ্ধারণ করিতে হয় ; এখানেও পরবর্ত্তী বাক্যানুসারে কিংবা নিশ্চিত ন্যায় বা সিদ্ধান্ত বলে এবং 'সধীঃ' অর্থাৎ 'বুদ্ধিবৃত্তিসমন্বিত' এইরূপ পরবর্ত্তী বাক্যানু-সারে ঐরূপ অর্থবিশেষই নির্দ্ধারণ করিতে হইবে ; অতএব 'হৃদি অন্তঃ' এই বিস্পষ্ট প্রমাণানুসারে 'বিজ্ঞানময়' শব্দের 'বিজ্ঞানপ্রাচুর্য্য' অর্থ গ্রহণ করাই যুক্তিযুক্ত। ৪

আত্মা যে, প্রাণসমূহের অতিরিক্ত বা পৃথক্ বস্তু, ইহা জ্ঞাপনের জন্য 'প্রাণেষু' পদে সপ্তমী বিভক্তি প্রযুক্ত হইয়াছে ; যেমন 'বৃক্ষেতে পাষাণ'

---

(১) তাৎপর্য্য—বিকার ও অবয়বাদি নানা অর্থে ময়ট্ প্রত্যয়ের বিধান থাকিলেও বিকারার্থেই তাহার অধিক প্রয়োগ দেখিতে পাওয়া যায় ; তাই আশঙ্কা হইয়াছিল যে, এই'বিজ্ঞানময়' শব্দের ময়ট্ প্রত্যয়ও বিকারার্থেই হইয়াছে ; সুতরাং উহার অর্থ হইতেছে বিজ্ঞানের (বুদ্ধির) বিকার বা পরিণাম ; সেই আশঙ্কা অপনয়নার্থ ভাষ্যকার বলিতেছেন—'মনোময় প্রভৃতি' অন্যান্য শ্রৌত শব্দে যখন বিকার ভিন্ন অর্থেও ময়ট্ প্রত্যয় স্বীকার করিতে হইয়াছে, তখন 'বিজ্ঞানময়' শব্দেও যাহারা বিকারার্থ ব্যাখ্যা করিয়া থাকেন, তাহাদের ব্যাখ্যা কখনই সমীচীন বলিয়া গ্রহণ করা যাইতে পারে না।

বলিলে পরস্পর বিভিন্ন পদার্থ—বৃক্ষ ও পাষাণের সামীপ্য মাত্র বোধ করায়, ইহাও ঠিক তদ্রূপ। সাধারণতঃ সংশয় হইয়া থাকে যে, আত্মা ইন্দ্রিয়াদি হইতে পৃথক্ কিংবা অপৃথক্; তাই শ্রুতি বলিয়া দিতেছেন যে, আত্মা কখনই প্রাণ বা ইন্দ্রিয় নহে; পরন্তু সে সমুদয় হইতে সম্পূর্ণ পৃথক্ বস্তু। ইহা যুক্তিযুক্তও বটে; যে পদার্থ অপর যে সমুদয় পদার্থের মধ্যে বর্ত্তমান থাকে, সে পদার্থটী নিশ্চয়ই সে সমুদয় পদার্থ হইতে স্বতন্ত্র; যেমন 'পাষাণে স্থিত বৃক্ষ'। ৫

'হৃদি' ইত্যাদি। পুনশ্চ এরূপ আশঙ্কা হইতে পারে যে, প্রাণে স্থিত আত্মা প্রাণ-সজাতীয় বুদ্ধিও হইতে পারে; সেই আশঙ্কা অপনয়নের নিমিত্ত বলিলেন—'হৃদি—অন্তঃ' ইতি। এখানে হৃৎ অর্থ পদ্মাকার মাংসখণ্ড; বুদ্ধি তাহার মধ্যে অবস্থান করে; এই জন্য উহা হৃৎপদবাচ্য; সুতরাং 'হৃদি' অর্থ—বুদ্ধিতে। আত্মা যে, বুদ্ধির বৃত্তিবিশেষ নহে, ইহা জ্ঞাপনের জন্য, বলা হইয়াছে—'অন্তঃ' ইতি। বুদ্ধিবৃত্তি বুদ্ধিরই অবস্থাবিশেষ; সুতরাং তাহা 'অন্তঃস্থ' হইতে পারে না। 'জ্যোতিঃ' শব্দের অর্থ—স্বয়ংপ্রকাশস্বভাব; সুতরাং জ্যোতিঃশব্দে স্বপ্রকাশ আত্মা অভিহিত হইয়াছে। ব্যবহারিক পুরুষ সেই প্রকাশশীল আত্ম-জ্যোতির সাহায্যে স্থিতি লাভ করে, গমন করে, কর্ম্ম করে; কেন না, সূর্য্যালোকের মধ্যবর্ত্তী ঘট যেমন প্রকাশাত্মকের ন্যায় হয়, অথবা পরীক্ষার জন্য মরকত মণিকে দুগ্ধের মধ্যে নিক্ষেপ করিলে, সেই দুগ্ধ যেমন মরকত মণির সমান আভাযুক্ত দেখায়, তেমনি এই আত্ম-জ্যোতিও হৃদয় অপেক্ষাও অতি সূক্ষ্মত্ব নিবন্ধন হৃদয়ের মধ্যে থাকিয়াও, হৃদয় ও দেহেন্দ্রিয়সমষ্টিকে এক সঙ্গে স্বীয় জ্যোতিঃপ্রভায় উদ্ভাসিত করিয়া থাকে;—সর্ব্বাপেক্ষা অভ্যন্তরস্থ বলিয়া স্থূল-সূক্ষ্মভাবের তারতম্যানুসারে পরম্পরা-সম্বন্ধে চেতনের ন্যায় করিয়া থাকে। ৬

বুদ্ধি বস্তুটী স্বভাবতই স্বচ্ছ এবং আত্মার অতি সন্নিহিত; এই কারণে উহা আত্মচৈতন্যজ্যোতির ঠিক অনুরূপ হইয়া থাকে; সেই জন্যই বিবেকিগণেরও—যাহারা আত্মা ও অনাত্মার পার্থক্য অবগত আছেন, তাহাদেরও ঐ বুদ্ধিতে প্রথমে আত্মাভিমান হইয়া থাকে; পরে বুদ্ধির সন্নিহিত মনেতে—বুদ্ধিসম্পর্কবশতই আত্ম-চৈতন্যজ্যোতিঃ প্রতিফলিত হইয়া থাকে; অনন্তর মনের সহিত সম্পর্ক থাকায় ইন্দ্রিয়সমূহে আত্মচৈতন্যের সমুদ্ভাসন ঘটে; তাহার পর, ইন্দ্রিয়-সম্পর্কিত শরীর পর্য্যন্ত সমস্তই আত্মচৈতন্য জ্যোতিঃ দ্বারা প্রকাশিত হইয়া থাকে; এইরূপ পরম্পরা সম্বন্ধক্রমে আত্মা

স্বীয় চৈতন্যজ্যোতিঃ দ্বারা সমস্ত দেহেন্দ্রিয়-সংঘাতটাকে প্রকাশ করিয়া রাখে (১)। এই কারণেই নিজ নিজ বিবেকবিজ্ঞানের তারতম্যানুসারে দেহেন্দ্রিয়-সংঘাতে এবং তাহাদের বিভিন্ন প্রকার ব্যাপারে অনিয়মিতভাবে আত্মাভিমান হইয়া থাকে ; অর্থাৎ লোকের বিবেকবুদ্ধির তারতম্যানুসারে আত্মাভিমানেরও তারতম্য ঘটিয়া থাকে ; এই জন্যই সকলের একাকার অভিমান দেখিতে পাওয়া যায় না। স্বয়ং ভগবান্‌ও এইরূপ কথাই গীতাতে বলিয়াছেন—'হে ভরতবংশসম্ভব অর্জ্জুন, একই সূর্য্য যেমন সমস্ত জগৎ প্রকাশ করেন, তেমনি একই ক্ষেত্রী—ক্ষেত্রসংজ্ঞক দেহের অধিপতি আত্মা সমস্ত দেহসংঘাতকে প্রকাশ করিয়া থাকে ; এবং সূর্য্য, চন্দ্র ও অন্যান্যজ্যোতিঃ পদার্থ, যে জ্যোতির সাহায্যে নিখিল জগৎ প্রকাশ করিয়াথাকে; জানিও, তাহা আমারই জ্যোতিঃ' ইত্যাদি। কঠোপনিষদে আছে—'তিনি নিত্য পদার্থসমূহেরও নিত্য—নিত্যত্ব-স্থাপক, এবং সমস্ত চেতনেরও চেতন—চৈতন্যসম্পাদক', 'তিনি প্রকাশ পাইতেছেন বলিয়াই অন্য সমস্ত পদার্থ তদনুগত থাকিয়া প্রকাশ পাইতেছে, এবং তাঁহার দীপ্তিতেই সমস্ত জগৎ উদ্ভাসিত হইতেছে' অন্য মন্ত্রে আছে 'সূর্য্য যাঁহার তেজে তেজীয়ান্ হইয়া উত্তাপ দিতেছেন' ইতি। উক্ত প্রকার প্রমাণনিচয়ে হৃদয়াভ্যন্তরস্থ উক্ত জ্যোতির অস্তিত্ব প্রমানিত হইতেছে । ৭

[অতঃপর 'পুরুষ' কথার অর্থ কথিত হইতেছে—] পুরুষ—আত্মা

(১) তাৎপর্য্য—বুদ্ধি পদার্থটা স্বভাবতই স্বচ্ছ, এবং সাক্ষাৎ সম্বন্ধে আত্মার ভোগ সম্পাদন করিয়া থাকে ; এই জন্য প্রথমে বুদ্ধিতেই আত্ম-চৈতন্য প্রতিফলিত হয়, তজ্জন্যই বুদ্ধিতে আত্মবুদ্ধিও উৎপন্ন হয় ; তাহার পরেই মনের সহিত আত্মার সম্বন্ধ ; সেই কারণে বুদ্ধির সাহায্যে মনেতে প্রকাশ ও আত্ম-ভ্রান্তি উৎপন্ন হয় ; তাহার পরই ইন্দ্রিয়ের সহিত সম্বন্ধ, মনই তাহার সংযোজক ; এই জন্য ইন্দ্রিয়েতেও চৈতন্যের (জ্যোতির) আভাস হয় এবং আত্মবুদ্ধি উৎপন্ন হয়, এইরূপে ক্রমে স্থূলদেহে পর্য্যন্ত আত্মভ্রান্তি হইয়া থাকে। একথাটা এইরূপে বুঝিলে ভাল হয়,—বুদ্ধিই সাক্ষাৎ সম্বন্ধে আত্মার ভোগ সম্পাদন করে ; কিন্তু মন গ্রাহ্য বিষয় উপস্থাপিত না করিলে, বুদ্ধি ভোগ সম্পাদনে সমর্থ হয়না ; সুতরাং সে মনের সাহায্য চাহে ; ইন্দ্রিয়গণ বাহির হইতে বিষয় আনিয়া না দিলে মনও কিছু করিতে পারে না ; কাজেই মনকে ইন্দ্রিয়াপেক্ষিত বলিতে হয় ; ইন্দ্রিয়গণও দেহের আশ্রয় না লইয়া কিছু করিতে পারে না ; এই জন্য ইন্দ্রিয়গণ দেহসাপেক্ষ ; এইরূপে সাক্ষাৎ-পরম্পরা ক্রমে আত্মচৈতন্যের বুদ্ধিপ্রভৃতিতে যথাসম্ভব অধ্যাস হইয়া থাকে।

সর্ব্বদাই আকাশের ন্যায় সর্ব্বব্যাপী; এইজন্য পূর্ণ; পূর্ণ বলিয়া পুরুষ-পদবাচ্য। এই আত্মার যে, স্বয়ংজ্যোতিষ্ট্ব (স্বপ্রকাশকত্ব), তাহা নিরতিশয়—যাহা অপেক্ষা অধিক হইতে পারে না; কারণ, এই আত্মাই দেহসংঘাতে সর্ব্বপদার্থাবদ্যোতক, অথচ নিজে অন্যের প্রকাশ্য নহে। সেই এই পুরুষ স্বয়ংই প্রকাশস্বভাব, যাহার কথা তুমি 'কতম আত্মা' বলিয়া জিজ্ঞাসা করিতেছ।৭

কর্ম্মসাধন সমস্ত করণবর্গের অনুগ্রাহক বা সামর্থ্যোদ্দীপক আদিত্যাদি বাহ্যজ্যোতিঃপদার্থসমূহ যে সময় অস্তমিত হয়, সে সময় হৃদয়মধ্যবর্ত্তী জ্যোতিঃ পুরুষ আত্মাই অন্তঃকরণ দ্বারা ঐ সমস্ত করণবর্গের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া থাকে; এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে। আর যে সময়ে আদিত্যপ্রভৃতি জ্যোতিঃপদার্থ বর্ত্তমান থাকে, সে সময়ও, আদিত্যাদি জ্যোতিঃপদার্থসমূহ যখন পরার্থ—পরকে প্রকাশ করাই তাহাদের প্রধান প্রয়োজন, তখন দেহেন্দ্রিয়সংঘাতের চৈতন্য না থাকায় তাহার কোন স্বার্থ সাধিত হইতে পারে না; সুতরাং স্বার্থজ্যোতিঃপদার্থ আত্মার অনুগ্রহ লাভ না করিলে অচেতন দেহেন্দ্রিয়সংঘাত কোন ব্যবহার সম্পাদনেই সমর্থ হইতে পারে না; কেন না, 'এই যে, বুদ্ধি ও মন, ইহারাই জ্ঞানসাধন' ইত্যাদি শ্রুত্যন্তর হইতে জানা যায় যে, জগতে যে কোন প্রকার ব্যবহার হয়, আত্মজ্যোতির অনুগ্রহই তাহার মূল। ব্যবহারমাত্রই অভিমান সহকৃত; সেই অভিমানের হেতু যে, কি, তাহা মরকতমণির দৃষ্টান্ত দ্বারা পূর্ব্বেই প্রমাণ করা হইয়াছে।৮

যদিও আত্ম-জ্যোতিঃপ্রভাবেই সমস্ত লোকব্যবহার নিষ্পন্ন হয় বটে, তথাপি আত্ম-জ্যোতিঃ কোন ইন্দ্রিয়ের বিষয় নয় এবং তৎকালে দেহাশ্রিত বাহ্য ও আন্তর করণবর্গের বিভিন্নপ্রকার ব্যবহারে ব্যাকুল থাকায়, মুঞ্জা-নামক তৃণ হইতে তাহার ঈষীকাকে (গর্ভপত্র) যেমনপৃথক্ করিয়া দেখান যায়, আত্মজ্যোতিকে ঠিক সেরূপভাবে পৃথক্ করিয়া প্রদর্শন করা সম্ভব হয় না; এই কারণে স্বপ্নাবস্থায় (ইন্দ্রিয়গণ বিরতব্যাপার থাকায়) পৃথক্‌ভাবে আত্মজ্যোতিঃ প্রদর্শন করিবার উদ্দেশ্যে উপক্রম করিতেছেন—'সেই পুরুষ সমানভাবে থাকিয়াই উভয়লোকে সঞ্চরণ করিয়া থাকে'। [ইহার অর্থ এই যে,] যে পুরুষ নিজে জ্যোতিঃস্বরূপ, সেই পুরুষ সমান অর্থাৎ সদৃশ হইয়া—কাহার সদৃশ হইয়া? না, হৃদয়ের প্রসঙ্গ থাকায় এবং নিকটে

হৃদয়-শব্দ থাকায় বুঝিতে হইবে যে, হৃদয়ের সদৃশ হইয়া উভয় লোকে সঞ্চরণ করে। এখানে সন্নিহিত ও প্রস্তাবিত 'হৃদয়' অর্থ বুদ্ধি।৯

ভাল, জিজ্ঞাসা করি, এখানে সাদৃশ্যটা কিরূপ? [উত্তর—] অশ্ব ও মহিষকে যেরূপ পৃথক্ বলিয়া জানা যায়, বুদ্ধি ও পুরুষকে সেরূপ পৃথক্ করিয়া জানিতে না পারা। দেখ, বুদ্ধি হইতেছে প্রকাশ্য, আর আত্মা হইতেছে আলোকের ন্যায় তাহার প্রকাশক; প্রকাশ্য ও প্রকাশকের যে, পার্থক্য-প্রতীতি না হওয়া, তাহা সুপ্রসিদ্ধ; আলোক পদার্থটা স্বভাবতই বিশুদ্ধ বা উজ্জ্বল; এই কারণে সে তদীয় প্রকাশ্য ঘটাদির সহিত সমানরূপ ধারণ করিয়া থাকে, যেমন আলোক যখন রক্তবর্ণ বস্তু প্রকাশ করিতে থাকে, তখন সেই রক্তাকার প্রকাশ্য বস্তুর সদৃশ—রক্তাকার ধারণ করে; এবং যেমন সবুজ নীল ও লোহিত বস্তু প্রকাশ করিতে যাইয়া সেই সেই বস্তুর সমানাকার প্রাপ্ত হয়, তেমনি আত্মাও বুদ্ধিকে প্রকাশ করিতে যাইয়া বুদ্ধিদ্বারা আবার সমস্ত শরীরকেও প্রকাশ করিয়া থাকে; পূর্ব্বে মরকত মণির দৃষ্টান্ত দ্বারা ইহা প্রতিপাদন করা হইয়াছে। আত্মা এইরূপে প্রথমে বুদ্ধির তুল্যাকার প্রাপ্ত হয়, পরে সেই বুদ্ধির সহযোগে অপর সমস্ত বস্তুর সহিতও সমানাকার ধারণ করিয়া থাকে; এই কারণেই শ্রুতি তাহাকে 'সর্ব্বময়' বলিয়া নির্দ্দেশ করিবেন। ১০

এই কারণেই মুঞ্জা হইতে যেরূপ ঈষীকা (গর্ভপত্র) পৃথক্ করিয়া প্রদর্শন করা যায়; আত্মজ্যোতিকে সেরূপ সর্ব্বপদার্থ হইতে পৃথক্ করিয়া তাহার নিজস্ব জ্যোতিঃস্বরূপে প্রদর্শন করিতে পারা যায় না; এইজন্য সকল লোকে নামরূপগত সমস্ত ব্যাপার (ক্রিয়া প্রভৃতি) তাহাতে আরোপ করিয়া এবং জ্যোতির ধর্ম্মকেও নামরূপে আরোপ করিয়া, শেষে সাক্ষাৎ নাম ও রূপকেও আত্মজ্যোতিতে অধ্যারোপ করিয়া বারংবার মোহ প্রাপ্ত হয়—এটা আত্মা, ওটা আত্মা নয়; এ সমস্ত আত্মার ধর্ম্ম, না, এ সমস্ত তাহার ধর্ম্ম নয়; কর্ত্তা, অকর্ত্তা; শুদ্ধ, অশুদ্ধ; বদ্ধ, মুক্ত; স্থিত, গত, আগত; অস্তি (আছে), নাস্তি (নাই) ইত্যাদি বাক্যে নিজ নিজ ব্যামোহ বিবৃত করিয়া থাকে; এই জন্যই বলা হইতেছে যে, আত্মা সমান হইয়া—বুদ্ধিসাদৃশ্য প্রাপ্ত হইয়া উপস্থিত দেহেন্দ্রিয়াদিময় সংঘাতের পরিত্যাগ ও শরীরান্তরের গ্রহণাদি ব্যাপার পরম্পরাক্রমে উভয় লোকে—বর্ত্তমান ও ভবিষ্যৎ লোকে অর্থাৎ ইহলোক ও

পরলোকে গমনাগমন করিয়া থাকে। আত্মার যে, উভয় লোকে সঞ্চরণ, বুদ্ধি সাদৃশ্য-প্রাপ্তিই তাহার কারণ, কিন্তু উহা তাহার স্বাভাবিক ধর্ম্মনহে। ১১

ফলতঃ নামরূপাত্মক উপাধির সহিত তাহার যে, ভ্রান্তি জনিত সাম্য প্রাপ্তি, তাহাই যে, সঞ্চরণের হেতু, কিন্তু স্বভাব হেতু নহে; তাহাই 'সমানঃ সন্ উভৌ লোকৌ অনুসঞ্চরতি' কথায় ব্যক্ত করা হইতেছে। তাহার ঐরূপ সঞ্চরণ যে, অনুভবসিদ্ধ, এখন তাহা প্রদর্শন করিতেছেন—যেহেতু আত্মা যেন ধ্যানই করে অর্থাৎ যেন ধ্যান-ব্যাপারই করিতেছে—চিন্তাই করিতেছে; বুঝিতে হইবে যে, প্রকৃতপক্ষে বুদ্ধিই ধ্যানাত্মক ক্রিয়া করে, আত্মা বুদ্ধিপ্রতি ফলিত স্বীয় চৈতন্য দ্বারা তাহাকে প্রকাশ করিতে যাইয়া নিজেও তৎ-সারূপ্য প্রাপ্ত হইয়া—যেন 'ধ্যানই করিতেছে' বলিয়া প্রতীত হয়; পূর্ব্ব কথিত আলোকই ইহার দৃষ্টান্ত; এই কারণেই লোকের ভ্রান্তি হইয়া থাকে যে, আত্মা যেন চিন্তা করিতেছে; বাস্তবিক পক্ষে কিন্তু আত্মা কখনও ধ্যান বা চিন্তা করে না। এইরূপ মনে হয় যে, আত্মা যেন খুব চলিতেছে অর্থাৎ স্পন্দিত হইতেছে। উক্ত বুদ্ধি ও করচরণাদি যখন স্পন্দমান হইতে থাকে, তখন আত্মা সে সমুদয়কে প্রকাশ করিতে যাইয়া তাহাদের সাদৃশ্যলাভ করে; এইজন্যই, যেন স্পন্দিত হইতেছে বলিয়া মনে হয়, কিন্তু প্রকৃত পক্ষে স্পন্দন বা প্রচলিত হওয়া সেই আত্মজ্যোতির ধর্ম্ম বা স্বভাব নহে। ১২

ভাল, ইহা কিরূপে অবগত হইলে যে, আত্মার বুদ্ধ্যাদি-সাম্যজনিত ভ্রান্তিই তাহার উভয় লোকে সঞ্চরণের হেতু, কিন্তু উহা তাহার স্বাভাবিক নহে? এই বিষয়টী বুঝাইবার নিমিত্ত বলিতেছেন যে, যেহেতু সেই আত্মা স্বপ্ন হইয়া-আত্মা বুদ্ধিসাম্যপ্রাপ্ত হওয়ায় সেই বুদ্ধি যাহা যাহা হয় অর্থাৎ যে যে আকারে আকারিত হয়, এই পুরুষও যেন সেই সেই আকারেই আকারিত হয়। অতএব বুঝিতে হইবে যে, এই বুদ্ধির যে সময় স্বপ্ন হয় অর্থাৎ স্বপ্নাবস্থা হয়, সে সময় ঐ পুরুষও স্বপ্নাবস্থা প্রাপ্ত হয়; বুদ্ধি যখন জাগরিত হইতে ইচ্ছা করে, তখন এই পুরুষও তাহাই করে; এই কারণে বলিতেছেন—স্বপ্ন হইয়া—যেহেতু বুদ্ধিগত স্বপ্নবৃত্তি প্রকাশ করিতে করিতে স্বাপ্নবৃত্তির আকারে আকারিত হইয়া লৌকিক ও শাস্ত্রীয় দেহেন্দ্রিয়সঙ্ঘাতময় জাগ্রদ্ব্যবহার অতিক্রম করিয়া স্বীয় আত্মজ্যোতির সাহায্যে স্বপ্নময় বুদ্ধিবৃত্তিকে প্রকাশ করতঃ অবস্থান করে, সেই হেতু এই

পুরুষ স্বভাবতই স্বপ্রকাশ, এবং প্রকৃতপক্ষে কর্তৃত্ব, ক্রিয়া, কারক ও ফলের সহিত সম্বন্ধশূন্য বিশুদ্ধ; কেবল বুদ্ধিসাদৃশ্যই পুরুষের উভয় লোকে সঞ্চরণ-ভ্রান্তি সমুৎপাদন করিয়া থাকে। শ্রুতির 'মৃত্যুরূপাণি' অর্থ—মৃত্যু অর্থ কর্ম্ম ও অবিদ্যা প্রভৃতি; মৃত্যুর অন্য কোনও স্বাভাবিক রূপ নাই; কার্য্যকরণ-সমুদয়ই তাহার আশ্রয়; অতএব ঐ পুরুষ স্বপ্ন সময়ে ক্রিয়া ও তৎফলাশ্রয় ঐ সমস্ত মৃত্যুরূপ অতিক্রম করিয়া থাকে। ১৩

[এখন বিজ্ঞানবাদী বৌদ্ধের আপত্তি হইতেছে যে,]ভাল, বুদ্ধির অনুরূপ অপর কোন পদার্থই ত নাই, যাহাকে বুদ্ধি-প্রকাশক আত্মজ্যোতি বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে? কারণ, যেমন এক বুদ্ধির সময় তদতিরিক্ত দ্বিতীয় বুদ্ধি অনুভূত হয় না, তেমনি বুদ্ধির অতিরিক্ত তাদৃশ অপর পদার্থও প্রত্যক্ষ বা অনুমান দ্বারা জানিতে পারা যায় না। আর যে, প্রকাশ্য ঘটাদি, ও তৎপ্রকাশক আলোক স্বরূপতঃ বিভিন্ন পদার্থ হইলেও, পার্থক্য-প্রতীতি না হওয়ার দরুণ, প্রকাশ্য ও প্রকাশকের সাদৃশ্য প্রাপ্তি হইয়া থাকে, সেখানে হয় হউক, [কোন আপত্তি নাই]; কারণ, সেখানে ঘটাদি হইতে আলোকের পার্থক্য প্রতীতিসিদ্ধ; সুতরাং পরস্পর সংশ্লিষ্ট বিভিন্ন পদার্থদ্বয়েরই সাদৃশ্য হইতে পারে; কিন্তু এখানে ত আমরা সেরূপ ঘটাদির অবভাসক আলোকের ন্যায় বুদ্ধির প্রকাশক অপর কোনও জ্যোতিঃপদার্থ প্রত্যক্ষ বা অনুমান দ্বারা উপলব্ধি করিতেছি না; পরন্তু চৈতন্যাবভাসকরূপে বুদ্ধিরই স্বাকার (চেতনাকার) ও বিষয়াকার দ্বিবিধ বৃত্তি দেখিতে পাইতেছি। অতএব অনুমান কিংবা প্রত্যক্ষ দ্বারা যে, বুদ্ধির অবভাসক অতিরিক্ত কোনও জ্যোতির অস্তিত্ব প্রতিপাদন করিতে পারা যায় না, একথা সত্য নহে। ১৪

আর দৃষ্টান্তস্থলে যে, তোমরা বলিয়াছ—প্রকাশ্য-প্রকাশকভাবাপন্ন স্বরূপতঃ বিভিন্ন ঘটাদি ও আলোক যখন সংযুক্ত হয়, তখনই তাহাদের মধ্যে সাদৃশ্য সঙ্ঘটিত হইয়া থাকে; বুঝিতে হইবে,সেখানেও আমরা যাহা বলিয়াছি, তাহা কেবল অভ্যুপগম মাত্র (১); বাস্তবিক পক্ষে কিন্তু অবভাস্য ঘটাদি

(১) তাৎপর্য—অভ্যুপগমবাদ অর্থ—যাহা নিজের অভিমত নয়, এরূপ পরকীয় সিদ্ধান্ত স্বীকার করিয়া লওয়া। দর্শনশাস্ত্রে এরূপ অভ্যুপগমবাদের যথেষ্ট ব্যবহার দেখিতে পাওয়া যায়। অভ্যুপগমবাদন্যায়ে পরের কথা স্বীকার করিলেও তাহা স্বসম্মত বলিয়া ধর্ত্তব্য নহে; সুতরাং সাদৃশ্য সঙ্ঘটনের কথায় এখন আপত্তি করা দোষাবহ হয় নাই।

ও তদবভাসক আলোক পরস্পর ভিন্ন দুইটী স্বতন্ত্র পদার্থ নহে; ঘটাদি পদার্থগুলিই প্রকাশাত্মক আলোকময়; [প্রত্যেক ক্ষণেই] স্বতন্ত্র স্বতন্ত্র ঘটাদি পদার্থ উৎপন্ন হইয়া থাকে, [আবার পরক্ষণেই তাহাদের বিনাশ হইয়া যায়।] একমাত্র বিজ্ঞানই আলোকসমন্বিত ঘটাদি বিষয়াকারে প্রকাশ পাইতে থাকে। ইহাই যখন সিদ্ধান্ত, তখন আর বিজ্ঞানাতিরিক্ত কোন প্রকার বাহ্য দৃষ্টান্তও সম্ভব হয় না; কেন না দৃশ্যমান সমস্ত পদার্থই একমাত্র বিজ্ঞানাত্মক বা বুদ্ধিবিজ্ঞানের পরিণতি; অতএব একই বিজ্ঞানের গ্রাহ্যগ্রাহকভাব রূপ মল পরিকল্পনা করিয়া তাহারই আবার পরিশুদ্ধি (নির্ব্বিষয়ত্ব) কল্পনা করা হইয়া থাকে। কেহ কেহ বলেন, সেই বিজ্ঞানই গ্রাহ্যগ্রাহকাভাব হইতে নির্ম্মুক্তির পর স্বচ্ছতা প্রাপ্ত হইয়া ক্ষণিকরূপে—প্রতিক্ষণে উৎপত্তি-ধ্বংসশীল হইয়া অবস্থান করিতে থাকে; কেহ কেহ আবার সেই ক্ষণিক বিজ্ঞানেরও প্রশমন ইচ্ছা করিয়া থাকেন, অর্থাৎ অপর সম্প্রদায় (মাধ্যমিক বৌদ্ধগণ) বলিয়া থাকেন যে, অবিদ্যাত্মক সেই বিজ্ঞানও গ্রাহ্যগ্রাহক-ভাবরহিত হইয়া বাহ্যবস্তুর ন্যায় শূন্যে পর্য্যবসিত হয়, তাহার আর কিছুই অবশিষ্ট থাকে না (১)। ১৫

[এখন প্রতিপক্ষের আপত্তির উত্তরে ভাষ্যকার বলিতেছেন—] উপরে যে সমস্ত কল্পনা-কৌশল প্রদর্শিত হইল, সে সমস্তই বুদ্ধি-প্রকাশের অতিরিক্ত আত্মজ্যোতির অপলাপ করে বলিয়া, নিশ্চয়ই বেদবিহিত এই মোক্ষমার্গের প্রতিকূল। তন্মধ্যে যাহারা বাহ্য পদার্থের অস্তিত্ব অস্বীকার করে, এখন প্রথমে তাহাদের মতবাদ নিরাস করা হইতেছে—ঘটাদি পদার্থগুলি যখন অন্ধকারে অবস্থিতি করে, তখন আপনি আপনাকে প্রকাশ করিতে পারে না; পরন্তু দীপাদি আলোক-সংযোগেই সেই ঘটাদি প্রকাশ পাইয়া থাকে।

---

(১) তাৎপর্য্য—বৌদ্ধমত অনেক ভাগে বিভক্ত; তন্মধ্যে এখানে বিজ্ঞানবাদী বৌদ্ধের আপত্তি প্রথমে উত্থাপন করা হইয়াছে। পরে মাধ্যমিক সম্প্রদায়ের কথাও বলা হইয়াছে। বিজ্ঞানবাদীরা বলেন—বাহিরে দৃশ্যমান কোন পদার্থই সত্য নহে; আন্তর বুদ্ধিবিজ্ঞানই একমাত্র সত্য; সেই বুদ্ধিবিজ্ঞানই অবিদ্যাবশতঃ বাহিরে পৃথক্ বস্তু বলিয়া প্রতিভাত হইয়া থাকে; কিন্তু বিজ্ঞান ও বিষয়ের মধ্যে কিছুমাত্র ভেদ নাই; তথাপি অবিদ্যাপ্রভাবে গ্রাহক বিজ্ঞান ও তাহার গ্রাহ্য বিষয়ের মধ্যে একটা পার্থক্য বোধ হইয়া থাকে। এই বাহ্য বিষয়াকারে পরিণতি নিবৃত্তিই জীবের মুক্তি; কিন্তু মাধ্যমিক বৌদ্ধেরা বলেন যে, সেই ক্ষণিক বিজ্ঞানও পরিণামে শূন্যাকারে পর্য্যবসিত হইয়া যায়; শূন্যই আত্মার যথার্থ তত্ত্ব।

সর্ব্বত্রই যখন এই নিয়ম দেখা যায়, তখন ঘটাদি পদার্থকে নিশ্চয়ই স্বপ্রকাশ বলা যাইতে পারে না; অতএব আলোক ও ঘট সংশ্লিষ্ট বা সম্মিলিত অবস্থায়ও পরস্পর পৃথক্ পদার্থই বটে। বিশেষতঃ যখনই আলোকের সহিত ঘটের সংযোগ ঘটে, তখনই রজ্জু ও ঘটের যেরূপ পার্থক্য, সেইরূপ উহাদেরও পার্থক্য দেখিতে পাওয়া যায়; [কিন্তু অভিন্ন হইলে কখনই এরূপ হইত না।] আলোক যখন ঘট হইতে পৃথক্ বস্তু, তখন উহার পৃথক্ পদার্থাবভাসকত্বও সিদ্ধ হইল; বিশেষতঃ নিজে ত নিজকে কখনই প্রকাশ করিতে পারে না; [তাহা হইলে কর্ম্মকর্ত্তৃবিরোধ উপস্থিত হয়]।১৬

ভাল, দেখা যায়—প্রদীপ ত আপনাকেও প্রকাশ করিয়া থাকে;—ঘটাদি দর্শনের জন্য যেমন আলোকের আবশ্যক হয়, প্রদীপ দর্শনের জন্য ত সেরূপ কেহ কখনও অন্য আলোকের অপেক্ষা করে না; অতএব স্বীকার করিতে হইবে যে, প্রদীপ নিজকেও প্রকাশ করিয়া থাকে। না—একথাও হইতে পারে না; কারণ, ইহাতেও প্রদীপের অবভাস্যত্বাংশের কোন ব্যাঘাত ঘটিতেছে না,—প্রদীপ যদিও স্বয়ং প্রকাশস্বভাব বলিয়া অন্যের অবভাসক হউক, তথাপি ঘটাদির ন্যায় প্রদীপও যে, অতিরিক্ত চৈতন্যা-বভাস্য, এ অংশে কিছুমাত্র বৈলক্ষণ্য নাই। এইরূপই যখন ব্যবস্থা, তখন আলোকেরও ব্যতিরিক্তাবভাস্যত্ব অবশ্যই স্বীকার্য্য। ভাল কথা, ঘটাদি পদার্থগুলি যদিও চৈতন্য-প্রকাশ্য হউক, তথাপি তাহারা অতিরিক্ত আলোকের অপেক্ষা করে কিন্তু দীপ তাহা করে না; সুতরাং প্রদীপ বস্তুটী চৈতন্য-প্রকাশ্য হইলেও, সে যে আপনাকে ও ঘটাদি অপর বস্তুকে প্রকাশ করিয়া থাকে, [ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে]।১৭

না—একথাও হইতে পারে না; কারণ, এস্থলে স্বতঃ বা পরতঃ প্রকাশ স্বীকার করিলেও কোন বিশেষ নাই—ঘট যেমন চৈতন্য-প্রকাশ্য, তেমনি আলোকও যে, চৈতন্য-প্রকাশ্য, এই অংশ সমানই রহিল; [সুতরাং প্রদীপ নিজকে প্রকাশ করে, বলিলেও তাহার চৈতন্য-প্রকাশ্যত্ব ব্যাহত হয় না]। আর প্রদীপ যে, আপনাকে ও ঘটকে প্রকাশ করিয়া থাকে—বলা হইয়াছে, তাহাও উত্তম কথা নহে; কারণ? সে যদি আপনাকেও প্রকাশ করিত; [বল দেখি,] তাহা হইলে প্রদীপ যে সময় আপনাকে প্রকাশ না করে, সে সময় তাহার কিরূপ রূপ থাকিতে পারে?—সে সময় [যে সময় আপনাকে প্রকাশ না করে, সে সময়] স্বতঃ কিংবা পরতঃ তাহার স্বগত কিছুমাত্র

বিশেষ বা বৈলক্ষণ্য দেখিতে পাওয়া যায় না; তাহার কারণ এই যে, সেই পদার্থই অবভাস্য বা প্রকাশ্য হইয়া থাকে, যাহার—প্রকাশক পদার্থের সন্নিধানে ও অসন্নিধানে কোনপ্রকার পার্থক্য দেখিতে পাওয়া যায়; অথচ প্রদীপের পক্ষে সেই প্রদীপেরই সন্নিধ্য বা অসান্নিধ্য কখনই কল্পনা করা যাইতে পারে না; যখন প্রদীপের স্বরূপগত কিছুমাত্র বৈষম্য দেখিতে পাওয়া যায় না, তখন তুমি যে, বলিতেছ—'প্রদীপ আপনাকে প্রকাশ করে,' একথা সম্পূর্ণ মিথ্যা।১৮

বিশেষতঃ ঘটাদি পদার্থসমূহ যেরূপ চৈতন্য দ্বারা প্রকাশিত হয়, বুদ্ধি-বিজ্ঞানও ঠিক সেইরূপই চৈতন্য দ্বারা প্রকাশিত হয়, উভয়ের মধ্যে কিছুমাত্র প্রভেদ নাই; সুতরাং একই বুদ্ধি-বিজ্ঞানের গ্রাহ্য-গ্রাহকভাব প্রমাণ করিবার উদ্দেশ্যে যে, প্রদীপের দৃষ্টান্ত দেওয়া হইয়াছে, প্রকৃত পক্ষে তাহাত দৃষ্টান্তই নহে; অতএব অন্যান্য পদার্থের ন্যায় বুদ্ধিবিজ্ঞানেরও চৈতন্যভাস্যত্ব তুল্য। বুদ্ধি-বিজ্ঞান যদি চৈতন্যদ্বারাই প্রকাশ্য হয়, তাহা হইলেও, [জিজ্ঞাসা করি—] গ্রাহ্য বিজ্ঞানই চৈতন্যগ্রাহ্য? কিংবা গ্রাহক বিজ্ঞান?—ইত্যাদি সংশয়স্থলে, ব্যবহারসিদ্ধ নিয়মেরই অনুসরণ করিতে হইবে, কিন্তু ব্যবহার-বিরুদ্ধ কল্পনা করা কখনই সঙ্গত হইবে না; তাহা হইলে,বাহ্য প্রদীপাদি পদার্থকে যেরূপ তদতিরিক্ত অপর পদার্থ(চৈতন্য) দ্বারা প্রকাশিত হইতে দেখা গিয়াছে, তদ্রূপ বিজ্ঞান যখন চৈতন্যগ্রাহ্যই বটে, তখন তাহা প্রকাশ-স্বভাব-সম্পন্ন হইলেও, প্রদীপের ন্যায় সেই বিজ্ঞানেরও চৈতন্য-গ্রাহ্যত্ব কল্পনা করাই যুক্তিযুক্ত; কিন্তু অনন্যগ্রাহ্যতা (স্বপ্রকাশকতা) কল্পনা করা কখনই যুক্তিসম্মত হয় না (১)। বিজ্ঞান যেমন গ্রাহ্য ঘটাদি হইতে স্বতন্ত্র, তদ্রূপ স্বয়ং বিজ্ঞানও তদতিরিক্ত যাহার সাহায্যে গৃহীত হয়, তাহাই

(১) তাৎপর্য্য—ঘটাদি বাহ্যবস্তু মাত্রই বুদ্ধিগ্রাহ্য; বুদ্ধি ও ঘটাদি পদার্থ এক নহে—স্বতন্ত্র; ইহা হইতে এইরূপ একটা নিয়ম নির্দ্ধারণ করা যাইতে পারে যে, যতকিছু গ্রাহ্য পদার্থ আছে, সে সমুদয়ই অতিরিক্ত পদার্থদ্বারা গৃহীত বা প্রকাশিত হয়; আন্তর বুদ্ধি-বিজ্ঞানও অনুভবের বিষয়ীভূত হইয়া থাকে; সুতরাং তাহাও গ্রাহ্য-শ্রেণীভুক্ত; অতএব তাহাও নিশ্চয়ই বিজ্ঞানাতিরিক্ত কোন পদার্থের প্রকাশ্য হইবে; যাহা সেই বুদ্ধিবিজ্ঞানের প্রকাশক, তাহাই চৈতন্য জ্যোতিঃ—আত্মা। ইহা দ্বারা—বিজ্ঞানবাদী বৌদ্ধ যে, বুদ্ধিবিজ্ঞানের স্বপ্রকাশত্ব স্বীকার করিয়া আপত্তি উত্থাপন করিয়া আত্মচৈতন্য জ্যোতির অসম্ভাবের আশঙ্কা করিয়াছিল, তাহা খণ্ডিত হইল।

বৃহদারণ্যকোপনিষদ

(নবম ভাগ)

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য বেদান্ত তীর্থ

কর্ত্তৃক

অনূদিত ও সম্পাদিত।

স্বত্বাধিকারী, প্রকাশক ও সহকারী সম্পাদক

শ্রীঅনিল চন্দ্র দত্ত।

লোটাস্ লাইব্রেরী,

২৮।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

সন ১৩২৪ সাল।

[All rights reserved.]

শ্রীভাষ্য।

এই সর্ব্বপ্রথম প্রচারিত হইল।

ইহাতে আছে—১ বেদব্যাসকৃত সূত্র। (২ পরিচ্ছেদ,—সূত্রস্থ শব্দগুলির বিশ্লেষণ, এবং বঙ্গভাষায় তাহার অর্থ। (৩) সরলার্থ; ভাষ্যের সাহায্য ব্যতীতও ইহা হইতে অনায়াসে ভাষ্যের মর্ম্ম গ্রহণ করা যায়। (৪) শ্রী ভাষ্য; (৫) ভাষ্যোদ্ধৃত প্রমাণগুলির আকার, গ্রন্থের নাম ও শ্লোক সংখ্যাদি নির্দ্দেশ। (৬) বিস্তৃত অনুবাদ; অনুবাদ যতদূর সম্ভব সরল ও ভাষ্যানুযায়ী করা হইয়াছে। (৭) তাৎপর্য্য; নানাবিধ যুক্তি ও প্রমাণের সাহায্যে ভাষ্যের জটিল বিষয়গুলিকে সাধারণের বোধগম্য করিয়া দেওয়া হইয়াছে। সম্পূর্ণ মূল্য ১০৲

নব্যন্যায়—ব্যাপ্তিপঞ্চকম্।

বঙ্গের অতুল গৌরবের সামগ্রী নব্যন্যায়ের প্রকৃত আকরগ্রন্থে এই প্রথম অনুবাদ প্রকাশিত হইল। ব্যাপ্তিপঞ্চকের মূল, অনুবাদ ও ব্যাখ্যা (২০ পৃষ্ঠা) মাথুরী মূল, অনুবাদ ও সুবিস্তৃত ব্যাখ্যা (৪৫৮ পৃষ্ঠা), দীধিতি মূল ও অনুবাদ (৩পৃষ্ঠা) এবং সুবিস্তৃত ভূমিকা (১২৪ পৃষ্ঠা) মধ্যে এই শাস্ত্রের বহু জ্ঞাতব্য বিষয় ও জগদীশের তর্কামৃতের বঙ্গানুবার সন্নিবিষ্ট করা হইয়াছে। ব্যাখ্যা সহজ করিবার জন্য বহু অধুনিক কৌশল অবলম্বিত হইয়াছে। অনুবাদক "আচার্য্য শঙ্কর ও রামানুজ" প্রণেতা শ্রীরাজেন্দ্রনাথ ঘোষ, সংশোধক—পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পার্ব্বতীচরণ তর্কতীর্থ। রয়াল ৮ পেজী ৬০৫ পৃষ্ঠা, উত্তম বাঁধাই মূল্য ৫৲ টাকা।

সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ

কর্ত্তৃক অনূদিত।

১।২।৩।	ঈশ, কেন, কঠ,	(একত্রে)	মূল্য	২৸৹
৩।	কঠ	... ...	,,	১৷৴৹
৪।	প্রশ্ন	... ...	,,	৸৶৹
৫।	মুণ্ডক	... ...	,,	১৲
৬।	মাণ্ডুক্য	(কারিকা সমেত)	,,	২৲
৭।	ছান্দোগ্য	... ...	,,	৮৷৶৹

ক্রোমপ্যাথি বা বর্ণ-চিকিৎসা।

শ্রীযুক্ত সুরেন্দ্রকৃষ্ণ দত্ত বি, এল্ প্রণীত মূল্য ।৹

বঙ্গভাষায় ও দেশে ইহা একটী অমূল্য চিকিৎসা-শাস্ত্র; কেবলমাত্র ৪।৫টি রঙ্গিন শিশি, কাচ ও আলো আবশ্যক। ইহা দরিদ্রদিগের পরম বন্ধু

বিজ্ঞানের অতিরিক্ত আত্মস্বরূপ জ্যোতিঃ। ভাল কথা, [ঘটাদি-গ্রাহক বুদ্ধিবিজ্ঞানও যদি তদতিরিক্ত চৈতন্য-গ্রাহ্য হয়;] তাহা হইলে ত অনবস্থা দোষ উপস্থিত হয়? না, সে দোষ এখানে হয় না; কেন না; আমরা যুক্তি অনুসারে, বুদ্ধি-বিজ্ঞানের গ্রাহ্যতাকেই কেবল তদ্গ্রাহক অতি-রিক্ত বস্তু-সত্তার (চৈতন্যসত্তার) অনুমাপক হেতুরূপে উল্লেখ করিয়াছি মাত্র, প্রকৃতপক্ষে কিন্তু, তাহা যে, কেবলই গ্রাহক, কিংবা তাহারও অপর কোন গ্রাহক থাকিতে পারে, এ বিষয়ে কখনও কোন প্রকার হেতুর সম্ভাবনা করা হয় নাই; কাজেই সে সম্বন্ধে অনবস্থা দোষও আসিতে পারে না (১) ।১৯

এখন আপত্তি হইতে পারে যে, বিজ্ঞান যদি তদতিরিক্ত চৈতন্য দ্বারাই গৃহীত হয়, তাহা হইলে, তৎপ্রকাশনের জন্যও আবার অপর কোনও করণ বা সহায়ের আবশ্যক হইতে পারে; অপর কোন করণের অপেক্ষা থাকিলেই, পুনশ্চ সেই অনবস্থা দোষেরই সম্ভাবনা হইয়া পড়ে। না—এ পক্ষে অনবস্থা দোষ হয় না; কারণ? যেহেতু এরূপ কোন নিয়ম নাই,—অর্থাৎ এরূপ কোনও অব্যভিচারী নিয়ম নাই যে, যেখানেই এক বস্তু অপর বস্তু দ্বারা গৃহীত বা প্রকাশিত হয়, সেখানেই গ্রাহ্য ও গ্রাহকের অতিরিক্ত কোন করণ থাকিবেই থাকিবে; বিশেষতঃ ওরূপ অব্যভিচারী নিয়ম করাও সম্ভব হয় না; কারণ, বস্তু-স্বভাব বিচিত্রাকার, একরূপ নহে। কিপ্রকার? দেখ, ঘট একটী বস্তু, সে আপনার অতিরিক্ত আত্মা (জীব) দ্বারা প্রকাশিত হয়; সে স্থলে গ্রাহ্য ঘট ও তদ্গ্রাহক আত্মা, এতদুভয়ের অতিরিক্ত প্রদীপাদি আলোক হয়—তাহার করণ (দর্শনের উপায়); প্রদীপাদি আলোক ত কখনই ঘটের অংশও নয়, কিংবা

(১) তাৎপর্য্য - ঘটাদি বাহ্য পদার্থের প্রকাশক বুদ্ধিবিজ্ঞানও যদি তদতিরিক্ত আত্ম-চৈতন্য দ্বারা প্রকাশ্য হয়, তাহা হইলে, আত্ম-চৈতন্য-প্রকাশের জন্যও আবার অপর জ্যোতির সম্ভাব কল্পনা করা আবশ্যক; এইরূপে তাহার প্রকাশক, তাহার প্রকাশক—ইত্যাকার অনবস্থাদোষ আসিতে পারে। তদুত্তরে ভাষ্যকার বলিতেছেন যে, আমরা যুক্তি ও দৃষ্টান্ত বলে, তদ্গ্রাহক বা বুদ্ধি-প্রকাশক ও বুদ্ধি যে, এক পদার্থ নহে, ইহা প্রতিপাদনের নিমিত্তই বুদ্ধিবিজ্ঞানের গ্রাহ্যতাকে হেতুরূপে উল্লেখ করিয়াছি; কিন্তু সেখানে আমরা এমন কোনও কথাই বলি নাই যে, চৈতন্য জ্যোতিটী কেবলই প্রকাশক, অথবা তাহারও গ্রাহক অপর পদার্থ আছে—ইত্যাদি; কাজেই ঐ কথায় পূর্ব্বোক্ত অনবস্থা দোষ ঘটিতে পারে না।

চক্ষুরও অংশ নয়; সেই প্রদীপও আবার ঘটাদিরই মত চক্ষুর্গ্রাহ্য; কিন্তু চক্ষু প্রদীপপ্রকাশনের জন্য আলোকস্থলবর্ত্তী প্রদীপাতিরিক্ত অপর কোনও বাহ্য করণ বা সহায়ের অপেক্ষা করে না; অতএব কখনই এরূপ নিয়ম করা যাইতে পারে না যে, যেখানে যেখানে কোন বস্তু অতিরিক্ত পদার্থের গ্রাহ্য হইবে, সেই সেই স্থলে নিশ্চয়ই একটী অতিরিক্ত করণ থাকিবেই থাকিবে। অতএব বিজ্ঞান স্বতন্ত্র গ্রাহকের গ্রাহ্য হইলেও, সে স্থলে করণাপেক্ষায় কিংবা অতিরিক্ত গ্রাহকাপেক্ষায় অনবস্থা-দোষের সম্ভাবনা করিতে পারা যায় না; সুতরাং বুদ্ধিবিজ্ঞানের অতিরিক্ত আত্মজ্যোতির অস্তিত্বই প্রমাণিত হইল। ২০

[অতঃপর বিজ্ঞানবাদী বৌদ্ধ আপত্তি উত্থাপন করিয়া বলিতেছেন—] ভাল, বিজ্ঞানের অতিরিক্ত ঘট বা প্রদীপাদি নামে ত কোন পদার্থই নাই, অর্থাৎ বাহিরে ঘট বা প্রদীপাদি বলিয়া যে সমস্ত পদার্থ অনুভূত হয়, সে সমুদয় বুদ্ধিবিজ্ঞানের অতিরিক্ত নহে; বুদ্ধিবিজ্ঞানই বাহ্যবস্তুরূপে প্রতিভাত হয় মাত্র। জগতে দেখিতে পাওয়া যায়—যাহার অভাবে যাহার প্রতীতি না হয়, তাহা তৎস্বরূপই বটে; যেমন স্বপ্নজ্ঞান-দৃশ্য ঘট-পটাদি পদার্থ। স্বপ্নদৃশ্য ঘট ও প্রদীপাদি পদার্থগুলি যেমন কেবলই তৎকালীন বিজ্ঞানের পরিণাম, স্বপ্নবিজ্ঞানের অতিরিক্ত উহাদের সত্তাপ্রতীতি হয় না, তেমনি জাগরণসময়েও ঘট ও প্রদীপাদি যে সমস্ত বস্তু প্রত্যক্ষ দৃষ্ট হয়, জাগ্রৎ-বিজ্ঞান ব্যতীত অর্থাৎ বুদ্ধিবিজ্ঞান পরিত্যাগ করিয়া স্বতন্ত্রভাবে ঐ সমস্ত বস্তুর প্রতীতি হয় না বলিয়া, উহারাও জাগ্রৎ-বিজ্ঞান-স্বরূপই বটে, তদতিরিক্ত নহে; অতএব বহির্দৃশ্য ঘট ও প্রদীপাদি বলিয়া কোন পদার্থই সত্য নহে; একমাত্র বিজ্ঞানই (বুদ্ধিবৃত্তিই) সর্ব্বময়। এই বৌদ্ধ সিদ্ধান্তের উপর যে, বলা হইয়াছে—ঘটাদির ন্যায় বিজ্ঞানও যখন স্বতন্ত্র-প্রকাশ্য, অর্থাৎ ঘটাদি যেমন প্রদীপাদি দ্বারা প্রকাশিত হয়, তেমনি বিজ্ঞানও অপর পদার্থের প্রকাশ্য হইবে; সুতরাং বিজ্ঞানকে প্রকাশ করিবার নিমিত্ত তদতিরিক্ত অন্য একটা জ্যোতির অস্তিত্ব অবশ্যই স্বীকার করিতে হইবে। না, একথাও যুক্তিসহ নহে; কারণ, সমস্তই যদি বিজ্ঞানাত্মক হয়—তদতিরিক্ত কোন বস্তুই না থাকে, তাহা হইলে বিজ্ঞানের পর-প্রকাশ্যত্ব বিষয়ে দৃষ্টান্ত কোথায়?। ২১

[এতদুত্তরে ভাষ্যকার বলিতেছেন— না—তোমার একথা সঙ্গত হয় না;

কারণ, তুমি ত একেবারেই বাহ্য পদার্থ অস্বীকার করিতেছ না; হাঁ, আমি ত একেবারেই বাহ্য পদার্থের অস্তিত্ব অস্বীকার করিতেছি; না—তুমি সে কথা বলিতে পার না; কেন না, বিজ্ঞান. ঘট ও প্রদীপ ইত্যাদি শব্দ ও অর্থভেদের জন্য যতটুকু আবশ্যক, অন্ততঃ তোমাকে ততটুকুও বিজ্ঞানাতিরিক্ত বাহ্য পদার্থ স্বীকার করিতেই হইবে। যদি বিজ্ঞানাতিরিক্ত বস্তুই না থাকে, তাহা হইলে বিজ্ঞান, ঘট, পট—ইত্যাদি শব্দগুলি পর্য্যায় (একার্থক) শব্দমধ্যে পরিগণিত হইয়া পড়ে। এইরূপ, ফল ও ফলসাধন এক হইলে (বিজ্ঞানাত্মক হইলে) তোমাদের সাধ্য (ফল) ও সাধনের বিভাগ-প্রদর্শক শাস্ত্রগুলিও নিরর্থক হইয়া পড়ে, অথবা ঐ সমস্ত শাস্ত্রকর্ত্তাদিগের অজ্ঞতাও সম্ভাবিত হয়; [অতএব বিজ্ঞানাতিরিক্ত বস্তু নাই, একথা বলিতে পার না]। ২২

আরো এক কথা, বিজ্ঞানের অতিরিক্ত বাদি-প্রতিবাদীর বাদ (আলোচনাবিশেষ) ও তাহার দোষ প্রদর্শনের ব্যবস্থা স্বীকার করাতেও [বিজ্ঞানকে আত্মা হইতে সম্পূর্ণ ভিন্ন বলিয়া স্বীকার করিতে হইবে]; কেন না, শুধু আত্ম-বিজ্ঞানকেই বাদী ও প্রতিবাদী এবং তাহাদের বাদকথা বা দোষ বলিয়া স্বীকার করিতে পারা যায় না; কারণ, প্রতিবাদী প্রভৃতির পক্ষে তাদৃশ বাদদোষ অপনয়ন করিতে হয়; অথচ কেহই আপনাকে (বিজ্ঞানকে) আপনার প্রত্যাখ্যানযোগ্য বলিয়া স্বীকার করে না, বা করিতে পারে না; তাহা হইলে জগতে লোকব্যবহারই বিলুপ্ত হইয়া যাইতে পারে। আর এ কথাও কেহ স্বীকার করে না যে, প্রতিবাদী প্রভৃতি ব্যক্তিবর্গ কেবল নিজেই নিজকে বাদ-প্রতিবাদরূপে গ্রহণ করিয়া থাকে; কেন না, যাহারা বাদ-প্রতিবাদে নিযুক্ত থাকে, তাহাদের বাদ-প্রতিবাদ ভাবকে, অপরেও গ্রহণ করিয়া থাকে, ইহা [তোমারও] স্বীকার্য্য; অতএব জাগ্রৎকালীন বস্তুসমূহ যে, জাগ্রৎবস্তু বলিয়াই, তদতিরিক্ত বস্তুর (বিজ্ঞানের) বিষয়ীভূত হয়, এবিষয়ে দৃষ্টান্তও সুলভ—সহজেই ইহার দৃষ্টান্ত পাওয়া যায়—যেমন আপনার বিজ্ঞানপ্রবাহ, এবং যেমন অপরের বিজ্ঞান(১)। অতএব উল্লিখিত বিজ্ঞানবাদীও বুদ্ধিবিজ্ঞানের অতিরিক্ত জ্যোতির অস্তিত্ব প্রত্যাখ্যান করিতে পারে না। ১৩

(১) তাৎপর্য্য—বস্তুমাত্রই অপর বস্তুর বিষয়ীভূত হইয়া থাকে, এই নিয়মানুসারে যদিও জাগ্রৎ-অবস্থায় যে সমস্ত বস্তু দৃষ্টিগোচর হইয়া থাকে, সে সমস্তও অপর কোনও বস্তুর প্রকাশ্য

যদি বল, স্বপ্নসময়ে বিজ্ঞানাতিরিক্ত বস্তুর অস্তিত্ব না থাকায় উক্ত সিদ্ধান্ত যুক্তিযুক্ত হইতে পারে না; না-সে কথাও বলিতে পার না; কেন না, যেহেতু অভাব হইতেও ভাব পদার্থের (তৎকালীন দৃশ্য পদার্থের) বিজ্ঞানাতিরিক্ত বস্তুত্ব সিদ্ধ হইতে পারে। অভিপ্রায় এই যে, স্বপ্নকালীন ঘটাদি-বিজ্ঞানের অর্থাৎ ঘটাদি বস্তুরূপে প্রকাশমান বিজ্ঞানের যে, ভাবরূপতা (বস্তুত্ব), তাহা ত তুমিই স্বীকার করিয়াছ; অগ্রে তাহা স্বীকার করিয়া এখন আবার বিজ্ঞানাতিরিক্ত ঘটাদির অসদ্ভাব বলিতেছ; [সুতরাং তোমার কথা স্বোক্তি-বিরুদ্ধ হইতেছে।] বুদ্ধিবিজ্ঞানের বিষয়ীভূত ঘটাদি বিষয়সমূহ যদি অবস্তু—অভাবই হয়, অথবা যদি ভাবস্বরূপই হয়, উভয় পক্ষেই উহাদের ভাবরূপতাই স্বীকার করা হইল; তাহার বাধক যখন কোন যুক্তি প্রমাণ নাই, তখন পূর্ব্বস্বীকৃত ভাবরূপত্ব কিছুতেই বারণ করিতে পার না। এই কথায় সর্ব্বশূন্যত্ববাদও খণ্ডিত হইল; এবং মীমাংসকেরা যে, বলেন—আত্মা অহমাকারেই গ্রাহ্য হইয়া থাকে; তাহাদের সে কথাও উক্ত যুক্তিতেই নিরস্ত হইল। ২৪

আরও যে, বলা হইয়াছে—আলোকসংযোগে নূতন নূতন ঘট উৎপন্ন হইয়া থাকে; সে কথাও উত্তম কথা নহে; কারণ, পূর্ব্বদৃষ্ট ঘটাদি বস্তুকে সময়ান্তরে দেখিলেও 'ইহা সেই ঘটই বটে' এইরূপ প্রত্যভিজ্ঞা হইয়া থাকে; [কিন্তু প্রতিক্ষণে নূতন নূতন ঘটের উৎপত্তি ও ধ্বংস স্বীকার করিলে উক্ত প্রকার প্রত্যভিজ্ঞা হইতে পারে না]। যদি বল, ছেদনের পর পুনরুত্থিত কেশ নখ প্রভৃতিতে যেরূপ সাদৃশ্যমূলক প্রত্যভিজ্ঞা বা অভেদ প্রতীতি হইয়া থাকে, ঘটাদির প্রত্যভিজ্ঞাও সেইরূপ; না- সে কথাও বলিতে পার না; কারণ, কেশ-নখাদিরও ক্ষণিকত্ব অসিদ্ধ, অর্থাৎ কেশ-নখাদিও যে, ক্ষণিক বস্তু, তাহা ত কোন প্রমাণ দ্বারা সমর্থিত হয় নাই; সুতরাং সে সমুদয় তোমার ক্ষণিক বাদের অনুকূল দৃষ্টান্ত হইতে পারে না। পক্ষান্তরে, জাতিগত একত্বই উহাদের প্রত্যভিজ্ঞার কারণ; অর্থাৎ প্রথমতঃ কেশ-নখাদি ক্ষণিকই নহে, দ্বিতীয়তঃ ছিন্ন কেশ ও উৎপন্ন কেশ উভয়ই যখন একজাতীয়,

হইতে পারে, কিন্তু জাগ্রৎকালীন কোন বিষয়ই গ্রাহ্য হইতে পারে না; বিজ্ঞানপ্রবাহ বা এক একটী বিজ্ঞানকে ইহার দৃষ্টান্তরূপে ধরিতে পারা যায় যে, একটী বিজ্ঞানপ্রবাহ যেমন তদতিরিক্ত বিজ্ঞানের বিষয়ীভূত হইবে, তেমনি প্রত্যেকটী বিজ্ঞানই অতিরিক্ত বিজ্ঞানের বিষয়ীভূত হইবে সেই যে অতিরিক্ত বিজ্ঞান, তাহাই আত্মজ্যোতিঃস্বরূপ, তাহা হইতে ভিন্ন নহে।

তখন সেই জাতিগত একত্ব ধরিয়া কেশ-নখাদির প্রত্যভিজ্ঞা-ব্যবহার বিরুদ্ধ হয় না; সুতরাং তদ্বিষয়ক প্রত্যভিজ্ঞা জ্ঞান নিশ্চয়ই অভ্রান্ত; কেন না, পূর্ব্বছিন্ন কেশ-নখাদি উৎপত্তির পর পুনর্ব্বার প্রত্যক্ষগোচর হইলে, উহাদের সম্বন্ধে, 'ইহা সেই কেশ ও সেই নখই বটে' এইরূপ যে, প্রত্যভিজ্ঞা জ্ঞান জন্মে, —ঐ সমস্ত কেশ বা নখ তাহার কারণ নহে, [পরন্তু কেশত্ব ও নখত্ব জাতিই তাহার কারণ]। দীর্ঘকাল পরে, পূর্ব্বদৃষ্টানুরূপ কেশ-নখাদি দৃষ্টিগোচর হইলে, লোকের এইরূপ প্রতীতি হইয়া থাকে যে, 'এই কেশ ও নখসমূহ সেই পূর্ব্বদৃষ্ট কেশ-নখাদির তুল্য', কিন্তু 'ইহারাই সেই কেশ নখাদি' এরূপ প্রতীতি কাহারো কখনও হয় না; অথচ ঘটাদির স্থলে 'ইহা সেই ঘটাদিই বটে' এইরূপ অভেদ প্রতীতি (প্রত্যভিজ্ঞা) সমানভাবে সকলেরই হইয়া থাকে; অতএব কেশ নখাদির দৃষ্টান্ত ঠিক ক্ষণিকবাদের অনুকূল হইতেছে না। ২৫

অপিচ, প্রত্যক্ষ প্রমাণ দ্বারা বস্তুর অভেদ-প্রত্যভিজ্ঞান সত্ত্বে, কখনই তাহার ভেদগ্রাহক অনুমান করা যাইতে পারে না; কারণ, প্রত্যক্ষ-বিরুদ্ধ স্থলে অনুমানের জন্য যে হেতুর প্রয়োগ করা হয়, বাস্তবিক পক্ষে তাহা নির্দ্দোষ হেতু নহে—উহা হেত্বাভাস মাত্র। তাহার পর, জ্ঞান নিজে যখন ক্ষণিক, তখন তদ্বিষয়ে সাদৃশ্য প্রতীতিও হইতে পারে না; কারণ, একই বস্তুদর্শী ব্যক্তি যদি ক্ষণান্তরে তত্তুল্য অপর বস্তু দর্শন করে, তখনই তাহার সাদৃশ্য প্রতীতি হইয়া থাকে; কিন্তু তোমার মতে বিজ্ঞান যখন ক্ষণিক, তখন পূর্ব্ববস্তুদর্শী (বিজ্ঞান) ব্যক্তি ত আর পরক্ষণ পর্য্যন্ত বিদ্যমান থাকিতে পারে না, একবার একটী বস্তু দর্শন করিয়াই ক্ষণিক বিজ্ঞান বিনষ্ট হইয়া যায়; সুতরাং পূর্ব্বের সহিত তুলনা করিবে কে? 'ইদং তেন সদৃশম্'—'ইহা তাহার সদৃশ' এইরূপ প্রতীতির নাম সাদৃশ্য প্রতীতি; তন্মধ্যে 'তেন' পদে হইতেছে পূর্ব্বানুভূতের স্মরণ, আর 'ইদম্' পদে হইতেছে—দৃশ্যমান বস্তুর বর্ত্তমানত্ব প্রতীতি; এখন 'তেন' বলিয়া অতীতকালীন বস্তুর স্মরণ করিয়া যদি 'ইদম্'—বর্ত্তমানত্ব জ্ঞান পর্য্যন্ত [বুদ্ধিবিজ্ঞান] বিদ্যমান থাকে—স্বীকার কর, তাহা হইলে তোমার ক্ষণিক-বিজ্ঞানবাদই ব্যাহত হইয়া যায়। ২৬

আর যদি বল, শুধু 'তেন' জ্ঞানমাত্রই স্মরণ জ্ঞান; বর্ত্তমানত্ববোধক 'ইদম্' জ্ঞানটী তাহা হইতে স্বতন্ত্র; একথা বলিলেও, পূর্ব্বাপরকালীন বিভিন্নবস্তুদর্শী এক জন কর্ত্তা না থাকায় 'ইহা অমুকের সদৃশ' এইরূপ সাদৃশ্যবোধ

হইতে পারে না। বিশেষতঃ [তোমার মতে] সাদৃশ্য-ব্যবহারই সঙ্গত হয় না; ক্ষণিক বিজ্ঞান যখন দর্শনযোগ্য বস্তুর দর্শনমাত্রেই বিধ্বস্ত হইয়া যায়, তখন 'আমি ইহা দেখিতেছি, অমুকটা দেখিয়াছি' ইত্যাদি ব্যবহারেও (পূর্ব্বাপর পরামর্শেরও) উপপত্তি হয় না; কারণ, পূর্ব্বদ্রষ্টা বিজ্ঞান উক্তপ্রকার শব্দ ব্যবহার সময় পর্য্যন্ত বিদ্যমান থাকে না ; আর যদি বল, ততক্ষণ পর্য্যন্তই বর্ত্তমান থাকে, তাহা হইলেও ক্ষণিকবাদ রক্ষা পায় না। যদি বল, যে বিজ্ঞান দেখে নাই, সেই বিজ্ঞানেরই ঐরূপ শব্দ-ব্যবহার ও সাদৃশ্য প্রতীতি হইয়া থাকে ; তাহা হইলে ত, অন্ধের রূপবিশেষ জ্ঞানের ন্যায় এই সাদৃশ্যাদি ব্যবহার এবং তোমাদের সর্ব্বজ্ঞ বুদ্ধদেবকর্ত্তৃক প্রণীত শাস্ত্র প্রভৃতি সমস্তই 'অন্ধপরম্পরা' মধ্যে পরিগণিত হইয়া পড়ে ; অথচ তোমরাও তাহা স্বীকার কর না। তাহার পর, ক্ষণভঙ্গবাদে (ক্ষণিক বিজ্ঞানবাদে) যে, কৃতনাশ ও অকৃত-সমাগমনামক দুইটী দোষ উপস্থিত হয়, তাহা ত সুপ্রসিদ্ধই আছে। ২৭

যদি বল, শৃঙ্খল যেমন অনেকাবয়ববিশিষ্ট হইয়াও একত্ব প্রতীতির বিষয় হয়, তেমনি পূর্ব্বপশ্চাদ্‌ভাবে যে সমুদয় প্রত্যয় বা বুদ্ধিবিজ্ঞান উৎপন্ন হয়, সে সমুদয়ের সহিত সম্মিলিত একটী মাত্র প্রত্যয়ই 'ইহা এক, অমুক এক' ইত্যাদি লৌকিক ব্যবহার নিষ্পাদন করিয়া থাকে ; এবং সেই একত্ব প্রত্যয়ের বলেই 'ইহা অমুকের সদৃশ' এইরূপ সাদৃশ্য-ব্যবহার হইয়া থাকে ; না—তাহাও বলিতে পার না ; কারণ, বর্ত্তমান ও অতীত বস্তুদ্বয় স্বভাবতই বিভিন্নকাল-বর্ত্তী ; তন্মধ্যে একটী বর্ত্তমান—যাহা শৃঙ্খলের অবয়ব-স্থানবর্ত্তী, আর অপর প্রত্যয়টী অতীত ; ঐ উভয় প্রত্যয়ই ভিন্নকালস্থায়ী। এখন ঐ উভয়বিধ প্রতীতির যাহা বিষয়, উক্ত শৃঙ্খল-প্রত্যয় যদি তাহাকেই অবগাহন করে, তাহা হইলে ঐ বিজ্ঞান ক্ষণদ্বয়ব্যাপক হওয়ায় পুনশ্চ তোমার অভিমত ক্ষণিকবাদের ব্যাঘাত ঘটিল ; অধিকন্তু 'তোমার, আমার' ইত্যাদি বিশেষ ব্যবহারের অনুপপত্তি নিবন্ধন লৌকিক সমস্ত-ব্যবহারও বিলুপ্ত হইবার উপক্রম হইল। ২৮

বিশেষতঃ সমস্ত বস্তুই যদি স্বসংবেদ্য (স্বীয় বিজ্ঞানের বিষয়ীভূত) হইয়াও বিজ্ঞানাত্মক হয়, তাহা হইলে, বিজ্ঞানকে যখন স্বভাবস্বচ্ছ প্রকাশমাত্র স্বরূপ বলিয়া স্বীকার করা হইয়াছে, তখন, তদ্দর্শী অন্য কেহ না থাকায় তোমার অভিমত যে, অনিত্যত্ব, দুঃখশূন্যত্ব ও অনেকরূপত্ব প্রভৃতি নানাবিধ কল্পনা,

সে সমস্তও কিছুতেই উপপন্ন হয় না। বলিতে পার, দাড়িম ফল যেরূপ অনেকাংশবিশিষ্ট হইয়াও একত্ব-প্রতীতির বিষয় হয়, তদ্রূপ বিজ্ঞানও বিরুদ্ধ অনেকাংশবিশিষ্ট হইয়া একত্ব প্রতীতির বিষয় হইতে পারে; না, তাহাও হইতে পারে না; কারণ, [তোমাদের মতে] বিজ্ঞান পদার্থটী হইতেছে স্বচ্ছ প্রতীতিমাত্র স্বরূপ; [সুতরাং তাহার সম্বন্ধে অনেকাংশ কল্পনা হইতেই পারে না]। তাহার পর, অনিত্য দুঃখাদিকেও বিজ্ঞানেরই অংশ বলিয়া স্বীকার করিতে পার না; কারণ, তাহা হইলে, দুঃখাদি বিষয়সমূহও যখন অনুভূতির বিষয়, তখন দুঃখাদি বিষয়কে বিজ্ঞানাতিরিক্ত বলিয়া স্বীকার করাই আবশ্যক হইতেছে। যদি বল, অনিত্য দুঃখাদিই বিজ্ঞানের স্বরূপ; তাহা হইলেও, সেই দুঃখাদির অভাবে বিজ্ঞানের বিশুদ্ধি কল্পনা সঙ্গত হইতে পারে না; কেন না, যে সমস্ত মল বা দোষ সংযোগী (অস্বাভাবিক—আগন্তুক), সেই সমুদয় মলের বিয়োগেই বস্তুর বিশুদ্ধি হইয়া থাকে; যেমন—আগন্তুক (ধূলি প্রভৃতি) মলের বিয়োগে দর্পণের বিশুদ্ধি হইয়া থাকে, [তেমনি]; কিন্তু যাহা যাহার স্বভাবসিদ্ধ ধর্ম্ম, তাহার সহিত কখনও তাহার বিয়োগ হইতে পারে না, এবং কুত্রাপি সেরূপ দেখিতেও পাওয়া যায় না; স্বভাবসিদ্ধ প্রকাশ ও উষ্ণতারহিত অগ্নি কোথাও কাহারো দৃষ্টিগোচর হয় নাই এবং হইবেও না। তবে যে, অন্য দ্রব্যের সংযোগে পুষ্পের স্বভাবসিদ্ধ লৌহিত্যাদি গুণের বিয়োগ দেখিতে পাওয়া যায়, সেখানেও ঐ সমস্ত গুণ সংযোগজন্য বলিয়াই অনুমিত হইয়া থাকে; কেন না, দেখিতে পাওয়া যায়,—দ্রব্যবিশেষ দ্বারা ভাবনা দিলে পুষ্পে ও ফলে অন্যপ্রকার গুণ উৎপন্ন হইয়া থাকে; কাজেই বলিতে হইবে যে, উক্ত ক্ষণিকবাদে বিজ্ঞানের বিশুদ্ধি-কল্পনা রক্ষা করা সম্ভবপর হয় না। ২৯

তাহার পর, তোমরা যে, বিষয়-বিষয়িভাবে প্রতিভাসমান বিজ্ঞানের অসত্যতা-প্রতীতিকেই বিজ্ঞান-মল বলিয়া কল্পনা করিয়া থাক; [বিজ্ঞানাতিরিক্ত পদার্থ না থাকায়,] বিজ্ঞানের সহিত অপরের সম্বন্ধ সম্ভাবনা না হওয়ায় তাহাও উপপন্ন হয় না; যাহা অবিদ্যমান—অসত্য, তাহার সহিত বিদ্যমান সত্য পদার্থের সম্বন্ধ হইতেই পারে না। যদি অন্য পদার্থের সহিত সম্বন্ধেরই সম্ভাবনা না রহিল, তবে, যাহার যেরূপ ধর্ম্ম দেখিতে পাওয়া যায়, তাহার তাহাই স্বাভাবিক বলিয়া স্বীকার করিতে হইবে; সুতরাং

অগ্নির উষ্ণতা ও আদিত্যের প্রকাশ ধর্ম্ম যেরূপ কস্মিন্ কালেও অগ্নি ও আদিত্য হইতে বিযুক্ত হয় না, তদ্রূপ বিজ্ঞানেরও ঐ স্বাভাবিক ধর্ম্মের বিয়োগ হওয়া কখনও সম্ভবপর হইতে পারে না; অতএব তোমাদের যে, 'আগন্তুক বস্তুসম্বন্ধ বশতঃ বিজ্ঞানের মালিন্য ও তাহার বিয়োগরূপ বিশুদ্ধি, কল্পনা, বেশ বুঝা যাইতেছে যে, তাহা অপ্রামাণিক 'অন্ধপরম্পরা, ভিন্ন আর কিছুই নহে(১)। ৩০

ইহার উপর, তাহারা যে, সেই বিজ্ঞানেরই নির্ব্বাণকে (পরিসমাপ্তিকে) পুরুষার্থ (পুরুষের প্রার্থনীয় মোক্ষ) বলিয়া কল্পনা করিয়া থাকে; তাহাতেও সেই নির্ব্বাণরূপ ফলের আশ্রয় বা ফলভাগী মিলে না। দেখ, যাহার শরীরে কণ্টক বিদ্ধ হয়, সেই কণ্টকবিদ্ধ পুরুষের মৃত্যু হইলে, সে কখনই সেই কণ্টক-বেধজনিত দুঃখ-নিবৃত্তিরূপ ফলের আশ্রয় হইতে পারে না; এইরূপ বিজ্ঞানরূপী পুরুষের সম্পূর্ণভাবে ধ্বংস হইলে এবং উক্ত ফলের আশ্রয়ও কেহ না থাকিলে, উক্ত পুরুষার্থ কল্পনা নিশ্চয়ই বিফল বা অনাবশ্যক হইয়া পড়ে। কারণ, [তোমার মতে] পুরুষ-শব্দবাচ্য যে, বুদ্ধি-বিজ্ঞানরূপী আত্মার প্রয়োজনকে পুরুষার্থ বলিয়া কল্পনা করা হইতেছে, সেই পুরুষপদবাচ্য বিজ্ঞানের নির্ব্বাণ বা উচ্ছেদ হইয়া গেলে, বল দেখি, কাহার অর্থ (প্রয়োজনটী) 'পুরুষার্থ' বলিয়া পরিগণিত হইবে? পক্ষান্তরে, যাহার মতে বহু বিষয়দর্শী বিজ্ঞানাতিরিক্ত আত্মা আছে, তাহার মতে প্রত্যক্ষ ও স্মরণের বিষয়ীভূত দুঃখনিদানের সহিত সংযোগ-বিয়োগাদি সমস্তই উপপন্ন হয়,—অপর পদার্থের সংসর্গে মালিন্য ও তাহার বিয়োগে বিশুদ্ধি, ইত্যাদি সমস্ত কথাই সঙ্গত হয়, [কিন্তু বিজ্ঞানবাদে তাহার কোনটাই উপপন্ন হয় না]। তাহার পর শূন্যবাদী বৌদ্ধের মতটা ত সর্ব্বপ্রমাণবিরুদ্ধ; সুতরাং এখানে তাহার প্রতিষেধ বা খণ্ডনের জন্য আর পৃথক্ যত্ন করা হইল না ॥ ২৫৮ ॥ ৭ ॥

স বা অয়ং পুরুষো জায়মানঃ শরীরমভিসম্পদ্যমানঃ পাপ্মভিঃ সংসৃজ্যতে, স উৎক্রামন্ ম্রিয়মাণঃ পাপ্মনো বিজহাতি ॥২৫৯॥৮॥

সরলার্থঃ। সঃ (পূর্ব্বোক্তঃ) অয়ং (বিজ্ঞানময়ঃ) পুরুষঃ বৈ (অবধারণে) জায়মানঃ—শরীরম্ অভিসম্পদ্যমানঃ (অভিনব-দেহেন্দ্রিয়-সমষ্টিম্ আদদানঃ সন্) পাপ্মভিঃ (পাপৈঃ) সংসৃজ্যতে (সংযুজ্যতে),

সঃ (পূর্ব্বোক্তঃ পুরুষঃ) উৎক্রামন্ (দেহাৎ নির্গচ্ছন্) ম্রিয়মাণঃ সন্ পাপ্মনঃ (পাপানি) বিজহাতি (ত্যজতি) ॥ ২৫৯ ॥ ৮ ॥

মূলানুবাদ। ইতঃপূর্ব্বে যে পুরুষের কথা বলা হইয়াছে, সেই এই পুরুষ যখন জন্মে—শরীর ধারণ করে, তখনই পাপের সহিত সংমিলিত (সংযুক্ত হয়), আবার সেই পুরুষই যখন দেহ হইতে বহির্গত হয়—মুমূর্ষু হয়, তখন সেই সমস্ত পাপ পরিত্যাগ করে ॥২৫৯॥৮॥

শাঙ্করভাষ্যম্। যথৈব ইহৈকস্মিন্ দেহে স্বপ্নো ভূত্বা মৃত্যো রূপাণি কার্য্যকরণানি অতিক্রম্য স্বপ্নে স্বে আত্মজ্যোতিষি আস্তে, এবং স বৈ প্রকৃতঃ পুরুষঃ অয়ং জায়মানঃ—কথং জায়মানঃ ? ইতি—উচ্যতে—শরীরং দেহেন্দ্রিয়সঙ্ঘাতম্ অভিসম্পদ্যমানঃ শরীরে আত্মভাবমাপদ্যমান ইত্যর্থঃ। পাপ্মভিঃ পাপ্মসমবায়িভির্ধর্ম্মাধর্ম্মাশ্রয়ৈঃ কার্য্যকরণৈরিত্যর্থঃ, সংসৃজ্যতে সংযুজ্যতে; স এবোৎক্রামন্ শরীরান্তরম্ ঊর্দ্ধং ক্রামন্ গচ্ছন্; ম্রিয়মাণ ইত্যেতস্য ব্যাখ্যানম্ উৎক্রামন্নিতি; তানেব সংশ্লিষ্টান্ পাপ্মরূপান্ কার্য্য-করণলক্ষণান্ বিজহাতি তৈর্বিযুজ্যতে তান্ পরিত্যজতি।

যথায়ং স্বপ্নজাগরিতয়োর্ব্বর্ত্তমান একৈকস্মিন্নেব দেহে পাপ্মরূপকার্য্য-করণোপাদান-পরিত্যাগাভ্যাম্ অনবরতং সঞ্চরতি—ধিয়া সমানঃ সন্; তথা সোঽয়ম্ পুরুষঃ উভৌ ইহলোক-পরলোকৌ জন্মমরণাভ্যাং কার্য্যকর-ণোপাদান-পরিত্যাগাবনবরতং প্রতিপদ্য আ সংসারমোক্ষাৎ সঞ্চরতি, তস্মাৎ সিদ্ধমস্যাত্মজ্যোতিষোঽন্যত্বং কার্য্যকরণরূপেভ্যঃ পাপ্মভ্যঃ সংযোগ-বিয়োগাভ্যাম্; ন হি তদ্ধর্ম্মত্বে সতি তৈরেব সংযোগো বিয়োগো বা যুক্তঃ ॥ ২৫৯ ॥ ৮ ॥

টীকা। প্রসঙ্গাগতং পরপক্ষং নিরাকৃত্য শ্রুতিব্যাখ্যানমেবানুবর্ত্তয়ন্নুত্তরবাক্যতাৎপর্য্য-মাহ—যথেতি। এবমাত্মা দেহভেদেঽপি বর্ত্তমানং জন্ম ত্যজন্ জন্মান্তরং চোপাদদানঃ কার্য্য-করণান্যতিক্রামতীতি শেষঃ। অতঃ স্বপ্নজাগরিতসঞ্চারাদ্দেহাদ্ব্যতিরেকবদিহলোকপরলোক-সঞ্চারোক্ত্যাপি তদতিরেকস্তস্যোচ্যতেঽনন্তরবাক্যেনে(ণে)ত্যর্থঃ। সম্প্রত্যুত্তরং বাক্যং গৃহীত্বা ব্যাকরোতি—স বা ইত্যাদিনা। পাপ্মশব্দস্য লক্ষণয়া তৎকার্য্যবিষয়ত্বং দর্শয়তি—পাপ্মসমবায়িভিরিতি। পাপ্মশব্দস্য পাপবাচিত্বেঽপি কার্য্যসাধ্যা-ধর্ম্মেঽপি বৃত্তিং সূচয়তি—ধর্ম্মাধর্ম্মেতি। উক্তমর্থং দৃষ্টান্তবর্ণনেনানুবদতি—যথেতি। অবস্থাদ্বয়সঞ্চারস্য লোকদ্বয়সঞ্চারং দার্ষ্টান্তিকমাহ—তথেতি। ইহলোকপরলোকাবন-বরতং সঞ্চরতীতি সম্বন্ধঃ। সঞ্চরণপ্রকারং প্রকটয়তি—জন্মেতি। জন্মনা কার্য্যকর-

ণয়োরুপাদানে, মরণেন চ তয়োস্ত্যাগবিচ্ছেদেন লভমানো মোক্ষাদর্ব্বাগনবরতং সঞ্চরন্ দুঃখী ভবতীত্যর্থঃ। স বা ইত্যাদিবাক্যতাৎপর্য্যমুপসংহরতি—তস্মাদিতি। তচ্ছব্দার্থমেব স্ফুটয়তি—সংযোগেতি। কথমেতাবতা তেভ্যোঽন্যত্বং, তত্রাহ—ন হীতি। স্বাভাবিকস্য হি ধর্ম্মস্য সতি স্বভাবে ন তু তঃ সংযোগবিয়োগৌ বহ্ন্যৌষ্ণ্যাদিষ্বদর্শনাৎ, কার্য্যকরণয়োশ্চ সংযোগবিভাগবশাদস্বাভাবিকত্বে সিদ্ধমাত্মনস্তদন্যত্বমিত্যর্থঃ ॥ ২৫১ ॥ ৮ ॥

ভাষ্যানুবাদ। এই একই পুরুষ বর্ত্তমান দেহে যেমন স্বপ্নাবস্থা প্রাপ্ত হইয়া কার্য্যকরণময় দেহেন্দ্রিয়ভাব অতিক্রম করত স্বীয় আত্মজ্যোতিঃস্বরূপে অবস্থান করে, তেমনি সেই এই প্রস্তাবিত (পূর্ব্ব শ্রুত্যুক্ত) পুরুষ জায়মান হইয়া—,ভাল, পুরুষের আবার জন্ম কিরূপ? তদুত্তরে বলিতেছেন—দেহেন্দ্রিয়সমষ্টিকে প্রাপ্ত হইয়া—স্থূল শরীরে আত্মভাব স্থাপন করিয়া পাপসমূহের সহিত অর্থাৎ পাপপদবাচ্য ধর্ম্মাধর্ম্মের আশ্রয়ীভূত দেহেন্দ্রিয়ের সহিত সংসৃষ্ট হয়—সংযুক্ত হয়; আবার সেই পুরুষই যখন উৎক্রমণ করে—ভাবী শরীর গ্রহণের জন্য গমন করে অর্থাৎ মৃত্যুগ্রাসে পতিত হয়,—[এখানে বুঝিতে হইবে—] 'উৎক্রামন্' কথাটী 'ম্রিয়মাণ' কথারই ব্যাখ্যা স্বরূপ। তখন পূর্ব্বলব্ধ পাপময় দেহেন্দ্রিয়সঙ্ঘাত পরিত্যাগ করে, অর্থাৎ প্রাপ্ত দেহাদির সহিত বিযুক্ত হয়।

এই পুরুষ বর্ত্তমান এক দেহেই যেমন বুদ্ধিসাম্য প্রাপ্ত হইয়া, স্বপ্ন ও জাগরণাবস্থাভেদে পাপরূপ দেহেন্দ্রিয়াদির গ্রহণ ও পরিত্যাগপূর্ব্বক নিরন্তর সঞ্চরণ করে, এই পুরুষ ঠিক তেমনি মুক্তি না হওয়া পর্য্যন্ত জন্ম-মরণক্রমে দেহেন্দ্রিয়ের গ্রহণ ও পরিত্যাগরূপ ইহলোক ও পরলোক সর্ব্বদা লাভ করিয়া থাকে। অতএব পাপ্ম শব্দবাচ্য দেহেন্দ্রিয়াদির সহিত সংযোগ ও বিয়োগ ঘটে বলিয়াই দেহেন্দ্রিয়াদি হইতে আত্ম-জ্যোতির পার্থক্য প্রমাণিত হইতেছে; কেন না, আত্মজ্যোতিঃ যদি দেহেন্দ্রিয়েরই ধর্ম্ম হইত, তাহা হইলে কখনই তদুভয়ের বিচ্ছেদ সম্ভব হইত না ॥ ২৫১ ॥ ৮ ॥

আভাসভাষ্যম্। ননু ন স্তঃ অন্যোভৌ লোকৌ, যৌ জন্মমরণাভ্যামনুক্রমেণ সঞ্চরতি - স্বপ্ন-জাগরিতে ইব; স্বপ্নজাগরিতে তু প্রত্যক্ষমবগম্যেতে, ন ত্বিহলোক-পরলোকৌ কেনচিৎ প্রমাণেন; তস্মাদেতে এব স্বপ্ন-জাগরিতে ইহলোক-পরলোকাবিতি। উচ্যতে—

আভাসভাষ্যানুবাদ। আচ্ছা জিজ্ঞাসা করি, এই পুরুষ লোকপ্রসিদ্ধ স্বপ্ন-জাগরিতাবস্থার ন্যায় জন্ম মরণক্রমে, যে লোকদ্বয়ে সঞ্চরণ

করিবে, সেই উভয় লোকদ্বয়ের সদ্ভাবে ত কোন প্রমাণ নাই? স্বপ্ন ও জাগ্রদবস্থা প্রত্যক্ষ করিতে পারা যায়; সুতরাং তদ্বিষয়ে সংশয়ের কোন কারণ নাই; কিন্তু ইহলোক ও পরলোক ত কেহই প্রত্যক্ষ করিতে পারে না; অতএব [মনে হয়,] উক্ত স্বপ্ন ও জাগরণাবস্থাই যথাক্রমে ইহলোক ও পরলোক-পদবাচ্য. [তদ্ব্যতিরিক্ত লোকদ্বয়ের সদ্ভাবে কোনই প্রমাণ নাই]। তদুত্তরে বলা হইতেছে—

তস্য বা এতস্য পুরুষস্য দ্বে এব স্থানে ভবত ইদঞ্চ পরলোকস্থানঞ্চ, সন্ধ্যং তৃতীয়ংস্বপ্নস্থানম্, তস্মিন্ সন্ধ্যে স্থানে তিষ্ঠন্নেতে উভে স্থানে পশ্যতীদঞ্চ পরলোকস্থানং চ। অথ যথাক্রমোঽয়ং পরলোকস্থানে ভবতি তমাক্রমমাক্রম্যোভয়ান্ পাপ্মন আনন্দাংশ্চ পশ্যতি। স যত্র প্রস্বপিত্যস্য লোকস্য সর্ব্বাবতো মাত্রামপাদায় স্বয়ং বিহত্য স্বয়ং নির্ম্মায় স্বেন ভাসা স্বেন জ্যোতিষা প্রস্বপিত্যত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি ॥২৬০॥৯॥

সরলার্থঃ। [সম্প্রতি পুরুষস্য ইহপরলোকসম্বন্ধমেব সমর্থয়িতুমাহ—তস্যেত্যাদি]। তস্য (পূর্ব্বোক্তস্য) এতস্য (হৃদয়াবস্থিতস্য) পুরুষস্য বৈ দ্বে এব স্থানে (অবস্থে) ভবতঃ। [কে তে ? ইত্যাহ—] ইদং (বর্ত্তমানজন্মরূপং) চ পরলোক-স্থানং (পরজন্ম) চ, তৃতীয়ং চ সন্ধ্যং স্বপ্নস্থানম্। তস্মিন্ সন্ধ্যে স্থানে তিষ্ঠন্ (বর্ত্তমানঃ সন্) এতে (উক্তে) উভে স্থানে ইদং (বর্ত্তমানং জন্ম) চ পরলোকস্থানং চ পশ্যতি।

অথ (প্রশ্নে—কথং পশ্যতীত্যর্থঃ); অয়ং পুরুষঃ পরলোকস্থানে (পরলোকনিমিত্তম্) যথাক্রমঃ (আক্রামতি অনেন ইতি আক্রমঃ—আশ্রয়ঃ—বিদ্যা-কর্ম্ম-পূর্ব্বপ্রজ্ঞাত্মকঃ, স যাদৃশঃ অস্য পুরুষস্য,—যথাক্রমঃ যাদৃশসাধনসম্পন্নঃ) ভবতি, তং (আক্রমং) আক্রম্য (অবলম্ব্য) উভয়ান্ পাপ্মনঃ (পাপফলানি দুঃখানি) আনন্দান্ (পুণ্যফলানি সুখানি) চ পশ্যতি। (যথোক্তঃ পুরুষঃ) যত্র (যস্মিন্ কালে) প্রস্বপিতি (সন্ধ্যং স্থানং প্রাপ্নোতি), [তদা] সর্ব্বাবতঃ (পাপ্মসংসর্গকারণীভূত-ভূতভৌতিক-মাত্রাসম্পন্নস্য) অস্য লোকস্য (জাগরিতাবস্থায়াঃ) মাত্রাং (একদেশং সংস্কারং) অপাদায় (গৃহীত্বা), স্বয়ং বিহত্য (দেহং বোধরহিতং কৃত্বা), স্বয়ং নির্ম্মায়

(বাসনাময়ং স্বপ্নদেহং বিরচ্য) স্বেন (স্বকীয়েন) ভাসা (গ্রাহ্যরূপেণ প্রকাশেন) স্বেন জ্যোতিষা (তৎপ্রকাশকেন আত্মচৈতন্যেন) [প্রজ্বলিতঃ সন্] প্রস্বপিতি (স্বপ্নাবস্থাং প্রতিপদ্যতে)। অত্র (স্বপ্নাবস্থায়াং) অয়ং পুরুষঃ স্বয়ং জ্যোতিঃ (স্বপ্রকাশচিৎস্বরূপঃ) ভবতি ॥ ২৬০ ॥ ৯ ॥

মূলানুবাদ। এই যথোক্ত পুরুষের দুইটী মাত্র স্থান (ভোগভূমি) আছে—বর্ত্তমান জন্ম বা ইহলোক ও পরলোক; এতদতিরিক্ত সন্ধ্য—জাগ্রৎ ও স্বপ্নের মধ্যবর্ত্তী তৃতীয় একটী স্থান আছে; তাহার নাম—স্বপ্নস্থান। উক্ত পুরুষ সেই সন্ধ্যাস্থানে বর্ত্তমান থাকিয়া ইহলোক (বর্ত্তমান জন্ম) ও পরলোক, এই উভয় স্থান দেখিতে পায়। কিরূপে দেখিতে পায়? তদুত্তরে বলিতেছেন—এই পুরুষ পরলোকের নিমিত্ত এখানে যেরূপ সাধন (জ্ঞান, কর্ম্ম প্রভৃতি) সঞ্চয় করে, সে সমুদয়কে অবলম্বন করিয়া অর্থাৎ তদনুসারে পাপফল দুঃখ ও পুণ্যফল আনন্দ উপভোগ করিয়া থাকে। সে যখন স্বপ্নাবস্থা লাভ করে, সে সময়, ভূতভৌতিক বিকারসম্পন্ন এই লোকের অর্থাৎ জাগরিত স্থানের একাংশ সংস্কারমাত্র গ্রহণ করিয়া, নিজেই দেহকে সংজ্ঞাহীন করিয়া, এবং নিজেই বাসনাময় অপর দেহ ও দৃশ্য রচনা করিয়া, প্রকাশময় স্বীয় চৈতন্যকে নিজ নিত্য চৈতন্য দ্বারা প্রকাশ করত স্বপ্নাবস্থা অনুভব করিতে থাকে। এই সময়েই পুরুষ স্বয়ং জ্যোতিঃস্বরূপ হইয়া থাকে ॥ ২৬০ ॥ ৯ ॥

শাঙ্করভাষ্যম্॥ তস্যৈতস্য পুরুষস্য বৈ দ্বে এব স্থানে ভবতঃ, ন তৃতীয়ং চতুর্থং বা। কে তে? ইদং চ যৎ প্রতিপন্নং বর্ত্তমানং জন্ম শরীরেন্দ্রিয়বিষয়বেদনাবিশিষ্টং স্থানং প্রত্যক্ষতোঽনুভূয়মানম্; পরলোক এব স্থানং পরলোকস্থানম্, তচ্চ শরীরাদিবিয়োগোত্তরকালানুভাব্যম্। নমু স্বপ্নোঽপি পরলোকঃ, তথা চ সতি দ্বে এবেত্যবধারণমযুক্তম্; ন; কথং তর্হি? সন্ধ্যং তৎ, ইহলোক-পরলোকয়োর্যঃ সন্ধিস্তস্মিন্ ভবং সন্ধ্যম্, যৎ তৃতীয়ং, তৎ স্বপ্নস্থানম্; তেন স্থানদ্বিত্বাবধারণম্; ন হি গ্রাময়োঃ সন্ধিস্তাবেব গ্রামাবপেক্ষ্য তৃতীয়ত্বং পরিগণনমর্হতি। কথং পুনস্তস্য পরলোকস্থানস্যাস্তিত্বমবগম্যতে, যদপেক্ষ্য স্বপ্নস্থানং সন্ধ্যং ভবেৎ? যতস্তস্মিন্ সন্ধ্যে স্বপ্নস্থানে তিষ্ঠন্ ভবন্ বর্ত্ত-

মানঃ এতে উভে স্থানে পশ্যতি। কে তে উভে? ইদঞ্চ পরলোকস্থানং চ। তস্মাৎ স্তঃ স্বপ্ন-জাগরিতব্যতিরেকেণোভৌ লোকৌ, যৌ ধিয়া সমানঃ সন্নমু-সঞ্চরতি জন্মমরণসন্তানপ্রবন্ধেন। ১

কথং পুনঃ স্বপ্নে স্থিতঃ সন্নুভৌ লোকৌ পশ্যতি—কিমাশ্রয়ঃ কেন বিধিনা—ইত্যুচ্যতে? অথ কথং পশ্যতীতি শৃণু,—যথাক্রমঃ আক্রামত্যনেনেতি আক্রম আশ্রয়োঽবষ্টম্ভ ইত্যর্থঃ, যাদৃশ আক্রমোঽস্য, সোঽয়ং যথাক্রমঃ; অয়ং পুরুষঃ পরলোকস্থানে প্রতিপত্তব্যে নিমিত্তে যথাক্রমো ভবতি, তাদৃশেন পরলোক-প্রতিপত্তিসাধনেন বিদ্যাকর্ম্মপূর্ব্বপ্রজ্ঞালক্ষণেন যুক্তো ভবতীত্যর্থঃ। তমা-ক্রমং পরলোকস্থানায়োন্মুখীভূতং প্রাপ্তাঙ্কুরীভাবমিব বীজং তমাক্রমম্ আক্রম্যা-বষ্টভ্যাশ্রিত্য উভয়ান্ পশ্যতি· বহুবচনং ধর্ম্মাধর্ম্মফলানেকত্বাৎ, উভয়প্রকারানি-ত্যর্থঃ। কাংস্তান্?—পাপ্মনঃ পাপফলানি, ন তু পুনঃ সাক্ষাদেব পাপ্মনাং দর্শনং সম্ভবতি, তস্মাৎ পাপফলানি দুঃখানীত্যর্থঃ। আনন্দাংশ্চ ধর্ম্মফলানি সুখানীত্যেতৎ; তানুভয়ান্ পাপ্মন আনন্দাংশ্চ পশ্যতি জন্মান্তরদৃষ্টবাসনা-ময়ান্; যানি চ প্রতিপত্তব্য-জন্মবিষয়াণি ক্ষুদ্রধর্ম্মাধর্ম্মফলানি ধর্ম্মাধর্ম্মপ্রযুক্তো দেবতানুগ্রহাদ্বা পশ্যতি। ২

তৎ কথমবগম্যতে পরলোকস্থানভাবি তৎপাপ্মসন্দদর্শনং স্বপ্নে ইতি; উচ্যতে—যস্মাদিহ জন্মন্যননুভাব্যমপি পশ্যতি বহু। ন চ স্বপ্নো নামাপূর্ব্বং দর্শনম্, পূর্ব্বদৃষ্টস্মৃতির্হি স্বপ্নঃ প্রায়েণ; তেন স্বপ্নজাগরিতস্থানব্যতিরেকেণ স্তঃ উভৌ লোকৌ। ৩

যদ্ আদিত্যাদি-বাহ্যজ্যোতিষ অভাবে অয়ং কার্য্যকরণসঙ্ঘাতঃ পুরুষঃ যেন ব্যতিরিক্তেনাত্মনা জ্যোতিষা ব্যবহরতীত্যুক্তম্, তদেব নাস্তি, যদাদি-ত্যাদিজ্যোতিষামভাবগমনম্; যত্রেদং বিবিক্তং স্বয়ং জ্যোতিরুপলভ্যেত; যেন সর্ব্বদৈবায়ং কার্য্যকরণসঙ্ঘাতঃ সংসৃষ্ট এবোপলভ্যতে; তস্মাদসৎসমঃ অসন্নেব বা স্বেন বিবিক্তস্বভাবেন জ্যোতীরূপেণাত্মেতি। অথ কচিদ্বিবিক্তঃ স্বেন জ্যোতীরূপেণোপলভ্যতে বাহ্যাধ্যাত্মিকভূতভৌতিকসংসর্গশূন্যঃ, ততো যথোক্তং সর্ব্বং ভবিষ্যতীত্যেতদর্থমাহ—। ৪

স যঃ প্রকৃত আত্মা, যত্র যস্মিন্ কালে প্রস্বপিতি প্রকর্ষেণ স্বাপমনুভবতি, তদা কিমুপাদানঃ কেন বিধিনা স্বপিতি—সন্ধ্যং স্থানং প্রতিপদ্যত ইতি;—উচ্যতে দৃষ্টস্য লোকস্য জাগরিতলক্ষণস্য সর্ব্বাবতঃ,—সর্ব্বমবতীতি সর্ব্বাবান্ অয়ং লোকঃ কার্য্যকরণসঙ্ঘাতো বিষয়বেদনাসংযুক্তঃ, সর্ব্বাবত্তমস্য ব্যাখ্যাতমন্নত্রয়প্রকরণে

'অথো অয়ং বা আত্মা' ইত্যাদিনা, সর্ব্বা বা ভূতভৌতিকমাত্রা অস্য সংসর্গ-কারণভূতা বিদ্যতে ইতি সর্ব্ববান্, সর্ব্ববানেব সর্ব্বাবান্, তস্য সর্ব্বাবতো মাত্রামেকদেশমবয়বম্ অপাদায়াপচ্ছিদ্যাদায় গৃহীত্বা দৃষ্টজন্মবাসনাবাসিতঃ সন্নিত্যর্থঃ। স্বয়মাত্মনৈব বিহত্য দেহং পাতয়িত্বা নিঃসম্বোধমাপাদ্য—জাগরিতে হি আদিত্যাদীনাং চক্ষুরাদিষনুগ্রহো দেহব্যবহারার্থঃ। দেহব্যবহারশ্চ আত্মনো ধর্ম্মাধর্ম্মফলোপভোগপ্রযুক্তঃ, ধর্ম্মাধর্ম্মফলোপভোগোপরমণমপি তদ্ধেতু আত্ম-কর্ম্মোপরমকৃতম্ ইত্যাত্মাস্য বিহন্তেত্যুচ্যতে। ৫

স্বয়ং নির্ম্মায় নির্ম্মাণং কৃত্বা বাসনাময়ং স্বপ্নদেহং মায়াময়মিব, নির্ম্মাণমপি তৎকর্ম্মাপেক্ষত্বাৎ স্বয়ংকর্ত্তৃকমুচ্যতে; স্বেনাত্মীয়েন ভাসা মাত্রোপাদান-লক্ষণেন, ভাসা দীপ্ত্যা প্রকাশেন সর্ব্ববাসনাত্মকেনান্তঃকরণবৃত্তিপ্রকাশে-নেত্যর্থঃ। সা হি তত্র বিষয়ভূতা সর্ব্ববাসনাময়ী প্রকাশতে; সা তত্র স্বয়ং ভা উচ্যতে; তেন স্বেন ভাসা বিষয়ভূতেন স্বেন চ জ্যোতিষা তদ্বিষয়িণা বিবিক্তরূপেণালুপ্তদৃক্স্বভাবেন তদ্ভারূপং বাসনাত্মকং বিষয়ীকুর্ব্বন্ প্রস্বপিতি। যদেবং বর্ত্তনম্, তৎপ্রস্বপিতীত্যুচ্যতে। অত্র এতস্যামবস্থায়ামেতস্মিন্ কালে অয়ং পুরুষ আত্মা স্বয়মেব বিবিক্তজ্যোতির্ভবতি; বাহ্যাধ্যাত্মিকভূতভৌতিক-সংসর্গরহিতং জ্যোতির্ভবতি। ৬

নন্বস্য লোকস্য মাত্রোপাদানং কৃতম্, কথং তস্মিন্ সতি অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতীত্যুচ্যতে? নৈষ দোষঃ; বিষয়ভূতমেব হি তৎ; তেনৈব চ অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্দ্দর্শয়িতুং শক্যঃ, ন ত্বন্যথা—অসতি বিষয়ে কস্মিংশ্চিৎ সুষুপ্ত-কাল ইব। যদা পুনঃ সা ভাঃ বাসনাত্মিকা বিষয়ভূতোপলভ্যমানা ভবতি, তদা অসিঃ কোশাদিব নিষ্কৃষ্টঃ সর্ব্বসংসর্গরহিতং চক্ষুরাদিকার্য্যকরণব্যাবৃত্ত-স্বরূপম্ অলুপ্তদৃক্ আত্মজ্যোতিঃ স্বেন রূপেণ অবভাসয়ং গৃহ্যতে। তেন অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতীতি সিদ্ধম্॥ ২৬০॥ ৯॥

টীকা। তস্যেত্যাদিবাক্যস্য ব্যাবর্ত্ত্যাং শঙ্কামাহ—নন্বিতি। অবস্থাদ্বয়বল্লোকদ্বয়সি-দ্ধিরিত্যাশঙ্ক্যাহ—দ্বয়োরেতি। কথং তর্হি লোকদ্বয়প্রসিদ্ধিরত আহ তস্মাদিতি। ততোঽন্তরমেবোত্তরং বাক্যমুত্থাপ্য ব্যাকরোতি—উচ্যত ইতি। স্থানদ্বয়প্রসিদ্ধিদ্যোত-নার্থো বৈশব্দঃ। অবধারণং বিবৃণোতি—নেতি। বেদনা সুখদুঃখাদিলক্ষণা। আগমস্য পরলোকসাধকত্বমভিপ্রেত্যাহ—তস্যেতি। অবধারণমাক্ষিপতি—নন্বিতি। তস্য স্থানান্তরত্বং দূষয়তি—নেতি। স্বপ্নস্য লোকদ্বয়াতিরিক্তস্থানত্বাভাবে কথং তৃতীয়ত্বপ্রসিদ্ধি-রিত্যাহ—কথমিতি। তস্য সন্ধ্যত্বায় স্থানান্তরত্বমিত্যুত্তরমাহ—লক্ষ্যং তদিতি।

সন্ধ্যত্বং ব্যুৎপাদয়তি—ইহেতি। যৎ স্বপ্নস্থানং তৃতীয়ং মধ্যমে, তদিহলোকপরলোকয়োঃ সন্ধ্যমিতি সম্বন্ধঃ। অস্য সন্ধ্যত্বে ফলিতমাহ—তেনেতি। পুনঃপ্রত্যয়শ্রুত্যা স্থানান্তরত্বমেব স্বপ্নস্য কিং ন স্যাদিত্যাশঙ্ক্য প্রথমশ্রুতসন্ধ্যশব্দবিরোধান্মৈবমিত্যাহ—ন হীতি। পরলোকাস্তিত্বে প্রমাণান্তরজিজ্ঞাসয়া পৃচ্ছতি—কথমিতি। প্রত্যক্ষং প্রমাণমুত্তরমাহ—যত ইত্যাদিনা। ১

স্বপ্নপ্রত্যক্ষং পরলোকাস্তিত্বে প্রমাণমিত্যুক্তং, তদেবোত্তরবাক্যেন(৭) স্ফুটয়িতুং পৃচ্ছতি—কথমিতি। কথং শব্দার্থমেব প্রকটয়তি—কিমিত্যাদিনা। উত্তরবাক্যমুত্তরত্বেনোত্থাপয়তি—উচ্যত ইতি। তত্রাথশব্দমুক্তপ্রশ্নার্থতয়া ব্যাকরোতি—অথেতি। উত্তরভাগমুত্তরত্বেন ব্যাচষ্টে—পশ্যতীতি। যদুক্তং কিমাশ্রয় ইতি, তত্রাহ—যথাক্রম ইতি। যদুক্তং কেন বিধিনেতি, তত্রাহ—তমাক্রমমিতি। পাপ্মশব্দস্য যথাশ্রুতার্থত্বে সম্ভবতি কিমিতি ফলবিষয়ত্বং, তত্রাহ—ন হীতি। সাক্ষাদাগমাদৃতে প্রত্যক্ষেণেতি যাবৎ। পাপ্মনামেব সাক্ষাদ্দর্শনাসম্ভবস্তচ্ছব্দার্থঃ। কথং পুনরাদ্যে বয়সি পাপ্মনামানন্দানাং চ স্বপ্নে দর্শনং তত্রাহ—জন্মান্তরেতি। যদ্যপি মধ্যমে বয়সি করণপাটবাদৈহিকবাসনয়া স্বপ্নো দৃশ্যতে তথাপি কথমস্মিন্মে বয়সি স্বপ্নদর্শনং, তদাহ—যানি চেতি। ফলানাং স্বল্পত্বমত্র লেশতো ভুক্তত্বম্। যানীত্যুপক্রমোক্তানীত্যুপসংখ্যাতব্যম্। ২

ঐহিকবাসনাবশাদৈহিকানামেব পাপ্মনামানন্দানাং চ স্বপ্নে দর্শনসম্ভবান্ন স্বপ্নপ্রত্যক্ষং পরলোকসাধকমিতি শঙ্কতে—তৎকথমিতি। পরিহরতি—উচ্যত ইতি। যদ্যপি স্বপ্নে মনুষ্যাণামিন্দ্রাদিভাবোঽননুভূতোঽপি ভাতি, তথাপি তদপূর্ব্বমেব দর্শনমিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। স্বপ্নধিয়া ভাবিজন্মভাবিনোঽপি স্বপ্নে দর্শনাৎ প্রায়েণেত্যুক্তম্। ন চ তদপূর্ব্বদর্শনমপি সম্যগ্জ্ঞানমুত্থানপ্রত্যয়বাধাৎ। ন চৈবং স্বপ্নধিয়া ভাবিজন্মাসিদ্ধির্যথাজ্ঞানমর্থাঙ্গীকারাদিতি ভাবঃ। প্রমাণফলমুপসংহরতি—তেনেতি। ৩

স যত্রেত্যাদিবাক্যস্য ব্যবহিতেন সম্বন্ধং বক্তুং বৃত্তমনূদ্যাক্ষিপতি—যদিত্যাদিনা। বাহ্যজ্যোতিরভাবে সত্যয়ং পুরুষঃ কার্য্যকরণসঙ্ঘাতো যেন সঙ্ঘাতাতিরিক্তেনাত্মজ্যোতিষা গমনাগমনাদি নির্ব্বর্ত্তয়তি তদাত্মজ্যোতিরস্তীতি যদুক্তমিত্যনুবাদার্থঃ। বিশিষ্টস্থানাভাবং বক্তুং বিশেষণাভাবং তাবদ্দর্শয়তি—তদেবেতি। আদিত্যাদিজ্যোতিরভাববিশিষ্টস্থানং যত্রেত্যুক্তং, তদেব স্থানং নাস্তি বিশেষণাভাবাদিতি শেষঃ। যথোক্তস্থানাভাবে হেতুমাহ—যেনেতি। সংসৃষ্টো বাহ্যৈর্জ্যোতির্ভিরিতি শেষঃ। ব্যবহারভূমৌ বাহ্যজ্যোতিরভাবাভাবে ফলিতমাহ—তস্মাদিতি। ৪

উত্তরগ্রন্থমুত্তরত্বেনাবতারয়তি—অথেত্যাদিনা। যথোক্তং সর্ব্বব্যতিরিক্তত্বং স্বয়ংজ্যোতিষ্ট্বমিত্যাদি। আহ স্বপ্নং প্রস্তৌতীতি যাবৎ। উপাদানশব্দঃ পরিগ্রহবিষয়ঃ। কথমস্য সর্ব্বাবত্ত্বং তদাহ—সর্ব্বাবত্ত্বমিতি। সংসর্গকারণভূতাঃ সহাধ্যাত্মাদিবিভাগেনেতি শেষঃ। কিমুপাদায় ইত্যস্যোত্তরমুক্তা কেন বিধিনেত্যস্যোত্তরমাহ—স্বয়মিত্যাদিনা। আপাতস্য প্রবপিতীত্যত্রত্র সম্বন্ধঃ। কথং পুনরাত্মনো দেহবিহন্তৃত্বং, আপ্রক্ষেতুকর্ম্মফলোপ-

ভোগোপরমণাদ্ধি স বিহরতে, তত্রাহ—জাগরিতে হীত্যাদিনা। নির্ম্মাণবিষয়ং দর্শয়তি—বাসনাময়মিতি। যথা মায়াবী মায়াময়ং দেহং নির্ম্মিমীতে, তদ্বদিত্যাহ—মায়াময়মিবেতি। কথং পুনরাত্মনো যথোক্তদেহনির্ম্মাণকর্তৃত্বং কর্ম্মকৃতত্বাত্তন্নির্ম্মাণমিত্যাশঙ্ক্যাহ—নির্ম্মাণমপীতি। স্বেন ভাসেত্যত্রেত্থং ভাবে তৃতীয়া। করণে তৃতীয়াং ব্যাবর্ত্তয়তি—সা হীতি। তত্রেতি স্বপ্নোক্তিঃ। যথোক্তান্তঃকরণবৃত্তের্বিষয়ত্বেন প্রকাশমানত্বেঽপি স্বভাসো ভবতু করণত্বমিত্যাশঙ্ক্যাহ—সা তত্রেতি। স্বেন জ্যোতিষেতি কর্ত্তরি তৃতীয়া। স্বশব্দোঽত্রাত্মবিষয়ঃ। কোঽয়ং প্রস্বাপো নাম, তত্রাহ—যদেবমিতি। বিবিক্তবিশেষণং বিবৃণোতি—বাহ্যেতি। ৫

স্বপ্নে স্বয়ং জ্যোতিরাত্মেত্যুক্তমাক্ষিপতি—নম্বস্তেতি। বাসনাপরিগ্রহস্য :মনোবৃত্তিরূপস্য বিষয়তয়া বিষয়িত্বাভাবাদবিরুদ্ধমাত্মনঃ স্বপ্নে স্বয়ং জ্যোতিষ্ট্বমিতি সমাধত্তে—নৈষ দোষ ইতি। কুতো বাসনাপাদানস্য বিষয়ত্বমিত্যাশঙ্ক্য স্বয়ং জ্যোতিষ্টশ্রুতিসামর্থ্যাদিত্যাহ—তেনেতি। মাত্রাদানস্য বিষয়ত্বেনেতি যাবৎ। তদেব ব্যতিরেকমুখেনা(ণা)হ—সত্ত্বিতি। যথা সুষুপ্তিকালে বাক্যস্য বিষয়স্যাভাবে স্বয়ং জ্যোতিরাত্মা দর্শয়িতুং ন শক্যতে, তথা স্বপ্নেঽপি তস্মাত্তত্র স্বয়ং জ্যোতিষ্ট্বশ্রুত্যা মাত্রাদানস্য বিষয়ত্বং প্রদর্শিতমিত্যর্থঃ। ভবতু স্বপ্নে বিষয়াদানস্য বিষয়ত্বম্, তথাপি কথং স্বয়ং জ্যোতিরাত্মা শক্যতে বিবিচ্য দর্শয়িতুমিত্যাশঙ্ক্যাহ—যদা পুনরিতি। অবভাসয়দবভাস্যং বাসনাত্মকমন্তঃকরণমিতি শেষঃ।. স্বপ্নাবস্থায়ামাত্মনোঽবভাসকান্তরাভাবে ফলিতমাহ—তেনেতি। ২৬০। ৯।

ভাষ্যানুবাদ। পূর্ব্বোক্ত এই পুরুষের দুইটী মাত্র স্থান আছে; তৃতীয় বা চতুর্থ স্থান নাই; সেই দুইটী স্থান কি কি? একটী স্থান হইতেছে এই বর্ত্তমান জন্ম— যাহা শরীর ইন্দ্রিয় বিষয় ও তদনুভবসমন্বিতরূপে প্রত্যক্ষ করা হইতেছে; অপরটী পরলোক স্থান, অর্থাৎ পরলোকরূপ স্থান, দেহেন্দ্রিয়াদি বিয়োগের পর যাহা অনুভব করিতে হইবে। ভাল কথা, স্বপ্নও ত একটী পরলোকস্থান মধ্যেই গণনীয়; সুতরাং 'দুইটী মাত্র স্থান' এইরূপে অবধারণ করা সঙ্গত হয় কিরূপ? না—তাহা স্বতন্ত্র কোন লোক বা স্থান নহে; তবে কি? তাহা (স্বপ্ন) সন্ধ্য স্থান; ইহলোক ও পরলোকের মধ্যবর্ত্তী যে স্থান, তাহা হইতে যাহার উৎপত্তি, সেই স্থানের নাম সন্ধ্য; ইহাই তৃতীয় স্বপ্ন স্থান; সুতরাং তাহার নাম সন্ধ্য। "দ্বে এব স্থানে ভবতঃ" বলিয়া যে, জীবস্থানের দ্বিত্বাবধারণ, তাহা অসঙ্গত হয় নাই; কেন না, দুই গ্রামের মধ্যবর্ত্তী সন্ধিস্থান কখনই সেই গ্রামদ্বয়ের অতিরিক্ত তৃতীয় স্থান বলিয়া কখনই পরিগণিত হয় না। ভাল, যে পরলোক স্থানকে অপেক্ষা করিয়া স্বপ্ন স্থানটী সন্ধ্য (মধ্যবর্ত্তী) হইতে পারে, সেই পরলোক স্থানের অস্তিত্ব জানা যায় কি উপায়ে? এবং যে জীব সন্ধিক্ষেত্রে অবস্থান করত এই উভয় স্থান অব-

লোকন করিয়া থাকে, সেই স্থান দুইটী বা কি কি ? [উত্তর—] ইহা এবং পর-লোকস্থান, অর্থাৎ বর্ত্তমান জন্ম, আর পরজন্ম। অতএব স্বপ্ন ও জাগরণ ভিন্নও অপর দুইটী লোক বা স্থান আছে ;' পুরুষ বুদ্ধি-সারূপ্য লাভ করত জন্ম-মরণপ্রবাহ পরম্পরা ক্রমে সেই উভয়লোকে সঞ্চরণ করিয়া থাকে। ১

ভাল কথা, পুরুষ স্বপ্নাবস্থায় অবস্থান করত কিরূপে উভয় লোক অবলোকন করে ? তখন তাহার আশ্রয়ই বা কি ? এবং দর্শনের প্রণালীই বা কি ? হাঁ, সেখানে কিরূপে দর্শন করে, তাহা বলা হইতেছে, শ্রবণ কর ; যাহার সাহায্যে বা যাহাকে ভর করিয়া আক্রমণ (কার্য্য সাধন) করা যায়; তাহার নাম আক্রম—আশ্রয় ; সেই আক্রমটী যে পুরুষের যেরূপ, সেই পুরুষকে 'যথাক্রম' বলা হইয়া থাকে। পুরুষ পরলোক পাইবার জন্য এখানে 'যথাক্রম' হয়, অর্থাৎ পরলোক প্রাপ্তির উপায়ভূত বিদ্যা, কর্ম্ম ও পূর্ব্বপ্রজ্ঞা-রূপ যাদৃশ সহায় সম্পন্ন হয়, অঙ্কুরীভাবপ্রাপ্ত বীজের ন্যায় সেই আক্রমও যখন পরলোক স্থানের নিমিত্ত উন্মুখ হয়—পুরুষকে পরলোকে লইয়া যাইবার জন্য সচেষ্ট হয়, তখন সেই আক্রম বা সাধনরাশিকে অবলম্বন করিয়া—ভর করিয়া উভয়লোক (ইহলোক ও পরলোক) নিরীক্ষণ করিতে থাকে। তৎকালে ধর্ম্মাধর্ম্মের বিবিধ বৈচিত্র্য তাহার দৃষ্টিগোচর হইতে থাকে ; এই জন্য 'উভয়' শব্দে বহুবচন যোগ করা হইয়াছে ; 'উভয়ান্' অর্থ—উভয় প্রকার বুঝিতে হইবে। সেই উভয় প্রকার কি কি ? না, পাপরাশি অর্থাৎ পাপের ফল সমূহ ; পাপ সাধারণতঃ প্রত্যক্ষ হয় না ; এই জন্য এখানে 'পাপ' অর্থে পাপফল দুঃখ বুঝিতে হইবে ; আর বিবিধ আনন্দ, অর্থাৎ পুণ্যের ফল সুখসমূহ ; জন্মান্তরানুভূত বাসনাময় অর্থাৎ পূর্ব্বপূর্ব্ব জন্মসঞ্চিত সংস্কারাত্মক সেই পাপ ও পুণ্যের ফল দুঃখ ও সুখ সমূহ সন্দর্শন করিতে থাকে ; এবং ধর্ম্মাধর্ম্মের সাহায্যে কিংবা দেবতার অনুগ্রহবলে ভবিষ্যৎজন্মে, যে সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র ধর্ম্মাধর্ম্ম ফল অনুভব করিতে হইবে, সে সমস্তও প্রত্যক্ষ করিতে থাকে (১)। ২

(১) জীব যখন বর্ত্তমান দেহ ত্যাগ করিয়া যাইবার উদ্‌যোগ করে, তখন তাহার পূর্ব্বসঞ্চিত জ্ঞান ও কর্ম্মসংস্কারগুলি ভাবী দেহ সমুৎপাদনের নিমিত্ত জাগরিত হয় ; বীজ যেমন বৃক্ষ উৎপাদনের পূর্ব্বে অঙ্কুরিত হয়, তেমনি পরলোকসাধন জ্ঞানকর্ম্মও তখন ফলোন্মুখ হয়। বীজের

ভাল, স্বপ্নাবস্থায় যে, পরলোকভাবী পাপ ও আনন্দ সন্দর্শন হইয়া থাকে, ইহা জানা যায় কিসে? তদুত্তরে বলা হইতেছে যে, যেহেতু ইহজন্মে যাহা অনুভবগোচর হয় নাই বা হইবার নহে, এরূপ বহু বিষয় স্বপ্নসময়ে দর্শন হইয়া থাকে; অথচ যাহা কস্মিন্‌কালেও অনুভূত হয় নাই, এরূপ বস্তু দর্শনকে কেহই 'স্বপ্ন' বলিয়া নির্দ্দেশ করে না। অধিকাংশ স্বপ্নই পূর্ব্বদৃষ্ট পদার্থের স্মরণ মাত্র; অতএব স্বীকার করিতে হইবে যে স্বপ্ন ও জাগ্রৎ অবস্থা ছাড়া আরও দুইটী লোক (ইহলোক ও পরলোক) নিশ্চয়ই আছে। ৩

পুনশ্চ শঙ্কা হইতেছে যে, দেহেন্দ্রিয়াদি সঙ্ঘাতাত্মক এই পুরুষ আদিত্যাদি বাহ্যজ্যোতির অভাবেও, অতিরিক্ত যে আত্মজ্যোতির সাহায্যে ব্যবহার সম্পাদন করিয়া থাকে—বলা হইয়াছে; প্রকৃতপক্ষে তাহার সেরূপ অবস্থা একান্ত অসম্ভব, যে অবস্থায় আদিত্যাদি জ্যোতির সম্পূর্ণ অভাব—বিনাশপ্রাপ্তি হয় ও যে অবস্থায় বাহ্যজ্যোতি-বিরহিত স্বয়ং জ্যোতির স্বরূপ উপলব্ধি হইতে পারে, এবং এই দেহেন্দ্রিয়সংঘাত যাহার সহিত নিত্যই অবিযুক্তরূপে প্রতীতিগোচর হইতে পারে? অতএব আত্মার যে বিবিক্ত-স্বভাব জ্যোতিঃস্বরূপের কথা বলা হইয়াছে, তাহা অসত্যতুল্য অথবা অসত্যই বটে। যদি কোনও অবস্থায় বাহ্য বা আধ্যাত্মিক ভূত-ভৌতিক জ্যোতির সম্বন্ধ রহিত হইয়া স্বতন্ত্রভাবে স্বীয় জ্যোতিঃস্বরূপ উপলব্ধিগোচর হইতে পারে, তাহা হইলেই পূর্ব্বোক্ত সমস্ত কথা সঙ্গত হইতে পারে; এখন এই অভিপ্রায়ে বলিতেছেন—৪

যে আত্মার কথা বলা হইয়াছে, সেই আত্মা যে সময় উত্তমরূপে স্বপ্ন (নিদ্রা) প্রণালী অবলম্বন করিয়া স্বপ্নানুভব-গোচর সর্ব্বাবৎ লোককে [এখানে 'সর্ব্বাবতঃ' কথার অর্থ এইরূপ—] সর্ব্বপ্রকার ব্যবহারকে রক্ষা করে বলিয়া বিষয়ানুভূতিসমন্বিত কার্য্যকরণসমষ্টিরূপ ইহলোকই 'সর্ব্বাবৎ'; বর্ত্তমান-লোকই যে, 'সর্ব্বাবৎ' তাহা ইতঃপূর্ব্বে অন্নত্রয়প্রকরণে "অথো অয়ং বা

অঙ্কুরাবস্থা যেমন বীজ ও বৃক্ষভাবের সন্ধিস্থল—উহাতে বীজ ও বৃক্ষ উভয়েরই কিঞ্চিৎ ছবি দেখিতে পাওয়া যায়, জীবের স্বপ্নস্থানীয় প্রায়ণাবস্থাও ঠিক তেমনি ইহলোক ও পরলোকের সন্ধিক্ষেত্র; সেখানে বর্ত্তমানজন্মের ও ভবিষ্যৎ জন্মের উভয় অবস্থাই প্রতীতিগোচর হইতে থাকে। যেমন জাগরণ ও সুষুপ্তি অপেক্ষা স্বপ্নাবস্থা তৃতীয়, তেমনি ইহলোক ও পরলোক অপেক্ষা সন্ধ্য স্থানটী (প্রায়ণাবস্থাটী) তৃতীয়; উভয় স্থানের অংশ লইয়াই সন্ধিস্থান হয়; সুতরাং সন্ধিস্থানটী এই উভয় স্থানেরই অংশ, কিন্তু অতিরিক্ত কিছু নহে।

আত্মা" ইত্যাদি বাক্যে বর্ণিত হইয়াছে। অথবা সম্বন্ধের কারণীভূত সর্ব্ব-প্রকার ভূতভৌতিক মাত্রা (ইন্দ্রিয়গ্রাহ্য শব্দ স্পর্শাদি বিষয়) বিদ্যমান থাকে বলিয়া, ইহলোক হইতেছে—'সর্ব্ববৎ'; 'সর্ব্ববৎ' শব্দ হইতেই 'সর্ব্বাবৎ' পদ নিষ্পন্ন করা হইয়াছে; সুতরাং সর্ব্বাবৎ লোক অর্থ—জাগরিতাবস্থা; তাহার মাত্রা—অবয়ব অর্থাৎ কতিপয় অংশ গ্রহণ করিয়া—বর্ত্তমান জন্মের সংস্কারসমন্বিত হইয়া, পুরুষ নিজেই নিজের দেহকে নিপাতিত—সংজ্ঞাহীন করিয়া—, [অভিপ্রায় এই যে, জাগরণ সময়ে আদিত্য প্রভৃতি বাহ্য জ্যোতিঃ পদার্থ যে, চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়বর্গের উপকার সাধন করে, দৈহিক ব্যবহার সম্পাদনই তাহার প্রধান উদ্দেশ্য, সেই দৈহিকব্যাপারনিচয়ও আবার আত্মার ধর্ম্মাধর্ম্ম ফলভোগেরই নিমিত্ত; আত্মীয় সেই কর্ম্ম-রাশির বিরাম হইলেই, এই দেহে ধর্ম্মাধর্ম্মের ফল সুখ দুঃখাদি-সম্ভোগেরও বিরাম বা নিবৃত্তি হইয়া যায়; এই কারণে আত্মাকে এই দেহের বিহন্তা (নিহন্তা) বলা হইতেছে। ৫

পুনশ্চ নিজেই নির্ম্মাণ করিয়া—ঐন্দ্রজালিক যেমন মায়াময় দেহ নির্ম্মাণ করে, তেমনি বাসনাময় (পূর্ব্বসংস্কারানুরূপ) স্বপ্নদেহ নির্ম্মাণ করিয়া—পুরুষের ঐরূপ স্বপ্নদেহ তদীয় পূর্ব্বকর্ম্মানুসারে হইয়া থাকে; পুরুষই সেই কর্ম্মের কর্ত্তা; এই জন্য স্বপ্নদেহ-নির্ম্মাণে পুরুষের কর্ত্তৃত্ব বলা হইয়াছে। তাহার পর স্বীয় দীপ্তি দ্বারা বিষয় গ্রহণরূপ প্রমাণ দ্বারা—সর্ব্ববিধ বাসনা-বিশিষ্ট অন্তঃকরণবৃত্তির প্রকাশন দ্বারা অন্তঃকরণের বৃত্তিই তখন সর্ব্বপ্রকার বাসনাসহকারে গ্রাহ্যবিষয়রূপে প্রকাশ পাইতে থাকে; এই কারণে উহাকে 'স্বয়ং ভা' (দীপ্তি স্বরূপ) বলা হইয়াছে। বিষয়াত্মক সেই স্বস্বরূপ দীপ্তি এবং তৎপ্রকাশক নির্ম্মাণ বা অবিমিশ্র নিত্য সৎস্বরূপ জ্যোতিঃপ্রভাবে ঐ বাসনাময় প্রকাশ্যকেও প্রকাশ করত স্বপ্নানুভব করিয়া থাকে। পুরুষের যে, এইরূপ বৃত্তি বা অবস্থান, তাহাই তাহার প্রকৃষ্ট স্বপন বা নিদ্রা বলিয়া কথিত হয়। এই স্বপ্নাবস্থায় পুরুষ (জীব) নিজেই নির্ম্মল বা অবিমিশ্র জ্যোতিঃস্বরূপ হয়, অর্থাৎ তখন জ্যোতির্ম্ময় আত্মার সহিত বাহ্য বা আধ্যাত্মিক কোনরূপ ভূত ও ভৌতিক জ্যোতির সম্পর্ক থাকে না। ৬

[এবিষয়ে আপত্তি হইতেছে এই যে,] স্বপ্নসময়ে পুরুষ যখন জাগ্রদবস্থার বিষয়সমূহই গ্রহণ করে, তখন তৎসম্পর্কসত্বে, সে সময় স্বয়ং জ্যোতিঃ হয়

কিরূপে? [উত্তর -] না—ইহা দোষাবহ হয় না; কারণ, পুরুষের যে, জাগ্রৎ-কালীন বিষয়গ্রহণ, তাহাও তাহার বিষয় স্বরূপই [প্রকাশ্যই]; প্রকাশের সহিত যে, প্রকাশকের ভেদ, ইহা ত স্বতঃ সিদ্ধ; সুতরাং সেই সময়েই পুরুষকে স্বয়ং জ্যোতিঃ স্বরূপে প্রদর্শন করিতে পারা যায়; নচেৎ স্বপ্নসময়ের ন্যায় কোন [বিষয়—প্রকাশ্য] থাকিলে, তাহার স্বয়ংজ্যোতিঃ স্বভাব প্রদর্শন করিতে পারা যায় না। (১

পরন্তু সেই বাসনাময়ী দীপ্তিই যখন বিষয়রূপে (আত্মপ্রকাশ্যরূপে) উপলব্ধিগোচর হয়, তখনই চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়াদির সম্পর্কশূন্য নিত্য প্রকাশময় কোষনিঃসৃত অসির ন্যায়, সেই আত্মজ্যোতিও স্বস্বরূপে (সর্ব্বাবভাসকরূপে) লোকের প্রতীতিগোচর হইয়া থাকে; এই জন্যই 'এই সময়ে উক্ত পুরুষ স্বয়ং জ্যোতিঃ হয়' উক্তি যুক্তিযুক্ত হইল ॥ ২৬০ ॥ ৯ ॥

আভাসভাষ্যম্। নমত্র কথং পুরুষঃ স্বয়ংজ্যোতিঃ? যেন জাগরিতে ইব গ্রাহ্যগ্রাহকাদিলক্ষণঃ সর্ব্বো ব্যবহারো দৃশ্যতে, চক্ষুরাদ্যনুগ্রাহকাশ্চাদিত্যাদ্যা লোকাস্তথৈব দৃশ্যন্তে, যথা জাগরিতে; তত্র কথং বিশেষাবধারণং ক্রিয়তে—অত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতীতি।

উচ্যতে—বৈলক্ষণ্যাৎ স্বপ্নদর্শনস্য; জাগরিতে হি ইন্দ্রিয়-বুদ্ধি-মন-আলোকাদিব্যাপারসঙ্কীর্ণমাত্মজ্যোতিঃ; ইহ তু স্বপ্নে ইন্দ্রিয়াভাবাৎ তদনুগ্রাহকাদিত্যাদ্যালোকাভাবাচ্চ বিবিক্তং কেবলং ভবতি তস্মাদ্বিলক্ষণম্। ননু তথৈব বিষয়া উপলভ্যন্তে স্বপ্নেঽপি, যথা জাগরিতে; তত্র কথমিন্দ্রিয়াভাবাদ্বৈলক্ষণ্যমুচ্যতে? ইতি। শৃণু—

টীকা। বৃহত্তং স্বপ্নে স্বয়ং জ্যোতিরাত্মেতি, তৎ প্রকারান্তরেণাক্ষিপতি—ননিতি। অবস্থান্তরে বিশেষাভাবকৃতং চোদ্যং দূষয়তি—উচ্যত ইতি। বৈলক্ষণ্যং স্ফুটয়তি—জাগরিতে হীতি। মনস্তু স্বপ্নে যদপি বিষয়ত্বাৎ স্বয়ংজ্যোতিষ্ট্বং বিঘাতীতি ভাবঃ।

(১) তাৎপর্য্য—অভিপ্রায় এই যে, অন্যত্র প্রতিফলন ব্যতিরেকে কোন জ্যোতিঃপদার্থই দেখিতে পাওয়া যায় না; উদাহরণ—যেমন সূর্য্যালোক; আকাশে সূর্য্যরশ্মি বিদ্যমানসত্ত্বেও দেখা যায় না, অথচ কোন স্বচ্ছ পদার্থে পতিত হইবামাত্র, অনায়াসে তাহা বুঝিতে পারা যায়; এইরূপে আত্মজ্যোতিরও প্রতিফলনযোগ্য কোন বিষয় না থাকিলে স্পষ্টানুভূতি হইতে পারে না।

উক্তং বৈলক্ষণ্যং প্রতীতিমাশ্রিত্যাক্ষিপতি—ননিতি। ন তত্রেত্যাদিবাক্যং ব্যাচক্ষাণ উত্তরমাহ—শৃণ্বিতি।

আভাসভাষ্যানুবাদ। এবিষয়ে আপত্তি এই যে, এই পুরুষ স্বপ্নসময়ে স্বয়ং জ্যোতিঃ (অন্য জ্যোতির সম্পর্করহিত) হয় কিরূপে? যেহেতু জাগরণ সময়ের স্থায়, স্বপ্নসময়েও গ্রাহ্য গ্রাহকাদি সমস্ত ব্যবহারই বিদ্যমান থাকে? জাগরণকালে যেমন চক্ষুঃ প্রভৃতির উপকারকারী আদিত্যাদি জ্যোতিঃ বিদ্যমান থাকে, স্বপ্নসয়েও ঠিক তেমনি সমস্ত বিষয় দেখিতে পাওয়া যায়; অতএব 'এসময়ে (স্বপ্নসময়ে) এই পুরুষ স্বয়ং জ্যোতিঃ হয়', এরূপ স্থির সিদ্ধান্ত করা হইল কিরূপে?

হাঁ, ইহার পরিহার বলা হইতেছে,—জাগরণ অপেক্ষা স্বপ্নদর্শনের যথেষ্ট বৈলক্ষণ্য রহিয়াছে; জাগরণসময়ে আত্মজ্যোতিঃ স্বভাবতই ইন্দ্রিয়, বুদ্ধি, মন ও বাহ্য আলোকাদি ক্রিয়ার সহিত সঙ্কীর্ণ (সংমিশ্রিত) থাকে; কিন্তু স্বপ্নসময়ে উক্ত ইন্দ্রিয়াদি কিছুই থাকে না—বিরতব্যাপার হইয়া যায়, এবং আদিত্যাদি বাহ্য আলোকেরও অভাব থাকে; এই জন্য পুরুষ সে সময় বিবিক্ত হইয়া পড়ে; সুতরাং স্বপ্ন ও জাগরণের মধ্যে যথেষ্ট বৈলক্ষণ্য রহিয়াছে। ভাল কথা, জাগ্রৎ সময়ে যেরূপ ইন্দ্রিয়াদি দ্বারা বিষয় রাশি অনুভব করা হইয়া থাকে, স্বপ্নসময়েও যখন সেইরূপই সমস্ত অনুভব করা হয়, তখন (তৎকালে) ইন্দ্রিয়ের অভাব বলা যায় কিরূপে? সুতরাং বৈলক্ষণ্যও বলা যাইতে পারে না? [হাঁ, কিরূপে বৈলক্ষণ্য বলা যাইতে পারে, তাহা বলিতেছি,] শ্রবণ কর—

ন তত্র রথা ন রথযোগা ন পন্থানো ভবন্ত্যথ রথান্ রথযোগান্ পথঃ সৃজতে, ন তত্রানন্দা মুদঃ প্রমুদো ভবন্ত্যথানন্দান্ মুদঃ প্রমুদঃ সৃজতে, ন তত্র বেশান্তাঃ পুষ্করিণ্যঃ স্রবন্ত্যো ভবন্ত্যথ বেশান্তা পুষ্করিণীঃ স্রবন্তীঃ সৃজতে, স হি কর্ত্তা ॥২৬১॥১০॥

অন্বয়ার্থঃ। স্বপ্নদৃশ্যানাং বৈতথ্যং বক্তুমাহ—ন তত্র ইত্যাদি। তত্র (স্বপ্নে) রথাঃ (দৃশ্যমানাঃ রথপ্রভৃতয়ঃ) ন, রথযোগাঃ (রথে যুজ্যন্তে নিবধ্যন্তে যে, তে অশ্বাদয়ঃ) ন, পন্থানশ্চ ন ভবন্তি (সন্তি); অথ (পুনঃ)

রথান্ রথযোগান্ পথঃ সৃজতে (নির্ম্মাতি) [স্বপ্নদর্শীতি শেষঃ] ; [তথা] তত্র আনন্দাঃ (অভীষ্টবস্তুদর্শনজন্যাঃ), মুদঃ (অভীষ্টবস্তুলাভজন্যাঃ), প্রমুদঃ (অভীষ্টবস্তুভোগজন্যাশ্চ) ন ভবন্তি ; অথ আনন্দান্, মুদঃ, প্রমুদঃ সৃজতে [স্বপ্নদর্শীতি শেষঃ] ; তথা তত্র বেশান্তাঃ (ক্ষুদ্রজলাশয়াঃ), পুষ্করিণ্যঃ, স্রবন্ত্যঃ (নদ্যশ্চ) ন ভবন্তি ; অথ বেশান্তান্, পুষ্করিণীঃ, স্রবন্তীঃ সৃজতে। [কস্তত্র রথাদিসৃষ্টিকর্ত্তা ? ইত্যাহ—] হি (নিশ্চয়ে) সঃ (স্বপ্নদ্রষ্টা পুরুষ এব) কর্ত্তা (স্বপ্নে রথাদীনাং নির্ম্মাতা ইত্যর্থঃ) ॥ ২৬১ ॥ ১০ ॥

মূলানুবাদ। [স্বপ্নসময়ে দৃশ্যমান বস্তুসমূহের কল্পিতত্ব প্রদর্শনার্থ বলিতেছেন—] সেই স্বপ্নে রথ নাই, রথে যোজিত অশ্বাদি নাই, এবং গমনোপযোগী পথও নাই ; অথচ রথ, অশ্বাদি ও পথ নির্ম্মাণ করে ; এইরূপ, স্বপ্নে আনন্দ মুদ্ ও প্রমুদ সমূহ নাই, অথচ সে সমুদয় সৃষ্টি করে ; এবং সেই সময় বেশান্ত, পুষ্করিণী ও নদী সমূহ নাই, অথচ সে সমুদয় সৃষ্টি করে। এ সমস্ত সৃষ্টির কর্ত্তা কে ? তদুত্তরে বলিতেছেন—] সেই স্বপ্নদ্রষ্টা পুরুষই রথাদি সৃষ্টির কর্ত্তা, অর্থাৎ ঐ সমস্ত তাহার পূর্ব্বতন সংস্কার-প্রসূত ॥ ২৬ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্। ন তত্র বিষয়াঃ স্বপ্নে রথাদিলক্ষণাঃ ; তথা ন রথযোগাঃ—রথেষু যুজ্যন্ত ইতি রথযোগাঃ অশ্বাদয়ঃ তত্র ন বিদ্যন্তে ; ন চ পন্থানঃ রথমার্গা ভবন্তি। অথ রথান্ রথযোগান্ পথশ্চ সৃজতে স্বয়ম্। কথং পুনঃ সৃজতে রথাদিসাধনানাং বৃক্ষাদীনামভাবে ? উচ্যতে—ননূক্তম্ "অস্য লোকস্য সর্ব্বাবতো মাত্রামপাদায় স্বয়ং বিহত্য স্বয়ং নির্ম্মায়" ইতি ; অন্তঃকরণবৃত্তিঃ অস্য লোকস্য বাসনা মাত্রা, তামপাদায়, রথাদিবাসনারূপান্তঃকরণবৃত্তিঃ তদুপলব্ধিনিমিত্তেন কর্ম্মণা চোদ্যমানা দৃশ্যত্বেন ব্যবতিষ্ঠতে ; তদুচ্যতে— "স্বয়ং নির্ম্মায়" ইতি ; তদেবাহ "রথাদীন্ সৃজতে" ইতি ; ন তু তত্র করণং বা, করণানুগ্রাহকাণি বা আদিত্যাদিজ্যোতীংষি, তদবভাস্যা বা রথাদয়ো বিষয়া বিদ্যন্তে ; তদ্বাসনামাত্রন্তু কেবলং তদুপলব্ধিকর্ম্মনিমিত্তচোদিতোদ্ভূতান্তঃকরণবৃত্ত্যাশ্রয়ং দৃশ্যতে। তদ্‌যস্য জ্যোতিষো দৃশ্যতে অলুপ্তদৃশঃ, তদাত্মজ্যোতিরত্র কেবলম্ অসিরিব কোশাদ্বিবিক্তম্। ১

তথা ন তত্রানন্দাঃ সুখবিশেষাঃ, মুদঃ হর্ষাঃ পুত্রাদিলাভনিমিত্তাঃ, প্রমুদঃ ত এব প্রকর্ষোপেতাঃ; অথ চানন্দাদীন্ সৃজতে। তথা ন তত্র বেশান্তাঃ পল্বলাঃ, পুষ্করিণ্যস্তড়াগাঃ, স্রবন্ত্যঃ নদ্যো ভবন্তি; অথ বেশান্তাদীন্ সৃজতে বাসনামাত্ররূপান্। যস্মাৎ স হি কর্ত্তা, তদ্বাসনাশ্রয় চিত্তবৃত্ত্যুদ্ভবনিমিত্তকর্ম্ম-হেতুত্বেনেতি অবোচাম তস্য কর্ত্তৃত্বম্; ন তু সাক্ষাদেব তত্র ক্রিয়া সম্ভবতি, তত্র সাধনাভাবাৎ; ন হি কারকমন্তরেণ ক্রিয়া সম্ভবতি; ন চ তত্র হস্তপদাদীনি ক্রিয়াকারকাণি সম্ভবন্তি; যত্র তু তানি বিদ্যন্তে জাগরিতে, তত্র আত্মজ্যোতিরবভাসিতৈঃ কার্য্যকরণৈঃ রথাদিবাসনাশ্রয়ান্তঃকরণবৃত্ত্যুদ্ভবনিমিত্তং কর্ম্ম নির্ব্বর্ত্ত্যতে; তেনোচ্যতে—স হি কর্ত্তেতি।

তদুক্তম্—'আত্মনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম্ম কুরুতে' ইতি; তত্রাপি ন পরমার্থতঃ স্বতঃ কর্ত্তৃত্বং চৈতন্যজ্যোতিষঃ অবভাসকত্বব্যতিরেকেণ—যৎ চৈতন্যাত্মজ্যোতিষা অন্তঃকরণদ্বারেণ অবভাসয়তি কার্য্যকরণানি, তদবভাসিতানি কর্ম্মসু ব্যাপ্রিয়ন্তে কার্য্যকরণানি; তত্র কর্ত্তৃত্বমুপচর্য্যত আত্মনঃ। তদুক্তং "ধ্যায়তীব লেলায়তীব" ইতি; তদেবানূদ্যতে—স হি কর্ত্তেতি ইহ হেত্বর্থম্ ॥ ২৬১ ॥ ১০ ॥

টীকা। প্রতীতিং ঘটয়তি—অথেতি। রথাদিসৃষ্টিমাক্ষিপতি—কথং পুনরিতি। বাসনাময়ী সৃষ্টিঃ স্যিদিত্যুত্তরমাহ—উচ্যত ইতি। তদুপলব্ধিনিমিত্তেনেত্যত্র তচ্ছব্দেন বাসনাত্মিকা মনোবৃত্তিরেবোক্তা। উক্তমেব প্রপঞ্চয়তি—ন তত্যাদিনা। তদুপলব্ধির্বাসনোপলব্ধিস্তত্র যৎ কর্ম্ম, নিমিত্তং, তেন চোদিতা যোদ্ভূতান্তঃকরণবৃত্তিগ্রাহকাবস্থা, তদাশ্রয়ং তদাত্মকং তদ্বাসনারূপং দৃশ্যত ইতি যোজনা। তথাপি কথমাত্মজ্যোতিঃ স্বপ্নে কেবলং সিধ্যতি, তত্রাহ—তদ্যস্মেতি। যথা কোশাদসির্বিবিক্তো ভবতি, তথা দৃশ্যায়া বুদ্ধের্বিবিক্তমাত্মজ্যোতিরিতি কৈবল্যং সাধয়তি—অস্মিন্নেবেতি। ১

তথা রথাদ্যভাববদিতি যাবৎ। সুখান্যেব বিশিষ্যন্ত ইতি বিশেষাঃ, সুখসামান্যানীত্যর্থঃ। তথেত্যানন্দাদ্যভাবো দৃষ্টান্তিতঃ। অল্পীয়াংসি সরাংসি পল্বলশব্দেনোচ্যন্তে। ন হি কর্ত্তেত্যত্র হি-শব্দার্থো যস্মাদিত্যুক্তস্তস্মাৎ সৃজতীতি শেষঃ। কুতোঽস্য কর্ত্তৃত্বং সহকার্য্যভাবাদিত্যাশঙ্ক্যাহ—তদ্বাসনেতি। তচ্ছব্দেন বেশান্তাদিগ্রহণম্। তদীয়বাসনাধারশ্চিত্তপরিণামস্তেনোদ্ভবতি যৎকর্ম্ম তস্য সৃজ্যমাননিদানত্বেনেতি যাবৎ। মুখ্যং কর্ত্তৃত্বং বারয়তি—নাস্মীতি। তত্রেতি স্বপ্নোক্তিঃ। সাধনাভাবেঽপি স্বপ্নে ক্রিয়া কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। তর্হি স্বপ্নে কারকাণ্যপি ভবিষ্যন্তি, নেত্যাহ—ন চেতি। তর্হি পূর্ব্বোক্তমপি কর্ত্তৃত্বং কথমিতি চেত্তত্রাহ—যত্র ত্বিতি। উক্তেঽর্থে বাক্যোপক্রমমনুকূলয়তি—তদুক্তমিতি। উপক্রমে মুখ্যং কর্ত্তৃত্বমিহ ত্বৌপচারিকমিতি বিশেষমাশঙ্ক্যাহ—তত্রা-

ণীতি। পরমার্থতশ্চৈতন্যজ্যোতিষো ব্যাপারবদুপাধ্যবভাসকত্বব্যতিরেকেণ স্বতো ন কর্তৃত্বং বাক্যোপক্রমেঽপি বিবক্ষিতমিত্যর্থঃ। আত্মনো বাক্যোপক্রমে কর্তৃত্বমৌপচারিক-মিত্যুপসংহরতি যদীতি। স হি কর্ত্তৃত্বৌপচারিকং কর্তৃত্বমিত্যুচ্যতে চেৎ, তস্য ধ্যায়তী-বেত্যাদিনোক্তত্বাৎ পুনরুক্তিরিত্যাশঙ্ক্যাহ—যদ্যপ্যমিতি। অনুবাদে প্রয়োজনমাহ—হেত্বর্থমিতি। স্বপ্নে রথাদিসৃষ্টাবিতি শেষঃ। ।২৬১। ১০।

ভাষ্যানুবাদ। [জাগ্রদবস্থা হইতে স্বপ্নাবস্থার পার্থক্য এই যে,] স্বপ্নে তৎকালীন দর্শনযোগ্য রথাদি বিষয় বিদ্যমান নাই; সেইরূপ রথযোগ—রথে যে সকলকে সংযোজিত আবদ্ধ করা হয়, সেই রথবাহী অশ্ব প্রভৃতিও সেখানে নাই; এবং রথের গমনোপযোগী পথসমূহও নাই; অথচ সেই সমস্ত রথ, রথযোগ ও পথসমূহ সৃষ্টি করে। রথাদি-নির্ম্মাণের উপকরণ কাষ্ঠাদির অভাবে সৃষ্টি করে কিরূপে? ইহার উত্তরে বলা হইতেছে—পূর্ব্বেই বলা হইয়াছে যে, 'সর্ব্বপ্রকার উপকরণসম্পন্ন এই জাগরণাবস্থার মাত্রা (সংস্কার) সংগ্রহ করিয়া এবং নিজেই শরীরকে একবার নিহত করিয়া ও পুনর্ব্বার নির্ম্মাণ করিয়া' ইত্যাদি। [অভিপ্রায় এই যে, জাগ্রদবস্থার বাসনাসমূহ লইয়া বাসনাময়ী অন্তঃকরণবৃত্তি নিজেই তদুপলব্ধির (বাসনা উপলব্ধির) কারণীভূত প্রাক্তন কর্ম্মরাশি দ্বারা পরিচালিত হইয়া তৎকাল-দৃশ্য রথাদিরূপে প্রকাশ পাইয়া থাকে, 'স্বয়ং নির্ম্মায়' ইত্যাদি কথায় ঐ অভিপ্রায়ই প্রকাশ করা হইয়াছে: এখানে রথাদির সৃষ্টিবোধক বাক্যও সেই ভাবেরই অভিব্যক্তি করিতেছে মাত্র। বাস্তবিকপক্ষে কিন্তু সেখানে করণ—চক্ষুঃ প্রভৃতি, কিংবা চক্ষুঃ প্রভৃতির অনুগ্রাহক সূর্য্যাদি তেজ বা তৎপ্রকাশ্য রথাদি বিষয় কিছুই বিদ্যমান থাকে না; কেবল জ্ঞান-বাসনা বা মানস-সংস্কারই অন্তঃকরণকে আশ্রয় করিয়া নিজের উপলব্ধিজনক প্রাক্তন কর্ম্ম-প্রভাবে প্রাদুর্ভূত হইয়া দর্শনপথে উপস্থিত হয়; নিত্য প্রকাশশীল জ্যোতির্ম্ময় আত্মা এখানে কোশ-নির্ম্মুক্ত অসির ন্যায় স্বয়ংজ্যোতিরূপে প্রকাশ পাইয়া থাকে মাত্র। ১

সে সময়ে যেমন রথাদি থাকে না, তেমনি আনন্দ—সুখবিশেষ, মুদ্—পুত্রাদি প্রিয় বস্তু লাভজনিত হর্ষ, এবং প্রমুদ্—প্রিয় বস্তু লাভে নিরতিশয় সুখ, ইহার কিছুই থাকে না; অথচ সেই আনন্দ প্রভৃতি সমস্তই নির্ম্মাণ করে; এইরূপ সেখানে বেশান্ত—ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়, পুষ্করিণী অর্থাৎ তড়াগ (দিঘী), কিংবা স্রবন্তী—নদীসমূহও নাই; অথচ বাসনাময় (সংস্কারাত্মক) বেশান্ত প্রভৃতি

সৃষ্টি করে ; যেহেতু তিনিই (আত্মাই) কর্ত্তা। [তাহার কর্তৃত্ব কি প্রকার ?] এ আপত্তির উত্তরে পূর্ব্বেই আমরা বলিয়াছি যে, যেহেতু ঐ সমস্ত বাসনার আশ্রয়ভূত অন্তঃকরণে যে, বিবিধ বৃত্তির বিকাশ হয়, জীবের পূর্ব্বকৃত কর্ম্মই তাহার একমাত্র নিমিত্ত ; এই জন্যই তাহার কর্তৃত্ব আরোপিত হয় ; কিন্তু তাহার পক্ষে সাক্ষাৎ সম্বন্ধে কোন ক্রিয়াসম্পাদনই সম্ভব হয় না ; কারণ, সেখানে ক্রিয়ানিষ্পাদক কোনরূপ সাধনসামগ্রী বর্ত্তমান থাকে না ; সাধনাভাবে কখনও কোনরূপ ক্রিয়া হইতে পারে না। ক্রিয়া-নিষ্পাদক হস্ত-পদাদি কোন সাধনই (কারকই) সেখানে বিদ্যমান থাকে না সত্য ; কিন্তু যে জাগরণ দশায় ঐ সমস্ত দেহেন্দ্রিয়াদি বিদ্যমান থাকে, সেই জাগরণদশায় আত্মজ্যোতি দ্বারা এরূপ কর্ম্ম নিষ্পাদিত হইয়া থাকে যে, ঐ সমস্ত কর্ম্মজ সংস্কার মনোমধ্যে সন্নিবিষ্ট থাকিয়া স্বপ্নসময়ে তদনুরূপ বৃত্তি সমুৎপাদন করিয়া দেয় ; এই নিমিত্ত 'স হি কর্ত্তা' বলিয়া জীবের কর্তৃত্ব অবধারিত করা হইয়াছে। ২

ইতঃপূর্ব্বে 'পুরুষ আত্মজ্যোতিঃপ্রভাবেই বৃত্তি লাভ করে, কর্ম্ম করে এবং সেখান হইতে ফিরিয়া আইসে' ইত্যাদি বাক্যে এ কথাই উক্ত হইয়াছে। প্রকৃতপক্ষে কিন্তু সেখানেও আত্মা স্বীয় জ্ঞানজ্যোতি দ্বারা অন্তঃকরণাদিকে সমুদ্ভাসিত করিয়া কর্ম্মে প্রবর্ত্তিত করে বলিয়াই তাহার কর্তৃত্ব নির্দ্দেশ করা হইয়াছে, কিন্তু স্বতঃসিদ্ধ পারমার্থিক কর্তৃত্ব বলা হয় নাই। অভিপ্রায় এই যে, যেহেতু আত্মজ্যোতিঃ অন্তঃকরণ দ্বারা দেহেন্দ্রিয়াদিকে উদ্ভাসিত করে, এবং দেহেন্দ্রিয়াদি সাধনসমূহ তদুদ্ভাসিত হইয়াই নানাবিধ কর্ম্মে ব্যাপৃত হইয়া থাকে, সেই হেতুই আত্মার কর্তৃত্ব-ব্যবহার হইয়া থাকে। অন্য শ্রুতিতেও একথা বলা হইয়াছে ; যথা—'[আত্মা] যেন ধ্যানই করে, যেন স্পন্দনই করে' ইত্যাদি। আত্মার অকর্তৃত্ব জ্ঞাপনের নিমিত্ত এখানে সেই 'ধ্যায়তি' শ্রুতিরই অনুবাদ করা হইয়াছে ॥ ২৬১ ॥ ১০ ॥

তদেতে শ্লোকা ভবন্তি,—

স্বপ্নেন শারীরমভিপ্রহত্যাসুপ্তঃ সুপ্তানভিচাকশীতি।
শুক্রমাদায় পুনরৈতি স্থানং হিরণ্ময়ঃ পুরুষ একহংসঃ ॥

২৬২॥১১॥

সরলার্থঃ। তৎ (তস্মিন্ যথোক্তে বিষয়ে) এতে (বক্ষ্যমাণাঃ)

শ্লোকাঃ (সংক্ষিপ্তার্থাঃ মন্ত্রাঃ) ভবন্তি (সন্তি)। [কে তে? ইত্যাহ—] একহংসঃ (এক এব হন্তি—জাগ্রৎস্বপ্নাদ্যবস্থাভেদান্ গচ্ছতি ইতি একহংসঃ), হিরণ্ময়ঃ (সুবর্ণময় ইব জ্যোতিঃস্বভাবাত্মকঃ) পুরুষঃ (জীবঃ) [স্বয়ং] অসুপ্তঃ (অলুপ্তদৃক্স্বরূপ এব সন্) শারীরং (শরীরম্) অভিপ্রহত্য (নিষ্ক্রিয়তাম্ আপাদ্য) সুপ্তান্ (বাসনারূপেণ অন্তঃকরণে স্থিতান্—বাহ্যান্ আধ্যাত্মিকান্ চ বিষয়ান্) অভিচাকশীতি (আত্মজ্যোতিষা পশ্যতীত্যর্থঃ)। শুক্রং (শুদ্ধং উজ্জ্বলম্ ইন্দ্রিয়বৃত্তিম্) আদায় (গৃহীত্বা) স্থানং (কর্ম্মক্ষেত্রং জাগরণম্) পুনঃ ঐতি (আগচ্ছতি) ইত্যর্থঃ॥ ২৬২ ॥ ১১ ॥

মূলানুবাদ। একহংস—যিনি একাকী জাগ্রৎ স্বপ্নাদি নানাবিধ অবস্থা লাভ করেন, সেই হিরণ্ময়—সুবর্ণনির্ম্মিত বস্তুর ন্যায় সমুজ্জ্বল পুরুষ (জীব) নিজে অসুপ্ত থাকিয়া—জ্ঞানশক্তিশূন্য না হইয়া, শরীরকে প্রহত করিয়া অর্থাৎ তাহার ক্রিয়াশক্তি বিলুপ্ত করিয়া দিয়া, সুপ্ত—সংস্কারময় বিষয়সমূহ দর্শন করিতে থাকে। আবার সেই পুরুষই ইন্দ্রিয়বৃত্তিসমূহ গ্রহণ করিয়া পুনর্ব্বার কর্ম্মক্ষেত্র—জাগরণ অবস্থা প্রাপ্ত হয়॥ ২৬২ ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্। তদেতে—এতস্মিন্নুক্তেঽর্থে এতে শ্লোকাঃ মন্ত্রা ভবন্তি। স্বপ্নেন স্বপ্নভাবেন শারীরং শরীরম্ অভিপ্রহত্য নিশ্চেষ্টতামাপাদ্য অসুপ্তঃ স্বয়ম্ অলুপ্তদৃগাদিশক্তিস্বাভাব্যাৎ, সুপ্তান্ বাসনাকারোদ্ভূতান্ অন্তঃকরণবৃত্ত্যাশ্রয়ান্ বাহ্যাধ্যাত্মিকান্ সর্ব্বানেব ভাবান্ স্বেন রূপেণ প্রত্যস্তমিতান্ সুপ্তান্, অভিচাকশীতি অলুপ্তয়া আত্মদৃষ্ট্যা পশ্যতি অবভাসয়তীত্যর্থঃ। শুক্রং শুদ্ধং জ্যোতিষ্মদিন্দ্রিয়মাত্রারূপম্, আদায় গৃহীত্বা পুনঃ কর্ম্মণে জাগরিতস্থানম্, ঐতি আগচ্ছতি; হিরণ্ময়ঃ হিরণ্ময় ইব চৈতন্যজ্যোতিঃস্বভাবঃ, পুরুষঃ একহংসঃ এক এব হন্তীত্যেকহংসঃ,—একঃ জাগ্রৎস্বপ্নেহলোকপরলোকাদীন্ গচ্ছতীত্যেকহংসঃ॥ ২৬২ ॥ ১১ ॥

টীকা। তদেতে শ্লোকা ভবন্তীত্যেতৎ প্রতীকং গৃহীত্বা ব্যাচষ্টে—তদেত ইতি। উক্তোঽর্থঃ স্বয়ং জ্যোতিষ্ট্বাদিঃ। শারীরমিতি স্বার্থে বৃদ্ধিঃ। স্বয়মসুপ্তত্বে হেতুমাহ—অলুপ্তেতি। ব্যাখ্যেয়ং পদমাদায় ব্যাচষ্টে—সুপ্তানিত্যাদিনা। উক্তমনূদ্য পদান্তরমবতার্য্য ব্যাকরোতি—সুপ্তানভিচাকশীতীতি॥ ২৬২ ॥ ১১ ॥

ভাষ্যানুবাদ। 'তদ্ এতে' ইত্যাদি। এই যে বিষয় বলা হইল,

এ বিষয়ে নিম্ন লিখিত শ্লোক (মন্ত্রসমূহ) আছে— হিরণ্ময় অর্থাৎ সুবর্ণময় বস্তুর ন্যায় উজ্জ্বল—স্বাভাবিক চৈতন্য-জ্যোতিঃসম্পন্ন, একহংস—একাকীই গমন করে বলিয়া—একহংস, অর্থাৎ একই আত্মা জাগ্রৎ, স্বপ্ন, ইহলোক ও পরলোকাদি স্থানে গমন করে বলিয়া 'একহংস'-পদবাচ্য পুরুষ (জীব) স্বপ্নাবস্থা দ্বারা শরীরকে প্রহত—নিশ্চেষ্টভাবাপন্ন করিয়া, অথচ স্বভাবসিদ্ধ দর্শনশক্তি প্রভৃতি গুণগুলি অবিলুপ্ত থাকায় নিজে সুপ্ত না হইয়া, সুপ্ত বিষয়-সমূহকে—স্বীয় অন্তঃকরণবৃত্তি আশ্রয় করিয়া বাসনারূপে অভিব্যক্ত, অথচ নিজ নিজ স্বরূপে অনভিব্যক্ত বাহ্য ও আধ্যাত্মিক সমস্ত বিষয়রাশি অবিলুপ্ত স্বীয় জ্ঞানশক্তিপ্রভাবে দর্শন করিয়া থাকে, অর্থাৎ সেই সমস্ত বাসনাময় বিষয় প্রকাশ করিয়া থাকে(১)। আবার শুক্র শুভ্র (উজ্জ্বল) জ্যোতির্ম্ময় ইন্দ্রিয়বৃত্তিনিচয় গ্রহণ করিয়া কর্ম্ম করিবার জন্য পুনশ্চ জাগ্রৎ অবস্থায় আগমন করিয়া থাকে ॥ ২৬২ ॥ ১১ ॥

প্রাণেন রক্ষন্নবরং কুলায়ং বহিষ্কুলায়াদমৃতশ্চরিত্বা। স ঈয়তেঽমৃতো যত্র কামং হিরণ্ময়ঃ পুরুষ একহংসঃ ॥ ৬৩॥ ১২॥

সরলার্থঃ। অমৃতঃ (অমরণধর্ম্মা) একহংসঃ সঃ হিরণ্ময়ঃ পুরুষঃ (জীবঃ) প্রাণেন (পঞ্চবৃত্ত্যাত্মকেন) অবরং (নিকৃষ্টং মলমূত্রাদ্যনেকাশুচি-ময়ত্বাৎ অশুদ্ধম্) কুলায়ং (বাস-নীড়ং শরীরং) রক্ষন্ (পরিপালয়ন্), [স্বয়ং] অমৃতঃ (মরণরহিতঃ—স্বরূপেণ বর্ত্তমান এব) কুলায়াৎ (শরীরাৎ) বহিঃ (পরিভ্রাম্য শরীরে অনাসক্তঃ) অমৃতঃ (স্বয়ম্ অবিকৃত এব তিষ্ঠন্) যত্র (যত্র যত্র বিষয়ে) কামং (অভিলাষঃ), [তত্র তত্র] ঈয়তে (গচ্ছতি) ॥২৬৩॥১২॥

মূলানুবাদ। মরণরহিত একহংস সেই হিরণ্ময় পুরুষ পঞ্চ-বৃত্তিবিশিষ্ট প্রাণ দ্বারা, নিকৃষ্ট বাসস্থান শরীরকে রক্ষা করত নিজে

(১) তাৎপর্য্য—জীব জাগরণ সময়ে চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয় দ্বারা যে সমুদয় বিষয় উপভোগ বা সম্পাদন করে, সে সমুদয়ের সূক্ষ্ম সংস্কাররাশি হৃদয়পটে থাকিয়া যায়, কিন্তু সে সমুদয় সংস্কার নিজ নিজ কার্য্য হইতে বিরত থাকায়, অথবা জাগ্রৎব্যাপারের ন্যায় স্পষ্টতঃ উপলব্ধি না হওয়ায় এখানে 'সুপ্ত' বলিয়া উক্ত হইয়াছে। ব্রহ্মচৈতন্যরূপী জীবের চৈতন্য কখনও বিলুপ্ত হয় না; এই জন্য স্বপ্নদ্রষ্টা জীবকে 'অসুপ্ত' বলা হইয়াছে; বিশেষতঃ জীবচৈতন্য যদি সুপ্ত—লুপ্তচৈতন্য হইত, তাহা হইলে স্বপ্নবৃত্তান্ত দেখিত কে?।

শরীরের বাহিরে বিচরণ করিয়া অর্থাৎ শরীরে অনাসক্তভাবে অবস্থান করিয়া, যেখানে ইচ্ছা, সেখানে গমন করে ॥২৬৩॥১২॥

শাঙ্করভাষ্যম্। তথা প্রাণেন পঞ্চবৃত্তিনা, রক্ষন্ পরিপালয়ন্, অন্যথা মৃতভ্রান্তিঃ স্যাৎ; অবরং নিকৃষ্টম্ অনেকাশুচিসঙ্ঘাতত্বাদত্যন্তবীভৎসম্, কুলায়ং নীড়ং শরীরম্, স্বয়ং তু বহিস্তস্মাৎ কুলায়াৎ, চরিত্বা—যদ্যপি শরীরস্থ এব স্বপ্নং পশ্যতি, তথাপি তৎসম্বন্ধাভাবাৎ তৎস্থ ইব আকাশঃ বহিশ্চরিত্বে-ত্যুচ্যতে; অমৃতঃ স্বয়মমরণধর্ম্মা, ঈয়তে গচ্ছতি। যত্র কামম্—যত্র যত্র কামঃ বিষয়েষু উদ্ভূতবৃত্তির্ভবতি, তং তং কামং বাসনারূপেণোদ্ভূতং গচ্ছতি ॥২৬৩॥১২॥

টীকা। তথাশব্দঃ স্বপ্নগতবিশেষসমুচ্চয়ার্থঃ। কিমিতি স্বপ্নে প্রাণেন শরীরমাত্মা পালয়তি, তত্রাহ—অন্যথেতি। বহিশ্চরিত্বেত্যযুক্তং শরীরস্থস্য স্বপ্নোপলম্ভাদিত্যাশঙ্ক্যাহ—যদ্যপীতি। তৎসম্বন্ধাভাবাদ্বহিশ্চরিত্বেত্যুচ্যত ইতি সম্বন্ধঃ। দেহস্থস্যৈব তদসম্বন্ধে দৃষ্টান্তমাহ—তৎস্থ ইতি ॥২৬৩॥১২॥

ভাষ্যানুবাদ। সেইরূপ [উক্ত আত্মা] প্রাণনাদি পঞ্চপ্রকার বৃত্তিবিশিষ্ট প্রাণ দ্বারা অবর নিকৃষ্ট অর্থাৎ অনেক প্রকার অশুচিদ্রব্যসমবায়ে সমুৎপন্ন বলিয়া অত্যন্ত বীভৎস ঘৃণার বিষয় কুলায়কে—জীব-পক্ষীর বাসস্থান শরীরকে রক্ষা করত,(১) নচেৎ (আত্মা শরীর ত্যাগ করিলে) দেহে মৃতভ্রান্তি উৎপন্ন হইত; অথচ নিজে এই শরীরের বাহিরে বিচরণ করিয়া এবং নিজে মৃত্যু রহিত থাকিয়া—যেখানে কামনা অর্থাৎ যে যে বিষয়ে তাহার মনোবৃত্তি বা অভিলাষ উৎপন্ন হয়, পূর্ব্বসংস্কার স্বরূপে প্রাদুর্ভূত সেই সেই বিষয়ে গমন করিয়া থাকে। আত্ম যদিও শরীরমধ্যে থাকিয়াই স্বপ্ন দর্শন করে সত্য, তথাপি আকাশ যেরূপ শরীরে থাকিয়াও শরীরে থাকে

(১) তাৎপর্য্য—শরীরের বীভৎসতা অন্যত্র স্পষ্টকথায় অভিহিত হইয়াছে। যথা—

"স্থানাদ্বীজাদুপষ্টম্ভাৎ নিঃস্যন্দান্নিধনাদপি।
কায়মাধেয়শৌচত্বাৎ পণ্ডিতা হ্যশুচিং বিদুঃ॥"
(পাতঞ্জলদর্শনের বাচস্পতিমিশ্রকৃত টীকা)

নিম্নলিখিত কারণে পণ্ডিতগণ এই স্থুল শরীরকে অশুচি বলিয়া মনে করেন। উৎপত্তিস্থান কদর্য্য জরায়ু; বীজ—শুক্র শোণিত; উপষ্টম্ভ—অস্থি প্রভৃতি; নিঃস্যন্দন—মল মূত্রাদি নিঃসরণ; এবং নিধন—মৃত্যু; উক্ত অবস্থা ও বস্তুগুলি সাক্ষাৎ বা পরম্পরাসম্বন্ধে অপবিত্রতার কারণ; অতএব স্থুল শরীর কখনই উহাদের সহিত সম্বন্ধশূন্য হইয়া থাকিতে পারে না; এই জন্য বীভৎস।

ন্না—নির্লিপ্ত, সেইরূপ সে সময়ে দেহের সহিত আত্মার অভিমানাত্মক সম্বন্ধ থাকে না বলিয়া "বহিশ্চরিত্বা" বলা হইয়াছে ॥ ২৬৩॥ ১২ ॥

স্বপ্নান্ত উচ্চাবচমীয়মানো রূপাণি দেবঃ কুরুতে বহূনি। উতেব স্ত্রীভিঃ সহ মোদমানো জক্ষদুতেবাপি ভয়ানি পশ্যন্ ॥ ১।৪॥ ৩॥

সন্বয়ার্থঃ। দেবঃ (দ্যুতিমান্ জীবঃ) স্বপ্নান্তে (স্বপ্নস্থানে) উচ্চাবচম্ (উচ্চং উৎকৃষ্টং দেবাদিভাবম্, অবচং অপকৃষ্টং পশ্বাদিভাবম্) ঈয়মানঃ (প্রাপ্নুবন্ সন্) স্ত্রীভিঃ সহ উত মোদমানঃ (প্রীতিম্ অনুভবন্) ইব (ইবশব্দঃ অবাস্তবত্বদ্যোতকঃ), জক্ষৎ উত (অপি—বয়স্যৈরপি সহ হসন্) ইব, তথা ভয়ানি (ভয়ানকানি) অপি পশ্যন্ [ইব] বহূনি রূপাণি (দৃশ্যানি) কুরুতে (নির্ম্মাতি) ॥ ২৬৪ ॥ ১৩ ॥

মূলানুবাদ। স্বতঃ প্রকাশসম্পন্ন জীব স্বপ্নসময়ে উত্তমাধম বিবিধ রূপ ধারণ করত [কখনও] যেন রমণীগণের সহিত আমোদই করিয়া থাকে; [কখনও] যেন [বয়স্যগণের সঙ্গে] হাস্যই করিয়া থাকে; [আবার কখনও] যেন ভয়ানক ব্যাঘ্রাদিই দর্শন করে; এইরূপে বহুপ্রকার দৃশ্য বস্তু নির্ম্মাণ করিয়া থাকে ॥ ২৬৪।১৩।

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, স্বপ্নান্তে স্বপ্নস্থানে, উচ্চাবচম্ উচ্চং দেবাদিভাবম্, অবচং তির্য্যগাদিভাবং নিকৃষ্টম্, তদুচ্চাবচম্, ঈয়মানঃ গম্যমানঃ প্রাপ্নুবন্, রূপাণি, দেবঃ দ্যোতনাবান্, কুরুতে নির্ব্বর্ত্তয়তি —বাসনারূপাণি বহূনি অসঙ্খ্যেয়ানি। উত অপি, স্ত্রীভিঃ সহ মোদমান ইব, জক্ষদিব হসন্নিব বয়স্যৈঃ; উত ইব অপি ভয়ানি—বিভেত্যেভ্য ইতি ভয়ানি—সিংহব্যাঘ্রাদীনি পশ্যন্নিব ॥ ২৬৪ ॥ ১৩ ॥

টীকা। স্বপ্নস্য বিশেষান্তরমাহ—কিং চেতি। উচ্চাবচং বিষয়ীকৃত্য তেন তেনাত্মনা যেনৈব স্বয়ং গম্যমান ইতি যাবৎ। ২৬৪। ১৩

ভাষ্যানুবাদ। অপি চ, দেব—স্বাভাবিক প্রকাশসম্পন্ন জীব স্বপ্নান্তে অর্থাৎ স্বপ্নসময়ে উচ্চাবচ—উচ্চ অর্থ—উৎকৃষ্ট দেবতাদিরূপ, অবচ অর্থ নিকৃষ্ট পশু পক্ষি প্রভৃতি ভাব লাভ করত বাসনাময় (ভাবনাত্মক) বহু অসংখ্য দৃশ্য বস্তু সম্পাদন করিয়া থাকে। [তাহাই বিশেষ করিয়া প্রদর্শন করিতেছেন—] যেন রমণীগণের সহিত আমোদই অনুভব করে, যেন

বন্ধুবর্গের সঙ্গে হাস্তই করে, এবং যেন বহুবিধ ভয় অর্থাৎ যাহাদিগের নিকট হইতে ভয় হয়, সেই সিংহ ব্যাঘ্র প্রভৃতি অবলোকন করে ॥২৬৪॥১৩॥

আরামমস্য পশ্যন্তি ন তং পশ্যতি কশ্চনেতি। তন্নায়তং বোধয়েদিত্যাহুঃ। দুর্ভিষজ্যংহাস্মৈ ভবতি যমেষ ন প্রতিপদ্যতে। অথো খল্বাহুর্জাগরিতদেশ এবাস্যৈষ ইতি, যানি হ্যেব জাগ্রৎ পশ্যতি, তানি সুপ্ত ইতি, অত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি; সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্দ্ধং বিমোক্ষায় ব্রূহীতি ॥ ২৬৫ ॥১৪॥

সন্বয়ার্থঃ। অস্য (আত্মনঃ) আরামং (বাসনাসম্পাদিতাং ক্রীড়াং ব্যাপারমাত্রং) পশ্যন্তি [সর্ব্বে জনাঃ], কশ্চন (কশ্চিদপি) তং (আত্মানং) ন পশ্যতি (আত্মনঃ বিবিক্তং রূপং ন জানাতীত্যর্থঃ) ইতি। [অত্রার্থে লোক-প্রসিদ্ধিমাহ— তং (সুপ্তং পুরুষং) আয়তং (সহসা) ন বোধয়েৎ (জাগরিতং কুর্য্যাৎ) ইতি আহুঃ (কথয়ন্তি) [চিকিৎসকাদয়ঃ]। [অত্র দোষমাহুঃ—] এষঃ (আত্মা) যং (ইন্দ্রিয়দ্বারদেশং) ন প্রতিপদ্যতে (যদি কদাচিৎ ত্বরয়া প্রবোধ্যমানঃ আত্মা ইন্দ্রিয়াণি স্বস্বগোলকদেশং ন প্রবেশয়েৎ, বিপর্য্যয়েণ বা প্রবেশয়েৎ, তদা) অস্মৈ (অস্য জাগ্রতঃ) দুর্ভিষজ্যং (দুষ্করং ভিষক্-কর্ম্ম) ভবতি হ (প্রসিদ্ধৌ, দুঃখেন চিকিৎসনীয়োঽসৌ ভবতীতি ভাবঃ)। অথো (অপি) খলু (প্রসিদ্ধৌ) আহুঃ (কথয়ন্তি) [জনাঃ,]—অস্য (সুপ্তস্য) এষঃ (বর্ত্তমানঃ) জাগরিতদেশঃ এব (জাগরিতো যো দেশঃ, স এব অস্য দেশ ইত্যর্থঃ);—পুরুষঃ জাগ্রৎ (প্রবুদ্ধঃ সন্) যানি (বস্তূনি) এব হি পশ্যতি, সুপ্তঃ (নিদ্রিতঃ সন্) তানি তৎসংস্কারপ্রসূতানি (বস্তূনি এব) [পশ্যতি]; অত্র (স্বপ্নদশায়াং) অয়ং পুরুষঃ স্বয়ংজ্যোতিঃ ভবতি ইতি। [এবং প্রবোধ্যমানঃ জনকঃ যাজ্ঞবল্ক্যমাহ—] সঃ (এবং প্রবোধিতঃ) অহং ভগবতে (পূজনীয়ায় তুভ্যং) সহস্রং দদামি; অতঃ ঊর্দ্ধং (অতঃপরং) বিমোক্ষায় (মোক্ষোপায়ং) ব্রূহি (কথয়) ইতি ॥২৬৫॥১৪॥

মূলানুবাদ। সাধারণ লোকে এই আত্মার আরাম অর্থাৎ চেষ্টামাত্রই দর্শন করিয়া থাকে, কিন্তু কেহই ইহার স্বরূপ দর্শন করে না। চিকিৎসকগণ বলিয়া থাকেন যে, নিদ্রিত ব্যক্তিকে হঠাৎ

জাগরিত করিবে না; কারণ, ঐরূপ হইলে, আত্মা যে যে ইন্দ্রিয়কে যে যে স্থান হইতে আহরণ করিয়া নিদ্রিত হইয়াছিল, সহসা জাগরণের দরুণ যদি দৈবাৎ সেই সমস্ত ইন্দ্রিয়কে নিজ নিজ স্থানে প্রেরণ করিতে না পারে, তাহা হইলে শরীরে অপ্রতিক্রিয় রোগ উৎপন্ন হইয়া থাকে।

লোকে আরও বলিয়া থাকে যে, এই সুপ্ত ব্যক্তির যে, এই স্বপ্নস্থান, ইহা জাগরিতদেশই বটে, অর্থাৎ জাগ্রদবস্থায় যে বিষয় যেরূপভাবে দর্শন করিয়াছে, এখন বাসনা প্রভাবে সেই সমস্ত বিষয়ই অনুভব করিতেছে; এই স্বপ্নাবস্থায় পুরুষ স্বয়ংজ্যোতিরূপে প্রকাশ পায়। [এইরূপ উপদেশ লাভে পরিতুষ্ট জনক মহারাজ যাজ্ঞবল্ক্যকে বলিলেন—] আপনার নিকট শিক্ষাপ্রাপ্ত আমি পূজনীয় আপনাকে সহস্র (সহস্রসংখ্যক গো বা স্বর্ণমুদ্রা) দান করিতেছি; অতঃপর মোক্ষলাভের উপায় উপদেশ করুণ ইতি ॥২৬৫॥১৪॥

শাঙ্করভাষ্যম্। আরামম্ আরমণম্ আক্রীড়াম্ অনেন নির্ম্মিতাং বাসনারূপাম্, অস্যাত্মনঃ পশ্যন্তি,সর্ব্বে জনাঃ—গ্রামং নগরং স্ত্রিয়ম্ অন্নাত্তমিত্যাদি বাসনানির্ম্মিতম্ আক্রীড়নরূপম্; ন তং পশ্যতি তং ন পশ্যতি কশ্চন। কষ্টং ভো বর্ত্ততে অত্যন্ত-বিবিক্তং দৃষ্টিগোচরাপন্নমপি—অহো ভাগ্যহীনতা লোকস্য। যৎ শক্যদর্শনমপি আত্মানং ন পশ্যতি, ইতি লোকং প্রত্যনুক্রোশং দর্শয়তি শ্রুতিঃ। অত্যন্তবিবিক্তঃ স্বয়ং জ্যোতিরাত্মা স্বপ্নে ভবতীত্যভিপ্রায়ঃ। ১

তং নায়তং বোধয়েদিত্যাহুঃ—প্রসিদ্ধিরপি লোকে বিদ্যতে—স্বপ্নে আত্মজ্যোতিষো ব্যতিরিক্তত্বে। কাসৌ? তমাত্মানং সুপ্তম্, আয়তং সহসা ভৃশং, ন বোধয়েৎ—ইত্যাহুঃ এবং কথয়ন্তি চিকিৎসকাদয়ো জনা লোকে। নূনং তে পশ্যন্তি—জাগ্রদ্দেহাৎ ইন্দ্রিয়দ্বারতোঽপসৃত্য কেবলো বহির্ব্বর্ত্তত ইতি, যত আহুঃ—তং নায়তং বোধয়েদিতি। তত্র চ দোষং পশ্যন্তি—ভৃশং হ্যসৌ বোধ্যমানঃ তানীন্দ্রিয়দ্বারাণি সহসা প্রতিবোধ্যমানঃ ন প্রতিপদ্যত ইতি। তদেতদাহ—দুর্ভিষজ্যং হাস্মৈ ভবতি—যমেষ ন প্রতিপদ্যত ইতি। যম্ ইন্দ্রিয়দ্বারদেশম্—যস্মাদ্দেশাৎ শুক্রমাদায়াপসৃতঃ, তমিন্দ্রিয়দেশম্. এষ আত্মা পুনর্ন প্রতিপদ্যতে, কদাচিদ্ ব্যত্যাসেনেন্দ্রিয়মাত্রাঃ প্রবেশয়তি, তত আন্ধ্যবাধির্য্যা-

দিদোষপ্রাপ্তৌ দুর্ভিষজ্যং—দুঃখভিষকৰ্ম্মতা হ অস্মৈ দেহায় ভবতি, দুঃখেন চিকিৎসনীয়োঽসৌ দেহো ভবতীত্যর্থঃ। তস্মাৎ প্রসিদ্ধ্যাপি স্বপ্নে স্বয়ং-জ্যোতিষ্ট্বমস্য গম্যতে—স্বপ্নো ভূত্বাতিক্রামতো মৃত্যো রূপাণীতি, তস্মাৎ স্বপ্নে স্বয়ংজ্যোতিরাত্মা। ২

অথো অপি খলু অন্যে আহুঃ—জাগরিতদেশ এবাস্যৈষঃ, যঃ স্বপ্নঃ; ন সন্ধ্যং স্থানান্তরমিহলোকপরলোকাভ্যাং ব্যতিরিক্তম্; কিং তর্হি? ইহলোক এব জাগরিতদেশঃ। যদ্যেবম্, কিঞ্চাতঃ? শৃণু অতো যদ্ভবতি—যদা জাগরিতদেশ এবায়ং স্বপ্নঃ, তদা অয়মাত্মা কার্য্যকরণেভ্যো ন ব্যাবৃত্তস্তৈর্মিশ্রীভূতঃ, অতো ন স্বয়ং জ্যোতিরাত্মা ইত্যতঃ স্বয়ংজ্যোতিষ্ট্ববাধনায় অন্য আহুঃ—জাগরিতদেশ এবাস্যৈষ ইতি। তত্র চ হেতুমাচক্ষতে—জাগরিতদেশত্বে, যানি হি যস্মাৎ হস্ত্যাদীনি পদার্থজাতানি, জাগ্রৎ জাগরিতদেশে পশ্যতি লৌকিকঃ, তান্যেব সুপ্তোঽপি পশ্যতীতি। তদসৎ; ইন্দ্রিয়োপরমাৎ,—উপরতেষু হীন্দ্রিয়েষু স্বপ্নান্ পশ্যতি; তস্মান্নান্যস্য জ্যোতিষস্তত্র সম্ভবোঽস্তি; তদুক্তম্—'ন তত্র রথা ন রথযোগাঃ' ইত্যাদি; তস্মাদত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবত্যেব। ৩

স্বয়ংজ্যোতিরাত্মাস্তীতি স্বপ্নদর্শনেন প্রদর্শিতম্, অতিক্রামতি মৃত্যো রূপাণীতি চ; ক্রমেণ সঞ্চরন্নিহলোক-পরলোকাদীন্ ইহলোকপরলোকাদি-ব্যতিরিক্তঃ, তথা জাগ্রৎস্বপ্নকুলায়াভ্যাং ব্যতিরিক্তঃ, তত্র চ ক্রমসঞ্চারান্নিত্যশ্চেত্যেতৎ প্রতিপাদিতং যাজ্ঞবল্ক্যেন। অতো বিদ্যানিষ্ক্রয়ার্থং সহস্রং দদামি—ইত্যাহ জনকঃ; সোঽহমেবং বোধিতস্ত্বয়া, ভগবতে তুভ্যং সহস্রং দদামি; বিমোক্ষশ্চ কামপ্রশ্নো ময়াভিপ্রেতঃ; তদুপযোগী অয়ং তাদর্থ্যাৎ তদেকদেশ এব; অতস্ত্বাং নিয়োক্ষ্যামি, সমস্তকামপ্রশ্ননির্ণয়শ্রবণেন বিমোক্ষায় অত ঊর্দ্ধং ব্রূহীতি,যেন সংসারাদ্বিপ্রমুচ্যেয়ম্ ত্বৎপ্রসাদাৎ। বিমোক্ষপদার্থৈকদেশনির্ণয়হেতোঃ সহস্রদানম্ ॥ ২৬৫ ॥ ১৪

টীকা। আরামং বিবৃণোতি—গ্রামমিত্যাদিনা। মতমিত্যাদেস্তাৎপর্য্যমাহ—কষ্টামতি। দৃষ্টিগোচরাপন্নমপি ন পশ্যতীতি সম্বন্ধঃ। কষ্টমিত্যাদিনোক্তং প্রপঞ্চয়তি—অহো ইতি। শ্লোকানাং তাৎপর্য্যমুপসংহরতি—অত্যন্তেতি। ১

বাক্যান্তরমাদায় তাৎপর্য্যমুক্ত্বাকাঙ্ক্ষাপূর্ব্বকমক্ষরাণি ব্যাকরোতি—তং নেত্যাদিনা। তেষামাপ্রায়মাহ—মুনামিতি। ইন্দ্রিয়াণ্যেব দ্বারাণ্যস্যেতীন্দ্রিয়দ্বারো জাগ্রদ্দেহস্তস্মাদিতি যাবৎ। তথাপি সহসাসৌ বোধ্যতাং কা হানিরিত্যাশঙ্ক্যাহ—ভয়েতি। সহসা বোধ্যমানমঙ্গং মণ্ডয্যার্থঃ। কিমত্র প্রমাণমিত্যাশঙ্ক্যানন্তরবাক্যমবতার্য্য ব্যাচষ্টে—

তদেতদাহেত্যাদিনা। পুনরপ্রতিপত্তৌ দোষপ্রসঙ্গং দর্শয়তি—কদাচিদিতি। ব্যত্যাসপ্রবেশস্য কার্য্যং দর্শয়ন্ দুর্ভিষজ্যমিত্যাদি ব্যাচষ্টে—তত ইতি। উক্তাং প্রসিদ্ধিমুপসংহরতি—তস্মাদিতি। ২

বৃত্তমনূদ্য মতান্তরমুত্থাপয়তি—স্বপ্নো ত্বস্যেত্যাদিনা। ইতিশব্দো যস্মাদর্থে। তদেব মতান্তরং স্ফোরয়তি—নেত্যাদিনা। উক্তমঙ্গীকৃত্য ফলং পৃচ্ছতি—যদ্যেবমিতি। স্বপ্নো জাগরিতদেশ ইত্যেবং বদৈষ্টমতশ্চ কিং স্যাদিতি প্রশ্নার্থঃ। ফলং প্রতিজ্ঞায় প্রকটয়তি—শৃণ্বিতি। মতান্তরোপন্যাসস্য স্বমতবিরোধিত্বমাহ—ইত্যত ইতি। স্বপ্নস্য জাগ্রদ্দশাত্বং দূষয়তি—তদসদিতি। তস্য জাগ্রদ্দেশত্বাভাবে ফলিতমাহ—তস্মাদিতি। স্বপ্নে বাহ্যজ্যোতিষঃ সম্ভবো নাস্তীত্যত্র প্রমাণমাহ—তদুক্তমিতি বাহ্যজ্যোতিরভাবেঽপি স্বপ্নে ব্যবহারদর্শনাত্তত্র [illegible] স্ত্যুপসংহরতি—তস্মাদিতি। ৩

কথং পূর্ববিদ্যায়ামনুক্তায়াং সহস্রদানবচনমিত্যাশঙ্ক্য বৃত্তং কীর্ত্তয়তি—স্বয়ং জ্যোতিরিতি। মৃত্যো রূপাণ্যতিক্রামতীত্যত্র চ কার্য্যকরণব্যতিরিক্তত্বমাত্মনো দর্শিতমিত্যাহ—অতিক্রামতীতি। লোকদ্বয়সঞ্চারবশাদুক্তমর্থমনুবদতি—ক্রমেণেতি। আদিশব্দস্তদ্দেহাদিবিষয়ঃ। স্থানদ্বয়সঞ্চারবশাদুক্তমনুভাষতে—তথেতি। ইহলোকপরলোকাভ্যামিবেতি যাবৎ। লোকদ্বয়ে স্থানদ্বয়ে চ ক্রমসঞ্চারপ্রযুক্তমর্থান্তরমাহ—তত্র চেতি। আত্মনঃ স্বয়ং জ্যোতিষো দেহাদিব্যতিরিক্তস্য নিত্যস্য জ্ঞাপিতত্বাদিত্যতঃশব্দার্থঃ। কামপ্রশ্নস্য নির্ণীতত্বান্নিরাকাঙ্ক্ষত্বমিতি শঙ্কাং বারয়তি—বিমোক্ষশ্চেতি। সম্যগ্বোধস্য হেতুরিতি যাবৎ। ননু স এব প্রাগুক্তো নাসৌ বক্তব্যোঽস্তি, তত্রাহ—তদুপযোগীতি। অয়মিত্যুক্তাত্মপ্রত্যয়োক্তিঃ। তাদর্থ্যাৎ পদার্থজ্ঞানস্য বাক্যার্থজ্ঞানশেষত্বাদিতি যাবৎ। পদার্থস্য বাক্যার্থবহির্ভাবং দূষয়তি—তদেকদেশ এবেতি। কামপ্রশ্নো নাস্তাপি নির্ণীত ইত্যত্রোত্তরবাক্যং গমকমিত্যাহ—অত ইতি। কামপ্রশ্নস্যানির্ণীতত্বাদিতি যাবৎ। তেনাপেক্ষিতেন হেতুনেত্যর্থঃ। বিমোক্ষশব্দস্য সম্যগ্জ্ঞানবিষয়ত্বং সূচয়তি—যেনেতি। সম্যগ্জ্ঞানপ্রাপ্তৌ গুরুপ্রসাদস্য প্রাধান্যং দর্শয়তি—তৎপ্রসাদাদিতি। ননু বিমোক্ষপদার্থো নির্ণীতোঽন্যথা সহস্রদানস্যাকস্মিকত্বপ্রসঙ্গাদত আহ—বিমোক্ষেতি। ২৬৫। ১৪।

ভাষ্যানুবাদ। এই আত্মার আরাম—অর্থাৎ জাগ্রৎসংস্কার-সমুৎপন্ন ক্রীড়া—গ্রাম, নগর, স্ত্রী বা ভোজনীয় অন্ন প্রভৃতি রূপ ক্রীড়ন বা বিলাসমাত্র সকল লোকে অবলোকন করিয়া থাকে, কিন্তু কেহই তাহাকে দর্শন করে না। এই উপলক্ষে শ্রুতি জনসাধারণকে লক্ষ্য করিয়া খেদ প্রকাশ করিয়া বলিতেছেন—অহো বড়ই কষ্ট—লোকসমূহ বড়ই ভাগ্যহীন! অত্যন্ত বিবিক্ত বা বিশুদ্ধরূপে দৃষ্টিগোচরে উপস্থিত হইলেও—দর্শনযোগ্য

হইলেও আত্মাকে যে, দর্শন করে না, ইহা ভাগ্যহীনতারই লক্ষণ। অভিপ্রায় এই যে, স্বপ্নসময়ে আত্মা অন্তঃকরণাদি হইতে পৃথক্ হইয়া স্বয়ং জ্যোতিঃ-স্বরূপে প্রকাশিত হয়। ১

'তং ন আয়তং বোধয়েৎ—ইত্যাহুঃ' ইতি। স্বপ্নসময়ে আত্মজ্যোতিঃ যে, অপর সমস্ত হইতে পৃথক্ হইয়া থাকে, এবিষয়ে লোকপ্রসিদ্ধিও আছে। সেই লোকপ্রসিদ্ধিটী কি? সংসারে চিকিৎসক প্রভৃতি অভিজ্ঞ লোকেরা এইরূপ বলিয়া থাকেন যে, তাহাকে—সুপ্ত পুরুষকে সহসা বেশী জাগরিত করিবে না, অর্থাৎ ক্রমে ক্রমে জাগরিত করিবে। যেহেতু তাহারা এইরূপ বলেন, [সেই হেতু বেশ বুঝা যায় যে,] সুপ্ত পুরুষ জাগ্রদ্দেহ হইতে চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়ের গোলকস্থান হইতে সরিয়া বাহিরে থাকে, অর্থাৎ তখন ঐ সমস্ত ইন্দ্রিয়দ্বারের সহিত তাহার সংস্পর্শ থাকে না; এই কারণেই তাহারা বলেন যে, হঠাৎ একেবারে জাগরিত করিবে না। তাহাতে যে, কি অনিষ্ট হয়, তাহাও তাহারা দেখিতে পান—হঠাৎ একেবারে জাগরিত করিলে সুপ্ত পুরুষ অত সত্বর যথোপযুক্তরূপে ইন্দ্রিয়দ্বারসমূহ (ইন্দ্রিয়ের গোলকসমূহ) প্রাপ্ত না হইতে পারে; এই অভিপ্রায়ই 'দুর্ভিষজ্যং হাস্মৈ ভবতি', ইত্যাদি বাক্যে বিবৃত করা হইতেছে—ইন্দ্রিয়ের যে দ্বারদেশকে, অর্থাৎ স্বপ্নারম্ভসময়ে যে স্থান হইতে ঐন্দ্রিয়িক শক্তি লইয়া সরিয়া পড়ে, ক্ষিপ্রতাবশতঃ ইন্দ্রিয়েরা সেই প্রবেশপথ প্রাপ্ত না হইতে পারে, অথবা সময়বিশেষে বিপরীতভাবেও (এক ইন্দ্রিয়পথে অপর ইন্দ্রিয়কেও) প্রবেশিত করিতে পারে; তাহার ফলে অন্ধতা ও বধিরতা প্রভৃতি রোগ প্রাপ্তির সম্ভাবনা হয়, এবং তখন সেই দেহের চিকিৎসা অতিশয় কষ্টসাধ্য হইয়া পড়ে; অতএব লোকপ্রসিদ্ধি অনুসারেও স্বপ্নসময়ে আত্মার স্বয়ংজ্যোতিঃস্বরূপত্ব প্রতীত হইতেছে। বিশেষতঃ জীব স্বপ্নাবস্থা প্রাপ্ত হইয়া মৃত্যুসম্বন্ধ বা দেহাভিমান অতিক্রম করে; সেই কারণেও আত্মা স্বপ্নে স্বয়ং জ্যোতিঃ হইয়া থাকে। ২

অপর পণ্ডিতগণ বলিয়া থাকেন—ইহার (সুপ্ত পুরুষের) এই যে দেশ (স্বপ্নাবস্থা), ইহা জাগরিতদেশই বটে—অর্থাৎ সন্ধ্য স্বপ্নাবস্থাটী ইহলোক ও পরলোক হইতে অতিরিক্ত স্বতন্ত্র কোন অবস্থা নহে, তবে কি না, ইহা ইহলোকই বটে অর্থাৎ জাগ্রৎ অবস্থায় যাহা কিছু দেখা যায়, তাহা লইয়াই স্বপ্ন; [এই জন্ত ইহাকে জাগরিতদেশ বলা হইয়াছে]। ভাল, এইরূপই যদি হয়, তাহাতেই বা কি হয়? হাঁ, ইহাতে যাহা হয়, শ্রবণ কর—এই স্বপ্ন যদি

জাগরিতদেশই হয়, তাহা হইলে এই আত্মা তখনও দেহেন্দ্রিয়াদির সম্বন্ধ-রহিত হইতে পারে না, পরন্তু সে সমুদয়ের সহিত মিশ্রিতই থাকিতে পারে; সুতরাং তৎকালেও আত্মা স্বয়ং জ্যোতিঃ নহে; এইরূপে আত্মার স্বয়ং জ্যোতিঃ-স্বভাবত্ব খণ্ডনের নিমিত্ত অপর পণ্ডিতগণ বলিয়া থাকেন যে, আত্মার যে, এই স্বপ্ন, ইহা জাগরণেরই অন্তর্গত (স্বতন্ত্র অবস্থা নহে)। তাহারা একথার অনুকূলে এইরূপ হেতুও প্রদর্শন করিয়া থাকেন যে, যেহেতু সাধারণ লোকে জাগ্রৎঅবস্থায় হস্তী প্রভৃতি যে সমস্ত পদার্থ অবলোকন করে, স্বপ্নসময়েও ঠিক সেই সমস্ত পদার্থই দর্শন করিয়া থাকে, তদতিরিক্ত কেহ কোনও পদার্থ দর্শন করে না। না—এ কথা উত্তম কথা নহে; যেহেতু তখন ইন্দ্রিয়গণ বিরতব্যাপার হয়; ইন্দ্রিয়সমূহ যখন স্বস্ব কার্য্য হইতে বিরত বা নিবৃত্ত হয়, তখনই লোকে স্বপ্ন দর্শন করে; কাজেই সে সময় [চক্ষুরাদি] অপর কোনও জ্যোতির সম্বন্ধ থাকা সম্ভব হয় না। 'সেখানে রথ নাই, রথযোগ নাই' ইত্যাদি বাক্যেও এ কথাই উক্ত হইয়াছে। এই সমস্ত কারণে বলিতে হইবে যে, এ সময় আত্মা নিশ্চয়ই স্বয়ং জ্যোতিঃস্বরূপ হয়। ৩

উক্ত স্বপ্নাবস্থার উদাহরণ দ্বারা স্বয়ং জ্যোতিঃ আত্মার অস্তিত্ব প্রদর্শিত হইল, এবং তৎকালে যে, কর্ম্মময় মৃত্যুর অধিকার অতিক্রম করে, তাহাও প্রদর্শিত হইল। একই আত্মা ক্রমশঃ ইহলোক ও পরলোকে সঞ্চরণ করিলেও ইহলোক ও পরলোক হইতে সম্পূর্ণ পৃথক্; অধিকন্তু ক্রমশঃ বিভিন্ন অবস্থায় সঞ্চরণ করে বলিয়া নিত্যও বটে; এই তত্ত্ব [যাজ্ঞবল্ক্য] জনককে বুঝাইয়া দিলেন। এই কারণে জনক মহারাজ প্রাপ্ত বিদ্যার মূল্য স্বরূপ সহস্র সুবর্ণ দানে প্রস্তুত হইয়া বলিলেন—ভগবন্, আপনার নিকট হইতে আমি যথোক্ত প্রকার উপদেশ প্রাপ্ত হইয়া, পূজনীয় আপনাকে সহস্র দান করিতেছি। মুক্তিই আমার অভিলষিত প্রশ্ন; আপনি যাহা যাহা বলিয়াছেন, সে সমু-দয়ও মোক্ষলাভেরই উপযোগী; সুতরাং আমার অভিলষিত প্রশ্নেরই এক-দেশ বা অংশ মাত্র; অতএব আপনাকে অনুরোধ করিতেছি যে, আমি যাহাতে সমস্ত কামপ্রশ্ন শ্রবণে মোক্ষ লাভ করিতে পারি, আপনার অনুগ্রহে যাহাতে সংসার-বন্ধন হইতে বিমুক্ত হইতে পারি, অতঃপর সেই মোক্ষ-তত্ত্বই বলুন। জনক মহারাজ যে, সহস্র দান করিতেছেন; [বুঝিতে হইবে] মুক্তিপদার্থের একাংশ নির্ণয়ই তাহার হেতু, অর্থাৎ কামপ্রশ্নের একাংশ নিরূপণ করাতেই জনকমহারাজ সহস্রদানে প্রবৃত্ত হইয়াছেন ॥২৬৫॥১৪॥

আভাস ভাষ্যম্। যৎ প্রস্তুতম্ আত্মনৈবায়ং জ্যোতিষা আস্তে- ইতি, তৎ প্রত্যক্ষতঃ প্রতিপাদিতম্—অত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি ইতি স্বপ্নে। যত্তূক্তম্—স্বপ্নো ভূত্বেমং লোকমতিক্রামতি মৃত্যো রূপাণি—ইতি,তত্রে- তদাশঙ্ক্যতে—মৃত্যো রূপাণ্যেবাতিক্রামতি, ন মৃত্যুম্; প্রত্যক্ষং হ্যেতৎ—স্বপ্নে কার্য্যকরণব্যাবৃত্তস্যাপি মোদত্রাসাদিদর্শনম্; তস্মান্নূনং নৈবায়ং মৃত্যুমতি- ক্রামতি; কর্ম্মণো হি মৃত্যোঃ কার্য্যং মোদত্রাসাদি দৃশ্যতে; যদি চ মৃত্যুনা বদ্ধ এবায়ং স্বভাবতঃ, ততো বিমোক্ষো নোপপদ্যতে; ন হি স্বভাবাৎ কশ্চিদ্বি- মুচ্যতে। অথ স্বভাবো ন ভবতি মৃত্যুঃ, ততস্তস্মান্মোক্ষ উপপৎস্যতে; যথাসৌ মৃত্যুরাত্মীয়ো ধর্ম্মো ন ভবতি,-তথা প্রদর্শনায় অত ঊর্দ্ধং বিমোক্ষায় ব্রূহীত্যেবং জনকেন পর্য্যনুযুক্তো যাজ্ঞবল্ক্যস্তদ্দিদর্শয়িষয়া প্রববৃতে—

টীকা। উত্তরকণ্ডিকামবতারয়িতুং বৃত্তং কীর্ত্তয়তি—যৎপ্রস্তুতমিতি। আত্মনৈ- বেত্যাদিনা যদাত্মনঃ স্বয়ং জ্যোতিষ্ট্বং ব্রাহ্মণাদৌ প্রস্তুতং, তদত্রায়মিত্যাদিনা প্রত্যক্ষতঃ স্বপ্নে প্রতিপাদিতমিতি সম্বন্ধঃ। বৃত্তমর্থান্তরমনূদ্য চোদ্যমুত্থাপয়তি—যত্তূক্তমিতি। মৃত্যুং নাতিক্রামতীত্যত্র হেতুমাহ—প্রত্যক্ষং হীতি। ইচ্ছাদ্বেষাদিরাদিশব্দার্থঃ। তথাপি কুতো মৃত্যুং নাতিক্রামতি, তত্রাহ—তস্মাদিতি। কার্য্যস্য কারণাদন্যত্র প্রবৃত্ত্যযোগা- দিতি যাবৎ। উক্তমুপপাদয়তি—কর্ম্মণো হীতি। অতঃ স্বপ্নং গতো মৃত্যুং কর্ম্মাখ্যং নাতিক্রামতীতি শেষঃ। মা তর্হি মৃত্যোরতিক্রমো ভূৎ, কো দোষঃ, তত্রাহ—যদি চেতি। স্বভাবাদপি মৃত্যোর্ব্বিমুক্তিমাশঙ্ক্যাহ—ন হীতি। উক্তং হি—

"ন হি স্বভাবো ভাবানাং ব্যাবর্ত্তেতৌষ্ণ্যবদ্ রবেঃ" ইতি।

কথং তর্হি মোক্ষোপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—অথেতি। এষা চ শঙ্কা প্রাগেব রাজ্ঞা কৃতেতি দর্শয়ন্নুত্তরমুত্থাপয়তি—যথেত্যাদিনা। তদ্দিদর্শয়িষয়েত্যত্র মৃত্যোরতিক্রমণং গৃহ্যতে।

আভাসভাষ্যানুবাদ। ইতঃ পূর্ব্বে "আত্মনৈবায়ং জ্যোতিষা আস্তে" বলিয়া যে কথার অবতারণা করা হইয়াছিল; স্বপ্নাবস্থা অবলম্বন করিয়া "অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতি" ইত্যাদি বাক্যে তাহা প্রত্যক্ষের সাহায্যে প্রতিপাদন করা হইয়াছে; অতঃপর আশঙ্কা হইতেছে যে, 'জীব স্বপ্নাবস্থা প্রাপ্ত হইয়া মৃত্যু রূপ কর্ম্মসমূহ অতিক্রম করে', এই বাক্যে কেবল মৃত্যুর রূপসমূহ অতিক্রমণ করিবার কথাই কথিত হইয়াছে, কিন্তু মৃত্যু অতিক্রমের কোন কথা বলা হয় নাই। আর প্রত্যক্ষতও দেখা যায় যে, স্বপ্নসময়ে জীব দেহেন্দ্রিয়াদির সহিত নির্লিপ্ত থাকিলেও, তখন তাহার হর্ষ, বিষাদাদি অবস্থা প্রকাশ পাইয়া থাকে; অতএব বেশ বুঝা যাইতেছে যে,

জীব নিশ্চয়ই তখনও মৃত্যুকে অতিক্রম করে না। এখানে মৃত্যু অর্থ কর্ম্ম; হর্ষ বিষাদ প্রভৃতি অবস্থাগুলি যে, মৃত্যুরূপ কর্ম্মেরই ফল, তাহাও প্রত্যক্ষসিদ্ধ। আর জীব যদি স্বভাবতই মৃত্যু দ্বারা আবদ্ধ হয়, তাহা হইলেও তাহার মুক্তির সম্ভাবনা থাকে না; মৃত্যু তাহার স্বভাবসিদ্ধ না হইলেই, মোক্ষ সম্ভবপর হয়; এই জন্য মৃত্যু যে জীবের স্বাভাবিক ধর্ম্ম হইতে পারে না, তাহা প্রদর্শনার্থ জনক মহারাজ যাজ্ঞবল্ক্যকে অতঃপর মোক্ষোপদেশের জন্য নিয়োগ করিলে পর, যাজ্ঞবল্ক্য তাহা প্রদর্শন করিবার ইচ্ছায় প্রবৃত্ত হইলেন—

স বা এষ এতস্মিন্ সম্প্রসাদে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যঞ্চ পাপঞ্চ। পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি স্বপ্নায়ৈব,স যত্তত্র কিঞ্চিৎ পশ্যত্যনন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষ ইতি, এবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য। সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীতি ॥ ২৬ ॥ ১৫ ॥

সরলার্থঃ। ইদানীং জনকাভিমতমোক্ষপ্রদর্শনার্থং যাজ্ঞবল্ক্য আহ—'স বা এষঃ' ইতি। সঃ (স্বপ্নে স্বয়ং জ্যোতিঃস্বরূপেণ প্রদর্শিতঃ) এষঃ (প্রকৃতঃ পুরুষঃ) বৈ (প্রসিদ্ধৌ) এতস্মিন্ (যথোক্তে) সম্প্রসাদে (স্বপ্নে) রত্বা (প্রিয়সন্দর্শনেন রতিম্ অনুভূয়) চরিত্বা (অনেকধা বিহৃত্য) পুণ্যং চ পাপং চ (পুণ্যপাপফলং সুখদুঃখরূপম্) দৃষ্ট্বা (অনুভূয়) পুনঃ প্রতিন্যায়ম্ (স্বপ্নাগমনবৈপরীত্যক্রমেণ) প্রতিযোনি (যথাস্থানম্) স্বপ্নায় (স্বপ্নস্থানায়) এব আদ্রবতি (সম্যক্ গচ্ছতি)। সঃ (স্বপ্নদর্শী পুরুষঃ) তত্র (স্বপ্নে) যৎ কিঞ্চিৎ পশ্যতি, তেন (স্বপ্নকৃতশুভাশুভকর্ম্মফলেন) অনন্বাগতঃ (অসম্বদ্ধঃ) ভবতি। [কুতঃ?] হি (যতঃ) অয়ং পুরুষঃ অসঙ্গঃ (সদা পুণ্যপাপশূন্যঃ); ইতি [এবং প্রবোধিতঃ জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, এতৎ এবম্ এব (ত্বয়া যদুক্তম্, তৎ তথৈবেত্যর্থঃ)। সঃ অহং ভগবতে (পূজনীয়ায় তুভ্যম্) সহস্রং দদামি; অতঃ ঊর্দ্ধং বিমোক্ষায় এব ব্রূহি ইতি (ব্যাখ্যা পূর্ব্ববৎ) ॥২৬॥১৫॥

মূলানুবাদ। সেই এই স্বয়ং জ্যোতিঃ পুরুষ উক্ত সংপ্রসাদ অবস্থায় (সুষুপ্তে) প্রিয়জনের সহিত রমণ ও পরিভ্রমণ করিয়া এবং পুণ্য ও পাপের ফল সুখদুঃখ উপভোগ করিয়া পুনঃ স্বপ্নসন্দর্শনের

উদ্দেশ্যে বিলোমক্রমে স্বস্থানাভিমুখে প্রতিগমন করে। স্বপ্নদর্শী পুরুষ স্বপ্নে যাহা কিছু দর্শন করে, (স্বপ্ন ত্যাগের সময়) তাহা দ্বারা লিপ্ত হয় না; কারণ, এই পুরুষ হইতেছে—অসঙ্গ বা নির্লেপ। একথা শুনিয়া জনক বলিলেন—হাঁ, যাজ্ঞবল্ক্য, তুমি যাহা বলিয়াছ, তাহা ঠিক সেই রূপই বটে। আমি মহাশয়কে সহস্র প্রদান করিতেছি; অতঃপর বিমুক্তির কথাই বলুন ॥২৬৬॥১৫॥

শাঙ্করভাষ্যম্। স বৈ প্রকৃতঃ স্বয়ংজ্যোতিঃ পুরুষ এষঃ, যঃ স্বপ্নে দর্শিতঃ; এতস্মিন্ সংপ্রসাদে—সম্যক্ প্রসীদত্যস্মিন্নিতি সম্প্রসাদঃ; জাগরিতে দেহেন্দ্রিয়ব্যাপারশতসন্নিপাতজং হিত্বা কালুষ্যং তেভ্যো বিপ্রমুক্তঃ ঈষৎ প্রসীদতি স্বপ্নে; ইহ তু সুষুপ্তে সম্যক্ প্রসীদতীত্যতঃ সুষুপ্তং সম্প্রসাদ উচ্যতে; "তীর্ণো হি তদা সর্ব্বান্ শোকান্" ইতি, "সলিল একো দ্রষ্টা' ইতি হি বক্ষ্যতি সুষুপ্তস্থমাত্মানম্। স বৈ এষ এতস্মিন্ সম্প্রসাদে ক্রমেণ সম্প্রসন্নঃ সন্ সুষুপ্তে স্থিত্বা। কথং সম্প্রসন্নঃ? স্বপ্নাৎ সুষুপ্তং প্রবিবিক্ষুঃ স্বপ্নাবস্থ এব, রত্বা রতিমনুভূয় মিত্রবন্ধুজনদর্শনাদিনা, চরিত্বা বিহৃত্য অনেকধা চরণফলং শ্রমমুপলভ্যেত্যর্থঃ; দৃষ্ট্বৈব ন কৃত্বেত্যর্থঃ, পুণ্যঞ্চ পুণ্যফলং, পাপঞ্চ পাপফলম্; ন তু পুণ্যপাপয়োঃ সাক্ষাদ্দর্শনমস্তীত্যবোচাম; তস্মান্ন পুণ্যপাপাভ্যামনুবদ্ধঃ; যো হি করোতি পুণ্যপাপে, স তাভ্যামনুবধ্যতে; ন হি দর্শনমাত্রেণ তদনুবদ্ধঃ স্যাৎ; তস্মাৎ স্বপ্নো ভূত্বা মৃত্যুমতিক্রামত্যেব, ন মৃত্যুরূপাণ্যেব কেবলম্; অতো ন মৃত্যোরাত্মস্বভাবত্বাশঙ্কা। ১

মৃত্যুশ্চেৎ স্বভাবোঽস্য, স্বপ্নেঽপি কুর্য্যাৎ; ন তু করোতি, স্বভাবশ্চেৎ ক্রিয়া স্যাৎ, অনির্ম্মোক্ষতৈব স্যাৎ; ন তু স্বভাবঃ, স্বপ্নে অভাবাৎ; অতো বিমোক্ষোঽস্যোপপদ্যতে মৃত্যোঃ পুণ্যপাপাভ্যাম্। নন্থু জাগরিতে অস্য স্বভাব এব,—ন, বুদ্ধ্যাদ্যুপাধিকৃতং হি তৎ; তচ্চ প্রতিপাদিতং সাদৃশ্যাৎ "ধ্যায়তীব লেলায়তীব" ইতি। তস্মাদেকান্তেনৈব স্বপ্নে মৃত্যুরূপাতিক্রমণাৎ ন স্বাভাবিকত্বাশঙ্কা অনির্ম্মোক্ষতা বা। ২

তত্র 'চরিত্বা' ইতি চরণফলং শ্রমমুপলভ্যেত্যর্থঃ। ততঃ সম্প্রসাদানুভবোত্তরকালং পুনঃ প্রতিন্যায়ং যথান্যায়ং যথাগতম্—নিশ্চিত আয়ো ন্যায়ঃ; অয়নম্ আয়ঃ নির্গমনম্, পুনঃ পূর্ব্বগমনবৈপরীত্যেন যদাগমনং স প্রতিন্যায়ঃ,—পুনরাগচ্ছ-

তীত্যর্থঃ। প্রতিযোনি যথাস্থানম্; স্বপ্নস্থানাদ্ধি সুষুপ্তং প্রতিপন্নঃ সন্ যথাস্থানমেব পুনরাগচ্ছতীতি। প্রতিযোন্যাদ্রবতি স্বপ্নায়ৈব। ৩

নন্থ স্বপ্নে ন করোতি পুণ্যপাপে, তয়োঃ ফলমেব পশ্যতীতি কথমবগম্যতে? যথা জাগরিতে, তথা করোত্যেব স্বপ্নেঽপি, তুল্যত্বাদ্দর্শনস্যেতি; অত আহ—স আত্মা যৎকিঞ্চিৎ তত্র স্বপ্নে পশ্যতি পুণ্যপাপফলম্, অনন্বাগতঃ অননুবদ্ধঃ তেন দৃষ্টেন ভবতি, নৈবানুবদ্ধো ভবতীতি। যদি হি স্বপ্নে কৃতমেব তেন স্যাৎ, তেনানুবধ্যেত, স্বপ্নাদুত্থিতোঽপি সমন্বাগতঃ স্যাৎ; ন চ তল্লোকে স্বপ্নকৃত-কর্ম্মণা অন্বাগতত্বপ্রসিদ্ধিঃ; ন হি স্বপ্নকৃতেনাগসা আগস্কারিণমাত্মানং মন্যতে কশ্চিৎ; ন চ স্বপ্নদৃশ আগঃ শ্রুত্বা লোকস্তং গর্হয়তি পরিহরতি বা; অতোঽনন্বাগত এব তেন ভবতি; তস্মাৎ স্বপ্নে কুর্ব্বন্নিবোপলভ্যতে; ন ক্রিয়াঽস্তি পরমার্থতঃ। "উতেব স্ত্রীভিঃ সহ মোদমানঃ" ইতি শ্লোক উক্তঃ। আখ্যাতারশ্চ স্বপ্নস্য সহ ইবশব্দেনাচক্ষতে,—হস্তিনোঽদ্য ঘটীকৃতা ধাবন্তীব ময়া দৃষ্টা ইতি; অতো ন তস্য কর্ত্তৃত্বমিতি। ৪

কথং পুনরস্যাকর্ত্তৃত্বমিতি,—কার্য্যকরণৈর্মূর্ত্তৈঃ সংশ্লেষো মূর্ত্তস্য, স তু ক্রিয়াহেতুর্দৃষ্টঃ। ন হি অমূর্ত্তঃ কশ্চিৎ ক্রিয়াবান্ দৃশ্যতে; অমূর্ত্তশ্চাত্মা, অতোঽসঙ্গঃ; যস্মাচ্চ অসঙ্গোঽয়ং পুরুষঃ, তস্মাদনন্বাগতস্তেন স্বপ্নদৃষ্টেন। অত এব ন ক্রিয়াকর্ত্তৃত্বমস্য কথঞ্চিদুপপদ্যতে; কার্য্যকরণসংশ্লেষেণ হি কর্ত্তৃত্বং স্যাৎ; স চ সংশ্লেষঃ সঙ্গোঽস্য নাস্তি; যতোঽসঙ্গো হ্যয়ং পুরুষঃ; তস্মাদমৃতঃ। এবমেবৈতদ্‌যাজ্ঞবল্ক্য। সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহি। মোক্ষপদার্থৈকদেশস্য কর্ম্মপ্রবিবেকস্য সম্যগ্‌দর্শিতত্বাৎ অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীতি ॥ ২৬৬ ॥ ১৫ ॥

বৈশদ্যস্য প্রসিদ্ধার্থত্বমুপেত্য সশব্দার্থমাহ—প্রকৃত ইতি। এষশব্দমনূদ্য ব্যাকরোতি—এষ ইতি। সম্প্রসাদে স্থিত্বা মৃত্যুমতিক্রামতীতি শেষঃ। সুষুপ্তস্য সম্প্রসাদত্বং সাধয়তি—জাগরিত ইত্যাদিনা। তত্র বাক্যশেষমনুকূলয়তি—তীর্ণো হীতি। অস্তু সম্প্রসাদঃ সুষুপ্তং স্থানং; তথাপি কিমায়াতমিত্যাত আহ—স বা ইতি। পূর্ব্বোক্তেন ক্রমেণ সম্প্রসাদে সুষুপ্তে স্থিত্বা সম্প্রসন্নঃ সন্ মৃত্যুমতিক্রামতীত্যর্থঃ। উক্তমর্থমুপপাদয়িতুমাকাঙ্ক্ষামাহ—কথমিতি। রত্বেত্যাদি ব্যাকুর্ব্বন্ পরিহরতি—স্বপ্নাদিতি। পুণ্যপাপশব্দয়োর্যথাশ্রুতার্থত্বমাশঙ্ক্যাহ—ন হীতি। অবোচামোতয়ান্ পাপ্মন আনন্দাংশ্চ পশ্যতীত্যত্রেতি শেষঃ। পুণ্যপাপয়োর্দর্শনমেব, ন করণমিত্যত্র ফলিতমাহ—তস্মাদিতি। তৎ দ্রষ্টুরপি তদনুবন্ধঃ স্যাদিত্যাশঙ্ক্যাতিপ্রসঙ্গান্নৈবমিত্যাহ—যো হীত্যাদিনা। পুণ্যপাপাভ্যামাত্মনোঽসংস্পর্শে ফলিতমাহ—তস্মাদিতি। ১

মৃত্যোরতিক্রমণে কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—অতো নেতি। মৃত্যোরস্বভাবত্বং দর্শয়তি -মৃত্যুশ্চেদিতি। ইষ্টাপত্তিমাশঙ্ক্যাহ—ন ত্বিতি। অনন্তরবাক্যাদসঙ্গবাক্যাচ্চেত্যর্থঃ। মোক্ষশাস্ত্রপ্রামাণ্যাদপি মৃত্যোরস্বভাবত্বমিত্যাহ—স্বভাবশ্চেদিতি। ইতশ্চ মৃত্যুঃ স্বভাবো ন ভবতীত্যাহ—ন ত্বিতি। অভাবাদিতি চ্ছেদঃ। তস্যাঃ স্বভাবত্বে লব্ধমর্থং কথয়তি—অত ইতি। মৃত্যুমেব ব্যাচষ্টে—পুণ্যপাপাভ্যামিতি। স্বপ্নে মৃত্যোঃ স্বভাবত্বাভাবেঽপি জাগ্রদবস্থায়াং কর্তৃত্বমাত্মনঃ স্বভাবতঃ, তথা চ নিয়মেন তস্য মৃত্যোরতিক্রমো ন সিধ্যতীতি শঙ্কতে—নন্বিতি। ঔপাধিকত্বাৎ কর্তৃত্বস্য স্বাভাবিকত্বাভাবাদাত্মনো মৃত্যোরতিক্রমঃ সম্ভবতীতি পরিহরতি—নেতি। কথমৌপাধিকত্বং কর্তৃত্বস্য সিদ্ধবদুচ্যতে. তত্রাহ—তচ্চেতি। ধ্যায়তীবেত্যাদৌ সাদৃশ্যবাচকাদিবশব্দাদৌপাধিকত্বং কর্তৃত্বস্য প্রাগেব দর্শিতমিত্যর্থঃ। জাগরিতেঽপি কর্তৃত্বস্য স্বাভাবিকত্বাভাবে ফলিতমাহ—তস্মাদিতি। মৃত্যোঃ স্বাভাবিকত্বাশঙ্কাভাবকৃতং ফলমাহ—অনির্মোক্ষতা বেতি। বাশব্দো নঞনুকর্ষণার্থঃ। ২

পুণ্যং চ পাপং চেত্যেতদন্তং বাক্যং ব্যাখ্যায় পুনরিত্যাদি ব্যাচষ্টে—তত্রেতি। স্বপ্নাদ্ব্যুত্থায় সুষুপ্তিমনুভূয়োত্তরকালমিতি যাবৎ। স্থানাৎ স্থানান্তরপ্রাপ্তাবভ্যাসং বক্তুং পুনঃশব্দঃ। প্রতিন্যায়মিত্যস্যাবয়বার্থমুক্ত্বা বিবক্ষিতমর্থমাহ—পুনরিতি। সংপ্রসাদাদূর্দ্ধমিতি যাবৎ। জাগরিতাৎ স্বপ্নং ততঃ সুষুপ্তং গচ্ছতীতি পূর্ব্বগমনং, ততো বৈপরীত্যেন সুষুপ্তাৎ স্বপ্নং জাগরিতং বা গচ্ছতীতি যদাগমনং, স প্রতিন্যায়স্তমেব সংক্ষিপতি—যথেতি। যথাস্থানমাত্রবতীত্যেতদ্বিবৃণোতি—স্বপ্নস্থানাদিতি। উক্তেঽর্থে বাক্যং পাতয়তি—প্রতিযোনীতি। কিমর্থং যথাস্থানমাগমনং, তদাহ—স্বপ্নায়েতি। ৩

স যদিত্যাদিবাক্যস্য ব্যাবর্ত্যামাশঙ্কামাহ—নন্বিতি। তত্র বাক্যমুত্তরত্বেনাবতার্য্য ব্যাকরোতি—অত আহেতি। অনন্বাগত ইত্যস্যার্থং স্ফুটয়তি—নৈবেতি। স যদিত্যাদিবাক্যস্যাক্ষরার্থমুক্ত্বা তাৎপর্য্যমাহ—যদি হীতি। তেনাত্মনেতি যাবৎ। স্বপ্নে কৃতং কর্ম্ম পুনস্তেনেত্যুক্তম্। অনুবন্ধে দোষমাহ—স্যাদিতি। ইষ্টাপত্তিমাশঙ্ক্যাহ—ন চেতি। স্বপ্নকৃতেন কর্ম্মণা জাগ্রদবস্থস্য পুরুষস্যান্বাগতত্বপ্রসিদ্ধিরিতি যদুচ্যতে, তন্ন ব্যবহারভূমৌ সম্প্রতিপন্নমিত্যর্থঃ। স্বপ্নদৃষ্টেন জাগ্রজ্জগতস্য ন সঙ্গতিরিত্যত্র স্বানুভবং দর্শয়তি—ন হীতি। যথোক্তেঽনুভবে লোকস্যাপি সম্মতিং দর্শয়তি—ন চেতি। তত্র ফলিতমাহ—অত ইতি। কথং তর্হি স্বপ্নে কর্তৃত্বপ্রতীতিস্তত্রাহ তস্মাদিতি। স্বপ্নস্যাভাসত্বাচ্চ ন তত্র বস্তুতোঽস্তি ক্রিয়েত্যাহ—উক্তেবেতি। তদাভাসত্বে লোকপ্রসিদ্ধিমনুকূলয়তি—আখ্যাতারশ্চেতি। স্বপ্নস্যাভাসত্বে ফলিতমাহ—অত ইতি। ৪

অনন্বাগতবাক্যং প্রতিজ্ঞারূপং ব্যাখ্যায়াসঙ্গবাক্যং হেতুরূপমবতারয়িতুমাকাঙ্ক্ষামাহ—কথমিতি। মূর্ত্তস্য মূর্ত্তান্তরেণ সংযোগে ক্রিয়োপলম্ভাদমূর্ত্তস্য তদভাবাদাত্মনশ্চামূর্ত্তত্বেনাসংযোগাৎ ক্রিয়াযোগাদকর্তৃত্বসিদ্ধিরিত্যুত্তরং হেতুবাক্যার্থকথনপূর্ব্বকং কথয়তি—কার্য্য-

করণৈরিত্যাদিনা। আত্মনোঽসঙ্গত্বেনাকর্তৃত্বমুক্তং সমর্থয়তে—অত্র এবেতি। অতঃশব্দার্থং বিশদয়তি—কার্য্যেতি। ক্রিয়াবত্ত্বাভাবে জন্মমরণাদিরাহিত্যং কৌটস্থ্যং ফলতীত্যাহ—তস্মাদিতি। কর্ম্মপ্রবিবেকমুক্তমঙ্গীকরোতি—এবমিতি। তৎপ্রবিবিক্তাত্মজ্ঞানে দার্ঢ্যং সূচয়তি—সোঽহমিতি। নৈরাকাঙ্ক্ষ্যং ব্যাবর্ত্তয়তি—অত ইতি। কথং তর্হি সম্প্রদানমিত্যাশঙ্ক্যাহ—মোক্ষেতি। কামপ্রবিবেকবিষয়নিয়োগমতিপ্রেত্য পুনরনুক্রামতি—অত ঊর্দ্ধমিতি। ২৬৬। ১৫।

ভাষ্যানুবাদ। স্বপ্নে প্রদর্শিত সেই যে, এই স্বয়ংজ্যোতিঃ পুরুষ, সেই পুরুষ এই সম্প্রসাদে—পুরুষ যেখানে সম্পূর্ণরূপে প্রসন্নতা লাভ করে, তাহার নাম সম্প্রসাদ; অভিপ্রায় এই যে, জাগ্রৎ অবস্থায় দৈহিক ও ঐন্দ্রিয়িক বহুবিধ ব্যাপারসম্পর্ক থাকায় পুরুষে মলিনতা উপস্থিত হয়, স্বপ্নাবস্থায় দেহেন্দ্রিয়-সম্পর্ক নষ্ট হইয়া যায়; পুরুষ তখন সেই মালিন্য পরিত্যাগ করিয়া অল্পমাত্র প্রসন্নতা লাভ করে; কিন্তু এই সুষুপ্তি সময়ে পুরুষ সম্পূর্ণরূপে প্রসন্নতা লাভ করে; এই জন্য সুষুপ্তি অবস্থাকে 'সম্প্রসাদ' বলা হইয়া থাকে। পরেও 'তখন (সুষুপ্তি সময়ে) হৃদয়গত সমস্ত দুঃখ হইতে উত্তীর্ণ হয়', 'সবিলাস একই আত্মা দর্শন করিয়া থাকে', ইত্যাদি স্থলে সুষুপ্ত আত্মার ঐরূপ রূপ প্রদর্শন করিবেন। সেই এই পুরুষ কিরূপে ক্রমশঃ সম্প্রসন্নতা লাভ করে, [তদুত্তরে বলিতেছেন,] সুষুপ্তিদশায় প্রবেশার্থী জীব প্রথমতঃ স্বপ্নাবস্থায়ই রমণ করিয়া বন্ধু ও স্বজন সন্দর্শন প্রভৃতি দ্বারা তৃপ্তি অনুভব করে; পরে বিচরণ করিয়া অর্থাৎ স্বপ্নাবস্থায় বিচরণের ফল বহুবিধ শ্রম বা ক্লেশ উপলব্ধি করিয়া, পুণ্য ও পাপের ফল মাত্র সংদর্শন করে; কিন্তু তখন কোন প্রকার পুণ্য বা পাপ কার্য্য অনুষ্ঠান করে না; সেই জন্য পুণ্য ও পাপে লিপ্তও হয় না; কারণ, যে লোক পুণ্য বা পাপ অনুষ্ঠান করে, সেই লোকই পুণ্য ও পাপে লিপ্ত হইয়া থাকে; কিন্তু কেবল দর্শনের দরুণ কেহই পুণ্য ও পাপে নিবদ্ধ হয় না। পুণ্য ও পাপের সাক্ষাৎ সম্বন্ধে দর্শন করা সম্ভব হয় না বলিয়া, এখানে পুণ্য ও পাপ-শব্দে পুণ্য ও পাপের ফল মাত্র বুঝিতে হইবে। অতএব স্বপ্নসময়ে যে, কেবল মৃত্যুর রূপমাত্রই অতিক্রম করে, তাহা নহে, পরন্তু সাক্ষাৎ মৃত্যুকেও অতিক্রম করে। ১

এই কারণে, মৃত্যুকে আত্মার স্বভাবসিদ্ধ বলিয়াও আশঙ্কা করা চলে না; কেন না, মৃত্যু যদি আত্মার স্বভাবসিদ্ধ ধর্ম্ম হইত, তাহা হইলে স্বপ্নেও তাহা বিদ্যমান থাকিত; অথচ তাহা কখনও বিদ্যমান থাকে না। পক্ষান্তরে, মৃত্যু-

রূপিণী ক্রিয়া ইহার স্বভাব হইলে, কস্মিন্ কালেও তাহা হইতে আত্মার মুক্তি সম্ভব হইত না; অতএব উহা আত্মার স্বভাব নহে; এই জন্যই পুণ্য ও পাপ হইতে আত্মার বিমোক্ষ উপপন্ন হয়। ভাল, [স্বপ্নাবস্থায় না হউক,] জাগ্রদবস্থায়ত উহা নিশ্চয়ই আত্মার স্বভাব হইতে পারে; না—সে কথাও বলিতে পার না; কারণ, জাগ্রদবস্থায় যে, কর্ম্মময় মৃত্যুর সম্বন্ধ হয়, বুদ্ধিপ্রভৃতি উপাধির সহিত সম্বন্ধই তাহার কারণ; "ধ্যায়তীব" ইত্যাদি বাক্যেই তাহার সাদৃশ্যমূলকত্ব প্রতিপাদন করা হইয়াছে। অতএব স্বপ্নসময়ে সম্পূর্ণরূপে মৃত্যুরূপী কর্ম্মের সম্বন্ধ অতিক্রম করে বলিয়া মৃত্যুকে আত্মার স্বাভাবিক বলিয়া সম্ভাবনা করাও চলে না, এবং তন্নিবন্ধন মুক্তিরও অসম্ভাবনা হয় না। ২

সেখানে (স্বপ্নস্থানে) বিচরণ করিয়া শ্রমফল ক্লান্তি অনুভব করিয়া, তাহার পর সম্প্রসাদ অনুভবের পর, পুনর্ব্বার প্রতিন্যায়ে অর্থাৎ যেরূপে সুষুপ্তিতে প্রবেশ করিয়াছিল, তাহার বিপরীত ক্রমে—পূর্ব্বগমনের বিপরীত ক্রমে গমনকে 'প্রতিন্যায়' বলে; সেই নিয়মে পুনর্ব্বার আগমন করে। 'প্রতিযোনি' অর্থাৎ যথাস্থানে; প্রথমে স্বপ্নস্থান হইতে সুষুপ্তি দশা প্রাপ্ত হয়; সুষুপ্তি দশা প্রাপ্ত হইয়া পুনর্ব্বার সেই স্বপ্নস্থানের উদ্দেশ্যেই যথানিয়মে প্রতি-গমন করিয়া থাকে। ৩

এখন আপত্তি হইতেছে এই যে, জীব যে, স্বপ্নসময়ে পুণ্য বা পাপ করে না; কেবল পুণ্য ও পাপের ফল মাত্র ভোগ করিয়া থাকে, ইহা কিপ্রকারে জানা যায়? জাগরণাবস্থায় যেমন কর্ম্মানুষ্ঠান করে, স্বপ্নসময়েও ঠিক তেমনি কর্ম্ম করিয়া থাকে; কারণ, দর্শন-কার্য্যটী উভয় স্থলেই তুল্য, কিছুমাত্র প্রভেদ নাই। এতদুত্তরে বলিতেছেন—সেই স্বপ্নদর্শী আত্মা, সে সময়ে—স্বপ্ন-সময়ে পুণ্য ও পাপফল যাহা কিছু দর্শন করে, সেই স্বপ্নদৃষ্ট পুণ্য ও পাপে অসংস্পৃষ্ট থাকে, অর্থাৎ সে নিশ্চয়ই সেই পুণ্য-পাপে লিপ্ত হয় না। জীব যদি স্বপ্নসময়ে সত্য সত্যই পুণ্য বা পাপ করিত, তাহা হইলে নিশ্চয়ই সে স্বকৃত পুণ্য ও পাপে সংস্পৃষ্ট হইত, এবং স্বপ্ন হইতে উত্থানের পরও ঐ পুণ্য ও পাপ তাহার অনুসরণ করিত; কিন্তু জগতে স্বপ্নকৃত কর্ম্ম যে, কাহারো অনুসরণ করে, ইহা কোথাও প্রসিদ্ধ নাই; এবং স্বপ্নকৃত অপরাধে কেহই আপনাকে অপরাধী বলিয়া মনে করে না; অতএব স্বপ্নকৃত কর্ম্ম কাহারো অনুগমন করে না; এই জন্যই বলিতে হইবে যে, স্বপ্নে বাস্তবিক পক্ষে কোন ক্রিয়া সম্বন্ধ থাকে না, তথাপি, যেন করিতেছে বলিয়া প্রতীতি হয় মাত্র; পূর্ব্বেও যেন

স্ত্রীগণের সহিত আমোদ করিতেছে' এইরূপ একটী শ্লোক (সংক্ষিপ্তার্থক বাক্য) উক্ত হইয়াছে। আর যাহারা স্বপ্নরহস্য বলেন, তাহারাও [স্বপ্ন-দৃশ্যের অসত্যতা জ্ঞাপনার্থ] 'ইব' শব্দের সহযোগে স্বপ্নের কথা বলিয়া থাকেন, 'আমি আজ স্বপ্নে দেখিয়াছি—হস্তিসমূহ যেন দলবদ্ধ হইয়া ধাবিত হইতেছে'। এই জন্যই স্বপ্নদর্শী আত্মার কর্তৃত্ব নাই। ৩

কেন যে, আত্মার কর্তৃত্ব নাই, [তাহা বলিতেছেন,] সাধারণতঃ মূর্ত্ত বা পরিচ্ছিন্ন দেহেন্দ্রিয়ের সঙ্গে অপর মূর্ত্ত পদার্থেরই সংশ্লেষ বা সম্বন্ধ হইয়া থাকে; সেই সম্বন্ধই ক্রিয়া-নিষ্পত্তির হেতুরূপে জগতে দৃষ্ট হইয়াছে; পক্ষান্তরে কোন অমূর্ত্ত পদার্থে কোনরূপ ক্রিয়া দৃষ্টিগোচর হয় না। আলোচ্য আত্মা-পদার্থটীও অমূর্ত্ত অপরিচ্ছিন্ন বা নিরবয়ব; সুতরাং অসঙ্গ; যেহেতু এই পুরুষ অসঙ্গ; সেই হেতুই স্বপ্নকৃত পুণ্য বা পাপ তাহার অনুসরণ করে না; তজ্জন্যই কোন প্রকারে ইহার কর্তৃত্বও উপপন্ন হয় না; কেন না, দেহেন্দ্রিয়াদির সহিত সংশ্লেষ বা সম্পর্ক বশতই কর্তৃত্ব ব্যবহার হইয়া থাকে; সেই সংশ্লেষরূপ সঙ্গ ইহার (পুরুষের) নাই। পুরুষ যেহেতু অসঙ্গ, সেই হেতুই অমৃত (কর্ম্মময় মৃত্যু রহিত) (১)। [ইহা শ্রবণ করিয়া জনক বলিলেন—] হে যাজ্ঞবল্ক্য, ইহা এইরূপই বটে; আপনার উপদেশপ্রাপ্ত আমি আপনাকে সহস্র প্রদান করিতেছি; অতঃপরও মুক্তিসাধনেরই উপদেশ করুন। আত্মা যে, কর্ম্মসংস্পর্শশূন্য, ইহা হইতেছে মুক্তিপদার্থের একাংশ মাত্র; তাহা যখন যথাযথরূপে প্রদর্শিত হইল, তখন অতঃপর সাক্ষাৎ মুক্তিরই উপদেশ করুণ ইতি ॥২৬৬॥১৫॥

স বা এষ এতস্মিন্ স্বপ্নে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যঞ্চ পাপঞ্চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি বুদ্ধান্তায়ৈব। স যত্তত্র কিঞ্চিৎ পশ্যত্যনন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষ ইত্যেবমে-বৈতদ্যাজ্ঞবল্ক্য। সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীতি ॥২৬৭॥ ১৬॥

---

(১) তাৎপর্য্য—সঙ্গ অর্থ সংযোগ বটে, কিন্তু সাধারণ সংযোগ নহে; পরন্তু যেরূপ সংযোগের ফলে সংযুক্ত বস্তুতে কোনরূপ ধর্ম্মান্তর উৎপন্ন হয়, সেইরূপ সংযোগ। যেমন পদ্ম পত্র জলে থাকিয়াও আর্দ্র হয় না বলিয়া, তাহাকে অসঙ্গ বলা হয়, তেমন পুরুষও বিকৃত হয় না বলিয়া অসঙ্গ।

সম্বন্ধার্থঃ। অকর্ত্তৃত্বে হেতুতয়োক্তম্ অসঙ্গত্বমেব দ্রঢ়য়িতুমাহ—"স বৈ" ইত্যাদি। সঃ (উক্তলক্ষণঃ) এষঃ (প্রকৃতঃ) পুরুষঃ (দেহাত্মাভিমানী জীবঃ) বৈ এতস্মিন্ (প্রকৃতে) স্বপ্নে রত্বা (রমণং কৃত্বা), চরিত্বা, পুণ্যং চ পাপং চ দৃষ্ট্বা এব পুনঃ বুদ্ধান্তায় এব প্রতিন্যায়ং প্রতিযোনি আদ্রবতি। সঃ (স্বপ্নদর্শী পুরুষঃ) তত্র (স্বপ্নে) যৎ কিঞ্চিৎ পশ্যতি, তেন অনন্বাগতঃ ভবতি; [কুতঃ?] হি (যতঃ) অয়ং পুরুষঃ অসঙ্গঃ ইতি। [জনক আহ—] হে যাজ্ঞবল্ক্য, সঃ অহং ভগবতে সহস্রং দদামি; অতঃ ঊর্দ্ধং বিমোক্ষায় এব ব্রূহি ইতি, [ব্যাখ্যা পূর্ব্ববৎ] ॥ ২৬৭ ॥ ১৬ ॥

মূলানুবাদ। সেই এই পুরুষ উক্ত স্বপ্নাবস্থায় রমণ ও পরিভ্রমণ করিয়া এবং পুণ্য ও পাপের ফল সুখ দুঃখ অনুভব করিয়া বুদ্ধান্তের জন্য—জাগ্রদবস্থা লাভের নিমিত্ত পুনরায় নিজ নিজ স্থানে প্রত্যাগমন করে। পুরুষ স্বপ্ন সময়ে যাহা কিছু দর্শন করে, তাহা তাহার অনুসরণ করে না, অর্থাৎ পুরুষ স্বপ্নকৃত পুণ্য পাপে লিপ্ত হয় না; কারণ, এই পুরুষ স্বভাবতঃ অসঙ্গ বা নির্লেপ। একথা শুনিয়া জনক বলিলেন—ইহা এইরূপই বটে; আমি ইহার বিনিময়ে পূজনীয় আপনাকে সহস্র প্রদান করিতেছি; আপনি ইহার পর মুক্তির কথাই বলুন ॥ ২৬৭ ॥ ১৬ ॥

শাঙ্কর-ভাষ্যম্। তত্র "অসঙ্গো হ্যয়ং পুরুষঃ" ইত্যসঙ্গতা অকর্ত্তৃত্বে হেতুরুক্তঃ। উক্তঞ্চ পূর্ব্বম্—কর্ম্মবশাৎ স ঈয়তে যত্র কামমিতি; কামশ্চ সঙ্গঃ; অতোঽসিদ্ধো হেতুরুক্তঃ—"অসঙ্গো হ্যয়ং পুরুষঃ" ইতি। নত্বেতদস্তি; কথং তর্হি? অসঙ্গ এবেত্যেতদুচ্যতে—স বা এষ এতস্মিন্ স্বপ্নে, স বৈ এষ পুরুষঃ সম্প্রসাদাৎ প্রত্যাগতঃ স্বপ্নে রত্বা চরিত্বা যথাকামং দৃষ্ট্বৈব পুণ্যঞ্চ পাপঞ্চেতি সর্ব্বং পূর্ব্ববৎ। বুদ্ধান্তায়ৈব জাগরিতস্থানায়। তস্মাদসঙ্গ এবায়ং পুরুষঃ; যদি স্বপ্নে সঙ্গবান্ স্যাৎ কামী, ততস্তৎসঙ্গজৈর্দোষৈর্বুদ্ধান্তায় প্রত্যাগতো লিপ্যেত ॥ ২৬৭ ॥ ১৬ ॥

টীকা। উত্তরকণ্ডিকাব্যাবর্ত্ত্যাং শঙ্কামাহ—তত্রেতি। পূর্ব্বকণ্ডিকা সপ্তম্যর্থঃ। ভবত্বকর্ত্তৃত্বহেতুরসঙ্গত্বং, কিং তাবতেত্যাশঙ্ক্যাহ—উক্তঞ্চেতি। পূর্ব্বং শ্লোকোপন্যাসদশায়ামিতি যাবৎ। কর্ম্মবশাৎ স্বপ্নহেতুকর্ম্মসামর্থ্যাদিত্যর্থঃ। আত্মনঃ স্বপ্নে কামকর্ম্মসম্বন্ধেঽপি কিমিতি নাসঙ্গত্বং, তত্রাহ—কামশ্চেতি। হেত্বসিদ্ধিং পরিহরন্তি—ন

স্থিতি। ন চেদ্ধেতোরসিদ্ধত্বং, তর্হি কথং তৎসিদ্ধিরিতি পৃচ্ছতি—কথমিতি। হেতু-সমর্থনার্থমুত্তরগ্রন্থমুত্থাপয়তি—অসঙ্গ ইতি। প্রতিযোগ্যপ্রবর্ত্তীত্যেতদন্তং সর্ব্বমিত্যুক্তম্। স্বপ্নে কর্ত্তৃত্বাভাবস্তচ্ছব্দার্থঃ। উক্তমসঙ্গত্বং ব্যতিরেকমুখেন(৭) বিশদয়তি—যদীতি। সঙ্গবানিত্যস্য ব্যাখ্যানং—কামীতি। তৎসঙ্গজৈস্তত্র স্বপ্নে বিষয়বশেষেষু কামাখ্য-সঙ্গবশাদুৎপন্নৈরপরাধৈরিতি যাবৎ। ন তু লিপ্যতে, প্রায়শ্চিত্তবিধানস্যাপি স্বপ্নসূচিতাশুভা-শঙ্কানিবর্হণার্থত্বাৎ বস্তুবৃত্তানুসারিত্বাভাবাদিতি শেষঃ॥ ২৬৭॥ ১৬।

ভাষ্যানুবাদ। ইতঃ পূর্ব্বে কথিত হইয়াছে যে, আত্মার অকর্তৃত্বের প্রতি,তাহার অসঙ্গত্বই হেতু অর্থাৎ যে হেতু পুরুষ অসঙ্গ—নির্লেপ, সেই হেতুই তাহার কর্তৃত্ব হইতে পারে না। পূর্ব্বেও একথা উক্ত হইয়াছে যে, প্রাক্তন কর্ম্মানুসারে, যে বিষয়ে কামনা (ইচ্ছা) হয়, পুরুষ সেই বিষয়েই গমন করে। কাম অর্থই সঙ্গ, সুতরাং [অকর্তৃত্বের প্রতি যে, অসঙ্গো হি অয়ং পুরুষঃ,] এইহেতু প্রযুক্ত হইয়াছে, তাহা অসিদ্ধ; [তদুত্তরে বলিতেছেন—] না—হেতুর অসিদ্ধত্ব দোষ ঘটে না; কেন ঘটে না? যে হেতু শ্রুতি তাহার অসঙ্গত্বই প্রতিপাদন করিতেছেন—"স বা এষঃ" ইত্যাদি। সেই এই পুরুষ, যিনি সুষুপ্তি অবস্থা হইতে প্রত্যাগত হইয়াছেন; স্বপ্নাবস্থায় ইচ্ছানুসারে রমণ ও পরিভ্রমণ করিয়া এবং পুণ্য ও পাপ দর্শন করিয়া—ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্ব শ্রুতির মত। বুদ্ধান্তের (জাগরিতস্থানের) উদ্দেশ্যে [প্রতিগমন করে]; অতএব অনন্বাগত প্রভৃতি কথায় অবধারিত হইতেছে যে, পুরুষ নিশ্চয়ই অসঙ্গ; কেননা, পুরুষ যদি স্বপ্নাবস্থায় সঙ্গবান্—কামনাবিশিষ্টই হইত, তাহা হইলে জাগরিতাবস্থায় প্রত্যাগমনের পরেও নিশ্চয়ই স্বপ্নদৃষ্ট বিষয়ের সঙ্গজনিত পাপপুণ্য দ্বারা অবশ্যই লিপ্ত হইত; তাহা যখন হয় না, তখন পুরুষ নিশ্চয়ই অসঙ্গ; অতএব অকর্তৃত্বের প্রতি প্রযুক্ত অসঙ্গত্ব-হেতুটি কোনমতেই অসিদ্ধ হইতেছে না॥২৬৭।১৬॥

আভাস ভাষ্যম্। যথাসৌ স্বপ্নে অসঙ্গত্বাৎ স্বপ্নপ্রসঙ্গজৈর্দোষৈ-র্জাগরিতে প্রত্যাগতো ন লিপ্যতে, এবং জাগরিতসঙ্গজৈরপি দোষৈর্ন লিপ্যত এব বুদ্ধান্তে। তদেতদুচ্যতে,—

আভাসভাষ্যানুবাদ। এই পুরুষ অসঙ্গত্বনিবন্ধন জাগ্রদবস্থায় প্রত্যাগত হইয়া যেমন স্বপ্নকালীন ব্যবহারজনিত কোন দোষে লিপ্ত হয় না, তেমনি জাগ্রদবস্থায়ও অবস্থাকৃত কোন দোষে লিপ্ত হয় না; এখন সেই কথাই বলা হইতেছে—

স বা এষ এতস্মিন্ বুদ্ধান্তে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যঞ্চ পাপঞ্চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি স্বপ্নান্তায়ৈব ॥২৬৮॥১৭

সরলার্থঃ। সঃ এষঃ (পুরুষঃ) বৈ এতস্মিন্ বুদ্ধান্তে (জাগ্রদবস্থায়াং) রত্বা চরিত্বা পুণ্যং চ পাপং চ দৃষ্ট্বা এব স্বপ্নান্তায় এব পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোনি আদ্রবতি। (অন্যৎসর্ব্বং পূর্ব্ববৎ) ॥ ২৬৯ ॥ ১৭ ॥

মূলানুবাদ। এই সেই পুরুষ বুদ্ধান্তে—জাগ্রদবস্থায় রমণ ও পরিভ্রমণ করিয়া এবং পুণ্য ও পাপ দর্শন করিয়া পুনর্ব্বার স্বপ্নান্তের (স্বপ্নাবস্থার) উদ্দেশ্যে প্রতিন্যায় ও প্রতিযোনি ধাবিত হয় ॥ ২৬৯ ॥ ১৭ ॥

শাঙ্কর-ভাষ্যম্। স বৈ এষ এতস্মিন্ বুদ্ধান্তে জাগরিতে রত্বা চরিত্বেত্যাদি পূর্ব্ববৎ। যৎতত্র বুদ্ধান্তে কিঞ্চিৎ পশ্যতি, অনন্বাগতঃ তেন ভবতি, অসঙ্গঃ হি অয়ং পুরুষ ইতি। নমু দৃষ্ট্বৈবেতি কথমবধার্য্যতে? করোতি চ তত্র পুণ্যপাপে, তৎফলঞ্চ পশ্যতি; ন, কারকাবভাসকত্বেন কর্ত্তৃত্বোপপত্তেঃ। "আত্মনৈবায়ং জ্যোতিষা আস্তে" ইত্যাদিনা আত্মজ্যোতিষাবভাসিতঃ কার্য্যকরণসঙ্ঘাতো ব্যবহরতি, তেনাস্য কর্ত্তৃত্বমুপচর্য্যতে, ন স্বতঃ কর্ত্তৃত্বম্; তথাচোক্তম্ "ধ্যায়তীব লেলায়তীব" ইতি বুদ্ধ্যাদ্যুপাধিকৃতমেব, ন স্বতঃ; ইহ তু পরমার্থাপেক্ষয়া উপাধিনিরপেক্ষমুচ্যতে—দৃষ্ট্বৈব পুণ্যঞ্চ পাপঞ্চ, ন কৃত্বেতি; তেন ন পূর্ব্বাপরব্যাঘাতাশঙ্কা। যস্মান্নিরুপাধিকঃ পরমার্থতো ন করোতি, ন লিপ্যতে ক্রিয়াফলেন। তথা চ ব্যাসেন ভগবতোক্তম্,—

"অনাদিত্বান্নির্গুণত্বাৎ পরমাত্মায়মব্যয়ঃ।
শরীরস্থোঽপি কৌন্তেয় ন করোতি ন লিপ্যতে" ॥ ইতি। ১

তথা সহস্রদানস্য কামপ্রবিবেকস্য দর্শিতত্বাৎ,; তথা "স বা এষ এতস্মিন্ স্বপ্নে" "স বা এষ এতস্মিন্ বুদ্ধান্তে" ইত্যেতাভ্যাং কণ্ডিকাভ্যামসঙ্গতৈব প্রতিপাদিতা। যস্মাদ্ বুদ্ধান্তে কৃতেন স্বপ্নান্তং গতঃ সম্প্রসন্নোঽসম্বদ্ধো ভবতি স্বৈন্যাদিকার্য্যদর্শনাৎ, তস্মাৎ ত্রিষ্বপি স্থানেষু স্বতোঽসঙ্গ এবায়ম্; অতোঽমৃতঃ স্থানত্রয়ধর্ম্মবিলক্ষণঃ। ২

প্রতিযোন্যাদ্রবতি স্বপ্নান্তায়ৈব সম্প্রসাদায়েত্যর্থঃ। দর্শনবৃত্তেঃ স্বপ্নস্য

স্বপ্নশব্দেনাভিধানদর্শনাৎ, অন্তশব্দেন চ বিশেষণোপপত্তেঃ; "এতস্মা অন্তায় ধাবতি" ইতি চ সুষুপ্তং দর্শয়িষ্যতি। যদি পুনরেবমুচ্যতে, স্বপ্নান্তে রত্বা চরিত্বা 'এতাবুভাবন্তাবনুসঞ্চরতি—স্বপ্নান্তঞ্চ বুদ্ধান্তঞ্চ' ইতিদর্শনাৎ 'স্বপ্নান্তায়ৈব' ইত্যত্রাপি দর্শনবৃত্তিরেব স্বপ্ন উচ্যতে ইতি, তথাপি ন কিঞ্চিৎ দুষ্যতি; অসঙ্গতা হি সিষাধয়িষিতা সিধ্যত্যেব; যস্মাজ্জাগরিতে দৃষ্ট্বৈব পুণ্যঞ্চ পাপঞ্চ রত্বা চরিত্বা চ স্বপ্নান্তমাগতঃ ন জাগরিতদোষেণানুগতো ভবতি ॥২৬৯॥১৭॥

টীকা। উক্তমর্থং দৃষ্টান্তীকৃত্য জাগরিতেঽপি নির্লেপত্বমাত্মনো দর্শয়তি—যথেত্যাদিনা। তত্র প্রমাণমাহ—তদেতদিতি। জাগ্রদবস্থায়ামুক্তমকর্তৃত্বমাক্ষিপতি—নন্বিতি। তত্র কল্পিতং কর্তৃত্বমিত্যুত্তরমাহ—নেত্যাদিনা। তদেব বিবৃণোতি—আত্মনৈবেতি। যতোঽকর্তৃত্বে বাক্যোপক্রমং সংবাদয়তি—তথা চেতি। বাক্যার্থং সংগৃহ্লাতি—বুদ্ধ্যাদীতি। কর্তৃত্বমিতি শেষঃ। নথৌপাধিকং কর্তৃত্বং পূর্ব্বমুক্তমিদানীং তন্নিরাকরণে পূর্ব্বাপরবিরোধঃ স্যাদিত্যত্রাহ—ইহ ত্বিতি। উপাধিনিরপেক্ষঃ কর্তৃত্বাভাব ইতি শেষঃ। তেনেত্যুক্তং হেতুং স্ফুটয়তি—যস্মাদিতি। আত্মনো লেপাভাবে ভগবদ্বাক্যমপি প্রমাণমিত্যাহ—তথা চেতি। ১

অবস্থাত্রয়েঽপ্যসঙ্গত্বমবধাগতঞ্চ চাত্মনঃ সিদ্ধং চেৎ, বিমোক্ষপদার্থস্য নির্ণীতত্বাৎ জনকস্য নৈরাকাঙ্ক্ষ্যমিত্যাশঙ্ক্যাহ—তথেতি। যথা মোক্ষৈকদেশস্য কর্ম্মবিবেকস্য দর্শিতত্বাৎ পূর্ব্বত্র সহস্রদানমুক্তং, তথাত্রাপি তদেকদেশস্য কামবিবেকস্য দর্শিতত্বাৎ তদ্দানং, ন তু কামপ্রশ্নস্য নির্ণীতত্বাদিত্যর্থঃ। দ্বিতীয়তৃতীয়কণ্ডিকয়োস্তাৎপর্য্যং সংগৃহ্লন্তি—তথেত্যাদিনা। যথা প্রকৃতকণ্ডিকয়া কর্ম্মবিবেকঃ প্রতিপাদিতস্তথেতি যাবৎ। কণ্ডিকাত্রিতয়ার্থঃ সংক্ষিপ্যোপসংহরতি—যস্মাদিতি। অবস্থাত্রয়েঽপ্যসঙ্গত্বে কিং সিধ্যতি, তদাহ—অত ইতি। প্রতীকমাদায় স্বপ্নান্তশব্দার্থমাহ—প্রতিযোনীতি। কথং পুনস্তস্য সুষুপ্তবিষয়ত্বমত আহ—দর্শনবৃত্তেরিতি। দর্শনং বাসনাময়ং তস্য বৃত্তির্ণষ্টিরিতি ব্যুৎপত্ত্যা স্বপ্নো দর্শনবৃত্তিস্তস্য স্বপ্নশব্দেনৈব বিষয়ত্বাদন্তশব্দবৈয়র্থ্যাত্তদন্তো লয়ো যস্মিন্নিতি ব্যুৎপত্ত্যা স্বপ্নান্তশব্দেন সুষুপ্তগ্রহে সত্যন্তশব্দেন স্বপ্নস্য ব্যাবৃত্ত্যুপপত্তেরত্র সুষুপ্তস্থানমেব স্বপ্নান্তশব্দিতমিত্যর্থ। তত্রৈব বাক্যশেষানুগুণ্যমাহ—এতস্মা ইতি। স্বপ্নান্তশব্দস্য স্বপ্নে প্রয়োগদর্শনাদিহাপি তস্যৈব তেন গ্রহণমিতি পক্ষান্তরমুখাপ্যাঙ্গীকরোতি—যদীত্যাদিনা। সিষাধয়িষিতার্থসিদ্ধৌ হেতুমাহ—যস্মাদিতি। ২৬৯। ১৭।

ভাষ্যানুবাদ। সেই এই পুরুষ এই বুদ্ধান্তে—জাগ্রদবস্থায় রমণ ও পরিভ্রমণ করিয়া ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্বের ন্যায়। সেই পুরুষ এই জাগ্রদবস্থায় যাহা কিছু দর্শন করে, তাহা দ্বারা অনুবদ্ধ হয় না; কারণ, এই পুরুষ অসঙ্গ। ভাল, 'পুরুষ কেবল দর্শন করিয়াই' এইরূপ অবধারণ করা

হইতেছে কি রূপে? বস্তুতই ত পুণ্য ও পাপ করে, এবং তাহার ফল সুখ দুঃখও ভোগ করিয়া থাকে। না—এ আপত্তি হইতে পারে না; কারণ? যেহেতু চক্ষুঃ প্রভৃতি কারকনিচয়ের প্রকাশকত্ব নিবন্ধনই পুরুষেরও কর্তৃত্ব উপপন্ন হইতে পারে; অভিপ্রায় এই যে, 'আত্মজ্যোতির প্রভাবেই ব্যবহার করিয়া থাকে' ইত্যাদি শ্রুতি হইতে জানা যায় যে, এই দেহেন্দ্রিয় সমষ্টি আত্মজ্যোতির দ্বারা উদ্ভাসিত হইয়াই সমস্ত ব্যবহার নিষ্পাদন করিয়া থাকে; এই কারণে আত্মাতে কর্তৃত্ব ধর্ম্ম আরোপিত হয়, কিন্তু প্রকৃত-পক্ষে কর্তৃত্ব নাই; ঐ কর্তৃত্ব তাহার স্বভাবসিদ্ধ নহে। 'ধ্যায়তীব লেলায়-তীব' ইত্যাদি শ্রুতিতেও বলা হইয়াছে যে, বুদ্ধ্যাদি উপাধিজনিতই আত্মার কর্তৃত্ব, কিন্তু স্বভাবতঃ নহে। এখানে উপাধিকৃত ঔপচারিক ভাব পরিত্যাগ করিয়া, শুদ্ধ পারমার্থিক অবস্থা মাত্র লইয়াই বলা হইতেছে যে, পুণ্য ও পাপ শুধু দর্শন করিয়া, কিন্তু অনুষ্ঠান করিয়া নহে; সুতরাং পূর্ব্বাপর বিরোধের কোন সম্ভাবনা রহিল না। কেন না, উপাধি সম্পর্ক রহিত পুরুষ প্রকৃতপক্ষে কিছুই করে না; করে না বলিয়াই ক্রিয়া-ফলেও লিপ্ত হয় না। স্বয়ং ভগবান্ও এইরূপই বলিয়াছেন—'হে কুন্তিনন্দন, সর্ব্ববিকাররহিত এই পরমাত্মা যেহেতু অনাদি ও নির্গুণ, সেই হেতু ক্রিয়া-সাধন শরীরের মধ্যে বর্ত্তমান থাকিয়াও কর্ম্ম করে না; সুতরাং তাহাতে লিপ্তও হয় না' ইতি। ১

পূর্ব্বে কর্ম্মবিবেক প্রদর্শনে যেমন সহস্রদান উক্ত হইয়াছে, তেমনি এখানে মোক্ষৈকদেশ কামবিবেক অর্থাৎ আত্মা যে, কোনপ্রকার কামনা বা তৎফলে লিপ্ত নহে, তাহা প্রদর্শিত হওয়ায় সহস্র দান করা হইতেছে; [কিন্তু এখনও জনকের অভিলষিত মোক্ষতত্ত্ব নির্ণীত হয় নাই]। পূর্ব্বোক্ত "স বা এষ এতস্মিন্ স্বপ্নে" ও "স বা এষ এতস্মিন্ বুদ্ধান্তে" ইত্যাদি শ্রুতি দ্বয়ে আত্মার অসঙ্গত্বই প্রতিপাদিত হইয়াছে। যেহেতু স্বপ্ন ও সুষুপ্তি অবস্থাগত আত্মা বুদ্ধান্তে (জাগ্রদবস্থায়) কৃত কর্ম্ম বা ভাবনা দ্বারা সংস্পৃষ্ট হয় না; প্রকৃত চৌর্য্যাদি কার্য্যের অনুষ্ঠান তাহাতে দেখিতে পাওয়া যায় না; সেই হেতুই এই পুরুষ জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই স্থানত্রয়েই অসঙ্গ; অসঙ্গত্ব নিবন্ধনই অমৃত; অমৃত অর্থ—উক্ত স্থানত্রয়ের যাহা ধর্ম্ম বা অবস্থা, তাহা হইতে সম্পূর্ণ বিলক্ষণ। ২

"স্বপ্নান্তের—সংপ্রসাদের উদ্দেশ্যে পূর্ব্ববৎ প্রতিযোনিক্রমে ধাবিত হয়;

পূর্ব্বে সাক্ষাৎ স্বপ্নশব্দেও দর্শনাত্মক স্বপ্ন অভিহিত হওয়ায় এখানে 'স্বপ্নান্ত' শব্দে সুষুপ্তি অবস্থাই বুঝিতে হইবে; সেই জন্য 'অন্ত' (স্বপ্নান্ত) শব্দ দ্বারা বিশেষিত করাও সুসঙ্গত হইতেছে; ইহার পরেও, 'এই অন্তের অভিমুখে ধাবিত হয়' শ্রুতিতে স্পষ্টতঃ অন্ত-শব্দেই সুষুপ্তির উল্লেখ করিবে। আর যদি এইরূপ ব্যাখ্যা কর যে, 'স্বপ্নান্তে—স্বপ্নে রমণ ও পরিভ্রমণ করিয়া' ও 'স্বপ্নান্ত (স্বপ্ন) ও বুদ্ধান্ত, এই উভয় অন্তে—অর্থাৎ অবস্থায় যথাক্রমে সঞ্চরণ করে', এই দুই স্থানে স্বপ্ন অর্থে অন্ত শব্দের প্রয়োগ দর্শনে বুঝা যাইতেছে যে, 'স্বপ্নান্তায় এব' এই স্থলেও দর্শনাত্মক স্বপ্নাবস্থারই উল্লেখ করা হইয়াছে। হাঁ, এরূপ ব্যাখ্যা করিলেও কিছুমাত্র দোষ হইতেছে না; কারণ, আমাদের সিষাধয়িষিত (যাহা সাধন বা প্রমাণ করিতে অভিপ্রেত), সেই অসঙ্গত্ব স্বভাবসিদ্ধই হইতেছে; যে হেতু জাগ্রদবস্থায় কেবল পুণ্য ও পাপের ফল দর্শন করিয়া, রমণ ও পরিভ্রমণের পর স্বপ্নান্তে উপস্থিত হইয়া জাগ্রৎ অবস্থার দোষে বা গুণে লিপ্ত হয় না; [সেই হেতু পুরুষের অসঙ্গত্বসিদ্ধির কোনও বাধা ঘটিতেছে না]। ॥ ১৬৯ ॥১৭॥

অভাসভাষ্যম্। এবময়ং পুরুষ আত্মা স্বয়ংজ্যোতিঃ কার্য্যকরণবিলক্ষণস্তৎপ্রযোজকাভ্যাং কামকর্ম্মভ্যাং বিলক্ষণঃ, যস্মাদসঙ্গো হ্যয়ং পুরুষঃ, অসঙ্গত্বাদিত্যয়মর্থঃ "স বা এষ এতস্মিন্ সম্প্রসাদে" ইত্যাদ্যাভিস্তিসৃভিঃ কণ্ডিকাভিঃ প্রতিপাদিতঃ। অত্রাসঙ্গতৈবাত্মনঃ কুতঃ? যস্মাৎ জাগরিতাৎ স্বপ্নং, স্বপ্নাচ্চ সম্প্রসাদঃ, সম্প্রসাদাচ্চ পুনঃ স্বপ্নং ক্রমেণ বুদ্ধান্তং জাগরিতম্, বুদ্ধান্তাচ্চ পুনঃ স্বপ্নান্তমিত্যেবমনুক্রমসঞ্চারেণ স্থানত্রয়স্য ব্যতিরেকঃ সাধিতঃ। পূর্ব্বশ্লোপন্যস্তোঽয়মর্থঃ—"স্বপ্নো ভূত্বেমং লোকমতিক্রামতি মৃত্যো রূপাণি" ইতি। তং বিস্তরেণ প্রতিপাদ্য কেবলং দৃষ্টান্তমাত্রমবশিষ্টং তদবক্ষ্যামীত্যারভ্যতে।—

আভাসভাষ্যানুবাদ।—এইরূপে 'স বৈ এষ এতস্মিন্ সম্প্রসাদে' ইত্যাদি তিনটী শ্রুতি দ্বারা এই বিষয় প্রতিপাদান করা হইয়াছে যে, এই পুরুষ-পদবাচ্য আত্মা দেহেন্দ্রিয়াদি হইতে সম্পূর্ণ ভিন্নপ্রকার, এবং অসঙ্গ; অসঙ্গ বলিয়াই দেহেন্দ্রিয়াদি-নিষ্পাদ্য কাম-কর্ম্ম হইতেও বিলক্ষণ; তন্মধ্যে আত্মার অসঙ্গত্বধর্ম্মটী প্রমাণ করা যায় কিসে? [তদুত্তরে বলিতেছেন,] যে হেতু জাগরণ হইতে স্বপ্ন, স্বপ্ন হইতে সংপ্রসাদ (সুষুপ্তি), সম্প্রসাদ

হইতে পুনর্ব্বার স্বপ্ন, স্বপ্ন হইতে বুদ্ধান্ত (জাগরণ), এবং জাগরণ হইতে আবার অপর স্বপ্ন, এইরূপে ক্রমিক সংচরণ প্রদর্শন দ্বারা স্থানত্রয় হইতে আত্মার ব্যতিরেক বা অসঙ্গত্ব প্রমাণ করা হইয়াছে। তৎপূর্ব্বেও এই বিষয়েরই উল্লেখ রহিয়াছে; যথা 'স্বপ্নাবস্থা লাভ করিয়া মৃত্যুর রূপ ইহলোক অতিক্রম করে' ইত্যাদি; সেখানেই ইহা বিস্তারিতরূপে প্রতিপাদন করা হইয়াছে; কেবল তদ্বিষয়ে দৃষ্টান্ত মাত্র প্রদর্শন করিতে বাকি রহিয়াছে; এখন তাহাই বলিতে হইবে; এই জন্য পরবর্ত্তী শ্রুতি আরব্ধ হইতেছে—

তদ্‌যথা মহামৎস্য উভে কূলে অনুসঞ্চরতি, পূর্ব্বঞ্চাপরঞ্চৈবমেবায়ং পুরুষ এতাবুভাবন্তাবনুসঞ্চরতি স্বপ্নান্তঞ্চ বুদ্ধান্তঞ্চ ॥ ২৭০ ॥ ১৮ ॥

সন্ধলার্থঃ। আত্মনঃ অসঙ্গত্বং দৃষ্টান্তবলেন সমর্থয়িতুমাহ—"তদ্ যথা" ইতি। তৎ (তত্র আত্মনঃ অসঙ্গত্ববিষয়ে) [অয়ং দৃষ্টান্তঃ—] যথা মহামৎস্যঃ (মহান্ বলবত্তরঃ মৎস্যঃ) উভে কূলে (তীরে) পূর্ব্বং চ অপরং চ (কূলং) অনুসঞ্চরতি (ক্রমেণ পরিভ্রমতি), এবম্ এব (মহামৎস্যবৎ এব) অয়ং পুরুষঃ এতৌ উভৌ অন্তৌ—[কৌ তৌ?] স্বপ্নান্তং (জাগরণম্) চ, বুদ্ধান্তং (স্বপ্নং) চ অনুসঞ্চরতি (ক্রমেণ গচ্ছতি ইত্যর্থঃ) ॥২৭০॥১৮॥

মূলানুবাদ। কথিত বিষয়ে দৃষ্টান্ত এই যে, যেমন বৃহৎ মৎস্য নদীর পূর্ব্ব ও পশ্চিম উভয় তীরে যথাক্রমে সঞ্চরণ (গমনাগমন) করিয়া থাকে, ঠিক তেমনই এই পুরুষও স্বপ্নান্ত (জাগ্রদবস্থা) ও বুদ্ধান্ত (স্বপ্নাবস্থা,) এই উভয় অন্তে (অবস্থায়) যথাক্রমে সঞ্চরণ করিয়া থাকে। ॥ ২৭০ ॥ ১৮ ॥

শাঙ্কর-ভাষ্যম্। তৎ তত্র এতস্মিন্ যথাপ্রদর্শিতে অর্থে দৃষ্টান্তোহয়মুপাদীয়তে,—যথা লোকে মহামৎস্যঃ—মহাংশ্চাসৌ মৎস্যশ্চ নাদেয়েন স্রোতসা অহার্য্য ইত্যর্থঃ, স্রোতশ্চ বিষ্টম্ভয়তি স্বচ্ছন্দচারী, উভে কূলে নদ্যাঃ পূর্ব্বঞ্চাপরঞ্চ অনু ক্রমেণ সঞ্চরতি; সঞ্চরন্নপি কূলদ্বয়ং তন্মধ্যবর্ত্তিনোদক-স্রোতোবেগেন ন পরবশীক্রিয়তে; এবমেবায়ং পুরুষ এতাবুভৌ অন্তৌ অনুসঞ্চরতি; কৌ তৌ?—স্বপ্নান্তঞ্চ বুদ্ধান্তং চ। দৃষ্টান্তপ্রদর্শনফলং তু মৃত্যু-

রূপঃ কার্য্যকরণসঙ্ঘাতঃ সহ তৎপ্রযোজকাভ্যাং কাম-কর্ম্মভ্যাম্ অনাত্মধর্ম্মঃ, অয়ঞ্চাত্মা তস্মাদ্বিলক্ষণঃ—ইতি বিস্তরতো ব্যাখ্যাতম্ ॥ ২৭০ ॥ ১৮ ॥

টীকা। কণ্ডিকাত্রয়েণ সিদ্ধমর্থমনুবদতি—এবমিতি। আত্মনঃ স্থানত্রয়সঞ্চারাদসিদ্ধোঽসঙ্গত্বহেতুরিতি শঙ্কতে—তত্রেতি। প্রতিজ্ঞাহেত্বোর্হেতোর্নির্দ্ধারণং সপ্তম্যর্থঃ। সপ্রযোজকাদ্দেহদ্বয়াদ্বৈলক্ষণ্যং তু দূরনিরস্তমিত্যেবশব্দার্থঃ। এবং চোদিতে হেতুসমর্থনার্থং মহামৎস্যবাক্যমিতি সঙ্গতিমভিপ্রেত্য সংগত্যন্তরমাহ—পূর্ব্বমপীতি। যথাপ্রদর্শিতোঽর্থোঽসঙ্গত্বং কার্য্যকরণবিনির্মুক্তত্বং চ। অহার্য্যত্বমপ্রকম্প্যত্বম্। স্বচ্ছন্দচারিত্বং প্রকটয়তি—সঞ্চরন্নপীতি। কিং পুনর্দৃষ্টান্তেন দার্ষ্টান্তিকে লভ্যতে, তদাহ—দৃষ্টান্তেতি। ২৭০॥ ১৮॥

ভাষ্যানুবাদ। এখানে যে বিষয়ের উপদেশ করা হইল, তদ্বিষয়ে এই একটী দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে,—জগতে মহামৎস্য বৃহৎ মৎস্য অর্থাৎ যে মৎস্য নদীর স্রোতোবেগে চালিত না হয়, বরং নিজে স্রোতকে স্থগিত করিতে সমর্থ হয়—এমন স্বচ্ছন্দগতিশীল মৎস্য যেরূপ নদীর উভয় কূলে—পূর্ব্ব ও পশ্চিম তীরে ক্রমশঃ গমনাগমন করে; উভয় তীরে সঞ্চরণকরিলেও যেমন নদীগর্ভস্থ স্রোতোবেগের বশীভূত হয় না, ঠিক এইরূপ উক্ত পুরুষও এই উভয় অন্তে যথাক্রমে সঞ্চরণ করিয়া থাকে। সেই দুইটী অন্ত কি কি? না, স্বপ্নান্ত ও বুদ্ধান্ত অর্থাৎ স্বপ্ন ও জাগরণাবস্থা। উক্ত দৃষ্টান্তপ্রদর্শনের ফল এই যে, পূর্ব্বোক্ত দেহেন্দ্রিয়-সংঘাতরূপ মৃত্যু এবং দেহেন্দ্রিয়াদির প্রবর্ত্তক কাম ও কর্ম্ম, এ সমস্তই অনাত্ম-ধর্ম্ম—আত্মার ধর্ম্ম নহে; এই আত্মা দেহেন্দ্রিয়াদি হইতে সম্পূর্ণ ভিন্ন প্রকার। পূর্ব্বেই ইহা বিস্তৃতভাবে বর্ণিত হইয়াছে ॥২৭০॥১৮॥

আভাসভাষ্যম্। অত্র চ স্থানত্রয়ানুসঞ্চারেণ স্বয়ংজ্যোতিষ আত্মনঃ কার্য্যকরণসঙ্ঘাতব্যতিরিক্তস্য কামকর্ম্মভ্যাং বিবিক্ততা উক্তা; স্বতো নায়ং সংসারধর্ম্মবান্, উপাধিনিমিত্তমেব অস্য সংসারিত্বমবিদ্যাধ্যারোপিতমিত্যেষ সমুদায়ার্থ উক্তঃ। তত্র চ জাগ্রৎস্বপ্নসুষুপ্তস্থানানাং ত্রয়াণাং বিপ্রকীর্ণরূপ উক্তঃ, ন পুঞ্জীকৃত্যৈকত্র দর্শিতঃ—যস্মাৎ জাগরিতে সসঙ্গঃ সমৃত্যুঃ সকার্য্যকরণসঙ্ঘাত উপলক্ষ্যতেঽবিদ্যয়া; স্বপ্নে তু কামসংযুক্তো মৃত্যুরূপবিনির্ম্মুক্ত উপলভ্যতে; সুষুপ্তে পুনঃ সম্প্রসন্নোঽসঙ্গো ভবতীতি অসঙ্গতাপি দৃশ্যতে, একবাক্যতয়া তু উপসংহ্রিয়মাণং ফলং নিত্যমুক্তবুদ্ধশুদ্ধস্বভাবতা অস্য ন একত্র পুঞ্জীকৃত্য প্রদর্শিতেতি, তৎপ্রদর্শনায় কণ্ডিকা আরভ্যতে।

সুষুপ্তে হেবংরূপতাস্য বক্ষ্যমাণা ইতি, তদ্বা অস্যৈতদতিচ্ছন্দা অপহতপা-প্মাভয়ং রূপমিতি। যস্মাদেবংরূপং বিলক্ষণং সুষুপ্তং প্রবিবিক্ষিতমিতি, তৎকথমিত্যাহ; দৃষ্টান্তেনাস্যার্থস্য প্রকটীভাবো ভবতীতি তত্র দৃষ্টান্ত উপাদীয়তে,—

আভাসভাষ্য টীকা। শ্যেনবাক্যমবতারয়িতুং বৃত্তং কীর্ত্তয়তি—অত্র চেতি। পূর্ব্বসন্দর্ভঃ সপ্তম্যর্থঃ। দেহদ্বয়েন সপ্রযোজকেন বস্তুতোঽসম্বন্ধে কলিতমাহ—অত ইতি। কথং তর্হি তত্র সংসারিত্বধীরিত্যাশঙ্ক্যাহ—উপাধীতি। ঔপাধিকত্বাপি বস্তুত্বমাশঙ্ক্যাহ—অবিদ্যেতি। বৃত্তমনূদ্যোত্তরগ্রন্থমবতারয়ন্ ভূমিকামাহ—তত্রেতি। স্থানদ্বয়সম্বন্ধিত্বেন বিপ্রকীর্ণং বিশ্লিষ্টং রূপমস্যেত্যাত্মা তথা। পুঞ্জীকৃত্য বিবক্ষিতং সর্ব্বং বিশেষণমাদায়েতি যাবৎ। একত্রেতি বাক্যোক্তিঃ। তত্র হেতুং বদন্ জাগ্রদ্বাক্যেন বিবক্ষিতা-য়োক্তিরিত্যাহ—যস্মাদিতি। সসঙ্গত্বাদেৰ্দৃশ্যমানরূপস্য মিথ্যাত্বং সূচয়তি—অবি-দ্যয়েতি। স্বপ্নবাক্যে বিবক্ষিতাত্মসিদ্ধিমাশঙ্ক্যাহ—স্বপ্নে ত্বিতি। তর্হি সুষুপ্তবাক্যে তৎ-সিদ্ধির্নেত্যাহ—সুষুপ্তে পুনরিতি। তত্রাপ্যবিদ্যানির্ম্মোকো ন প্রতিভাতীতি ভাবঃ। এবং পাতনিকাং কৃত্বা শ্যেনবাক্যাদন্তে—ঐকবাক্যতয়েতি। পূর্ব্ববাক্যানামি(গা)মিতি শেষঃ। কুত্র তর্হি যথোক্তমাত্মরূপং পুঞ্জীকৃত্য প্রদর্শ্যতে, তত্রাহ—সুষুপ্তে হীতি। তত্রাভয়মিত্য-বিদ্যারাহিত্যমুচ্যতে। সা চ সুষুপ্তে স্বরূপেণ সত্যপি নাভিব্যক্তা ভাতীতি দ্রষ্টব্যম্। যস্মাৎ সুষুপ্তে যথোক্তমাত্মরূপং বক্ষ্যতে, তস্মাদিতি যাবৎ। এবংরূপমিত্যেতদেব প্রকটয়তি—বিলক্ষণমিতি। কার্য্যকরণবিনির্ম্মুক্তং কামকর্ম্মাবিদ্যারহিতমিত্যর্থঃ। স্থানদ্বয়ং হিত্বা কথং সুষুপ্তং প্রবেষ্টুমিচ্ছতীতি পৃচ্ছতি—তৎ কথমিতি। স্বপ্নাদৌ দুঃখানুভবাত্তত্যাগেন সুষুপ্তং প্রাপ্নোতীত্যাহ—আহেতি। যদ্যপি শ্রুতিঃ স্থানান্তরপ্রাপ্তিমভিধত্তে, তথাপি কিং দৃষ্টান্তবচনেনেত্যাশঙ্ক্যাহ—দৃষ্টান্তেনেতি। অস্যার্থস্য সুষুপ্তিপ্রাপ্তিরূপস্যেত্যেতৎ। স এবার্থস্তত্রেতি সপ্তম্যর্থঃ।

দক্ষিণেনাক্ষ্ণা পশ্যতীত্যুক্তে বামেন ন পশ্যতীতিবৎ, এ যদাস্তে হৃদি শ্রিতা ইতি বিশেষণস্বাশ্রিত্যাশঙ্কতে—কামা য ইতি। প্রকারান্তরেণ বিশেষণস্যার্থবত্ত্বং দর্শয়তি—নেত্যাদিনা। অত্রেতি প্রকৃতশ্রুত্যুক্তিঃ। আশ্রয়ান্তরং বুদ্ধ্যতিরিক্তমাত্মাখ্যম্। বুদ্ধ্যনাশ্রিতাঃ কামা এব ন সন্তি যদপেক্ষয়া হৃদয়াশ্রয়ত্ববিশেষণমিত্যাশঙ্ক্যাহ—যে ত্বিতি। প্রতিপদ্যতে বিষয়দোষদর্শনাদিতি যাবৎ। কামানাং বর্ত্তমানত্বনিয়মাভাবাদ্ ভূতভবিষ্যতামপি সম্ভবে ফলিতমাহ—অত ইতি।৭

হৃদয়াশ্রিতভূতভবিষ্যৎকামসম্ভবেঽপি সর্ব্বকামনিবৃত্তেঃ বিবক্ষিতত্বাৎ বর্ত্তমানবিশেষণমনর্থকমিতি শঙ্কতে—তথাপীতি। অতীতানামাগতকামাভাবঃ সম্ভবতি স্বতঃ সিদ্ধো ন তন্নিবৃত্তৌ যত্নোঽপেক্ষ্যতে শুদ্ধাত্মদিদৃক্ষুণা তু মুমুক্ষুণা বর্ত্তমানকামনিরাসে যত্নাধিক্যমাধেয়মিতি জ্ঞাপয়িতুং বর্ত্তমানগ্রহণমিতি পরিহরতি—ন তেষ্বিতি। যদি যথোক্তং ব্যাখ্যানমনাদৃত্যাত্মাশ্রয়ত্বমেব কামানামাশ্রীয়তে তদাশ্রুতং মোক্ষাসম্ভবেবাদিষ্টং চ কল্পিতং স্যাদিত্যাহ—ইতরথেতি। অশ্রুতত্বমসিদ্ধমিতি শঙ্কতে—ন কস্মেতি। অথাদাত্মাশ্রয়ত্বং শ্রুতমেব কামানামিত্যেতৎ দূষয়তি—নেত্যাদিনা। নিষেধো হি প্রাপ্তিমপেক্ষতে ন বাস্তবং কামানামাত্মধর্ম্মত্বং প্রাপ্তিস্তু ভ্রান্ত্যাপি সম্ভবতি। তস্মাদাত্মনো বস্তুতো ন কামাদ্যাশ্রয়ত্বমিত্যর্থঃ। ইতশ্চাত্মনো ন কামাদ্যাশ্রয়ত্বমিত্যাহ—প্রসঙ্গেতি। নঞসঙ্গবচনমাত্মনঃ সঙ্গাভাবং সাধয়ত্তস্য কামিত্বে ন বিরুধ্যতে তত্রাহ—অসঙ্গশ্চেতি। কামশ্চ সঙ্গস্ততোঽসিদ্ধো হেতুরত্রেতি শেষঃ। বাক্যান্তরমাশ্রিত্যাত্মনি কামাশ্রয়ত্বং শঙ্কিত্বা দূষয়তি—আত্মেত্যাদিনা।৮

ইচ্ছাদয়ঃ ক্বচিদাশ্রিতা গুণত্বাদ্ রূপাদিবদিত্যমানাৎ পরিশেষাৎ কামাদ্যাশ্রয়ত্বমাত্মনঃ সেৎস্যতীতি শঙ্কতে—বৈশেষিকাদীতি। শ্রুত্যবষ্টম্ভেন নিরাচষ্টে—নেত্যাদিনা। স্বয়ং জ্যোতিষ্ট্বাধকাচ্চ নাত্মাশ্রয়ত্বং কামাদীনামিতি শেষঃ। তদেব বিবৃণোতি—কামা-

দীনামিতি। স্থিতং চানুমানাদিতি শেষং। যদ্‌ যত্র সমবেতং তৎ তেন ন দৃশ্যতে তথা কামাদীনামাত্মসমবায়িত্বে দৃশ্যত্বং ন স্যাৎ দৃশ্যত্ববলেনৈব স্বয়ং জ্যোতিষ্ট্বং সাধিতং তথা চ তদ্বাধে পূর্ব্বোক্তমনুমানমপি বাধ্যেতেত্যর্থঃ। কথং কামাদীনামাত্মদৃশ্যত্বমাশ্রিত্য স্বপ্নে স্বয়ং জ্যোতিষ্ট্বোপদিষ্টৈবঃ তত্রাহ—দ্রষ্টৃত্বিতি। তথাপি তেষামাত্মাশ্রয়ত্বে কামুপপত্তি-ত্বয়ে—তদ্ধর্ম্মিতামতি।১

যৎ তু পরমাত্মৈকদেশং জীবমাশ্রিত্য তদাশ্রিতং কামাদীতি তত্রাহ—সর্ব্বশাস্ত্রেতি। তদেব স্ফুটয়তি—পরস্যেতি। শাস্ত্রার্থজাতং নিয়মনমপ্রত্যগেকত্বাদি তস্য কথং কোপঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—এতচ্চেতি। চতুর্থে চেৎ ভর্তৃপ্রপঞ্চমতং নিরস্তং তর্হি পুনর্নিরাকরণ-মকিঞ্চিৎকরম্ ইত্যাশঙ্ক্যাহ—মহত্তেতি। পরেণ সহ প্রত্যগাত্মনো যদেকত্বং তস্য শাস্ত্রার্থস্য সিদ্ধার্থমিতি যাবৎ। অংশত্বাদিকল্পনায়ামপি শাস্ত্রার্থসিদ্ধিমাশঙ্ক্যাহ—তৎ কল্প-নায়ামিতি। ভর্তৃপ্রপঞ্চকল্পনায়া হেয়ত্বমুপসংহরতি যথেত্যাদিনা।২৭৩,২২।

ভাষ্যানুবাদ। যে আত্মার প্রসঙ্গ চলিতেছে, সেই আত্মা যে, স্বয়ংজ্যোতিঃস্বভাব এবং অবিদ্যা কাম ও কর্ম্মবিরহিত, একথা পূর্ব্বেই উক্ত হইয়াছে; সে সম্বন্ধে যুক্তি বলা হইয়াছে এই যে, আত্মা স্বভাবতঃ অসঙ্গ, আর অবিদ্যা ও কাম-কর্ম্মাদি ধর্ম্মগুলি তাহার আগন্তুক বা অস্বাভাবিক। সে কথার উপর এখন আশঙ্কা হইতেছে এই যে, প্রথমে বলা হইয়াছে,—আত্মা চৈতন্যস্বরূপ হইলেও [সুষুপ্তি সময়ে] পরস্পর সমালিঙ্গিত স্ত্রী-পুরুষের ন্যায় একীভাব প্রাপ্ত হওয়ায় কিছুই জানিতে পারে না; সেই প্রসঙ্গে আশঙ্কা হইয়াছিল যে, কাম কর্ম্মাদি যেমন আত্মার স্বভাব নহে, তেমনি স্বয়ংজ্যোতিষ্ট্ব বা স্বপ্রকাশত্বও আত্মার স্বভাব হইতে পারে না; যেহেতু সুষুপ্তি সময়ে উহার সদ্ভাব দেখিতে পাওয়া যায় না; এই আশঙ্কার নিরাসার্থ সমালিঙ্গিত স্ত্রী-পুরুষের দৃষ্টান্ত প্রদর্শন পূর্ব্বক সমাধান করিয়াছেন যে, সুষুপ্তি সময়েও আত্মার স্বয়ংজ্যোতিঃস্বভাব বিদ্যমানই থাকে, কেবল একীভাব নিবন্ধন তাহার প্রতীতি হয় না মাত্র; কিন্তু কাম কর্ম্মাদির ন্যায় উহা কখনই আগন্তুক (অস্বাভাবিক নহে এই প্রাসঙ্গিক কথা করিয়া, যাহা প্রকৃত (প্রস্তাবিত) বিষয়, এখন তাহারই অনুসরণ করিতেছেন। এখানে ইহাই প্রকৃত বা বর্ণনীয় বিষয় যে, আত্মার সেই রূপটী সত্যসত্যই অবিদ্যা ও কাম-কর্ম্মাবিনির্ম্মুক্ত, যে রূপটী সুষুপ্তি সময়ে প্রত্যক্ষ করা হয়; আর অন্য ঐ রূপটিকে যে, আত্মার সর্ব্ব পদার্থের সহিত সম্বন্ধাতীত বলা হইয়াছে, তাহাও যথার্থ স্বরূপই বলা হইয়াছে। ১

যেহেতু এই সুষুপ্তি সময়ে অতিচ্ছন্দ অপহতপাপ্ম ও অভয় (সর্ব্বভয়রহিত)

এই রূপটী পরিনিষ্পন্ন হয়, সেইহেতু এই সময়ে পিতা—জনক অর্থাৎ পুত্রের প্রতি যে পিতৃত্ব সম্বন্ধ, পুত্রোৎপাদনরূপ কর্ম্মই তাহার নিমিত্ত; সুষুপ্তি সময়ে সেই ক্রিয়ার সহিত সম্বন্ধ থাকে না; থাকে না বলিয়াই পিতাও তখন পুত্রত্ব সম্বন্ধের কারণীভূত। জনকত্ব হইতে বিমুক্ত হন; এই কারণে তখন পিতাও অ পিতা হন; একথা হইতে ইহাও বেশ বুঝা যাইতেছে যে, পিতার ন্যায় পুত্রও তখন পিতার অ-পুত্র হয় অর্থাৎ তাহার পুত্রত্ব সম্বন্ধ রহিত হইয়া যায়; কেন না, পিতা ও পুত্র উভয়ের সম্বন্ধই কর্ম্মঘটিত; অপহতপাপ্ম উক্তি হইতে পাওয়া যায় যে, সে সম্বন্ধ তখন তিরোহিত হইয়া যায়; [সুতরাং তখন পিতার প্রতি পুত্রের পুত্রত্বও থাকিতে পারে না]। এইরূপ মাতাও অ মাতা হন, অর্থাৎ পুত্রের প্রতি মাতার মাতৃত্বও তখন রহিত হইয়া যায়; এইপ্রকার, কর্ম্ম দ্বারা স্বর্গাদি যে সমস্ত লোক জয় করা হইয়াছে বা হইবে, সে সমুদয় কর্ম্মের সহিতসম্বন্ধবিমুক্ত হওয়ায়, তখন ঐ সমস্ত স্বর্গাদি লোক ও অ-লোক হয়; যে সমস্ত দেবতা কর্ম্মের অঙ্গস্বরূপ, কর্ম্মের সহিত সম্বন্ধ ধ্বংস হওয়ায়, সেই সমস্ত দেবতাও তখন দেবতা থাকেন না; এবং সাধ্য-সাধনসম্বন্ধ প্রতিপাদক সমস্ত বেদ অর্থাৎ অমুক কর্ম্ম দ্বারা অমুক ফল লাভ করা যায়, ইহা প্রতিপাদন করাই যাহাদের উদ্দেশ্য, সেই সমুদয় এবং মন্ত্রাত্মক,—কর্ম্মাঙ্গ-সংবদ্ধ এই উভয়প্রকার বেদই কর্ম্মসম্পাদনার্থ লোকের অভীত ও অধ্যেতব্য হইয়া থাকে; তখন সেই কর্ম্মসম্বন্ধ বিলুপ্ত হইয়া যায়; এই কারণে সে সময় বেদসমূহও অবেদে পরিণত হয়। ২

পুরুষ তখন যে, কেবল শুভকর্ম্মের সম্বন্ধই অতিক্রম করে, তাহা নহে, পরন্তু অত্যন্ত ভয়াবহ অশুভ কর্ম্মের সম্বন্ধ হইতেও তখন নির্ম্মুক্ত হইয়া থাকে; অতঃপর সেই কথাই বলা হইতেছে—এ সময়ে স্তেন অর্থাৎ ব্রাহ্মণের সুবর্ণাপহারী—যাহার দরুণ মহাপাতকী 'স্তেন' বলিয়া কথিত হয়, সেই চৌর্য্য জনিত পাপ হইতেও বিমুক্ত হয়। এখানে ভ্রূণহত্যাকারীর সহিত এক সঙ্গে পঠিত হইয়াছে বলিয়া 'স্তেন' শব্দে ব্রাহ্মণের সুবর্ণাপহারী বুঝিতে হইবে (১)।

---

(২) তাৎপর্য্য—ভ্রূণহত্যাকারী মাত্রই মহাপাতকী নহে; পরন্তু ব্রাহ্মণ ভ্রূণহত্যাকারীই মহাপাতকীমধ্যে পরিগণিত হয়; অতএব 'ভ্রূণহা' শব্দেও এখানে ব্রহ্মহত্যাকারী বুঝিতে হইবে মনু বলিয়াছেন—

"ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ।
মহান্তি পাতকান্যাহুস্তৎসংসর্গশ্চ পঞ্চমঃ।"

ভাষ্যকর এই অভিপ্রায়ে 'স্তেন' শব্দের ঐরূপ অর্থ করিয়াছেন।

এইরূপ, এখানে ভ্রূণহত্যাকারীও অভ্রূণহা হয়। কেবল যে ইহ জন্মকৃত কর্ম্ম হইতেই বিমুক্ত হয়, তাহা নহে; পরন্তু অত্যন্ত নিকৃষ্ট যোনিতে জন্মের কারণীভূত স্বাভাবিক কর্ম্ম হইতেও নির্ম্মুক্ত হইয়া থাকে। [ইহা জ্ঞাপনের জন্য বলিতেছেন—] এখানে চাণ্ডালও চাণ্ডাল থাকে না; শূদ্রকর্ত্তৃক ব্রাহ্মণীর গর্ভে উৎপাদিত সন্তান চণ্ডাল নামে প্রসিদ্ধ; চণ্ডাল ও চাণ্ডাল একই। সে সময় চাণ্ডাল-জন্মপ্রাপক কর্ম্মদ্বারা অসম্বদ্ধ হওয়ায়, সেই চাণ্ডাল ও চাণ্ডাল থাকে না। এইরূপ "পৌল্কস—পুল্কস অর্থাৎ শূদ্র হইতে ক্ষত্রিয়াগর্ভে জাত যে পুল্কস, সে ও তখন অপুল্কস হয়। এইরূপ আশ্রমসম্বদ্ধ যে সমুদয় কর্ম্ম আছে, সে সমুদয় কর্ম্মের সহিত ও যে, তাহার সম্বন্ধাভাব ঘটে, তাহা বলিতেছেন—শ্রমণ অর্থ পরিব্রাজক; যে কর্ম্মদ্বারা শ্রমণ হয়, সেই কর্ম্মসম্বন্ধরহিত হওয়ায় তখন সেই শ্রমণও অ-শ্রমণ হয়। এইরূপ তাপস বানপ্রস্থও অতাপস হয়। যত রকম বর্ণাশ্রমাদি বিভাগ আছে, তৎ সমস্তেরই অভাব বুঝাইবার নিমিত্ত এখানে শ্রমণ ও তাপসের পৃথক্ উল্লেখ করা হইয়াছে।

অধিক কি, তখন শাস্ত্রবিহিত পুণ্য কর্ম্ম এবং বিহিতের অকরণ ও নিষিদ্ধের আচরণ জনিত যে, পাপ হয়, সে পাপেও লিপ্ত হয় না। এখানে অনন্বাগতম্' কথাটী 'রূপের' বিশেষণ; এইজন্য ক্লীবলিঙ্গ হইয়াছে; কারণ, এখানেও পূর্ব্বোক্ত 'অভয়ং রূপম্' কথার অনুবৃত্তি হইয়াছে। কি করে পাপাদির সহিত সম্বন্ধ হয় না, এখন তাহার কারণ নির্দ্দেশ করিতেছেন— যেহেতু সুষুপ্ত পুরুষ সেই সময়ে হৃদয়গত সমস্ত শোক অতিক্রম করে, অর্থাৎ শোক বিমুক্ত হয়, এখানে শোক অর্থ—কামনা; অভিলষিত বিষয়বিষয়ে প্রার্থনাই (কামনাই) সেই বিষয়ের বিয়োগে শোকে পরিণত হইয়া থাকে; কেন না, প্রার্থিত বিষয়টি যদি লাভ করা না যায়, কিংবা লাভের পর বিনষ্ট হইয়া যায়, তখন সেই বিষয়ের উদ্দেশ্যে চিন্তাকুল হইয়া লোক-সন্তাপ অনুভব করিয়া থাকে; এইজন্যই শোক রতি ও কাম, এই তিনটী সমানার্থক শব্দ। পূর্ব্বেও কথিত হইয়াছে যে, পুরুষ এ সময় কোন বিষয় কামনা করে না; এবং 'অতিচ্ছন্দা' হয়; সেই প্রস্তাবান্তর্গত এই 'শোক' শব্দও কামনা-বোধক হওয়াই উচিত; কামনাই কর্ম্মের হেতু অর্থাৎ কর্ম্মে প্রবৃত্তির কারণ; পরেও বলিবেন—'সেই পুরুষ যেরূপ কামনাসম্পন্ন হয়; সেইরূপই সংকল্প করিয়া থাকে, সেই কর্ম্মেরই অনুষ্ঠান করে' ইতি যেহেতু পুরুষ এ সময়ে

সমস্ত কামনার অতীত হয়, সেইহেতু—সর্ব্বপ্রকার কামনা উত্তীর্ণ হওয়ায় 'অনন্বাগতং পুণ্যেন' বলা যুক্তিযুক্তই হইয়াছে। ৪

'হৃদয়স্য' ইতি; হৃদয় অর্থ—পদ্মাকার মাংসপিণ্ড; অন্তঃকরণ বুদ্ধি সেই হৃদয়-পদ্মের মধ্যে অবস্থান করে; এই জন্য—মঞ্চস্থ লোকে শব্দ করিলে যেমন 'মঞ্চ শব্দ করিতেছে' বলা হইয়া থাকে, তেমনি হৃৎপদ্ম-মধ্যগত বুদ্ধিকেও হৃদয় বলা হইয়া থাকে। 'কাম, সংকল্প ও সংশয় ইত্যাদি সমস্তই মনের ধর্ম্ম' এই শ্রুতিবাক্য হইতেও জানা যায় যে, হৃদয়ের যে সমস্ত শোক, সে সমস্ত বুদ্ধিরই ধর্ম্ম। ইহার পরেও বলিবেন—'ইহার হৃদয়াশ্রিত যে সমস্ত কাম'; শোক আত্মাশ্রিত—আত্মার ধর্ম্ম, এইরূপ ভ্রম হইতে পারে, সেই ভ্রম নিরাসের জন্য এখানে 'হৃদি শ্রিতাঃ' ও হৃদয়স্য শোকাঃ' বলা হইল। পূর্ব্বোক্ত 'মৃত্যুর রূপসমূহ অতিক্রম করে' এই বাক্য দ্বারা জানা যায় যে, সুষুপ্তি সময়ে পুরুষ জ্ঞান-সাধন হৃদয়ের সহিত সম্বন্ধরহিত হয়; জ্ঞান-সাধন সেই হৃদয়ের সম্বন্ধ অতিক্রম করায় হৃদয়াশ্রিত কাম-সম্বন্ধও যে, অতিক্রম করে, এ কথা অবশ্যই যুক্তিসঙ্গত হইতেছে। ৫

কিন্তু যে সমস্ত বাদী বলিয়া থাকেন—হৃদয়াশ্রিত কামনা ও বাসনা-সমূহ, বুদ্ধির সহিত সম্বন্ধ প্রাপ্ত আত্মায় যাইয়া সম্মিলিত হয়; পূটপাক তৈলে যেমন পুষ্পের অভাবেও পুষ্পগন্ধ থাকিয়া যায়, তেমনি হৃদয়ের ধ্বংস হইলেও তৎসংসৃষ্ট আত্মায় বুদ্ধির ধর্ম্ম কামনা ও তাহার সংস্কাররাশি বিদ্যমান থাকে। তাহাদের মতে 'কাম সঙ্কল্প [ইত্যাদি মনের ধর্ম্ম]', 'রূপসমূহ হৃদয়েই থাকে' এবং 'হৃদয়ের শোক' ইত্যাদি শ্রুতিবাক্যগুলির নিশ্চয়ই আনর্থক্য হইয়া পড়ে। যদি বল, হৃদয়ের সাহায্যে উৎপন্ন হয় বলিয়া [কামাদিকে হৃদয়ের ধর্ম্ম বলা হইয়াছে]; না—সে কথাও বলিতে পার না; কেন না, 'হৃদি শ্রিতাঃ' শ্রুতিতে ঐ কথাটী আরও স্পষ্ট করিয়া বলিয়াছেন। হৃদয় যদি কামাদির আশ্রয় না হইয়া কেবল করণই অর্থাৎ কামাদি উৎপত্তির কেবলই দ্বার মাত্র হইত, তাহা হইলে, 'হৃদি শ্রিতাঃ' (হৃদয়ে অবস্থিত), এবং 'হৃদয়েই সমস্ত রূপ বিদ্যমান থাকে' এসমস্ত কথা সঙ্গত হইত না; পক্ষান্তরে এখানে আত্মশুদ্ধি প্রতিপাদন করাই যখন শ্রুতির অভিপ্রেত, তখন কামাদিকে হৃদয়গত বলিয়া প্রতিপাদন করাই যুক্তিযুক্ত হয়; কারণ, 'যেন ধ্যানই করিতেছে, যেন স্পন্দনই করিতেছে' এই স্পষ্টার্থক শ্রুতির অন্যপ্রকার অর্থ করা কখনই সম্ভবপর হয় না। ৬

ভালি কথা, এখানে 'হৃদয়াশ্রিত যে সমুদয় কাম' এইরূপ বিশেষোক্তি হইতে বেশ বুঝা যাইতেছে যে, আত্মাশ্রিতও কতকগুলি কামনা আছে? না, সেরূপ আশঙ্কা হইতে পারে না; কারণ, এখানে অন্য কোনও আশ্রয়কে অপেক্ষা করিয়া উক্ত বিশেষণ প্রযুক্ত হইয়াছে; [অভিপ্রায় এই যে,] যে সমুদয় কামনা হৃদয়ে প্রাদুর্ভূত হয় নাই, ভবিষ্যতের গর্ভে নিহিত রহিয়াছে, এবং যে সমুদয় কামনা প্রাদুর্ভূত হইবার পর, প্রতিকূল ভাবনার দ্বারা নিবৃত্ত হইয়া গিয়াছে, সে সমুদয় বাসনাও নিশ্চয়ই এক সময়ে হৃদয়াশ্রিত ছিল; এই কারণে এখনও সেগুলির হৃদয়ে সম্ভাবনা হইতে পারিত, সেই সমুদয় সম্ভাবিত কামনাকে অপেক্ষা করিয়া—যে সমস্ত কামনা হৃদয়ে প্রাদুর্ভূত হইয়া বিষয়বিশেষে বর্ত্তমান আছে, 'সেই সমুদয় কামনা হইতে বিমুক্ত হয়', এইরূপ বিশেষ বচন যুক্তিযুক্তই হইয়াছে। ৭

যদি বল, তথাপি বিশেষণের—'হৃদয়ের শোক' এইরূপ বিশেষোক্তির ত কিছুমাত্র প্রয়োজন দেখা যায় না? না—সে কথা বলিতে পার না; কারণ, প্রথমতঃ ঐ সমস্ত কামনার পরিত্যাগে যত্নাধিক্য প্রদর্শন করা ইহার একটী প্রয়োজন; দ্বিতীয়তঃ শাস্ত্রে ঐরূপ উপদেশ না থাকিলে, একটা অনিষ্টকর কল্পনাও হইতে পারিত—কামনাসমূহকে আত্মার ধর্ম্ম বলিয়াও কেহ কেহ মনে করিতে পারিত; অথচ তাহা শ্রুতির অভিপ্রেত নহে; ঐরূপ বিশেষ বচনে সেই আশঙ্কা নিবারিত হইয়াছে। বলিতে পার যে 'ন কংচন কামং কাময়তে' (কোন কাম্য বিষয়ই কামনা করে না,) এই বাক্যে আত্মাতে কামনার নিষেধ থাকায়, কামনাসমূহের আত্মাশ্রিতত্ব ত শ্রুতই হইয়াছে; [সুতরাং অশ্রুত বলিতেছ কিরূপে?] না—এরূপ আশঙ্কা করিতে পার না; 'সধীঃ স্বপ্নো ভূত্বা' (বুদ্ধির সহযোগে স্বপ্নাবস্থা লাভ করিয়া,) এই বাক্যে প্রতিপাদিত হইয়াছে যে, আত্মার যে কামাশ্রয়ত্ব, বুদ্ধি-সম্বন্ধই তাহার একমাত্র কারণ। বিশেষতঃ অন্যত্র আত্মাকে অসঙ্গ বলিয়াও নির্দ্দেশ করা হইয়াছে; আত্মা যদি যথার্থই কামনার আশ্রয় হইত, তাহা হইলে আত্মাকে অসঙ্গ বলিয়া প্রতিপাদন করা কখনই যুক্তিযুক্ত হইত না; কেন না, সঙ্গ আর কাম যে, একই পদার্থ, এ কথা আমরা অগ্রেই বলিয়াছি। যদি বল, 'আত্মকামঃ' শ্রুতি হইতে আত্মার স্ববিষয়ে কামনার সদ্ভাব পাওয়া গিয়াছে; না—তাহাও পাওয়া যায় নাই; নিজের অতিরিক্ত বিষয়ে কামনা

নিষেধ করাই ঐ শ্রুতির অভিপ্রেত অর্থ, কিন্তু আত্ম-বিষয়ে কামনার সদ্ভাব প্রতিপাদন করা উহার অর্থ নহে। ৮

যদি বল, বৈশেষিকাদি দর্শনশাস্ত্রে ত আত্মাকেই কামাদি ধর্ম্মের আশ্রয় বলিয়া প্রতিপাদন করা হইয়াছে; না, সে কথাও বলিতে পার না; কারণ, "হৃদি শ্রিতাঃ" ইত্যাদি স্পষ্টার্থক শ্রুতিবিরুদ্ধ বলিয়া বৈশেষিকাদি শাস্ত্রোক্ত ঐ সমস্ত যুক্তি উপেক্ষণীয়; কারণ, শ্রুতিবিরুদ্ধ যুক্তিকে অসদ্‌যুক্তি বলিয়া স্বীকার করা হইয়া থাকে (১)। বিশেষতঃ শ্রুতির 'স্বয়ংজ্যোতিষ্ট্ব' বচনও ঐরূপ যুক্তির অনাদরণীয়তা পক্ষে অপর কারণ, অর্থাৎ ঐরূপ যুক্তিকে যদি প্রমাণ বলিয়া গ্রহণ করা যায়, তাহা হইলে, শ্রুতি স্বপ্নাবস্থায় আত্মাকে যে, স্বয়ংজ্যোতিঃস্বরূপ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, এবং কামাদি ধর্ম্মগুলিকেও যে, কেবল চৈতন্যমাত্রাবলম্বী বলিয়া ব্যাখ্যা করিয়াছেন; সে কথারও ব্যাঘাত হইয়া পড়ে; কারণ, কামাদি যদি আত্মসমবেত—আত্মার স্বাভাবিক ধর্ম্ম হয়, তাহা হইলে, সেই কামাদিকে শুদ্ধ চৈতন্যমাত্রাবলম্বী বলিয়া নির্দ্দেশ করা যুক্তিসঙ্গত হইতে পারে না; চক্ষুরিন্দ্রিয়গত বিশেষ গুণ ইহার দৃষ্টান্ত। দৃশ্যমাত্রই দ্রষ্টা হইতে স্বতন্ত্র পদার্থ; এই যুক্তি দ্বারা স্বপ্নসময়ে দ্রষ্টার (আত্মার) স্বয়ংজ্যোতিঃস্বরূপত্ব সমর্থন করা হইয়াছে; আত্মাকে কামাদি ধর্ম্মের আশ্রয় বলিয়া স্বীকার করিলে শ্রুতির ঐ সমস্ত কথা বাধিত হইয়া পড়ে। ৯

সমস্ত শাস্ত্রার্থের সহিত বিরোধ সম্ভাবনাও এপক্ষে অপর যুক্তি—আত্মাকে পরমাত্মার একদেশ ও কামাদির আশ্রয় বলিয়া কল্পনা করিলে, অসঙ্গত্বাদি বোধক সমস্ত শাস্ত্রের অর্থ বাধিত হইবার সম্ভাবনা হয়; একথা আমরা ইতঃপূর্ব্বেই বিস্তৃতভাবে প্রতিপাদন করিয়াছি; এখন বিশেষ যত্নসহকারে আত্মার কামাদি-ধর্ম্ম-সম্বন্ধ প্রতিষেধ করা

(১) তাৎপর্য্য—মীমাংসকগণ বলিয়া থাকেন যে, 'নিরপেক্ষো রবঃ শ্রুতিঃ' অর্থাৎ শ্রুতিবাক্য নিজের প্রামাণ্য স্থাপনের জন্য অপর কোনও প্রমাণের অপেক্ষা করে না; সুতরাং উহা স্বতঃ প্রমাণ; আর যুক্তি যতই সুদৃঢ় হউক না কেন, অগ্রে তাহার পরীক্ষার আবশ্যক হয়—উহা সত্য কি না; সুতরাং কোন যুক্তিই স্বতঃ প্রমাণ নহে; কাজেই স্বতঃ প্রমাণ শ্রুতির বিরুদ্ধে উপস্থাপিত যুক্তি মাত্রই দুর্ব্বল; দুর্ব্বল ত কখনই প্রবলের বাধা ঘটাইতে পারে না। বিশেষতঃ ঐরূপ যুক্তির ভ্রম প্রদর্শনকরাও অসম্ভব নহে; সুতরাং উহা যুক্তি নহে—যুক্ত্যাভাস—দেখিতে যুক্তির মত, কিন্তু প্রকৃতপক্ষে উহা যুক্তি নহে।

আবশ্যক হইয়াছে; কারণ, তাহা না হইলে জীব যে, পরমাত্মার সহিত অভিন্ন, ইহা সিদ্ধ হয় না; অধিকন্তু আত্মাকে পরমাত্মার একদেশ ও কামাদি ধর্ম্মবিশিষ্ট বলিয়া কল্পনা করিলে, শাস্ত্রের অভিপ্রেত অর্থই বাধিত হইবার সম্ভব হয়। নৈয়ায়িক ও বৈশেষিকগণ যেমনও ইচ্ছা, যত্ন প্রভৃতি ধর্ম্মগুলিকে আত্মার ধর্ম্ম বলিয়া কল্পনা করায় উপনিষৎ শাস্ত্রের মুখ্যার্থের সহিত একমত হন না, তেমনি ভর্ত্তৃপ্রপঞ্চের এই কল্পনা ও উপনিষৎ শাস্ত্রের অভিপ্রেত অর্থের বাধা ঘটায় বলিয়া কখনই আদরণীয় হইতে পারে না। (১) ॥ ২৭৪ ॥ ২২

আভাসভাষ্যম্। স্ত্রীপুংসয়োরিবৈকত্বাৎ ন পশ্যতীত্যুক্তম্; স্বয়ংজ্যোতিরিতি চ। স্বয়ংজ্যোতিষ্ট্বং নাম চৈতন্যাত্মস্বভাবতা; যদি হি অগ্ন্যুষ্ণত্বাদিবৎ চৈতন্যাত্মস্বভাব আত্মা, স কথমেকত্বেঽপি হি স্বভাবং জহ্যাৎ — ন জানীয়াৎ? অথ ন জহাতি; কথমিহ সুষুপ্তে ন পশ্যতি? বিপ্রতিষিদ্ধমেতৎ— চৈতন্যম্ আত্মস্বভাবঃ, ন জানাতি চেতি। ন বিপ্রতিষিদ্ধম্, উভয়মপ্যেতদুপপদ্যত এব। কথম্?—

আভাষ্য ভাষ্যানুবাদ। পূর্ব্ব প্রকরণে কথিত হইয়াছে যে, সমালিঙ্গিত স্ত্রী-পুরুষের ন্যায় একত্ব ঘটে বলিয়াই, জীব কিছুমাত্র জানিতে পারে না, এবং সে সময় আত্মা স্বয়ংজ্যোতিঃস্বরূপে প্রকাশিত থাকে। স্বয়ংজ্যোতিষ্ট্ব অর্থ—চৈতন্যস্বভাবত্ব। এখন জিজ্ঞাস্য এই যে, চৈতন্যই যদি আত্মার স্বভাব হয়, তাহা হইলে, পরমাত্মার সহিত একত্ব হইলেই বা, সে নিজের—স্বভাব পরিত্যাগ করিবে কিরূপে? এবং সে সময়ে কিছু জানিতেই বা পারে না কেন? যদি নিশ্চয়ই স্বভাব ত্যাগ না করে, তাহা হইলে, সুষুপ্তি সময়ে দেখিতে পায় না কেন? অতএব চৈতন্য আত্মার স্বভাব অথচ সে সময়ে আত্মা কিছুই জানিতে পারে না, একথা যুক্তিবিরুদ্ধ। না—ইহা বিরুদ্ধ হয় না, এই উভয় কথাই উপপন্ন হয়; কিরূপে? [শ্রুতি তাহা বলিতেছেন—]

(১) তাৎপর্য্য—ন্যায় ও বৈশেষিকমতে জীবাত্মা ও পরমাত্মা সম্পূর্ণ পৃথক্; পরমাত্মারও কতকগুলি গুণ আছে, এবং জীবাত্মারও কতকগুলি গুণ আছে; তাহার নির্দ্দেশ এইরূপ—

"বুদ্ধ্যাদি ষট্কং সংখ্যাদি পঞ্চকং ভাবনা তথা। ধর্ম্মাধর্ম্মৌ গুণা এতে আত্মনঃ স্যুশ্চতুর্দ্দশ।"
অর্থাৎ বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, সংখ্যা, পরিমাণ, পার্থক্য, সংযোগ, বিভাগ, ভাবনা নামক সংস্কার, ধর্ম্ম ও অধর্ম্ম -এই চতুর্দ্দশটী গুণ আত্মার ধর্ম্ম।

যদ্বৈ তন্ন পশ্যতি পশ্যন্ বৈ তন্ন পশ্যতি, নহি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ। ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ পশ্যেৎ॥ ২৭৫॥ ২৩॥

সরলার্থঃ। তৎ (তত্র সুষুপ্তৌ) যৎ বৈ ন পশ্যতি (ন জানাতি) [আত্মা], [বস্তুতঃ] তৎ পশ্যন্ বৈ (এব—জানন্ এব) ন পশ্যতি; [কুতঃ?] অবিনাশিত্বাৎ (ধ্বংসরহিতত্বাৎ হেতোঃ); দ্রষ্টুঃ (পুরুষস্য) দৃষ্টেঃ (জ্ঞানস্য) বিপরিলোপঃ (সম্যক্ অভাবঃ) নহি (নৈব) বিদ্যতে (নিত্যস্য আত্মজ্যোতিষঃ কদাচদপি অভাবো ন ভবতীত্যাশয়ঃ)। [তর্হি কথং ন পশ্যতি, তত্রাহ—] তু (কিন্তু) তৎ (তদা সুষুপ্তৌ) ততঃ (সুষুপ্তাৎ পুরুষাৎ) বিভক্তং (পৃথ্যগ্ভূতং) অন্যৎ দ্বিতীয়ং ন অস্তি, যৎ পশ্যেৎ (জানীয়াৎ); [তদানীং দর্শনীয়-দ্বৈতাভাবাৎ ন পশ্যতীতি ভাবঃ]॥ ২৭৫॥২৩॥

মূলানুবাদ। সুষুপ্তি সময়ে জীব যে দর্শন করে না, [বুঝিতে হইবে,] দেখিয়াও দেখে না; দ্রষ্টার (জীবের) দৃষ্টি বা জ্ঞানস্বভাব অবিনাশী অর্থাৎ ধ্বংসরহিত; সুতরাং কখনও তাহার সম্পূর্ণ অভাব হয় না; পরন্তু, যাহা দর্শন করিবে, এরূপ অতিরিক্ত দ্বিতীয় কোন বস্তু থাকে না; [অতএব সে সময় দর্শন-ব্যবহার থাকে না বলিয়াই যে, তাহার চৈতন্যস্বভাব বিলুপ্ত হয়, তাহা মনে করিতে পারা যায় না]॥ ২৭৫॥২৩॥

শাঙ্কর-ভাষ্যম্। যদ্বৈ সুষুপ্তে তৎ ন পশ্যতি, পশ্যন্বৈ তৎ তত্র পশ্যন্নেব ন পশ্যতি, যৎ তত্র সুষুপ্তে ন পশ্যতীতি জানীষে, তন্ন তথা গৃহ্নীয়াঃ। কস্মাৎ? পশ্যন্ বৈ ভবতি তত্র।১

নম্বেবং ন পশ্যতীতি সুষুপ্তে জানীমঃ, যতো ন চক্ষুর্বা মনো বা দর্শনে করণং ব্যাপৃতমস্তি; ব্যাপৃতেষু হি দর্শনশ্রবণাদিষু পশ্যতীতি ব্যবহারো ভবতি, শৃণোতীতি বা। ন চ ব্যাপৃতানি করণানি পশ্যামঃ; তস্মান্ন পশ্যত্যেবায়ম্। ন হি; কিন্তর্হি? পশ্যন্নেব ভবতি; কথম্? নহি যস্মাৎ দ্রষ্টুর্দৃষ্টিকর্ত্তুর্যা দৃষ্টিঃ, তস্যা দৃষ্টের্বিপরিলোপঃ বিনাশঃ, সন বিদ্যতে; যথা অগ্নেরৌষ্ণ্যং যাবদগ্নিভাবি, তথা অয়ং আত্মা চ দ্রষ্টা অবিনাশী, অতঃ অবিনাশিত্বাদাত্মনো দৃষ্টিরপি অবিনাশিনী, যাবদ্দ্রষ্টৃভাবিনী হি সা।২

নন্বু বিপ্রতিবিদ্ধমিদমভিধীয়তে,—দ্রষ্টুঃ সা দৃষ্টির্ন বিপরিলুপ্যতে ইতি চ; দৃষ্টিশ্চ দ্রষ্ট্রা ক্রিয়তে; দৃষ্টিকর্ত্তৃত্বাদ্ধি দ্রষ্টেত্যুচ্যতে; ক্রিয়মাণা চ দ্রষ্ট্রা দৃষ্টির্ন বিপরিলুপ্যেত ইতি চ অশক্যং বক্তুম্। নন্বু ন বিপরিলুপ্যতে ইতি বচনাদবিনাশিনী স্যাৎ; ন, বচনস্য জ্ঞাপকত্বাৎ; ন হি ন্যায়প্রাপ্তো বিনাশঃ কৃতকস্য বচনশতেনাপি বারয়িতুং শক্যতে, বচনস্য যথাপ্রাপ্তার্থজ্ঞাপকত্বাৎ।৩

নৈব দোষঃ, আদিত্যাদিপ্রকাশকত্ববৎ দর্শনোপপত্তেঃ; যথা আদিত্যাদয়ো নিত্যপ্রকাশস্বভাবা এব সন্তঃ স্বাভাবিকেন নিত্যেনৈব প্রকাশেন প্রকাশয়ন্তি; ন হি অপ্রকাশাত্মানঃ সন্তঃ প্রকাশং কুর্ব্বন্তঃ প্রকাশয়ন্তীত্যুচ্যন্তে; কিং তর্হি? স্বভাবেনৈব নিত্যেন প্রকাশেন। তথায়মপি আত্মা অবিপরিলুপ্তস্বভাবয়া দৃষ্ট্যা নিত্যয়া দ্রষ্টেত্যুচতে। গৌণং তর্হি দ্রষ্টৃত্বম্? ন, এবমেব মুখ্যত্বোপপত্তেঃ; যদি হি অন্যথাপ্যাত্মনো দ্রষ্টৃত্বং দৃষ্টম্, তদাস্য দ্রষ্টৃত্বস্য গৌণত্বম্; ন তু আত্মনোঽন্যো দর্শনপ্রকারোঽস্তি; তদেবমেব মুখ্যং দ্রষ্টৃত্বমুপপদ্যতে, নান্যথা—যথা আদিত্যাদীনাং প্রকাশয়িতৃত্বং নিত্যেনৈব স্বাভাবিকেনাক্রিয়মাণেন প্রকাশেন, তদেব চ প্রকাশয়িতৃত্বং মুখ্যং, প্রকাশয়িতৃত্বান্তরানুপপত্তেঃ। তস্মান্ন দ্রষ্টুর্দৃষ্টির্বিপরিলুপ্যেত ইতি—ন বিপ্রতিষেধগন্ধোঽপ্যস্তি।৪

নন্বু অনিত্যক্রিয়াকর্ত্তৃবিষয় এব তৃচ্প্রত্যয়ান্তস্য শব্দস্য প্রয়োগে দৃষ্টঃ—যথা ছেত্তা ভেত্তা গন্তেতি, তথা দ্রষ্টেত্যত্রাপীতি চেৎ; ন, প্রকাশয়িতেতি দৃষ্টত্বাৎ। ভবতু প্রকাশকেষু অন্যথা অসম্ভবাৎ, ন ত্বাত্মনীতি চেৎ? ন, দৃষ্ট্যবিপরিলোপশ্রুতেঃ। পশ্যামি ন পশ্যামীত্যনুভবদর্শনাৎ নেতি চেৎ? ন, করণব্যাপারবিশেষাপেক্ষত্বাৎ; উদ্ধৃতচক্ষুষাঞ্চ স্বপ্নে আত্মদৃষ্টেরবিপরিলোপদর্শনাৎ; তস্মাদবিপরিলুপ্তস্বভাবৈবাত্মনো দৃষ্টিঃ; অতস্তয়া অবিপরিলুপ্তয়া দৃষ্ট্যা স্বয়ংজ্যোতিঃস্বভাবয়া পশ্যন্নেব ভবতি সুষুপ্তে।৫

কথং তর্হি ন পশ্যতীতি? উচ্যতে,—ন তু তদস্তি; কিংতৎ? দ্বিতীয়ং বিষয়ভূতম্; কিংবিশিষ্টম্? ততঃ দ্রষ্টুঃ অন্যৎ অন্যত্বেন বিভক্তং, যৎ পশ্যেৎ যদুপলভেত। যদ্ধি তদ্বিশেষদর্শনকারণমন্তঃকরণং চক্ষু রূপং চ, তদবিদ্যয়া অন্যত্বেন প্রত্যুপস্থাপিতমাসীৎ; তৎ এতস্মিন্ কালে একীভূতম্, আত্মনঃ পরেণ পরিষঙ্গাৎ; দ্রষ্টু হি পরিচ্ছিন্নস্য বিশেষদর্শনায় করণমন্যত্বেন ব্যবতিষ্ঠতে, অয়ন্তু স্বেন সর্ব্বাত্মনা সম্পরিষক্তঃ—স্বেন পরেণ প্রাজ্ঞেনাত্মনা প্রিয়য়েব পুরুষঃ; তেন ন

পৃথক্ত্বেন ব্যবস্থিতানি করণানি বিষয়াশ্চ। তদভাবাদ্বিশেষদর্শনং নাস্তি; করণাদিকৃতং হি তৎ, ন আত্মকৃতম্; আত্মকৃতমিব প্রত্যবভাসতে। তস্মাত্তৎকৃতেয়ং ভ্রান্তিঃ আত্মনো দৃষ্টিঃ পরিলুপ্যত ইতি॥ ২৭৫॥ ২৩॥

টীকা। যদ্বৈ তৎ ন পশ্যতীত্যাদেঃ সম্বন্ধং বক্তুং বৃত্তং কীর্ত্তয়তি—স্ত্রীপুংসয়োরিতি। চকারাদুক্তং স্বয়ং জ্যোতিষ্ট্বমিতি সম্বধ্যতে। কিমিদং স্বয়ংজ্যোতিষ্ট্বমিতি তদাহ—স্বয়ং জ্যোতিষ্ট্বং নামেতি। এবং বৃত্তমনূদ্যোত্তরবাক্যব্যাবর্ত্ত্যাং শঙ্কামাহ—যদীত্যাদিনা। স্বভাবত্যাগমেবাভিনয়তি—ন জানীয়াদিতি। তৎত্যাগাভাবে সুষুপ্তে বিশেষবিজ্ঞানরাহিত্যমযুক্তমিত্যাহ—অথেত্যাদিনা। আত্মা চিদ্রূপোঽপি সুষুপ্তে বিশেষং ন জানাতি চেৎ, কিং দুষ্যতীত্যাশঙ্ক্যাহ—বিপ্রতিষিদ্ধমিতি। পরিহরতি—নেতি। উভয়ং চৈতন্যস্বভাবত্বং বিশেষবিজ্ঞানরাহিত্যং চেত্যর্থঃ। উভয়স্বীকারে শঙ্কিতং বিপ্রতিষেধমাকাংক্ষাপূর্ব্বকং শ্রুত্যা নিরাকরোতি—কথমিত্যাদিনা। যদ্বৈ তদিত্যাদিবাক্যং চোদিতার্থানুবাদস্তৎপরিহারস্তু পশ্যন্ ইত্যাদিবাক্যমিতি বিভজতে—যৎ তত্রেতি। ১

ন হীত্যাদিবাক্যনিরস্যামাশঙ্কামাহ—ননুরিতি। চক্ষুরাদিব্যাপারাভাবেঽপি সুষুপ্তে দর্শনাদি কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ব্যাপৃতেম্বিতি। অস্তু তর্হি তত্রাপি করণব্যাপারঃ, নেত্যাহ—ন চেতি। অয়মিতি সুষুপ্তপুরুষোক্তিঃ। ন পশ্যত্যেবেতি নিয়মং নিষেধতি—ন হীতি। তত্র হেতুং বক্তুং প্রশ্নপূর্ব্বকং প্রতিজ্ঞাং প্রত্যেতি—কিং তর্হীতি। তত্রাকাঙ্ক্ষাপূর্ব্বকং হেতুবাক্যমুত্থাপ্য ব্যাচষ্টে কথমিত্যাদিনা। অবিনাশিত্বাদিত্যেতদ্ব্যাকুর্ব্বন্ দৃষ্টেবিনাশাভাবং স্পষ্টয়তি—যথেত্যাদিনা। ২

দ্রষ্টুর্দৃষ্টি ন নশ্যতীত্যত্র বিরোধং চোদয়তি—নন্বিতি। বিপ্রতিষেধমেব সাধয়তি—দৃষ্টিশ্চেতি। কার্য্যস্যাপি বচনাদবিনাশঃ স্যাদিতি শঙ্কতে—নন্বিতি। তত্রাকারকত্বান্নৈবমিতি পরিহরতি—ন বচনস্যেতি। তদেব স্ফুটয়তি—ন হীতি। যৎ কৃতকং তদনিত্যমিতি ব্যাপ্ত্যনুগৃহীতানুমানবিরোধান্ন বচো ন কার্য্যনিত্যত্ববোধকমিত্যর্থঃ। ৩

কূটস্থদৃষ্টিরেবাত্র দ্রষ্টৃশব্দার্থো ন দৃষ্টিকর্ত্তা, তৎ ন বিপ্রতিষেধোঽস্তীতি সিদ্ধান্তয়তি—নৈষ দোষ ইতি। আদিত্যাদিপ্রকাশকত্ববদিত্যুক্তং দৃষ্টান্তং ব্যাচষ্টে—তথেতি। দৃষ্টান্তেঽপি বিপ্রতিপন্নং প্রত্যাহ—ন হীতি। দর্শনোপপত্তেরিত্যুক্তং দার্ষ্টান্তিকং বিভজতে—তথেতি। আত্মনো নিত্যদৃষ্টিত্বে দোষমাশঙ্কতে—গৌণমিতি। গৌণস্য মুখ্যাপেক্ষত্বান্মুখ্যস্য চান্যস্য দ্রষ্টৃত্বস্যাভাবান্নৈবমিত্যুত্তরমাহ—নেত্যাদিনা। তামেবোপপত্তিমুপদর্শয়তি—যদি হীত্যাদিনা। অন্যথা কূটস্থদৃষ্টিমন্তরেণেতি যাবৎ। দর্শনপ্রকারস্যান্যত্বং ক্রিয়াত্বম্। তস্য নিষ্ক্রিয়ত্বশ্রুতিস্মৃতিবিরোধাদিতি শেষঃ। দ্রষ্টৃত্বাভ্যুপগমস্য ফলিতমাহ—তদেবমেবেতি। নিত্যদৃষ্টিত্বেনৈবেত্যর্থঃ। উক্তেঽর্থে দৃষ্টান্তমাহ—

যদ্বৈতদিত্যাদিনা। তথাত্মনোঽপি দ্রষ্টৃত্বং নিত্যেনৈব স্বাভাবিকেন চৈতন্যজ্যোতিষা সিধ্যতি, তদেব চ দ্রষ্টৃত্বং মুখ্যং দ্রষ্টৃত্বমন্যদৌপচারিকমিতি শেষঃ। আত্মনো নিত্যদৃষ্টিস্বভাবত্বে ফলিতমাহ—তস্মাদিতি। ৪

তৃজন্তং দ্রষ্টৃশব্দমাশ্রিত্য শঙ্কতে—নন্বিতি। অত্রাপ্যনিত্যক্রিয়াকর্তৃবিষয়স্তৃজন্তশব্দপ্রয়োগ ইতি শেষঃ। তৃজন্তশব্দপ্রয়োগস্যানিত্যক্রিয়াকর্তৃবিষয়ত্বং ব্যভিচারয়ন্নুত্তরমাহ—নেতি। বৈষম্যমাশঙ্কতে—ভবত্বিতি। আদিত্যাদিষু স্বাভাবিকপ্রকাশেন প্রকাশয়িতৃত্বমস্তু, কাদাচিৎকপ্রকাশেন প্রকাশয়িতৃত্বস্য তেষ্বসত্ত্বাৎ, ন ত্বাত্মনি নিত্যা দৃষ্টিরস্তি, তন্মানাভাবাৎ। তথা চ কাদাচিৎকদৃষ্ট্যৈব তস্য দ্রষ্টৃতেত্যর্থঃ। প্রতীচশ্চিদ্রূপত্বস্য শ্রৌতত্বাৎ কর্তৃত্বং বিনা প্রকাশয়িতৃত্বমবিশিষ্টমিত্যুত্তরমাহ—ন দৃষ্টীতি। কূটস্থদৃষ্টিরাত্মেত্যুক্তে প্রত্যক্ষবিরোধং শঙ্কতে—পশ্যামীতি। দ্বিবিধোঽনুভবস্তস্য কূটস্থদৃষ্টিত্বমনুগৃহ্নাতি চক্ষুরাদিব্যাপারাভাবাভাবাপেক্ষয়া পশ্যামি ন পশ্যামীতি দ্বিয়োরাত্মসাক্ষিকত্বাদিত্যুত্তরমাহ—ন করণেতি। আত্মদৃষ্টে নিত্যত্বে হেত্বন্তরমাহ—উক্তেতি। আত্মদৃষ্টের্নিত্যত্বমুপসংহরতি—তস্মাদিতি। তন্নিত্যত্বোক্তিফলমাহ—অত ইতি। ৫

বাক্যান্তরমাকাঙ্ক্ষাপূর্বকমুত্থাপ্য ব্যাচষ্টে—কথমিত্যাদিনা। দ্বিতীয়াদিপদানাং পৌনরুক্ত্যমাশঙ্ক্যার্থভেদং দর্শয়তি—যদ্ধীত্যাদিনা। সাভাসমন্তঃকরণং যৎ পশ্যেদিতি বিশেষদর্শনকারণং প্রমাতৃ, দ্বিতীয়ং তস্মাদন্যচ্চক্ষুরাদি প্রমাণং, রূপাদি চ প্রমেয়ং বিভক্তং, তৎ সর্বং জাগ্রৎস্বপ্নয়োরবিদ্যাপ্রতিপন্নং সুষুপ্তিকালে কারণমাত্রতাং গতমভিব্যক্তং নাস্তীত্যর্থঃ। সুষুপ্তে দ্বিতীয়ং প্রমাতৃরূপং নাস্তীত্যেতদুপপাদয়তি—আত্মন ইতি। প্রমাতৃরূপং পৃথঙ্নাস্তীতি শেষঃ। তথাপি করণব্যাপারকৃতং বিষয়দর্শনমাত্মনঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—দ্রষ্টুরিতি। সুষুপ্তস্যাপি পরিচ্ছিন্নত্বমাশঙ্ক্যাহ—অয়ং হীতি। তস্য পরেণৈকীভাবফলমাহ—তেনেতি। বিষয়েন্দ্রিয়াভাবকৃতং ফলমাহ—তদভাবাদিতি। কিমিতি বিষয়াদ্যভাবাদ্বিশেষদর্শনং নিষিধ্যতে, স্বয়মেব তস্যাত্মসত্তাধীনং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—করণাদীতি। স্বপ্নজাগরয়োঃ বিশেষদর্শনমাত্মকৃতং প্রতিভাতি, তস্য প্রধানত্বাদত আহ—আত্মকৃতমিবেতি। সর্বত্রাদেস্তাৎপর্যমুপসংহরতি—তস্মাদিতি। প্রমাতৃকরণবিষয়কৃতত্বাদ্বিশেষদৃষ্টেস্তেষাং চ সুষুপ্তাবভাবাৎ তৎকার্যায়া বিশেষদৃষ্টেরপি তত্রাভাবাদিতি যাবৎ। তৎকৃতা জাগরাদাবাত্মকৃতত্বেন ভ্রান্তিপ্রতিপন্নবিশেষদর্শনাভাবপ্রযুক্তেত্যর্থঃ। ২৭৫। ২৩।

ভাষ্যানুবাদ। পুরুষ সুষুপ্তি সময়ে যে, দেখে না; [বুঝিতে হইবে], সে সময়ে দেখিয়াই দেখে না। অভিপ্রায় এই যে, আত্মা সুষুপ্তি সময়ে যে, দেখে না বলিয়া মনে করিতেছ, তাহা সেরূপ বুঝিও না; কারণ? যেহেতু আত্মা সে সময়েও দ্রষ্টাই থাকে। ১

ভাল, যেহেতু সুষুপ্তি সময়ে দর্শনসাধন চক্ষুঃ কিংবা মনের কোনও

ব্যাপার থাকে না, সেই হেতুই আমরা বুঝিতেছি যে, সুষুপ্তিকালে নিশ্চয়ই দর্শন করে না; কেন না, চক্ষুঃ কর্ণাদি ইন্দ্রিয়নিচয় ব্যাপারশীল (কার্য্যকারী) হইলেই 'দর্শন করিতেছে বা শ্রবণ করিতেছে' এইরূপ ব্যবহার হইয়া থাকে; অথচ কোন ইন্দ্রিয়েরই সে সময়ে কোনরূপ ব্যাপার দেখিতে পাওয়া যায় না; অতএব এই সুষুপ্ত পুরুষ নিশ্চয়ই দর্শন করে না, বলিতে হইবে; না—তাহা নহে; তবে কি না, নিশ্চয়ই দর্শন করে। কিরূপে? যেহেতু দ্রষ্টার—দর্শন-কর্ত্তার যে দৃষ্টি, সেই দৃষ্টির বিপরিলোপ—বিনাশ কখনও সম্ভব হয় না। অগ্নির উষ্ণতা যেমন অগ্নির সমকালস্থায়ী, তেমনি এই আত্মার দ্রষ্টৃত্বও অবিনাশী; অতএব আত্মা অবিনাশী বলিয়াই তাহার দৃষ্টি বা প্রকাশশক্তিও অবিনাশিনী—তাহার সমকালস্থায়িনী।২

ভাল, ইহা ত বড়ই বিরুদ্ধ কথা হইতেছে যে, সেই দৃষ্টিটী দ্রষ্টার ধর্ম্ম, অথচ তাহার বিনাশ হয় না; একথা সঙ্গত হয় কিরূপে? দেখিতে পাওয়া যায়, দ্রষ্টা নিজেই তাহার দৃষ্টি সম্পাদন করিয়া থাকে; দৃষ্টির (জ্ঞানের) কর্ত্তা বলিয়াই তাহাকে দ্রষ্টা বলা হয়। দ্রষ্টা দৃষ্টি সমুৎপাদন করে, অথচ সেই উৎপন্ন দৃষ্টি কখনও বিলুপ্ত হয় না, একথা কিছুতেই বলিতে পারা যায় না। যদি মনে কর, 'বিলুপ্ত হয় না' বলাতেই সেই দৃষ্টির অবিনাশিত্ব সাধিত হইতেছে; না—সে কথাও বলিতে পার না; কেন না, বাক্য ত জ্ঞাপক মাত্র, অর্থাৎ যে বস্তু যে প্রকার, তাহা জানাইয়া দেওয়াই বাক্যের কার্য্য; কিন্তু কোন প্রকার গুণ সমুৎপাদনে তাহার সামর্থ্য নাই। উৎপন্ন বস্তুর যে, বিনাশ, তাহা যুক্তিসিদ্ধ; শতবচনেও তাহার অন্যথা করিতে পারা যায় না; কারণ, শুধু যথাযথ বস্তুমাত্র-জ্ঞাপনেই বাক্যের সামর্থ্য।৩

না, এ দোষ হয় না; আদিত্য প্রভৃতি প্রকাশমান পদার্থের যেরূপ প্রকাশকত্ব ব্যবহার হইয়া থাকে, তদনুসারে এখানেও আত্মার প্রকাশকত্ব ধর্ম্ম উপপন্ন হইতে পারে। অভিপ্রায় এই যে, আদিত্য প্রভৃতি প্রকাশমান পদার্থ সমূহ যেমন স্বভাবসিদ্ধ নিত্যপ্রকাশ-সম্পন্ন হইয়াও স্বীয় প্রকাশ দ্বারা অপরকে প্রকাশিত করিয়া থাকে; কিন্তু তাহারা যে, প্রথমে প্রকাশ-বিহীন থাকিয়া পরে প্রকাশ-শক্তি লাভ করত অপরকে প্রকাশিত করিয়া থাকে, একথা কেহই বলে না; পরন্তু স্বভাবসিদ্ধ স্বীয় প্রকাশ দ্বারাই তাহার প্রকাশকত্ব-ব্যবহার হইয়া

থাকে; (১) তেমনি স্বভাবতঃ বিনাশবিহীন নিত্য-সিদ্ধ স্বীয় দৃষ্টিশক্তি দ্বারাই আত্মার দ্রষ্টৃত্ব ব্যবহার হইয়া থাকে। ভাল, তাহা হইলে, তাহার দ্রষ্টৃত্ব বা দর্শনশক্তি ত গৌণ হইতে পারে? না, যেহেতু এইরূপেই দর্শনের মুখ্যার্থত্ব উপপন্ন হয়; কারণ, আত্মার যদি অন্যপ্রকার দর্শন কোথাও দৃষ্ট হইত, তাহা হইলেই এই দর্শনের গৌণত্ব সম্ভাবনা করা যাইত; কিন্তু আত্মার অন্যপ্রকার দর্শন ত কোথাও দেখিতে পাওয়া যায় না; অতএব উক্তপ্রকার দর্শনই আত্মার মুখ্য দর্শন; অন্যপ্রকার নহে;—যেমন স্বভাবসিদ্ধ নিত্য প্রকাশ দ্বারা আদিত্য প্রভৃতির প্রকাশকত্ব, এবং তাহাই যেমন তাহাদের প্রকাশকত্ব; কারণ, অন্যপ্রকার প্রকাশকত্ব তাহাদের সম্ভব হয় না; অতএব 'দ্রষ্টার দৃষ্টি বিলুপ্ত হয় না' এ কথায় বিরোধের গন্ধ মাত্রও নাই।৪

ভাল, যদি বল, অনিত্য ক্রিয়ার কর্তৃত্ব অর্থেই তৃচ্ প্রত্যয়ের প্রয়োগ দেখিতে পাওয়া যায়; যেমন—ছেত্তা (ছেদনের কর্তা), ভেত্তা (ভেদ ক্রিয়ার কর্তা), গন্তা (গমন ক্রিয়ার কর্তা) ইত্যাদি; তেমনি [তৃচ্-প্রত্যয়ান্ত] 'দ্রষ্টা' প্রয়োগেও অনিত্য দৃষ্টির কর্তৃত্ব অর্থ ই গ্রহণ করা উচিত? না—তাহা বলিতে পার না; কারণ, [স্বতঃসিদ্ধ প্রকাশসম্পন্ন আদিত্য প্রভৃতিতেও] 'প্রকাশয়িতা' (প্রকাশনের কর্তা) এইরূপ প্রয়োগ দেখিতে পাওয়া যায়। যদি বল, প্রকাশক পদার্থে ঐরূপ প্রয়োগ হয়, হউক; কারণ, সেখানে অন্যপ্রকার প্রয়োগের সম্ভব হয় না, কিন্তু আত্মাতে ত সেরূপ প্রয়োগ হইতে পারে না। না, সে কথাও বলা যায় না; যেহেতু শ্রুতিতে আত্মদৃষ্টির বিলোপাভাব শ্রুত হইতেছে। যদি বল, 'আমি দর্শন করিতেছি, ও দর্শন করিতেছি না,' ইত্যাদি অনুভব অনুসারে বলিতে হইবে যে, দৃষ্টির অবিনশ্বরত্ব

(১) তাৎপর্য্য—আপত্তি হইয়াছিল—দ্রষ্টা বলিলেই দৃষ্টির কর্তাকে—দৃষ্টির উৎপাদককে বুঝায়; দৃষ্ট সমুৎপাদনে যাহার কর্তৃত্ব নাই, তাহাকে কেহ কখনও দ্রষ্টা বলিতে পারে না। অতএব আত্মার দৃষ্টি যদি স্বতঃসিদ্ধ নিত্য হয়, তাহা হইলে তাহার উৎপাদন বা বিনাশ সম্ভব হয় না; উৎপাদন সম্ভব না হইলেই, আত্মাকে দৃষ্টির (বস্তু প্রকাশনের) কর্তাও বলিতে পারা যায় না। তদুত্তরে ভাষ্যকার বলিতেছেন যে, না—এ আপত্তি সমীচীন হইতেছে না: দেখ, সূর্য্য স্বভাবতই স্বপ্রকাশ; প্রকাশহীন সূর্য্য কেহ কখনও দেখে নাই; অথচ সকলেই সূর্য্যকে প্রকাশক—প্রকাশের কর্তা বলিয়া নির্দ্দেশ করিয়া থাকে। সেখানে যেমন প্রকাশ্য বস্তুর সংযোগে—প্রকাশকেও প্রকাশক বলা হয়, তেমনি এখানেও দৃষ্টিস্বরূপ আত্মাকে দ্রষ্টা বলা হয়। "যথা প্রকাশ্যসংযোগাৎ প্রকাশোঽপি প্রকাশকঃ।" (পঞ্চদশী)

কথাটী সত্য নহে ; না, তাহাও বলিতে পার না ; কারণ, দর্শনসাধন ইন্দ্রিয়ের ব্যাপারগত বৈলক্ষণ্যই ঐরূপ দর্শন ও অদর্শনের প্রযোজক ; যেহেতু, যাহাদের চক্ষু উৎপাটিত হইয়াছে, স্বপ্নসময়ে তাহাদেরও আত্মদৃষ্টির অবি-পরিলোপ বা বিদ্যমানতা দেখিতে পাওয়া যায়; অতএব স্বীকার করিতে হইবে যে, আত্মার দৃষ্টি বা জ্ঞানশক্তি স্বভাবতই অবিপরিলুপ্ত ; এইজন্য সুষুপ্তি সময়েও আত্মা সেই স্বয়ংজ্যোতিঃস্বভাব অলুপ্ত দৃষ্টি দ্বারা নিশ্চয়ই দর্শন করিতে থাকে।৫

তবে, সে সময়ে দর্শন করে না কেন ? হাঁ, তাহার কারণ বলিতেছি—সেখানে ত সেরূপ কোন বস্তু নাই ; সেরূপ বস্তু কি ? দ্বিতীয় বস্তু অর্থাৎ দৃষ্টির বিষয়ীভূত—যাহা দর্শন করিতে পারা যায় ; সেই বিষয়ীভূত বস্তুটী কিরূপ ? যাহা দ্রষ্টার অন্য, অর্থাৎ দ্রষ্টার অতিরিক্ত পৃথক্ বস্তু,—যাহা দর্শন করিবে বা দৃশ্য। বিশেষ বিশেষ দর্শনের কারণীভূত যে, অন্তঃকরণ, চক্ষু ও রূপ, পূর্ব্বে অবিদ্যাবশতঃ সে সমুদয় পৃথক্‌রূপে প্রত্যুপস্থাপিত ছিল ; এসময়ে (সুষুপ্তিকালে) সে সমুদয় একীভূত হইয়া গিয়াছে ; কারণ, আত্মা তখন পরমাত্মার সহিত সম্মিলিত হইয়াছে। দ্রষ্টা যখন পরিচ্ছিন্নের মত হয়, তখনই তাহার দর্শনের জন্য অন্তঃকরণ প্রভৃতি করণবর্গের পৃথক্‌ভাবে থাকা আবশ্যক হয়, এ সময়ে সেই দ্রষ্টা সর্ব্বতোভাবে স্বরূপের সহিত—সম্যক্‌রূপে আলিঙ্গিত—প্রিয়া পত্নীর সহিত পুরুষ যেমন আলিঙ্গিত হয়, তেমনি ভাবে স্বস্বরূপ প্রাজ্ঞ পর-মাত্মার সহিত সম্পূর্ণভাবে মিলিত হইয়াছে ; সেই কারণে তখন ইন্দ্রিয়সমূহ এবং দৃশ্য বিষয় সমূহও আর পৃথক্‌ভাবে বিদ্যমান নাই ; সেই ইন্দ্রিয় ও বিষয় না থাকায় তখন বিশেষ বিশেষ জ্ঞানও হয় না। যাহা কিছু বিশেষ জ্ঞান, চক্ষুঃপ্রভৃতি করণই তাহার কারণ ; আত্মা তাহার কারণ নহে ; কেবল অজ্ঞান- বশতঃ আত্মকৃত বলিয়া প্রতীতি হয় মাত্র ; অতএব, আত্মার দৃষ্টি বিলুপ্ত হয় বলিয়া যে, মনে হয়, তাহা কেবল অজ্ঞানজনিত ভ্রান্তিমাত্র, (উহা বাস্তবিক সত্য নহে) ॥ ২৭৫ ॥ ২৩ ॥

যদ্বৈ তন্ন জিঘ্রতি জিঘ্রন্ বৈ তন্ন জিঘ্রতি, ন হি ঘ্রাতুর্ঘ্রাতে-র্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ, ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽ-ন্যদ্বিভক্তং যজ্জিঘ্রেৎ ॥ ২৭৬ ॥ ২৪ ॥

সম্বলার্থঃ। তৎ (তদা) যৎ বৈ ন জিঘ্রতি (গন্ধং গৃহ্লাতি), [বস্তুতঃ] জিঘ্রন্ বৈ (এব) তৎ ন জিঘ্রতি; [যতঃ], ঘ্রাতুঃ (গন্ধগ্রহীতুঃ আত্মনঃ) ঘ্রাতেঃ (গন্ধগ্রহনস্য) বিপরিলোপঃ ন হি (নৈব) বিদ্যতে; [কুতঃ?] অবিনাশিত্বাৎ (বিনাশরহিতত্বাৎ); [তর্হি কুতঃ তস্য ঘ্রাতে-রুপলব্ধির্ন ভবতি? তদাহ-] ততঃ (ঘ্রাতুঃ) বিভক্তং (পৃথগ্‌ভূতং) অন্যৎ দ্বিতীয়ং তু (পুনঃ) তৎ (বস্তু) ন অস্তি, যৎ জিঘ্রেৎ; [বিষয়াভাবাদেব গ্রহণাভাবঃ প্রতীয়তে, ন তু স্বরূপাসত্তয়া ইতি ভাবঃ] ॥২৭৬॥২৪॥

মূলানুবাদ। পুরুষ সুষুপ্তি সময়ে যে, আঘ্রাণ করে না, প্রকৃত পক্ষে আঘ্রাণ করিয়াও তাহা করে না; কেন না, ঘ্রাণকর্ত্তা পুরুষের ঘ্রাণশক্তি কখনও বিলুপ্ত হয় না; কারণ, উহা অবিনাশী বা নিত্য। তখন পুরুষ হইতে পৃথগ্‌ভূত অন্য দ্বিতীয় কিছু থাকে না, যাহা আঘ্রাণ করিবে; [এই কারণে তখন ঘ্রাণ প্রতীতি হয় না] ॥২৭৬॥২৪॥

যদ্বৈ তন্ন রসয়তে, রসয়ন্ বৈ তন্ন রসয়তে, ন হি রসয়িতু রস-য়তের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ, ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্রসয়েৎ ॥ ২৭৭ ॥ ২৫ ॥

সম্বলার্থঃ। তৎ (তদা) যৎ বৈ ন রসয়তে (রসগ্রহণং ন করোতি); [বস্তুতস্তু] তৎ (তদা) রসয়ন্ বৈ ন রসয়তে; [যতঃ] রসয়িতুঃ (পুরুষস্য) রসয়তেঃ (রসগ্রহণস্য) বিপরিলোপঃ নহি বিদ্যতে; [কুতঃ?] অবিনাশিত্বাৎ; তৎ (তদা) ততঃ বিভক্তং অন্যৎ দ্বিতীয়ং নাস্তি, যৎ রসয়েৎ ॥২৭৭॥ ২৫॥

মূলানুবাদ। সে সময় পুরুষ যে, রস আস্বাদন করে না, [বুঝিতে হইবে], তখন আস্বাদন করিয়াও আস্বাদন করে না; কেন না, অবিনাশী বলিয়াই রসগ্রহীতা পুরুষের রসাস্বাদন কখনও বিলুপ্ত হয় না; কিন্তু সে সময়ে তাহার অতিরিক্ত দ্বিতীয় অন্য কোন বস্তু থাকে না, যাহা আস্বাদন করিবে; [এইজন্য তাহার গ্রহণ হয় না] ॥২৭৭॥২৫॥

যদ্বৈ তন্ন বদতি, বদন্ বৈ তন্ন বদতি ন হি বক্তুর্বক্তের্বিপরি-লোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ, ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বি-ভক্তং যদ্বদেৎ ॥ ২৭৮ ॥ ২৬ ॥

সরলার্থঃ। তৎ (তদা) যৎ বৈ ন বদতি, [বস্তুতঃ] বদন্ বৈ তৎ ন বদতি; [যতঃ], বক্তুঃ বক্তেঃ (বচনস্য) বিপরিলোপঃ ন হি বিদ্যতে; [কুতঃ?] অবিনাশিত্বাৎ। ততঃ (বক্তুঃ পুরুষাৎ) বিভক্তং দ্বিতীয়ং অন্যৎ ন অস্তি, যৎ বদেৎ (বাক্যেন প্রকাশয়েৎ)॥ ২৭৭॥ ৬॥

মূলানুবাদ। সুষুপ্তি সময়ে পুরুষ যে, কিছু বলে না; প্রকৃতপক্ষে, সে সময়ে বলিয়াও বলে না। অবিনাশী বলিয়াই বক্তা পুরুষের বচনশক্তি বিলুপ্ত হয় না; কিন্তু সে সময়ে তাহা হইতে বিভক্ত দ্বিতীয় অন্য কোন বস্তু থাকে না,—যাহা বলিতে পারে; [এই কারণে তখন বলে না] ॥২৭৮॥২৬॥

যদ্বৈ তন্ন শৃণোতি শৃণ্বন্ বৈ তন্ন শৃণোতি, ন হি শ্রোতুঃ শ্রুতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ, ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যচ্ছৃণুয়াৎ ॥ ২৭৯ ॥ ২৭ ॥

সরলার্থঃ। তৎ (তদা) যৎ ন শৃণোতি; [বস্তুতস্তু], তৎ শৃণ্বন্ বৈ ন শৃণোতি; [যতঃ] শ্রোতুঃ শ্রুতেঃ (শ্রবণস্য) বিপরিলোপঃ ন হি বিদ্যতে; [কুতঃ?] অবিনাশিত্বাৎ; তু (পুনঃ) তদা ততঃ বিভক্তং দ্বিতীয়ং অন্যৎ নাস্তি, যৎ শৃণুয়াৎ ॥ ২৭৯॥২॥

মূলানুবাদ। পুরুষ তখন যে, শ্রবণ করে না, প্রকৃতপক্ষে সে শ্রবণ করিয়াও শ্রবণ করে না; কারণ, তাহার শ্রবণশক্তি অবিনাশী। তখন তাহা হইতে বিভক্ত অপর দ্বিতীয় কোন বস্তু থাকে না, যাহা শ্রবণ করিতে পারে; [এইজন্য তখন শ্রবণ করে না] ॥২৭৯॥২৭॥

যদ্বৈ তন্ন মনুতে মন্বানো বৈ তন্ন মনুতে, ন হি মন্তুর্মতের্বি-

পরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ, ন তু তদ্‌দ্বিতীয়মস্তি ততোঽন্য-দ্বিভক্তং যন্মন্বীত ॥ ২৮০ ॥ ২৮ ॥

অন্বয়ার্থঃ। তৎ (তদা) যৎ বৈ ন মনুতে; মন্বানঃ বৈ তৎ ন মনুতে; [যতঃ] মন্তুঃ (মননকর্ত্তুঃ) মতেঃ (মননস্য) বিপরিলোপঃ ন হি বিদ্যতে; অবিনাশিত্বাৎ। তৎ (তদা) ততঃ বিভক্তং দ্বিতীয়ং অন্যৎ ন অস্তি, যৎ মন্বীত (মননং কুর্য্যাৎ) ॥২৮০॥২৮॥

মূলানুবাদ। সে সময় পুরুষ যে, মনন করে না; বাস্তবিকপক্ষে তখন সে মননশীল থাকিয়াই মনন করে না; কারণ, মননকারী পুরুষের মননশক্তি কখনও বিলুপ্ত হয় না; যেহেতু উহা অবিনাশী; কিন্তু সেখানে তাহার অতিরিক্ত অন্য কোনও দ্বিতীয় বস্তু থাকে না, যাহা মনন করিতে পারে; [এইজন্য তখন তাহার মনন প্রকাশ পায় না] ॥ ২৮০॥২৮॥

যদ্বৈ তন্ন স্পৃশতি স্পৃশন্ বৈ তন্ন স্পৃশতি, ন হি স্প্রষ্টুঃ স্পৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ, ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ স্পৃশেৎ ॥ ২৮১ ॥ ২৯ ॥

অন্বয়ার্থঃ। তৎ (তদা) যৎ বৈ ন স্পৃশতি, [বস্তুতঃ] স্পৃশন্ বৈ তৎ ন স্পৃশতি; [যতঃ], স্প্রষ্টুঃ (স্পর্শকারিণঃ পুরুষস্য) স্পৃষ্টেঃ বিপরিলোপঃ ন হি বিদ্যতে; [কুতঃ?] অবিনাশিত্বাৎ। তৎ (তদা) ততঃ বিভক্তং অন্যৎ দ্বিতীয়ং তু ন অস্তি, যৎ স্পৃশেৎ ॥২৮১॥২৯॥

মূলানুবাদ। সুষুপ্তি সময়ে পুরুষ যে, কিছু স্পর্শ করে না, বস্তুতঃ তখনও স্পর্শশক্তিসম্পন্ন থাকিয়াই স্পর্শ করে না; কারণ, স্পর্শকর্ত্তা পুরুষের স্পর্শশক্তি অবিনশ্বর; সুতরাং কখনও তাহার স্পর্শশক্তির বিলোপ সম্ভবপর হয় না; তবে সে সময়ে তাহার অতিরিক্ত দ্বিতীয় অপর কোন বস্তু থাকে না, যাহা স্পর্শ করিতে পারে; [কাজেই তখন স্পর্শব্যবহার হয় না] ॥২৮১॥২৯॥

যদ্বৈ তন্ন বিজানাতি বিজানন্ বৈ তন্ন বিজানাতি, ন হি

বিজ্ঞাতুর্বিজ্ঞাতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ, ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্বিজানীয়াৎ ॥ ২৮২ ॥ ৩০ ॥

অন্বয়ার্থঃ। তৎ (তদা) যৎ বৈ ন বিজানাতি, বিজানন্ বৈ তৎ ন বিজানাতি, [যতঃ], বিজ্ঞাতুঃ (পুরুষস্য) বিজ্ঞাতেঃ (জ্ঞানস্য) বিপরিলোপঃ ন হি বিদ্যতে ; [কুতঃ ?] অবিনাশিত্বাৎ ; তৎ (তত্র) তু (পুনঃ) ততঃ বিভক্তং অন্যৎ দ্বিতীয়ং ন অস্তি, যৎ বিজানীয়াৎ ; [বিজ্ঞেয়াভাবাৎ বিজ্ঞানাভাব ইত্যভিপ্রায়ঃ] ॥২৮২॥৩০॥

মূলানুবাদ। সে সময়ে পুরুষ যে, বিশেষ জ্ঞান লাভ করে না, অর্থাৎ জানে না, বাস্তবিকপক্ষে তখনও সে বিজ্ঞাতা থাকিয়াই জানে না ; কারণ, বিজ্ঞাতার বিশেষ জ্ঞানের কখনও বিলোপ হয় না ; যেহেতু উহা অবিনাশী। তবে কিনা, সে সময়ে, তাহার অতিরিক্ত দ্বিতীয় এমন কোনও বস্তু থাকে না, যাহা বিশেষরূপে জানিতে পারে ; [সুতরাং জ্ঞাতব্য বিষয়াভাবেই তাহার বিজ্ঞানাভাব মনে হয় মাত্র] ॥২৮১॥৩০॥

শাঙ্করভাষ্যম্।—সমানমন্যৎ—যদ্বৈ তন্ন জিঘ্রতি, যদ্বৈ তন্ন রসয়তে, যদ্বৈ তন্ন বদতি, যদ্বৈ তন্ন শৃণোতি, যদ্বৈ তন্ন মনুতে, যদ্বৈ তন্ন স্পৃশতি, যদ্বৈ তন্ন বিজানাতীতি। মননবিজ্ঞানয়োর্দৃষ্ট্যাদিসহকারিত্বেঽপি সতি চক্ষুরাদিনিরপেক্ষো ভূতভবিষ্যদ্বর্ত্তমানবিষয়ব্যাপারো বিদ্যত ইতি পৃথগ্ গ্রহণম্। ১

কিং পুনর্দৃষ্ট্যাদীনাম্ অগ্নেরৌষ্ণ্য-প্রকাশ-নজ্বলনাদিবৎ ধর্ম্মভেদঃ? আহোস্বিৎ অভিন্নস্যৈব ধর্ম্মস্য পরোপাধিনিমিত্তং ধর্ম্মান্তত্বমিতি। অত্র কেচিদ্ ব্যাচক্ষতে—আত্মবস্তুনঃ স্বত এবৈকত্বং নানাত্বং চ,—যথা গোঃ গোদ্রব্যতয়ৈকত্বং, সাস্নাদীনাং ধর্ম্মাণাং পরস্পরতো ভেদঃ ; যথা স্থূলেষু একত্বং নানাত্বং চ, তথা নিরবয়বেষ্বমূর্ত্তবস্তুষু একত্বং নানাত্বং চানুমেয়ম্ ; সর্ব্বত্রাব্যভিচারদর্শনাৎ আত্মনোঽপি তদ্বদেব দৃষ্ট্যাদীনাং পরস্পরং নানাত্বম্ আত্মনা চৈকত্বমিতি। ২

ন, অন্যপরত্বাৎ,—ন হি দৃষ্ট্যাদিধর্ম্মভেদপ্রদর্শনপরমিদং বাক্যং 'যদ্বৈ তৎ' ইত্যাদি ; কিং তর্হি, যদি চৈতন্যাত্মজ্যোতিঃ, কথং ন জানাতি সুষুপ্তে, নূনমতো

ন চৈতন্যাত্মজ্যোতিরিত্যেবমাশঙ্কাপ্রাপ্তৌ তন্নিরাকরণায়ৈতদারব্ধম্—'যদ্বৈ তৎ' ইত্যাদি। যদস্য জাগ্রৎস্বপ্নয়োশ্চক্ষুরাদ্যনেকোপাধিদ্বারা চৈতন্যাত্মজ্যোতিঃস্বাভাব্যমুপলক্ষিতং দৃষ্ট্যাদ্যভিধেয়ব্যবহারাপন্নম্, সুষুপ্তে উপাধিভেদব্যাপারনিবৃত্তৌ অনুদ্ভাস্যমানত্বাৎ অনুপলক্ষ্যমাণস্বভাবমপি উপাধিভেদেন ভিন্নমিব—যথাপ্রাপ্তানুবাদেনৈব বিদ্যমানত্বমুচ্যতে। তত্র দৃষ্ট্যাদিধর্ম্মভেদকল্পনা বিবক্ষিতার্থানভিজ্ঞতয়া; সৈন্ধবঘনবৎ প্রজ্ঞানৈকরসঘনশ্রুতিবিরোধাচ্চ; "বিজ্ঞানমানন্দং", "সত্যং জ্ঞানং" "প্রজ্ঞানং ব্রহ্ম" ইত্যাদিশ্রুতিভ্যশ্চ। শব্দপ্রবৃত্তেশ্চ—লৌকিকী চ শব্দপ্রবৃত্তিঃ—'চক্ষুষা রূপং বিজানাতি, শ্রোত্রেণ শব্দং বিজানাতি, রসনেনান্নস্য রসং বিজানাতি' ইতি চ সর্ব্বত্রৈব চ দৃষ্ট্যাদিশব্দাভিধেয়ানাং বিজ্ঞানশব্দবাচ্যতামেব দর্শয়তি; শব্দপ্রবৃত্তিশ্চ প্রমাণম্। ৩

দৃষ্টান্তোপপত্তেশ্চ—যথা হি লোকে স্বচ্ছস্বাভাব্যযুক্তঃ স্ফটিকঃ, তন্নিমিত্তমেব কেবলং হরিত-নীল-লোহিতাদ্যুপাধিভেদসংযোগাৎ তদাকারত্বং ভজতে, ন চ স্বচ্ছস্বাভাব্যব্যতিরেকেণ হরিতনীললোহিতাদিলক্ষণা ধর্ম্মভেদাঃ স্ফটিকস্য কল্পয়িতুং শক্যতে, তথা চক্ষুরাদ্যুপাধিভেদ-সংযোগাৎ প্রজ্ঞানঘনস্বভাবস্যৈবাত্মজ্যোতিষো দৃষ্ট্যাদিশক্তিভেদ উপলক্ষ্যতে, প্রজ্ঞানঘনস্য স্বচ্ছস্বাভাব্যাৎ স্ফটিকস্বচ্ছস্বাভাব্যবৎ। স্বয়ংজ্যোতিষ্ট্বাচ্চ—যথা চাদিত্যজ্যোতিঃ অবভাস্যভেদৈঃ সংযুজ্যমানং হরিতনীলপীতলোহিতাদিভেদৈরবিভাজ্যং তদাকারাভাসং ভবতি, তথা চ কৃৎস্নং জগৎ অবভাসয়ৎ চক্ষুরাদীনি চ তদাকারং ভবতি। তথা চোক্তম্—"আত্মনৈবায়ং জ্যোতিষাস্তে" ইত্যাদি। ৪

ন চ নিরবয়বেষ্বনেকাত্মতা শক্যতে কল্পয়িতুম্, দৃষ্টান্তাভাবাৎ। যদপি আকাশস্য সর্ব্বগতত্বাদিধর্ম্মভেদঃ পরিকল্প্যতে, পরমাণ্বাদীনাঞ্চ গন্ধরসাদ্যনেকগুণবত্ত্বম্, তদপি নিরূপ্যমাণং পরোপাধিনিমিত্তমেব ভবতি। আকাশস্য তাবৎ সর্ব্বগতত্বং নাম ন স্বতো ধর্ম্মোঽস্তি; সর্ব্বোপাধিসংশ্রয়াদ্ধি সর্ব্বত্র স্বেন রূপেণ সত্ত্বমপেক্ষ্য সর্ব্বগতত্বব্যবহারঃ; ন ত্বাকাশঃ ক্বচিদ্গতো বা, অগতো বা স্বতঃ; গমনং হি নাম দেশান্তরস্য দেশান্তরেণ সংযোগকারণম্। সা, চ ক্রিয়া নৈবাবিশেষে সম্ভবতি; এবং ধর্ম্মভেদা নৈব সন্ত্যাকাশে। ৫

তথা পরমাণ্বাদাবপি; পরমাণুর্নাম পৃথিব্যা গন্ধঘনায়াঃ পরমঃ সূক্ষ্মোঽবয়বো গন্ধাত্মক এক এব; ন তস্য পুনর্গন্ধবত্ত্বং নাম শক্যতে কল্পয়িতুম্। অথ তস্যৈব রসাদিমত্ত্বং স্যাদিতি চেৎ; ন, তত্রাপি অবাদিসংসর্গনিমিত্তত্বাৎ। তস্মান্ন নিরবয়বস্যানেকধর্ম্মবত্ত্বে দৃষ্টান্তোঽস্তি। এতেন দৃগাদিশক্তিভেদানাং

পৃথক্ চক্ষুরূপাদিভেদেন পরিণামভেদকল্পনা পরমাত্মনি প্রত্যুক্তা ॥২৭৬—২৮২॥
॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥

টীকা।। যদ্ বৈ তন্ন পশ্যতীত্যাদাবুক্তন্যায়মুত্তরবাক্যেষ্বতিদিশতি—অমানমন্যাদিতি। মনোবুদ্ধ্যোঃ সাধারণকরণত্বাৎ পৃথগ্ব্যাপারাভাবে কথং পৃথঙ্ নির্দ্দেশঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—মননেতি। ১

বাক্যানি ব্যাখ্যায় স্বসিদ্ধান্তস্ফুটীকরণার্থং বিচারয়তি—কিং পুনরিতি। ধর্ম্মভেদো ধর্ম্মাণাং সতাং মিথো ধর্ম্মিণশ্চ ভেদোঽস্তীতি যাবৎ। ধর্ম্মস্তু দৃষ্ট্যাদিপদার্থস্তেতার্থঃ। পরোপাধিনিমিত্তং চক্ষুরাদ্যুপাধিকৃতমিত্যেতৎ। ধর্ম্মান্তরং ধর্ম্মত্বং ধর্ম্মিণো মিথোঽন্তরং চেত্যর্থঃ। তর্ক্কপ্রপঞ্চমতেন পূর্ব্বপক্ষং গৃহ্ণাতি—অত্রেতি। গবাদীনাং সাবয়বত্বাদ্ রূপভেদসম্ভবাদেকেন রূপেণাভিন্নত্বং রূপান্তরেণ ভিন্নত্বমিত্যুভয়থাত্বেঽপি নিরবয়বেষাত্মাদিষু কথমনেকরসত্বসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ—যথা স্থূলেষ্বিতি। একরূপত্বে বস্তুনো দৃষ্টান্তাদৃষ্টেঃ নানারূপত্বে গবাদিদৃষ্টান্তদর্শনাৎ তদেবানুমেয়ম্। বিমতং ভিন্নাভিন্নং, বস্তুত্বাদ্, গবাদিবদিত্যর্থঃ। যদ্যপি গগনাদিষু ভিন্নাভিন্নত্বমনুমীয়তে, তথাপি কথমাত্মনি তদনুমানমিত্যাশঙ্ক্য বস্তুত্বস্য নানারূপত্বেনাব্যভিচারাদাত্মন্যপি যথোক্তমনুমানং নিরঙ্কুশপ্রসরমিত্যাহ—সর্ব্বত্রেতি। যথোক্তানুমানানুগ্রাহকত্বেন তদিত্যাদের্ভিন্নাভিন্নে বস্তুনি তাৎপর্য্যমিতি ভাবঃ। ২

তর্ক্কপ্রপঞ্চোক্তং বাক্যতাৎপর্য্যং নিরাকরোতি—নেত্যাদিনা। চৈতন্যাবিনাশে বাক্যতাৎপর্য্যং চেৎ কথং তর্হি দৃষ্ট্যাদিভেদবচনমিত্যাশঙ্ক্যাহ—যদস্তেতি। তদ্ধি সুষুপ্তাবস্থায়ামুপাধেরন্তঃকরণস্য চক্ষুরাদিভেদাধীনপরিণামব্যাপারনিবৃত্তৌ সত্যামুপাধিভেদস্যানুভাব্যমানত্বাৎ তেন ভিন্নমিবাত্মপলক্ষ্যমাণত্বাবং যদ্যপি, তথাপি চক্ষুর্দ্বারেণ জায়মানায়াং বুদ্ধিবৃত্তৌ ব্যক্তং চৈতন্যং দৃষ্টির্দ্ঘ্রাণদ্বারেণ জাতায়াং তস্যাং ব্যক্তং ঘ্রাতিরিত্যুপাধিভেদাৎ প্রাপ্তভেদানুবাদেন চৈতন্যস্যাবিনাশিত্বে বাক্যতাৎপর্য্যমিত্যর্থঃ। উক্তে বাক্যতাৎপর্য্যে স্থিতে ফলিতমাহ—তত্রেতি। ইতশ্চ দৃষ্ট্যাদিভেদকল্পনা ন শ্লিষ্টেত্যাহ—নৈকত্বেতি। তদেব স্পষ্টয়তি—বিজ্ঞানমিতি। ন দৃষ্ট্যাদিভেদকল্পনেতি শেষঃ। যথা ঘটাকাশো মহাকাশ ইত্যেকশব্দবিষয়ত্বাদুপাধিভেদেঽপ্যাকাশস্যৈকত্বমিষ্টং? তথৈকশব্দপ্রবৃত্তেঃ চৈতন্যেঽপি স্বীকর্ত্তব্যং, তৎ বুদ্ধৌ দৃষ্ট্যাদিভেদসিদ্ধিরিত্যাহ—শব্দপ্রবৃত্তেশ্চেতি। বিবৃণোতি—লৌকিকী চেতি। ৩

তু সিদ্ধান্তে দৃষ্টান্তো নাস্তীতি, তত্রাহ—দৃষ্টান্তস্তেতি। কিমেকরূপত্বে দৃষ্টান্তো নাস্তি, কিং বা মিথ্যাত্বে তস্য নানারূপত্বস্যেতি বক্তব্যম্। নাদ্যঃ। নানারূপত্বস্যাত্যৈকরূপত্বানবস্থাপরিহারার্থমনানারূপত্বাঙ্গীকারাদস্মাকং দৃষ্টান্তসিদ্ধের্ব্বস্তুত্বহেতোশ্চ তত্রৈবানৈকান্তিকত্বাৎ, তস্মাদেকরূপমেব বস্তু স্বীকর্ত্তব্যমিতি ভাবঃ। দ্বিতীয়ং দূষয়তি—যথা হীতি। তন্নিমিত্তমেবেত্যত্র তচ্ছব্দেন স্বচ্ছস্বাভাব্যং পরামৃশ্যতে। স্ফটিকে হরিতাদিধর্ম্মাণাং স্বাভাবিকত্বং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। তস্য হি স্বচ্ছতা,

তাবাং তবশেন হরিতাদ্যুপাধিভেদমবস্থ্যব্যতিরেকেণৈতি যাবং। একস্য নানারূপত্বং বিরোত্যত্র দৃষ্টান্তযুক্তা নাষ্ট্রান্তিকমাহ—তথেতি। আত্মা মিথ্যানানানির্ভাস উপহিতত্বাৎ স্ফটিকবদিত্যর্থঃ। কিঞ্চাত্মা মিথ্যানানাধোধারঃ স্বচ্ছত্বাৎ সংপ্রতিপন্নবদিত্যাহ—প্রজ্ঞানেতি। কিঞ্চাত্মা কল্পিতনানাত্বাধারো জ্যোতিষ্ট্বাদাদিত্যাদিজ্যোতির্বদিত্যাহ—স্বয়মিতি। আদিত্যাদাবকল্পিতোঽপি ভেদোঽস্তীত্যাশঙ্ক্য বিবক্ষিতে সাম্যমাহ—যথা চেত্যাদিনা। অবিভাগ্যং বস্তুতো বিভাগাযোগ্যমিতি যাবং। চক্ষুরাদীনি চাবভাসয়দিতি সম্বন্ধঃ। আত্মনঃ সর্ব্বাবভাসকত্বে বাক্যোপক্রমং প্রমাণয়তি। তথা চেতি।৪।

যৎ তু নিরবয়বেঽপি নানারূপত্বমনুমেয়মিতি, তত্রাহ—ন চেতি। আকাশাদীনাং দৃষ্টান্তত্বমাশঙ্ক্য নিরাচষ্টে—যদপীত্যাদিনা। কথমাকাশস্যানেকধর্ম্মবত্ত্বমৌপাধিকমিত্যাশঙ্ক্য তস্য সর্ব্বগতত্বং তাবদৌপাধিকমিতি সাধয়তি—আকাশস্যেতি। কথং তর্হি সর্ব্বগতত্বব্যবহারস্তত্রাহ—সর্ব্বোপাধীতি। নন্বাকাশস্য সর্ব্বত্র গমনমপেক্ষ্য সর্ব্বগতত্বং কিমিতি ব্যবহ্রিয়তে, তত্রাহ—ন হীতি। আকাশে গমনাযোগং বক্তুং তৎস্বরূপমাহ—গমনং হীতি। ননু কুতশ্চিদ্বিভাগে সংযোগে চ কেনচিদ্দেশেন তৎকারণীভূতা ক্রিয়াপি শ্যেনাদিবদাকাশে ভবিষ্যতি, নেত্যাহ—না চেতি। সাবয়বে হি শ্যেনাদৌ ক্রিয়া দৃশ্যতে, আকাশং ত্ববিশেষং নিরবয়বং, কুতস্তত্র ক্রিয়েত্যর্থঃ। তথাপি ধর্ম্মান্তরাণ্যাকাশে ভবিষ্যন্তীত্যাশঙ্ক্য ভেদাবপি ক্রিয়াপূর্ব্বিকাণামুক্তন্যায়কবলীকৃতত্বমাহ—এবমিতি। ভেদাভেদাভ্যাং দুর্ব্বচত্বাচ্চ তত্র ধর্ম্মধর্ম্মিভাবো ন সম্ভবতীতি ভাবঃ।৫

আকাশে দর্শিতন্যায়মন্যত্রাপি সঞ্চারয়তি—তথেতি। পার্থিবত্বং পরমাণোরেকং রূপং গন্ধবত্ত্বং চাপরমিত্যনেকরূপত্বমিত্যাশঙ্ক্যাহ—পরমাণুনামেতি। ন হি পার্থিবত্বব্যতিরেকি গন্ধবত্ত্বং প্রামাণিকমিতি ভাবঃ। বৈশেষিকপরিভাষামাশ্রিত্যাশঙ্কয়তি—অথেতি। পার্থিবে পরমাণৌ রসাদিমত্ত্বমনৌপাধিকং ন ভবতি, জলাদিসংসর্গকৃতত্বাৎ, তথা চ নিরুপাধিকভেদেনোদাহরণমিতি পরিহরতি—ন তত্রাপীতি। উক্তন্যায়স্য দিগাদাবপি সমত্বং মত্বোপসংহরতি—তস্মাদিতি। সন্তি পরস্মিন্নাত্মনি দৃগাদিশক্তিভেদাস্তেষাং মধ্যে দৃক্শক্তিশ্চক্ষুরাত্মনা রূপাত্মনা চ পৃথগেব পরিণমতে, ঘ্রাতিশক্তিশ্চ ঘ্রাণাত্মনা গন্ধাত্মনা চেত্যনেন ক্রমেণ পরস্মিন্ পরিণামকল্পনা তার্কিকপ্রপঞ্চৈর্বা কৃতা, সাপি পরস্যৈকরূপত্বোপপাদনেন নিরস্তেত্যাহ—এতেনেতি।২৭৩--২৮২।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০।

ভাষ্যানুবাদ। তখন যে, আঘ্রাণ করে না, তখন যে, রসাস্বাদন করে না; তখন যে, কথা বলে না; তখন যে, শ্রবণ করে না; তখন যে, মনন করে না; তখন যে, স্পর্শানুভব করে না; তখন যে, বিজ্ঞান লাভ করে না; ইত্যাদি বাক্যের অপরাপর অংশের ব্যাখ্যা পূর্ব্বশ্রুতির ব্যাখ্যার অনুরূপ। মনের কার্য্য মনন ও বুদ্ধির ধর্ম্ম বিজ্ঞান; যদিও এই উভয়ই চক্ষুরাদি ইন্দ্রিয়ের বৃত্তি-সাপেক্ষ হউক, তথাপি অতীত ও ভবিষ্যৎ বিষয়ে

চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়ের সাহায্য না লইয়াও উহারা কার্য্য করিতে পারে; এই কারণে ইহাদের পৃথক্ উল্লেখ করা হইয়াছে। ১

এখন জিজ্ঞাস্য হইতেছে এই যে, একই অগ্নির উষ্ণতা, প্রকাশ ও প্রজ্বলন প্রভৃতি ধর্ম্মগুলি যেরূপ স্বতই ভিন্ন ভিন্ন, পুরুষের উক্ত দর্শন শ্রবণপ্রভৃতিও কি সেইরূপই স্বভাবভিন্ন ধর্ম্ম? অথবা অপর কোনও উপাধির সহিত সম্বন্ধনিবন্ধন এইরূপ ধর্ম্মভেদ ঘটিয়া থাকে? এতদুত্তরে কেহ কেহ ব্যাখ্যা করিয়া থাকেন—আত্মার একত্ব ও নানাত্ব উভয়ই স্বভাবসিদ্ধ; যেমন গো-দ্রব্যরূপে সমস্ত গো এক, আবার সাস্নাগলকম্বলাদি ধর্ম্মগুলি সকলেই পরস্পর পৃথক্। স্থূল পদার্থে যেরূপ একত্ব ও নানাত্ব দুইই থাকে, সূক্ষ্ম নিরবয়ব বস্তুতেও তেমনি স্বভাবসিদ্ধ একত্ব ও নানাত্বের অনুমান করা যাইতে পারে; এ নিয়মের কোথাও ব্যভিচার দৃষ্ট হয় না বলিয়া, স্থূল সূক্ষ্ম পদার্থের ন্যায় আত্মার সম্বন্ধেও দর্শনাদি ধর্ম্মগুলি পরস্পর বিভিন্ন, এবং আত্মারূপে অভিন্ন, এইরূপ অনুমান করা যাইতে পারে। ২

না, এ কথা বলিতে পারা যায় না; কারণ, উক্ত বাক্যের তাৎপর্য্য অন্যরূপ; দৃষ্টি প্রভৃতি ধর্ম্মের প্রভেদ প্রদর্শনে যে, উক্ত "যদ্বৈ তৎ" ইত্যাদি বাক্যের তাৎপর্য্য, তাহা নহে; তবে কি না, আত্মা যদি চৈতন্যজ্যোতিঃস্বভাব হয়, তবে সুষুপ্তি সময়েও সে দর্শন করে না কেন? অতএব নিশ্চয়ই আত্মা চৈতন্যজ্যোতিঃস্বরূপ নহে; এইরূপ আশঙ্কা সম্ভাবনা করিয়া তন্নিরাসার্থ "যদ্বৈ তৎ" ইত্যাদি বাক্য আরব্ধ হইয়াছে। জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় আত্মার স্বভাবসিদ্ধ চৈতন্যজ্যোতিঃ চক্ষুঃপ্রভৃতি নানাবিধ উপাধির সহযোগে প্রতীতিগোচর হইয়া দর্শন-শ্রবণাদি ব্যবহার লাভ করিয়া থাকে; সুষুপ্তিসময়ে উক্ত চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়ের ব্যাপার বিরত হইয়া যায়; কাজেই তখন চৈতন্য-জ্যোতিঃ প্রকাশ পায় না; কিন্তু তদবস্থায় চৈতন্য স্বভাবটী প্রতিভাসমান না হইলেও, তাহা যে, বিদ্যমান থাকে, ইহাই এখানে প্রকাশ করিয়া বলা হই-য়াছে; সুতরাং এ কথাটী ঐ অংশে অনুবাদ মাত্র; অতএব, এখানে যে, দর্শনাদি ধর্ম্মের ভেদ কল্পনা করা, তাহা কেবল শ্রুতির অর্থ বুঝিতে না পারার ফল। বিশেষতঃ ঐরূপ ধর্ম্মভেদ কল্পনাটা 'ব্রহ্ম বিজ্ঞানও আনন্দ স্বরূপ' 'সত্য ও জ্ঞানস্বরূপ', 'ব্রহ্ম প্রজ্ঞান স্বরূপ', ইত্যাদি—শ্রুতিবিরুদ্ধ, এবং সৈন্ধবখণ্ডের ন্যায় ব্রহ্মের বিজ্ঞানৈকরসরূপত্ব প্রতিপাদক শ্রুতিবিরুদ্ধও বটে। প্রসিদ্ধ শব্দব্যবহারও এ পক্ষে অনুকূল,—'চক্ষু দ্বারা রূপ জানে',

'শ্রবণেন্দ্রিয় দ্বারা শব্দ জানে,' এবং 'রসনা দ্বারা রস অনুভব করে' ইত্যাদি লৌকিক শব্দব্যবহারও সর্ব্বত্রই দৃষ্টি প্রভৃতি শব্দবোধ্য অর্থ সমূহকে বিজ্ঞান শব্দবাচ্য বলিয়া প্রতিপাদন করিতেছে। ৩

এ পক্ষে দৃষ্টান্তও সুসঙ্গত হয়,—জগতে স্বভাবস্বচ্ছ স্ফটিক যেরূপ কেবল স্বচ্ছতা গুণেই শোভিত; অথচ নীল ও লোহিতাদি বিভিন্ন উপাধির সহিত সংযোগ বশতঃ সেই সেই বর্ণ ভজনা করে; প্রকৃত পক্ষে কিন্তু স্বভাবশুভ্র স্ফটিকের স্বাভাবিক স্বচ্ছতাভিন্ন যেরূপ হরিত, নীল লোহিতাদিরূপ ধর্ম্মভেদ কল্পনা করিতে পারা যায় না; সেইরূপ স্বভাবসিদ্ধ জ্ঞানঘন আত্মজ্যোতির সম্বন্ধেও চক্ষুঃ প্রভৃতি বিভিন্ন উপাধির সম্বন্ধ বশতই দর্শন শ্রবণাদি শক্তি-ভেদ লক্ষিত হইয়া থাকে মাত্র; কারণ, স্ফটিকের স্বাভাবিক স্বচ্ছতার ন্যায়, প্রজ্ঞানঘন আত্মারও স্বচ্ছতাই স্বভাব; [সুতরাং কখনও তাহার পরিবর্ত্তন সম্ভব হয় না]। আত্মার স্বয়ংজ্যোতিঃস্বভাবত্বও ইহার অপর কারণ; আদিত্য-জ্যোতি যেরূপ হরিত, পীত, নীল লোহিতাদি রূপভেদে অবিভাজ্য অর্থাৎ বিভাগ যোগ্য না হইয়াও, সম্বন্ধ বশতঃ যেন সেই সেই আকারে উপরঞ্জিত হয়; সেইরূপ আত্মজ্যোতিও সমস্ত জগৎ ও চক্ষুপ্রভৃতি জ্ঞানসাধনকে প্রকাশিত করিতে যাইয়া তাহাদের আকারে প্রকাশ পাইয়া থাকে; 'এই পুরুষ আত্মজ্যোতি দ্বারাই বিষয় প্রকাশ করতঃ বিদ্যমান আছে' এই শ্রুতিতেও ঐরূপ অভিপ্রায়ই উক্ত হইয়াছে। ৪

বিশেষতঃ নিরাকার পদার্থে কখনও অনেকবিধ আকার কল্পনা করিতে পারা যায় না; কারণ, ঐরূপ কোন দৃষ্টান্ত নাই। নিরবয়ব আকাশে যে, সর্ব্বগতত্ব প্রভৃতি ধর্ম্মের পরিকল্পনা করা হয়, এবং নিরংশ পরমাণু প্রভৃতির যে, গন্ধবত্বাদি বহুবিধগুণ কল্পনা করা হয়, বিচার করিলে বুঝিতে পারা যায় যে, অপরাপর উপাধির সহিত সম্বন্ধই তাহার প্রধান কারণ; কেন না, আকাশের সর্ব্বব্যাপিত্ব বলিয়া কোনও স্বাভাবিক ধর্ম্ম নাই, কিন্তু সর্ব্ব-প্রকার উপাধির সহিত সম্বন্ধ বশতঃ অর্থাৎ জগতের অপরাপরে বস্তুর সহিত তাহার সম্বন্ধ থাকায় সর্ব্বত্রই তাহার সত্তা বা অস্তিত্ব অনুভবগোচর হইয়া থাকে; এই কারণে তাহার সর্ব্বব্যাপিত্ব ব্যবহার হয় মাত্র; কিন্তু আকাশ স্বরূপতঃ কোথায় যায়ও না, কিম্বা কোথা হইতে আইসেও না। গমন হইতেছে এক-স্থানস্থ বস্তুর অপর স্থানে সম্বন্ধের প্রযোজক; সেই গমনরূপ ক্রিয়াটী নির্ব্বিশেষে অর্থাৎ যাহার পক্ষে কখনও স্বস্থান ত্যাগ বা স্থানান্তর

প্রাপ্তি সম্ভব হয় না, সেই আকাশে কখনও সম্ভব হয় না, এবং অপরাপর ধর্ম্মগত প্রভেদও তাহাতে থাকিতে পারে না। পরমাণু প্রভৃতির অবস্থাও এইরূপ; পরমাণু অর্থ—গন্ধময়ী পৃথিবীর পরম সূক্ষ্ম অবয়ব; তাহাও গন্ধাত্মকই বটে; সুতরাং গন্ধাত্মক পরমাণুর আবার গন্ধবত্তা (গন্ধযোগ) কখনই কল্পনা করা যাইতে পারে না। যদি বল যে, [গন্ধাত্মক পার্থিব পরমাণুর গন্ধবত্তা বরং না হয়, না হউক, কিন্তু] তাহাতে রসাদি ধর্ম্ম থাকিতে বাধা কি? না, সে কথাও বলিতে পার না; কারণ, তাহাতে যে, রসাদি গুণযোগ বা রসাদি ধর্ম্মসম্বন্ধ, জল প্রভৃতি অপর পদার্থের সম্বন্ধই তাহার কারণ; [উহা তাহার স্বাভাবিক নহে]। অতএব নিরবয়ব পদার্থের যে, অনেক প্রকার ধর্ম্মসম্বন্ধ আছে বা হইতে পারে, তদ্বিষয়ে কোনও দৃষ্টান্ত নাই। ইহা দ্বারা, পরমাত্মগত দর্শনাদি শক্তির যে, চক্ষু ও রূপাদিভেদে পৃথক্ পৃথক্ পরিণামভেদ কল্পনা, তাহাও নিরস্ত হইল (১)॥ ২৭৬—২৮২॥ ২৪—৩০॥

যত্র বান্যদিব স্যাৎ তত্রান্যোঽন্যৎ পশ্যেদন্যোঽন্যজ্জিঘ্রেদন্যোঽন্যদ্রসয়েদন্যোঽন্যদ্বদেদন্যোঽন্যচ্ছৃণুয়াদন্যোঽন্যন্মন্বীতান্যোঽন্যৎ স্পৃশেদন্যোঽন্যদ্বিজানীয়াৎ॥ ২৮৩॥ ৩১॥

সম্বন্ধার্থঃ। [ইদানীম্ আত্মনো বিশেষদর্শনে নিদানমাহ—'যত্র বৈ' ইত্যাদিনা।] যত্র (অবস্থায়াং জাগরণে স্বপ্নে চ) অন্যৎ ইব (আত্মনঃ পৃথগ্‌ভূতং বস্তন্তরম্ ইব) স্যাৎ (অবিদ্যয়া প্রত্যুপস্থাপিতং ভবেৎ); তত্র (স্বপ্ন-জাগরয়োঃ) অন্যঃ (বিষয়াৎ ভিন্নমিব আত্মানং মন্যমানঃ) অন্যৎ (বিষয়ং) পশ্যেৎ (উপলভেত); তথা, অন্যঃ অন্যৎ জিঘ্রেৎ; অন্যঃ অন্যৎ রসয়েৎ; অন্যঃ অন্যৎ বদেৎ; অন্যঃ অন্যৎ শৃণুয়াৎ; অন্য অন্যৎ মন্বীত, অন্যঃ অন্যৎ স্পৃশেৎ; অন্যঃ অন্যৎ বিজানীয়াৎ; [ব্যাখ্যা পূর্ব্ববৎ]॥২৮৩॥৩১॥

মূলানুবাদ। সর্ব্বাত্মভাবাপন্ন আত্মার বিশেষ দর্শন যে, কেন হয়, এখন তাহা বলা হইতেছে। যে সময় অর্থাৎ স্বপ্ন ও জাগরণাবস্থায় অন্যের মত হয়, অর্থাৎ অবিদ্যাবশতঃ আত্মীয়াতিরিক্ত অপর বস্তুই যেন উপস্থাপিত হয়, তখন অন্যে অন্য বিষয় দর্শন করে; অন্যে অন্য বিষয় আঘ্রাণ করে; অন্যে অন্য বিষয় আস্বাদন করে;

অন্যে অন্য বিষয় বলে; অন্যে অন্য বিষয় শ্রবণ করে; অন্যে অন্য বিষয় মনন করে; অন্যে অন্য বিষয় স্পর্শ করে; অন্যে অন্য বিষয় বিশেষ ভাবে জানে ॥ ২৮৩ ॥ ৩১ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—জাগ্রৎ-স্বপ্নয়োরিব যৎ বিজানীয়াৎ, তৎ দ্বিতীয়ং প্রবিভক্তম্ অন্যত্বেন নাস্তীত্যুক্তম্; অতঃ সুষুপ্তে ন বিজানাতি বিশেষম্। ননু যদি অন্যায়মেব স্বভাবঃ, কিংনিমিত্তমস্য বিশেষবিজ্ঞানং স্বভাবপরিত্যাগেন? অথ বিশেষবিজ্ঞানমেব স্বভাবঃ কস্মাদেষ বিশেষং ন বিজানাতীতি? উচ্যতে, শৃণু,—যত্র যস্মিন্ জাগরিতে স্বপ্নে বা অন্যদিবাত্মনো বস্ত্বন্তরমিব অবিদ্যয়া প্রত্যুপস্থাপিতং ভবতি, তত্র তস্মাদবিদ্যাপ্রত্যুপস্থাপিতাৎ অন্যঃ অন্যমিবাত্মানং মন্যমানঃ অসত্যাত্মনঃ প্রবিভক্তে বস্তন্তরে, অসতি চাত্মনি ততঃ প্রবিভক্তে, অন্যঃ অন্যৎ পশ্যেৎ উপলভেত। তচ্চ দর্শিতং স্বপ্নে প্রত্যক্ষতঃ —"ঘ্নন্তীব জিনন্তীব" ইতি। তথা অন্যোঽন্যৎ জিঘ্রেৎ রসয়েদ্বদেৎশৃণুয়াৎ, মন্বীত স্পৃশেদ্বিজানীয়াদিতি ॥ ২৮২ ॥ ৩১ ॥

টীকা। ঔপাধিকো বৃষ্ট্যাদিভেদো ন বাস্তবোঽস্তীত্যুপপাদ্য বৃত্তমনুবদতি—জাগ্রদিতি। যত্রেত্যুত্তরবাক্যব্যাবর্ত্যামাশঙ্কাং দর্শয়তি—নন্বিতি। কিমস্য বিশেষবিজ্ঞানরাহিত্যং স্বরূপং, কিং বা বিশেষবিজ্ঞানবত্ত্বম্। আদ্যে জাগ্রৎস্বপ্নয়োরনুপপত্তিঃ। দ্বিতীয়ে সুষুপ্তেরসিদ্ধিরিতি ভাবঃ। প্রতীচশ্চিন্মাত্রজ্যোতিষো বিশেষবিজ্ঞানরাহিত্যমেব স্বরূপং, তথাপি স্বাবিদ্যাকল্পিতবিশেষবিজ্ঞানবত্ত্বমাশ্রিত্যাবস্থাদ্বয়ং সিধ্যতীত্যুত্তরবাক্যবলখ্যোত্তরমাহ—উচ্যত ইত্যাদিনা। তচ্চেত্যাদিমূলং দর্শনমিত্যর্থঃ ॥২৮৩॥৩১॥

ভাষ্যানুবাদ। জাগ্রৎ ও স্বপ্নাবস্থার ন্যায় সুষুপ্তি অবস্থায়ও যাহা জানিতে পারা যায়, এমন আত্মব্যতিরিক্ত কোনও দ্বিতীয় বস্তু সুষুপ্তি সময়ে থাকে না; এই কারণেই সুষুপ্তি সময়ে পুরুষ কোনও বিষয় জানিতে পারে না; এ কথা ইতঃপূর্ব্বে উক্ত হইয়াছে।

এখন প্রশ্ন হইতেছে যে, ইহাই (বিশেষ বিজ্ঞানাভাবই) যদি ইহার স্বভাব হয়, তাহা হইলে, [জাগ্রৎ ও স্বপ্নে] বিশেষ জ্ঞান হয় কি কারণে? আর যদি বিশেষ বিজ্ঞানই ইহার স্বভাবসিদ্ধ হয়, তাহা হইলেই বা [সুষুপ্তি সময়ে] বিশেষ বিজ্ঞান থাকে না কেন? [যে কারণে এইরূপ হয়]; তাহা বলা হইতেছে; শ্রবণ কর, যে সময়ে—জাগরণে কিংবা স্বপ্নে যেন অন্যের মতই হয়, অর্থাৎ আত্মা হইতে স্বতন্ত্র বস্তুই যেন অবিদ্যা দ্বারা উপস্থাপিত হয়, সেই উভয় অবস্থায়,

পুরুষ অবিদ্যা-প্রত্যুপস্থাপিত বস্তু হইতে অন্য অর্থাৎ আত্মা হইতে বিভক্ত অন্য বস্তু না থাকিলেও আপনাকে অন্যের ন্যায় পৃথক্ বস্তু মনে করিয়া, এবং অবিদ্যা-প্রত্যুপস্থাপিত বিষয় হইতে আত্মা পৃথক্ না হইলেও, তখন অন্যে অন্য বস্তু দর্শন করে, উপলব্ধি করে; ইহা ইতঃপূর্ব্বে স্বপ্নাবস্থায় 'যেন হতই করে, যেন বশীভূতই করে' ইত্যাদি বাক্যেও প্রদর্শিত হইয়াছে। এইরূপ, অপরে অপরকে আঘ্রাণ করে, আস্বাদন করে, বলে, শ্রবণ করে, মনন করে, স্পর্শ করে, এবং অনুভব করে ॥২৮৩॥৩১॥

সলিল একো দ্রষ্টাদ্বৈতো ভবত্যেষ ব্রহ্মলোকঃ সম্রাড়িতি হৈনমনুশশাস যাজ্ঞবল্ক্যঃ এষাস্য পরমা গতিরেষাস্য পরমা সম্পদে-ষোঽস্য পরম আনন্দ এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপ-জীবন্তি ॥ ২৮৪ ॥ ৩২ ॥

সরলার্থঃ। তদানীম্ অবিদ্যায়াঃ প্রশান্তত্বেন আত্মনঃ সম্প্রসাদমুপ-সংহরন্ আহ—"সলিলঃ" ইত্যাদি। [অপি চ, তদানীং স পুরুষঃ] সলিলঃ (জলমিব স্বচ্ছঃ), একঃ (দ্বিতীয়রহিতঃ), দ্রষ্টা (আত্মজ্যোতিঃস্বভাবঃ) অদ্বৈতঃ (দ্রষ্টব্যাভাবাৎ দ্বৈতহীনঃ) ভবতি। হে সম্রাট্ (জনক), এষঃ (সম্প্রসাদঃ) ব্রহ্মলোকঃ (ব্রহ্মৈব লোকঃ—ব্রহ্মলোকঃ, সর্ব্বোপাধিপরি-ত্যাগাৎ স্বরূপমাপন্ন ইত্যর্থঃ); অস্য (আত্মনঃ) এষা পরমা গতিঃ (উত্তমা প্রাপ্তিঃ), অস্য এষা পরমা সম্পদ্ (উত্তমা বিভূতিঃ), অস্য এষঃ পরমঃ লোকঃ (সর্ব্বোত্তমং স্থানং), অস্য এষঃ পরমঃ (নিরতিশয়ঃ) আনন্দঃ; অন্যানি ভূতানি (অবিদ্যয়া পৃথক্ত্বেন স্থিতাঃ প্রাণিনঃ) এতস্য আনন্দস্য এব মাত্রাং

(১) ভর্ত্তৃপ্রপঞ্চ নামক একজন ব্যাখ্যাতা বলিয়াছিলেন—পরমাত্মাতে দর্শন শ্রবণাদিরূপ নানাবিধ ক্রিয়ার শক্তি সন্নিবিষ্ট আছে; সেই সমুদয় শক্তিই বিভিন্নাকার বস্তুরূপে পরিণত হইয়া থাকে। যেমনপরমাত্মার দৃক্শক্তি (দর্শনশক্তি) চক্ষুঃ ও চক্ষুগ্রাহ্য রূপাকারে পরিণত হইয়া থাকে; এবং ঘ্রাণশক্তি ঘ্রাণেন্দ্রিয়রূপে ও গন্ধরূপে পৃথগ্ভাবে পরিণত হইয়া থাকে; এইরূপ শ্রবণাদিরও পৃথক্ পৃথক্ পরিণাম কল্পিত হইয়া থাকে; কিন্তু আচার্য্য শঙ্কর সেরূপ পরিণামভেদ স্বীকার করেন না; তিনি দর্শনাদি ভাবগুলিকে পরমাত্মার স্বরূপ বলিয়াই স্বীকার করিয়াছেন, কেবল বাহ্য পদার্থের সম্বন্ধবশতঃ তাহার বিভেদ প্রতীতি হয় মাত্র; কিন্তু স্বরূপতঃ ধর্ম্ম বা গুণগত কোন প্রভেদ আত্মাতে নাই।

(কলাং অংশং) উপজীবন্তি (ভজন্তে), ইতি হ এনং (জনকং) যাজ্ঞবল্ক্যঃ অনুশশাস (উপদিষ্টবান্‌) ॥ ২৮৪ ॥ ৩২ ॥

মূলানুবাদ। পুনশ্চ সম্প্রসাদকালীন আত্মার স্বরূপ উপসংহার করিয়া বলিতেছেন—'সলিলঃ' ইত্যাদি। [সংপ্রসাদ সময়ে] পুরুষ জলের ন্যায় স্বচ্ছ (নির্ম্মল) হয়, এবং এক অদ্বিতীয় দ্রষ্টা স্বরূপে প্রকটিত হয়।

হে সম্রাট্‌ জনক, ইহাই আত্মার ব্রহ্মলোক অর্থাৎ ব্রহ্মরূপী আশ্রয়, ইহাই ইহার পরমা গতি (গন্তব্য স্থান), ইহাই ইহার পরম সম্পদ্‌, ইহাই ইহার সর্ব্বোত্তম লোক, এবং ইহাই ইহার সর্ব্বোত্তম আনন্দ। অবিদ্যাবশতঃ বিভিন্নাকারে প্রকটিত প্রাণিগণ এই পরমানন্দেরই অংশমাত্র উপভোগ করিয়া থাকে; যাজ্ঞবল্ক্য ঋষি সম্রাট্‌ জনককে এই প্রকার উপদেশ দিয়াছিলেন ॥২৮৪॥৩২॥

শাঙ্করভাষ্যম্‌। যত্র পুনঃ সা অবিদ্যা সুষুপ্তে বস্ত্বন্তরপ্রত্যুপস্থাপিকা শান্তা, তেনান্যত্বেনাবিদ্যাপ্রবিভক্তস্য বস্তুনোঽভাবাৎ তৎ কেন কং পশ্যেৎ জিঘ্রেৎ বিজানীয়াৎ বদেদ্বা; অতঃ স্বেনৈব হি প্রাজ্ঞেনাত্মনা স্বয়ংজ্যোতিঃস্বভাবেন সম্পরিষ্বক্তঃ সমন্তঃ সম্প্রসন্নঃ, আপ্তকামঃ, আত্মকামঃ, সলিলবৎ স্বচ্ছীভূতঃ—সলিল ইব সলিলঃ, একঃ, দ্বিতীয়স্যাভাবাৎ; অবিদ্যয়া হি দ্বিতীয়ঃ প্রবিভজ্যতে; সা চ শান্তা অত্র, অত একঃ; দ্রষ্টা দৃষ্টেরবিপরিলুপ্তত্বাৎ আত্মজ্যোতিঃস্বভাবায়াঃ; অদ্বৈতঃ দ্রষ্টব্যস্য দ্বিতীয়স্যাভাবাৎ। এতদমৃতম্‌ অভয়ম্‌; এষ ব্রহ্মলোকঃ, ব্রহ্মৈব লোকঃ ব্রহ্মলোকঃ; পর এবায়মস্মিন্‌ কালে ব্যাবৃত্তকার্য্যকরণোপাধিভেদঃ স্বে আত্মজ্যোতিষি—শান্তসর্ব্বসম্বন্ধো বর্ত্ততে, হে সম্রাট্‌, ইতি হ এবং হ, এনং জনকম্‌ অনুশশাস অনুশিষ্টবান্‌ যাজ্ঞবল্ক্যঃ—ইতি শ্রুতিবচনমেতৎ। ১

কথং বা অনুশশাস?—এষা অস্য বিজ্ঞানময়স্য পরমা গতিঃ, যাস্ত অন্যা দেহগ্রহণলক্ষণা ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তাঃ, অবিদ্যাকল্পিতাঃ তা গতয়ঃ অতোঽপরমাঃ, অবিদ্যাবিষয়ত্বাৎ; ইয়ন্তু দেবত্বাদিগতীনাং কর্ম্মবিদ্যাসাধ্যানাং পরমা উত্তমা—যঃ সমস্তাত্মভাবঃ, যত্র নান্যৎ পশ্যতি, নান্যৎ শৃণোতি, নান্যৎ বিজানাতীতি। এষৈব চ পরমা সম্পৎ—সর্ব্বাসাং সম্পদাং বিভূতীনাম্‌ ইয়ং

পরমা, স্বাভাবিকত্বাদস্যাঃ; কৃতকা হি অন্যাঃ সম্পদঃ। তথা এষোঽস্য পরমো লোকঃ; যে অন্যে কর্ম্মফলাশ্রয়া লোকাঃ, তে অস্মাৎ অপরমাঃ, অয়ন্তু ন কেনচন কর্ম্মণা মীয়তে, স্বাভাবিকত্বাৎ। এষোঽস্য পরমো লোকঃ। তথা এষোঽস্য পরম আনন্দঃ; যানি অন্যানি বিষয়েন্দ্রিয়সম্বন্ধ-জনিতানি আনন্দজাতানি, তান্যপেক্ষ্য এষোঽস্য পরম আনন্দঃ, নিত্যত্বাৎ; "যো বৈ ভূমা তৎ সুখম্" ইতি শ্রুত্যন্তরাৎ; যত্র অন্যৎ পশ্যতি অন্য-দ্বিজানাতি, তদল্পং মর্ত্ত্যমমুখ্যং সুখম্; ইদং তু তদ্বিপরীতম্; অতএব এষোঽস্য পরম আনন্দঃ। ২

এতস্যৈবানন্দস্য মাত্রাং কলাম্ অবিদ্যাপ্রত্যুপস্থাপিতাং বিষয়েন্দ্রিয়সম্বন্ধ-কাল-বিভাব্যাম্ অন্যানি ভূতানি উপজীবন্তি। কানি তানি? তত এবানন্দাৎ অবিদ্যয়া প্রবিভজ্যমানস্বরূপাণি, অন্যত্বেন তানি ব্রহ্মণঃ পরিকল্প্যমানানি অন্যানি সন্তি উপজীবন্তি ভূতানি, বিষয়েন্দ্রিয়সম্পর্কদ্বারেণ বিভাব্য-মানাম্ ॥ ২৮৪ ॥ ৩২ ॥

টীকা। পূর্ব্বোক্তবস্তূপসংহারার্থং সলিলবাক্যমুত্থাপয়তি—যত্রেত্যাদিনা। তেজোবিদ্যায়াঃ শাস্তত্বেনেতি যাবৎ। বস্তুনোঽভাবাৎ তত্রেতি শেষঃ। সুষুপ্তে বিশেষবিজ্ঞা-নাভাবপ্রযুক্তং ফলমাহ—অত্র ইতি। পূর্ব্বমেবাস্যার্থস্যোক্তত্বং দ্যোতয়িতুং হি-শব্দঃ। সংপরিষক্তফলং সমস্তসমপরিচ্ছিন্নত্বং, তৎফলং সম্প্রসন্নত্বম্। অসম্প্রসাদো হি পরিচ্ছেদাভি-মানকৃতঃ। সম্প্রসন্নত্বে হেতুস্তরমাহ—আপ্তকাম ইতি। তদেব সম্প্রসন্নত্বং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—সলিলবদিতি। উক্তেঽর্থে বাক্যাক্ষরাণি যোজয়তি—সলিল ইবেতি। দ্বিতীয়স্যাভাবং সুষুপ্তে ব্যক্তীকরোতি—অবিদ্যয়েতি। অদ্রষ্টা দ্রষ্টেতি বা ছেদঃ। একোঽদ্বৈত ইত্যভ্যাসত্বাৎপর্য্যালিঙ্গঃ, তস্য পরমপুরুষার্থত্বং দর্শয়ন্ কূটস্থত্বমাহ—এতদিতি। কিমিতি ষষ্ঠীসমাসমুপেক্ষ্য কর্ম্মধারয়ো গৃহ্যতে, তত্রাহ—পর এবেতি। অস্মিন্ কালে সুষুপ্ত্যবস্থায়ামিত্যেতৎ। ১

পরমত্বং সাধয়তি—যাস্ত্বিতি। প্রকৃতং সমস্তাত্মভাবং বিশেষবিজ্ঞানরাহিত্যেন বিশি-নষ্টি—যত্রেতি। সর্ব্বাত্মভাবাখ্যস্য লোকস্য পরমত্বমুপপাদয়তি—যেঽন্যে ইতি। মীয়তে পরিচ্ছিদ্যতে সাধ্যত ইতি যাবৎ। সৌষুপ্তস্য সর্ব্বাত্মভাবস্য পরমানন্দত্বং বিশদয়তি—যানীতি। আত্মনোঽনবচ্ছিন্নানন্দত্বে ছান্দোগ্যশ্রুতিং সংবাদয়তি—যো বৈ ভূমেতি। ২

নমু বৈষয়িকমেকং সুখমাত্মরূপং চাপরমিতি সুখভেদাঙ্গীকারাদপসিদ্ধান্তঃ স্যাদিত্যা-শঙ্ক্য মুখ্যামুখ্যভেদেন তদুপপত্তের্নৈবমিত্যাহ—যত্রেত্যাদিনা। কিঞ্চ বস্তুতো নাস্ত্যে-বাত্মসুখাতিরিক্তং বৈষয়িকং সুখমিত্যাহ—এতস্যেতি। ব্রহ্মাতিরিক্তচেতনাভাবে কাম্যুপ-জীবকানি স্যুরিত্যাশঙ্ক্য পরিহরতি—কানীত্যাদিনা। বিভাব্যমানামানন্দস্য মাত্রামিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ২৮৪। ৩২।

ভাষ্যানুবাদ। যে অবস্থায়—সুষুপ্তি সময়ে বস্তুভেদ-প্রদর্শিকা অবিদ্যা শান্ত—বিরত ব্যাপার হয় অর্থাৎ বস্তুভেদ উপস্থিত করে না; সে সময়ে অবিদ্যা-উপস্থাপিত বস্তুভেদ না থাকায়, কে কিসের দ্বারা কাহাকে দেখিবে, আঘ্রাণ করিবে, অথবা চিন্তা করিবে? অতএব সে সময়ে নিজের প্রকৃত স্বরূপ স্বয়ং-জ্যোতিঃস্বভাব প্রাজ্ঞ পরমাত্মার সহিত সম্মিলিত হইয়া এইরূপে প্রকটিত হয়,—ইন্দ্রিয়সম্বন্ধ ত্যাগ করতঃ সম্প্রসন্ন, আপ্তকাম, আত্মকাম, জলের ন্যায় স্বচ্ছস্বভাব হয়। এখানে 'সলিল' অর্থ—সলিলের মত; দ্বিতীয় বস্তু না থাকায় এক; কারণ, অবিদ্যাই দ্বিতীয় বস্তুবিষয়ক ভ্রম উৎপাদন করে; সুষুপ্তি সময়ে সেই অবিদ্যা নির্ব্যাপার হইয়া পড়ে; কাজেই তখন এক; দ্রষ্টা—আত্মজ্যোতিঃস্বরূপ দৃষ্টি কখনও বিলুপ্ত হয় না বলিয়াই দ্রষ্টা; এবং দর্শন-যোগ্য দ্বিতীয় কোনও পদার্থ থাকে না বলিয়াই তখন অদ্বৈতরূপে প্রকাশ পায়। ইহা অমৃত ও অভয়; ইহা ব্রহ্মলোক: ব্রহ্মলোক অর্থ—ব্রহ্মস্বরূপ লোক; এই সুষুপ্তি সময়ে পুরুষ দেহেন্দ্রিয়াদি উপাধিভেদ হইতে বিনির্ম্মুক্ত হইয়া এবং সর্ববিধ সম্বন্ধশূন্য হইয়া পরমাত্মস্বরূপ স্বীয় আত্মজ্যোতিরূপে অবস্থান করে; এইরূপে যাজ্ঞবল্ক্য ঋষি জনককে 'সম্রাট্' বলিয়া সম্বোধনপূর্ব্বক অনুশাসন বা উপদেশ দিয়াছিলেন। ১

কি প্রকার অনুশাসন করিয়াছিলেন? না, এই বিজ্ঞানময় জীবের ইহাই পরমা গতি; ব্রহ্মা হইতে তৃণপর্য্যন্ত শরীর-গ্রহণাত্মক অপর যে সমস্ত গতি, সে সমুদয় গতি অবিদ্যা-কল্পিত; সুতরাং পরম বা উৎকৃষ্ট নহে; কারণ, ঐ সমস্ত গতি অবিদ্যাধিকারে স্থিত; কিন্তু যাহা সর্ব্বাত্মভাবময়, যাহাতে অন্য বিষয়ে দর্শন শ্রবণ ও চিন্তা থাকে না, তাহা উপাসনা ও কর্ম্মলভ্য দেবতাদিরূপ গতি অপেক্ষা পরম উত্তম। ইহাই পরমা সম্পদ্, অর্থাৎ যতপ্রকার সম্পদ্ বা ঐশ্বর্য্য আছে, তন্মধ্যে ইহাই সর্ব্বোত্তম; কারণ, এই সম্পদ্ হইতেছে স্বাভাবিক, স্বতঃসিদ্ধ; অপর সমস্ত সম্পদ্ই কৃতক অর্থাৎ ক্রিয়াসাধ্য (অনিত্য)। এইরূপ, ইহাই আত্মার পরম লোক; অপর যে সমুদয় লোক (ভোগস্থান) কর্ম্মফলে লাভ করা যায়, সে সমুদয় লোক, এতদপেক্ষা অপরম বা নিকৃষ্ট; কিন্তু এই অবস্থাটী কোন কর্ম্ম দ্বারা পরিচ্ছিন্ন নহে; পরন্তু ইহা পুরুষের স্বাভাবিক; এই জন্য ইহা আত্মার পরম লোক। এইরূপ উক্ত অবস্থাই ইহার পরম আনন্দ; বিষয়েন্দ্রিয়-সম্বন্ধজনিত অপর যে সমস্ত অনিত্য আনন্দ, সে সমুদয়ের অপেক্ষা ইহাই আত্মার পরম আনন্দ; কারণ,

ইহা নিত্য; অপর শ্রুতিতে আছে—'যাহা ভূমা বা মহৎ, তাহাই সুখ'; পক্ষান্তরে, যেখানে অন্য বস্তু দৃষ্ট হয়, অন্য বস্তু বিজ্ঞাত হয়, তাহা অল্প—মর্ত্ত্য (ক্ষয়শীল) অমুখ্য সুখ; উক্ত সুখ তাহার বিপরীত; এই কারণেই ইহা আত্মার পরম আনন্দ। ২

উপরে যে আনন্দের কথা বলা হইল, এই আনন্দের কলা—মাত্রা অর্থাৎ অংশ—যাহা অবিদ্যা দ্বারা উপস্থাপিত হইয়া বিষয় ও ইন্দ্রিয়ের সম্বন্ধকালে অনুভবগোচর হইয়া থাকে, সেই আনন্দমাত্রাকে অপরাপর ভূতবর্গ ভোগ করিয়া থাকে; সেই সমুদয় ভূত কাহারা? না, যাহারা অবিদ্যা দ্বারা সেই আনন্দ হইতেই বিভক্ত বা পৃথক্ হইয়া রহিয়াছে; ব্রহ্ম হইতে স্বতন্ত্র-ভাবাপন্নবৎ সেই সমস্ত ভূত বিষয়েন্দ্রিয়-সম্পর্ক বশতঃ প্রকাশমান আনন্দের অংশ মাত্রা [ভোগ করিয়াথাকে] ॥ ২৮৪ ॥ ৩২ ॥

স যো মনুষ্যাণাꣳ রাদ্ধঃ সমৃদ্ধো ভবত্যন্যেষামধিপতিঃ সর্ব্বৈর্ম্মানুষ্যকৈর্ভোগৈঃ সম্পন্নতমঃ স মনুষ্যাণাং পরম আনন্দঃ, অথ যে শতং মনুষ্যাণামানন্দাঃ স একঃ পিতৄণাং জিতলোকানামানন্দঃ, অথ যে শতং পিতৄণাং জিতলোকানা-মানন্দাঃ স একো গন্ধর্ব্বলোক আনন্দঃ,অথ যে শতং গন্ধর্ব্বলোক আনন্দাঃ, স একঃ কর্ম্মদেবানামানন্দঃ, যে কর্ম্মণা দেবত্বমভিসম্প-দ্যন্তে; অথ যে শতং কর্ম্মদেবানামানন্দাঃ স এক আজানদেবানা-মানন্দঃ, যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতঃ। অথ যে শত-মাজানদেবানামানন্দাঃ স একঃ প্রজাপতিলোক আনন্দো যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতঃ, অথ যে শতং প্রজাপতিলোক আনন্দাঃ স একো ব্রহ্মলোক আনন্দো যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনো-ঽকামহতঃ, অথৈষ এব পরম আনন্দঃ, এষ ব্রহ্মলোকঃ সম্রা-ড়িতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ। সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীত্যত্র হ যাজ্ঞবল্ক্যো বিভয়াঞ্চকার; মেধাবী রাজা সর্ব্বেভ্যো মান্তেভ্য উদরৌৎসীদিতি ॥২৮৫॥৩৩॥

অন্বয়ার্থঃ। মনুষ্যাণাং মধ্যে সঃ যঃ (যঃ কশ্চিৎ) রাদ্ধঃ (সমগ্রাবয়ব সম্পন্নঃ) সমৃদ্ধঃ (ঐশ্বর্য্যবান্) অন্যেষা (সজাতীয়ানাম্) অধিপতিঃ (প্রভুঃ) সর্ব্বৈঃ মানুষ্যকৈঃ (মনুষ্যোচিতৈ ;) ভোগৈঃ (ভোগ্যপদার্থৈঃ) সম্পন্নতমঃ (অতিশয়েন সম্পন্নঃ) ভবতি, মনুষ্যাণাং সঃ পরম আনন্দঃ, অথ (অনন্তরং) মনুষ্যাণাং যে শতম্ আনন্দাঃ, সঃ জিতলোকানাং পিতৃণাম্ এক আনন্দঃ অথ জিতলোকানাং পিতৃণাং যে শতম্ আনন্দাঃ, স গন্ধর্ব্বলোকে এক আনন্দঃ ; অথ গন্ধর্ব্বলোকে যে শতম্ আনন্দাঃ, সঃ কর্ম্মদেবানাং—যে কর্ম্মণা (যজ্ঞাদিনা) দেবত্বম্ অভিসম্পদ্যন্তে, [তেষাম্] এক আনন্দঃ ; অথ কর্ম্মদেবানাং যে শতং আনন্দাঃ, স আজানদেবানাং যশ্চ অবৃজিনঃ (নিষ্পাপঃ) অকামহতঃ (নিষ্কামঃ) শ্রেবিত্রয়ঃ (বেদবিৎ), [তস্য চ] এক আনন্দঃ ; অথ আজানদেবানাং যে শতম্ আনন্দাঃ, সঃ প্রজাপতিলোকে একঃ আনন্দঃ ; যঃ চ অবৃজিনঃ, অকামহতঃ শ্রোত্রিয়ঃ, [তস্য চ একঃ আনন্দঃ]। অথ প্রজাপতিলোকে যে শতম্ আনন্দাঃ, সঃ ব্রহ্মলোকে এক আনন্দঃ, যঃ চ অবৃজিনঃ অকামহতঃ শ্রোত্রিয়ঃ, [তস্যচেতিপূর্ব্ববৎ]। অথ (অনন্তরং) যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—হে সম্রাট্, এষ এব পরমঃ আনন্দঃ, এষ ব্রহ্মলোকঃ— ইতি। [এতৎ শ্রুত্বা জনক আহ—] সঃ (ভবতা এবং প্রবোধিতঃ) অহং ভগবতে সহস্রং দদামি ; অত উর্দ্ধং (অতঃপরং) বিমোক্ষায় এব ব্রূহি—ইতি।

অত্র (পুনঃপ্রার্থনায়াম্) যাজ্ঞবল্ক্যঃ বিভয়াঞ্চকার (ভীতঃ বভূব)। [ভয়-কারণমাহ] মেধাবী (ধারণক্ষমবুদ্ধিসম্পন্নঃ) রাজা (জনকঃ) সর্ব্বেভ্যঃ অন্তেভ্যঃ (প্রশ্ন-নির্ণয়েভ্যঃ চরমতত্ত্বনির্ণয়ার্থং) মা (মাং) উদরৌৎসীৎ (উপরোধং কৃতবান্), [মদীয়ং সর্ব্বং বিজ্ঞানং জ্ঞাতুমিচ্ছতী'তি ভয়ং জাতং যাজ্ঞবল্ক্যস্যেতি ভাবঃ] ॥ ২৮৫ ॥ ৩৩ ॥

মূলানুবাদ। মনুষ্যগণের মধ্যে যে কোন ব্যক্তি সর্ব্ববায়ব-সম্পন্ন, সমৃদ্ধিশালী, সর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে এবং সর্ব্বপ্রকারে ভোগোপকরণসমন্বিত ও লোকাধিপতি হয় ; তাহার যে আনন্দ, তাহাই মনুষ্যগণের পক্ষে পরম আনন্দ ; মনুষ্যগণের যে একশত আনন্দ, তাহা আবার জিতলোক (শ্রাদ্ধাদি কর্ম্ম দ্বারা যাহারা পিতৃলোক লাভ করিয়াছেন, সেই) পিতৃগণের পক্ষে এক আনন্দ ; জিতলোক পিতৃগণের যে একশত আনন্দ, তাহা আবার গন্ধর্ব্ব-

লোকের পক্ষে একটী মাত্র আনন্দ; আবার সেই গন্ধর্ব্বলোকদিগের যে শত আনন্দ, তাহাই কর্ম্মদেবগণের (যাহারা শুভ কর্ম্ম দ্বারা দেবত্ব লাভ করিয়াছেন, তাঁহাদের) একটী আনন্দ; কর্ম্ম দেবগণের যে শত-গুণিত আনন্দ, তাহাই আবার আজান দেবগণের (যাহারা প্রথমেই দেবতা হইয়া জন্মিয়াছেন, তাহাদের) এবং নিষ্পাপ ও নিষ্কাম শ্রোত্রিয়ের (বেদজ্ঞের), নিকট একটীমাত্র আনন্দ; আবার আজান দেবগণের যাহা একশত আনন্দ, তাহাই প্রজাপতিলোকে একটীমাত্র আনন্দের তুল্য, এবং যাহারা নিষ্পাপ ও নিষ্কাম শ্রোত্রিয়, তাহাদের পক্ষেও সেইরূপ; প্রজাপতিলোকের যে শত আনন্দ, তাহা আবার ব্রহ্মলোকে এবং নিষ্পাপ ও নিষ্কাম শ্রোত্রিয়ের নিকট একটী মাত্র আনন্দের তুল্য। অতঃপর যাজ্ঞবল্ক্য বলিলেন হে— হে সম্রাট্, ইহাই পরম আনন্দ, ইহাই ব্রহ্মলোক। [অনন্তর জনকরাজ বলিলেন—] আমি মহাশয়কে সহস্র গো দানকরিতেছি; আপনি অতঃ-পর মোক্ষোপায়ই উপদেশ করুন। একথায় যাজ্ঞবল্ক্য ভীত হইয়া-ছিলেন; কারণ, মেধাবী রাজা আমাকে সমস্তের শেষ সিদ্ধান্ত বলিবার জন্য অনুরোধ করিয়াছেন। [রাজা আমার সমস্ত বিদ্যা জানিবার চেষ্টা করিতেছেন—এই মনে করিয়া তিনি ভীত হইয়াছিলেন; কিন্তু নিজের জ্ঞান-দুর্ব্বলতাবশতঃ নহে] ॥২৮১॥৩৩॥

শাঙ্কর-ভাষ্যম্। যস্য পরমানন্দস্য মাত্রা অবয়বাঃ ব্রহ্মাদিভি-র্মনুষ্যপর্য্যন্তৈর্ভূতৈরুপজীব্যন্তে, তদানন্দমাত্রাদ্বারেণ মাত্রিণং পরমানন্দ-মধিজিগময়িষন্নাহ,—সৈন্ধবলবণসকলৈরিব লবণশৈলম্। স যঃ কশ্চিৎ মনু-ষ্যাণাং মধ্যে রাদ্ধঃ—সংসিদ্ধোঽবিকলঃ সমগ্রাবয়ব ইত্যর্থঃ, সমৃদ্ধঃ উপ-ভোগোপকরণসম্পন্নঃ ভবতি; কিঞ্চ অন্যেষাং সমানজাতীয়ানাম্ অধিপতিঃ স্বতন্ত্রঃ পতিঃ, ন মাণ্ডলিকঃ; সর্ব্বৈঃ সমস্তৈঃ, মানুষ্যকৈরিতি দিব্যভোগোপ-করণনিবৃত্ত্যর্থম্—, মনুষ্যাণামেব যানি ভোগোপকরণানি, তৈঃ সম্পন্নানা-মপ্যতিশয়েন সম্পন্নঃ সম্পন্নতমঃ, স মনুষ্যাণাং পরম আনন্দঃ। ১

তত্র আনন্দানন্দিনোরভেদনির্দেশাৎ অর্থান্তরভূতত্বমিত্যেতৎ; পর-

মানন্দস্তৈবেয়ং বিষয়বিষয্যাকারেণ মাত্রা প্রসৃতেতি হি উক্তম্—'যত্র বা অন্যদিব স্যাৎ' ইত্যাদিবাক্যেন ; তস্মাৎ যুক্তোঽয়ং—'পরম আনন্দঃ,' ইত্যভেদনির্দ্দেশঃ। যুধিষ্ঠিরাদিতুল্যো রাজা অত্রোদাহরণম্। দৃষ্টম্ মনুষ্যানন্দম্ আদিং কৃত্বা শতগুণোত্তরোত্তরক্রমেণোন্নীয় পরমানন্দং—যত্র ভেদো নিবর্ত্ততে, তমবিগময়তি। অত্রায়মানন্দঃ শতগুণোত্তরোত্তরক্রমেণ বর্দ্ধমানঃ যত্র বৃদ্ধিকাষ্ঠামনুভবতি—যত্র গণিতভেদো নিবর্ত্ততে, অন্যদর্শন-শ্রবণ-মননাভাবাৎ ; তং পরমানন্দং বিবক্ষন্নাহ—অথ যে মনুষ্যাণাম্ এবম্প্রকারাঃ শতমানন্দভেদাঃ, স একঃ পিতৄণাম্ ; তেষাং বিশেষণং—জিতলোকানামিতি। শ্রাদ্ধাদিকর্ম্মভিঃ পিতৄন্ তোষয়িত্বা, তেন কর্ম্মণা জিতো লোকো যেষাম্, তে জিতলোকাঃ পিতরঃ, তেষাং পিতৄণাং জিতলোকানাং মনুষ্যানন্দশতগুণীকৃতপরিমাণ এক আনন্দো ভবতি, সোঽপি শতগুণীকৃতো গন্ধর্ব্বলোক এক আনন্দো ভবতি। ১

স চ শতগুণীকৃতঃ কর্ম্মদেবানাম্ এক আনন্দঃ ; অগ্নিহোত্রাদিশ্রৌতকর্ম্মণা যে দেবত্বং প্রাপ্নুবন্তি, তে কর্ম্মদেবাঃ। ২

তথৈব আজানদেবানাম্ এক আনন্দঃ ; আ জানত এব উৎপত্তিত এব যে দেবাঃ, তে আজানদেবাঃ ; যশ্চ শ্রোত্রিয়ঃ অধীতবেদঃ অবৃজিনঃ—বৃজিনং পাপং, তদ্রহিতঃ যথোক্তকারীত্যর্থঃ। অকামহতঃ বীততৃষ্ণঃ, আজানদেবেভ্যোঽর্ব্বাক্ যাবন্তো বিষয়াঃ, তেষু তস্য চ এবং ভূতস্যাজানদেবৈঃ সমান আনন্দ ইত্যেতদন্বাকৃষ্যতে চ-শব্দাৎ। তচ্ছতগুণীকৃতপরিমাণঃ প্রজাপতিলোকে এক আনন্দো বিরাট্‌শরীরে ; তথা তদ্বিজ্ঞানবান্ শ্রোত্রিয়ঃ অধীতবেদশ্চ অবৃজিন ইত্যাদি পূর্ব্ববৎ। তচ্ছতগুণীকৃতপরিমাণ এক আনন্দো ব্রহ্মলোকে হিরণ্যগর্ভাত্মনি ; যশ্চেত্যাদি পূর্ব্ববদেব। ৩

অতঃপরং গণিতনিবৃত্তিঃ ; এষ পরম আনন্দ ইত্যুক্তম্, যস্য চ পরমানন্দস্য ব্রহ্মলোকাদ্যানন্দা মাত্রাঃ—উদধেরিব বিপ্রুষঃ ; এবং শতগুণোত্তরোত্তরবৃদ্ধ্যুপেতা আনন্দাঃ যত্র একতাং যন্তি, যশ্চ শ্রোত্রিয়প্রত্যক্ষঃ অর্থঃ, এষ এব সম্প্রসাদলক্ষণঃ পরম আনন্দঃ ; তত্র হি নান্যৎ পশ্যতি, নান্যৎ শৃণোতি ; অতো ভূমা ; ভূমত্বাদমৃতঃ ; ইতরে তদ্বিপরীতাঃ আনন্দাঃ। অত্র চ শ্রোত্রিয়ত্বাবৃজিনত্বে তুল্যে ; অকামহতত্বকৃতো বিশেষ আনন্দশতগুণবৃদ্ধিহেতুঃ। ৪

অত্রৈতানি সাধনানি শ্রোত্রিয়ত্বাবৃজিনত্বাকামহতত্বানি, তস্য তস্যানন্দস্য প্রাপ্ত্যর্থাদভিহিতানি, যথা কর্ম্মাণি অগ্নিহোত্রাদীনি দেবানাং দেবত্বপ্রাপ্তৌ। ৫

তত্র চ শ্রোত্রিয়ত্বাবৃজিনত্বলক্ষণে কর্ম্মণী অধরভূমিষ্বপি সমানে, ইতি নোত্তরানন্দপ্রাপ্তিসাধনে অভ্যুপেয়েতে; অকামহতত্বং তু বৈরাগ্য-তারতম্যোপপত্তেরুত্তরোত্তরভূম্যানন্দপ্রাপ্তিসাধনমিত্যবগম্যতে। স এব পরম আনন্দঃ বিতৃষ্ণ-শ্রোত্রিয়প্রত্যক্ষোঽধিগতঃ। তথা চ বেদব্যাসঃ,—

"যচ্চ কামসুখং লোকে যচ্চ দিব্যং মহৎ সুখম্।
তৃষ্ণাক্ষয়সুখস্যৈতে নার্হতঃ ষোড়শীং কলাম্॥" ইতি।

এষ ব্রহ্মলোকঃ, হে সম্রাড়িতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ। সোঽহমেবম্ অনুশিষ্টঃ ভগবতে তুভ্যং সহস্রং দদামি গবাম্; অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীতি ব্যাখ্যাতমেতৎ। ৫

অত্র হ বিমোক্ষায়েত্যস্মিন্ বাক্যে যাজ্ঞবল্ক্যঃ বিভয়াঞ্চকার ভীতবান্। যাজ্ঞবল্ক্যস্য ভয়কারণমাহ শ্রুতিঃ—ন যাজ্ঞবল্ক্যো বক্তৃত্বসামর্থ্যাভাবাদ্ভীতবান্, অজ্ঞানাদ্বা; কিন্তর্হি? মেধাবী রাজা সর্ব্বেভ্যো মা মাম্ অন্তেভ্যঃ প্রশ্ননির্ণয়াবসানেভ্য উদরৌৎসীৎ আবৃণোৎ অবরোধং কৃতবানিত্যর্থঃ; যদ্যৎ ময়া নির্ণীতং প্রশ্নরূপং বিমোক্ষার্থম্, তত্তৎ একদেশত্বেনৈব কামপ্রশ্নস্য গৃহীত্বা পুনঃ পুনর্মাং পর্য্যনুযুঙ্‌ক্ত এব, মেধাবিত্বাৎ ইত্যেতদ্ভয়কারণম্,—সর্ব্বং মদীয়ং বিজ্ঞানং কামপ্রশ্নব্যাজেনোপাদিৎসতীতি ॥২৮৫॥৩৩॥

টীকা। স যো মনুষ্যাণামিত্যাদিবাক্যতাৎপর্য্যমাহ-যথেত্যাদিনা। যথা সৈন্ধবাবয়বৈঃ সৈন্ধবাচলং লোকো বোধয়তি, তথা তস্যানন্দস্য মাত্রা নামাবয়বাস্তৎপ্রদর্শনদ্বারেণাবয়বিনং পরমানন্দমধিগময়িতুমিচ্ছয়নন্তরো গ্রন্থঃ প্রবৃত্ত ইত্যর্থঃ। তাৎপর্য্যমুক্তাক্ষরাণি ব্যাচষ্টে—স যঃ কশ্চিদিত্যাদিনা। রাদ্ধত্বমবিকলত্বং চেৎ সমৃদ্ধত্বেন পুনরুক্তিরিত্যাশঙ্ক্যাহ—সমগ্রেতি। তদেব সমৃদ্ধত্বমপীত্যাশঙ্ক্য ব্যাকরোতি—উপভোগেতি। অন্তর্ব্বহিঃসম্পত্তিভেদাদপুনরুক্তিরিতি ভাবঃ। ন কেবলমুক্তমেব তস্য বিশেষণং, কিন্তু বিশেষণান্তরং চাস্তীত্যাহ—কিঞ্চেতি। বিশেষণ-তাৎপর্য্যমাহ—দিব্যেতি। তদনিবর্ত্তনে তস্য বক্ষ্যমাণগন্ধর্ব্বাদিষ্বন্তর্ভাবঃ স্যাদিতি ভাবঃ। অতিশয়েন সম্পন্ন ইতি শেষঃ। ১

অভেদনির্দ্দেশস্যাভিপ্রায়মাহ—তত্রেতি। প্রকৃতং বাক্যং সপ্তম্যর্থঃ। আত্মনঃ সকাশাদানন্দস্যেতি শেষঃ। ঔপচারিকত্বমভেদনির্দ্দেশস্য ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ—পরমানন্দস্যেতি। তস্যৈব বিষয়ত্বং বিষয়িত্বমিতি স্থিতে ফলিতমাহ—তস্মাদিতি। যথোক্তো মনুষ্যো ন দৃষ্টিপথমবতরতীত্যাশঙ্ক্যাহ—যুধিষ্ঠিরাদীতি। অথ যে শতং মনুষ্যাণামিত্যাদেস্তাৎপর্য্যমাহ—দৃষ্টমিতি। শতগুণেনোত্তরোত্তরমানন্দস্যোৎকর্ষপ্রদর্শনক্রমেণ পরমানন্দভূমীর তমধিগময়িতুমনেন গ্রন্থেনেতি সম্বন্ধঃ। পরমানন্দমেব বিশিনষ্টি—যত্রেতি।

তেনঃ সংখ্যারাহহারঃ। উক্তমেব প্রপঞ্চয়তি—যত্রেত্যাদিনা। পরমানন্দে বিবৃদ্ধিকাষ্ঠায়াং হেতুমাহ—অন্যেতি। যদ্যপি যন্তেত্যাদিনোক্তমেতৎ, তথাপীহাক্ষরব্যাখ্যানাবসরে তদেব বিবৃতমিত্যবিরোধঃ। তত্তদানন্দপ্রদর্শনার্থত্বাৎ তত্র তত্রাথশব্দার্থঃ, তৎতদ্বাক্যোপক্রমো বা। এবংপ্রকারত্বং সমৃদ্ধত্বাদি। পিতৄণামানন্দ ইতি সম্বন্ধঃ। শ্রাদ্ধাদিকর্ম্মভিরিত্যাদিশব্দেন পিণ্ডপিতৃযজ্ঞাদি গৃহ্যতে। ২

কে তে কর্ম্মদেবা নাম, তত্রাহ—অগ্নিহোত্রাদীতি যথা গন্ধর্ব্বানন্দঃ শতগুণীকৃতঃ সন্নাজানদেবানামেক আনন্দো ভবতীত্যাহ—তথৈবেতি। কুত্র বীতস্পৃহত্বং, তত্রাহ—আজানদেবেভ্য ইতি। শ্রোত্রিয়াদিবাক্যস্য প্রকৃতাসঙ্গতিমাশঙ্ক্যাহ - তস্য চেতি। এবংভূতস্য বিশেষণত্রয়বিশিষ্টস্যেতি যাবৎ। প্রজাপতিলোকশব্দস্য ব্রহ্মলোকশব্দাদর্থভেদমাহ—বিরাড়িতি। যথা বিরাড়াত্মজ্ঞানদেবানন্দঃ শতগুণীকৃতঃ সন্নেক আনন্দো ভবতি, তথা বিরাড়াত্মোপাসিতা শ্রোত্রিয়ত্বাদিবিশেষণো বিরাজা তুল্যানন্দঃ স্যাদিত্যাহ—তথেতি। তচ্ছতগুণীকৃতেতি তচ্ছব্দো বিরাড়ানন্দবিষয়ঃ। শ্রোত্রিয়ত্বাদিবিশেষণবানপি হিরণ্যগর্ভোপাসকস্তেন তুল্যানন্দো ভবতীত্যাহ—যশ্চেতি। ৩

হিরণ্যগর্ভানন্দাদুপরিষ্টাদপি ব্রহ্মানন্দে গণিতভেদে প্রাকরণিকে প্রাপ্তে, প্রত্যাহ—অতঃ পরমিতি। এষোঽস্য পরম আনন্দ ইত্যুপক্রম্য কিমিত্যানন্দান্তরমুপদর্শিতমিত্যাশঙ্ক্যাহ—এষ ইতি। তথাপি সৌষুপ্তং সর্ব্বাত্মত্বমুপেক্ষিতমিতি চেন্নেত্যাহ—যস্য চেতি। প্রকৃতস্য ব্রহ্মানন্দস্যাপরিচ্ছিন্নত্বমাহ—তত্র হীতি। অনবচ্ছিন্নত্বকালমাহ -ভূমন্যাদিতি। ব্রহ্মানন্দাদিতরে পরিচ্ছিন্না মর্য্যাশ্চেত্যাহ—ইতর ইতি। অথ যদাল্পং পশ্যতীত্যাদি শ্রুতেরিতি ভাবঃ। শ্রোত্রিয়াদিপদানি ব্যাখ্যায় তাৎপর্য্যং দর্শয়তি—শ্রীত্র চেতি। মধ্যো বিশেষণেষু ত্রিষ্বিতি যাবৎ। তুল্যো সর্ব্বপর্য্যায়েষ্বিতি শেষঃ। বিশেষণান্তরে বিশেষমাহ—অকামহতত্বেতি। ৪

যথোক্তং বিভাগমুপপাদয়িতুং সিদ্ধমর্থমাহ—অত্রেত্যানীতি। যশ্চেত্যাদিবাক্যং সপ্তম্যর্থঃ। তস্য তস্যানন্দস্যেতি দৈবপ্রাজাপত্যাদিনির্দ্দেশঃ। অর্থাদভিহিতত্বে দৃষ্টান্তমাহ—যথেতি। যে কর্ম্মণা দেবত্বমিত্যাদিশ্রুতিসামর্থ্যাদ্দেবানন্দাপ্তৌ যথা কর্ম্মাণি সাধনান্যুক্তানি, তথা যশ্চেত্যাদিশ্রুতিসামর্থ্যাদেতান্যপি শ্রোত্রিয়ত্বাদীনি তত্তদানন্দপ্রাপ্তৌ সাধনানি বিবক্ষিতানীত্যর্থঃ। ৫

নমু ত্রয়াণামবিশেষশ্রুতৌ কথং শ্রোত্রিয়ত্বাবৃজিনত্বয়োঃ সর্ব্বত্র তুল্যত্বং, ন হি তে পূর্ব্বভূমিষু শ্রুতে ; তথা চাকামহতত্ববদানন্দোৎকর্ষে তয়োরপি হেতুতেতি, তত্রাহ—তত্র চেতি। নির্দ্ধারণার্থা সপ্তমী। ন হি শ্রোত্রিয়ত্বাদিশূন্যঃ সার্ব্বভৌমাদিসুখমনুভবিতুমুৎসহতে। তথা চ সর্ব্বত্র শ্রোত্রিয়ত্বাদেস্তুল্যত্বাৎ ন তদানন্দাতিরেকপ্রাপ্ত্যাবসাধারণং সাধনমিত্যর্থঃ। বহুলবানন্দশতগুণবৃদ্ধিহেতুরকামহতত্বকৃতো বিশেষ ইতি, তদুপপাদয়তি—অকামহতত্বং ত্বিতি। পূর্ব্বপূর্ব্বভূমিষু বৈরাগ্যমুত্তরোত্তরভূম্যানন্দপ্রাপ্তিসাধনম্, বৈরাগ্যস্য তারতম্যভাবেন পরমকাষ্ঠোপপত্তের্নিরতিশয়স্য তস্য পরমানন্দপ্রাপ্তিসাধনত্বসম্ভবাদিত্যর্থঃ। যশ্চেত্যাদি-

বাক্যস্থেথং তাৎপর্য্যমুক্তা প্রস্তুতে পরমানন্দে বিদ্বদনুভবং প্রমাণয়তি—স এষ ইতি। নিরতিশয়মকামহতত্বং পরমানন্দপ্রাপ্তিহেতুরিত্যত্র প্রমাণমাহ—তথা চেতি। প্রকৃতং প্রত্যগ্‌ভূতং পরমানন্দমেব ইতি পরামৃশতি। ৫

শ্রুতির্মেধাবীত্যাহ ; তাং ব্যাচষ্টে—মেত্যাদিনা। তথাপি কিং ভয়কারণং, তদাহ—মদ্ময়াদিতি। মেধাবিত্বাৎ প্রজ্ঞাতিশয়শালিত্বাদিতি যাবৎ। তদেব ভয়কারণং প্রকটয়তি—সর্ব্বমিতি। ২৮৫। ৩৩।

ভাষ্যানুবাদ। ব্রহ্মাদি হইতে আরম্ভ করিয়া মনুষ্য পর্য্যন্ত জীবগণ যে পরমানন্দের মাত্রা সকল (অংশ সমূহ) ভোগ করিতেছে, সেই আনন্দের মাত্রা দ্বারা তাহার মাত্রী অর্থাৎ মাত্রার মূলভূত পরমানন্দের স্বরূপটী—সৈন্ধবলবণের খণ্ড সমূহ দ্বারা যেমন লবণাচলের স্বরূপাবগতি হয়, তেমন অবগত করাইবার অভিপ্রায়ে বলিতেছেন,—মনুষ্যগণের মধ্যে যে ব্যক্তি রাদ্ধ অর্থাৎ অবিকল—পরিপূর্ণাঙ্গ, এবং সমৃদ্ধ—ভোগবিলাসের বিবিধ উপকরণ-সম্পন্ন, অধিকন্তু সমানজাতীয় অন্যান্য ব্যক্তিগণের অধিপতি অর্থাৎ স্বাধীন প্রভু, কিন্তু, মণ্ডলেশ্বর (পৃথিবীশ্বর) নহে, এবং মনুষ্য-লভ্য সর্ব্বপ্রকার ভোগসম্পন্নতম অর্থাৎ যে সমুদয় ভোগোপকরণ কেবল মনুষ্যগণেরই প্রাপ্তি-যোগ্য, সেই সমুদয় ভোগ-সামগ্রীশালী অন্যান্য মনুষ্য অপেক্ষা অধিক পরিমাণে ভোগসামগ্রীপূর্ণ। এখানে 'মানুষ্যকৈঃ' এই বিশেষণ দ্বারা দৈব ভোগের নিবৃত্তি করা হইয়াছে। সেই মনুষ্যগণের মধ্যে যাহা পরম আনন্দ অর্থাৎ যিনি পরমানন্দশালী। ১

এই বাক্যে যে, আনন্দ ও আনন্দীকে অর্থাৎ আনন্দবান্ ব্যক্তিকেই আনন্দের সঙ্গে অভিন্নরূপে নির্দ্দেশ করা হইয়াছে ; ইহা দ্বারা বুঝিতে হইবে যে, উভয়ই এক—কেহই ভিন্ন পদার্থ নহে। পরমানন্দের এই মাত্রাই (অংশই) যে, বিষয় ও বিষয়িভাবে (গ্রাহ্য-গ্রাহক রূপে) বিস্তৃত হইয়াছে, একথা 'যথন ভিন্নেরই মত হয়' ইত্যাদি বাক্যে অভিহিত হইয়াছে। অতএব 'পরম আনন্দঃ' বলিয়া আনন্দ ও আনন্দবানের অভেদ নির্দ্দেশ করা উপযুক্তই হইয়াছে। এক্ষণে সর্ব্বাগ্রে মনুষ্যের প্রত্যক্ষগ্রাহ্য আনন্দ হইতে আরম্ভ করিয়া উত্তরোত্তর শতগুণক্রমে বৃদ্ধিপ্রাপ্ত পরমানন্দের অনুমান করিবার পর, যেখানে আনন্দের বিভাগ নিবৃত্ত হইয়া যায়, সেই পরম আনন্দ অনুভবগোচর করাইতেছেন। উক্ত আনন্দ পর পর শতগুণক্রমে বৃদ্ধি পাইয়া, যেখানে বৃদ্ধির চরম সীমা প্রাপ্ত হয়, যেখানে দর্শন শ্রবণ ও মননের অভাব নিবন্ধন গণিতের ক্রিয়া

গণনাও নিবৃত্ত হইয়া যায়, সেই পরমানন্দের স্বরূপ নিরূপণের অভিপ্রায়ে অতঃপর বলিতেছেন—মনুষ্যগণের যে, এইরূপ শতগুণিত আনন্দ, জিতলোক পিতৃগণের পক্ষে তাহা একটী আনন্দ; জিত লোক অর্থ,—যাহারা শাস্ত্র-বিহিত শ্রাদ্ধাদি কর্ম্ম দ্বারা পিতৃগণকে পরিতুষ্ট করিয়া, সেই লোক জয় করিয়াছেন, সেইপিতৃগণের সম্বন্ধে মনুষ্যগণের শতগুণিত আনন্দ এক আনন্দ হয়; সেই শতগুণিত আনন্দও আবার গন্ধর্ব্বলোকে এক আনন্দ বলিয়া গৃহীত হয়, এবং গন্ধর্ব্বলোকে যাহা শতগুণিত আনন্দ, তাহাও কর্ম্মদেবগণের এক আনন্দ। কর্ম্মদেব কাহারা? যাঁহারা অগ্নিহোত্রাদি কর্ম্ম দ্বারা দেবত্ব লাভ করিয়াছেন। পূর্ব্বের ন্যায় কর্ম্মদেবগণের শতগুণিত আনন্দও আবার আজান দেবগণের এক আনন্দ। 'আজান' অর্থ—যাঁহারা জান হইতে অর্থাৎ উৎপত্তি কাল হইতেই দেবতা, ফলকথা—যাঁহারা অকৃত্রিম দেবতা, তাঁহারাই আজান দেবতা। কর্ম্মদেব এবং যিনি শ্রোত্রিয়—অধীতবেদ (১) ও অবৃজিন—বৃজিন অর্থ পাপ, তদ্বিহীন এবং অকামহত অর্থাৎ নিস্পৃহ—আজান দেব-গণের অধস্তন যত প্রকার বিষয় আছে, সে সমুদয় বিষয়ে অভিলাষশূন্য; এবম্ভূত সাধুর আনন্দ ও আজানদেবের আনন্দ সমান বা একরূপ। "যশ্চ" এই "চ" হইতে বুঝা যায় যে, তাঁহাদের শতগুণিত আনন্দও প্রজাপতিলোকে অর্থাৎ বিরাট্‌শরীরে এক আনন্দ বলিয়া গৃহীত হয়। এখানেও 'যশ্চ' ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্ববৎ। পুনশ্চ ইহার শতগুণিত আনন্দ আবার হিরণ্যগর্ভাত্মক ব্রহ্মলোকে একটী আনন্দরূপে গৃহীত হয়। এখানেও 'যশ্চ' ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ। ৩

ইতঃপর গণিত সংখ্যা নিবৃত্তি—সে আনন্দের কোনরূপ সংখ্যা বা পরিমাণ নাই। পূর্ব্বে পরম আনন্দ বলিয়া যাহা উক্ত হইয়াছে, সমুদ্রের জলবিন্দুর ন্যায় ব্রহ্মলোকাদিগত আনন্দ তাহার মাত্রা অর্থাৎ কণামাত্র। এই ভাবে উত্তরোত্তর শতগুণ ক্রমে বৃদ্ধিপ্রাপ্ত আনন্দরাশি যেখানে যাইয়া একত্ব প্রাপ্ত হয়, অর্থাৎ এক হইয়া যায়, এবং যাহা শ্রোত্রিয়গণের প্রত্যক্ষসিদ্ধ,

(১) তাৎপর্য্য—শ্রোত্রিয় অর্থ—কেবল বেদবিদ্ নহে, পরন্তু তাহার লক্ষণ এইরূপ—"একাং শাখাং সকল্পাং বা ষড়্‌ভিরঙ্গৈরধীত্য বা। ষট্‌কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ।" ইতি। অর্থাৎ যিনি ছয়টি বেদাঙ্গের সহিত, অন্ততঃ কল্পসূত্রের সহিত একটী বেদশাখা অধ্যয়ন করিয়া ব্রাহ্মণোচিত ষট্‌কর্ম্মে নিরত থাকেন, তাদৃশ ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণকে 'শ্রোত্রিয়' বলে।

তাহাই সম্প্রসাদরূপ পরম আনন্দ; তাহাতে অন্য কিছু দর্শন হয় না, অন্য কিছু শ্রবণ করে না; অতএব, অহো ভূমা মহান্; ভূমা বলিয়াই অমৃত অর্থাৎ অবিনশ্বর; ভূমা ভিন্ন সমস্ত আনন্দই তদ্বিপরীত অর্থাৎ বিনাশশীল। পূর্ব্বোক্ত বিশেষণত্রয়ের মধ্যে শ্রোত্রিয়ত্ব ও "অবৃজিনত্ব" বিশেষণদ্বয় তুল্যার্থক, কিন্তু অকামহতত্বরূপ বিশেষণটী (ধর্ম্মটী) শতগুণ আনন্দের বৃদ্ধিহেতু। ৪

অগ্নিহোত্রাদি কর্ম্ম সকল যেমন দেবত্বপ্রাপ্তির সাধন, এই স্থানেও উক্ত শ্রোত্রিয়ত্ব, অবৃজিনত্ব ও অকামহতত্বই পূর্ব্বোক্ত সেই সেই আনন্দবিশেষ প্রাপ্তির সাধনরূপে অভিহিত হইয়াছে; তন্মধ্যে বিশেষ এই যে, শ্রোত্রিয়ত্ব ও অবৃজিনত্বরূপ ধর্ম্মদ্বয় সর্ব্বাবস্থায়ই সমান; এইজন্য উহাদিগকে আর পর-বর্ত্তী আনন্দলাভের সাধন বা উপায় বলিয়া স্বীকার করা হয় না; কিন্তু বৈরাগ্যের উৎকর্ষাপকর্ষের কারণ বিধায়, কেবল অকামহতত্ব ধর্ম্মটীই যে, উত্তরাবস্থায়ও আনন্দ প্রাপ্তির সাধন বা উপায়. তাহা বুঝা যাইতেছে। বেদব্যাসও এইরূপ বলিয়াছেন,—'জগতে যাহা কাম-সুখ অর্থাৎ কামোপ-ভোগজনিত সুখ বলিয়া প্রসিদ্ধ, আর যাহা স্বর্গীয় মহৎ সুখ, এই উভয় সুখই তৃষ্ণা-ক্ষয়জনিত সুখের অর্থাৎ বৈরাগ্যসুখের ষোড়শ ভাগের এক ভাগেরও সমান নহে'। অতঃপর যাজ্ঞবল্ক্য বলিলেন, হে সম্রাট্, ইহাই সেই ব্রহ্ম-লোক। তখন সম্রাট্ বলিলেন, এই প্রকারে অনুশাসন প্রাপ্ত আমি পূজনীয় আপনাকে সহস্র গো দান করিতেছি; অতঃপর বিমোক্ষার্থই বলুন; এ সব কথা বিস্তারিতরূপে পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। ৫

এখানে "বিমোক্ষায়" এই বাক্য শ্রবণে যাজ্ঞবল্ক্য ভীত হইলেন। শ্রুতি নিজেই যাজ্ঞবল্ক্যের ভয়ের কারণ বলিয়া দিতেছেন,— যাজ্ঞবল্ক্য যে, বলিবার সামর্থ্যাভাবে ভীত হইয়াছিলেন, কিংবা জ্ঞান-দুর্ব্বলতা বশতঃ ভীত হইয়াছিলেন, তাহা নহে; তবে কি না, বিচক্ষণ রাজা সমস্ত প্রশ্ন নির্ণয়ের অন্ত বা অবসানের জন্য অর্থাৎ চরম সিদ্ধান্ত বলিবার জন্য আমাকে আবদ্ধ করিতেছেন; তাৎপর্য্য এই যে, আমি বিমোক্ষার্থ যে যে প্রশ্নোত্তর নির্ণয় করিয়া বলিয়াছি, রাজা তৎসমস্তই মোক্ষ-প্রশ্নের একদেশরূপে গ্রহণ করিয়া পুনঃ পুনঃ আমাকে প্রশ্ন করিতেছেন, এবং আমার সমস্ত বিজ্ঞান পূর্ব্বোক্ত কাম-প্রশ্নচ্ছলে গ্রহণ করিবার উপক্রম করিতেছেন ॥২৮৫॥৩৩॥

স বা এষ এতস্মিন্ স্বপ্নান্তে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যঞ্চ পাপঞ্চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি বুদ্ধান্তায়ৈব ॥ ৮৬॥৩৪॥

সন্বলার্থঃ। সঃ বৈ এষঃ (আত্মা) এতস্মিন্ স্বপ্নান্তে (স্বপ্নে) রত্বা চরিত্বা, পুণ্যং (পুণ্যফলং সুখং) চ, পাপং (পাপফলং দুঃখং) চ, দৃষ্ট্বা এব (ন তু কৃত্বা), পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোনি বুদ্ধান্তায় (জাগ্রদবস্থায়ৈ) এব আদ্রবতি [পূর্ব্বং কৃতব্যাখ্যানমেতৎ] ॥ ২৮৬ ॥ ৩৪ ॥

মূলানুবাদ। সেই এই আত্মা এই স্বপ্নাবস্থায় রমণ ও পরিভ্রমণ করিয়া এবং পুণ্য ও পাপের ফল—সুখ ও দুঃখ কেবল দর্শন করিয়া, পুনর্ব্বার জাগ্রদবস্থার জন্য স্বপ্নের বিপরীতক্রমে যথাস্থানে ধাবিত হয় ॥২৮৬॥৩৪॥

শাঙ্করভাষ্যম্। অত্র বিজ্ঞানময়ঃ স্বয়ংজ্যোতিরাত্মা স্বপ্নে প্রদর্শিতঃ, স্বপ্নান্তবুদ্ধান্তসঞ্চারেণ কার্য্যকরণব্যতিরিক্ততা কাম-কর্ম্মপ্রবিবেকশ্চ অসঙ্গতয়া মহামৎস্যদৃষ্টান্তেন প্রদর্শিতঃ। পুনশ্চ অবিদ্যাকার্য্যং স্বপ্ন এব ঘ্নন্তীবেত্যাদিনা প্রদর্শিতম্; অর্থাদবিদ্যায়াঃ সতত্ত্বং নির্দ্ধারিতম্, অতদ্ধর্ম্মাধ্যারোপণরূপত্বম্ অনাত্মধর্ম্মত্বঞ্চ। তথা বিদ্যায়াশ্চ কার্য্যং প্রদর্শিতং—সর্ব্বাত্মভাবঃ স্বপ্নে এব প্রত্যক্ষতঃ সর্ব্বোঽস্মীতি মন্যতে, সোঽস্য পরমো লোকঃ—ইতি। তত্র চ সর্ব্বাত্মভাবঃ স্বভাবোঽস্য, এবম্ অবিদ্যাকামকর্ম্মাদি-সংসারধর্ম্মসম্বন্ধাতীতং রূপমস্য, সাক্ষাৎ সুষুপ্তে দৃশ্যত ইত্যেতদ্বিজ্ঞাপিতম্। স্বয়ংজ্যোতিরাত্মা এব পরম আনন্দঃ, এব বিদ্যায়া বিষয়ঃ, স এব পরমঃ সংপ্রসাদঃ, সুখস্য চ পরা কাষ্ঠা, ইত্যেতৎ—এবমন্তেন গ্রন্থেন ব্যাখ্যাতম্। ১

তচ্চৈতৎ সর্ব্বং বিমোক্ষপদার্থস্য দৃষ্টান্তভূতং বন্ধনস্য চ; তে চ এতে মোক্ষ-বন্ধনে সহেতুকে সপ্রপঞ্চে নির্দ্দিষ্টে বিদ্যাবিদ্যাকার্য্যে, তৎ সর্ব্বং দৃষ্টান্তভূতমেব, ইতি তদ্দার্ষ্টান্তিকস্থানীয়ে মোক্ষ-বন্ধনে সহেতুকে কামপ্রশ্নার্থভূতে ত্বয়া বক্তব্যে, ইতি পুনঃ পর্য্যনুযুঙ্‌ক্তে জনকঃ—অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীতি। ২

তত্র মহামৎস্যবৎ স্বপ্নবুদ্ধান্তাবসঙ্গঃ সঞ্চরত্যেক আত্মা স্বয়ংজ্যোতিরিত্যুক্তম্। যথা চাসৌ কার্য্যকরণানি মৃত্যুরূপাণি পরিত্যজন্নুপাদদানশ্চ মহামৎস্যবৎ স্বপ্নবুদ্ধান্তাবনুসঞ্চরতি, তথা জায়মানো ম্রিয়মাণশ্চ তৈরেব

মৃত্যুরূপৈঃ সংযুজ্যতে বিযুজ্যতে চ, উভৌ লোকাবনুসঞ্চরতীতি সঞ্চরণং স্বপ্নবুদ্ধান্তানুসঞ্চারস্য দার্ষ্টান্তিকত্বেন সূচিতম্; তদিহ বিস্তরেণ সনিমিত্তং সঞ্চরণং বর্ণয়িতব্যমিতি তদর্থোঽয়মারম্ভঃ। তত্র চ বুদ্ধান্তাৎ স্বপ্নান্তময়মাত্মানুপ্রবেশিতঃ; তস্মাৎ সম্প্রসাদস্থানং মোক্ষদৃষ্টান্তভূতম্; ততঃ প্রচ্যাব্য বুদ্ধান্তে সংসারব্যবহারঃ প্রদর্শয়িতব্য ইতি, তেনাস্য সম্বন্ধঃ। স বৈ বুদ্ধান্তাৎ স্বপ্নান্তক্রমেণ সম্প্রসন্ন এষঃ, তস্মিন্ সম্প্রসাদে স্থিত্বা ততঃ পুনরীষৎ প্রচ্যুতঃ স্বপ্নে রত্বা চরিত্বেত্যাদি পূর্ব্ববৎ—বুদ্ধান্তায়ৈবাদ্রবতি ॥২৮৬॥ ৩৪॥

টীকা। স বা এষ এতস্মিন্নিত্যাদ্যুত্তরগ্রন্থস্য সম্বন্ধং বক্তুং বৃত্তং কীর্ত্তয়তি—অত্রেতি। অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতীতি বাক্যং সপ্তম্যর্থঃ। বৃত্তমর্থান্তরমনুবদতি—স্বপ্নান্তেতি। কার্য্যকরণব্যতিরিক্তত্বং প্রদর্শিতমিতি সম্বন্ধঃ। উক্তমর্থান্তরমাহ—কামেতি। অথ যত্রৈনং ঘ্নন্তীবেত্যাদাবুক্তমনুভাষতে—পুনশ্চেতি। কিং তৎকার্য্যপ্রদর্শনসামর্থ্যান্নির্দ্ধারিতমবিদ্যায়াঃ সতত্ত্বং, তদাহ—অতদ্ধর্ম্মেতি। অনাত্মধর্ম্মত্বমাত্মনি চৈতন্যবদস্বাভাবিকত্বম্। অবিদ্যাকার্য্যবদ্বিদ্যাকার্য্যং চ স্বপ্নে সর্ব্বাত্মভাবলক্ষণং প্রত্যক্ষত এব প্রদর্শিতমিত্যাহ—তথেতি। সুষুপ্তেঽপি স্বপ্নবদেতদ্দর্শিতমিত্যাহ—এবমিতি। সাক্ষাৎস্বরূপচৈতন্যবশাদিত্যেতৎ। অন্যথোত্থিতস্য সুপ্তপরামর্শো ন স্যাদিতি ভাবঃ। উক্তং বিদ্যাকার্য্যং নিগময়তি—এষ ইতি। তদেব বিদ্যাবিষয়ং বিশদয়তি—স এষ ইতি। বৃত্তানুবাদমুপসংহরতি—ইত্যেতদিতি। এবমন্তেন গ্রন্থেন ব্রহ্মলোকান্তবাক্যেনেতি যাবৎ। সোঽহমিত্যাদেস্তাৎপর্য্যমনুবদতি—তচ্চেতি। যতো রাজৈবং মন্যতেঽতস্তস্য সহস্রদানে যুক্তা প্রবৃত্তিরিত্যর্থঃ। অত ঊর্দ্ধমিত্যাদেরক্ষিপ্রায়মনুবদতি—তে চেতি। যদ্যপি যথোক্তলক্ষণে মোক্ষ-বন্ধনে প্রাগেবোপদিষ্টে, তথাপি পূর্ব্বোক্তং সর্ব্বং দৃষ্টান্তভূতমেব তয়োরিতি যতো রাজা ভাষ্যতি অতো মোক্ষবন্ধনে দার্ষ্টান্তিকভূতে বক্তব্যে ব্যক্তবক্তব্যেনেতি মন্যমানস্তং প্রেরয়তীত্যর্থঃ। ১

বন্ধমোক্ষয়োর্ব্বক্তব্যত্বেন প্রাপ্তয়োরপি প্রথমং বন্ধো বর্ণ্যত ইতি বক্তুং দৃষ্টান্তং স্মারয়তি—তত্রেতি। দৃষ্টান্তমনূদ্য দার্ষ্টান্তিকস্য বন্ধস্য সূত্রিতত্বং দর্শয়তি—যথা চেত্যাদিনা। উভৌ লোকাবিত্যত্র প্রথমমেবংশব্দো দ্রষ্টব্যঃ। বৃত্তমনূদ্যানন্তরপ্রকরণমুত্থাপয়তি—তদিহেতি। অস্যঃ সংসারী সপ্তম্যর্থঃ। সনিমিত্তং কামাদিনা নিমিত্তেন সহিতমিত্যেতৎ। প্রকরণারম্ভমুক্ত্বা সমনন্তরবাক্যস্য ব্যবহিতেন সম্বন্ধমাহ—তত্র চেতি। স বা এষ এতস্মিন্ বুদ্ধান্তে রত্বেত্যুপক্রম্য স্বপ্নান্তায়ৈবেতি বাক্যং সপ্তম্যা পরামৃশ্যতে। স্বপ্নান্তশব্দস্য স্বপ্নবিষয়ব্যাবৃত্ত্যর্থং বিশিনষ্টি—সংপ্রসাদেতি। কথং পুনঃ সম্প্রসন্নস্য সংসারোপবর্ণনমিত্যাশঙ্ক্যাহ—তত ইতি। প্রাগুক্তঃ সপ্তম্যর্থো ব্যবহিতো গ্রন্থস্তেনেতি পরামৃশ্যতে। সম্বন্ধান্তরগ্রহঃ ব্যুৎপাদ্যতে। বাক্যস্য ব্যবহিতেন সম্বন্ধমুক্ত্বা তদক্ষরাণি যোজয়তি—স বৈ

বুদ্ধান্তাদিতি। স্বপ্নান্তে রত্বা চরিত্বেত্যাদি বুদ্ধান্তায়ৈবাত্রবর্তীত্যেতদন্তং পূর্ব্ববদিতি যোজনা। ২৮৬। ৩৪।

ভাষ্যানুবাদ। [পূর্ব্বশ্রুতিতে] বিজ্ঞানময় আত্মার স্বপ্নাবস্থায় স্বয়ংজ্যোতিঃস্বভাব প্রদর্শিত হইয়াছে, এবং স্বপ্ন ও জাগরণ অবস্থায় গমনাগমন ক্রমে কার্য্যকরণ (দেহেন্দ্রিয়াদি) হইতে বিভিন্নতা, এবং মহামৎস্যের দৃষ্টান্ত দ্বারা আত্মার অসঙ্গত্বও (নিষ্পাপত্ব) প্রদর্শিত হইয়াছে। পুনশ্চ স্বপ্নেই "স্বস্তীব" ইত্যাদি শ্রুতি দ্বারা সর্ব্বপ্রকার বিদ্যা ও অবিদ্যাকার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে। ইহা দ্বারাই অবিদ্যার যাহা তত্ত্ব—অতদ্ধর্ম্মাধ্যারোপণ, (অর্থাৎ যাহাতে যাহা নাই, তাহাতে তাহার আরোপণ করা), এবং অনাত্মধর্ম্মত্ব, তাহা ও নির্দ্ধারিত হইয়াছে। এইরূপ, বিদ্যার কার্য্য যে সর্ব্বাত্মভাব তাহাও স্বপ্নাবস্থাতেই 'সর্ব্বোঽহমস্মি' অর্থাৎ আমিই সর্ব্বাত্মক এইরূপ সাক্ষাৎ অনুভবানুসারে প্রদর্শিত হইয়াছে; এই সর্ব্বাত্মভাবই ইহার পরম লোক। উক্ত সর্ব্বাত্মভাবই আত্মার অবিদ্যা, কামনা ও কর্ম্ম প্রভৃতি সর্ব্ববিধ সাংসারিক ধর্ম্ম-সম্বন্ধ-রহিত স্বাভাবিক রূপ এবং সুষুপ্তি সময়ে ইহার প্রত্যক্ষোপলব্ধি হইয়া থাকে, একথাও বিশেষভাবে জ্ঞাপিত হইয়াছে। তাহার পর, এপর্য্যন্ত গ্রন্থভাগে, স্বয়ংজ্যোতিঃস্বরূপ আত্মা, ইহাই পরম আনন্দ, ইহা বিদ্যার বিষয়, ইহাই সেই সম্প্রসাদ এবং ইহাই সুখের পরা কাষ্ঠা, এসমস্ত বিষয় বর্ণিত হইয়াছে। ১

পূর্ব্ব শ্রুতিতে ঐ যে সমস্ত বিষয় কথিত হইয়াছে, [বুঝিতে হইবে যে,] সে সমস্ত হইতেছে—বর্ণনীয় মোক্ষ ও বন্ধ পদার্থের দৃষ্টান্ত বা উদাহরণ স্বরূপ; সেই মোক্ষ ও বন্ধন উভয়ই বিদ্যা ও অবিদ্যার ফলস্বরূপ, অর্থাৎ বিদ্যার ফল—মোক্ষ, আর অবিদ্যার ফল—বন্ধন; এই মোক্ষ ও বন্ধন এবং তাহার হেতুভূত বিদ্যা ও অবিদ্যা বিস্তৃতভাবে কথিত হইয়াছে; প্রকৃত পক্ষে অপরাপর বিষয় সমূহ এই মোক্ষ ও বন্ধেরই দৃষ্টান্ত মাত্র; এই কারণে তাহার দার্ষ্টান্তিক-স্থলবর্ত্তী [যাহার দৃষ্টান্ত প্রদর্শিত হয়, তাহাকে দার্ষ্টান্তিক বলে।] কামপ্রশ্নেরবিষয়ীভূত সেই মোক্ষ ও বন্ধন এবং তাহার হেতুদ্বয় তোমাকে অবশ্য বলিতে হইবে; এই জন্য জনক মহারাজ যাজ্ঞবল্ক্যকে প্রকৃত মোক্ষতত্ত্ব বলিবার জন্য বারংবার অনুরোধ করিতেছেন। ২

তন্মধ্যে পূর্ব্বে কথিত হইয়াছে, মহামৎস্যের ন্যায় স্বয়ংজ্যোতিঃস্বরূপ একই আত্মা অসঙ্গভাবে স্বপ্ন ও জাগরণে সঞ্চরণ করিয়া থাকে। সেখানে এই আত্মা মহামৎস্যের ন্যায় মৃত্যুস্বরূপ দেহেন্দ্রিয়সংঘাতকে একবার

ত্যাগ করত আবার গ্রহণ করত যেমন স্বপ্ন ও জাগরণে সঞ্চরণ করিয়া থাকে, তেমনি জন্ম মরণ সময়েও মৃত্যুরূপ সেই দেহেন্দ্রিয়ের সহিতই সংযুক্ত ও বিযুক্ত হইয়া থাকে। এইরূপে কথিত উভয় লোকে সঞ্চরণই যে, স্বপ্ন ও জাগরণাবস্থায় ক্রমসঞ্চারের দার্ষ্টান্তিক, তাহার সূচনা করা হইয়াছে। এখানে সেই সঞ্চরণ ও তাহার কারণ বিস্তৃতভাবে বর্ণনা করিতে হইবে; এই জন্য পরবর্ত্তী শ্রুতির আরম্ভ হইতেছে। প্রথমতঃ আত্মার জাগ্রদবস্থা হইতে স্বপ্নাবস্থায় প্রবেশ দেখান হইয়াছে; সেই স্বপ্নাবস্থা হইতে আবার মোক্ষের দৃষ্টান্ত -মোক্ষের অনুরূপ সম্প্রসাদনামক সুষুপ্তি অবস্থাও প্রদর্শিত হইয়াছে; সেই সুষুপ্তি অবস্থার পর এখন জাগ্রৎকালীন সংসার-ব্যবহার প্রদর্শন করা আবশ্যক; এইরূপ সম্বন্ধ লইয়া পরবর্ত্তী শ্রুতি আরব্ধ হইয়াছে। সেই এই আত্মা জাগ্রদবস্থা হইতে ক্রমে স্বপ্ন ও সুষুপ্তি অবস্থা প্রাপ্ত হয়; সেই সুষুপ্তি অবস্থায় অবস্থান করত, সেই অবস্থা হইতে কিঞ্চিৎ স্খলিত হইয়া, পুনর্ব্বার স্বপ্নাবস্থায় রমণ ও পরিভ্রমণ করিয়া, পূর্ব্ববৎ পুনশ্চ জাগ্রদবস্থার দিকে ধাবিত হয় ॥২৮৬॥৩৪॥

তদ্‌যথানঃ সুসমাহিতমুৎসর্জ্জদ্‌যায়াদেবমেবায়ং শারীর আত্মা প্রাজ্ঞেনাত্মনান্বারূঢ় উৎসর্জ্জন্ যাতি, যত্রৈতদূর্দ্ধোচ্ছ্বাসী ভবতি ॥ ২৮৭॥৩৫॥

সরলার্থঃ। [জীবস্য স্বপ্নাৎ জাগরপ্রাপ্তিন্যায়েন দেহাৎ দেহান্তর-প্রাপ্তিপ্রকারমাহ—'তদ্‌যথা' ইত্যাদিনা।] অনঃ (শকটং) সুসমাহিতং (দ্রব্যসম্ভারপূর্ণং সৎ) যথা উৎসর্জ্জৎ (শব্দং কুর্ব্বৎ) যায়াৎ (গচ্ছেৎ), এবম্ এব অয়ং (বর্ণনীয়ঃ) শারীরঃ (শরীরাভিমানী) আত্মা (জীবঃ) প্রাজ্ঞেন (পরমাত্মনা) অন্বারূঢ়ঃ (অধিষ্ঠিতঃ সন্) উৎসর্জ্জন্ (মর্ম্মচ্ছেদ-বশাৎ দুঃখবেদনয়া কাতরশব্দং কুর্ব্বন্, অথবা বিদ্যমানদেহং পরিত্যজন্) যাতি। [কদা?] যত্র (যস্মিন্ সময়ে) এতৎ (ইত্থং) ঊর্দ্ধোচ্ছ্বাসী ভবতি (উচ্চৈঃ ঊর্দ্ধশ্বাসবান্ আসন্নমৃত্যুঃ ভবতি ইত্যর্থঃ) ॥২৮৭॥৩৫॥

মূলানুবাদ। [জীব যেমন স্বপ্ন হইতে পুনর্ব্বার জাগরণে যায়, তেমনি এক দেহ হইতে দেহান্তর প্রাপ্তির কথা বর্ণিত হইতেছে—] নানাবিধ দ্রব্যসম্ভারপূর্ণ শকট যেরূপ শব্দ করিতে করিতে চলিতে

থাকে, ঠিক এইরূপই এক শরীরাভিমানী জীবাত্মাও যখন ঊর্দ্ধশ্বাস উপস্থিত হয়, তখন প্রাজ্ঞসংজ্ঞক পরমাত্মাকর্ত্তৃক অধিষ্ঠিত (পরিচালিত) হইয়া, মর্ম্মান্তিক শব্দ করিতে করিতে চলিয়া যায়; (অথবা উৎসর্জ্জন্ যাতি—এই দেহ ত্যাগ করিয়া যায়) ॥২৮৭॥৩৫॥

শাঙ্করভাষ্যম্। ইত আরভ্যাস্য সংসারো বর্ণ্যতে,—যথা অয়মাত্মা স্বপ্নান্তাদ্ বুদ্ধান্তমাগতঃ, এবময়ম্ অস্মাৎ দেহাৎ দেহান্তরং প্রতিপৎস্যতে, ইত্যাহ অত্র দৃষ্টান্তম্—তৎ তত্র যথা লোকে, অনঃ শকটং, সুসমাহিতং সুষ্ঠু ভৃশং বা সমাহিতং ভাণ্ডোপস্করণেন উলূখলমুসলশূর্পপিঠরাদিনা অন্নাদ্যেন চ সম্পন্নং সম্ভারেণাক্রান্তমিত্যর্থঃ; তথা ভারাক্রান্তং সৎ উৎসর্জ্জৎ শব্দং কুর্ব্বৎ, যথা যায়াৎ গচ্ছেৎ শাকটিকেনাধিষ্ঠিতং সৎ; এবমেব যথা উক্তো দৃষ্টান্তঃ, অয়ং শারীরঃ শরীরে ভবঃ,—কোঽসৌ? আত্মা লিঙ্গোপাধিঃ, যঃ স্বপ্নবুদ্ধান্তাবিব জন্মমরণাভ্যাং পাপ্মসংসর্গবিয়োগলক্ষণাভ্যাম্ ইহলোক-পরলোকৌ অনুসঞ্চরতি, যস্য উৎক্রমণম্ অনু প্রাণাদ্যুৎক্রমণম্, সঃ প্রাজ্ঞেন পরেণাত্মনা স্বয়ংজ্যোতিঃস্বভাবেন অন্বারূঢ়ঃ অধিষ্ঠিতঃ অবভাস্যমানঃ, তথা চোক্তম্—"আত্মনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে" ইতি, উৎসর্জ্জন্ যাতি। ১

তত্র চৈতন্যাত্মজ্যোতিষা ভাস্যে লিঙ্গে প্রাণ-প্রধানে গচ্ছতি সতি, তদুপাধিরপ্যাত্মা গচ্ছতীব; তথা চ শ্রুত্যন্তরং—"কস্মিন্নহম্" ইত্যাদি, "ধ্যায়তীব" ইতি চ; অত এবোক্তম্,—প্রাজ্ঞেনাত্মনান্বারূঢ় ইতি; অন্যথা প্রাজ্ঞেনৈকীভূতঃ শকটবৎ কথমুৎসর্জ্জন্ যাতি। তেন লিঙ্গোপাধিরাত্মা উৎসর্জ্জন্ মর্ম্মসু নিকৃত্যমানেষু দুঃখবেদনয়া আর্ত্তঃ শব্দং কুর্ব্বন্, যাতি গচ্ছতি। তৎ কস্মিন্ কালে—ইত্যুচ্যতে,—২

যত্রৈতদ্ভবতি, এতদিতি ক্রিয়াবিশেষণম্; ঊর্দ্ধোচ্ছ্বাসী যত্রোর্দ্ধোচ্ছ্বাসিত্বমস্য ভবতীত্যর্থঃ। দৃশ্যমানস্যাপ্যনুবদনং বৈরাগ্যহেতোঃ—ঈদৃশঃ কষ্টঃ খল্বয়ং সংসারঃ, যেনোৎক্রান্তিকালে মর্ম্মসূৎকৃত্যমানেষু স্মৃতিলোপঃ, দুঃখবেদনার্ত্তস্য পুরুষার্থসাধনপ্রতিপত্তৌ চাসামর্থ্যং পরবশীকৃতচিত্তস্য; তস্মাৎ যাবদিয়মবস্থা নাগমিষ্যতি, তাবদেব পুরুষার্থসাধনকর্ত্তব্যতায়াম্ অপ্রমত্তো ভবেৎ—ইত্যাহ কারুণ্যাৎ শ্রুতিঃ ॥২৮৭॥৩৫॥

টীকা। তদ্যথেত্যাদেরিতি নু কাময়মান ইত্যন্তস্য সন্দর্ভস্য তাৎপর্য্যং তদিহেত্যাদ্যোক্তমনুবদতি—ইত আরভ্যেতি। তদ্যথেত্যাদ্যবাক্যাদিত্যেতৎ। দৃষ্টান্তবাক্যমুত্থাপ্য ব্যাক-

য়েতি—যথেত্যাদিনা। ইত্যত্র দৃষ্টান্তমাহেতি যোজনা। ভাণ্ডোপকরণেন ভাণ্ড-প্রমুখেন (ণ) গৃহোপকরণেনেতি যাবৎ। তদেবোপকরণং বিশিনষ্টি—উলূখলেতি। পিঠরং পাকার্থং স্থূলং ভাণ্ডম্। অন্বয়ং দর্শয়িতুং যথাশব্দোঽনূদ্যতে। লিঙ্গবিশিষ্টমাত্মানং বিশিনষ্টি—যঃ স্বপ্নেতি। জন্মমরণে বিশদয়তি—পাপ্মেতি। কার্য্যকরণানি পাপ্মশব্দেনোচ্যন্তে। শারীরস্য প্রাধান্যং দ্যোতয়তি যস্যেতি। উৎসর্জ্জন্যাতীতি চেৎ, তদাত্মীকৃতমাত্মনো গমনমিত্যাশঙ্ক্যাহ—তত্রেতি। লিঙ্গোপাধেরাত্মনো গমনপ্রতীতি-রিত্যত্রাথর্ব্বণশ্রুতিং প্রমাণয়তি—তথা চেতি। উৎসর্জ্জন্যাতীতি শ্রুতেমুর্খ্যার্থবার্থমাত্মনো বস্তুতো গমনং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ধ্যায়তীবেতি চেতি। ঔপাধিকমাত্মনো গমনমিত্যত্র লিঙ্গান্তরমাহ—অত এবেতি। কথমেতাবতা নিরুপাধেরাত্মনো গমনং নেষ্যতে, তত্রাহ—অন্যথেতি। ১

প্রমাণফলং নিগময়তি—তেনেতি। তৎ কস্মিন্নিত্যত্র তচ্ছব্দেনার্ত্তস্য শব্দবিশেষকরণ-পূর্ব্বকং গমনং গৃহ্যতে। এতদূর্দ্ধ্বোচ্ছ্বাসিত্বমস্য যথা স্যাৎ তথাবস্থা যস্মিন্ কালে ভবতি, তস্মিন্ কালে তদ্গমনমিত্যুপপাদয়তি—উচ্যত ইত্যাদিনা। কিমিতি প্রত্যক্ষমর্থং শ্রুতিরনুবদতি, তত্রাহ—দৃশ্যমানস্যেতি। কথং সংসারস্বরূপানুবাদমাত্রেণ বৈরাগ্যসিদ্ধি-স্তত্রাহ—ঈদৃশ ইতি। ঈদৃশত্বমেব বিশদয়তি—যেনেত্যাদিনা। অনুবাদশ্রুতেরুক্তি-প্রায়মুপসংহরতি—তস্মাদিতি। ২৮৭। ৩৫।

ভাষ্যানুবাদ। এই শ্রুতি হইতে আরম্ভ করিয়া জীবের সংসার-ক্রম বর্ণিত হইতেছে। এই জীবাত্মা স্বপ্নাবস্থা হইতে যেরূপ জাগ্রদাবস্থায় উপস্থিত হইয়াছে, ঠিক সেইরূপ, এই আত্মা যে, এক দেহ হইতে অন্য দেহ প্রাপ্ত হইবে; এ বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন—অনস্—শকট যেমন সুসমাহিত—উত্তমরূপে অথবা অতিশয়রূপে সমাহিত হইয়া, অর্থাৎ বিবিধ ভাণ্ড ও ভাণ্ড-সংস্কারক উদূখল, মুসল, কুলা ও পাকপাত্র প্রভৃতি এবং খাদ্যসামগ্রীতে পূর্ণ হইয়া—দ্রব্যভারে আক্রান্ত এবং শকটচালক দ্বারা পরিচালিত হইয়া শব্দ করিতে করিতে গমন করিয়া থাকে, ঠিক এইরূপ অর্থাৎ উক্ত দৃষ্টান্তের মত, এই শারীর—শরীরাভিমানী—, এই শারীর—কে? না, আত্মা—লিঙ্গ-শরীরোপহিত, যিনি পাপহেতু দেহেন্দ্রিয়ের সহিত সংযোগ-বিয়োগাত্মক জন্ম-মরণক্রমে স্বপ্ন ও জাগরণাবস্থার ন্যায় ইহলোকে ও পরলোকে সঞ্চরণ (গমনাগমন) করিয়া থাকে, এবং যাহার দেহত্যাগের সঙ্গে সঙ্গে প্রাণা-দিও উৎক্রমণ করিয়া থাকে; সেই আত্মা, স্বয়ংজ্যোতিঃস্বভাব প্রাজ্ঞ

পরমাত্মা কর্ত্তৃক অন্বারূঢ়—অধিষ্ঠিত অর্থাৎ প্রকাশিত হইয়া, কাতর শব্দ করিতে করিতে চলিয়া যায়। [আত্মা যে, পরমাত্ম-জ্যোতিঃ দ্বারা প্রকাশিত হয়; অন্যত্রও] এ কথা উক্ত আছে;—যথা 'এই জীবাত্মা আত্মজ্যোতির সাহায্যেই বৃত্তি লাভ করে, এবং যাতায়াত করে' ইতি। ১

[তন্মধ্যে বিশেষ এই যে,] চৈতন্যজ্যোতিঃ-প্রকাশ্য প্রাণপ্রধান (প্রাণ যাহাতে প্রধান, সেই) লিঙ্গ শরীরই দেহ হইতে বহির্গত হয়, তাহাতে লিঙ্গ-দেহোপাধিক আত্মাও যেন গমনই করে বলিয়া মনে হয়, [কিন্তু বাস্তবিক পক্ষে আত্মার স্বতঃ গমন বা আগমন নাই (১); এ বিষয়ে অন্য শ্রুতিও আছে—যথা 'কে উৎক্রমণ করিলে আমি উৎক্রমণ করিব,' এবং 'যেন ধ্যানই করিতেছে,' ইত্যাদি; এই জন্যই এখানে প্রাজ্ঞ পরমাত্মার অধিনায়কতার কথা বলা হইয়াছে; তাহা না হইলে, প্রাজ্ঞ আত্মার সহিত একীভূত হইলে, শকটের ন্যায় শব্দ করিতে করিতে চলিয়া যাওয়া সম্ভবপর হয় কিরূপে? এই কারণে [বলিতে হইবে যে,] লিঙ্গশরীরোপাধিযুক্ত আত্মা—[প্রয়াণ সময়ে] মর্ম্মগ্রন্থিসমূহ যখন ছিন্ন হইতে থাকে, তখন সেই দুঃখযাতনায় কাতর হইয়া শব্দ করত দেহ হইতে বহির্গত হয়। কোন সময়ে বহির্গত হয়, তাহা বলা হইতেছে—

যে সময়ে এইরূপ হয়; শ্রুতির 'এতৎ' পদটী 'ভবতি' ক্রিয়ার বিশেষণ। উর্দ্ধোচ্ছ্বাসী অর্থ—অধিক পরিমাণে উর্দ্ধশ্বাস যুক্ত হয়, অর্থাৎ যে সময়ে ইহার মৃত্যুকালীন উর্দ্ধ-উচ্ছ্বাসিত হইয়া থাকে, [সেই সময়ে]। যদিও এ ঘটনা সাধারণের প্রত্যক্ষদৃশ্য, তথাপি লোকের হৃদয়ে বৈরাগ্য-সমুৎপাদনের নিমিত্ত তাহারই অনুবাদ করা হইয়াছে; [প্রমাণসিদ্ধ বিষয়ের উল্লেখকে 'অনুবাদ' কহে]। অভিপ্রায় এই যে, এই সংসার এমনই কষ্ট-কর যে, দেহত্যাগের সময়ে, মর্ম্মগ্রন্থিসমূহ যখন ছিন্ন হইতে থাকে, তখন তাহার [কর্ত্তব্যাকর্ত্তব্য বিষয়ে] স্মরণশক্তি বিলুপ্ত হইয়া যায়; দুঃখ যাত-

(১) তাৎপর্য্য—পঞ্চ প্রাণ, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, মন ও বুদ্ধি এই সপ্তদশ পদার্থের সমবায়ে লিঙ্গ শরীর নির্ম্মিত হয়; ইহাই আত্মার উপাধি। এই লিঙ্গশরীরে থাকিয়াই আত্মা যাহা কিছু ভোগ করিয়া থাকে। মৃত্যুকালে এই লিঙ্গ শরীরই দেহ হইতে বহির্গত হইয়া অপর স্থূল দেহে প্রবেশ করে; এই কারণে তদুপহিত আত্মারও গমনাগমন কল্পিত হইয়া থাকে; নচেৎ সর্ব্বব্যাপী নিঃসঙ্গ আত্মার পক্ষে ভোগ বা গমনাগমন কিছুই সম্ভব হয় না।

নায় কাতর হইয়াও, চিত্ত নিজের বসে না থাকায়, তখন তাহার হিত-সাধনের চেষ্টাতেও সামর্থ্য থাকে না; অতএব যতক্ষণ এই ভীষণ অবস্থা না আইসে, সেই সময়ের মধ্যেই আপনার প্রকৃত হিতসাধনানুষ্ঠানে অপ্রমত্ত মনোযোগী হইবে; শ্রুতি দয়া করিয়া এই উপদেশ করিতেছেন ॥২৮৭॥৩৫॥

স যত্রায়মণিমাণং ন্যেতি জরয়া বোপতপতা বাণিমানং নিগচ্ছতি, যদ্ যথাম্রং বোদুম্বরং বা পিপ্পলং বা বন্ধনাৎ প্রমুচ্যতে, এবমেবায়ং পুরুষ এভ্যোঽঙ্গেভ্যঃ সংপ্রমুচ্য পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি প্রাণায়ৈব ॥২৮৮॥৩৬॥

সম্বন্ধার্থঃ। [অথ কস্মিন্ কালে কিংনিমিত্তম্ ঊর্দ্ধোচ্ছ্বাসী ভবতি, তদাহ—"স যত্র" ইতি।] সঃ (পূর্ব্বোক্তঃ) অয়ং (আত্মা) যত্র (যস্মিন্ কালে) অণিমানং (কার্শ্যং) ন্যেতি (সম্যক্ প্রাপ্নোতি; [কিংনিমিত্তম্, তদাহ—] জরয়া (বার্দ্ধক্যেন) বা, উপতপতা (কষ্টদায়কেন রোগাদিনা) বা অণিমানং নিগচ্ছতি (নিঃশেষেণ নিশ্চয়েন প্রাপ্নোতি); [তদা ঊর্দ্ধো-চ্ছ্বাসী ভবতীতি ভাবঃ]। তৎ (তদা), আম্রং বা, উদুম্বরং বা, পিপ্পলং বা, [এতৎ ত্রয়ং ফলান্তরাণামপি উপলক্ষণম্।] যথা বন্ধাৎ (বৃন্তাৎ) প্রমুচ্যতে (স্খলিতং ভবতি); এবম্ এব অয়ং (আসন্নমৃত্যুঃ) পুরুষঃ, এভ্যঃ অঙ্গেভ্যঃ (চক্ষুঃপ্রভৃতি-দেহাবয়বেভ্যঃ) সংপ্রমুচ্য (নির্গত্য) পুনঃ প্রাণায় এব (প্রাণাদিসাধন-গ্রহণার্থমেব) প্রতিন্যায়ং (যথাগতং—পূর্ব্বগমনবৎ) প্রতি যোনি (জ্ঞানকর্ম্মানুসারেণ বিভিন্নমুৎপত্তিস্থানং) আদ্রবতি (গচ্ছতি); [তদা দেহান্তর-প্রাপ্ত্যর্থং উপাত্তদেহাৎ নির্গচ্ছতীত্যাশয়ঃ] ॥২৮৮॥৩৬॥

মূলানুবাদ। [কোন সময়ে কি কারণে পুরুষের উর্দ্ধশ্বাস উপস্থিত হয়, তাহা বলিতেছেন—] সেই এই পুরুষ যে সময়ে কৃশতা প্রাপ্ত হয়, অর্থাৎ জরা কিংবা সন্তাপকর রোগাদি দ্বারা শুষ্কশরীর হয়, সেই সময়—আম্রফল, কিংবা উদুম্বর (যজ্ঞডুমুর), অথবা অশ্বত্থ-ফল যেমন বৃন্ত হইতে বিচ্যুত হয়, ঠিক তেমনই এই মুমূর্ষু পুরুষ এই সমস্ত দেহাবয়ব হইতে বিমুক্ত হইয়া, পুনর্ব্বার প্রাণাদি সাধন-সমূহ পাইবার নিমিত্ত (প্রতিন্যায়ে অর্থাৎ ইহার পূর্ব্বেও যেরূপে

গমন করিয়াছিল, ঠিক সেইরূপেই (নিজ নিজ কর্ম্মানুযায়ী) উৎপত্তি স্থানের উদ্দেশ্যে ধাবিত হয় ॥২৮৮॥৩৬॥

শাঙ্করভাষ্যম্। তদস্যোর্দ্ধোচ্ছ্বাসিত্বং কস্মিন্ কালে, কিং-নিমিত্তং, কথং, কিমর্থং বা স্যাৎ, ইত্যেতদুচ্যতে—সোঽয়ং প্রাকৃতঃ শিরঃপাণ্যাদিমান্ পিণ্ডঃ, যত্র যস্মিন্ কালে, অয়ম্, অণিমানম্ অণোর্ভাবম্ অণুত্বং কার্শ্যমিত্যর্থঃ, ন্যেতি নিগচ্ছতি। কিংনিমিত্তম্? জরয়া বা স্বয়মেব কালপক্কফলবৎ জীর্ণঃ কার্শ্যং গচ্ছতি; উপতপতীতি উপতপন্ জ্বরাদিরোগঃ, তেনোপতপতা বা; উপতপ্যমানো হি রোগেণ বিষমাগ্নিতয়া অন্নং ভুক্তং ন জরয়তি, ততোঽন্নরসেনানুপচীয়মানঃ পিণ্ডঃ কার্শ্যমাপদ্যতে; তদুচ্যতে—উপতপতা বেতি, অণিমানং নিগচ্ছতি। যদা অত্যন্তকার্শ্যং প্রতিপন্নো জরাদিনিমিত্তৈঃ, তদা উর্দ্ধোচ্ছ্বাসী ভবতি; যদোর্দ্ধোচ্ছ্বাসী, তদা ভৃশাহিত-সম্ভার-শকটবৎ উৎসর্জ্জন্ যাতি। জরাভিভবঃ, রোগাদিপীড়নম্, কার্শ্যা-পত্তিশ্চ শরীরবতোঽবশ্যম্ভাবিন এতেঽনর্থা ইতি বৈরাগ্যায়েদমুচ্যতে। ১

যদা অসৌ উৎসর্জ্জন্ যাতি, তদা কথং শরীরং বিমুঞ্চতীতি দৃষ্টান্ত উচ্যতে—তৎ তত্র যথা আম্রং বা ফলম্, উদুম্বরং বা ফলম্, পিপ্পলং বা ফলম্; বিষমানেকদৃষ্টান্তোপাদানং মরণস্যানিয়তনিমিত্তত্বখ্যাপনার্থম্; অনিয়তানি হি মরণস্য নিমিত্তানি অসংখ্যাতানি চ; এতদপি বৈরাগ্যার্থমেব—যস্মাদয়মনেকমরণনিমিত্তবান্, তস্মাৎ সর্ব্বদা মৃত্যোরাস্যে বর্ত্ততে ইতি। বন্ধনাৎ—বধ্যতে যেন বৃন্তেন সহ, স বন্ধনকারণো রসঃ, যস্মিন্ বা বধ্যতে ইতি বৃন্তমেবোচ্যতে বন্ধনম্; তস্মাৎ রসাদ্ বৃন্তাৎ বা বন্ধনাৎ প্রমুচ্যতে বাতাদ্যনেক-নিমিত্তম্; এবমেব অয়ং পুরুষঃ লিঙ্গাত্মা লিঙ্গোপাধিঃ এভ্যোঽঙ্গেভ্যঃ চক্ষুরাদিদেহাবয়বেভ্যঃ—সম্প্রমুচ্য সম্যক্ নির্লেপেন প্রমুচ্য—ন সুষুপ্ত-গমনকাল ইব প্রাণেন রক্ষন্; কিং তর্হি? সহ বায়ুনা উপসংহৃত্য, পুনঃ প্রতিন্যায়ম্;—পুনঃ-শব্দাৎ পূর্ব্বমপ্যয়ং দেহাদ্দেহান্তরমসকৃৎ গতবান্—যথা স্বপ্নবুদ্ধান্তৌ পুনঃ পুনর্গচ্ছতি, তথা; পুনঃ প্রতিন্যায়ং প্রতিগমনং যথাগতমিত্যর্থঃ, প্রতিযোনি যোনিং যোনিং প্রতি কর্ম্মশ্রুতাদিবশাৎ আদ্রবতি; কিমর্থম্? প্রাণায়ৈব প্রাণব্যূহায়ৈবেত্যর্থঃ; সপ্রাণ এব হি গচ্ছতি, ততঃ প্রাণায়েবেতি বিশেষণমনর্থকম্; প্রাণব্যূহায় হি গমনং দেহাদ্দেহান্তরং প্রতি; তেন হ্যস্য কর্ম্মফল-ভোগার্থসিদ্ধিঃ, ন প্রাণসত্তামাত্রেণ। তস্মাত্তাদর্থ্যার্থং যুক্তং বিশেষণম্—প্রাণব্যূহায়েতি ॥২৮৮॥৩৬॥

টীকা। প্রশ্নচতুষ্টয়মনূদ্য তদুত্তরত্বেন স যত্রেত্যাদি বাক্যমাদায় ব্যাকরোতি—তদ-স্তেত্যাদিনা। প্রশ্নপূর্ব্বকং কার্য্যনিমিত্তং স্বাভাবিকমাগন্তুকং চেতি দর্শয়তি—কিং নিমিত্তমিত্যাদিনা। কথং জরাদিনা কার্য্যপ্রাপ্তিরিত্যাশঙ্ক্যাহ—উপতপ্য-মানো হীতি। যথোক্তনিমিত্তদ্বয়বশাৎ কার্শ্যপ্রাপ্তিং নিগময়তি—অণিমানমিতি। কস্মিন্ কালে ঊর্দ্ধোচ্ছ্বাসিত্বমস্যেতি প্রশ্নস্যোত্তরমুক্তয়া বিধয়া সিদ্ধমিত্যাহ—যদেতি। অবশিষ্টপ্রশ্নত্রয়স্যোত্তরমাহ—যদোর্দ্ধোচ্ছ্বাসীতি। তত্র হি কার্য্যনিমিত্তং সংভৃতশকট-বন্নানাশব্দকরণং স্মরণং শরীরবিমোক্ষণং চ প্রয়োজনমিত্যর্থঃ। স যত্রেত্যাদিবাক্যাদর্থসিদ্ধমর্থ-মাহ—জরেতি। ১

তদযথেত্যাদিবাক্যং প্রশ্নপূর্ব্বকমাদায় ব্যাচষ্টে—যদেত্যাদিনা। ফলং বন্ধনাৎ প্রমু-চ্যত ইতি সম্বন্ধঃ। কিমিতি বিষমানেকদৃষ্টান্তোপাদানমেকেনাপি বিবক্ষিতসিদ্ধেরিত্যা-শঙ্ক্যাহ—বিষমেতি। কথং মরণস্যানিয়তান্যনেকানি নিমিত্তানি সম্ভবন্তীত্যাশঙ্ক্যানুভব-মনুসৃত্যাহ—অনিয়তানীতি। অথ মরণস্যানেকানিয়তনিমিত্তবত্ত্বসংকীর্ত্তনং কুত্রোপ-যুজ্যতে, তত্রাহ—এতদপীতি। তদর্থবত্ত্বমেব সমর্থয়তে—যস্মাদিতি। ইত্য-প্রমত্তৈর্ত্তবিতব্যমিতি শেষঃ। বৃন্তেন সহ ফলং যেন রসেন সম্বধ্যতে, স রসো বন্ধনকারণভূতো বন্ধনং, বৃন্তমেব বা বন্ধনং, যস্মিন্ ফলং বধ্যতে রসেনেতি ব্যুৎপত্তেস্তস্মাৎ বন্ধনাদনেকানিমিত্ত-বশাৎ পূর্ব্বোক্তস্য ফলস্য ভবতি প্রমোক্ষণমিত্যাহ বন্ধনাদিত্যাদিনা। লিঙ্গমাত্রো-পাধিরস্যেতি তদ্বিশিষ্টঃ শারীরস্তথোচ্যতে। সংপ্রমুচ্যাদ্রবতীতি সম্বন্ধঃ। ২

সমিত্যুপসর্গস্য তাৎপর্য্যমাহ—নেত্যাদিনা। যদি স্বপ্নাবস্থায়ামিব মরণাবস্থায়াং প্রাণেন দেহং রক্ষন্নাদ্রবতীতি নাভ্রিয়তে, কেন প্রকারেণ তর্হি তদা দেহান্তরং প্রতি গমন-মিত্যাশঙ্ক্যাহ কিং তর্হীতি। বায়ুনা প্রাণেন সহ করণজাতমুপসংহৃত্যাদ্রবতীতি পূর্ব্ববৎ সম্বন্ধঃ। পুনঃ প্রতিন্যায়মিতি প্রতীকমাদায় পুনঃশব্দস্য তাৎপর্য্যমাহ—পুনরি-ত্যাদিনা। তথা পুনরাদ্রবতীতি সম্বন্ধঃ। যথা পূর্ব্বমিমং দেহং প্রাপ্তবান্, পুনরপি তথৈব দেহান্তরং গচ্ছতীত্যাহ—প্রতিন্যায়মিতি। দেহান্তরগমনে কারণমাহ—কর্ম্মেতি। আদিশব্দেন পূর্ব্বপ্রজ্ঞা গৃহ্যতে। প্রাণব্যূহায় প্রাণানাং বিশেষাভিব্যক্তি-লাভায়েতি যাবৎ। প্রাণায়েতি শ্রুতিঃ কিমর্থমিত্থং ব্যাখ্যায়তে, তত্রাহ—সপ্রাণ ইতি। এতচ্চ তদন্তরপ্রতিপত্ত্যধিকরণে নির্দ্ধারিতম্। প্রাণায়েতি বিশেষণস্যানর্থক্যাদযুক্তং প্রাণ-ব্যূহায়েতি বিশেষণমিত্যাহ—প্রাণেতি। যদ্যপি প্রাণঃ সহ বর্ত্ততে চেৎ, তাবতৈব ভোগ-সিদ্ধেরলং প্রাণব্যূহেনেত্যাশঙ্ক্যাহ—তেন হীতি। অন্যথা সুষুপ্তিমূর্চ্ছয়োরপি ভোগপ্রসক্তে-রিত্যর্থঃ। তাদর্থ্যার্থং প্রাপ্তস্য ভোগশেষবন্নিস্কার্থমিতি যাবৎ। ২৮৮। ৩৬।

ভাষ্যানুবাদ। এই পুরুষের যে, ঐরূপ উর্দ্ধশ্বাস, তাহা কোন সময়ে কি কারণে, কি প্রকারে এবং কি উদ্দেশ্যে হয়, এখন তাহা কথিত হইতেছে।—হস্তপদাদিবিশিষ্ট সেই এই পুরুষ অর্থাৎ দেহপিণ্ড, যে সময়

অণিমা—অণুভাব অর্থাৎ কৃশতা প্রাপ্ত হয়; কৃশতাপ্রাপ্তির কারণ কি? [তদুত্তরে বলিতেছেন—] জরা দ্বারা—কালপক্ক ফলের ন্যায় নিজেই জীর্ণ হইয়া কৃশতা লাভ করে; অথবা উপতপৎ—সন্তাপকর জরাদি রোগ দ্বারাও হইতে পারে; কারণ রোগজনিত সন্তাপগ্রস্ত ব্যক্তির অগ্নিবৈষম্য ঘটে; অগ্নিমান্দ্য নিবন্ধন তখন আর ভুক্ত অন্ন জীর্ণ হইতে পারে না; তাহার ফলে শরীর অন্নরসে পরিপুষ্ট না হইয়া ক্রমশঃ কৃশতা প্রাপ্ত হয়; এই অভিপ্রায় প্রকাশের জন্য বলা হইতেছে—'উপতপতা বা' ইতি। বার্দ্ধক্যাদি নিমিত্ত বশতঃ যখন অত্যন্ত কৃশতা প্রাপ্ত হয়, তখনই পুরুষের ঊর্দ্ধশ্বাস হয়; যখন ঊর্দ্ধশ্বাস হয়, তখন অতি ভারাক্রান্ত শকটের ন্যায় আর্ত্তনাদ করিতে করিতে গমন করে। যাহার শরীর আছে, তাহার পক্ষেই বার্দ্ধক্যের আক্রমণ, রোগযাতনা ও কৃশতাপ্রাপ্তি, এ সমুদয় অনর্থ অবশ্যম্ভাবী; ইহা জানিলে লোকের মনে সহজেই বৈরাগ্য বা অনাশক্তির ভাব আসিতে পারে; এই কারণে এখানে এ সমুদয়ের উল্লেখ করা হইতেছে।১

এই পুরুষ, যে সময়ে শব্দ করিতে করিতে চলিয়া যায়, সে সময় কিরূপে শরীর ত্যাগ করে, তদ্বিষয়ে দৃষ্টান্ত কথিত হইতেছে।—সে বিষয়ে দৃষ্টান্ত এই যে, আম্রফল, কিংবা উদুম্বর ফল, অথবা পিপ্পল ফল (অশ্বত্থ ফল) যেরূপ বন্ধন হইতে—বন্ধন অর্থ- আম্রাদি ফল যাহা দ্বারা বৃন্তের (বোঁটার) সহিত বাঁধা থাকে, বন্ধনসাধন সেই রস, অথবা ফল যাহাতে বদ্ধ থাকে, সেই বৃন্তই 'বন্ধন' শব্দে অভিহিত হইয়াছে। এ সমস্ত ফল যেমন বন্ধন-শব্দবাচ্য রস বা বৃন্ত হইতে বায়ু প্রভৃতি নানাকারণে বিচ্যুত হইয়া থাকে, তেমনি এই পুরুষ অর্থাৎ লিঙ্গশরীরোপহিত আত্মা ও এই সমস্ত অঙ্গ হইতে—চক্ষুঃ প্রভৃতি দেহাবয়ব হইতে সম্প্রমুক্ত হইয়া—সম্পূর্ণ নিঃশেষভাবে—কিন্তু সুষুপ্তিতে প্রবেশের সময় যেরূপ প্রাণ থাকিয়া যায়, সেরূপ নহে, পরন্তু প্রাণবায়ুর সহিত সমস্ত সংগ্রহ করিয়া—সঙ্গে লইয়া পুনর্ব্বার প্রতিন্যায়ে—এখানে 'পুনঃ'শব্দ থাকায় বুঝা যাইতেছে যে, পুরুষ স্বপ্ন ও জাগরণাবস্থায় প্রবেশের ন্যায় ইতঃ পূর্ব্বেও অনেক বার এক দেহ হইতে দেহান্তরে গমন করিয়াছে; এখনও আবার 'প্রতিন্যায়ে' অর্থাৎ পূর্ব্বগতির অনুরূপভাবে, প্রতিযোনিতে অর্থাৎ স্বীয় কর্ম্ম ও জ্ঞানানুসারে যেরূপ যোনিতে জন্মলাভ সম্ভব হয়, সেইরূপ যোনিতে গমন করে; কিসের জন্য? না প্রাণের জন্য

অর্থাৎ—প্রাণসমূহের বিশেষরূপে অভিব্যক্তি লাভের জন্য [গমন করে]। পুরুষত প্রয়াণ কালে প্রাণসহকারেই গমন করিয়া থাকে ; সুতরাং 'প্রাণায় এব' এই বিশেষোক্তি নিরর্থক হইয়া পড়ে; অতএব বলিতে হইবে যে, এখানে প্রাণ অর্থ—প্রাণসমূহের বিশেষভাবেঅভিব্যক্তি ; সেই উদ্দেশ্যেই পুরুষের এক দেহ ছাড়িয়া দেহান্তরে গমন হয় ; এবং তাহা দ্বারাই পুরুষের কর্ম্মফল-ভোগরূপ স্বার্থ সুসিদ্ধ হয়, কিন্তু কেবল প্রাণমাত্র বিদ্যমান থাকিলেই হয় না ; অতএব ঐপ্রকার অভিপ্রায় সিদ্ধির জন্য 'প্রাণব্যূহায়'—এইরূপ বিশেষোক্তি যুক্তিসঙ্গতই বটে। ২

এই শ্রুতিতে যে, আম্র, উদুম্বর ও পিপ্পল, এই বহু দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে, তাহার উদ্দেশ্য—মরণের অনিয়তনিমিত্তত্ব অর্থাৎ সকলের পক্ষে যে, একইপ্রকার মৃত্যুকারণ সংঘটিত হইবে, এরূপ কোনও নিয়ম নাই—ইহা জ্ঞাপন করা ; কেন না, মরণের কারণ অনিশ্চিত এবং অসংখ্য ; ইহাও বৈরাগ্যোৎপাদনার্থই বলা হইয়াছে ; যেহেতু মরণের নিমিত্ত বহুপ্রকার, সেইহেতু মনে রাখা উচিত যে, আমরা সর্ব্বদাই মৃত্যুর মুখে পতিত রহিয়াছি ; [এইরূপ চিন্তার ফলে লোকের মনে সহজেই বৈরাগ্য আসিতে পারে]॥২৮৮ ॥৩৬॥

আভাস ভাষ্যম্। তত্র অস্যেদং শরীরং পরিত্যজ্য গচ্ছতো ন অন্যস্য দেহান্তরস্যোপাদানে সামর্থ্যমস্তি, দেহেন্দ্রিয়বিয়োগাৎ ; ন চান্যেঽস্য ভৃত্য-স্থানীয়াঃ, গৃহমিব রাজ্ঞে, শরীরান্তরং কৃত্বা প্রতীক্ষমাণা বিদ্যন্তে ; অথৈবং সতি কথমস্য শরীরান্তরোপাদানমিতি ?

উচ্যতে।—সর্ব্বং হ্যস্য জগৎ স্বকর্ম্মফলোপভোগসাধনত্বায়োপাত্তম্ ; স্বকর্ম্ম-ফলোপভোগায় চায়ং প্রবৃত্তো দেহাৎ দেহান্তরং প্রতিপিৎসুঃ ; তস্মাৎ সর্ব্বমেব জগৎ স্বকর্ম্মপ্রযুক্তং তৎকর্ম্মফলোপভোগযোগ্যং সাধনং কৃত্বা প্রতীক্ষত এব, "কৃতং লোকং পুরুষোঽভিজায়তে" ইতি শ্রুতেঃ, যথা স্বপ্নাজ্জাগরিতং প্রতি-পিৎসোঃ। তৎ কথমিতি লোকপ্রসিদ্ধো দৃষ্টান্ত উচ্যতে—

আভাসভাষ্যটীকা। তদ্‌যথা রাজানমিত্যাদিবাক্যব্যাবর্ত্ত্যামাশঙ্কামাহ—তত্রেতি। মুমূর্ষাবস্থা সপ্তম্যর্থঃ। অথাস্য স্বয়মসামর্থ্যেঽপি শরীরান্তরকর্ত্তারোঽন্যে ভবিষ্যন্তি, যথা রাজ্ঞো ভৃত্যা গৃহনির্ম্মাতারঃ, তত্রাহ—ন চেতি। স্বয়মসামর্থ্যমন্যেষাং চাসত্ত্বমিতি স্থিতে ফলিতমাহ—অথেতি। তদ্‌যথেত্যাদিবাক্যস্য তাৎপর্য্যং দর্শয়ন্নুত্তরমাহ—উচ্যত ইতি। তৎকৃতস্য স্বকর্ম্মফলোপভোগে সাধনত্বসিদ্ধ্যর্থং সর্ব্বং জগদুপাত্তং, তথাপি দেহাদ্দেহান্তরং

প্রতিপিৎসমানস্ত কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—স্বকর্ম্মেতি। স্বকর্ম্মণেত্যত্র স্বশব্দস্তৎকর্ম্ম-ফলোপভোগযোগ্যমিত্যত্র তচ্ছব্দশ্চ প্রকৃতভোক্তৃবিষয়ৌ। তত্র প্রমাণমাহ—কৃতমিতি। পুরুষো হি ত্যক্তবর্ত্তমানদেহো ভূতপঞ্চকাদিনা নির্ম্মিতমেব দেহান্তরমভিব্যাপ্য জায়ত ইতি শ্রুতেরর্থঃ। উক্তমেবার্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যথেতি। স্বপ্নস্থানাজ্জাগরিতস্থানং প্রতিপত্তুমিচ্ছতঃ শরীরং পূর্ব্বমেব কৃতং নাপূর্ব্বং ক্রিয়তে, তথা দেহাদ্দেহান্তরং প্রতিপিৎসমানস্ত পঞ্চভূতাদিনা কৃতমেব দেহান্তরমিত্যর্থঃ।

আভাসভাষ্যানুবাদ। কথিত বিষয়ে জিজ্ঞাস্য এই যে, পুরুষ যে সময়ে বর্ত্তমান দেহ ত্যাগ করিয়া চলিয়া যায়, সে সময়ে তাহার অপর দেহ গ্রহণ করিবার সামর্থ্য থাকে না; কারণ, তখন তাহার দেহেন্দ্রিয়াদির সহিত সম্বন্ধ বিলুপ্ত হইয়া যায়; অথচ রাজার ভৃত্যগণ যেমন [রাজার গন্তব্য স্থানে অগ্রে যাইয়া] রাজার জন্য গৃহনির্ম্মাণপূর্ব্বক রাজার আগমন প্রতীক্ষা করিতে থাকে, তেমন এই পুরুষের ভৃত্যস্থানীয় এমন অপর কেহই নাই, যাহারা পুরুষের জন্য দেহান্তর নির্ম্মাণপূর্ব্বক পুরুষের আগমন প্রতীক্ষা করিবে; এমত অবস্থায় পরলোকগামী পুরুষের দেহান্তর গ্রহণ করা কিরূপে সম্ভব হয়?

হাঁ, ইহার উত্তর বলা যাইতেছে—এই সমস্ত জগৎই পুরুষের স্বীয় কর্ম্মফল ভোগের সাধনরূপে প্রাপ্ত; সেই পুরুষ স্বীয় কর্ম্মফল উপভোগের নিমিত্তই এক দেহ হইতে দেহান্তরে যাইতে ইচ্ছুক হয়; সুতরাং সমস্ত জগৎই তখন তাহার কর্ম্মদ্বারা পরিচালিত হইয়া, তদীয় কর্ম্মফল ভোগের উপযুক্ত সাধন (শরীরাদি) নির্ম্মাণপূর্ব্বক নিশ্চয়ই প্রতীক্ষা করিতে থাকে। শ্রুতিও একথা বলিয়াছেন—'পুরুষ স্বকৃত লোকেই জন্মলাভ করে' ইতি, উদাহরণ—যেমন স্বপ্নাবস্থা হইতে জাগ্রদবস্থায় প্রবেশের ইচ্ছুক পুরুষের জন্য [ভোগ্য নির্ম্মিত হইয়া থাকে, ইহাও তেমনি] (১)। তাহা যে, কিপ্রকারে হয়, তদ্বিষয়ে লোকপ্রসিদ্ধ দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে—

(১) জীবগণ যখন জাগ্রদবস্থা হইতে অপসৃত হইয়া স্বপ্ন ও সুষুপ্তি অবস্থায় প্রবেশ করে, তখন তাহার বহির্জ্জগতের সহিত কোনরূপ সম্বন্ধ থাকে না; আবার যখন স্বপ্নাবস্থা হইতে জাগ্রদবস্থায় আসিয়া উপস্থিত হইবার পর ভোগ করা আবশ্যক হয়, তখন তাহার ভোগ্য বস্তু যোগায় কে? না, জগৎ; তাহার স্বকীয় কর্ম্ম দ্বারা প্রেরিত হইয়া স্বয়ং জগৎই তাহার উপযুক্ত ভোগ্য সামগ্রী সম্মুখে আনয়ন করিয়া থাকে। এইরূপ—মৃত্যুর পরেও জগৎই জীবের কর্ম্মানুযায়ী ভোগ্য বিষয় সম্পাদন করিয়া থাকে।

বৃহদারণ্যকোপনিষদ্

(দশম ভাগ)

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য বেদান্ত তীর্থ-

কর্ত্তৃক

অনূদিত ও সম্পাদিত।

স্বত্বাধিকারী, প্রকাশক ও সহকারী সম্পাদক

শ্রীঅনিল চন্দ্র দত্ত।

লোটাস্ লাইব্রেরী,

২৮।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

সন ১৩২৫ সাল।

[All rights reserved.]

মূল্য—গ্রাহক-পক্ষে—— ১৲
সাধারণ-পক্ষে—১।৴০

শ্রীভাষ্য।

এই সর্ব্বপ্রথম প্রচারিত হইল।

ইহাতে আছে—(১) বেদব্যাসকৃত সূত্র। (২) পরিচ্ছেদ,—সূত্রস্থ শব্দগুলির বিশ্লেষণ, এবং বঙ্গভাষায় তাহার অর্থ। (৩) সরলার্থ; ভাষ্যের সাহায্য ব্যতীতও ইহা হইতে অনায়াসে ভাষ্যের মর্ম্ম গ্রহণ করা যায়। (৪) শ্রী ভাষ্য; (৫) ভাষ্যোদ্ধৃত প্রমাণগুলির আকার, গ্রন্থের নাম ও শ্লোক সংখ্যাদি নির্দ্দেশ। (৬) বিস্তৃত অনুবাদ; অনুবাদ যতদূর সম্ভব সরল ও ভাষ্যানুযায়ী করা হইয়াছে। (৭) তাৎপর্য্য; নানাবিধ যুক্তি ও প্রমাণের সাহায্যে ভাষ্যের জটিল বিষয়গুলিকে সাধারণের বোধগম্য করিয়া দেওয়া হইয়াছে। সম্পূর্ণ মূল্য ১০৲

নব্যন্যায়—ব্যাপ্তিপঞ্চকম্।

বঙ্গের অতুল গৌরবের সামগ্রী নব্যন্যায়ের প্রকৃত আকরগ্রন্থে এই প্রথম অনুবাদ প্রকাশিত হইল। ব্যাপ্তিপঞ্চকের মূল, অনুবাদ ও ব্যাখ্যা (২০ পৃষ্ঠা) মাথুরী মূল, অনুবাদ ও সুবিস্তৃত ব্যাখ্যা (৪৫৮ পৃষ্ঠা), দীধিতি মূল ও অনুবাদ (৩পৃষ্ঠা) এবং সুবিস্তৃত ভূমিকা (১২৪ পৃষ্ঠা) মধ্যে এই শাস্ত্রেব বহু জ্ঞাতব্য বিষয় ও জগদীশেব তর্কামৃতেব বঙ্গানুবার সন্নিবিষ্ট করা হইযাছে। ব্যাখ্যা সহজ কবিবার জন্য বহু অধুনিক কৌশল অবলম্বিত হইয়াছে। অনুবাদক "আচার্য্য শঙ্কব ও বামানুজ" প্রণেতা শ্রীরাজেন্দ্রনাথ ঘোষ, সংশোধক—পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পার্ব্বতীচরণ তর্কতীর্থ। রয়াল ৮ পেজী ৬০৫ পৃষ্ঠা, উত্তম বাঁধাই মূল্য ৫৲ টাকা।

সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচবণ সাংখ্যবেদান্ততীর্থ
কর্ত্তৃক অনূদিত।

১।২।৩।	ঈশ, কেন, কঠ,	(একত্রে)		মূল্য	২৸০
৩।	কঠ	...	...	,,	১৷৵০
৪।	প্রশ্ন	..	...	,,	৸৵০
৫।	মুণ্ডক	...	...	,,	১৲
৬।	মাণ্ডুক্য	(কাবিকা সমেত)		,,	২৲
৭।	ছান্দোগ্য	...	...	,,	৮৷৵০

ক্রোমপ্যাথি বা বর্ণ-চিকিৎসা।

শ্রীযুক্ত সুরেন্দ্রকৃষ্ণ দত্ত বি, এল্ প্রণীত মূল্য ।০

বঙ্গভাষায় ও দেশে ইহা একটী অমূল্য চিকিৎসা-শাস্ত্র; কেবলমাত্র ৪।৫টি রঙ্গিন শিশি, কাচ ও আলো আবশ্যক। ইহা দরিদ্রদিগের পরম বন্ধু প্রত্যেক গৃহস্থ পরিবারের এই পুস্তক অত্যন্ত প্রয়োজনীয়।

শ্রীমন্মথ নাথ দাস দ্বারা মুদ্রিত, দি, ইউনিয়ান প্রেস। ৬৭।১বলরাম দের ষ্ট্রিট কলিকাতা

তদ্‌যথা রাজানমায়ান্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূত-গ্রামণ্যোঽন্নৈঃ পানৈরাবসথৈঃ প্রতিকল্পন্তেঽয়মায়াত্যয়মাগচ্ছতীত্যেবং হৈবং-বিদং সর্ব্বাণি ভূতানি প্রতিকল্পন্ত ইদং ব্রহ্মায়াতীদমাগচ্ছ-তীতি ॥২৮৯॥৩৭॥

সরলার্থঃ। তৎ (তত্র বিষয়ে) [অয়ং দৃষ্টান্তঃ—] যথা উগ্রাঃ (ক্রূরকর্ম্মাণঃ, চণ্ডশীলা বা) প্রত্যেনসঃ (তস্করাদিদমনকাঃ), সূত-গ্রামণ্যঃ (সূতাঃ সংকরজাতয়ঃ, গ্রামণ্যঃ গ্রামনায়কাঃ চ) রাজানং আয়ান্তং (আগচ্ছন্তং সন্তং) 'অয়ম্ (রাজা) আয়াতি—অয়ম্ আগচ্ছতি' ইতি (এবং কৃত্বা) অন্নৈঃ পানৈঃ আবসথৈঃ (ভবনৈঃ) চ প্রতিকল্পন্তে (প্রতীক্ষন্তে); এবং হ (যথোক্তবৎ এব) এবংবিদং (যথোক্ততত্ত্বদর্শিনং)—ইদং ব্রহ্ম আয়াতি, ইদং (ব্রহ্ম) আগচ্ছতি' ইতি [কৃত্বা] সর্ব্বাণি ভূতানি প্রতিকল্পন্তে—(প্রতীক্ষন্তে ইত্যর্থঃ) ॥ ২৮৯ ॥ ৩৭ ॥

মূলানুবাদ। কথিত বিষয়ে দৃষ্টান্ত এই যে, রাজা আসিতেছেন জানিবা মাত্র, দুষ্টদমনকারী উগ্রজাতি, সূত (অশ্বসারথ্যকারী সংকর জাতি) ও গ্রামাধ্যক্ষগণ যেরূপ 'এই রাজা আসিতেছেন—এই রাজা আসিতেছন' বলিয়া তাহার জন্য নানাপ্রকার অন্নপানীয় ও বাসভবন প্রভৃতির ব্যবস্থা করিয়া প্রতীক্ষা করিতে থাকে, ঠিক সেইরূপ 'এই ব্রহ্ম আসিতেছেন—এই ব্রহ্ম আসিতেছেন' মনে করিয়া সমস্ত ভূতবর্গ দেহবিমুক্ত সেই জ্ঞানীর জন্য প্রতীক্ষা করিতে থাকে ॥ ২৮৯ ॥ ৩৭ ॥

শাঙ্করভাষ্যম্। তৎ তত্র, যথা রাজানং রাজ্যাভিষিক্ত-মায়ান্তং স্বরাষ্ট্রে, উগ্রাঃ জাতিবিশেষাঃ ক্রূরকর্ম্মাণো বা, প্রত্যেনসঃ—প্রতি প্রতি এনসি পাপকর্ম্মণি নিযুক্তাঃ প্রত্যেনসঃ তস্করাদি-দণ্ডনাদৌ নিযুক্তাঃ, সূতাশ্চ গ্রামণ্যশ্চ সূত-গ্রামণ্যঃ, সূতাঃ বর্ণসঙ্করজাতিবিশেষাঃ, গ্রামণ্যঃ গ্রামনেতারঃ,পূর্ব্বমেব রাজ্ঞ আগমনং বুদ্ধ্বা অন্নৈর্ভোজ্যভক্ষ্যাদিপ্রকারৈঃ, পানৈঃ মদিরাদিভিঃ, আবসথৈশ্চ প্রাসাদাদিভিঃ প্রতিকল্পন্তে নিষ্পন্নৈরেব প্রতীক্ষন্তে—অয়ং রাজা আয়াতি অয়মাগচ্ছতীত্যেবং বদন্তঃ। যথা অয়ং দৃষ্টান্তঃ, এবং হ এবংবিদং কর্ম্মফলস্য বেদিতারং সংসারিণমিত্যর্থঃ। কর্ম্মফলং হি প্রস্তুতম্, তৎ এবংশব্দেন পরামৃশ্যতে; সর্ব্বাণি ভূতানি শরীরকর্ত্তৃণি, করণানুগ্রহীতৃণি

চ আদিত্যাদীনি, তৎকর্ম্মপ্রযুক্তানি কৃতৈরেব কর্ম্মফলোপভোগসাধনৈঃ প্রতীক্ষন্তে—ইদং ব্রহ্ম ভোক্তৃ কর্ত্তৃ চাস্মাকমায়াতি, তথা ইদমাগচ্ছতীতি এবমেব চ কৃত্বা প্রতীক্ষন্ত ইত্যর্থঃ ॥২৮৯॥৩৭॥

টীকা। সর্ব্বেষাং ভূতানাং দেহান্তরং কৃত্বা সংসারিণি পরলোকায় প্রস্থিতে প্রতীক্ষণং কেন প্রকারেণেতি প্রশ্নপূর্ব্বকং দৃষ্টান্তবাক্যমুত্থাপ্য ব্যাচষ্টে—তৎ তত্রেত্যাদিনা। তত্র পাপকর্ম্মণি নিযুক্তত্বমেব ব্যনক্তি—তস্করাদীতি। আদিপদেনান্যেঽপি নিগ্রাহ্যা গৃহ্যন্তে। দণ্ডনাদাবিত্যাদিশব্দো হিংসাপ্রভেদসংগ্রহার্থঃ। 'ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়াৎ সূতঃ' ইতি স্মৃতিমাশ্রিত্য সূতশব্দার্থমাহ—বর্ণসঙ্করেতি। ভোজ্যভক্ষ্যাদিপ্রকারৈরিত্যাদিশব্দেন লেহ্যচোষ্যয়োঃ সংগ্রহঃ। মদিরাদিভিরিত্যাদিপদেন ক্ষীরাদি গৃহ্যতে। প্রাসাদাদিভিরিত্যাদিশব্দো গোপুরতোরণাদিগ্রহার্থঃ। বিষয়মাত্রে প্রতীয়মানে কিমিতি কর্ম্মফলস্য বেদিতারমিতি বিশেষোপাদানমিত্যাশঙ্ক্যাহ—কর্ম্মফলং হীতি। তৎকর্ম্মপ্রযুক্তানীত্যত্র তৎশব্দঃ সংসারিবিষয়ঃ। সংসারিণো বস্তুতো ব্রহ্মাভিন্নত্বাৎ তস্মিন্ ব্রহ্মশব্দঃ। অভ্যাসস্তু ভয়ত্রাদরার্থঃ ॥ ২৮৯ ॥ ৩৭ ॥

ভাষ্যানুবাদ। যথোক্ত বিষয়ে দৃষ্টান্ত এইরূপ,—রাজ্যাভিষিক্ত রাজা স্বীয় রাজ্যমধ্যে যাইতেছেন [জানিতে পারিয়া,] প্রত্যেনস্—যাহারা প্রতিনিয়ত পাপকার্য্যে নিরত, সেই তস্কর প্রভৃতির দণ্ডবিধানে নিযুক্ত, উগ্রগণ অর্থাৎ উগ্রনামক জাতিবিশেষ, অথবা যাহারা অত্যন্ত ক্রূরকর্ম্মা, তাহারা এবং সূত ও গ্রামণীগণ, সূত অর্থ—বর্ণসঙ্কর একপ্রকার জাতি, আর গ্রামণী অর্থ—গ্রামের নেতা; তাহারা অগ্রেই রাজার আগমনবার্ত্তা জানিতে পারিয়া যেমন ভোজ্য ভক্ষ্যাদি নানাপ্রকার অন্ন, মদিরা প্রভৃতি বিবিধ পানীয় এবং আবসথ—প্রাসাদ (রাজভবন) প্রভৃতি পূর্ব্ব-সম্পাদিত ভোগ্য পদার্থ দ্বারা 'এই রাজা আসিতেছেন, এই রাজা আসিতেছেন' বলিয়া প্রতীক্ষা করিতে থাকে।

উক্ত দৃষ্টান্তটী যে প্রকার, ঠিক সেই প্রকার এবংবিদ্‌কে—কর্ম্মফলাভিজ্ঞ সংসারীকে লক্ষ্য করিয়া সমস্ত ভূতগণ অর্থাৎ শরীর-নির্ম্মাতৃগণ ও ইন্দ্রিয়াধিপতি সূর্য্যপ্রভৃতি দেবতাগণ, তাহারই কর্ম্ম দ্বারা প্রেরিত হইয়া পূর্ব্বসম্পাদিত কর্ম্মফলের উপভোগসাধনসমূহ লইয়া প্রতীক্ষা করিতে থাকে—'আমাদের ভোক্তা ও কর্ত্তা এই ব্রহ্ম আসিতেছেন—এই আসিতেছেন' এইরূপ করিয়াই অপেক্ষা করিতে থাকেন। এখানে কর্ম্মফলেরই প্রস্তাব রহিয়াছে; এই জন্য 'এবংবিদং' কথার 'এবং' শব্দে সেই কর্ম্মফলই গ্রহণ করা হইয়াছে ॥ ২৮৯ ॥ ৩৭ ॥

তদ্‌যথা রাজানং প্রযিযাসন্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূত-গ্রামণ্যো-ঽভিসমায়ন্ত্যেবমেবেমমাত্মানমন্তকালে সর্ব্বে প্রাণা অভিসমায়ন্তি যত্রৈতদূর্দ্ধোচ্ছ্বাসী ভবতি ॥২৯০॥৩৮॥

ইতি চতুর্থাধ্যায়ে তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥৪॥৩

অন্বয়ার্থঃ। [ইদানীং তৎ সহগামিনঃ প্রদর্শয়িতুমাহ—'তদ্‌যথা' ইত্যাদি।] তৎ (তত্র গমনে) [অয়ং দৃষ্টান্তঃ—] প্রত্যেনসঃ উগ্রাঃ, সূত-গ্রামণ্যঃ যথা—রাজানং প্রযিযাসন্তং (প্রস্থাতুকামং) [জ্ঞাত্বা স্বয়মেব] অভি-সমায়ন্তি (একীভূতাঃ তমনুবর্ত্তন্তে), এবম্ এব (উক্তদৃষ্টান্তবৎ এব) অন্তকালে (মরণসময়ে) যত্র (যস্মিন্ সময়ে) এতৎ (যথা স্যাৎ, তথা) [এষঃ আত্মা] ঊর্দ্ধোচ্ছ্বাসী ভবতি, [তদা] সর্ব্বে প্রাণাঃ (করণবর্গাঃ) ইমং (দেহান্তর-জিগমিষুম্) আত্মানম্ অভিসমায়ন্তি (মিলিতাঃ সন্তঃ অনুগচ্ছন্তি ইত্যর্থঃ) ॥ ২৯০ ॥ ৩৮ ॥

মূলানুবাদ। দুষ্টদমনকারী উগ্রজাতি কিংবা সূত ও গ্রামণীগণ যেমন, রাজা যাইতেছেন জানিয়া তাহার অনুগমন করিয়া থাকে, ঠিক সেইরূপ যে সময়ে এই আত্মার ঊর্দ্ধশ্বাস উপস্থিত হয়, সেই সময়ে—মরণকালে, আত্মা দেহ হইতে বহির্গমনের উপক্রম করিবামাত্র সমস্ত প্রাণ—চক্ষুঃপ্রভৃতি করণবর্গ সেই আত্মার অনুগমন করিয়া থাকে ॥ ২৯০ ॥ ৩৮ ॥

শাঙ্করভাষ্যম্। তমেবং জিগমিষুং কে সহ গচ্ছন্তি ; যে বা গচ্ছন্তি, তে কিং তৎক্রিয়া-প্রণুন্নাঃ—আহোস্বিৎ তৎকর্ম্মবশাৎ স্বয়মেব গচ্ছন্তি—পর-লোক শরীরকর্ত্তৄণি চ ভূতানীতি। অত্রোচ্যতে দৃষ্টান্তঃ—তদ্‌যথা রাজানং প্রযিযা-সন্তং প্রকর্ষেণ যাতুমিচ্ছন্তম্, উগ্রাঃ প্রত্যেনসঃ সূতগ্রামণ্যঃ, তং যথা অভিসমায়ন্তি অভিমুখ্যেন সমায়ন্তি একীভাবেন তমভিমুখা আয়ন্তি অনাজ্ঞপ্তা এব রাজ্ঞা, কেবলং তজ্জিগমিষাভিজ্ঞাঃ, এবমেবেমমাত্মানং ভোক্তারমন্তকালে মরণ-কালে সর্ব্বে প্রাণাঃ বাগাদয়ঃ অভিসমায়ন্তি—যত্রৈতদূর্দ্ধোচ্ছ্বাসী ভবতীতি ব্যাখ্যাতম্ ॥২৯০॥৩৮॥

ইতি বৃহদারণ্যকভাষ্যে চতুর্থাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥৪॥৩॥

টীকা। তদ্যথা রাজানং প্রযিযাসন্তমিত্যাদিবাক্যব্যাবর্ত্ত্যং চোদ্যমুখাপয়তি—তমেবমিতি। বাগাদয়স্তমনুগচ্ছন্তীত্যাশঙ্ক্যাহ—যে বেতি। তৎক্রিয়াপ্রণুন্নাস্তত্ত্বগর্ব্বাগাদিব্যাপারেণ প্রেরিতাঃ সমাহূতা ইতি যাবৎ। যানি চ ভূতানি পরলোকশব্দিতং শরীরং কুর্ব্বন্তি, যানি বা করণানুগ্রাহীতৄণ্যাদিত্যাদীনি, তেষপি যথোক্তপ্রশ্নপ্রবৃত্তিং দর্শয়তি—পরলোকেতি। নাদ্যঃ, পরলোকার্থং প্রস্থিতস্য বাগাদিব্যাপারাভাবাদাহ্বানানুপপত্তেঃ। ন দ্বিতীয়ঃ, ভোক্তৃকর্ম্মণাপি বাগাদিষচেতনেষু স্বয়ংপ্রবৃত্তেরনুপপত্তেরিতি চোদয়িতুরভিমানঃ। উত্তরবাক্যেনো(ণো)ত্তরমাহ—অত্রেত্যাদিনা। মরণকালমেব বিশিনষ্টি—যত্রেতি। অচেতনানামপি রথাদীনাং চেতনপ্রেরিতানাং প্রবৃত্তিদর্শনাৎ বাগাদীনামপি ভোক্তৃকর্ম্মবশাৎ তদাহ্বানমন্তরেণ প্রবৃত্তিঃ সম্ভবতীতি ভাবঃ॥ ২৯০॥ ৩৮॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য
তৃতীয়ং জ্যোতির্ব্রাহ্মণম্॥ ৪। ৩॥

ভাষ্যানুবাদ। সেই আত্মা যে সময়ে এইপ্রকারে পরলোকে প্রস্থান করিতে অভিলাষী হয়, সে সময়ে কাহারা তাহার সহিত গমন করে; এবং যাহারা তাহার সঙ্গে গমন করে, তাহারা কি সেই পুরুষের প্রাক্তন কর্ম্ম দ্বারা প্রেরিত হইয়া গমন করে, অথবা তাহারই কর্ম্মানুসারে উহারা এবং তাহার পারলৌকিক শরীরনির্ম্মাতা ভূতগণ স্বয়ংই তাহার সঙ্গে সঙ্গে গমন করিয়া থাকে? এতদুত্তরে দৃষ্টান্ত বলা হইতেছে—

রাজা অন্যত্র যাইতে ইচ্ছুক হইলে পর, প্রত্যেনস্ উগ্র, এবং সূত ও গ্রামণীবৃন্দ যেমন তাহাকে লক্ষ্য করিয়া গমন করে, অর্থাৎ রাজার আদেশ ব্যতিরেকেও কেবল তাহার আগমনবার্ত্তা অবগত হইয়াই যেমন সকলে একযোগে রাজার অভিমুখে গমন করিয়া থাকে, ঠিক তেমনই অন্তকালে—মৃত্যুসময়ে—যখন ইহার ঊর্দ্ধশ্বাস উপস্থিত হয়, সেই সময়ে সমস্ত প্রাণ অর্থাৎ আত্মার ভোগোপকরণ বাক্ প্রভৃতি এই ভোক্তা আত্মাকে লক্ষ্য করিয়া তদভিমুখে গমন করিয়া থাকে। "ঊর্দ্ধোচ্ছ্বাসী ভবতি" ইত্যাদি কথা পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে॥ ২৯০॥ ৩৮॥

ইতি চতুর্থাধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ॥ ৪॥ ৩॥

চতুর্থং ব্রাহ্মণম্।

আভাসভাষ্যম্। স যত্রায়মাত্মা। সংসারোপবর্ণনং প্রস্তুতম্; তত্রায়ং পুরুষ এভ্যোঽঙ্গেভ্যঃ সম্প্রমুচ্যেত্যুক্তম্। তৎ সম্প্রমোক্ষণং কস্মিন্ কালে কথং বেতি সবিস্তরং সংসরণং বর্ণয়িতব্যমিত্যারভ্যতে—

আভাসভাষ্যানুবাদ। 'স যত্রায়মাত্মা' ইত্যাদি। সম্প্রতি সংসারাবস্থার বর্ণনা চলিতেছে; তাহাতে বলা হইয়াছে যে, 'এই পুরুষ এই সমস্ত অঙ্গ হইতে বিমুক্ত হইয়া, ইত্যাদি। সেই যে, পুরুষের-দেহ বিমোচন, তাহা কোন সময়ে এবং কি প্রকারে হইয়া থাকে, এখন বিস্তৃতভাবে সেই বিষয় বর্ণনা করিতে হইবে, এই উদ্দেশ্যে পরবর্তী প্রকরণ আরব্ধ হইতেছে—

স যত্রায়মাত্মাবল্যং ন্যেত্য সম্মোহমিব ন্যেত্যথৈনমেতে প্রাণা অভিসমায়ন্তি, স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানো হৃদয়মেবান্ববক্রামতি; স যত্রৈষ চাক্ষুষঃ পুরুষঃ পরাঙ্ পর্য্যাবর্ত্ততে হথারূপজ্ঞো ভবতি ।২৯১। ।১।

সরলার্থঃ। সঃ (লোকান্তরজিগমিষুঃ) অয়ম্ আত্মা যত্র (মরণকালে) অবল্যং (অবলভাবং দুর্ব্বলতাং ন্যেত্য (নিশ্চয়েন প্রাপ্য) সম্মোহং (সম্মূঢ়তাং) ইব ন্যেতি (নিঃশেষেণ প্রাপ্নোতি); [অত্র ইব-শব্দপ্রয়োগাৎ সম্মোহস্য বাস্তবতাং নিরস্যতি]; অথ (অনন্তরং) এতে প্রাণাঃ (চক্ষুঃপ্রভৃতয়ঃ) ইমম্ আত্মানং অভিসমায়ন্তি (অভিগচ্ছন্তি)। সঃ (আত্মা) এতাঃ (প্রকৃতাঃ) তেজোমাত্রাঃ (তৈজসানি করণানি) সমভ্যাদদানঃ (সম্যক্ নির্লেপেন গৃহ্নন্—সমাহরন্) হৃদয়ম্ এব অন্ববক্রামতি (হৃদয়মাত্রে অভিব্যক্তবিজ্ঞানঃ ভবতি)।[তত্র বিশেষমাহ—] যত্র (যস্মিন্ কালে) স এষ চাক্ষুষঃ (চক্ষুরনুগ্রাহকঃ) পুরুষঃ (আদিত্যরূপঃ) পরাক্ (পূর্ব্ব-বৈপরীত্যেন) পর্য্যাবর্ত্ততে (নিবর্ত্ততে), অথ (অতঃপরং) অরূপজ্ঞঃ ভবতি, [চক্ষুরনুগ্রাহকস্যাদিত্যপুরুষস্য নিবৃত্তেঃ তস্য রূপজ্ঞানমপি নিবর্ত্ততে ইতি ভাবঃ] ॥২৯১॥ ১॥

মূলানুবাদ। লোকান্তরে প্রস্থানোদ্যত এই পুরুষ যে সময়ে (মৃত্যুকালে) বলহীন হইয়া, সম্মোহ বা বিমূঢ়ভাবই যেন প্রাপ্ত হয়,

তখন চক্ষুঃপ্রভৃতি প্রাণবর্গ এই আত্মার অভিমুখে গমন করে; তখন সেই আত্মা এই সমস্ত তৈজস্ ইন্দ্রিয়বর্গকে সমাহৃত করিয়া হৃৎপিণ্ডে অবস্থান করে। যখন এই চাক্ষুষ পুরুষ অর্থাৎ চক্ষুর অধিদেবতা সূর্য্য স্বকার্য্য হইতে নিবৃত্ত হয়, তখন এই পুরুষ আর শ্বেত-পীতাদি রূপ নিরীক্ষণ করিতে সমর্থ হয় না, অর্থাৎ তখন তাহার রূপ দেখিবার শক্তি বিলুপ্ত হইয়া যায় ॥ ২৯১ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্। সোঽয়মাত্মা প্রস্তুতঃ, যত্র যস্মিন্ কালে, অবল্যম্ অবলভাবম্, নি এত্য গত্বা—যৎ দেহস্য দৌর্ব্বল্যম্,তদাত্মন এব দৌর্ব্বল্যমিত্যুপ-চর্য্যতে—'অবল্যং নেত্য'ইতি। ন হ্যসৌ স্বতঃ অমূর্ত্তত্বাদবলভাবং গচ্ছতি; তথা সম্মোহমিব—সংমূঢ়তা সম্মোহঃ বিবেকাভাবঃ, সম্মূঢ়তামিব, ন্যেতি নিগচ্ছতি ; ন চাস্য স্বতঃ সম্মোহঃ অসম্মোহো বা অস্তি, নিত্যচৈতন্যজ্যোতিঃ-স্বভাবত্বাং; তেন ইবশব্দঃ—সম্মোহমিব ন্যেতীতি। উৎক্রান্তিকালে হি কর-ণোপসংহারনিমিত্তো ব্যাকুলীভাব আত্মন ইব লক্ষ্যতে লৌকিকৈঃ; তথা চ বক্তারো ভবন্তি—সংমূঢ়ঃ সংমূঢ়োঽয়মিতি। অথ বা উভয়ত্র ইবশব্দপ্রয়োগো যোজ্যঃ—অবল্যমিব ন্যেত্য, সম্মোহমিব ন্যেতীতি; উভয়স্য পরোপাধি-নিমিত্তত্বাবিশেষাৎ, সমানকর্ত্তৃকনির্দ্দেশাচ্চ। ১

অথ অস্মিন্ কালে এতে প্রাণাঃ বাগাদয়ঃ এনমাত্মানম্ অভিসমায়ন্তি; তদাস্য শারীরস্যাত্মনঃ অঙ্গেভ্যঃ সম্প্রমোক্ষণম্। কথং পুনঃ সম্প্রমোক্ষণম্, কেন বা প্রকারেণ আত্মানমভিসমায়ন্তীতি উচ্যতে—স আত্মা এতাঃ তেজোমাত্রাঃ তেজসো মাত্রাস্তেজোমাত্রাঃ তেজোঽবয়বাঃ, রূপাদিপ্রকাশকত্বাৎ চক্ষুরাদীনি করণানীত্যর্থঃ; তা এতাঃ সমভ্যাদদানঃ সম্যক্ নির্লেপেন অভ্যাদদানঃ আভিমুখ্যেন আদদানঃ সংহরমাণঃ, তৎ স্বপ্নাপেক্ষয়া বিশেষণং 'সম্' ইতি। ন তু স্বপ্নে নির্লেপেন সম্যগাদানম্; অস্তি তু আদানমাত্রম্; "গৃহীতা বাক্ গৃহীতং চক্ষুঃ" "অস্য লোকস্য সর্ব্বাবতো মাত্রামপাদায়" "শুক্রমাদায়" ইত্যাদিবাক্যেভ্যঃ। ২

হৃদয়মেব পুণ্ডরীকাকাশম্ অন্ববক্রামতি অন্বাগচ্ছতি, হৃদয়ে অভিব্যক্ত-বিজ্ঞানো ভবতীত্যর্থঃ—বুদ্ধ্যাদিবিক্ষেপোপসংসারে সতি। ন হি তস্য স্বত-শ্চলনং বিক্ষেপোপসংহারাদিবিক্রিয়া বা, "ধ্যায়তীব লেলায়তীব" ইত্যুক্তত্বাৎ; বুদ্ধ্যাদ্যুপাধিদ্বারৈব হি সর্ব্ববিক্রিয়া অধ্যারোপ্যতে তস্মিন্। কদা পুনস্তস্য

তেজোমাত্রাভ্যাদানমিতি ? উচ্যতে—সঃ যত্র এষঃ, চক্ষুষি ভবঃ চাক্ষুষঃ পুরুষঃ আদিত্যাংশঃ ভোক্তুঃ কর্ম্মণা প্রযুক্তঃ যাবদ্দেহধারণম্, তাবৎ চক্ষুষোঽনুগ্রহং কুর্ব্বন্ বর্ত্ততে ; মরণকালে তু অস্য চক্ষুরনুগ্রহং পরিত্যজতি, স্বম্ আদিত্যাত্মানং প্রতিপদ্যতে।৩

তদেতদুক্তম্,—"যত্রাস্য পুরুষস্য মৃতস্যাগ্নিং বাগপ্যেতি, বাতং প্রাণশ্চক্ষুরাদিত্যম্" ইত্যাদি ; পুনর্দ্দেহগ্রহণকালে সংশ্রয়িষ্যন্তি , তথা স্বপ্স্যতঃ প্রবুধ্যতশ্চ। তদেতদাহ—চাক্ষুষঃ পুরুষঃ,যত্র যস্মিন্ কালে,পরাঙ্ পর্য্যাবর্ত্ততে—পরি সমন্তাৎ পরাঙ্ ব্যাবর্ত্ততে ইতি ; অথ অত্রাস্মিন্ কালে, অরূপজ্ঞো ভবতি, মুমূর্ষুঃ রূপং ন জানাতি ; তদায়ম্ আত্মা চক্ষুরাদিতেজোমাত্রাঃ সমভ্যাদদানো ভবতি স্বপ্নকাল ইব ॥২৯১॥১॥

টীকা। ব্রাহ্মণান্তরমুত্থাপতি - স যত্রেতি। তস্যাসম্বন্ধং বক্তুমুক্তং কীর্ত্তয়তি—সংসারেতি। বক্ষ্যমাণোপযোগিত্বেনোক্তমর্থান্তরমনুভবতি—তত্রেতি। সংসার-প্রকরণং সপ্তম্যর্থঃ। সম্প্রত্যাকাঙ্ক্ষাপূর্ব্বকমুত্তরব্রাহ্মণমাদত্তে--তৎ সংপ্রমোক্ষণমিতি। এবং ব্রাহ্মণমবতার্য্য তদক্ষরাণি ব্যাকরোতি—সোঽয়মিত্যাদিনা। গত্বা সংমোহমিব ন্যেতীত্যুত্তরত্র সম্বন্ধঃ। কথমাত্মনো দৌর্ব্বল্যং, তদাহ—যদ্দেহস্যেতি। কিমিত্যুপ-চারঃ, মুখ্যমেবাত্মনো দৌর্ব্বল্যং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। যথায়মবলভাবং নিগচ্ছতি, তথা সংমোহং সংমূঢ়তামিব প্রতিপদ্যতে। বিবেকাভাবো হি সংমোহঃ। তথা চ সংমূঢ়তামিব নিগচ্ছতীতি যুক্তমিত্যাহ—তথেতি। ইব-শব্দার্থমাহ—ন চেতি। কথং পুনরাত্মনঃ সমারোপিতোঽপি সংমোহঃ স্যান্নিত্যচৈতন্যজ্যোতিষ্ট্বাদিত্যাশঙ্ক্যাহ—উৎ-ক্রান্তীতি। ব্যাকুলীভাবো লিঙ্গস্যেতি শেষঃ। তত্র লৌকিকীং বার্ত্তামনুকূলয়তি—তথেতি।১

যথাশ্রুতমিবশব্দং গৃহীত্বা বাক্যং ব্যাখ্যায় পক্ষান্তরমাহ—অথবেতি ইবশব্দ-প্রয়োগস্তোভয়ত্র যোজনামেবাভিনয়তি—অবল্যমিতি। উভয়ত্র তদ্যোজনে হেতুমাহ—উভয়স্যেতি। তুল্যপ্রত্যয়েনাবল্যাসংমোহয়োরেককর্ত্তৃকত্বনির্দ্দেশাদপ্যুভয়ত্রেবকারো দ্রষ্টব্য ইত্যাহ—সমানেতি। অথেত্যাদি বাক্যমবতার্য্য ব্যাকুর্ব্বন্ কস্মিন্ কালে তৎ সংপ্রমোক্ষণমিত্যাস্যোত্তরমাহ—অথেত্যাদিনা। কথং বেত্যুক্তং প্রশ্নমনূদ্য প্রশ্নান্তরং প্রস্তৌতি—কথমিতি। অস্যোত্তরত্বেনোত্তর বাক্যমাদায় ব্যাকরোতি—উচ্যত ইত্যা-দিনা। রূপাদিপ্রকাশনশক্তিমৎসত্ত্বপ্রধানভূতকার্য্যত্বাৎ তেজোমাত্রাশ্চক্ষুরাদীনীত্যুক্তং, সংপ্রতি সমভ্যাদদান ইত্যস্যার্থমাহ—তা এতা ইতি। সংহরমাণো হৃদয়মেবাক্রামতী-ত্যন্বয়ঃ। তৎ সমিতি বিশেষণং স্বপ্নাপেক্ষয়েতি সম্বন্ধঃ। কথং স্বপ্নাপেক্ষয়া বিশেষণং, তদাহ—স্বপ্নেতি। আদানমাত্রমপি স্বপ্নে নাস্তীতি কুতস্তদ্ব্যাবৃত্ত্যর্থং বিশেষণমিত্যা-শঙ্ক্যাহ—অস্তীতি।২

স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদান ইত্যেতদ্‌ব্যাখ্যায় হৃদয়মেবেত্যাদি ব্যাচষ্টে—হৃদয়মিত্যাদিনা। সবিজ্ঞানো ভবতীতি বাক্যশেষমাশ্রিত্য বাক্যার্থমাহ—হৃদয় ইতি। কথমাত্মনো নিষ্ক্রিয়স্য তেজোমাত্রাদানকর্তৃত্বমৌপচারিকমিত্যর্থঃ। তর্হি তদ্বিক্ষেপোপসংহর্তৃত্ববৎ তদাদানকর্তৃত্বমপি মুখ্যমেব ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ—ন হীতি। আদিশব্দেন ক্রিয়াবিশেষঃ সর্ব্বো গৃহ্যতে। কথং তর্হি প্রতীচি কর্তৃত্বাদিপ্রথেত্যাশঙ্ক্যাহ—বুদ্ধ্যাদীতি। স যত্রেত্যাদি বাক্যমাকাঙ্ক্ষাপূর্ব্বকমবতার্য্য ব্যাকরোতি—কদা পুনরিত্যাদিনা। তস্য পুরুষশব্দাদ্‌ভোক্তৃত্বে প্রাপ্তে বিশিনষ্টি—আদিত্যাংশ ইতি। তস্য চাক্ষুষত্বং সাধয়তি—ভোক্তুরিত্যাদিনা। যাবদ্দেহধারণমিতি কুতো বিশেষণং, তত্রাহ—মরণকালে ত্বিতি। আদিত্যাংশস্য চক্ষুষমনুগ্রহমকুর্ব্বতঃ স্বাতন্ত্র্যং বারয়তি—স্বমিতি। ৩

মরণাবস্থায়াং চক্ষুরাদ্যনুগ্রাহকদেবতাংশানামধিদেবতাত্মনোপসংহারে শ্রুত্যন্তরং সংবাদয়তি—তদেতদিতি। তর্হি দেহান্তরে বাগাদিরাহিত্যং স্যাদিত্যাশঙ্ক্যাহ—পুনরিতি। সংশ্রয়িষ্যন্তি বাগাদয়স্তত্তদ্দেবতাধিষ্ঠিতা যথাস্থানমিতি শেষঃ। মুমূর্ষোরিব স্বপ্স্যতঃ সর্ব্বাণি করণানি লিঙ্গাত্মনোপসংহ্রিয়ন্তে, প্রবুধ্যমানস্য গোৎপিৎসোরিব তানি যথাস্থানং প্রাদুর্ভবন্তীত্যাহ—তথেতি। উক্তেঽর্থে বাক্যং পাতয়তি—তদেতদাহেতি। পর্য্যাও পর্য্যাবর্ত্তত ইতি রূপবৈমুখ্যং চাক্ষুষং বিবক্ষিতমিতি শেষঃ॥ ॥২১॥১॥

ভাষ্যানুবাদ। যে আত্মার প্রস্তাব চলিয়াছে, সেই আত্মা যে সময়ে অবল্য—অবলভাব (দুর্ব্বলতা) প্রাপ্ত হইয়া যেন সম্মোহই—বিবেকজ্ঞানের অভাবই অর্থাৎ সম্যক্ মূঢ়তাই যেন প্রাপ্ত হয়। এখানে 'অবল্যং ন্যেত্য' কথায় দেহের দুর্ব্বলতাই আত্মার দুর্ব্বলতা বলিয়া আরোপ করা হইতেছে; কারণ, আত্মা যখন অমূর্ত্ত, তখন তাহার পক্ষে স্বাভাবিক দুর্ব্বলতা কখনই সম্ভব হয় না। স্বভাবতঃ নিত্য চৈতন্যজ্যোতিঃস্বরূপ এই আত্মার সম্বন্ধে স্বরূপতঃ কখনই সম্মোহ বা অসম্মোহ কিছুই সম্ভবপর হয় না; এই জন্যই 'ইব' শব্দ—'সম্মোহম্ ইব' প্রযুক্ত হইয়াছে—দেহত্যাগের সময়ে চক্ষুঃ প্রভৃতি করণবর্গ সমাহৃত হয়; তন্নিবন্ধন সাধারণলোকে আত্মারই যেন ব্যাকুলতা মনে করিয়া থাকে; বক্তারাও সেইরূপই বলিয়া থাকে যে, 'এই ব্যক্তি সম্মূঢ়—এই ব্যক্তি সম্মূঢ় (মোহপ্রাপ্ত)'; অথবা 'সম্মোহম্ ইব' এই 'ইব' শব্দটীর উভয় স্থলেই যোজনা করিতে হইবে—'অবল্যম্ ইব ন্যেত্য' (অবলভাবই যেন প্রাপ্ত হইয়া) এবং 'সম্মোহম্ ইব ন্যেতি (যেন সম্মোহই প্রাপ্ত হয়); কেন না, অবল্য ও সম্মোহ—উভয়ই অপরাপর উপাধিসম্বন্ধের ফল এবং 'ন্যেত্য' ও 'ন্যেতি' এই উভয়ের একই কর্ত্তা নির্দ্দিষ্ট হইয়াছে। ১

অতঃপর এই সমস্ত প্রাণ (বাক্‌প্রভৃতি), প্রয়াণোন্মুখ এই আত্মার অভিমুখে ধাবিত হয়; সেই সময়েই এই দেহাবয়ব সমূহ হইতে জীবাত্মার বহির্গমন হয়। কিরূপে দেহত্যাগ হয়, এবং কিপ্রকারেই বা প্রাণসমূহ আত্মাভিমুখী হয়, এখন তাহা কথিত হইতেছে।—এই আত্মা এই সমুদয় তেজোমাত্রা—তেজের মাত্রা অর্থাৎ তেজের অংশ চক্ষুঃপ্রভৃতি করণবর্গ, রূপাদি বিষয়ের প্রকাশ করে বলিয়া [চক্ষুঃ প্রভৃতির তৈজসত্ব প্রমাণিত হয়] (১); এই সকল তেজোমাত্রা সম্যক্—নির্লেপভাবে আদান করত অর্থাৎ উপসংহৃত করত—স্বপ্নাবস্থা অপেক্ষা বিশেষত্ব সূচনার জন্য এখানে 'সম্' (সম্ অভ্যাদদানঃ) বিশেষণটী প্রযুক্ত হইয়াছে; কেন না, 'তখন বাগিন্দ্রিয় গৃহীত হয়, চক্ষুঃ গৃহীত (নির্ব্যাপার কৃত) হয়; এখানকার সমস্ত অবয়ব বিচ্ছিন্ন করিয়া এবং শুক্র (তেজোমাত্রা) লইয়া' ইত্যাদি বাক্য হইতে জানা যায় যে, স্বপ্ন সময়েও ইন্দ্রিয় সমূহ সমাহৃত হয় সত্য, কিন্তু নির্লেপভাবে হয় না; এইজন্য এখানে 'সম্' বিশেষণের প্রয়োগ আবশ্যক হইয়াছে। ২

['হৃদয়ম্ এব অন্ববক্রামতি'] হৃদয়ে—হৃৎপদ্মাকাশে আগমন করে, অর্থাৎ বুদ্ধিপ্রভৃতিজনিত বিক্ষেপ বা চাঞ্চল্য নিবৃত্ত হইলে পর, তখন একমাত্র হৃদয়ে তাহার বিজ্ঞান পরিস্ফুট হয়। "ধ্যায়তীব" ইত্যাদি শ্রুতিবাক্য হইতে জানা যায় যে, আত্মার স্বতঃসিদ্ধ চলন (গমনাগমন) কিংবা বিক্ষেপ ও তন্নিবৃত্তিরূপ বিকার নাই; কেবল বুদ্ধিপ্রভৃতি উপাধিসম্বন্ধ বশতই তাহাতে ঐ সমস্ত বিকার আরোপিত হয় মাত্র। আত্মা কোন সময়ে উক্ত তেজোমাত্রা গ্রহণ করে, তাহা কথিত হইতেছে—যে সময়ে সেই এই চাক্ষুষ পুরুষ—চক্ষুর অনুগ্রাহক অর্থাৎ চক্ষুর কার্য্যে সহায়ভূত আদিত্যাংশ—ভোক্তা জীবের প্রাক্তন কর্ম্মদ্বারা প্রেরিত হইয়া, যতকাল দেহধারণ আবশ্যক হয়, ততকাল চক্ষুর প্রতি অনুগ্রহ-প্রকাশপূর্ব্বক বর্ত্তমান থাকে, কিন্তু মৃত্যু সময় উপস্থিত

(১) তৎপর্য্য -আত্মার ভোগসাধন করণবর্গের মধ্যে পঞ্চপ্রাণ ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয় পঞ্চভূতের রাজস ভাগ হইতে উৎপন্ন হইয়াছে; এইজন্য উহারা ক্রিয়াপ্রধান। এইরূপ চক্ষুঃ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয় সমূহ পঞ্চভূতের সত্বভাগ হইতে উৎপন্ন হইয়াছে; এইজন্য উহারা তৈজস; এবং উহাদের কার্য্য হইতেছে রূপাদি বিষয়কে প্রকাশ করা। এইজন্য এখানে ভাষ্যকার 'রূপাদিপ্রকাশকত্বাৎ' এই হেতুর উপন্যাস করিয়াছেন। সত্ত্বগুণের পরিণাম বলিয়াই চক্ষুঃ শ্বেত পীতাদি রূপ প্রকাশ করিতে সমর্থ হয়।

হইলে, এই ভোক্তার চক্ষুর প্রতি অনুগ্রহ পরিত্যাগ করিয়া স্বীয় আদিত্যভাব প্রাপ্ত হয়, [সেই সময়ে]।৩

এই কথা অন্যত্রও উক্ত হইয়াছে—'যে সময়ে এই মৃত পুরুষের বাগিন্দ্রিয় অগ্নিকে, প্রাণ বায়ুকে এবং চক্ষুঃ আদিত্যকে প্রাপ্ত হয়' ইত্যাদি ; জীব পুনর্ব্বার যখন নূতন দেহ গ্রহণ করে, তখন এই চাক্ষুষ পুরুষই আবার সেই দেহকে আশ্রয় করিবে ; স্বপ্ন এবং প্রবোধকালেও এইরূপ ব্যবস্থা অর্থাৎ স্বপ্নকালে ইন্দ্রিয়গণের বৃত্তি লয় হয়, প্রবোধ সময়ে আবার প্রাদুর্ভাব হয়। সেই কথাই এখানে বলিতেছেন—চাক্ষুষ পুরুষ যে সময়ে পরাবৃত্ত হয়, অর্থাৎ সর্ব্বতোভাবে ব্যাপারহীন হয় ; এই সময়ে ভোক্তা পুরুষ অরূপজ্ঞ হয়, অর্থাৎ তখন তাহার আর রূপ বিষয়ে জ্ঞান থাকে না ; কারণ, মুমূর্ষ ব্যক্তি ত কোনপ্রকার রূপ অনুভব করিতে পারে না। এই আত্মা স্বপ্নসময়ের ন্যায় এ সময়েও চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়ের তেজোমাত্রা গ্রহণ করিয়া থাকে। ২৯১ ॥ ১

একীভবতি ন পশ্যতীত্যাহুরেকীভবতি ন জিঘ্রতীত্যাহুরেকীভবতি ন রসয়ত ইত্যাহুরেকীভবতি ন বদতীত্যাহুরেকীভবতি ন মনুত ইত্যাহুরেকীভবতি ন স্পৃশতীত্যাহুরেকীভবতি ন বিজানাতীত্যাহুঃ, তস্য হৈতস্য হৃদয়স্যাগ্রং প্রদ্যোততে, তেন প্রদ্যোতেনৈষ আত্মা নিষ্ক্রামতি। চক্ষুষ্টো বা মূর্দ্ধ্নো বান্যেভ্যো বা শরীরদেশেভ্যস্তমুৎক্রামন্তং প্রাণোঽনূৎক্রামতি, প্রাণমনূৎক্রামন্তং সর্ব্বে প্রাণা অনূৎক্রামন্তি, সবিজ্ঞানো ভবতি সবিজ্ঞানমেবান্ববক্রামতি। তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে পূর্ব্বপ্রজ্ঞা চ ॥ ২৯২॥২ ॥

সরলার্থঃ। [অত্র লোকসংবাদম্ অনুকূলয়িতুমাহ—'একীভবতি' ইত্যাদি।] [অস্য মুমূর্ষোঃ] একীভবতি ন পশ্যতি (চক্ষুরিন্দ্রিয়ং লিঙ্গদেহেনাভিন্নং জাতম্, অতঃ দর্শনব্যাপারং ন করোতি) ইতি আহুঃ (কথয়ন্তি) [লৌকিকাঃ] ; তথা একীভবতি, [অতঃ] ন জিঘ্রতি ইতি আহুঃ ; [রসনেন্দ্রিয়ম্] একীভবতি, [অতঃ] ন রসয়তে (রসাস্বাদং ন করোতি) ইতি আহুঃ ; [শ্রবণেন্দ্রিয়ং] একীভবতি ন শৃণোতি, ইতি আহুঃ ; [মনঃ] একীভবতি, ন মনুতে, ইতি আহুঃ ; [ত্বগিন্দ্রিয়ং] একীভবতি, ইতি ন

স্পৃশতি ইতি আহুঃ; [বুদ্ধিঃ] একীভবতি, ন বিজনাতি, ইতি আহুঃ। [তদানীং] তস্য এতস্য (সর্ব্বেন্দ্রিয়াশ্রয়স্য) হৃদয়স্য অগ্রং (আত্মনির্গমনদ্বারম্) প্রদ্যোততে (আত্মজ্যোতিষা প্রকাশতে); এষঃ (প্রকৃতঃ মুমূর্ষুঃ) আত্মা তেন প্রদ্যোতেন (প্রকাশমানহৃদয়াগ্রেণ) নিষ্ক্রামতি (বহির্নির্গচ্ছতি)।

[অথ বহির্গমনে দ্বারভেদানাহ—] চক্ষুষ্টঃ (আদিত্যলোকপ্রাপ্ত্যর্থং চক্ষুষঃ) বা, মূর্দ্ধ্নঃ (ব্রহ্মলোকপ্রাপ্তয়ে ব্রহ্মরন্ধ্রাৎ), [জ্ঞান-কর্ম্মাদিবিভেদেন] অন্যেভ্যঃ শারীর-দেশেভ্যঃ (অঙ্গ-প্রত্যঙ্গেভ্যঃ) উৎক্রামন্তং (বহির্নির্গচ্ছন্তং) তং (আত্মানং) অনু (লক্ষ্যীকৃত্য) প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) উৎক্রামতি; প্রাণম্ উৎক্রামন্তং অনু, সর্ব্বে প্রাণাঃ (বাগাদয়ঃ) উৎক্রামন্তি।

[তদাপি আত্মা] সবিজ্ঞানঃ (বাসনাময় বিশেষজ্ঞানসম্পন্নঃ) এব ভবতি; তথা সবিজ্ঞানং (বিজ্ঞানযুক্তং যথা স্যাৎ, তথা) এব অন্ববক্রামতি (গন্তব্যং স্থানম্ অনুগচ্ছতি)। [তদা] বিদ্যা-কর্ম্মণী (বিদ্যা—উপাসনা, কর্ম্ম চ বিহিতপ্রতিষিদ্ধানুষ্ঠানম্, তে), পূর্ব্বপ্রজ্ঞা (প্রাক্তনকর্ম্মফলানুভবজনিতা বাসনা) চ তং (পরলোকপ্রস্থিতং) সমন্বারভেতে (সম্যক্ অনুগচ্ছতঃ) ॥ ২৯২ ॥ ২ ॥

মূলানুবাদ। [এ বিষয়ে লোকপ্রসিদ্ধি প্রদর্শন করিতেছেন—] এবংবিধ মুমূর্ষুকে লক্ষ্য করিয়া লোকে বলিয়া থাকে যে, [এখন ইহার] চক্ষুরিন্দ্রিয় হৃদয়ে যাইয়া একীভূত হইতেছে, অতএব আঘ্রাণ করিতেছে না; ঘ্রাণেন্দ্রিয় একীভূত হইতেছে; অতএব দেখিতে পাইতেছে না; জিহ্বা একীভূত হইতেছে, অতএব রসাস্বাদ করিতে পারিতেছে না; বাগিন্দ্রিয় একীভূত হইতেছে; অতএব কথা বলিতেছে না; শ্রবণেন্দ্রিয় একীভূত হইতেছে; অতএব শ্রবণ করিতেছে না; মনঃ একীভূত হইতেছে; অতএব চিন্তা করিতেছে না; ত্বগিন্দ্রিয় একীভূত হইতেছে; অতএব স্পর্শানুভব করিতেছে না; বুদ্ধি একীভূত হইতেছে; অতএব বিশেষ জ্ঞান করিতেছে না।

সে সময়ে সেই এই হৃদয়ের অগ্রভাগ অর্থাৎ আত্মা যে পথে নির্গত হইবে, সেই নাড়ীদ্বার আত্মজ্যোতিঃ দ্বারা উদ্ভাসিত হয়; সেই

হৃদয়াগ্রপথে আত্মা নির্গত হয়। [ভবিষ্যৎ ফলানুসারে বহির্গমনের পথ অনেকপ্রকার হইতে পারে, এখন তাহা বলিতেছেন—] সূর্য্যলোকে যাইতে হইলে চক্ষুঃ-পথে ব্রহ্মলোকে যাইতে হইলে, ব্রহ্মরন্ধ্র পথে, [অন্যান্য স্থানে যাইতে হইলে,] অন্যান্য শরীরাবয়ব দ্বারা নিষ্ক্রান্ত হয়। আত্মা উৎক্রমণ করিবার সময়, তাহাকে লক্ষ্য করিয়া প্রাণ উৎক্রমণ করিতে থাকে; প্রাণ উৎক্রমণ করিবার সময়, তাহাকে লক্ষ্য করিয়া অপর সমস্ত প্রাণ বা ইন্দ্রিয়বর্গ উৎক্রমণ করিতে থাকে। [উৎক্রমণ কালেও] আত্মা বিজ্ঞানসম্পন্নই (জ্ঞান-বাসনাযুক্তই) থাকে, এবং সেই বিজ্ঞান সহকারেই পরলোকে প্রস্থান করে, তখন তাহার ঐহিক উপাসনা ও কর্ম্ম এবং প্রাক্তন জ্ঞানসংস্কারও সঙ্গে সঙ্গে অনুগমন কবিতে থাকে ॥ ২৯২ ॥ ২

শাঙ্করভাষ্যম্। একীভবতি করণজাতং স্বেন লিঙ্গাত্মনা, তদৈনং পার্শ্বস্থা আহুঃ পশ্যতীতি; তথা ঘ্রাণদেবতানিবৃত্তৌ ঘ্রাণমেকীভবতিলিঙ্গাত্মনা, তদা ন জিঘ্রতীত্যাহুঃ। সমানমন্যৎ। জিহ্বায়াং সোমো বরুণো বা দেবতা, তন্নিবৃত্ত্যপেক্ষয়া ন রসয়তে ইত্যাহুঃ। তথা ন বদতি ন শৃণোতি ন মনুতে ন স্পৃশতি ন বিজানাতীত্যাহুঃ। তদা উপলক্ষ্যতে দেবতানিবৃত্তিঃ, করণানাঞ্চ হৃদয়ে একীভাবঃ। তত্র হৃদয়ে উপসংহৃতেষু করণেষু যোহন্তর্ব্যাপারঃ, স কথ্যতে,—তস্য হ এতস্য প্রকৃতস্য হৃদয়স্য হৃদয়চ্ছিদ্রস্যেত্যেতৎ, অগ্রং নাড়ীমুখং নির্গমনদ্বারং প্রদ্যোততে, স্বপ্নকাল ইব স্বেন ভাসা তেজোমাত্রাদানকৃতেন, স্বেনৈব জ্যোতিষা আত্মনৈব চ; তেনাত্মজ্যোতিঃ-প্রদ্যোতেন হৃদয়াগ্রেণ, এষ আত্মা বিজ্ঞানময়ঃ লিঙ্গোপাধিঃ নির্গচ্ছতি নিষ্ক্রামতি। তথা আথর্ব্বণে —"কস্মিন্ ন্বহমুৎক্রান্ত উৎক্রান্তো ভবিষ্যামি, কস্মিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামীতি স প্রাণমসৃজত' ইতি।১

তত্র চ আত্মচৈতন্যজ্যোতিঃ সর্ব্বদাভিব্যক্ততরম্, তদুপাধিদ্বারা হ্যাত্মনি জন্মমরণগমনাগমনাদি-সর্ব্ববিক্রিয়ালক্ষণঃ সংব্যবহারঃ, তদাত্মকং হি দ্বাদশবিধং করণম্ বুদ্ধ্যাদি, তৎ সূত্রম্, তৎ জীবনম্, সোহন্তরাত্মা জগতস্তস্থুষশ্চ। তেন প্রদ্যোতেন হৃদয়াগ্রপ্রকাশেন নিষ্ক্রমমাণঃ কেন মার্গেণ নিষ্ক্রামতীত্যুচ্যতে—চক্ষুষ্টো বা আদিত্যলোকপ্রাপ্তিনিমিত্তং, জ্ঞানং কর্ম্ম বা যদি স্যাৎ; মূর্দ্ধো বা, ব্রহ্মলোকপ্রাপ্তিনিমিত্তং চেৎ; অন্যেভ্যো

বা শরীরদেশেভ্যঃ শরীরাবয়বেভ্যঃ যথাকর্ম্ম যথাশ্রুতম্। তং বিজ্ঞানাত্মানমুৎক্রামন্তং পরলোকায় প্রস্থিতং পরলোকায় উদ্ভূতাকূতমিত্যর্থঃ। ২

প্রাণঃ সর্ব্বাধিকারিস্থানীয়ঃ রাজ্ঞ ইব অনুৎক্রামতি; তঞ্চ প্রাণমনুৎক্রামন্তম্ বাগাদয়ঃ সর্ব্বে প্রাণা অনুৎক্রামন্তি। যথাপ্রধানান্বাচিখ্যাসেয়ম্, ন তু ক্রমেণ সার্থবদ্গমনমিহ বিবক্ষিতম্। তদা এষ আত্মা সবিজ্ঞানো ভবতি—স্বপ্ন ইব বিশেষবিজ্ঞানবান্ ভবতি কর্ম্মবশাৎ ন স্বতন্ত্রঃ। স্বাতন্ত্র্যেণ হি সবিজ্ঞানত্বে সর্ব্বঃ কৃতকৃত্যঃ স্যাৎ; নৈব তু তল্লভ্যতে; অতএবাহ ব্যাসঃ,—"সদা তদ্ভাবভাবিতঃ" ইতি; কর্ম্মণা তু উদ্ভাব্যমানেন অন্তঃকরণবৃত্তিবিশেষাশ্রিতবাসনাত্মকবিশেষবিজ্ঞানেন সর্ব্বো লোক এতস্মিন্ কালে সবিজ্ঞানো ভবতি; সবিজ্ঞানমেব চ গন্তব্যম্ অন্ববক্রামতি অনুগচ্ছতি, বিশেষবিজ্ঞানোদ্ভাসিতমেবেত্যর্থঃ। তস্মাৎ তৎকালে স্বাতন্ত্র্যার্থং যোগধর্ম্মানুসেবনম্, পরিসংখ্যানাভ্যাসশ্চ, বিশিষ্টপুণ্যোপচয়শ্চ শ্রদ্দধানৈঃ পরলোকার্থিভিরপ্রমত্তৈঃ কর্ত্তব্য ইতি। সর্ব্বশাস্ত্রাণাং যত্নতো বিধেয়োঽর্থঃ—দুশ্চরিতাচ্চোপরমণম্।৩

ন হি তৎকালে শক্যতে কিঞ্চিৎ সম্পাদয়িতুম্, কর্ম্মণা নীয়মানস্য, স্বাতন্ত্র্যাভাবাৎ; "পুণ্যো বৈ পুণ্যেন কর্ম্মণা ভবতি, পাপঃ পাপেন"ইত্যুক্তেঃ। এতস্য হি অনর্থস্যোপশমোপায়বিধানায় সর্ব্বশাখোপনিষদঃ প্রবৃত্তাঃ; ন হি তদ্বিহিতোপায়ানুসেবনং মুক্ত্বা আত্যন্তিকোঽস্যানর্থস্যোপশমোপায়োঽস্তি। তস্মাদত্রৈবোপনিষদ্বিহিতোপায়ে যত্নপরৈর্ভবিতব্যমিত্যেষ প্রকরণার্থঃ। ৪

শকটবৎ সম্ভৃতসম্ভার উৎসর্জ্জন্ যাতীত্যুক্তম্; কিং পুনস্তস্য পরলোকায় প্রবৃত্তস্য পথ্যদনং শাকটিকসম্ভারস্থানীয়ম্, গত্বা বা পরলোকং যদ্ভুঙ্‌ক্তে, শরীরাদ্যারম্ভকং চ যৎ, তৎ কিম্—ইত্যুচ্যতে—তং পরলোকায় গচ্ছন্তম্ আত্মানং বিদ্যা-কর্ম্মণী—বিদ্যা চ কর্ম্ম চ বিদ্যাকর্ম্মণী; বিদ্যা সর্ব্বপ্রকারা—বিহিতা, প্রতিষিদ্ধা, অবিহিতা, অপ্রতিষিদ্ধা চ; তথা কর্ম্ম—বিহিতম্, প্রতিষিদ্ধঞ্চ, অবিহিতম্, অপ্রতিষিদ্ধঞ্চ, সমন্বারভেতে সম্যক্ অন্বারভেতে অন্বালভেতে অনুগচ্ছতঃ; পূর্ব্বপ্রজ্ঞা চ—পূর্ব্বানুভূতবিষয়া প্রজ্ঞা পূর্ব্বপ্রজ্ঞা অতীতকর্ম্মফলানুভববাসনেত্যর্থঃ। ৫

সা চ বাসনা অপূর্ব্বকর্ম্মারম্ভে কর্ম্মবিপাকে চ অঙ্গং ভবতি; তেন অসাবপি অন্বারভতে; ন হি তয়া বাসনয়া বিনা কর্ম্ম কর্ত্তুং ফলঞ্চোপভোক্তুং শক্যতে; নহি অনভ্যস্তে বিষয়ে কৌশলমিন্দ্রিয়াণাং ভবতি; পূর্ব্বানুভববাসনাপ্রবৃত্তানাং তু ইন্দ্রিয়াণামিহাভ্যাসম্ অন্তরেণ কৌশলম্

উপপদ্যতে। দৃশ্যতে চ কেষাঞ্চিৎ কাসুচিৎ ক্রিয়াসু চিত্রকর্ম্মাদিলক্ষণাসু বিনৈব ইহ অভ্যাসেন, জন্মত এব কৌশলম্; কাসুচিদত্যন্তসৌকর্য্যযুক্তাস্বপি অকৌশলং কেষাঞ্চিৎ; তথা বিষয়োপভোগেষু স্বভাবত এব কেষাঞ্চিৎ কৌশলাকৌশলে দৃশ্যেতে। ৬

তচ্চৈতৎ সর্ব্বং পূর্ব্বপ্রজ্ঞোদ্ভবানুদ্ভবনিমিত্তম্, তেন পূর্ব্বপ্রজ্ঞয়া বিনা কর্ম্মণি বা ফলোপভোগে বা ন কস্যচিৎ প্রবৃত্তিরুপপদ্যতে; তস্মাদেতৎ এয়ং শাকটিকসম্ভারস্থানীয়ং পরলোকপথ্যদনং বিদ্যা-কর্ম্ম-পূর্ব্বপ্রজ্ঞাখ্যম্। যস্মাদ্বিদ্যাকর্ম্মণী পূর্ব্বপ্রজ্ঞা চ দেহান্তরপ্রতিপত্ত্যুপভোগসাধনম্, তস্মাদ্বিদ্যাকর্ম্মাদি শুভমেব সমাচরেৎ, যথা ইষ্টদেহসংযোগভোগোপভোগৌ স্যাতামিতি প্রকরণার্থঃ ॥ ২৯২॥২ ॥

টীকা। তর্হি ভোক্তুরূপসংহৃতং চক্ষুরনাভাবীভূতমিত্যাশঙ্ক্যাহ—একীতি। উক্তেঽর্থে লোকপ্রসিদ্ধিং দর্শয়তি—তদেতি। চক্ষুষি দর্শিতং ঘ্রাণেঽতিদিশতি—তথেতি। যথা চক্ষুর্দ্দেবতায়া নিবৃত্তৌ লিঙ্গাত্মনা চক্ষুরেকীভবতি, তথা ঘ্রাণদেবতাংশস্য ঘ্রাণানুগ্রহনিবৃত্তিদ্বারেণাংশিদেবতয়ৈক্যে লিঙ্গাত্মনা চক্ষুরেকী ভবতীত্যর্থঃ। তন্নিবৃত্ত্যপেক্ষয়া বরুণাদিদেবতায়া জিহ্বায়ামনুগ্রহনিবৃত্তৌ জিহ্বায়া লিঙ্গাত্মনৈক্যাপেক্ষয়েত্যর্থঃ। তত্তদনুগ্রাহকদেবতাংশস্য তত্র তত্রানুগ্রহনিবৃত্ত্যা তত্তদংশিদেবতাপ্রাপ্তৌ তত্তৎকরণস্য লিঙ্গাত্মনৈক্যং ভবতীত্যভিপ্রেত্যাহ—তথেতি। মরণদশায়াং রূপাদিদর্শনরাহিত্যমর্থদ্বয়সাধকমিত্যাহ—তদেতি। তস্য হৈতস্যেত্যাদি বাক্যমুপাদত্তে—তত্রেতি। মুমূর্ষাবস্থা সপ্তম্যর্থঃ। কেনায়ং প্রদ্যোতো ভবতীত্যপেক্ষায়ামাহ—স্বপ্নেতি। যথা স্বপ্নকালে স্বেন ভাসা। স্বেন জ্যোতিষা প্রস্বপিতীতি ব্যাখ্যাতম্, তথাত্রাপি তেজোমাত্রাণাং যদাদানং, তৎকৃতেন বাসনারূপেণ স্বেন ভাসা স্বেন চাত্মনা চৈতন্যজ্যোতিষা হৃদয়াগ্রপ্রদ্যোতনমিত্যর্থঃ। তস্যার্থক্রিয়াং দর্শয়তি—তেনেতি। কিমিতি লিঙ্গদ্বারাত্মনো নির্গমনং প্রতিজ্ঞায়তে, তত্রাহ—তথেতি। ১

যদি মরণকালে তেজোমাত্রাদানং ন, তর্হি সদা লিঙ্গোপাধিরাত্মেত্যাশঙ্ক্যাহ—তত্র চেতি। সপ্তম্যা লিঙ্গমুচ্যতে, সর্ব্বদেতি লিঙ্গসত্তাদশোক্তিঃ। আত্মোপাধিভূতে লিঙ্গে কিং প্রমাণমিত্যাশঙ্ক্যাত্মনি কূটস্থে সংব্যবহারদর্শনমিত্যাহ—তদুপাধীতি। চক্ষুরাদিপ্রসিদ্ধিরপি প্রমাণমিত্যাহ—তদাত্মকং হীতি। একাদশবিধং করণমিত্যভ্যুপগমাৎ কুতো দ্বাদশবিধত্বমিত্যাশঙ্ক্য বিশিনষ্টি—বুদ্ধ্যাদীতি। 'বায়ুর্বৈ গৌতম তৎ সূত্রম্' ইত্যাদি শ্রুতিরপি যথোক্তে লিঙ্গে প্রমাণমিত্যাহ—তৎ ত্রয়মিতি। জগতো জীবনমপি তত্র মানমিত্যাহ—তজ্জীবনমিতি। 'এষ সর্ব্বভূতান্তরাত্মা' ইতি শ্রুতিরপি যথোক্তং লিঙ্গং সাধয়তীত্যাহ—সোঽন্তরাত্মেতি। লিঙ্গোপাধেরাত্মনো যথোক্তপ্রকাশেন মরণকালে হৃদয়াৎ নিষ্ক্রমণে মার্গং প্রশ্নপূর্ব্বকমুত্তরবাক্যেনো(ণো)পদিশতি—তেনেত্যাদিনা। চক্ষুষ্টো বেতি বিকল্পে নিমিত্তং সূচয়তি—আদিত্যেতি। মূর্ধ্নো বেতি বিকল্পে হেতুমাহ—

ব্রহ্মলোকেতি। তৎপ্রাপ্তিনিমিত্তং চেৎ জ্ঞানং কর্ম্ম বা তাদিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। দেহাবয়বান্তরেভ্যো নিষ্ক্রমণে নিয়ামকমাহ—যথেতি। কথং পরলোকায় প্রস্থিতমিত্যুচ্যতে, প্রাণগমনাধীনত্বাদ্ বিজ্ঞানাত্মগমনস্যেত্যাশঙ্ক্যাহ—পরলোকায়েতি। ২

নমু জীবস্য প্রাণাদিতাদাত্ম্যে সতি কথমনুগমনেন ক্রমো বিবক্ষ্যতে, তত্রাহ—যথাপ্রধানেতি। প্রধানমনতিক্রম্য হীয়মব্যাখ্যানেচ্ছা। তথা চ জীবাদেঃ প্রাধান্যাভিপ্রায়েণানুশব্দপ্রয়োগো ন ক্রমাভিপ্রায়েণ, দেশকালভেদাভাবাদিত্যর্থঃ। সার্থে সমূহে, ব্যক্তিষু ক্রমেণ গমনং দৃশ্যতে, ন তথা প্রাণাদিম্বিতি ব্যতিরেকঃ। যদুক্তং হৃদয়াগ্রপ্রদ্যোতনং, তৎ সবিজ্ঞানশ্রুত্যা প্রকটয়তি—তদেতি। কর্ম্মবশাদিতি বিশেষণং সাধয়তি—নেতি। বিপক্ষে দোষমাহ—স্বাতন্ত্র্যেণেতি। ইষ্টাপত্তিমাশঙ্ক্যাহ—নৈবেতি। মুমূর্ষোরস্বাতন্ত্র্যে মানমাহ—অত এবেতি। কর্ম্মবশাদুক্তং সবিজ্ঞানত্বমুপসংহরতি—কর্ম্মণেতি। অন্তঃকরণস্য বৃত্তিবিশেষো ভাবিদেহবিষয়স্তদাশ্রিতং তদ্রূপং যথাসনাত্মকং বিশেষবিজ্ঞানং তেনেতি যাবৎ। ম্রিয়মাণস্য সবিজ্ঞানত্বে সত্যর্থসিদ্ধমর্থমাহ—বিজ্ঞানমেবেতি। গন্তব্যস্য সবিজ্ঞানত্বং বিজ্ঞানাশ্রয়ত্বমিত্যাশঙ্ক্য বিশিনষ্টি—বিশেষেতি প্রাগেবোৎক্রান্তে সবিজ্ঞানত্বাদিশ্রুতেস্তাৎপর্য্যমাহ—তস্মাদিতি। পুরুষস্য কর্ম্মানুসারিত্বং তচ্ছব্দার্থঃ যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ। তস্য ধর্ম্মা যমনিয়মপ্রভৃতয়ঃ। তেষামনুসেবনং পুনঃ পুনরাবর্ত্তনম্। পরিসংখ্যানাভ্যাসো যোগানুষ্ঠানম্। কর্ত্তব্য ইতি প্রকৃতশ্রুতেবিধেয়োঽর্থ ইতি শেষঃ। ৩

কিঞ্চ পুণ্যোপচয়কর্ত্তব্যতারূপেঽর্থে সর্ব্বমেব বিধিকাণ্ডং পর্য্যবসিতমিত্যাহ—সর্ব্বশাস্ত্রাণামিতি। সর্ব্বস্মাদাপাপাদ্দুশ্চরিতাদুপরমণং কর্ত্তব্যমিত্যস্মিন্নর্থে নিষেধশাস্ত্রমপি পর্য্যবসিতমিত্যাহ—দুশ্চরিতাচ্চেতি। নমু পূর্ব্বং যথেষ্টচেষ্টাং কৃত্বা মরণকালে সর্ব্বমেতৎ সংপাদয়িষ্যতে, নেত্যাহ—ন হীতি। কর্ম্মণা নীয়মানত্বে মানমাহ—পুণ্য ইতি। তর্হি পুণ্যোপচয়াদেব যথোক্তানর্থনিবৃত্তের্ব্যর্থং তত্ত্বজ্ঞানমিত্যাশঙ্ক্যাহ—এতস্যেতি। উপশমোপায়স্তত্ত্বজ্ঞানং, তস্য বিধানং, প্রকাশনং তদর্থমিতি যাবৎ। দেবতাধ্যানাদনর্থো নিবর্ত্তিষ্যতে, কিং তত্ত্বজ্ঞানেনেত্যাশঙ্ক্যাহ—ন হীতি। তদ্বিহিতেতি তচ্ছব্দেন প্রকৃতাঃ সর্ব্বশাখোপনিষদো গৃহ্যন্তে। বিধান্তরেণানর্থধ্বংসাসিদ্ধৌ ফলিতমাহ—তস্মাদিতি। জ্ঞাপিতঃ সবিজ্ঞানবাক্যেনেতি শেষঃ। ৪

বৃত্তমনূদ্য প্রশ্নপূর্ব্বকমুত্তরবাক্যমবতার্য্য ব্যাচষ্টে- শকটবদিত্যাদিনা। বিহিতা বিদ্যা ধ্যানাত্মিকা। প্রতিষিদ্ধা পরস্ত্রীদর্শনাদিরূপা। অবিহিতা ঘটাদিবিষয়া। অপ্রতিষিদ্ধা পথি পতিততৃণাদিবিষয়া। বিহিতং কর্ম্ম যাগাদি। প্রতিষিদ্ধং ব্রহ্মহননাদি। অবিহিতং গমনাদি। অপ্রতিষিদ্ধং নেত্রপক্ষ্মবিক্ষেপাদি। ৫

বিদ্যাকর্ম্মণোরুপভোগসাধনত্বপ্রসিদ্ধেরধ্যায়স্তেঽপি কিমিত্যারভতে বাসনেত্যাশঙ্ক্যাহ—তা চেতি। অপূর্ব্বকর্ম্মারম্ভাদাবঙ্গং পূর্ব্ববাসনেত্যত্র হেতুমাহ—ন হীতি। উক্তমেব হেতুমুপপাদয়তি—ন হীত্যাদিনা। ইন্দ্রিয়াণাং বিষয়েষু কৌশলমনুষ্ঠানে

প্রবোধকং, তচ্চ কলোপভোগে হেতুঃ। ন চান্তরেণাভ্যাসমিন্দ্রিয়াণাং বিষয়েষু কৌশলং সম্ভবতি। তস্মাদনুষ্ঠানানুভ্যাসাধীনমিত্যর্থঃ। তথাপি কথং পূর্ব্ববাসনা কর্ম্মানুষ্ঠানাদাবঙ্গমিত্যাশঙ্ক্যাহ—পূর্ব্বানুভবেতি। তত্র লোকানুভবং প্রমাণয়তি—দৃশ্যতে চেতি। চিত্রকর্ম্মাদীত্যাদিশব্দেন প্রাসাদনির্ম্মাণাদি গৃহ্যতে। পূর্ব্ববাসনোত্তবকৃতং কার্য্যমুক্তা তদভাবকৃতং কার্য্যমাহ—ক্কচিদিতি। রজ্জুনির্ম্মাণাদিষিতি যাবৎ। তত্রৈবোদাহরণসৌলভ্যমাহ—তত্রেতি। ৬

তত্র হেত্বন্তরমাশঙ্ক্য পরিহরতি—তস্যেতি। কর্ম্মানুষ্ঠানাদৌ পূর্ব্বপ্রজ্ঞায়া হেতুত্বমুপসংহরতি—তেনেতি। সম্বন্ধস্তবচনার্থং নিগময়তি—তস্মাদিতি। তস্যৈব তাৎপর্য্যার্থমাহ—যস্মাদিতি॥ ২৯॥ ২॥

ভাষ্যানুবাদ। [মৃত্যু সময়ে] করণসমূহ (ইন্দ্রিয়নিচয়) স্বীয় লিঙ্গদেহের সহিত সম্মিলিত হয়; তখন পার্শ্বস্থ লোকেরা ইহাকে লক্ষ্য করিয়া বলিয়া থাকে—'এখন দেখিতে পাইতেছে না'; এইরূপ ঘ্রাণেন্দ্রিয় ও লিঙ্গদেহে মিলিত হয়; তখন বলিয়া থাকে যে, 'আঘ্রাণ করিতেছে না'। অন্যান্য কথার অর্থও এতদনুরূপ। জিহ্বার দেবতা হইতেছেন চন্দ্র অথবা বরুণ; তাঁহার নিবৃত্তি হইলে, বলিয়া থাকে যে, 'রসাস্বাদ করিতেছে না'। সেই সময়েই ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাসমূহের নিবৃত্তি ও প্রাণপ্রভৃতি করণসমূহের হৃদয়মধ্যে একীভাব বুঝিতে পারা যায়। চক্ষুঃপ্রভৃতি করণবর্গ হৃদয়মধ্যে সমাহৃত হইলে পর, দেহাভ্যন্তরে যে সমস্ত ব্যাপার হইতে থাকে, তাহা বলা হইতেছে—তখন সেই এই হৃদয়ের অর্থাৎ হৃদয়স্থিত রন্ধ্রের বা আকাশের অগ্রভাগ—নাড়ীমুখ অর্থাৎ যে স্থান হইতে নাড়ীসমূহ চতুর্দ্দিকে প্রসৃত হইয়াছে, আত্মনির্গমনের দ্বারস্বরূপ সেই নাড়ীমুখটী—স্বপ্ন সময়ে যেরূপ ইন্দ্রিয়শক্তি সমাহরণের ফলে আত্মজ্যোতিঃ দ্বারা উদ্ভাসিত হয়, সেইরূপ স্বীয় আত্মজ্যোতিঃ দ্বারাই উদ্ভাসিত হয়; লিঙ্গশরীরোপাধিযুক্ত বিজ্ঞানময় আত্মা সেই প্রদীপ্ত হৃদয়াগ্র দ্বারা দেহ হইতে নিষ্ক্রান্ত হয়। আথর্ব্বণ উপনিষদেও এইরূপ কথা আছে, [—'প্রাণ জিজ্ঞাসা করিল—] কে উৎক্রমণ করিলে অর্থাৎ দেহত্যাগ করিলে, আমি উৎক্রমণ করিব, এবং কে দেহে প্রতিষ্ঠিত থাকিলে আমি প্রতিষ্ঠিত থাকিব; [এই ব্যবস্থার জন্য] তিনি প্রাণ সৃষ্টি করিলেন' ইতি। ১

সেই হৃদয়মধ্যেই আত্মচৈতন্য-জ্যোতিঃ সর্ব্বসময়ে সমধিক অভিব্যক্ত থাকে, এবং সেই হৃদয়প্রধান সূক্ষ্মশরীররূপ উপাধির সহিত সম্বন্ধ বশতই আত্মার জন্ম, মরণ, গমন ও আগমন প্রভৃতি বিকারাত্মক সর্ব্বপ্রকার

সাংসারিক ব্যহার হইয়া থাকে; বুদ্ধিপ্রভৃতি দ্বাদশপ্রকার করণ বা ভোগ-সাধনও তদাত্মক (ঐ লিঙ্গদেহময়) (১); এবং তাহাই সূত্র (সর্ব্বপ্রাণীতে অনুস্যূত), তাহাই জীবন, এবং তাহাই স্থাবর-জঙ্গমাত্মক জগতের অন্তরাত্মা। আত্মা সেই হৃদয়াগ্র-প্রকাশের সাহায্যে নিষ্ক্রান্ত হইবার সময় যে যে পথে নির্গত হয়, এখন তাহা বলা হইতেছে—আদিত্যলোক প্রাপ্তির উপযুক্ত জ্ঞান বা কর্ম্ম যদি কাহারও থাকে, তাহা হইলে, সে চক্ষু হইতে (ঐ চক্ষুঃ-পথে নিষ্ক্রান্ত হয়); অথবা যদি কাহারও ব্রহ্মলোক লাভের উপযুক্ত সাধন বিদ্যমান থাকে, তাহা হইলে, মূর্দ্ধস্থান হইতে অর্থাৎ ব্রহ্মরন্ধ্র-পথে নিষ্ক্রান্ত হয়; অথবা মুমূর্ষুর জ্ঞান ও কর্ম্মানুসারে অপরাপর দেহাবয়বপথেও [নিষ্ক্রান্ত হয়]। সেই বিজ্ঞানাত্মা জীব যখন উৎক্রমণ করে,—পরলোকের উদ্দেশ্যে প্রস্থান করে, অর্থাৎ পরলোকে যাইবার নিমিত্ত যখন তাহার অভিলাষ প্রকাশ পায়, তখন, রাজকীয় প্রধান পুরুষের ন্যায়, দৈহিক প্রাণও তাহার সঙ্গেসঙ্গে উৎক্রমণ করে; এবং সেই প্রাণ উৎক্রমণ করিবার সময়ে, বাক্প্রভৃতি সমস্ত প্রাণই তাহার সঙ্গেসঙ্গে উৎক্রমণ করিয়া থাকে।২

এখানে যাহা বলা হইল, প্রধানের অনুগমন বা অনুসরণ পদ্ধতি জ্ঞাপন করাই তাহার উদ্দেশ্য, কিন্তু দলবদ্ধ ব্যক্তিরা যেরূপ ক্রমশঃ পর পর গমন করিয়া থাকে, সেরূপ গতিক্রম বা পারম্পর্য্য প্রকাশন করা ইহার অভিপ্রেত নহে। সে সময়ে এই আত্মা সবিজ্ঞান হয়, অর্থাৎ স্বপ্নসময়ের ন্যায় সে সময়েও প্রাক্তন কর্ম্মানুসারেই তাহার বিশেষ বিজ্ঞান প্রকাশ পায়, কিন্তু তখন তাহার সেই বিজ্ঞানের কোনরূপ স্বাতন্ত্র্য থাকে না; কারণ, তাৎকালিক বিজ্ঞানে জীবের স্বাধীনতা থাকিলে, জীব নিশ্চয়ই কৃতার্থ হইতে পারিত; কিন্তু সেরূপ ভাব ত কখনও দেখিতে পাওয়া যায় না। এই জন্যই বেদব্যাস বলিয়াছেন—"সদা তদ্ভাবভাবিতঃ" অর্থাৎ 'সর্ব্বদা সেই ভাবে তদ্গত থাকিয়া' ইত্যাদি (১)।

(১) তাৎপর্য্য—বুদ্ধি, মন ও চক্ষুঃ প্রভৃতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, এবং বাক্ প্রভৃতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়; এই দ্বাদশপ্রকার করণ অর্থাৎ আত্মার ভোগসাধন ঐ লিঙ্গদেহ মধ্যে অধিষ্ঠিত থাকে।

(১) তাৎপর্য্য—ভগবদ্গীতায় বেদব্যাস বলিয়াছেন—"যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্। তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ॥" ইহার অভিপ্রায়

মৃত্যু সময়ে জীবের কর্ম্মানুসারে অন্তঃকরণমধ্যে বিভিন্নাকার বৃত্তি অভিব্যক্ত হইয়া থাকে; বাসনাময় সেই সমুদয় বিজ্ঞানের সহতি সম্বন্ধ থাকায় সমস্ত লোকই সে সময় বিজ্ঞানসম্পন্ন হইয়া থাকে, এবং সেই বিজ্ঞানের সহিতই গন্তব্য স্থানে গমন করে, অর্থাৎ মরণসময়ে বিশেষ বিশেষ বাসনাময় জ্ঞান অভিব্যক্ত হইয়া তাহার সম্মুখে যেরূপ গন্তব্য স্থান উদ্ভাসিত করিয়া দেয়, মুমূর্ষু জীব সেই স্থানাভিমুখেই প্রস্থান করিয়া থাকে। অতএব যাহারা পরলোকে হিত চাহে, তাহাদের পক্ষে মৃত্যুসময়ে স্বাতন্ত্র্যলাভের জন্য, প্রথম হইতেই শ্রদ্ধা ও সাবধানতা সহকারে পূর্ব্বই যোগধর্ম্মসেবা (যোগানুষ্ঠান), পরিসংখ্যান বা তত্ত্ববিবেকাভ্যাস ও উত্তম পুণ্যসঞ্চয় করা একান্ত আবশ্যক, এবং সমস্ত শাস্ত্র বিশেষ আগ্রহসহকারে যাহা হইতে নিবৃত্তির বিশেষ উপদেশ দিয়াছেন, সেই দুষ্কার্য্য হইতে বিরত থাকাও আবশ্যক। ৩

কারণ, মৃত্যুসময়ে স্বীয় কর্ম্মরাশি যখন তাহাকে লইয়া যায়, তখন তাহার কিছুমাত্র স্বাতন্ত্র্য বা স্বাধীনতা থাকে না; সুতরাং সে সময়ে মুমূর্ষু ব্যক্তি কোন মতেই আপনার অভিপ্রায়ানুযায়ী কোন কার্য্য সম্পাদন করিতে সমর্থ হয় না। পূর্ব্বেও কথিত হইয়াছে যে, 'পুণ্য কর্ম্মের ফলে পুণ্যলোক প্রাপ্ত হয়, এবং পাপকর্ম্মের ফলে পাপলোক প্রাপ্ত হয়' ইতি। জীবের সম্ভাবিত এই অনিষ্ট প্রশমনের নিমিত্তই সর্ব্বশাখীয় সমস্ত উপনিষৎ আরব্ধ হইয়াছে। উপনিষদ্বিহিত উপায়ানুষ্ঠান ব্যতীত এমন কোনও প্রকৃষ্ট উপায় নাই, যাহা দ্বারা উক্ত অনর্থরাশির আত্যন্তিক নিবৃত্তি হইতে পারে। অতএব উপনিষৎ শাস্ত্রে, যে উপায় উপদিষ্ট হইয়াছে, তদ্বিষয়ে সকলেরই যত্নবান্ হওয়া আবশ্যক; ইহাই এই প্রকরণের তাৎপর্য্যার্থ। ৪

পূর্ব্বে কথিত হইয়াছে—বিবিধ দ্রব্যসম্ভারপূর্ণ শকটের ন্যায় মুমূর্ষু জীব শব্দ করিতে করিতে নিষ্ক্রান্ত হয়; [এখন জিজ্ঞাস্য এই যে,] পরলোকে

এই যে, মানুষ সারা জীবন যে বিষয়ে অনুরাগী থাকিয়া নিরন্তর ভাবনা করে, সেইরূপ তীব্র ভাবনার ফলে মন তন্ময়তা লাভ করে; মৃত্যু সময়ে তাহার সেই চিন্তাই আসিয়া উপস্থিত হয়; এবং মৃত্যুকালীন সেই ভাবনাই মুমূর্ষুর ভবিষ্যৎ গন্তব্য স্থান নির্দ্দেশ করিয়া দেয়, অর্থাৎ মৃত্যু সময়ে যেরূপ ভাবনা উপস্থিত হয়, পরলোকেও তাহার সেইরূপই জন্ম ও অবস্থা লাভ হইয়া থাকে; অতএব এই শ্রুতিতে যে, প্রয়াণকালীন আত্মাকে 'সবিজ্ঞান' বলা হইয়াছে, তাহা উক্ত ভগবদ্গীতার-বাক্যের-সহিত তুল্যার্থক।

প্রস্থিত সেই জীবের—শকটারূঢ় দ্রব্যসম্ভারের ন্যায় পাথেয় বা পথে ভোগ্য বস্তু কি? এবং পরলোকে যাইয়া যাহা ভোগ করিবে, ও পরলোকে যাহা দ্বারা তাহার শরীর নির্ম্মিত হইবে, তাহাই বা কি? এখন এ সমুদয় বিষয় বর্ণিত হইতেছে,—আত্মা যখন পরলোকে প্রস্থানোদ্যত হয়, তখন বিদ্যা, কর্ম্ম ও পূর্ব্বপ্রজ্ঞা তাহার অনুগমন করিয়া থাকে। এখানে বিদ্যা অর্থে—বিহিত, নিষিদ্ধ, অবিহিত ও অনিষিদ্ধ—সর্ব্বপ্রকার বিদ্যা বুঝিতে হইবে, এবং কর্ম্ম অর্থে—বিহিত, নিষিদ্ধ, অবিহিত ও অনিষিদ্ধ—সর্ব্বপ্রকার কর্ম্ম গ্রহণ করিতে হইবে; আর পূর্ব্বপ্রজ্ঞা অর্থে পূর্ব্বানুভূতবিষয়ক জ্ঞান, অর্থাৎ প্রাক্তন কর্ম্মের ফলানুভব হইতে মনোমধ্যে যে, বাসনা বা সংস্কার জন্মিয়াছে, তাহাই বুঝিতে হইবে (১)। ৫

[পূর্ব্বে যে, বাসনাত্মক পূর্ব্বপ্রজ্ঞার কথা উক্ত হইল,] সেই বাসনাই জীবের অদৃষ্ট-জনিত কর্ম্মের এবং কর্ম্মবিপাকের (কর্ম্মফল ভোগের) প্রারম্ভে অঙ্গ বা সহায়; এই জন্য জীবের প্রয়াণসময়ে সেই বাসনাও সঙ্গে সঙ্গে গমন করিয়া থাকে; কেননা, এই বাসনার সাহায্য ব্যতীত কর্ম্মানুষ্ঠান করিতে কিংবা ফলভোগ করিতে কেহ কখনও সমর্থ হয় না; কারণ, যে বিষয়ে কখনও অভ্যাস হয় নাই, অর্থাৎ অভ্যাসজনিত সংস্কার নাই, সে বিষয়ে কখনও ইন্দ্রিয়ের পটুতা হইতে পারে না; অথচ পূর্ব্বজন্মকৃত অনুভবানুসারে বিষয়-ক্ষেত্রে প্রবৃত্ত ইন্দ্রিয় সমূহের, ইহ জন্মে অভ্যাস না থাকিলেও যথেষ্ট কৌশল বা পটুতা স্ফুটিয়া থাকে। দেখিতেও পাওয়া যায়—কোন কোন লোকের ঐহিক অভ্যাস ব্যতীতও চিত্রকর্ম্মাদি কোন কোন ক্রিয়ায়, জন্ম হইতেই পটুতা হইয়া থাকে; আবার কোন কোন লোকের দেখা যায়—অতি সহজসাধ্য কার্য্যেও অত্যন্ত অপটুতা ঘটিয়া থাকে; এইরূপ

(১) তাৎপর্য্য—বিহিত প্রতিষিদ্ধাদি বিদ্যার উদাহরণ এইরূপ—বিহিত বিদ্যা—দেহ আত্মাদি অধ্যাত্মতত্ত্ববিষয়ক জ্ঞান; প্রতিষিদ্ধ—নগ্নস্ত্রীদর্শনাদি; অবিহিত—ঘটপটাদি লৌকিক বস্তুবিষয়ক জ্ঞান; অপ্রতিষিদ্ধ—পথিস্থ তৃণাদিস্পর্শ। বিহিত কর্ম্ম—যাগযজ্ঞাদি; প্রতিসিদ্ধ কর্ম্ম—ব্রহ্মহত্যা প্রভৃতি; অবিহিত কর্ম্ম—পরস্ত্রীসংসর্গ প্রভৃতি; অপ্রতিসিদ্ধ কর্ম্ম—নেত্র সংকোচ-বিকাশাদি। (আনন্দগীরি কৃত টীকা)।

পূর্ব্বপ্রজ্ঞা অর্থ—পূর্ব্ব পূর্ব্ব জন্মে যে সমস্ত শুভাশুভ কর্ম্ম অনুষ্ঠিত হইয়াছে, বর্ত্তমান জন্মে সেই সমস্ত কর্ম্মের—ফলভোগ করিতে হয়; সেই ফলানুভব হইতে আবার একপ্রকার বাসনা বা সংস্কারের সৃষ্টি হয়; সেই ফলানুভবজনিত বাসনাই এখানে 'পূর্ব্বপ্রজ্ঞা' শব্দের অর্থ।

বিভিন্ন বিষয়োপভোগেও কোন কোন লোকের স্বভাবসিদ্ধ পটুতা ও অপটুতা দেখিতে পাওয়া যায়। ৬

বুঝিতে হইবে, এ সমস্তই প্রাক্তন সংস্কারের প্রদুর্ভাব ও অপ্রাদুর্ভাবের ফল, অর্থাৎ যাহার যে কার্য্যে প্রাক্তন সংস্কার থাকে, সে কার্য্যে তাহার আপনা হইতেই দক্ষতা জন্মে, আর যাহার সেরূপ সংস্কার নাই, সহস্র চেষ্টায়ও তাহার সেই কার্য্যে দক্ষতা জন্মে না, অতএব স্বীকার করিতে হইবে যে, প্রাক্তন সংস্কার না থাকিলে, কোন প্রকার কর্ম্মে কিংবা ফলভোগে কাহারও প্রবৃত্তি হইতে পারে না। অতএব যথোক্ত বিদ্যা, কর্ম্ম ও পূর্ব্বপ্রজ্ঞা, এই তিনটী ধর্ম্মই শকটস্থ দ্রব্যসম্ভারের ন্যায় পর-লোক-পথে উপভোগ্য বা সম্বল। যে হেতু বিদ্যা, কর্ম্ম ও পূর্ব্বপ্রজ্ঞাই পারলৌকিক দেহান্তরপ্রাপ্তি ও ফলভোগের প্রধান সহায়; সেই হেতু বিদ্যা ও কর্ম্ম প্রভৃতি যাহা করিবে, ভালই করিবে—যাহাতে অভীষ্ট দেহ প্রাপ্তি ও অভিমত ভোগ সম্পত্তি সম্পন্ন হইতে পারে। ইহাই এই প্রকরণের স্থূল মর্ম্ম॥ ২৯২॥২॥

আভাসভাষ্যম্। এবং বিদ্যাদিসম্ভারসম্ভৃতো দেহান্তরং প্রতি-পদ্যমানঃ, মুক্ত্বা পূর্ব্বং দেহম্, পক্ষীব বৃক্ষান্তরম্, দেহান্তরং প্রতিপদ্যতে? অথবা অতিবাহিকেন শরীরান্তরেণ কর্ম্মফলজন্মদেশং নীয়তে? কিংচ অত্রস্থস্যৈব সর্ব্বগতানাং করণানাং বৃত্তিলাভো ভবতি? আহোস্বিৎ শরীরস্থস্য সঙ্কুচিতানি করণানি মৃতস্য ভিন্নঘটপ্রদীপপ্রকাশবৎ সর্ব্বতো ব্যাপ্য পুনর্দ্দেহান্তরারম্ভে সঙ্কোচমুপগচ্ছন্তি? কিং বা মনোমাত্রং বৈশেষিকসময় ইব দেহান্তরারম্ভদেশং প্রতি গচ্ছতি? কিং বা কল্পনান্তরমেব বেদান্তসময়ে?—ইত্যুচ্যতে ১

"ত এতে সর্ব্বএব সমাঃ সর্ব্বেঽনন্তাঃ" ইতি শ্রুতেঃ সর্ব্বাত্মকানি তাবৎ করণানি, সর্ব্বাত্মকপ্রাণসংশ্রয়াচ্চ; তেষামাধ্যাত্মিকাধিভৌতিকপরিচ্ছেদঃ প্রাণিকর্ম্ম-জ্ঞানভাবনানিমিত্তঃ। অতস্তদ্বশাৎ স্বভাবতঃ সর্ব্বগতানামনন্তানা-মপি প্রাণানাং কর্ম্মজ্ঞানবাসনানুরূপ্যেণৈব দেহান্তরারম্ভবশাৎ প্রাণানাং বৃত্তিঃ সঙ্কুচতি বিকসতি চ। তথাচোক্তম্—"সমঃ প্লুষিণা সমো মশকেন সমো নাগেন সম এভিস্ত্রিভিলোঁকৈঃ, সমোঽনেন সর্ব্বেণ" ইতি। তথাচেদং বচনমনুকূলম্—"স যো হৈতাননন্তানুপাস্তে" ইত্যাদি, "তং যথা যথোপাসতে" ইতি চ।২

তত্র বাসনা পূর্ব্বপ্রজ্ঞাখ্যা বিদ্যা-কর্ম্মতন্ত্রা জলুকাবৎ সন্তত্যৈব

স্বপ্নকাল ইব কর্ম্মকৃতং দেহাদ্দেহান্তরমারভতে; হৃদয়স্থৈব পুনর্দ্দেহান্তরারম্ভে দেহান্তরং পূর্ব্বাশ্রয়ং বিমুঞ্চতি—ইত্যেতস্মিন্নর্থে দৃষ্টান্ত উপাদীয়তে—

আভাসভাষ্য টীকা। তৃণজলায়ুকাবাক্যমবতারয়িতুং বৃত্তমনূদ্য বাদিবিবাদান্ দর্শয়ন্নাদৌ দিগম্বরমতমাহ এবামত্যাদিনা। দেবতাবাদিমতমাহ—অথ বেতি। দেবতা যেন শরীরেণ বিশিষ্টং জীবং পরলোকং নয়তি, তদাতিবাহিকং শরীরান্তরং, তেনেতি যাবৎ। সাংখ্যাদিমতমাহ—কিং চেতি। সিদ্ধান্তং সূচয়তি—আহোস্বিদিতি। বৈশেষিকাদিপক্ষমাহ—কিং চেতি। ন্যূনত্বনিবৃত্ত্যর্থমাহ—কিংবা কল্পনান্তরমাত্ত। ১

তত্র সিদ্ধান্তস্য প্রামাণিকত্বেনোপাদেয়ত্বং বদন্ কল্পনান্তরাণামপ্রামাণিকত্বেন ত্যাজ্যত্বমভিপ্রেত্যাহ—উচ্যত ইতি তেষাং কর্ম্মাত্মকত্বে হেত্বন্তরমাহ—সর্ব্বাত্মকেতি। কথং হি করণানাং পরিচ্ছিন্নত্বধীরিত্যাশঙ্ক্যাহ—তেষামিতি। । আধিদৈবিকেন রূপেণাপরিচ্ছিন্নানামপি করণানামাধ্যাত্মিকাদিরূপেণ পরিচ্ছিন্নতেতি স্থিতে ফলিতমাহ—অত ইতি। তত্বশাদুদাহৃতশ্রুতিবশাদিত্যেতৎ। স্বভাবতো দেবতাস্বরূপানুসারেণেতি যাবৎ। কর্ম্মজ্ঞানবাসনানুরূপেণেত্যত্র ভোক্তুরিতি শেষ। উভয়ত্র সম্বন্ধার্থং প্রাণানামিতি দ্বিরুক্তম্। তেষাং বৃত্তিসঙ্কোচাদৌ প্রমাণমাহ—তথা চেতি। পরিচ্ছিন্নাপরিচ্ছিন্নপ্রাণোপাসনে গুণদোষসঙ্কীর্ত্তনমপি প্রাণসঙ্কোচবিকাসয়োঃ সূচকমিত্যাহ—তথা চেদমিতি। ২

আভাস ভাষ্যানুবাদ। যথোক্তপ্রকার বিদ্যাদি সাধনসম্পন্ন পুরুষ যে সময়ে দেহান্তর প্রাপ্ত হয়, সেই সময়ে পূর্ব্বদেহ পরিত্যাগ করিয়া—পক্ষী যেরূপ এক বৃক্ষ ত্যাগ করিয়া অপর বৃক্ষ আশ্রয় করে, ঠিক সেইরূপই কি দেহান্তর আশ্রয় করে? অথবা কর্ম্ম-ফলভোগের জন্য যে স্থানে জন্ম হইবে, 'আতিবাহিক' নামক অপর শরীর দ্বারা সেই স্থানে নীত হইয়া থাকে? (১)। আরও এক কথা, জীব ইহলোকে থাকিবার সময়ই তদীয় ব্যাপক ইন্দ্রিয়বর্গের কি অন্যত্রও বৃত্তিলাভ বা কার্য্যারম্ভ হইয়া থাকে? কিংবা আত্মা শরীরে থাকিবার সময়ে, তাহার ইন্দ্রিয়বর্গ সঙ্কুচিত হইয়া থাকে, মৃত্যুর পর—

(১) তাৎপর্য্য—স্থূল ও সূক্ষ্ম শরীরের ন্যায় 'আতিবাহিক' নামে আরও একটী দেহ আছে; সেই দেহও স্থূলই বটে, তবে বায়বীয় (বায়ুর ভাগ অধিক) বলিয়া ইহা সাধারণের প্রত্যক্ষ গোচর হয় না। মৃত্যুকালে জীব সেই দেহে প্রবেশ করিয়া কর্ম্মানুযায়ী গন্তব্য স্থানে গমন করে। জীবকে বহন করিয়া ইহলোক হইতে লোকান্তরে লইয়া যায় বলিয়া এই দেহের নাম 'আতিবাহিক' অভীষ্ট স্থানে যাইয়া ভোগদেহ প্রাপ্তির পর এই দেহ আর থাকে না। বলা আবশ্যক যে, এই আতিবাহিক দেহে কোনপ্রকার স্থূল ভোগ সম্ভব হয় না; স্থানান্তর প্রাপনই ইহার একমাত্র কার্য্য।

ঘট ভাঙ্গিলে ঘটস্থ প্রদীপের যেমন বিস্তৃতি ঘটে, তেমনই ব্যপ্তি বা বিস্তার লাভ করিয়া দেহান্তর প্রবেশের পর কি পুনর্ব্বার সঙ্কুচিত হইয়া থাকে? অপিচ, বৈশেষিক দর্শনের মতে যেমন একমাত্র মনই দেহান্তরপ্রাপ্তির দেশে গমন করে? বেদান্ত সিদ্ধান্তেও অথবা সেইপ্রকারই অন্য কোন প্রকার কল্পনা আছে? এখন এই সমস্ত প্রশ্নের উত্তর প্রদত্ত হইতেছে—

'সেই এই ইন্দ্রিয়গণ সকলেই সমান এবং সকলেই অনন্ত', এই শ্রুতি হইতে এবং ইন্দ্রিয়গণ সর্ব্বাত্মক প্রাণাশ্রিত বলিয়াও জানা যায় যে, সমস্ত ইন্দ্রিয়ই সর্ব্বাত্মক (সর্ব্বব্যাপক); সেই ব্যাপক ইন্দ্রিয় সমূহের যে, আধ্যাত্মিকাদি ভাবে পরিচ্ছেদ বা পরিচ্ছিন্নতা; প্রাণিগণের প্রাক্তন কর্ম্ম ও জ্ঞান-সংস্কারই তাহার কারণ; অতএব ইন্দ্রিয়গণ স্বভাবতঃ সর্ব্বগত এবং অপরিচ্ছিন্ন হইলেও, কর্ম্ম ও জ্ঞানসংস্কারানুসারে ভবিষ্যৎ দেহান্তর সমুৎপন্ন হওয়ায়, তদনুসারেই ইন্দ্রিয়সমূহের বৃত্তি বা ক্রিয়াশক্তি সঙ্কুচিত ও বিকাশিত হইয়া থাকে, অর্থাৎ দেহভেদানুসারে একই ইন্দ্রিয়ের বৃত্তি সময়ে সঙ্কুচিত আবার সময়ে বিকাশিত হইয়া থাকে। অন্যত্রও এইরূপ কথা উক্ত আছে— ['এই প্রাণসমূহ] প্লুষিনামক ক্ষুদ্র প্রাণীর সমান, মশকের সমান, হস্তীর সমান, এই ত্রিলোকের সমান এবং দৃশ্যমান যে কোন বস্তুর সমান'। বক্ষ্যমাণ শ্রুতিবাক্যও এ কথার অনুকূল বা সমর্থক,—'যে লোক এই সমুদয় অনন্তের [প্রাণের] উপাসনা করে' এবং 'তাহাকে যেভাবে যে ভাবে উপাসনা করে' ইত্যাদি। বিশেষ এই যে পূর্ব্বপ্রজ্ঞানামক বাসনা বা সংস্কার বর্ত্তমান হৃদয়ে বিদ্যমান থাকিয়াই—জলূকার ন্যায় (জোঁকের মত) অবিচ্ছিন্ন থাকিয়াই স্বপ্নসময়ের ন্যায় কর্ম্মানুযায়ী দেহান্তর আরম্ভ করিয়া থাকে; দেহান্তর নির্ম্মিত হইলে পর নিজের আশ্রয়ভূত পূর্ব্বতন দেহটীও পরিত্যাগ করে, এ বিষয়ে একটী দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে—

তদ্‌যথা তৃণজলায়ুকা তৃণস্যান্তং গত্বান্যমাক্রমমাক্রম্যাত্মানমুপসংহরত্যেবমেবায়মাত্মেদংশরীরং নিহত্যাবিদ্যাং গময়িত্বান্যমাক্রমমাক্রম্যাত্মানমুপসংহরতি ॥২ ৩॥৩॥

সরলার্থঃ। তৎ (তত্র—দেহাৎ দেহান্তরপ্রাপ্তিবিষয়ে) [দৃষ্টান্তোঽয়ং প্রদর্শ্যতে—] তৃণজলায়ুকা যথা তৃণস্য (আশ্রয়ভূতস্য তৃণস্য) অন্তং (অবসানম্—অগ্রভাগং) গত্বা অন্যম্ আক্রমং (আক্রম্যতে আশ্রীয়তে ইতি

ইতি আক্রমঃ—অবলম্বনম্) আক্রম্য (গৃহীত্বা) আত্মানম্ (স্বদেহম্) উপসংহরতি (সঙ্কোচয়তি—পশ্চাদ্ভাগং পূর্ব্বভাগে প্রবেশয়তি), এবম্ এব (যথোক্তদৃষ্টান্তবদেব) অয়ম্ (মুমূর্ষুঃ) আত্মা ইদং (বর্ত্তমানং) শরীরং নিহত্য (নিপাত্য)—অবিদ্যাং (মোহং) গময়িত্বা (অচেতনং কৃত্বা), অন্যম্ আক্রমম্ (শরীরান্তরম্) আক্রম্য আত্মানম্ উপসংহরতি (শরীরান্তরে আত্মভাবম্ অবলম্বত ইত্যর্থঃ) ॥২৯৩॥৩॥

মূলানুবাদ। [আত্মার বর্ত্তমান দেহত্যাগের পর শরীরান্তর গ্রহণে দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে—] তৃণজলায়ুকা (জোঁক) যেমন পূর্ব্বগৃহীত তৃণের প্রান্তভাগে যাইয়া অপর একটী তৃণ গ্রহণপূর্ব্বক আপনকে সংহৃত করে অর্থাৎ আপনার পশ্চাদ্ভাগকে সম্মুখের অংশে সন্নিবেশিত করে, ঠিক সেইরূপই এই আত্মা ও (মুমুর্ষু জীবও) বর্ত্তমান শরীরটী নিহত করিয়া (ত্যাগ করিয়া) এবং চেতনাশূন্য করিয়া অপর একটী দেহ অবলম্বন করত আপনাকে সেখানে লইয়া যায় ॥২৯৩॥৩॥

শাঙ্করভাষ্যম্। তৎ তত্র দেহান্তরসঞ্চারে ইদং নিদর্শনম্।—যথা যেন প্রকারেণ তৃণজলায়ুকা, তৃণজলূকা তৃণস্য অন্তম্ অবসানং গত্বা প্রাপ্য অন্যৎ তৃণং তৃণান্তরম্, আক্রমম্ আক্রম্য আশ্রিত্য, আত্মানম্ আত্মনঃ পূর্ব্বাবয়বম্ উপসংহরতি অন্ত্যাবয়বস্থানে, এবমেব অয়ম্ আত্মা—যঃ প্রকৃতঃ সংসারী, ইদং শরীরং পূর্ব্বোপাত্তম্, নিহত্য—স্বপ্নং প্রতিপিৎসুরিব পাতয়িত্বা, অবিদ্যাং গময়িত্বা অচেতনং কৃত্বা স্বাত্মোপসংহারেণ অন্যমাক্রমম্, তৃণান্তরমিব তৃণজলূকা, শরীরান্তরং গৃহীত্বা প্রসারিতয়া বাসনয়া, আত্মানম্ উপসংহরতি—তত্রাত্মভাবমারভতে,—যথা স্বপ্নে দেহান্তরস্থ এব শরীরারম্ভদেশে—আরভ্যমাণে দেহে জঙ্গমে স্থাবরে বা।

তত্র চ কর্ম্মবশাৎ করণানি লব্ধবৃত্তীনি সংহন্যন্তে, বাহ্যঞ্চ কুশমৃত্তিকাস্থানীয়ং শরীরমারভ্যতে। তত্র চ করণব্যূহমপেক্ষ্য বাগাদ্যনুগ্রহায় অগ্ন্যাদিদেবতাঃ সংশ্রয়ন্তে। এষ দেহান্তরারম্ভবিধিঃ ॥২৯৩॥৩॥

টীকা। আধিদৈবিকেন রূপেণ সর্ব্বগতানামপি করণানামাধ্যাত্মিকাধিভৌতিকরূপেণ পরিচ্ছিন্নত্বাৎ তৎপরিবৃত্তস্য গমনং সিধ্যতীতি সিদ্ধান্তো দর্শিতঃ। ইদানীং তৃণজলায়ুকাদৃষ্টান্তাৎ

দেহান্তরং গৃহীত্বা পূর্ব্বদেহং মুঞ্চত্যাত্মেতি স্থূলদেহবিশিষ্টস্যৈব পরলোকগমনমিতি পৌরাণিক-প্রক্রিয়াং প্রত্যাখ্যাতুঃ দৃষ্টান্তবাক্যস্য তাৎপর্য্যমাহ—তত্রেত্যাদিনা। দেহনির্গমনাৎ প্রাগবস্থা সপ্তম্যর্থঃ। তদৈব যথোক্তা বাসনা হৃদয়স্থা বিদ্যাকর্ম্মনিমিত্তং ভাবিদেহং স্পৃশতি, জীবোঽপি তত্রাভিমানং করোতি. পুনশ্চ পূর্ব্বদেহং ত্যজতি, যথা স্বপ্নে দেবোঽহমিত্যভি-মন্যমানো দেহান্তরস্থ এব ভবতি, তথোৎক্রান্তাবপি, তস্মাৎ ন পূর্ব্বদেহবিশিষ্টস্যৈব পরলোক-গমনমিত্যর্থঃ। স্বাত্মোপসংহারো দেহে পূর্ব্বস্মিন্নাত্মাভিমানত্যাগঃ। প্রসারিতয়া বাসনয়া শরীরান্তরং গৃহীত্বেতি সম্বন্ধঃ। উপসংহারস্য স্বরূপমাহ—তত্রেতি। সপ্তম্যর্থং বিবৃণোতি—আরভ্যমাণ ইতি।

আরব্ধে দেহান্তরে সূক্ষ্মদেহস্যাভিব্যক্তিমাহ—তত্র চেতি। কর্ম্মগ্রহণং বিদ্যাপূর্ব্ব-প্রজ্ঞয়োরুপলক্ষণম্। ননু লিঙ্গদেহবলাদেবার্থক্রিয়াসিদ্ধৌ কৃতং স্থূলশরীরেণেত্যাশঙ্ক্য তদ্-ব্যতিরেকেণেতরস্যার্থক্রিয়াকারিত্বং নাস্তীতি মত্বাহ—বাহ্যং চেতি। আরব্ধে দেহদ্বয়ে করণেষু দেবতানামনুগ্রাহকত্বেনাবস্থানং দর্শয়তি—তত্রেতি। স্থূলো দেহঃ সপ্তম্যর্থঃ। করণ-ব্যূহস্তেষামভিব্যক্তিঃ॥ ২৯৩ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ। জীবের দেহান্তর-সঞ্চরণের দৃষ্টান্ত এই—তৃণ-জলায়ুকা (জোঁক) যে প্রকার [অবলম্বিত তৃণের অন্তে অর্থাৎ অগ্রভাগে যাইয়া, অবলম্বনযোগ্য অপর তৃণ আশ্রয় করে, এবং পরে আত্মাকে—আপনার পূর্ব্ব ভাগটীকে শেষ অবয়বস্থানে উপসংহৃত করে (লইয়া যায়), ঠিক এই-রূপই—যে আত্মার প্রস্তাব চলিতেছে, সেই সংসারী জীব পূর্ব্বগৃহীত এই শরীরকে নিহত করিয়া—স্বপ্নাবস্থার ন্যায় নিপাতিত করিয়া, অবিদ্যাগ্রস্ত করিয়া অর্থাৎ স্বীয় আত্মার উপসংহার দ্বারা দেহকে অচেতন করিয়া, জলায়ুকা যেরূপ তৃণান্তর গ্রহণ করে, তদ্রূপ দীর্ঘীকৃত স্বীয় বাসনা দ্বারা অপর দেহ অবলম্বন করিয়া আত্মার উপসংহার করে, অর্থাৎ সেই দেহে আত্মাভি-মান স্থাপন করে,—স্বপ্নসময়ে যেমন বর্ত্তমান দেহে বিদ্যমান থাকিয়াই স্বীয় সঙ্কল্পবলে যেখানে স্বাপ্ন শরীর আরব্ধ হয়, সেখানেই অভিমান স্থাপন করে, তেমনই আরভ্যমান স্থাবর জঙ্গম দেহে আত্মভাব স্থাপন করে (১)।

(১) তাৎপর্য্য—স্বপ্নসময়ে স্বপ্নদর্শী স্বদেহে থাকিয়াই স্বীয় সঙ্কল্প শক্তি দ্বারা দূরদেশে বিবিধ প্রাতিভাসিক দেহ সৃষ্টি করিয়া তৎকালোচিত কার্য্য করিয়া থাকে; মুমূর্ষু জীবও এইরূপ দেহান্তর প্রাপ্তির পূর্ব্বপর্য্যন্ত এই দেহে থাকিয়াই নিজের জ্ঞান কর্ম্মানুসারে পরজন্মে যেরূপ দেহে যাইতে হইবে, তদনুরূপ প্রবুদ্ধ বাসনাকে দীর্ঘ দীর্ঘতর করিয়া ভবিষ্যৎ দেহ প্রাপ্তির স্থানে গমন করে, অর্থাৎ তখন ভবিষ্যৎ দেহ বিষয়ে তাহার পূর্ব্বসংস্কার এরূপভাবে প্রবুদ্ধ হয়, যেন সেই দেহটী প্রাপ্ত বলিয়াই মনে হয়। তৃণজলায়ুকার দৃষ্টান্ত হইতে এইরূপ দেহান্তর প্রাপ্তিই বুঝিতে হইবে, কিন্তু সাক্ষাৎ সম্বন্ধে দেহ প্রাপ্তি নহে।

সেখানে ইন্দ্রিয়গণ প্রাক্তন কর্ম্মশক্তির প্রেরণায় সব্যাপার হইয়া পরস্পর সম্মিলিত হয়, এবং কুশ (খড়) ও মৃত্তিকা দ্বারা নির্ম্মিত মূর্ত্তির ন্যায় একটী বাহ্য শরীর (স্থূল শরীর) সমুৎপন্ন হয়; তাহার পর ইন্দ্রিয়াধিষ্ঠাতা অগ্নিপ্রভৃতি দেবতাগণ ইন্দ্রিয়সমূহকে সমাহৃত দেখিয়া, বাক্প্রভৃতি ইন্দ্রিয়ের প্রতি অনুগ্রহ প্রকাশের নিমিত্ত সেই ইন্দ্রিয়সংঘাতে পুনঃ অধিষ্ঠিত হয়, ইহাই দেহান্তরসমুৎপত্তির প্রণালী ॥২৯৩॥৩॥

আভাসভাষ্যম্। তত্র দেহান্তরারম্ভে নিত্যোপাত্তমেবোপাদানম্ উপমৃদ্যোপমৃদ্য দেহান্তরমারভতে? আহোস্বিৎ অপূর্ব্বমেব পুনঃ পুনরাদত্তে?—ইত্যত্রোচ্যতে দৃষ্টান্তঃ—

আভাসভাষ্যের অনুবাদ। এখন শঙ্কা হইতেছে যে, যখন দেহান্তর সমুৎপন্ন হইতে থাকে, তখন কি—যে সমস্ত দেহোপাদান সর্ব্বদা বিদ্যমান আছে, সেই উপাদানগুলিই চূর্ণ বিচূর্ণ করিয়া অপর নূতন দেহ বিরচিত হয়? অথবা সম্পূর্ণ নূতন উপাদান সংগৃহীত হইয়া থাকে? তদুত্তরে দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে—

তদ্যথা পেশস্কারী পেশসো মাত্রামপাদায়ান্যন্নবতরং কল্যাণতরংরূপং তনুত এবমেবায়মাত্মেদংশরীরং নিহত্যাঽবিদ্যাং গময়িত্বাঽন্যন্নবতরং কল্যাণতরংরূপং কুরুতে—পিত্র্যং বা গান্ধর্ব্বং বা দৈবং বা প্রাজাপত্যং বা ব্রাহ্মং বাঽন্যেষাং বা ভূতানাম্ ॥ ২৯৪॥৪

অন্বয়ার্থঃ। তৎ (তত্র দেহান্তরারম্ভে উপাদানগ্রহণবিষয়ে দৃষ্টান্তঃ প্রদর্শ্যতে—) পেশস্কারী (সুবর্ণকারঃ) যথা পেশসঃ (সুবর্ণস্য) মাত্রাং (অংশং) অপাদায় (গৃহীত্বা) কল্যাণতরং (পূর্ব্বমপেক্ষ্য প্রিয়করং) নবতরং (পূর্ব্বমপেক্ষ্য নূতনং) অন্যৎ রূপং তনুতে (নির্ম্মাতি), এবম্ এব (যথোক্তদৃষ্টান্তবদেব) অয়ং (পরলোকজিগমিষুঃ) আত্মা ইদং (বর্ত্তমানং) শরীরং নিহত্য অবিদ্যাং (অচেতনতাং) গময়িত্বা, পিত্র্যং (পিতৃলোক-গমনোপযোগি) বা, গান্ধর্ব্বং (গন্ধর্ব্বলোকোপযোগি) বা, দৈবং (দেবসম্বন্ধি) বা, প্রাজাপত্যং (প্রজাপতিলোকপ্রাপকং) বা, ব্রাহ্মং (ব্রহ্মলোকপ্রাপকং) বা, অন্যেষাং

ভূতানাং [সম্বন্ধি] বা অন্যৎ নবতরং কল্যাণতরং রূপং (শরীরং) কুরুতে (নির্ম্মাতি ইত্যর্থঃ) ॥ ২৯৪ ॥ ৪ ॥

মূলানুবাদ। নূতন দেহারম্ভের উপযোগী উপাদান সম্বন্ধে দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে—] পেশস্কারী (সুবর্ণকার) যেমন পূর্ব্ব-সঞ্চিত সুবর্ণের অংশ লইয়া অপর একটী নূতন রমণীয় রূপ (অলঙ্কার) নির্ম্মাণ করিয়া থাকে, তেমনই পরলোকে গমনোদ্যত এই আত্মাও বর্ত্তমান দেহটী নিহত ও অচেতন করিয়া, পিতৃলোকে গমনোপযোগী, অথবা গন্ধর্ব্বলোকোপযোগী, কিংবা দেবলোকপ্রাপ্তিযোগ্য, অথবা প্রজাপতিলোকে গমনোপযোগী, কিংবা ব্রহ্মলোকলাভের উপযুক্ত, অথবা অন্যান্য কোন একটী প্রাণিসম্বন্ধী কল্যাণময় অভিনব নূতন শরীর গ্রহণ করে ॥ ২৯৪ ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্। তৎ তত্রৈতস্মিন্নর্থে, যথা পেশস্কারী, পেশঃ সুবর্ণম্, তৎ করোতীতি পেশস্কারী সুবর্ণকারঃ, পেশসঃ সুবর্ণস্য মাত্রামপাদায় অপচ্ছিদ্য গৃহীত্বা অন্যৎ পূর্ব্বস্মাৎ রচনাবিশেষাৎ অন্যৎ নবতরমভিনবতরম্ কল্যাণাৎ কল্যাণতরম্ রূপং তনুতে নির্ম্মিনোতি, এবমেব অয়মাত্মেত্যাদি পূর্ব্ববৎ।

নিত্যোপাত্তান্যেব পৃথিব্যাদীন্যাকাশান্তানি পঞ্চ ভূতানি, যানি "দ্বে বাব ব্রহ্মণো রূপে" ইতি চতুর্থে ব্যাখ্যাতানি, পেশঃস্থানীয়ানি তান্যেব উপমৃদ্যোপমৃদ্য অন্যদন্যচ্চ দেহান্তরং নবতরং কল্যাণতরং রূপং সংস্থানবিশেষং দেহান্তরমিত্যর্থঃ, কুরুতে—পিত্র্যং বা, পিতৃভ্যো হিতং পিতৃলোকোপভোগযোগ্যমিত্যর্থঃ; গান্ধর্ব্বং গন্ধর্ব্বাণামুপভোগযোগ্যম্; তথা দেবানাং দৈবম্, প্রজাপতেঃ প্রাজাপত্যম্, ব্রহ্মণ ইদং ব্রাহ্ম্যং বা, যথাকর্ম্ম যথাশ্রুতম্ অন্যেষাং বা ভূতানাং সম্বন্ধি শরীরান্তরং কুরুত ইত্যভিসম্বধ্যতে ॥২৯৪॥৪॥

টীকা। পেশস্কারিবাক্যব্যাবর্ত্ত্যামাশঙ্কামাহ—তত্রেতি। সংসারিণো হি প্রকৃতে দেহান্তরারম্ভে কিমুপাদানমস্তি কিং বা নাস্তি, নাস্তি চেৎ, ন তাবদ্রূপং কার্য্যং সিধ্যেৎ; অস্তি চেৎ, কিং ভূতপঞ্চকমুতান্যৎ? আদ্যেঽপি তন্নিত্যোপাত্তমেব পূর্ব্বপূর্ব্বদেহোপমর্দ্দেনান্তমন্তং দেহমারভতে. কিংবাঽন্যদন্যদ্ভূতপঞ্চকমন্যমন্যং দেহং জনয়তি। নান্ত্যঃ, ভূতপঞ্চকস্য তত্তদ্দেহোপাদানত্বে মায়ায়াঃ সর্ব্বকারণত্বস্বীকারবিরোধাৎ। ন দ্বিতীয়ো ভূতপঞ্চকোৎপত্তাবপি কারণান্তরস্য মৃগ্যত্বাত্তস্যৈব দেহান্তরকারণত্বসংভবাদেতয়ো দেহস্য পাঞ্চভৌতিকত্ব-

প্রসিদ্ধিবিরোধাদিতি ভাবঃ। উত্তরং বাক্যমুত্তরত্বেনাদত্তে—অত্রেতি। তদ্ব্যর্থত্বা-পেক্ষিতং পূরয়মাহ—দৃষ্টান্ত ইতি। অবশিষ্টং ভাগমাদায় ব্যাচষ্টে—যথেত্যাদিনা।
কিং পুনরুপাদানমেতাবতা দেহান্তরারম্ভেঽত্মাপগতং ভবতি, তত্রাহ—নিত্যোপাত্তানীতি। শরীরদ্বয়ারম্ভকাণীতি শেষঃ। তেষামুভয়ারম্ভকত্বেন মূর্তামূর্তব্রাহ্মণে প্রস্তুতং দর্শয়তি—যানীতি। দেহবিকল্পে নিয়ামকমাহ—যথাকর্ম্মেতি ।২৯৪।৪।

ভাষ্যানুবাদ। সেই এই কথিত বিষয়ে [দৃষ্টান্ত এই—] পেশস্ অর্থ সুবর্ণ, যে লোক তাহার কাজ করে, সে পেশস্কারী—সুবর্ণকার, সে যেমন সুবর্ণের অংশ গ্রহণ করিয়া, নবতর—পূর্ব্বতন গঠনপ্রণালী হইতে সম্পূর্ণ অভিনব এবং কল্যাণতর অর্থাৎ সুন্দর হইতেও অধিক সুন্দর অন্য একটী রূপ (অলঙ্কার) নির্ম্মাণ করিয়া থাকে ; 'এবম্ এব' ইত্যাদির অর্থ পূর্ব্বশ্রুতির অর্থের অনুরূপ ।১

পৃথিবী হইতে আরম্ভ করিয়া আকাশ পর্য্যন্ত যে পঞ্চভূত সর্ব্বদাই প্রাপ্ত রহিয়াছে, এবং চতুর্থ অধ্যায়ে "দ্বে বাব ব্রহ্মণো রূপে" ইত্যাদি বাক্যে যাহাদের কথা বর্ণিত হইয়াছে, সুবর্ণস্থানীয় সেই পঞ্চভূতকেই বারংবার উপমর্দ্দিত করিয়া অন্য অন্য নবতর ও কল্যাণতর রূপ—আকৃতিবিশেষ অর্থাৎ দেহান্তর নির্ম্মাণ করিয়া থাকে ; [সেই দেহটী] পিত্র্য—পিতৃহিতকর অর্থাৎ যেরূপ দেহ দ্বারা পিতৃলোকে উপভোগ সম্পন্ন হইতে পারে, সেইরূপ ; গান্ধর্ব্ব—গন্ধর্ব্বগণের উপভোগযোগ্য; এইরূপ দৈব—দেবগণের উপভোগযোগ্য—প্রাজাপত্য—প্রজাপতির (উপযুক্ত), অথবা ব্রাহ্ম—ব্রহ্মার যোগ্য, কিংবা স্বীয় কর্ম্ম ও জ্ঞান অনুসারে অপরাপর ভূতগণের উপভোগযোগ্য অপর শরীর নির্ম্মাণ করিয়া থাকে ॥২৯৪॥ ৪

আভাসভাষ্যম্। যেহস্য বন্ধনসংজ্ঞকা উপাধিভূতাঃ, যৈঃ সংযুক্তস্তন্ময়োঽয়মিতি বিভাব্যতে, তে পদার্থাঃ পুঞ্জীকৃত্য ইহ একত্র প্রতি-নির্দ্দিশ্যন্তে।

আভাস ভাষ্যানুবাদ। পরলোকে গমনোদ্যত এই আত্মার যে সমস্ত উপাধি 'বন্ধন' নামে অভিহিত, এবং যাহাদের সংযোগে এই আত্মা তন্ময়—সেই সেই উপাধির সহিত অভিন্ন বলিয়া অনুভূত হয়, এখানে সে সমুদয় বিষয়কে একত্রিত করিয়া প্রদর্শন করা হইতেছে—

স বা অয়মাত্মা ব্রহ্ম বিজ্ঞানময়ো মনোময়ঃ প্রাণময়শ্চক্ষু-

র্ম্ময়ঃ শ্রোত্রময়ঃ পৃথিবীময় আপোময়ো বায়ুময় আকাশময়স্তেজো-
ময়োঽতেজোময়ঃ কামময়োঽকামময়ঃ ক্রোধময়োঽক্রোধময়ো
ধর্ম্মময়োঽধর্ম্মময়ঃ সর্ব্বময়স্তদ্যদেতদিদম্ময়োঽদোময় ইতি, যথা-
কারী যথাচারী তথা ভবতি, সাধুকারী সাধুর্ভবতি পাপকারী
পাপো ভবতি, পুণ্যঃ পুণ্যেন কর্ম্মণা ভবতি পাপঃ পাপেন।
অথো খল্বাহুঃ কামময় এবায়ং পুরুষ ইতি, স যথাকামো
ভবতি তৎক্রতুর্ভবতি, যৎক্রতুর্ভবতি তৎ কর্ম্ম কুরুতে, যৎ কর্ম্ম
কুরুতে, তদভিসম্পদ্যতে ॥২৯৫॥৫॥

অন্বয়ার্থঃ। [ইদানীমাত্মোপাধীন্ বিবিচ্য প্রদর্শয়িতুমাহ—'সঃ বৈ' ইত্যাদি।] সঃ অয়ং (সংসারী) আত্মা ব্রহ্ম বৈ (ব্রহ্ম এব), [উপাধিসম্পর্কাৎ পুনঃ] বিজ্ঞানময়ঃ (বিজ্ঞানং বুদ্ধিঃ, তদুপহিতত্বাৎ বিজ্ঞানময়ঃ), মনোময়ঃ (মনউপহিতত্বাৎ মনোময়ঃ), প্রাণময়ঃ, এবং চক্ষুর্ম্ময়ঃ, শ্রোত্রময়ঃ, পৃথিবীময়ঃ, আপোময়ঃ, বায়ুময়ঃ (বায়বীয়শরীরে বায়ুময়ঃ), তথা আকাশময়ঃ, তেজোময়ঃ, অতেজোময়ঃ, কামময়ঃ, অকামময়ঃ, ক্রোধময়ঃ, অক্রোধময়ঃ, ধর্ম্মময়ঃ, অধর্ম্মময়ঃ, সর্ব্বময়ঃ, তৎ এতৎ (যথোক্তংরূপম্ অস্য সিদ্ধম্, অন্যচ্চ—] যৎ (যস্মাৎ) ইদম্ময়ঃ (প্রত্যক্ষতঃ গৃহ্যমাণরূপঃ), [অতঃ] অদোময়ঃ (পরোক্ষময়ঃ); [কিং বহুনা—] যথাকারী (যথা কর্ত্তুং শীলং যস্য, সঃ), যথাচারী (যথা আচরিতুং শীলং যস্য, সঃ) [ভবতি], [সঃ] তথা (স্বস্য কর্ম্মাচারানুসারেণ ফলভাক্) ভবতি—সাধুকারী সাধুঃ ভবতি, পাপকারী পাপঃ ভবতি; [তত্রাপি বিশেষঃ—] পুণ্যেন কর্ম্মণা পুণ্যঃ ভবতি, পাপেন পাপঃ ভবতি।

অথো (কিঞ্চ), খলু (প্রসিদ্ধৌ) আহুঃ (কথয়ন্তি) [লোকাঃ]—অয়ং পুরুষঃ কামময়ঃ এব ইতি; সঃ (পুরুষঃ) যথাকামঃ ভবতি, তৎক্রতুঃ (তাদৃশসংকল্পবান্) ভবতি, যৎক্রতুঃ (যাদৃশসংকল্পবান্) ভবতি, তৎ (সংকল্পিতং) কর্ম্ম কুরুতে; যৎ কর্ম্ম কুরুতে, তৎ অভিসম্পদ্যতে ইত্যর্থঃ॥ ২৯৫ ॥ ৫ ॥

মূলানুবাদ। [এই সংসারী আত্মা যে সমস্ত উপাধিযোগে তন্ময়ত্ব প্রাপ্ত হয়, সে সমুদয়ের নির্দ্দেশ করিতেছেন—] সেই আত্মা

প্রকৃতপক্ষে ব্রহ্মই বটে, [কিন্তু উপাধিযোগে] বিজ্ঞানময় (বুদ্ধির সহিত অভিন্নরূপ) ও মনোময় (মনের সহিত অভিন্নরূপ) হয়; এই প্রকার প্রাণময়, চক্ষুর্ম্ময়, শ্রোত্রময়, [পার্থিব শরীরে] পৃথিবীময়, [জলীয় শরীরে] আপোময়, বায়ুময়, আকাশময়, তেজোময়, অতেজোময়, কামময়, অকামময়, ক্রোধময়, অক্রোধময়, ধর্ম্মময়, অধর্ম্মময়, সর্ব্বময়, এবং যেহেতু প্রত্যক্ষ-গ্রাহ্য বস্তুময়, সেইহেতু পরোক্ষ-বস্তুময়ও বটে। [ফল কথা,] যেরূপ কর্ম্ম ও আচারের অনুশীলন করে, সেইরূপই হয়,—উত্তম কর্ম্মকারী উত্তম হয়, আর অধম কর্ম্মকারী অধম হয়, পুণ্য কর্ম্ম দ্বারা পুণ্যবান্ (সুখী) হয়, আর পাপ কর্ম্ম দ্বারা পাপী (দুঃখী) হয়।

লোকেও বলিয়া থাকে যে, এই সংসারী জীব কেবলই কামময়; সে যেরূপ কামনাশালী হয়, সেইরূপই সংকল্প করে, আবার যেরূপ সংকল্পসম্পন্ন হয়, সেইরূপই কর্ম্মানুষ্ঠান করে, এবং যেরূপ কর্ম্ম করে, ঠিক তদনুরূপ অবস্থাই লাভ করে ॥ ২৯৫ ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যম্। স বৈ অয়ম্, যঃ এবং সংসরত্যাত্মা—ব্রহ্মৈব পর এব, যঃ অশনায়াদ্যতীতো বিজ্ঞানময়ঃ; বিজ্ঞানং বুদ্ধিঃ, তেনোপলক্ষ্যমাণঃ তন্ময়ঃ; "কতম আত্মেতি, যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু" ইতি হি উক্তম্; বিজ্ঞানময়ঃ বিজ্ঞানপ্রায়ঃ, যস্মাৎ তদ্ধর্ম্মত্বমস্য বিভাব্যতে, "ধ্যায়তীব লেলায়তীব" ইতি; তথা মনোময়ঃ—মনঃসন্নিকর্ষাৎ মনোময়ঃ; তথা প্রাণময়ঃ, প্রাণঃ পঞ্চবৃত্তিঃ, তন্ময়ঃ, যেন চেতনশ্চলতীব লক্ষ্যতে; তথা চক্ষুর্ম্ময়ঃ রূপদর্শনকালে, এবং শ্রোত্রময়ঃ শব্দশ্রবণকালে, এবং তস্য তস্যেন্দ্রিয়স্য ব্যাপারোদ্ভবে তত্তন্ময়ো ভবতি।১

এবং বুদ্ধিপ্রাণদ্বারেণ চক্ষুরাদিকরণময়ঃ সন্ শরীরারম্ভকপৃথিব্যাদিভূতময়ো ভবতি; তত্র পার্থিবাদিশরীরারম্ভে পৃথিবীময়ো ভবতি; তথা বরুণাদিলোকেষু আপ্যশরীরারম্ভে আপোময়ো ভবতি; তথা বায়ব্যশরীরারম্ভে বায়ুময়ো ভবতি; তথা আকাশশরীরারম্ভে আকাশময়ো ভবতি; এবমেতানি তৈজসানি দেবশরীরাণি; তেষ্বারভ্যমাণেষু তত্তন্ময়ঃ তেজোময়ো ভবতি।

অতো ব্যতিরিক্তানি পশ্বাদিশরীরাণি নরকপ্রেতাদিশরীরাণি চ অতেজো-ময়ানি; তানপেক্ষ্য আহ—অতেজোময় ইতি। ২

এবং কার্য্যকরণসঙ্ঘাতময়ঃ সন্ আত্মা প্রাপ্তব্যং বস্তন্তরং পশ্যন্ ইদং ময়া প্রাপ্তম্, অদো ময়া প্রাপ্তব্যম্—ইত্যেবং বিপরীতপ্রত্যয়স্তদভিলাষঃ কাম-ময়ো ভবতি। তস্মিন্ কামে দোষং পশ্যতঃ তদ্বিষয়াভিলাষপ্রশমে চিত্তং প্রসন্নমকলুষং শান্তং ভবতি, তন্ময়ঃ অকামময়ঃ; এবং তস্মিন্ বিহতে কামে কেনচিৎ, স কামঃ ক্রোধত্বেন পরিণমতে, তেন তন্ময়ো ভবন্ ক্রোধময়ঃ। স ক্রোধঃ কেনচিদুপায়েন নিবর্ত্তিতো যদা ভবতি, তদা প্রসন্নমনাকুলং চিত্তং সৎ অক্রোধ উচ্যতে, তেন তন্ময়ঃ। এবং কামক্রোধাভ্যামকামক্রোধাভ্যাঞ্চ তন্ময়ো ভূত্বা ধর্ম্মময়োঽধর্ম্মময়শ্চ ভবতি। নহি কামক্রোধাদিভির্বিনা ধর্ম্মাদিপ্রবৃত্তিরুপপদ্যতে, "যদযদ্ধি কুরুতে কর্ম্ম তত্তৎ কামস্য চেষ্টিতম্" ইতি স্মরণাৎ; ধর্ম্মময়োঽধর্ম্মময়শ্চ ভূত্বা সর্ব্বময়ো ভবতি। সমস্তং ধর্ম্মাধর্ম্ময়োঃ কার্য্যং যাবৎ কিঞ্চিদ্ব্যাকৃতম্, তৎ সর্ব্বং ধর্ম্মাধর্ম্ময়োঃ ফলম্; তৎ প্রতিপদ্যমান-স্তন্ময়ো ভবতি। ২

কিং বহুনা, তদেতৎ সিদ্ধমস্য—যৎ অয়ম্ ইদম্ময়ঃ গৃহ্যমাণবিষয়াদিময়ঃ, তস্মাদ্ অয়ম্ অদোময়ঃ; অদ ইতি পরোক্ষং কার্য্যেণ গৃহ্যমাণেন নির্দ্দিশ্যতে; অনন্তা হি অন্তঃকরণে ভাবনাবিশেষাঃ; নৈব তে বিশেষতো নির্দ্দেষ্টুং শক্যন্তে; তস্মিংস্তস্মিন্ ক্ষণে কার্য্যতোঽবগম্যন্তে—ইদমস্য হৃদি বর্ত্ততে, অদোঽস্যেতি। তেন গৃহ্যমাণ-কার্য্যেণ ইদম্ময়তয়া নির্দ্দিশ্যতে—পরোক্ষোঽ-ন্তঃস্থো ব্যবহারঃ—অয়মিদানীমদোময় ইতি। ৩

সঙ্ক্ষেপতস্তু—যথা কর্ত্তুং যথা বা আচরিতুং শীলমস্য, সোঽয়ং যথাকারী যথাচারী, স তথা ভবতি। করণং নাম নিয়তা ক্রিয়া বিধিপ্রতিষেধাদি-গম্যা, আচরণং নাম অনিয়তা ইতি বিশেষঃ। সাধুকারী সাধুর্ভবতীতি, যথাকারীত্যস্য বিশেষণম্; পাপকারী পাপো ভবতীতি চ যথাচারীত্যস্য। তাচ্ছীল্যপ্রত্যয়োপাদানাৎ, অত্যন্ততাৎপর্য্যতৈব তন্ময়ত্বম্, ন তু তৎকর্ম্ম-মাত্রেণ, ইত্যাশঙ্ক্যাহ—পুণ্যঃ পুণ্যেন কর্ম্মণা ভবতি, পাপঃ পাপেনেতি। পুণ্যপাপকর্ম্মমাত্রেণৈব তন্ময়তা স্যাৎ, ন তু তাচ্ছীল্যমপেক্ষতে; তাচ্ছীল্যে তু তন্ময়ত্বাতিশয় ইত্যয়ং বিশেষঃ। তত্র কামক্রোধাদিপূর্ব্বকপুণ্যাপুণ্যকারিতা সর্ব্বময়ত্বে হেতুঃ, সংসারস্য কারণম্, দেহাদ্দেহান্তরসঞ্চারস্য চ; এতৎ-

প্রবৃত্তো হি অন্তরন্তদেহান্তরমুপাদত্তে; তস্মাৎ পুণ্যাপুণ্যে সংসারস্য কারণম্, এতদ্বিষয়ৌ হি বিধিপ্রতিষেধৌ অত্র শাস্ত্রস্য সাফল্যমিতি। ৪

অথো অপি অন্যে বন্ধ-মোক্ষকুশলাঃ খল্বাহুঃ—সত্যং, কামাদিপূর্ব্বকে পুণ্যাপুণ্যে শরীরগ্রহণকারণম্; তথাপি কামপ্রযুক্তো হি পুরুষঃ পুণ্যা-পুণ্যে কর্ম্মণী উপচিনোতি; কামপ্রহাণে তু কর্ম্ম বিদ্যমানমপি পুণ্যাপুণ্যোপচয়করং ন ভবতি; উপচিতে অপি পুণ্যাপুণ্যে কর্ম্মণী কামশূন্যে ফলারম্ভকে ন ভবতঃ; তস্মাৎ কাম এব সংসারস্য মূলম্। তথা চোক্তমাথর্ব্বণে "কামান্ যঃ কাময়তে মন্যমানঃ স কর্ম্মভির্জায়তে তত্র তত্র" ইতি। তস্মাৎকামময় এবায়ং পুরুষঃ; যদন্যময়ত্বম্, তদকারণং বিদ্যমানমপি, ইত্যতঃ অবধারয়তি—'কামময় এব' ইতি। ৫

যস্মাৎ স চ কামময়ঃ সন্ যাদৃশেন কামেন যথাকামো ভবতি, তৎক্রতুর্ভবতি, স কাম ঈষদভিলাষমাত্রেণাভিব্যক্তো যস্মিন্ বিষয়ে ভবতি, সঃ অবিহন্যমানঃ স্ফুটীভবন্ ক্রতুত্বমাপদ্যতে। ক্রতুর্নাম অধ্যবসায়ঃ নিশ্চয়ঃ—যদনন্তরা ক্রিয়া প্রবর্ত্ততে। যৎক্রতুর্ভবতি—যাদৃক্কামকার্য্যেণ ক্রতুনা যথারূপঃ ক্রতুরস্য, সোঽয়ং যৎক্রতুর্ভবতি, তৎ কর্ম্ম কুরুতে, যদ্বিষয়ঃ ক্রতুঃ, তৎফলনির্ব্বৃত্তয়ে যদ্ যোগ্যং কর্ম্ম, তৎ কুরুতে নির্ব্বর্ত্তয়তি; যৎ কর্ম্ম কুরুতে, তদভিসম্পদ্যতে তদীয়ং ফলমভিসম্পদ্যতে। তস্মাৎ সর্ব্বময়ত্বে অস্য সংসারিত্বে চ কাম এব হেতুরিতি ॥২৯৫॥৫॥

টীকা। শরীরারম্ভে মায়াত্মকভূতপঞ্চকমুপাদানমিতি বদতা ভূতাবয়বানামপি সত্ত্বৈব গমনমিত্যুক্তম্। ইদানীং স বা অয়মাত্মেত্যাদেস্তাৎপর্য্যমাহ—যেঽস্যেতি। তানেবোপাধিভূতান্ পদার্থান্ বিশিনষ্টি—যৈরিতি। ননু পূর্ব্বমপ্যেতে পদার্থা দর্শিতাঃ, কিং পুনস্তৎপ্রদর্শনেনেত্যাশঙ্ক্যাহ—পুঞ্জীকৃত্যেতি। স বা অয়মাত্মা ব্রহ্মেতি ভাগং ব্যাকুর্ব্বন্নাত্মনো ব্রহ্মৈক্যং বাস্তবং বৃত্তং দর্শয়তি—স বা ইতি। তস্যৈবাবাস্তবং রূপমুপন্যস্যতি—বিজ্ঞানময় ইত্যাদিনা। জ্যোতির্ব্রাহ্মণেঽপি ব্যাখ্যাতং বিজ্ঞানময়ত্বমিত্যাহ—কতম ইতি। কস্মিন্নর্থে ময়ট্ প্রযুজ্যতে, তত্রাহ—বিজ্ঞানেতি। উক্তে ময়ডর্থে হেতুমাহ—যস্মাদিতি। বুদ্ধ্যোক্যাধ্যাসান্তর্গত কর্তৃত্বাদেরাত্মনি প্রতীতিরিত্যত্র মানমাহ—ধ্যায়তীবেতি। মনঃসংনিকর্ষাত্তেন দ্রষ্টৃত্বাদ্য সংবন্ধাদিতি যাবৎ। চক্ষুর্ময়ত্বাদেরুপলক্ষণত্বমঙ্গীকৃত্যাহ—এবমিতি। ১

উক্তময়ত্ব সামান্যেন ভূতময়ত্বমাহ—এবং বুদ্ধীতি। ভূতময়ত্বে সত্যবান্তরবিশেষমাহ—তত্রেত্যাদিনা। স চাকাশময়স্তত্ত্বভাবাদাকাশস্থ শরীরারম্ভকত্বং,

প্রতিবিরুদ্ধারম্ভপ্রক্রিয়ানত্যাগপরমাদিত্যভিপ্রেত্যাহ—তথাকাশেতি। কথং পূর্ব্বোক্তি-বয়ত্বে কামাদিময়ত্বমুপযুজ্যতে, তত্রাহ—ম হীতি। কথং ধর্ম্মাদিময়ত্বং সর্ব্বময়ত্বে কারণমিত্যাশঙ্ক্যাহ—সমস্তমিতি। ২

তদ্‌বেদেতদিত্যাদেরর্থমাহ—কিং বহুনেতি। বিষয়ঃ শব্দাদিস্তত্তোঽস্তদপি প্রত্যক্ষতো গৃহ্যমাণমাদিশব্দার্থঃ। ইদংময়ত্বমদোময়ত্বে গমকমিত্যাহ—তস্মাদিতি। বিশেষ-তত্তন্ময়ত্বোক্তিং বিনা কিমিতি সামান্যোক্তিরিত্যাশঙ্ক্যাহ—অনন্তা হীতি। তদর্থিত্বে মানমাহ—তস্মিন্নিতি। অবগতিপ্রকারমভিনয়তি—ইদমস্যেতি। ইদংময়ত্বমদো-ময়ত্বং চোপসংহরতি—তেনেত্যাদিনা। পরোক্ষত্বং ব্যাকরোতি—অন্তঃস্থ ইতি। ব্যবহিতবিষয়ব্যবহারবানিতি যাবৎ। ইদানীমিত্যস্মাদুপরিষ্টাদপি তেনেতি সংবধ্যতে। পরোক্ষাবস্থেদানীমিত্যুক্তা। তৃতীয়য়া চ প্রকৃতো ব্যবহারো নির্দ্দিশ্যতে। ইতিশব্দঃ সর্ব্বময়ত্বোপসংহারার্থঃ। ৩

বিজ্ঞানময়াদিবাক্যার্থং সংক্ষিপতি—সংক্ষেপতস্থিতি। করণচরণয়োরৈক্যোম পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—করণং নামেতি। আদিশব্দঃ শিষ্টাচারসংগ্রহার্থঃ। বাক্যান্তরং শঙ্কোত্তরত্বেনোত্থাপ্য ব্যাচষ্টে—তাচ্ছীল্যেত্যাদিনা। কুত্র তর্হি তাচ্ছীল্যমুপযুজ্যতে, তত্রাহ—তাচ্ছীল্যে ত্বিতি। পূর্ব্বপক্ষমুপসংহরতি—তত্রে-ত্যাদিনা। কর্ম্মণঃ সংসারকারণত্বমুপসংহরতি—এতৎপ্রযুক্তো হীতি। সংসার-প্রয়োজকে কর্ম্মণি প্রমাণমাহ—এতদ্বিষয়ে হীতি। কথং যথোক্তকর্ম্মবিষয়ং বিধিনিষেধয়োরিত্যাশঙ্ক্যাহ—অত্রেতি। ইতিশব্দঃ পূর্ব্বপক্ষসমাপ্ত্যর্থঃ। ৪

সিদ্ধান্তমবতারয়তি—অথো ইতি। সংসারকারণত্বাজ্ঞানস্ত প্রাধান্যেন কামঃ সহ-কারীতি স্বসিদ্ধান্তং সমর্থয়তে—সত্যমিত্যাদিনা। কামাভাবেঽপি কর্ম্মণঃ সত্ত্বং দৃষ্ট-মিত্যাশঙ্ক্যাহ—কামপ্রহাণে ত্বিতি। নহু কামাভাবেঽপি নিত্যানুষ্ঠানাৎ পুণ্যাপুণ্যে সঞ্চীয়তে, তত্রাহ—উপচিতে ইতি। যো হি পশুপুত্রস্বর্গাদীননতিশয়পুরুষার্থান্ সত্ত-মানঃ তানেব কাময়তে, স তত্তদ্ভোগভূমৌ তত্তৎকামসংযুক্তো ভবতীত্যাথর্ব্বণশ্রুতেরর্থঃ। শ্রুতিযুক্তিসিদ্ধমর্থং নিগময়তি—তস্মাদিতি। ধর্ম্মাদিময়ত্বতাপি সম্বাদবধারণানুপপত্তি-মাশঙ্ক্যাহ—যদ্বিতি। ৫

স যথাকামো ভবতীত্যাদি ব্যাচষ্টে—যস্মাদিত্যাদিনা। যস্মাদিত্যস্ত তস্মাদিতি ব্যবহিতেন সম্বন্ধঃ। ইতিশব্দো ব্রাহ্মণসমাপ্ত্যর্থঃ। ২৯৫। ৫।

ভাষ্যানুবাদ। যে আত্মা এইরূপে পরলোকে প্রয়াণ করে, সেই আত্মা ব্রহ্মই—পরমাত্মাই—যিনি অশনায়াদি ধর্ম্মের অতীত; সেই আত্মা বিজ্ঞানময়—বিজ্ঞান অর্থ—বুদ্ধি, বুদ্ধিতে লক্ষিত হয় বলিয়া আত্মা বিজ্ঞান-ময়; অন্যত্রও উক্ত হইয়াছে যে, 'আত্মা কোনটী? না, প্রাণের মধ্যে যাহা এই বিজ্ঞানময়।' বিজ্ঞানময় অর্থ—বিজ্ঞানপ্রায় অর্থাৎ ঠিক বিজ্ঞানেরই মত; যেহেতু

আত্মধর্ম্মরূপে বিজ্ঞানের প্রতীতি হয়, সেই হেতুই ইহার বিজ্ঞানময়ত্ব; শ্রুতি বলিতেছেন, 'যেন ধ্যানই করে, যেন চেষ্টাই করে'। এইপ্রকার মনোময়—মনের সহিত সান্নিধ্য থাকায় আত্মা মনোময় হয়; সেই প্রকার প্রাণময়—প্রাণ অর্থ—পঞ্চবৃত্তি প্রাণ, তাহার সহিত সম্বন্ধ বশতঃ আত্মা তন্ময় হয়; যাহার ফলে চেতন আত্মা ক্রিয়াশীল বলিয়াই যেন প্রতীত হইয়া থাকে; এইরূপ, রূপ দর্শনকালে চক্ষুর্ম্ময় এবং শব্দ শ্রবণ সময়ে শ্রোত্রময় হয়। এই-প্রকার যখন যে ইন্দ্রিয়ের ব্যাপার প্রাদুর্ভূত হয়, তখন সেই সেই ইন্দ্রিয়ের সহিতই তন্ময়তা প্রাপ্ত হয়। ১

এইপ্রকার বুদ্ধি ও প্রাণের সাহায্যে আত্মা চক্ষুঃপ্রভৃতি করণবর্গের সহিত তন্ময়ত্ব প্রাপ্ত হইয়া, শেষে শরীরোৎপাদক পৃথিবীপ্রভৃতি ভূতময়ও হইয়া থাকে। তন্মধ্যে পার্থিব শরীরোৎপত্তিতে আত্মা পৃথিবীময় হয়; এইরূপ বরুণলোকপ্রভৃতি বিভিন্নস্থানে—জলীয় শরীর সৃষ্টিতে আপোময় হয়; বায়বীয় শরীর সৃষ্টিতে বায়ুময় হয়; এইপ্রকার আকাশাত্মক শরীরোৎপত্তিতে আকাশময়, তৈজস দেবশরীরসৃষ্টিতে তেজোময় হয়, তদ্ভিন্ন পশুপ্রভৃতির শরীর এবং নরক ও প্রেতাদি শরীরও অতেজোময়; সেই সমস্ত দেহকে লক্ষ্য করিয়া অতেজোময় বলা হইয়াছে। ২

এইপ্রকার, আত্মা দেহেন্দ্রিয়সংঘাতের সহিত তন্ময়তা প্রাপ্ত হইবার পর, ভবিষ্যতে যে ভাব লাভ করিবে, জ্ঞানদৃষ্টিতে তাহা অবলোকন করত 'আমি ইহা পাইয়াছি, আমি অমুক ভাব পাইব' এইপ্রকার ভ্রান্তবুদ্ধিবশে তদ্বিষয়ে অভিলাষী হইয়া কামময় হয়। পুরুষের চিত্ত আবার সেই কামনাতেও দোষ দর্শন করিয়া সেই কামনা-দোষের অপগমে প্রসন্ন, কলুষতাশূন্য ও প্রশান্ত হয়; চিত্ত তখন তন্ময়—অকামময় হয়। কোন কারণে যদি সেই কাম বা অভিলাষ ব্যাহত হয়, তাহা হইলে সেই কামই আবার ক্রোধাকারে পরিণত হয়; সেই জন্য তন্ময়তা লাভ করিয়া ক্রোধময় হয়; সেই ক্রোধও আবার যখন কোন উপায়ে নিবারিত হয়, তখন তাহার চিত্ত প্রসন্ন ও অব্যাকুল হওয়ায় অক্রোধময় বলিয়া কথিত হয়; এই জন্য পুরুষ তখন তন্ময় (অক্রোধময়) হয়। এইরূপ কাম ও ক্রোধে এবং অকাম ও অক্রোধে তন্ময়তা লাভ করত, পুরুষ ধর্ম্মময় এবং অধর্ম্মময়ও হইয়া থাকে; কেন না, 'লোক যে কোন কর্ম্ম করে, সে সমুদয়ই কামের চেষ্টা বা কামনার ফল' ইত্যাদি স্মৃতিবাক্য হইতে জানা যায় যে,

কাম ক্রোধাদি ব্যতিরেকে ধর্ম্মাধর্ম্ম বিষয়ে লোকের প্রবৃত্তি জন্মিতে পারে না। ধর্ম্মময় ও অধর্ম্মময় হইয়া সর্ব্বময় হয়; যাহা কিছু ব্যক্ত জগৎ—জাগতিক পদার্থ, সে সমুদয়ই ধর্ম্মাধর্ম্মের কার্য্য বা ফল, অর্থাৎ ধর্ম্মাধর্ম্মের ফলভোগের জন্যই এই দৃশ্যমান জগতের অভিব্যক্তি হইয়াছে; সুতরাং জগৎকে ধর্ম্মাধর্ম্মের ফল বলা যাইতে পারে; পুরুষ তাহা প্রাপ্ত হইয়া তন্ময় হইয়া থাকে। ৩

আর অধিক কথায় প্রয়োজন কি, পুরুষের এই ভাব চিরপ্রসিদ্ধ; পুরুষ যেহেতু ইদম্ময়—ইন্দ্রিয় যে সমুদয় বিষয় গ্রহণ করিয়া থাকে, তন্ময় হয়, সেই হেতুই পুরুষ অদোময়ও বটে; 'অদস্' অর্থ পরোক্ষ বস্তু, যাহা কার্য্য দেখিয়া জানিতে পারা যায়; কারণ, হৃদয়ের ভাব (চিন্তা বিশেষ) অনন্ত, সে সমুদয়ের বিশেষভাবে নাম নির্দ্দেশ করা সম্ভব হয় না; তবে উপস্থিতমতে বিশেষ বিশেষ কার্য্য দর্শনে বুঝিতে পারা যায় যে, ইহার হৃদয়ে এই ভাব আছে, ইহার হৃদয়ে অমুক ভাব আছে; অতএব প্রতীতি-গোচরাপন্ন কার্য্য দ্বারাই 'ইদম্ময়' রূপে নির্দ্দেশ করা হয়, আর অন্তঃকরণস্থ পরোক্ষব্যবহার-গোচর বস্তুকে 'অদোময়' রূপে প্রকাশ করা হয়। ৪

সংক্ষেপতঃ [বলা যায় যে,] যে পুরুষ যেরূপ কর্ম্ম করিতে বা যেরূপ আচরণ করিতে অভ্যস্ত, সেই পুরুষ যথাকারী ও যথাচারী; তদ্বিষয়ে তিনি স্বীয় কর্ম্ম ও আচারানুরূপ হইয়া থাকেন। [যথাকারী কথায়] করণ অর্থ—বিধি-নিষেধ শাস্ত্রগম্য নিয়ত বা অবশ্যকর্ত্তব্য ক্রিয়া, আর চরণ অর্থ—অনিয়ত অর্থাৎ যাহা অবশ্য কর্ত্তব্য নহে, এরূপ ক্রিয়া; উক্ত ক্রিয়া ও আচারের মধ্যে এইরূপ পার্থক্য রহিয়াছে। 'সাধুকারী সাধুঃ ভবতি' (উত্তম কার্য্যকারী উত্তম হয়), এ কথাটী 'যথাকারী' কথারই বিশেষণ বা অর্থপ্রকাশক মাত্র; এবং 'পাপকারী পাপঃ ভবতি' (পাপকর্ম্মকারী পাপী হয়) এই কথাটীও যথাচারী কথার বিশেষণ। এখানে 'যথাকারী ও যথাচারী' প্রভৃতি বাক্যে তাচ্ছীল্য প্রত্যয় থাকায় (১) আশঙ্কা হইতে পারে যে, অত্যন্ত তৎপরতাই (অত্যন্ত

(১) তাৎপর্য্য—কাহারও স্বভাবসিদ্ধ ক্রিয়া বুঝাইবার নিমিত্ত কতকগুলি কৃৎপ্রত্যয়ের বিধান আছে; সেই প্রত্যয়গুলিকে তাচ্ছীল্য প্রত্যয় বলে। যেমন সুরা পান করা যাহার স্বভাব, তাহাকে বলে, সুরাপায়ী, প্রাণিহত্যা করা যাহার স্বভাব, তাহাকে বলে 'ঘাতুক' ইত্যাদি। এখানে সাধুকর্ম্ম করাই যাহার স্বভাব, তিনি সাধুকারী, সুতরাং দুই একবার সাধুকর্ম্ম করিলেই সাধুকারী বলিতে পারা যায় না; এই আশঙ্কায় বলিলেন 'পুণ্য' ইত্যাদি।

অভিনিবেশই) তন্ময়ত্ব, শুধু ভাল মন্দ কর্ম্ম মাত্র নহে; সেই আশঙ্কা নিরাসের নিমিত্ত বলিতেছেন—'পুণ্যকর্ম্ম দ্বারা পুণ্য (শুভফলভাগী) হয়, আর পাপকর্ম্ম দ্বারা পাপ (নিকৃষ্টফলভাগী) হয়'। বিশেষ এই যে, শুধু পুণ্য ও পাপকর্ম্ম দ্বারাই তন্ময়ত্ব হইতে পারে সত্য, কিন্তু তাহাতে তাচ্ছীল্য হইলে অর্থাৎ সেই পুণ্য ও পাপকর্ম্ম স্বভাবে পরিণত হইলে তন্ময়তার পরিপুষ্টি ঘটিয়া থাকে। কামক্রোধাদি দোষ সহকারে যে, পুণ্যাপুণ্য কর্ম্মানুষ্ঠান, তাহাই জীবের সর্ব্বময়ত্বের কারণ এবং সংসার প্রাপ্তি ও দেহান্তর সঞ্চরণের কারণ; কেন না, কামক্রোধাদি সহকৃত কর্ম্মের প্রেরণাবশেই জীব এক দেহের পর অন্য দেহ ধারণ করিয়া থাকে। অতএব পুণ্যাপুণ্যই সংসার-প্রাপ্তির কারণ, বিধি ও নিষেধ শাস্ত্রও এই পুণ্যাপুণ্য বিষয়েই প্রযুক্ত হইয়াছে; এবং তদ্বিষয়েই শাস্ত্রের সফলতা বা প্রয়োজন। ৫

অপি চ, যাহারা বন্ধ মোক্ষ বিষয়ে অভিজ্ঞ, তাহারাও বলিয়া থাকেন—যদিও কাম ক্রোধাদি সংকৃত পুণ্য পাপই জীবের শরীর গ্রহণের কারণ সত্য, তথাপি কামনার প্রেরণায়ই লোকে পুণ্য ও পাপ সঞ্চয় করিয়া থাকে; কামনা পরিত্যাগ করিলে, কর্ম্ম অনুষ্ঠিত হইয়াও পুণ্য বা পাপ জন্মায় না; পক্ষান্তরে পুণ্যাপুণ্য সঞ্চিত থাকিলেও, যদি কামনারহিত হয়, তাহা হইলে ঐ পুণ্য ও পাপ কোন ফলজনক হয় না; অতএব প্রকৃতপক্ষে কামনাই সংসারের মুখ্য কারণ(১)। আথর্ব্বণ শ্রুতিতেও এই কথা বলা আছে—'যে লোক অভিনিবেশ-সহকারে বিবিধ কাম্য বিষয় কামনা করে; সেই লোক সেই কামনানুসারে ভিন্ন ভিন্ন স্থানে জন্ম গ্রহণ করে'; অতএব এই পুরুষ অর্থাৎ জীব কামময়ই (কামনাপ্রধানই) বটে; ইহা ছাড়া যে, অন্যময়তা, তাহা থাকিলেও কোন ফলবিশেষের জনক হয় না; 'কামময় এব' কথায় ইহাই অবধারিত হইয়াছে। ৬

---

(১) তাৎপর্য্য—জীবের অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মই সাক্ষাৎ সম্বন্ধে ভবিষ্যৎ ফলের জনক; কামনা তাহার সহকারী কারণ; কিন্তু কামনা সহকারী হইলেও ফলোৎপাদনে তাহারই প্রাধান্য। তণ্ডুল যেমন অঙ্কুরোৎপত্তির প্রধান কারণ হইয়াও, তুষরহিত হইলে অঙ্কুরোৎপাদনে সমর্থ হয় না; এই জন্য তুষ নিজে অঙ্কুরোৎপাদক না হইলেও, অঙ্কুরোৎপাদনের প্রধান সহায়; এইরূপ পুণ্যাপুণ্য কর্ম্ম ফলজনক হইলেও, কামনাই তাহার প্রধান সহায়। কামনার অভাবে কোন কর্ম্মই ফলোৎপাদনে সমর্থ হয় না; এই জন্যই নিষ্কামভাবে কর্ম্ম করিলে তাহা দ্বারা জন্মমৃত্যুতা সংসারে আবদ্ধ হয় না।

যেহেতু পুরুষ কামময় হইয়া বিভিন্নরূপ কামনানুসারে যাদৃশ কামনা সম্পন্ন হয়, তাদৃশ সঙ্কল্পবান্ হয়, অর্থাৎ কামনা প্রথমতঃ যে বিষয়ে অতি অল্প মাত্রায় অভিব্যক্ত হয়, পরে তাহাই বিনা বাধায় পরিস্ফুট হইয়া ক্রতুরূপে পরিণত হইয়া থাকে ; ক্রতু অর্থ অধ্যবসায় নিশ্চয়, যাহার পরেই ক্রিয়া আরম্ভ হয়, যে বিষয়ে ক্রতুমান্ হয়, অর্থাৎ যাদৃশ কামনা জনিত ক্রতু দ্বারা পুরুষ যেরূপ ক্রতুসম্পন্ন হয়, সেইরূপ কর্ম্ম করিয়া থাকে। অভিপ্রায় এই যে, যে বিষয়ে ক্রতু হয়, তাহার ফল-সম্পাদনের নিমিত্ত তদুপযুক্ত কর্ম্ম সম্পাদন করিয়া থাকে। তাহার পর, যেরূপ কর্ম্ম করে, তদনুরূপ ফল লাভ করিয়া থাকে। [অতএব বুঝা গেল, যে] পুরুষের সর্ব্বময়ত্ব ও সংসারিত্বের প্রতি কামনাই মুখ্য কারণ ॥ ২৯৫ ॥ ৫ ॥

তদেষ শ্লোকো ভবতি,—তদেব সক্তঃ সহ কর্ম্মণৈতি লিঙ্গং মনো যত্র নিষক্তমস্য। প্রাপ্যান্তং কর্ম্মণস্তস্য যৎ কিঞ্চেহ করোত্যয়ম্। তস্মাল্লোকাৎ পুনরৈত্যস্মৈ লোকায় কর্ম্মণ ইতি নু কাময়মানোঽথাকাময়মানো যোঽকামো নিষ্কাম আপ্তকাম আত্মকামঃ, ন তস্য প্রাণা উৎক্রামন্তি ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি ॥২৯৬॥৬॥

অন্বয়ার্থঃ। তৎ (তত্র বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (সংক্ষিপ্তার্থকং বাক্যম্) ভবতি (অস্তি)। [তমেব শ্লোকং নির্দ্দিশতি—] অস্য (পুরুষস্য) লিঙ্গং (সূক্ষ্মং, লিঙ্গশরীরাবয়বং বা) মনঃ, যত্র (যস্মিন্ বিষয়ে) নিষক্তম্ (কামনাযুক্তম্ তন্ময়ম্) [ভবতি], সক্তঃ (আসক্তঃ—) কামনাবান্ পুরুষঃ কর্ম্মণা সহ (কর্ম্মসংস্কারেণ সহ, 'সঃ' ইতি পুরুষবিশেষণং বা) এতৎ (কাম্যং ফলম্) এব এতি (প্রাপ্নোতি)।

অয়ং (সংসারী জীবঃ) ইহ (অস্মিন্ জন্মনি) যৎ কিঞ্চ (যৎ কিমপি কর্ম্ম) করোতি, তস্য কর্ম্মণঃ (কর্ম্মফলস্য) অন্তং (অবসানং) প্রাপ্য, তস্মাৎ (কর্ম্মলব্ধাৎ ভোগস্থানাৎ) পুনঃ অস্মৈ লোকায় (পৃথিবীলোকায়) কর্ম্মণে (কর্ম্ম কর্ত্তুম্) পুনঃ এতি (আগচ্ছতি) ; [কর্ম্মফলভোগায় লোকান্তরং যাতি, তদ্ভোগাবসানে চ পুনঃ কর্ম্মকরণায় এতস্মিন্ লোকে প্রত্যাগচ্ছতীতি ভাবঃ],

ইতি (এবং গত্যাগতী) নু (নিশ্চয়ে) কাময়মানঃ (সকামঃ পুরুষ এব) [লভতে]; অথ (অতঃপরম্) অকাময়মানঃ (ফলাকাঙ্ক্ষারহিতঃ পুরুষঃ) [উচ্যতে]—যঃ অকামঃ—নিষ্কামঃ (নাস্তি কামঃ যস্য সঃ), [কথম্? যস্মাৎ] আপ্তকামঃ (আপ্তাঃ প্রাপ্তাঃ কামাঃ যেন, সঃ), [তদেব কথম্? ইত্যাহ—যতঃ] আত্মকামঃ (আত্মৈব তস্য কাম্যঃ, নান্যঃ, আত্মা তু নিত্য-প্রাপ্ত এব, তস্মাৎ আপ্তকামঃ ইত্যর্থঃ); তস্য (আপ্তকামস্য) প্রাণাঃ ন উৎক্রামন্তি, (দেহত্যাগাৎ পরং ন লোকান্তরং গচ্ছন্তি); [সঃ] ব্রহ্ম এব (ব্রহ্মস্বরূপ এব) সন্ (ভবন্) ব্রহ্ম অপ্যেতি (অভিন্নতয়া ব্রহ্মণি লীয়তে ইত্যর্থঃ) ॥২৯৬॥ ৬॥

মূলানুবাদ। জীবের পরলোকপ্রাপ্তি সম্বন্ধে এইরূপ একটি শ্লোক আছে—জীবের লিঙ্গ—সূক্ষ্ম অথবা সূক্ষ্মশরীরের অংশ মন যে বিষয়ে নিযুক্ত বা আসক্ত থাকে, সেই কর্ম্মের সংস্কার সহযোগে সেইরূপ ফলই প্রাপ্ত হয়; পুরুষ ইহ লোকে যে কোন শুভাশুভ কর্ম্ম করে, লোকান্তরে সেই কর্ম্মের ফলভোগ শেষ করিয়া, সেই লোক হইতে পুনর্ব্বার কর্ম্মানুষ্ঠানের নিমিত্ত ইহলোকে প্রত্যাগমন করে; ইহা হইতেছে কেবল সকাম পুরুষের কথা; অতঃপর কামনারহিত পুরুষের কথা বলা হইতেছে—যে পুরুষ অকাম নিষ্কাম অর্থাৎ ফলাভিলাষশূন্য, এবং নিত্যপ্রাপ্ত আত্মাই তাহার একমাত্র কাম্য হওয়ায়, বাহিরে কোন বিষয়ই তাহার প্রাপ্তব্য থাকে না; এই জন্য তিনি আপ্তকাম, তাহার প্রাণসমূহ উৎক্রমণ করে না, পরন্তু তিনি ব্রহ্ম স্বরূপই বটে; এই জন্য শেষে ব্রহ্মকেই প্রাপ্ত হন ॥২৯৬॥৫॥

শাঙ্করভাষ্যম্। তৎ তস্মিন্নর্থে এষ শ্লোকঃ মন্ত্রোঽপি ভবতি। তদেবৈতি তদেব গচ্ছতি। সক্ত আসক্তঃ তত্র উদ্ভূতাভিলাষঃ সন্নিত্যর্থঃ কথ-মেতি? সহ কর্ম্মণা, যৎ কর্ম্ম ফলাসক্তঃ সন্ অকরোৎ, তেন কর্ম্মণা সহৈব তৎফলমেতি—তৎ ফলম্ এতি। কিং তৎ? লিঙ্গং মনঃ—মনঃপ্রধানত্বাৎ লিঙ্গস্য মনঃ লিঙ্গম্ ইত্যুচ্যতে; অথবা লিঙ্গ্যতে অবগম্যতে অবগচ্ছতি যেন, তৎ লিঙ্গম্; তৎ মনঃ যত্র যস্মিন্ নিষক্তম্—নিশ্চয়েন সক্তম্ উদ্ভূতাভিলাষম্, অস্য সংসারিণঃ; তদভিলাষো হি তৎ কর্ম্ম কৃতবান্; তস্মাৎ তন্মনো-ঽভিষঙ্গবশাদেব অস্য তেন কর্ম্মণা তৎফলপ্রাপ্তিঃ; তেনৈতৎ সিদ্ধং ভবতি—

কামো মূলং সংসারস্যেতি। অত উৎসন্নকামস্য বিদ্যমানান্যপি কর্ম্মাণি ব্রহ্মবিদো বন্ধ্যাপ্রসবানি ভবন্তি; "পর্য্যাপ্তকামস্য কৃতাত্মনস্তু ইহৈব সর্ব্বে প্রবিলীয়ন্তি কামাঃ" ইতি শ্রুতেঃ। ১

কিঞ্চ, প্রাপ্যান্তং কর্ম্মণঃ—প্রাপ্য ভুক্ত্বা অন্তম্ অবসানং যাবৎ, কর্ম্মণঃ ফল-পরিসমাপ্তিং কৃত্বেত্যর্থঃ। কস্য কর্ম্মণোঽন্তং প্রাপ্যেত্যুচ্যতে—তস্য, যৎ কিঞ্চ ইহ অস্মিন্ লোকে করোতি নির্ব্বর্ত্তয়তি অয়ম্, তস্য কর্ম্মণঃ ফলং ভুক্ত্বা অন্তং প্রাপ্য, তস্মাৎ লোকাৎ পুনঃ ঐতি আগচ্ছতি অস্মৈ লোকায় কর্ম্মণে—অয়ং হি লোকঃ কর্ম্মপ্রধানঃ, তেনাহ—'কর্ম্মণে' ইতি—পুনঃ কর্ম্মকরণায়; পুনঃ কর্ম্ম কৃত্বা ফলসঙ্গবশাৎ পুনরমুং লোকং যাতি ইত্যেবম্। ইতি নু এবং নু কাময়মানঃ সংসরতি। যস্মাৎ কাময়মান এব এবং সংসরতি, অথ তস্মাৎ, অকাময়মানঃ ন কচিৎ সংসরতি। ফলাসক্তস্য হি গতিরুক্তা; অকামস্য হি ক্রিয়ানুপপত্তেঃ অকাময়মানো মুচ্যতে এব। ২

কথং পুনরকাময়মানো ভবতি? যঃ অকামো ভবতি, অসাবকাময়মানঃ। কথমকামতেত্যুচ্যতে—যো নিষ্কামঃ, যস্মান্নির্গতাঃ কামাঃ, সোঽয়ং নিষ্কামঃ। কথং কামা নির্গচ্ছন্তি? য আপ্তকামো ভবতি, আপ্তাঃ কামা যেন, স আপ্তকামঃ। কথমাপ্যন্তে কামাঃ? আত্মকামত্বেন, যস্যাত্মৈব নান্যঃ কাময়িতব্যো বস্তন্তরভূতঃ পদার্থো ভবতি; আত্মৈব অনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন একরসঃ নোর্দ্ধং ন তির্য্যগ্ নাধঃ আত্মনোঽন্যৎ কাময়িতব্যং বস্তন্তরম্—যস্য সর্ব্বমাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ, শৃণুয়াৎ মন্বীত, বিজানীয়াদ্বা—এবং বিজানন্ কং কাময়েত? জ্ঞায়মানো হি অন্যত্বেন পদার্থঃ কাময়িতব্যো ভবতি; ন চাসাবন্যো ব্রহ্মবিদ আপ্তকামস্যাস্তি। য এবাত্মকামতয়া আপ্তকামঃ, স নিষ্কামঃ অকামঃ, অকাময়মানশ্চেতি মুচ্যতে। ন হি যস্যাত্মৈব সর্ব্বং ভবতি, তস্যানাত্মা কাময়িতব্যোঽস্তি; অনাত্মা চান্যঃ কাময়িতব্যঃ, সর্ব্বঞ্চাত্মৈবাভূদিতি বিপ্রতিষিদ্ধম্। সর্ব্বাত্মদর্শিনঃ কাময়িতব্যাভাবাৎ কর্ম্মানুপপত্তিঃ। ৩

যে তু প্রত্যবায়পরিহারার্থং কর্ম্ম কল্পয়ন্তি ব্রহ্মবিদোঽপি, তেষাং নাত্মৈব সর্ব্বং ভবতি, প্রত্যবায়স্য জিহাসিতব্যস্য আত্মনোঽন্যস্যাভিপ্রেতত্বাৎ। যেন চ অশনায়াদ্যতীতো নিত্যং প্রত্যবায়াসম্বদ্ধো বিদিত আত্মা, তং বয়ং ব্রহ্মবিদং ব্রূমঃ। নিত্যমেব অশনায়াদ্যতীতমাত্মানং পশ্যতি; যস্মাৎ চ জিহাসিতব্যমন্যমুপাদেয়ং বা যো ন পশ্যতি, তস্য কর্ম্ম ন শক্যত এব সম্বন্ধুম্। যস্তু অব্রহ্মবিৎ

তস্য ভবত্যেব প্রত্যবায়পরিহারার্থং কর্মেতি ন বিরোধঃ। ততঃ কামাভাবাদ্ অকাময়মানো ন জায়তে, মুচ্যত এব। ৪

তস্য এবমকাময়মানস্য কর্মাভাবে গমনকারণাভাবাৎ, প্রাণা বাগাদয়ঃ, ন উৎক্রামন্তি ন ঊর্দ্ধং ক্রামন্তি দেহাৎ; স চ বিদ্বান্ আপ্তকামঃ, আত্মকামতয়া ইহৈব ব্রহ্মভূতঃ। সর্বাত্মনো হি ব্রহ্মণো দৃষ্টান্তত্বেন প্রদর্শিতমেতদ্রূপম্—"তদ্বা অস্যৈতদাপ্তকামমাত্মকামমকামং রূপম্" ইতি; তস্য হি দার্ষ্টান্তিক-ভূতোঽয়মর্থ উপসংহ্রিয়তে 'অথাকাময়মানঃ' ইত্যাদিনা। ৫

স কথমেবম্ভূতো মুচ্যত ইত্যুচ্যতে—যো হি সুষুপ্তাবস্থমিব নির্ব্বিশেষ-মদ্বৈতম্ অলুপ্তচিদ্রূপজ্যোতিঃস্বভাবম্ আত্মানং পশ্যতি, তস্যৈবাকাময়মানস্য কর্মাভাবে গমনকারণাভাবাৎ প্রাণাঃ বাগাদয়ঃ ন উৎক্রামন্তি; কিন্তু বিদ্বান্ স ইহৈব ব্রহ্ম, যদ্যপি দেহবানিব লক্ষ্যতে; স ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি। যস্মাৎ ন হি তস্যাব্রহ্মত্বপরিচ্ছেদহেতবঃ কামাঃ সন্তি, তস্মাদিহৈব ব্রহ্মৈব সন্ ব্রহ্ম অপ্যেতি, ন শরীরপাতোত্তরকালম্। ন হি বিদুষো মৃতস্য ভাবান্তরাপত্তিঃ জীবতোঽন্যো ভাবঃ, দেহান্তরপ্রতিসন্ধানাভাবমাত্রেণৈব তু ব্রহ্মাপ্যেতী-ত্যুচ্যতে। ৬

ভাবান্তরাপত্তৌ হি মোক্ষস্য সর্বোপনিষদ্বিবক্ষিতোঽর্থঃ—আত্মৈকত্বাখ্যঃ, স বাধিতো ভবেৎ; কর্মহেতুকশ্চ মোক্ষঃ প্রাপ্নোতি, ন জ্ঞাননিমিত্ত ইতি; স চানিষ্টঃ; অনিত্যত্বঞ্চ মোক্ষস্য প্রাপ্নোতি; ন হি ক্রিয়ানির্বৃত্তোঽর্থো নিত্যো দৃষ্টঃ। নিত্যশ্চ মোক্ষোঽভ্যুপগম্যতে, 'এষ নিত্যো মহিমা' ইতি মন্ত্রবর্ণাৎ। ন চ স্বাভাবিকাৎ স্বভাবাদন্যৎ নিত্যং কল্পয়িতুং শক্যম্; ন হি অগ্নেরৌষ্ণ্যং প্রকাশো বা অগ্নিব্যাপারানন্তরানুভাবী; অগ্নিব্যাপারানুভাবী, স্বাভাবিক-শ্চেতি বিপ্রতিষিদ্ধম্। ৭

জ্বলনব্যাপারানুভাবিত্বম্ উষ্ণ-প্রকাশয়োরিতি চেৎ; ন, অন্যোপলব্ধি-ব্যবধানাপগমাভিব্যক্ত্যপেক্ষত্বাৎ; জ্বলনাদিপূর্বকম্ অগ্নিঃ উষ্ণপ্রকাশ-গুণাভ্যামভিব্যজ্যতে, তৎ ন অগ্ন্যপেক্ষয়া; কিং তর্হি, অন্যদৃষ্টেঃ অগ্নেরৌষ্ণ্য-প্রকাশৌ ধর্মৌ ব্যবহিতৌ, কস্যচিদ্ দৃষ্ট্যা তু অসম্বধ্যমানৌ, জ্বলনাপেক্ষয়া ব্যব-ধানাপগমে দৃষ্টেরভিব্যজ্যেতে; তদপেক্ষয়া ভ্রান্তিরুপজায়তে—জ্বলনপূর্বকা-বেতৌ উষ্ণপ্রকাশৌ ধর্মৌ জাতাবিতি। যদি উষ্ণপ্রকাশয়োরপি স্বাভা-বিকত্বং ন স্যাৎ, যঃ স্বাভাবিকোঽগ্নের্ধর্মঃ, তমুদাহরিষ্যামঃ; ন চ স্বাভাবিকো ধর্ম এব নাস্তি পদার্থানামিতি শক্যং বক্তুম্। ৮

ন চ নিগড়ভঙ্গ ইব অভাবভূতো মোক্ষঃ বন্ধননিবৃত্তিরূপপদ্যতে, পরমাত্মৈকত্বাভ্যুপগমাৎ, "একমেবাদ্বিতীয়ম্" ইতি শ্রুতেঃ ; ন চান্যো বদ্ধোঽস্তি, যস্য নিগড়নিবৃত্তিবৎ বন্ধননিবৃত্তির্মোক্ষঃ স্যাৎ ; পরমাত্মব্যতিরেকেণ অন্যস্যাভাবং বিস্তরেণ অবাদিষ্ম। তস্মাদবিদ্যানিবৃত্তিমাত্রে মোক্ষব্যবহার ইতি চাবোচাম, যথা রজ্জ্বাদৌ সর্পাদিজ্ঞাননিবৃত্ত্যা সর্পাদিনিবৃত্তিরিতি। ৯

যেঽপি আচক্ষতে—মোক্ষে বিজ্ঞানান্তরম্ আনন্দান্তরং চ অভিব্যজ্যত ইতি, তৈর্বক্তব্যঃ অভিব্যক্তিশব্দার্থঃ। যদি তাবৎ অলৌকিক্যেব উপলব্ধিবিষয়ব্যাপ্তিরভিব্যক্তিশব্দার্থঃ, ততো বক্তব্যম্—কিং বিদ্যমানমভিব্যজ্যতে? অবিদ্যমানমিতি বা? বিদ্যমানঞ্চেৎ, যস্য মুক্তস্য তদভিব্যজ্যতে, তস্যাত্মভূতমেব তৎ, ইত্যুপলব্ধিব্যবধানানুপপত্তেঃ নিত্যাভিব্যক্তত্বাৎ 'মুক্তস্যাভিব্যজ্যতে' ইতি বিশেষবচনমনর্থকমেব। অথ কদাচিদেবাভিব্যজ্যতে, উপলব্ধিব্যবধানাৎ অনাত্মভূতং তৎ-ইতি অন্যতোঽভিব্যক্তিপ্রসঙ্গঃ ; তথা চাভিব্যক্তিসাধনাপেক্ষতা। উপলব্ধি-সমানাশ্রয়ত্বে তু ব্যবধানকল্পনানুপপত্তেঃ সর্ব্বদা অভিব্যক্তিঃ অনভিব্যক্তির্বা ; ন তু অন্তরালকল্পনায়াং প্রমাণমস্তি। ন চ সমানাশ্রয়াণামেকস্যাত্মভূতানাং ধর্ম্মাণাম্ ইতরেতরবিষয়বিষয়িত্বং সম্ভবতি ; বিজ্ঞান-সুখয়োশ্চ প্রাগভিব্যক্তেঃ সংসারিত্বম্, অভিব্যক্ত্যুত্তরকালঞ্চ মুক্তত্বং যস্য, সোঽন্যঃ পরস্মাৎ নিত্যাভিব্যক্তজ্ঞানস্বরূপাৎ অত্যন্তবৈলক্ষণ্যাৎ, শৈত্যমিবৌষ্ণ্যাৎ। পরমাত্মভেদকল্পনায়াঞ্চ বৈদিকঃ কৃতান্তঃ পরিত্যক্তঃ স্যাৎ। ১০

মোক্ষস্য ইদানীমিব নির্বিশেষত্বে তদর্থাধিকত্বানুপপত্তিঃ শাস্ত্রবৈয়র্থ্যং চ প্রাপ্নোতীতি চেৎ ; ন, অবিদ্যাভ্রমাপোহার্থত্বাৎ। ন হি বস্তুতো মুক্তামুক্তত্ববিশেষোঽস্তি, আত্মনো নিত্যৈকরূপত্বাৎ ; কিন্তু তদ্বিষয়া অবিদ্যা অপোহ্যতে শাস্ত্রোপদেশজনিতবিজ্ঞানেন ; প্রাক্ তদুপদেশপ্রাপ্তেঃ তদর্থশ্চ প্রযত্ন উপপদ্যত এব। অবিদ্যাবতঃ অবিদ্যানিবৃত্ত্যনিবৃত্তিকৃতো বিশেষ আত্মনঃ স্যাদিতি চেৎ ; ন, অবিদ্যাকল্পনাবিষয়ত্বাভ্যুপগমাৎ ; রজ্জূষরশুক্তিকাগগনানাং সর্পোদকরজতমলিনত্বাদিবৎ, অদোষ ইত্যবোচাম। ১১

তিমিরাতিমিরদৃষ্টিবৎ অবিদ্যাকর্তৃত্বাকর্তৃত্বকৃত আত্মনো বিশেষঃ স্যাদিতি চেৎ ; ন, "ধ্যায়তীব লেলায়তীব" ইতি স্বতোঽবিদ্যাকর্তৃত্বস্য প্রতিষিদ্ধত্বাৎ ; অনেকব্যাপারসন্নিপাতজনিতত্বাচ্চ অবিদ্যাভ্রমস্য ; বিষয়ত্বোপপত্তেশ্চ ; যস্য চাবিদ্যাভ্রমো ঘটাদিবদ্বিবিক্তো গৃহ্যতে, স নাবিদ্যাভ্রমবান্। অহং ন জানে

মুগ্ধোঽস্মীতি প্রত্যয়দর্শনাৎ অবিদ্যাভ্রমবত্ত্বমেবেতি চেৎ; ন, তস্যাপি বিবেকগ্রহণাৎ; ন হি যো যস্য বিবেকেন গ্রহীতা, স তস্মিন্ ভ্রান্ত ইত্যুচ্যতে; তস্য চ বিবেকগ্রহণম্; তস্মিন্নেব চ ভ্রম, ইতি বিপ্রতিষিদ্ধম্। ন জানে মুগ্ধোঽস্মীতি দৃশ্যতে ইতি ব্রবীষি—তদ্দর্শিনশ্চ অজ্ঞানং মুগ্ধরূপতা দৃশ্যতে—ইতি চ তদ্দর্শনস্য বিষয়ো ভবতি কর্ম্মতামাপদ্যত ইতি; তৎ কথং কর্ম্মভূতং সৎ কর্ত্তৃস্বরূপ-দৃশিবিশেষণম্ অজ্ঞান-মুগ্ধতে স্যাতাম্? ১২

অথ দৃশিবিশেষণত্বং তয়োঃ, কথং কর্ম্ম স্যাতাম্?—দৃশিনা ব্যাপ্যেতে? কর্ম্ম হি কর্ত্তৃ-ক্রিয়য়া ব্যাপ্যমানং ভবতি, অন্যচ্চ ব্যাপ্যম্ অন্যদ্ব্যাপকম্; ন তেনৈব তদ্ব্যাপ্যতে; বদ কথমেবংসতি অজ্ঞান-মুগ্ধতে দৃশিবিশেষণে স্যাতাম্? ১২

ন চ অজ্ঞানবিবেকদর্শী অজ্ঞানম্ আত্মনঃ কর্ম্মভূতমুপলভমান উপলব্ধৃ-ধর্ম্মত্বেন গৃহ্লাতি, শরীরে কার্শ্যরূপাদিবৎ। তথা সুখদুঃখেচ্ছাপ্রযত্নাদীন্ সর্ব্বো লোকো গৃহ্লাতীতি চেৎ; তথাপি গ্রহীতুর্লোকস্য বিবিক্ততৈবাভ্যুপগতা স্যাৎ। ন জানেঽহং ত্বদুক্তং মুগ্ধ এবেতি চেৎ; ভবতু অজ্ঞো মুগ্ধঃ, যস্ত এবংদর্শী, তং জ্ঞমমুগ্ধং প্রতিজানীমহে বয়ম্। তথা ব্যাসেনোক্তম্, ইচ্ছাদি কৃৎস্নং ক্ষেত্রং ক্ষেত্রী প্রকাশয়তীতি, "সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্। বিনশ্যৎস্ববিনশ্যন্তং যঃ পশ্যতি স পশ্যতি" ইত্যাদি শতশ উক্তম্। তস্মান্নাত্মনঃ স্বতো বদ্ধমুক্তজ্ঞানাজ্ঞানকৃতো বিশেষোঽস্তি, সর্ব্বদা সমৈকরসস্বাভাব্যাভ্যুপগমাৎ। ১৩

যে তু অতোঽন্যথা আত্মবস্তু পরিকল্প্য বন্ধমোক্ষশাস্ত্রঞ্চ অর্থবাদমাপাদয়ন্তি, তে উৎসহন্তে—খেঽপি শাকুনং পদং দ্রষ্টুম্; খং বা মুষ্টিনা আক্রষ্টুম্, চর্ম্মবদ্বেষ্টিতুম্; বয়ন্তু তৎ কর্ত্তুমশক্তাঃ, সর্ব্বদা সমৈকরসমদ্বৈতমবিক্রিয়মজমজরমমরমমৃতমভয়মাত্মতত্ত্বং ব্রহ্মৈবাস্মীত্যেষঃ—সর্ব্ববেদান্তনিশ্চিতোঽর্থঃ—ইত্যেবং প্রতিপদ্যামহে। তস্মাদ্ব্রহ্মাপ্যেতীত্যুপচারমাত্রমেতৎ বিপরীতগ্রহবদ্দেহসন্ততেবিচ্ছেদমাত্রং বিজ্ঞানফলমপেক্ষ্য ॥ ২৯৬ ॥ ৬ ॥

টীকা। তত্রেতি গন্তব্যফলপরামর্শঃ, তদেব গন্তব্যং ফলং বিশেষতো জ্ঞাতুং পৃচ্ছতি—কিংতদিতি। প্রতীকমাদায় ব্যাচষ্টে—লিঙ্গমিতি। যোঽবগচ্ছতি স শ্রুত্যাচার্য্যাদিসাক্ষী যেন সাক্ষ্যেণ মনসাবগম্যতে, তন্মনো লিঙ্গমিতি, পক্ষান্তরমাহ—অথবেতি। যস্মিন্নিশ্চয়েন সংসারিণো মনঃ সক্তং, তৎফলপ্রাপ্তিস্তস্যেতি সম্বন্ধঃ। তদেবোপপাদয়তি—তদর্থিত্বাদ্যো হীতি। পূর্ব্বার্দ্ধার্থমুপসংহরতি—তেনেতি। কামস্য সংসারমূলত্বে সত্যর্থসিদ্ধমর্থমাহ—অত ইতি। বন্ধ্যাপ্রসববৎ নিষ্ফলত্বম্। পর্য্যাপ্তকামস্য প্রাপ্তপরমপুরুষার্থস্যেতি যাবৎ। কৃতাত্মনঃ শুদ্ধবুদ্ধের্বিদিতসত্ত্বস্যেত্যর্থঃ। ইহেতি জীবদবস্থোক্তিঃ। ১

কামপ্রধানঃ সংসরতি চেৎ কর্ম্মফলভোগানন্তরং কামাভাবান্‌ মুক্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—কিং চেতি। ইতশ্চ সংসারস্য কামপ্রধানত্বমাস্থেয়মিত্যর্থঃ। যাবদবসানং তাবদ্ভুক্তেতি সম্বন্ধঃ। উক্তমেব সংক্ষিপতি—কর্ম্মণ ইতি। ইত্যেবং পারম্পর্য্যেণ সংসরণাদৃতে জ্ঞানান্ন মুক্তিরিতি শেষঃ। সংসারপ্রকরণমুপসংহরতি—ইতি স্বিতি। অবস্থাত্রয়স্য দার্ষ্টান্তিকং বন্ধং প্রবন্ধেন দর্শয়িত্বা সুষুপ্তস্য দ্রাষ্টান্তিকং মোক্ষং বক্তুমথেত্যাদি বাক্যং। তত্রাথশব্দার্থমাহ—যস্মাদিতি। ২

কামরহিতস্য সংসারাভাবং সাধয়তি—অফলাসক্তস্যেতি। বিদুষো নিষ্কামস্য ক্রিয়ারাহিত্যে নৈষ্কর্ম্ম্যমযত্নসিদ্ধমিতি ভাবঃ। অকাময়মানত্বে প্রশ্নপূর্ব্বকং হেতুমাহ—কথমিত্যাদিনা। বাহ্যেষু শব্দাদিষু বিষয়েষ্বাসঙ্গরাহিত্যাদকাময়মানস্তেত্যর্থঃ। অকামত্বে হেতুমাকাঙ্ক্ষাপূর্ব্বকমাহ—কথমিতি। বাসনারূপকামাভাবাদকামতেত্যর্থঃ। নিষ্কামত্বে প্রশ্নপূর্ব্বকং হেতুমুত্থাপ্য ব্যাচষ্টে—কথমিতি। প্রাপ্তপরমানন্দত্বান্নিষ্কামতেত্যর্থঃ। আপ্তকামত্বে হেতুমাকাঙ্ক্ষাপূর্ব্বকমাহ—কথমিত্যাদিনা। হেতুমেব সাধয়তি—যস্যেতি। তস্য যুক্তমাপ্তকামত্বমিতি শেষঃ। উক্তমর্থং প্রমাণপ্রদর্শনার্থং প্রপঞ্চয়তি—আত্মৈবেতি। কাময়িতব্যাভাবং ব্রহ্মবিদঃ শ্রুত্যবষ্টম্ভেন স্পষ্টয়তি—যস্যেতি। ইতি বিদ্যাবস্থা যস্য বিদুষোঽস্তি সোঽন্যমবিজানন্‌ ন কঞ্চিদপি কাময়েতেতি যোজনা। পদার্থোঽজ্ঞানাবিজ্ঞাতোঽপি কাময়িতব্যঃ স্যাদিতি চেন্নেত্যাহ—জ্ঞায়মানো হীতি। অনুভূতে স্মরণবিপরিবর্ত্তিনি অনিয়মাদিত্যর্থঃ। অন্যত্বেন জ্ঞায়মানস্তর্হি পদার্থো বিদুষোঽপি কাময়িতব্যঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। আপ্তকামস্য ব্রহ্মবিদো দর্শিতরীত্যা কাময়িতব্যাভাবে মুক্তিঃ সিদ্ধেত্যুপসংহরতি—য এবেতি। কথং কাময়িতব্যাভাবোঽনাত্মনস্তথাত্বাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। সর্ব্বাত্মত্বমনাত্মকাময়িতৃত্বং চ স্যাদিত্যাশঙ্ক্যাহ—অনাত্মা চেতি। অথেত্যাদিবাক্যে শ্রৌতমর্থমুক্তাঽর্থসিদ্ধমর্থং কথয়তি—সর্ব্বাত্মদর্শিন ইতি। ৩

কর্ম্মজড়ানাং মতমুত্থাপ্য শ্রুতিবিরোধেন প্রত্যাচষ্টে—যে ত্বিতি। ব্রহ্মবিদি প্রত্যবায়প্রাপ্তিমঙ্গীকৃত্যোক্তমিদানীং তৎপ্রাপ্তিরেব তস্মিন্নাস্তীত্যাহ—যেন চেতি। যথোক্তস্যাপি ব্রহ্মবিদো বিহিতত্বাদেব নিত্যানুষ্ঠানং স্যাদিতি চেন্নেত্যাহ—নিত্যমেবেতি। যো হি সদৈব সংসারিণমাত্মানমনুভবতি, স চ হেয়মাদেয়ং বাত্মনোঽন্যৎ পশ্যতি। যস্মাদেবং, তস্মাৎ তস্য কর্ম্ম সংস্পৃষ্টুমযোগ্যম্‌। যথোক্তব্রহ্মবিত্ত্বয়া কর্ম্মাধিকারহেতুনামুপমৃদিতত্বাদিত্যর্থঃ। কর্ম্মসম্বন্ধস্তর্হি কস্যেত্যাশঙ্ক্যাহ—যস্ত্বিতি। ন বিরোধো বিধিকাণ্ডস্যেতি শেষঃ। শ্রুত্যর্থাভ্যাং সিদ্ধমর্থমুপসংহরতি—অত ইতি। বিদ্যাবশাদিত্যেতৎ। কামাভাবাৎ কর্ম্মাভাবাচ্চেতি দ্রষ্টব্যম্‌। অকাময়মানোঽকুর্ব্বাণশ্চেতি শেষঃ। ৪

দেহান্তরপ্রাপ্ত্যায়ত্তা মুক্তিরিত্যেতন্নিরাকর্তুং ন তস্যেত্যাদি ব্যাচষ্টে—তস্যেত্যাদিনা। অত্রৈব সন্নিত্যেতদবতারয়তি—স চেতি। কথং বর্ত্তমানে দেহে তিষ্ঠন্নেব ব্রহ্মভূতো ভবতি, তত্রাহ—সর্ব্বাত্মনো হীতি। ৫

দৃষ্টান্তালোচনয়া দার্ষ্টান্তিকেঽপি সদা ব্রহ্মত্বং ভাতীতি ভাবঃ। সদা ব্রহ্মীভূতস্য মুক্তির্নাম নাস্তীতি শঙ্কিত্বা পরিহরতি—স কথমিতি। পরিহারমেব স্ফোরয়িতুং ন তস্যেত্যাদি-বাক্যার্থমনুবদতি—তস্যৈবেতি। ব্রহ্মৈব সন্নিত্যস্যার্থমনুবদতি—কিং ত্বিতি। বিদ্বানিহৈব ব্রহ্ম চেৎ কথং তস্য ব্রহ্মপ্রাপ্তিরিত্যাশঙ্ক্যাহ—ব্রহ্মৈবেতি। যদুক্তং ব্রহ্মৈব সন্নিত্যাদি, তদুপপাদয়তি—যস্মাদিতি। প্রাগপি ব্রহ্মভূতস্যৈব পুনর্দেহপাতে ব্রহ্মপ্রাপ্তি-রিত্যুক্তং, বিদুষো মৃতস্য ভাবান্তরাপত্তিস্বীকারাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। কথং তর্হি ব্রহ্মা-প্যেতীত্যুচ্যতে, তত্রাহ—দেহান্তরেতি। ৬

বিদুষো ভাবান্তরাপত্তির্মুক্তিরিতি পক্ষেঽপি কিং দূষণমিতি চেৎ, তদাহ—ভাবান্তরা-পত্তৌ হীতি। তথা চোপনিষদামপ্রামাণ্যং বিনা হেতুনা স্যাদিতি ভাবঃ। ভাবান্তরা-পত্তির্মুক্তিরিত্যত্র দোষান্তরমাহ—কর্ম্মেতি। ইতিপদাদুপরিষ্টাৎ ক্রিয়াপদস্য সম্বন্ধঃ। অস্তু কর্ম্মনিমিত্তো মোক্ষো জ্ঞাননিমিত্তস্তু মা ভূৎ, তত্রাহ—ন চেতি। প্রসঙ্গঃ সর্ব্বনাম্না পরামৃশ্যতে। প্রতিষেধশাস্ত্রবিরোধাদিতি ভাবঃ। মোক্ষস্য কর্ম্মসাধ্যত্বে দোষান্তরমাহ—অনিত্যত্বং চেতি। তত্রোপযুক্তাং ব্যাপ্তিমাহ—ন হীতি। অস্তু তর্হি প্রাসাদাদিবৎ ক্রিয়াসাধ্যস্য মোক্ষস্যাপ্যনিত্যত্বং, নেত্যাহ—নিত্যশ্চেতি। কৃতকোঽপি ব্রহ্মভাবো ধ্বংস-বন্নিত্যঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। কৃত্রিমস্বভাবব্যাবৃত্ত্যর্থং স্বাভাবিকপদম্। 'অতো-ঽন্যদার্ত্তম্' ইতি হি শ্রুতিঃ। ধ্বংসস্য তু বিকল্পমাত্রত্বাৎ নিত্যত্বমসম্মতমিতি ভাবঃ। মোক্ষো অকৃত্রিমস্বভাবোঽপি কর্ম্মোত্থঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—স্বাভাবিকশ্চেদিতি। অগ্নেরৌষ্ণ্য-বদাত্মনো মোক্ষশ্চ স্বাভাবিকস্বভাবশ্চেৎ ন স ক্রিয়াসাধ্যো ব্যাঘাতাদিত্যর্থঃ। দৃষ্টান্তং সমর্থয়তে—ন হীতি। ৭

অরণিগতস্যাগ্নেরৌষ্ণ্যপ্রকাশৌ নোপলভ্যেতে, সতি চ জ্বলনে দৃশ্যেতে, তেন স্বাভাবিকাবপি তাবাগন্তুকৌ কাদাচিৎকোপলব্ধিমত্ত্বাদিতি শঙ্কতে—জ্বলনেতি। ন হি সতো-ঽগ্নেরৌষ্ণ্যাদি কাদাচিৎকং যুক্তং, তদ্দৃষ্টের্ব্যবধানস্য দার্ব্বাদের্ধ্বংসে মথনজ্বলনাদিনা বহ্ন্যভিব্যক্তিমপেক্ষ্য তৎস্বভাবস্যৌষ্ণ্যাদের্ব্যক্ত্যভ্যুপগমাদিতি পরিহরতি—নান্যেতি। তদেব প্রপঞ্চয়তি—জ্বলনাদীতি। মথনাদিব্যাপারবশাৎ প্রকাশাদিনা ব্যজ্যতেঽগ্নিরিতি যদুচ্যতে, তদগ্নৌ সত্যেব তদ্গতব্যাপারাপেক্ষয়া তদৌষ্ণ্যাদ্যভিব্যক্তিবশাৎ ন ভবতি, কিন্তু দেবদত্তদৃষ্টেরগ্নিধর্ম্মৌ ব্যবহিতৌ, ন তু তৌ কস্যচিৎ দৃষ্ট্যা সম্বধ্যেতে, জ্বলনাদিব্যাপারাৎ তু দৃষ্টের্ব্যবধানভঙ্গে তয়োরভিব্যক্তিরিত্যর্থঃ। কথং তর্হি জ্বলনাদিব্যাপারাদগ্নেরৌষ্ণ্যপ্রকাশৌ জাতাবিতি বুদ্ধিঃ, তত্রাহ—তদপেক্ষয়েতি। জ্বলনাদিব্যাপারাৎ দৃষ্টিব্যবধানভঙ্গে বহ্নেরৌষ্ণ্যপ্রকাশাভিব্যক্ত্যপেক্ষয়েতি যাবৎ। যথা বহ্নেরৌষ্ণ্যাদি স্বাভাবিকং ন ক্রিয়াসাধ্যং, তথাত্মনো মুক্তিঃ স্বাভাবিকী ন ক্রিয়াসাধ্যেত্যুক্তমিদানীমগ্নেরৌষ্ণ্যাদি ন স্বাভাবিকমিত্যাশঙ্ক্যাহ—যদীতি। উদাহরিষ্যামো মোক্ষস্যাস্বভাবস্যাকর্ম্মসাধ্যতায়েতি শেষঃ। অথাগ্নেঃ স্বাভাবিকো ন কশ্চিদ্ধর্ম্মোঽস্তি, যো মোক্ষস্য দৃষ্টান্তঃ স্যাদত আহ—ন চেতি। লক্ষ্যাত্মকং হি বস্তু বস্ত্বন্তরেণ সম্বধ্যতে। অস্তি চ নিম্বাদৌ তিক্তত্বাদিধীরিত্যর্থঃ। ভাবান্তরাপত্তিপক্ষং প্রতিক্ষিপ্য পক্ষান্তরং প্রত্যাহ—ন চেতি। ন হি বস্তুনস্তথাভূতস্য

নিবৃত্তির্বিরোধায়াপাততথাভূতত্বাদবহানাৎ। ন চ প্রসিদ্ধিবিরোধো দুর্নিরূপখ্যাতিবিষয়ত্বাদিতি ভাবঃ। ৮

কিঞ্চ পরমাত্মনস্তু বন্ধনিবৃত্তিস্তত্তৈব বা? নাস্ত ইত্যাহ—ন চেতি। তত্র হেতুত্বেন পরমাত্মৈকত্বাভ্যুপগমাদিত্যাদি ভাষ্যং ব্যাখ্যেয়ম্। ন দ্বিতীয়স্তস্য নিত্যমুক্তস্য বন্ধোঽপি বন্ধত্বানভ্যুপগমাদিতি দ্রষ্টব্যম্। কথং পরমাত্মনোঽন্যো বদ্ধো নাস্তীত্যাশঙ্ক্য প্রবেশবিচারাদাবুক্তং স্মারয়তি—পরমাত্মেতি। ন চেদন্যো বদ্ধোঽস্তি, কথং মোক্ষব্যবহারঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। অন্যস্য বদ্ধস্যাভাবাৎ পরস্য চ নিত্যমুক্তত্বাদিতি যাবৎ। যথা রজ্জ্বাদ্যধিষ্ঠানে সর্পাদিহেতোরজ্ঞানস্য নিবৃত্তৌ সত্যাং সর্পাদেরপি নিবৃত্তিস্তথাবিদ্যায়া বন্ধহেতোর্নিবৃত্তিমাত্রেণ তৎকার্য্যস্য বন্ধস্যাপি নিবৃত্তিব্যবহারো ভবতীতি চাবাদিষ্মেতি যোজনা। ৯

মতান্তরমুত্থাপয়তি—যেঽপ্যাচক্ষত ইতি। বৈষয়িকজ্ঞানানন্দাপেক্ষয়ান্তরশব্দঃ। কেবলমভিব্যক্তিরুৎপত্তির্বা প্রকাশো বা। নাদ্যো মোক্ষে সুখাদ্যুৎপত্তৌ তদনিত্যত্বাপত্তেরিত্যভিপ্রেত্যাহ—তৈরিতি। দ্বিতীয়মালম্বতে—যদীতি। তত্র দোষং বক্তুং বিকল্পয়তি—তত ইতি। দ্বিতীয়ে খরবিষাণবদপরোক্ষাভিব্যক্তি ন স্যাদিত্যভিপ্রেত্যাদ্যমনুভাষ্য দূষয়তি—বিদ্যমানং চেদিতি। উপলব্ধিস্বভাবত্বাদাত্মা, তস্য বিদ্যমানং সুখাদি ব্যজ্যতে চেৎ, জ্ঞানানন্দয়োর্দেশাদিব্যবধানাভাবাদানন্দঃ সদৈব ব্যজ্যেত ইতি মুক্তিবিশেষণমনর্থকমিত্যর্থঃ। চক্ষুর্ঘটয়োর্বিষয়বিষয়িত্বপ্রতিবন্ধককুড্যাদিবদধর্মাদিপ্রতিবন্ধাদানন্দো জ্ঞানং চ সংসারদশায়াং ন ব্যজ্যতে, মোক্ষে তু ব্যজ্যতে, তদভাবাদিতি শঙ্কতে—অথেতি। উপলব্ধিদেশাদ্ভিন্নদেশস্যৈব ঘটাদেরুপলব্ধিপ্রতিবন্ধদর্শনাদনাত্মভূতং সুখং ন স্বভাবভূতয়োরুপলব্ধ্যা প্রকাশেত, কিন্তু বিষয়েন্দ্রিয়সম্পর্কাদিত্যুত্তরমাহ—তথা চেতি। তৎসাধনানি চেৎ মুক্তৌ স্যুঃ, সংসারাদবিশেষঃ স্যাদিতি ভাবঃ। উপলব্ধিব্যবধানমানন্দস্যাঙ্গীকৃত্যোক্তমিদানীং তদেব নাস্তীত্যাহ—উপলব্ধীতি। কদাচিদভিব্যক্তিরনভিব্যক্তিশ্চ কদাচিদিত্যেবং কালভেদেনোভয়ং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। আনন্দজ্ঞানয়োর্বিষয়বিষয়িত্বমভ্যুপেত্য কাদাচিৎকী ভাবদভিব্যক্তির্নিরস্তা, সংপ্রতি তদপি ন সংভবতীত্যাহ—ন চেতি। আত্মভূতত্বং স্বাভাবিকত্বম্। বিমতং ন সমানাশ্রয়বিষয়ং ধর্মত্বাৎ প্রদীপপ্রকাশবদিতি ভাবঃ। মুক্তাবানন্দজ্ঞানাভিব্যক্তিপক্ষে দোষান্তরং বক্তুং ভূমিকাং করোতি—বিজ্ঞানস্বরূপয়োশ্চেতি। ১০

তদ্দোষাপাদনমিষ্টমেবেত্যাশঙ্ক্য বিবক্ষিতং দোষমাহ—পরমাত্মেতি। পরমতে নিরাকৃতে সিদ্ধান্তেঽপি দোষমাশঙ্কতে—মোক্ষস্যেতি। মোক্ষার্থোঽধিকো যত্নঃ শমদমাদিঃ। শাস্ত্রং মোক্ষবিষয়ম্। মোক্ষস্য নির্বিশেষত্বেঽপি প্রত্যগবিদ্যাতৎকার্যানর্থধ্বংসিত্বেনোভয়মর্থবদিতি পরিহরতি—নাবিদ্যেতি। তত্র নঞর্থং বিবৃণোতি—নহীতি। কথং তর্হি শাস্ত্রাদ্যর্থবত্ত্বমিত্যাশঙ্ক্যাহ—কিংত্বিতি। তত্র শাস্ত্রস্যার্থবত্ত্বং সমর্থয়তি—তদ্বিষয়স্যেতি। প্রত্যগাত্মবিষয়ত্বশ্রুতঃ। সংপ্রতি প্রযত্নস্যার্থবত্ত্বং প্রকটয়তি—প্রাপীতি। প্রথমতস্তাবৎ শাস্ত্র-

বিষয়ঃ। দ্বিতীয়ো মোক্ষবিষয়ঃ। আত্মনঃ সদৈকরূপত্বং প্রাগুক্তমাক্ষিপতি—অবিদ্যেতি। আবিদ্যঃ সোঽপীতি সমাধত্তে—নেতি। যথা রজ্জ্বাদ্যবিদ্যোত্থসর্পাদেস্তদবিদ্যয়া ধ্বংসাধ্বংসয়ো রজ্জ্বাদের্বাস্তবো বিশেষস্তথাত্মনোঽপি স্বাবিদ্যামাত্রোত্থবিশেষবত্বেঽপি তদ্ধ্বংসাধ্বংসয়োর্বাস্তবো বিশেষোঽস্তীত্যর্থঃ। অদোষঃ সবিশেষত্বদোষরাহিত্যম্। ১১

প্রকারান্তরেণ সবিশেষত্বং শঙ্কতে—তিমিরেতি। কিমিদমবিদ্যাকর্তৃত্বং? কিং তজ্জনকত্বং কিং বা তদাশ্রয়ত্বমিতি বিকল্প্যাদ্যং দূষয়তি—ন ধ্যায়তীবেতি। আত্মনঃ স্বতোঽবিদ্যাকর্তৃত্বাভাবে হেত্বন্তরমাহ—অনেকেতি। বিষয়বিষয়্যাকারোঽন্তঃকরণস্থ তত্র চিদাভাসোদয়স্তাত্মনো ব্যাপারস্তথাচানেকব্যাপারসংনিপাতে সত্যহং সংসারীত্যবিদ্যাত্মকো ভ্রমো জায়তে, তস্মান্ন তস্যাত্মকার্যতেত্যর্থঃ। কল্পান্তরং প্রত্যাহ—বিষয়স্ত্বেতি। অবিদ্যাদেরাত্মদৃশ্যত্বান্ন তদাশ্রয়ত্বং, ন হি তদ্গতস্য তদ্গ্রাহ্যত্বমংশতঃ স্বগ্রহাপত্তেরিত্যর্থঃ। তদেব স্ফোরয়তি—যস্য চেতি। অনুভবমনুসৃত্য শঙ্কতে—অহং নেত্যাদিনা। সাক্ষিসাক্ষ্যভাবেন—ভেদাভ্যুপগমান্নাত্মনোঽবিদ্যাশ্রয়ত্বমিত্যুত্তরমাহ—ন তস্যাপীতি। তদেব স্পষ্টয়তি—ন হীতি। অবিদ্যাদের্বিবেকেন গ্রহীতর্য্যাপি তদ্বিষয়ে ভ্রান্তত্বে কা হানিরিত্যাশঙ্ক্যাহ—যস্য চেতি। অজ্ঞানং মূঢ়ত্বং চাত্মনো ন বিশেষণমিতি বিধানান্তরেণ দর্শয়িতুং চোদ্যবাক্যমনুবদতি—ন জান ইতি। তদ্ব্যাচষ্টে—তদ্দর্শিনশ্চেতি। অজ্ঞানাদিতচ্ছব্দার্থঃ। দৃশ্যমানত্বমেব বিশদয়তি—কর্মতামিতি। ইতি ব্রবীতীতি সম্বন্ধঃ। এবং পরকীয়ং বাক্যং ব্যাখ্যায় ফলিতমাহ—তৎকথমিতি। তত্র চোদ্যবাক্যার্থে দর্শিতরীত্যা স্থিতে সতি কর্তৃবিশেষণং নাজ্ঞানমূঢ়ত্বে স্যাতাং, তয়োঃ প্রত্যেকং কর্মভূতত্বাদিত্যর্থঃ। ১২

বিপক্ষে দোষমাহ—অথেতি। কথং কর্ম স্যাতামিত্যেতদেব ব্যাচষ্টে—দৃশিনেতি। তত্রাপি কথংশব্দঃ সংবধ্যতে। এতদেব স্ফুটয়তি—কর্ম হীতি। এবং সতি ব্যাপ্যব্যাপকভাবস্য ভেদনিষ্ঠত্বে সতীত্যেতৎ। কিংচাজ্ঞানমূপলক্ষ্যধর্মো ন ভবত্যুপলভ্যমানত্বাদ্দেহগতকার্শ্যাদিবদিত্যাহ—ন চেতি। অজ্ঞানবত্তৎকার্যমপি নাত্মধর্মঃ স্যাদিত্যতিদিশতি—তথেতি। অজ্ঞানোত্থস্যেচ্ছাদেরাত্মধর্মত্বনিরাকরণে প্রতীতিবিরোধঃ স্যাদিতি শঙ্কতে—সুখেতি। তেষাং গ্রাহ্যত্বমঙ্গীকৃত্য পরিহরতি—তথাপীতি। আত্মনিষ্ঠত্বে সুখাদীনাং চৈতন্যবদাত্মভাবোপাৎ তদ্গ্রাহ্যানাং তেষাং ন তদ্ধর্মতেতি ভাবঃ। প্রকারান্তরেণ নিরাকর্তুং নিরাকৃতমেব চোদ্যমনুবদতি—ন জানে ইতি। কিং প্রমাতুরজ্ঞানাদ্যাশ্রয়ত্বমনুভবাদ্ অভিদধাসি তৎসমক্ষণো বা? তত্রাদ্যং প্রত্যাহ—তদ্বুদ্ধিরিতি। কল্পান্তরং নিরাকরোতি যদ্বিতি। ন হি যো যত্র সাক্ষী, স তত্রাজ্ঞো মূঢ়ো বেতি। তথা চ সর্বসাক্ষী নাজ্ঞানাদিমান্ ভবতীত্যর্থঃ। আত্মনো মোহাদিরাহিত্যে ভগবদ্বাক্যং প্রমাণয়তি—তথেতি। তস্য সর্ববিশেষশূন্যত্বে বাক্যান্তরমুদাহরতি—সমমিতি। আদিপদেন সমং পশ্যন্ হি সর্বত্র। জ্যোতিষামপি তজ্জ্যোতিরিত্যাদি গৃহ্যতে। আত্মনো নির্বিশেষত্বে প্রামাণিকে ফলিতমুপসংহরতি—তস্মাদেতি। ১৩

পক্ষান্তরমনুভাষতে—যে ত্বিতি। অতো নির্ব্বিশেষত্বাভাব্যাদিতি যাবৎ। অজ্ঞানাদ্বন্ধো জ্ঞানান্মুক্তিরিতি শাস্ত্রমর্থবাদঃ। আদিশব্দেন রুদ্ররোদনাস্তর্থবাদং দৃষ্টান্তং সূচয়তি। সোপহাসং দূষয়তি—তে উৎসৃষ্ট ইতি। ন হি সবিশেষত্বং শক্যমাত্মনঃ প্রতিপত্তুং, নির্ব্বিশেষত্বপ্রত্যায়কাগমবিরোধাদিতি ভাবঃ। কথং তর্হি ভবদ্ভিরাত্মতত্ত্বমভ্যুপগম্যতে, তত্রাহ—বয়ং ত্বিতি। প্রমাণবিরুদ্ধার্থদর্শনং তচ্ছব্দেন পরামৃশ্যতে। সম্বাদীনামিব সাম্যং দূষয়তি—সর্ব্বদেতি। ভেদাভেদমপবদতি—একরসমিতি। তত্র হেতুমাহ—অদ্বৈতমিতি। দ্বৈতাভাবোপলক্ষিতত্বাদিত্যর্থঃ। ঐকরস্যে কৌটস্থ্যং হেত্বন্তরমাহ—অবিক্রিয়মিতি। তদুপপাদয়তি—অজমিত্যাদিনা। অমরং মরণাযোগ্যম্। তত্র সর্ব্বত্রাবিদ্যাসংবন্ধরাহিত্যং হেতুমাহ—অভয়মিতি। নন্বেবংবিধং ব্রহ্মৈবংবিধং ন ত্বাত্মতত্ত্বমিত্যাশঙ্ক্যাহ—ব্রহ্মৈবেতি। যথোক্তং প্রত্যগ্‌ভূতং ব্রহ্মেত্যত্র প্রমাণমাহ—ইত্যেষ ইতি। তত্রৈব বিদ্বদনুভবং প্রমাণয়তি—ইত্যেবমিতি। পরপক্ষনিরাসেন প্রকৃতং বাক্যার্থমুপসংহরতি—তস্মাদিতি। উপচারনিমিত্তমাহ—বিপরীতেতি। আত্মা তত্ত্বতঃ সংসারীতি বিপরীতগ্রহবতো বা দেহসংততিবিচ্ছেদমাত্রং জ্ঞানফলমপেক্ষ্যোপচারমাত্রমিত্যর্থঃ ॥ ২৯৬ ॥ ৬ ॥

ভাষ্যানুবাদ। কথিত বিষয়ে এইরূপ শ্লোক (মন্ত্র) আছে—সক্ত অর্থ—ফলাসক্ত; [মৃত্যুকালে] সেই কাম্য বিষয়ে অভিলাষ সমুদ্বুদ্ধ হওয়ায়, পুরুষ [মৃত্যুর পর] সেই ফলই প্রাপ্ত হয়। কি প্রকারে প্রাপ্ত হয়? কর্ম্মের সহিত—পুরুষ ফলাভিলাষী হইয়া যে কর্ম্ম করিয়াছিল, সেই কর্ম্মের (কর্ম্মসংস্কারের) সঙ্গেই তাহা—সেই কর্ম্মফল প্রাপ্ত হয়। যে প্রাপ্ত হয়, সে কে? না, লিঙ্গ—মনঃ—লিঙ্গ শরীরের মধ্যে মনই প্রধান, এই জন্য মনকে 'লিঙ্গ' বলা হইয়া থাকে; অথবা যাহা দ্বারা লিঙ্গিত হয়—আত্মা জ্ঞাত হয়, তাহার নাম 'লিঙ্গ'। সেই মন যে বিষয়ে নিষক্ত—নিঃসংশয়রূপে আসক্ত থাকে অর্থাৎ যে বিষয়ে তাহার অভিলাষ প্রবল থাকে, এই সংসারী সেই বিষয়ে অভিলাষী হইয়া তদনুকূল কর্ম্ম করিয়া থাকে; সেই হেতু মন তাদৃশ আসক্তিফলেই আচরিত কর্ম্ম দ্বারা সেই অভিলষিত ফল লাভ করে। এই কথায় ইহাই প্রমাণিত হইতেছে যে, কামনাই সংসারের মূল কারণ; এই জন্য নিষ্কাম ব্রহ্মজ্ঞ পুরুষের বিবিধ কর্ম্ম বিদ্যমান থাকিয়াও ফলপ্রসবে সমর্থ হয় না; অন্য শ্রুতি বলিয়াছেন 'যাহার কামনা পর্য্যাপ্ত (পরিপূর্ণ) হইয়াছে, সেই কৃতাত্মা বা কৃতার্থ পুরুষের সমস্ত কামনা এখানেই বিলীন হইয়া যায়' ইতি। ১

আরও এক কথা, স্বকৃত কর্ম্মের অন্ত—অবসান প্রাপ্ত হইয়া অর্থাৎ ফল-

ভোগ শেষ করিয়া—, কোন কর্ম্মের অন্ত প্রাপ্ত হইয়া, তাহা বলা হইতেছে—এই সংসারী জীব ইহলোকে যে কর্ম্ম সম্পাদন করে, সেই কর্ম্মের অন্ত পাইয়া—ফলভোগ শেষ করিয়া ইহলোকে পুনর্ব্বার কর্ম্ম করিবার নিমিত্ত সেই লোক হইতে ফিরিয়া আইসে। অভিপ্রায় এই যে, এই মর্ত্ত্যলোক স্বভাবতই কর্ম্মপ্রধান; সেই কারণে বলিলেন—'কর্ম্মণে' পুনর্ব্বার কর্ম্ম করিবার জন্য; এখানে কর্ম্মকর্ত্তার কর্ম্মফলে আসক্তি থাকায় পুনর্ব্বার পরলোকে প্রয়াণ করিতে হয়; এই প্রকারেই কামনাবান্ (সকাম পুরুষ) জন্মমরণপ্রবাহ ভোগ করিয়া থাকে। ২

যেহেতু সকাম পুরুষই এইপ্রকারে সংসরণ করে, সেই হেতুই [বুঝিতে হইবে যে,] অকাময়মান (কামনাহীন) পুরুষ [মৃত্যুর পর] কোথাও গমন করে না। কেন না, যে ব্যক্তি ফলাসক্ত, তাহার পক্ষেই পারলৌকিক গতি কথিত হইয়াছে; সুতরাং কামনাবিহীন পুরুষের লোকান্তরে গতি সম্ভব হয় না; [কাজেই বুঝিতে হইবে যে,] সে নিশ্চয়ই বিমুক্ত হয়। কিপ্রকারে অকাময়মান হয়? না, যিনি অকাম, তিনিই অকাময়মান। অকামত্বইবা হয় কি প্রকারে, তাহা বলা হইতেছে—যাঁহার নিকট হইতে সমস্ত কামনা দূরীভূত হইয়াছে, তিনিই অকাম। কামনাসমূহ দূরীভূত হয় কি প্রকারে? যিনি আপ্তকাম—যিনি সমস্ত কাম্য প্রাপ্ত হইয়াছেন, তিনি আপ্তকাম। কামসমূহ প্রাপ্ত হয় কিরূপে? না, আত্মকামত্বনিবন্ধন, অর্থাৎ যাহার অপর কোনও বস্তু কাম্য বা প্রার্থনীয় নাই, আত্মাই একমাত্র কাম্য, বাহ্যাভ্যন্তর-ভাববিহীন পরিপূর্ণ প্রজ্ঞানৈকরস আত্মাই যাহার সমস্ত, যাহার ঊর্দ্ধে অধে ও পার্শ্বে আত্মব্যতিরিক্ত কোন বস্তু প্রার্থনীয় নাই,—'যাহার সমস্তই আত্ম-স্বরূপ হইয়া যায়, সে কিসের দ্বারা কাহাকে দেখিবে, শ্রবণ করিবে, মনন করিবে, অথবা জানিবে,' এইরূপ জ্ঞানোদয়ের পর সে আর কোন বস্তু কামনা করিতে পারে? আপনার অতিরিক্ত কোন পদার্থ প্রতীতি গম্য হইলেই তদ্বিষয়ে কামনা হইতে পারে; কিন্তু এই ব্রহ্মজ্ঞের পক্ষেত আর সেই ভেদ-দর্শন সম্ভবপর হয় না। যিনিই আত্মকামত্ব নিবন্ধন আপ্তকাম হন, তিনিই অকাম ও অকাময়মান, সুতরাং তিনিই বিমুক্ত হন। কেন না, যাঁহার আত্মাই সর্ব্বময় হইয়া যায়, তাঁহার পক্ষে কখনও অনাত্মা কোন পদার্থ কাম্য (প্রার্থনীয়) থাকিতে পারে না; আত্মব্যতিরিক্ত অন্য কাম্য পদার্থ বিদ্যমান থাকিলে,

'সমস্তই আত্মস্বরূপ হইয়া যায়' একথা বিরুদ্ধ হয়; অতএব সর্ব্বাত্মদর্শীর অন্য কোনও কাম্য পদার্থ না থাকায় কর্ম্মানুষ্ঠান উপপন্ন হয় না। ৩

কিন্তু যাহারা [কর্ত্তব্য কর্ম্মের অকরণজনিত] প্রত্যবায়-নিবারণার্থ ব্রহ্মবিদ্ সম্বন্ধেও কর্ম্মানুষ্ঠানের আবশ্যকতা কল্পনা করিয়া থাকে, তাহাদের মতে আত্মার সর্ব্বাত্মকতাই উপপন্ন হয় না; কারণ, পরিত্যাজ্য প্রত্যবায়ই (পাপই) [তাহাদের] আত্মাতিরিক্ত পদার্থ থাকিয়া যায়; আমরা কিন্তু তাহাকেই ব্রহ্মবিদ্ বলিয়া থাকি, যিনি নিত্যই অশনায়া-পিপাসাদি সংসারধর্ম্মের অতীত ও পাপের সহিত অসংস্পৃষ্ট আত্মস্বরূপ দর্শন করিয়া থাকেন। যিনি সর্ব্বদাই আপনাকে অশনায়াদি সংসার-ধর্ম্মাতীত আত্মস্বরূপ দর্শন করে, এবং আপনার অতিরিক্ত ত্যাজ্য বা গ্রাহ্য অন্য কোনও পদার্থ দর্শন করেন না, কর্ম্ম কখনই তাহাকে স্পর্শ করিতে পারে না; পরন্তু যে লোক ব্রহ্মবিদ্ নয়, প্রত্যবায়-পরিহারের নিমিত্ত তাহার পক্ষে বৈধ কর্ম্ম অবশ্যানুষ্ঠেয়ই বটে; সুতরাং উভয় কথার মধ্যে কোনই বিরোধ ঘটিতেছে না। অতএব কামনা না থাকায় অকাময়মান পুরুষ কখনও পুনর্জ্জন্ম লাভ করে না, পরন্তু দেহত্যাগের সঙ্গে সঙ্গে বিমুক্ত হয়। ৪

এবংবিধ অকাময়মান পুরুষের কর্ম্ম সম্ভব হয় না; তন্নিবন্ধন পরলোকেও গমন হইতে পারে না; সেই হেতু তাহার প্রাণসমূহ এবং বাক্প্রভৃতি ইন্দ্রিয়-গণও উৎক্রমণ করে না, অর্থাৎ দেহ হইতে ঊর্দ্ধগামী হয় না। সেই বিদ্বান্—জ্ঞানী আপ্তকাম পুরুষ আত্মকামত্বনিবন্ধন এখানেই ব্রহ্মস্বরূপ হন। পূর্ব্বে সর্ব্বাত্মক ব্রহ্মের দৃষ্টান্তরূপেও এবংবিধ স্বরূপই প্রদর্শিত হইয়াছে, 'ইহাই তাহার সেই আপ্তকাম ও অকাম রূপ' ইত্যাদি; এখানে 'অথ অকাময়মানঃ' ইত্যাদি বাক্যে তাহারই দার্ষ্টান্তিক রূপের উপসংহার করিতেছেন। ৫

এবংভূত সেই পুরুষ যে কিরূপে মুক্তিলাভ করে, তাহা কথিত হইতেছে—যে লোক সুষুপ্তি অবস্থাপন্নের ন্যায় নির্ব্বিশেষ অদ্বৈত নিত্য চৈতন্য-জ্যোতিঃ-স্বভাব আত্মাকে (আপনাকে) দর্শন করে, সেই অকাময়মান পুরুষের কর্ম্মাভাববশতঃ গমনের কারণ বিলুপ্ত হওয়ায় বাক্প্রভৃতি প্রাণসমূহ ঊর্দ্ধগামী হয় না; পরন্তু সেই জ্ঞানী পুরুষ যদিও দেহবানের ন্যায়ই (দেহীর মতই) দৃষ্ট হয়, সত্য, তথাপি এখানেই তিনি ব্রহ্মস্বরূপ হন; তিনি ব্রহ্মস্বরূপ বলিয়াই ব্রহ্মকে প্রাপ্ত হন। যেহেতু তাঁহার পরিচ্ছিন্ন অব্রহ্মভাবের হেতুভূত কামনাসমূহ বিদ্যমান থাকে না, সেই হেতু ইহ জন্মেই তাঁহার ব্রহ্মভাব প্রবুদ্ধ

হওয়ায় ব্রহ্ম প্রাপ্তি ঘটে, তাঁহার আর দেহপাতের অপেক্ষা থাকে না (১); কেন না, জ্ঞানীর যে, মৃত্যুর পর অন্যভাব প্রাপ্তি তাহা বাস্তবিক পক্ষে জীবদবস্থা হইতে কোনও স্বতন্ত্র অবস্থা নহে, পরন্তু অজ্ঞলোকের মৃত্যুর পর যেরূপ দেহান্তরসম্বন্ধ সংঘটিত হয়, তাহার সেরূপ হয় না; এইজন্যই ব্রহ্মবিদ্ 'ব্রহ্ম প্রাপ্ত হন' বলা হইয়া থাকে। ৬

মোক্ষ যদি অবস্থান্তরপ্রাপ্তিই হয়, তাহা হইলে, সমস্ত উপনিষদের অভিপ্রেত যে, মোক্ষের আত্মৈকভাব বা কৈবল্যরূপতা, তাহা বাধিত হইয়া পড়ে; তাহা ত কাহারো বাঞ্ছনীয় নহে; অধিকন্তু ঐরূপ হইলে মোক্ষের অনিত্যত্ব দোষও আপতিত হয়। যাহা ক্রিয়াদ্বারা নিষ্পন্ন হয়, কোথাও তাহার নিত্যত্ব দেখা যায় না; অথচ সকলেই মোক্ষকে নিত্য বলিয়া স্বীকার করিয়া থাকে; 'ইহা আত্মার নিত্য মহিমা বা ঐশ্বর্য্য' এই মন্ত্রবাক্যও এ বিষয়ে প্রমাণ। স্বভাবসিদ্ধ আত্মভাবাতিরিক্ত অন্যপ্রকার নিত্য বস্তু কেহ কল্পনা করিতে পারে না। মোক্ষ আত্মার স্বভাবসিদ্ধ হইলে, উহা নিশ্চয়ই অগ্নির উষ্ণতার ন্যায় আত্মারও স্বভাব ভিন্ন আর কিছুই হইতে পারে না; সেই স্বভাবকে কখনই লোকের ক্রিয়ানুগত,বা ক্রিয়াসাধ্যও বলিতে পারা যায় না; কেন না, অগ্নির স্বাভাবিক উষ্ণতা বা প্রকাশ কখনই অগ্নির কোনরূপ ক্রিয়ায় পরভাবী হয় না; কেন না, অগ্নির ক্রিয়ানন্তরভাবী অথচ তাহা অগ্নির স্বাভাবিক, একথা সম্পূর্ণ বিরুদ্ধ। ৭

যদি বল অগ্রে অগ্নির জ্বলন, পরে তাহার উষ্ণত্ব ও প্রকাশ প্রতীতি হয়; অতএব অগ্নির উষ্ণতা ও প্রকাশে ত জ্বলন-ব্যাপারানন্তর্য্য নিশ্চয়ই আছে? না, তাহা বলিতে পার না; যেহেতু অগ্নির যে, ঐরূপ জ্বলন-ব্যাপারানুভাবিত্ব প্রতীতি, অপরের (দ্রষ্টার) প্রতীতিব্যাঘাতক কোনরূপ ব্যবধায়ক পদার্থের অপগমই তাহার কারণ। অভিপ্রায় এই যে, অগ্নির প্রজ্বলনের পরে যে,

---

তাৎপর্য্য—ব্রহ্মবিদের মুক্তি দুইপ্রকারে হইতে পারে, এক দেহসত্ত্বে—বর্তমান জন্মে, দ্বিতীয় দেহপাতের পর বিদেহমুক্তি। ইহজন্মেই যাহার ব্রহ্মভাব করামলকবৎ প্রত্যক্ষানুভূত হইয়াছে, ভেদদৃষ্টি ও তন্মূলীভূত অজ্ঞান আমূলতঃ বিনষ্ট হইয়াছে, তাহার মুক্তিতে আর দেহ-পাতের অপেক্ষা থাকে না, এই দেহেই ব্রহ্মভাবপ্রাপ্তিরূপ মুক্তি সম্পন্ন হয়। শ্রুতি বলিয়াছেন— "তস্য তাবদেব চিরম্, যাবন্ন বিমোক্ষে অথ সম্পৎস্যে' ইত্যাদি। "ন তস্য প্রাণা উৎক্রামন্তি ইহৈব সমবলীয়ন্তে, 'বিমুক্তশ্চ বিমুচ্যতে" ইতি। আর যাহার ব্রহ্মভাব সেরূপ প্রত্যক্ষীকৃত হয় নাই, তাহার মুক্তি দেহপাতের পর হয়; উভয়ের মধ্যে এইমাত্র বিশেষ।

উষ্ণত্ব ও প্রকাশধর্ম্মের অভিব্যক্তি দেখিতে পাওয়া যায়, স্বয়ং অগ্নিই তাহার কারণ নহে; পরন্তু ঐ অগ্নির উষ্ণত্ব ও প্রকাশ এই ধর্ম্মদুইটী পূর্ব্বে অপরের দৃষ্টিপথের অন্তরালে বা ব্যবধানে ছিল, কাহারও চক্ষুর সহিত সম্বন্ধ ছিল না; প্রজ্বলনের পর সেই ব্যবধান অন্তর্হিত হইয়া যায়, তখন ঐ উভয় ধর্ম্মই লোকের দৃষ্টিপথে পতিত হয়, তন্নিবন্ধন লোকের ভ্রম হইয়া থাকে যে, অগ্নির উষ্ণত্ব ও প্রকাশরূপ ধর্ম্ম দুইটী প্রজ্বলন হইতে জন্মিয়াছে। এই উষ্ণত্ব ও প্রকাশ যদি অগ্নির স্বাভাবিক ধর্ম্ম নাই হয়, তাহা হইলে, অগ্নির যাহা স্বাভাবিক ধর্ম্ম, আমরা তাহারই উদাহরণ প্রদর্শন করিব; কোন বস্তুর যে, স্বাভাবিক ধর্ম্ম আদৌ নাই, একথা কখনই বলিতে পারা যায় না। ৮

শৃঙ্খলভঙ্গের ন্যায় বন্ধনিবৃত্তিরূপ মোক্ষ অভাবস্বরূপও হইতে পারে না; কারণ, পরমাত্মার সহিত একীভাবকে মোক্ষ বলিয়া স্বীকার করা হইয়া থাকে, যেহেতু *'একম্ এব অদ্বিতীয়ম্' শ্রুতি একত্বই প্রতিপাদন করিতেছে।* আর বদ্ধ পুরুষ যখন পরমাত্মাতিরিক্ত অপর কিছুই নহে, তখন তাহার বন্ধনিবৃত্তিরূপ মোক্ষ কখনই নিগড়ভঙ্গের ন্যায় অভাব হইতে পারে না। *পরমাত্মাতিরিক্ত দ্বিতীয় কোন পদার্থই যে, নাই*—অসৎ, তাহা আমরা ইতঃপূর্ব্বে বিস্তৃতভাবে বর্ণন করিয়াছি। এইজন্যই আমরা বলিয়াছি যে, রজ্জু-প্রভৃতিতে সর্পাদিবিষয়ক অজ্ঞাননিবৃত্তির পর যেমন সর্পাদি নিবৃত্তি হয়, তেমনি শুধু অবিদ্যানিবৃত্তিতেই মোক্ষ ব্যবহার হইয়া থাকে। ৯

আর যাহারা বলিয়া থাকেন যে, মুক্তিতে অন্য একপ্রকার বিজ্ঞান ও আনন্দ অভিব্যক্ত হইয়া থাকে; তাহাদের পক্ষে 'অভিব্যক্তি' শব্দের অর্থ প্রকাশ করিয়া বলা আবশ্যক; যদি লোকপ্রসিদ্ধ জ্ঞাতব্য বিষয়ের আবরণ-ধ্বংসের নাম 'অভিব্যক্তি' হয়, তাহা হইলেও তোমাকে বলিতে হইবে যে, এই অভিব্যক্তি কি বিদ্যমান পদার্থের? অথবা অবিদ্যমান পদার্থের? যদি বিদ্যমান পদার্থেরই অভিব্যক্তি হয়, তাহা হইলে, যে মুক্ত পুরুষের সম্বন্ধে মুক্তি অভিব্যক্ত হয়, তাহা ত তাহার আত্মস্বরূপই বটে; অথচ স্বরূপতঃ আত্মপ্রতীতির যখন ব্যবধান সম্ভব হয় না, তখন নিশ্চয়ই উহা সর্ব্বদা অভিব্যক্ত রহিয়াছে বলিতে হইবে; সুতরাং 'মুক্তের সম্বন্ধে অভিব্যক্ত হয়' এইরূপ বিশেষোক্তি নিরর্থক হইয়া পড়ে। যদি বল, কোন কারণে উহা ব্যবহিত

হওয়ায়, যেন অনাত্মস্বরূপই হইয়া থাকে; সময়বিশেষে সেই ব্যবধানের অপগম হইলেই তাহার অভিব্যক্তি হইয়া থাকে; তাহা হইলেও, কারণান্তরের সাহায্যে অভিব্যক্তি হওয়ায়—মুক্তিতে অভিব্যক্তি-সাধনের অপেক্ষা থাকিয়া যায়। আর যদি বল, উপলব্ধি ও অভিব্যক্তি উভয়ই একাশ্রয়ে অবস্থিত; তাহা হইলেও, উপলব্ধির ব্যবধান সম্ভব না হওয়ায় অভিব্যক্তি বা অনভিব্যক্তি সর্ব্বদাই থাকিতে পারে; কিন্তু এতদতিরিক্ত একটা মধ্যবর্ত্তী অবস্থা কল্পনার অনুকূল কোনও প্রমাণ পাওয়া যায় না; বিশেষতঃ একই আশ্রয়ে অবস্থিত একেরই স্বরূপভূত ধর্ম্মগুলির মধ্যে বিষয়-বিষয়িভাব (গ্রাহ্য-গ্রাহকত্ব) কখনই সম্ভব হয় না। তাহার পর, যাহার বিশেষবিজ্ঞান ও বিশিষ্ট আনন্দ অভিব্যক্ত হইবার পূর্ব্বে সংসারিত্ব বা বন্ধন থাকে, আর বিশেষ বিজ্ঞান ও আনন্দাভিব্যক্তির পরে মুক্তি হয়, সেই পুরুষ নিশ্চয়ই নিত্যপ্রকাশ জ্ঞানস্বরূপ পরমাত্মা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র; কারণ, উভয়ের মধ্যে উষ্ণত্ব ও শীতলতার ন্যায় অত্যন্ত বৈলক্ষণ্য রহিয়াছে। আর যদি *পরমাত্মারও ভেদ স্বীকার করা* হয়, তাহা হইলে ত সমুদয় বৈদিক সিদ্ধান্তই পরিত্যক্ত হয়। ১০

যদি বল, সংসার ও মোক্ষ উভয় অবস্থায়ই যদি আত্মা *নির্ব্বিশেষ একরূপ* হয়, তাহা হইলে মোক্ষের জন্য আর কাহারও অধিক প্রয়াস পাইতে হয় না, এবং মোক্ষপ্রতিপাদক শাস্ত্রগুলিরও কোন সার্থকতা থাকে না; না, তাহা হয় না; কারণ, অবিদ্যাজনিত ভ্রমাপনোদনে উহাদের সার্থকতা রহিয়াছে; বাস্তবিক পক্ষে মুক্তি ও অমুক্তিনিবন্ধন আত্মার কিছুমাত্র বিশেষত্ব হয় না; কারণ, আত্মা নিত্যই একরূপ (পরিবর্ত্তন রহিত); তবে এইমাত্র বিশেষ আছে যে, শাস্ত্রীয় উপদেশ হইতে যে জ্ঞান জন্মে, তাহা দ্বারা নিত্য নির্ব্বিকার আত্মবিষয়ক অবিদ্যা বা ভ্রমমাত্র নিবারিত হয়; অতএব তাদৃশ উপদেশ লাভের পূর্ব্বে ঐরূপ উপদেশ প্রাপ্তির জন্য নিশ্চয়ই চেষ্টারও আবশ্যক হয়। যদি বল, অবিদ্যাসম্পন্ন পুরুষের অবিদ্যা ও তাহার নিবৃত্তি ও অনিবৃত্তি দ্বারা আত্মারও বিশেষ বা স্বরূপভেদ হইতে পারে; না, এ দোষ হয় না; কারণ, আমাদের মতে ইহা কেবল অবিদ্যার কল্পনা বা ফলমাত্র; যেমন রজ্জু, মরুভূমি, শুক্তিকা ও গগনে যথাক্রমে সর্প, জল, রজত ও মলিনতা কল্পিত হয়, আত্মগত বিশেষোক্তিও ঠিক সেইরূপই, একথা আমরা পূর্ব্বেও বলিয়াছি। ১১

আশঙ্কা হইতে পারে যে, যাহার চক্ষুতে তিমির রোগ জন্মিয়াছে,

তাহার যেমন ঐ তিমির রোগের সদ্ভাব ও অসদ্ভাব দ্বারা দৃষ্টির বৈলক্ষণ্য ঘটে, তেমনি এস্থলেও অবিদ্যার কর্তৃত্ব ও অকর্তৃত্ব দ্বারা আত্মার স্বরূপগত পার্থক্য হউক; না, তাহাও হইতে পারে না; কারণ, 'যেন ধ্যানই করে, যেন স্পন্দনই করে' ইত্যাদি শ্রুতিতেও আত্মার সম্বন্ধে স্বতঃসিদ্ধ অবিদ্যাকর্তৃত্ব নিষিদ্ধ হইয়াছে। বিশেষতঃ বহুতর ব্যাপার-সংস্পর্শেই অবিদ্যাভ্রম উপস্থিত হয়, অর্থাৎ প্রথমতঃ বিষয়াকারে অন্তঃকরণের বৃত্তি জন্মে, পরে তাহাতে চৈতন্যের প্রতিবিম্ব পড়ে, তাহার পর 'আমি সংসারী' ইত্যাদি ভ্রান্তি জ্ঞান উপস্থিত হয়; সুতরাং অবিদ্যাভ্রমের কারণ যে, বহু, তাহাতে সংশয় নাই; [এই জন্যই আত্মগত তাদৃশ অবিদ্যাকে স্বাভাবিক বলিতে পারা যায় না]। অধিকন্তু অবিদ্যা যখন আত্মার বিষয়, তখন তাহা আত্মগত হইতেও পারে না; স্বগত অবিদ্যা কখনই আত্মার দৃশ্য বা গ্রহণীয় হইতে পারে না। পক্ষান্তরে, যে লোক অবিদ্যাভ্রমকে ঘটাদি পদার্থের ন্যায় পৃথক্‌ভাবে দর্শন করিতে পারে, বুঝিতে হইবে যে, সে লোক নিশ্চয়ই অবিদ্যা-ভ্রম সম্পন্ন নহে। যদি বল, 'আমি জানিতেছি না, আমি মুগ্ধ (মোহসম্পন্ন)' এইরূপ প্রতীতি হইতে বুঝা যায় যে, সে লোক নিশ্চয়ই অবিদ্যাভ্রম সম্পন্ন; না, সে কথাও বলিতে পার না; কারণ, সে লোক বিবেকদর্শী; কারণ, যে লোক যাহাকে বিবিক্তরূপে অর্থাৎ পৃথক্ বস্তু বলিয়া জানিতে পারে, সে লোককে কখনই তদ্বিষয়ে ভ্রান্ত বলিতে পারা যায় না; যে যাহা পৃথক্ করিয়া গ্রহণ করে, তাহাতেই তাহার অবিদ্যাভ্রম আছে, একথা বড়ই বিরুদ্ধ হয়। তবে যে, 'আমি মুগ্ধ, বুঝিতেছি না' এইরূপ প্রতীতির কথা বলিতেছ, অর্থাৎ বিবিক্তদর্শীরও যে, দৃশ্যবিষয়ে অজ্ঞান ও মোহ দেখা যায়—জ্ঞানের বিষয়ীভূত হয়; [জিজ্ঞাসা করি—] অজ্ঞান ও মোহ (মুগ্ধতা) একবার কর্ম্ম হইয়া আবার কর্তৃস্বরূপ জ্ঞানের বিশেষণ হয় কিরূপে?। ১২

আর যদি বল, ঐ অজ্ঞান ও মুগ্ধতা (মোহ) উভয়ই কর্তৃস্বরূপ দর্শনের বিশেষণ; তাহা হইলেও উহারা আর দর্শনের বিষয়—কর্ম্ম হইতে পারে না; কেন না, কর্ম্মমাত্রই কর্তার ক্রিয়াদ্বারা ব্যাপ্ত (বিষয়ীভূত) হইয়া থাকে; অথচ ভিন্ন পদার্থই ব্যাপ্য ও ব্যাপকভাবাপন্ন হইতে পারে, অর্থাৎ যাহা ব্যাপ্য, তাহা ব্যাপক হয় না, আর যাহা ব্যাপক, তাহাও কখন ব্যাপ্য হইতে পারে না; কেন না, নিজেই নিজেকে কখন ব্যাপ্ত করিতে পারে না। এখন বল দেখি, এরূপ অবস্থায় অজ্ঞান ও মুগ্ধতা

দর্শনের বিশেষণ হইতে পারে কিরূপে? স্বীয় শরীরগত কৃশতাদি ধর্ম্ম যেরূপ আপনা হইতে পৃথক্ ধর্ম্মরূপেই অনুভব করিয়া থাকে, সেইরূপ যে ব্যক্তি অজ্ঞানের বিবেকদর্শী, সে ব্যক্তি আপনার অজ্ঞানকে যখন কর্ম্ম বা অনুভাব্যরূপে অনুভব করে, তখন নিশ্চয়ই ঐ অজ্ঞানকে উপলব্ধিকর্ত্তারই (অনুভবকর্ত্তারই) ধর্ম্মরূপে অনুভব করে; [কিন্তু জ্ঞানধর্ম্মরূপে কখনই অনুভব করে না]। যদি বল, সুখ দুঃখ ইচ্ছা ও চেষ্টা প্রভৃতি ধর্ম্মগুলিকে ত সকলেই অনুভব করিয়া থাকে; না—সে কথাও বলিতে পার না; কারণ, এ পক্ষেও, যাহারা ঐরূপেই গ্রহণ করিয়া থাকে, সুখদুঃখাদির সহিত তাহাদের পার্থক্য ত স্বীকৃতই হয়। যদি বল, 'আমি তোমার কথা বুঝিতে পারিতেছি না, আমি মুগ্ধ' [এইরূপে ত নিজের মুগ্ধতাও অনুভব করিয়া থাকে]; হাঁ, অজ্ঞ ব্যক্তি মুগ্ধ হয়, হউক; কিন্তু যে লোক ঐরূপে অজ্ঞান ও মোহের স্বব্যতিরিক্ততা অনুভব করিতে পারে, আমরা তাহাকেই অমুগ্ধ জ্ঞানী বলিয়া অঙ্গীকার করিতেছি। ব্যাসদেবও এইরূপই বলিয়াছেন—ক্ষেত্রী (দেহস্বামী) ইচ্ছাপ্রভৃতি নিখিল ক্ষেত্রকে (দেহকে) প্রকাশ করিয়া থাকে। 'সমস্ত ভূতে সমভাবে বর্ত্তমান, এবং ভূতসমূহ বিনষ্ট হইলেও স্বয়ং অবিনাশী পরমেশ্বরকে [যিনি জানেন, তিনিই ঠিক জানেন।]' ইত্যাদি কথা শতশত স্থানে উক্ত হইয়াছে। অতএব সর্ব্বদা সমানভাবে একরস আত্ম-স্বভাব স্বীকৃত হওয়ায় বুঝিতে হইবে যে, বন্ধ মোক্ষ জ্ঞান ও অজ্ঞান দ্বারা আত্মার স্বরূপতঃ কিছুমাত্র প্রভেদ ঘটে না। ১৩

আর যাহারা এতদপেক্ষা অন্যপ্রকার আত্মার স্বরূপ স্বীকার করিয়া বন্ধমোক্ষাদিপ্রতিপাদক শাস্ত্রবাক্যকে 'অর্থবাদ' বলিয়া কল্পনা করিয়া থাকেন, তাহারা আকাশে উড্ডীয়মান পাখীরও চরণচিহ্ন দর্শন করিতে, কিংবা আকাশকে মুষ্টিদ্বারা আকর্ষণ করিতে বা চর্ম্মের ন্যায় বেষ্টন করিতেও উৎসাহী বা সাহসী হইতে পারেন, অর্থাৎ আকাশকে মুষ্টিবদ্ধ করিতে সাহসী হওয়া, আর আত্মার নির্ব্বিশেষ স্বভাব ত্যাগ করিয়া সবিশেষভাব কল্পনা করা, উভয়ই তুল্য (১); আমরা কিন্তু সেরূপ করিতে অসমর্থ; আমরা

(১) তাৎপর্য্য—যাহারা আত্মাকে ইচ্ছা-দ্বেষাদি গুণযুক্ত সবিশেষ বস্তু বলিয়া স্বীকার করে, আত্মার নির্ব্বিশেষভাব স্বীকার করে না, তাহাদের পক্ষে বন্ধ মোক্ষের অবাস্তবত্ব প্রতিপাদক

'সর্ব্বদা সমান, একরূপ, অদ্বৈত, অবিক্রিয়, জন্ম, জরা ও মরণ-বর্জ্জিত, অমৃত অভয় আত্মস্বরূপ ব্রহ্মই'—এই যে, সমস্ত বেদান্তশাস্ত্রের অবিসংবাদিত সিদ্ধান্ত, তাহাই স্বীকার করিয়া থাকি। অতএব জ্ঞানোদয়ের পূর্ব্বে দেহেতে যে, অহম্‌ভাবরূপ বিপরীত বুদ্ধি থাকে, ব্রহ্মবিজ্ঞান সেই বিপরীত বুদ্ধি অপনয়ন করিয়া দেয়, সেই দেহবিচ্ছেদ-রূপ বিজ্ঞানফল লক্ষ্য করিয়া 'ব্রহ্মপ্রাপ্ত হয়' এইরূপ ব্যবহার হইয়া থাকে মাত্র ; [বস্তুতঃ জীব চিরদিনই ব্রহ্মস্বরূপ] ॥ ২১৬ ॥ ৮ ॥

আভাসভাষ্যম্। স্বপ্নবুদ্ধান্তগমনদৃষ্টান্তস্য দার্ষ্টান্তিকঃ সংসারো বর্ণিতঃ ; সংসারহেতুশ্চ অবিদ্যা-কর্ম্ম-পূর্ব্বপ্রজ্ঞা বর্ণিতা ; যৈশ্চোপাধিভূতৈঃ কার্য্যকরণলক্ষণভূতৈঃ পরিবেষ্টিতঃ সংসারিত্বমনুভবতি, তানি চোক্তানি। তেষাং সাক্ষাৎপ্রযোজকৌ ধর্ম্মাধর্ম্মাবিতি পূর্ব্বপক্ষং কৃত্বা, কাম এবেত্যব-ধারিতম্। যথা চ ব্রাহ্মণেনায়মর্থোঽবধারিতঃ, এবং মন্ত্রেণাপীতি বন্ধং বন্ধকারণং চোক্ত্বা উপসংহৃতং প্রকরণম্—'ইতি নু কাময়মান ইতি'।—"অথ অকাময়মানঃ" ইত্যারভ্য সুষুপ্তদৃষ্টান্তস্য দার্ষ্টান্তিকভূতঃ সর্ব্বাত্মভাবো মোক্ষ উক্তঃ। মোক্ষ-কারণঞ্চাত্মকামতয়া যদাপ্তকামত্বমুক্তম্, তচ্চ সামর্থ্যাৎ ন আত্মজ্ঞানমন্তরেণাত্ম-কামতয়া আপ্তকামত্বমিতি সামর্থ্যাদ্ ব্রহ্মবিদ্যৈব মোক্ষকারণম্ ইত্যুক্তম্ ; অতো যদ্যপি কামো মূলমিত্যুক্তম্, তথাপি মোক্ষকারণবিপর্য্যয়েণ বন্ধকারণ-মবিদ্যেত্যেতদপ্যুক্তমেব ভবতি। অত্রাপি মোক্ষো মোক্ষসাধনং চ ব্রাহ্মণেনোক্তম্, তস্যৈব দৃঢ়ীকরণায় মন্ত্র উদাহ্রিয়তে শ্লোকশব্দবাচ্যঃ।—

আভাসভাষ্য টীকা। ব্রাহ্মণোক্তেঽর্থে মন্ত্রমবতারয়িতুং ব্রাহ্মণার্থমনুবদতি—স্বপ্নেত্যাদিনা। অয়মর্থঃ সংসারস্তদ্ধেতুশ্চ, মন্ত্রস্তদেব সক্তঃ সহ কর্ম্মণেত্যাদিঃ। আত্মজ্ঞানস্ত তর্হি মোক্ষকারণত্বমুপেক্ষিতমিত্যাশঙ্ক্যাহ—তচ্চেতি। অতো ব্রহ্মজ্ঞানং মোক্ষকারণমিত্যুক্তত্বাদিতি যাবৎ। মূলং বন্ধস্যেতি শেষঃ। অত্রেতি মোক্ষপ্রকরণোক্তিঃ। বন্ধপ্রবর্ত্তনং দৃষ্টান্তয়িতুমপিশব্দঃ।

'অজ্ঞানে বন্ধ, জ্ঞানে মোক্ষ' ইত্যাদি শাস্ত্রকথা সঙ্গত হয় না ; এই জন্য তাহারা ঐ সমস্ত বাক্যকে 'অর্থবাদ' (প্রশংসামাত্র) বলিয়া নির্দ্দেশ করেন। অভিপ্রায় এই যে, জীবের বন্ধ মোক্ষ অসত্যই বটে, কিন্তু মোক্ষমার্গে লোকদের প্রবৃত্তি ও উৎসাহ বর্দ্ধনের জন্য ঐরূপ অসত্য কথা শাস্ত্রে উপদিষ্ট হইয়াছে মাত্র। পাখী ভূমিতে বিচরণ করিবার সময়, ভূমিতে যেমন তাহাদের পদচিহ্ন পতিত হয়, আকাশে উড়িবার কালে আকাশেও তেমনি পদচিহ্ন আছে, এইরূপ মনে করিয়া আকাশেও পাখীর পদচিহ্ন দেখিবার অভিলাষী হইতে পারে।

আভাস-ভাষ্যানুবাদ। পূর্ব্বপ্রদর্শিত দৃষ্টান্তস্বরূপ স্বপ্ন ও জাগ্রদবস্থায় প্রবেশের দার্ষ্টান্তিকরূপ সংসার বর্ণিত হইয়াছে; সংসারের হেতুস্বরূপ যে, কর্ম্ম বিদ্যা ও পূর্ব্বপ্রজ্ঞা, তাহাও প্রদর্শিত হইয়াছে; এবং দেহেন্দ্রিয়াত্মক যে সমস্ত উপাধি দ্বারা পরিবেষ্টিত হইয়া, জীব নিজের সংসারিত্ব অনুভব করিয়া থাকে, সে সমুদয়ও কথিত হইয়াছে। তাহার পর, ধর্ম্মাধর্ম্মই সেই সমুদয় উপাধির সাক্ষাৎ সম্বন্ধে প্রযোজক বা প্রবর্ত্তক বলিয়া পূর্ব্বপক্ষ (আশঙ্কা) উত্থাপন করিয়া পরিশেষে কামেরই (কামনারই) মুখ্য প্রযোজকত্ব অবধারিত হইয়াছে। এ বিষয় ব্রাহ্মণ ভাগে যেভাবে অবধারিত হইয়াছে, মন্ত্রেও ঠিক সেইভাবেই বন্ধ ও বন্ধকারণের নির্দ্দেশ-পূর্ব্বক "ইতি নু কাময়মানঃ" বাক্যে তাহার উপসংহার করা হইয়াছে।

ইহার পর, "অথ অকাময়মানঃ" এই হইতে আরম্ভ করিয়া দৃষ্টান্তস্বরূপ সুষুপ্তির দার্ষ্টান্তিক সর্ব্বাত্মভাবরূপ মোক্ষ উক্ত হইয়াছে। সেখানে কথিত হইয়াছে যে, আত্মকামত্ব হইতে লব্ধ যে, আপ্তকামত্ব, তাহাই মোক্ষলাভের কারণ; আত্মজ্ঞান ব্যতিরেকে যখন আত্মকামতা ও তদধীন আপ্ত-কামত্ব হইতেই পারে না, তখন কথিত না হইলেও বুঝা যাইতেছে যে, ফলতঃ ব্রহ্মবিদ্যাই মুক্তির মুখ্য কারণ; অতএব পূর্ব্বে যদিও কামকে সংসারের মূলকারণ বলা হইয়াছে সত্য, তথাপি মোক্ষ-কারণের বিপরীত বস্তুই যখন বন্ধের কারণ, তখন অবিদ্যাই যে, বন্ধের প্রকৃত কারণ, এ কথাও একরকম বলাই হইয়াছে। এখানেও ব্রাহ্মণবাক্যে মোক্ষ ও মোক্ষকারণের কথা উক্ত হইয়াছে, তাহারই দৃঢ়তা সম্পাদনের জন্য শ্লোকশব্দবাচ্য মন্ত্র অভিহিত হইতেছে:—

তদেষ শ্লোকো ভবতি—যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি শ্রিতাঃ। অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুত ইতি। তদ্যথাহিনির্ল্ল্বয়নী বল্মীকে মৃতা প্রত্যস্তা শয়ীতৈবমেবেদং শরীরং শেতে, অথায়মশরীরোঽমৃতঃ প্রাণো ব্রহ্মৈব তেজ এব, সোঽহং ভগবতে সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ ॥ ১৯৭ ॥ ৭ ॥

অন্বয়ার্থঃ। তৎ (তস্মিন্ উক্তে অর্থে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ

(মন্ত্রঃ) ভবতি (অস্তি);—যে কামাঃ (কামনাঃ) অস্য (পুরুষস্য) হৃদি শ্রিতাঃ (বুদ্ধিনিষ্ঠাঃ), [তে] সর্ব্বে যদা (যস্মিন্ কালে) প্রমুচ্যন্তে, (জ্ঞানাৎ বিশীর্য্যন্তে); অথ (তদা) মর্ত্ত্যঃ (মরণশীলঃ সঃ) অমৃতঃ (অবিদ্যাত্মকমৃত্যুবিজয়াৎ মরণরহিতঃ) ভবতি; অত্র (অস্মিন্ এব দেহে) ব্রহ্ম সমশ্নুতে (ব্রহ্মভাবম্ প্রাপ্নোতি) ইতি।

তৎ (তত্র) [অয়ং দৃষ্টান্ত উচ্যতে—] যথা মৃতা (জীর্ণতাং গতা) অহিনির্ব্বয়নী (সর্পত্বক্), বল্মীকে প্রত্যস্তা (অনাত্মসম্বন্ধিতয়া নিক্ষিপ্তা সতী) শয়ীত (তিষ্ঠতি), এবম্ এব (যথোক্তদৃষ্টান্তবৎ এব) ইদং শরীরং (বিদুষঃ স্থূলো দেহঃ) শেতে (অনাত্মভাবেন পরিত্যক্তং মৃতমিব বর্ত্ততে); অথ (অনন্তরম্) অয়ম্ (মুক্তঃ পুরুষঃ) অশরীরঃ অমৃতঃ প্রাণঃ ব্রহ্ম এব, তেজঃ (জ্যোতিঃস্বরূপঃ) এব [ভবতি]। [এতৎ শ্রুত্বা] বৈদেহঃ জনকঃ উবাচ হ—সঃ (ভবতঃ লব্ধবিজ্ঞানঃ) অহম্ ভগবতে (পূজনীয়ায় তুভ্যম্) সহস্রং দদামি ইতি, [ব্যাখ্যা পূর্ব্ববৎ] ॥ ২৯৭ ॥ ৭ ॥

মূলানুবাদ। কথিত বিষয়ে এইরূপ একটী শ্লোক আছে—যে সমস্ত কাম বা কামনা এই মুমুক্ষু পুরুষের হৃদয়কে আশ্রয় করিয়া আছে, সে সমুদয় কাম যখন ব্রহ্মজ্ঞান প্রভাবে বিদূরিত হইয়া যায়, তখন সেই পুরুষ মর্ত্ত্য—মরণশীল হইয়াও অমরত্ব লাভ করে, এবং এই দেহেই ব্রহ্মভাব আস্বাদন করে। [এ বিষয়ে দৃষ্টান্ত এই—] মৃত অর্থাৎ জীর্ণতা প্রাপ্ত অহিনির্ব্বয়নী (সাপের খোলস্) যে প্রকার বল্মীকে (উঁইমাটির স্তূপে) প্রক্ষিপ্ত হইয়া পড়িয়া থাকে, ঠিক এই-রূপই [ব্রহ্মজ্ঞের অনাত্মবুদ্ধিতে উপেক্ষিত] এই শরীর পড়িয়া থাকে। অতঃপর তিনি অশরীর (শরীরাভিমানশূন্য), [সুতরাং] অমৃত (মরণরহিত), প্রাণ ও ব্রহ্মস্বরূপই এবং তেজঃস্বরূপই হন। [এই কথা শুনিয়া] বিদেহপতি জনক বলিলেন—আমি আপনার নিকট হইতে বিদ্যালাভ করিয়াছি; অতএব আপনাকে সহস্র গো দান করিতেছি ॥ ২৯৭ ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্। তৎ তস্মিন্নেবার্থে এষ শ্লোকো মন্ত্রো ভবতি। যদা যস্মিন্ কালে সর্ব্বে সমস্তাঃ কামাঃ তৃষ্ণাপ্রভেদাঃ প্রমুচ্যন্তে, আত্মকামস্য

ব্রহ্মবিদঃ সমূলতো বিশীর্য্যন্তে; যে প্রসিদ্ধা লোকে ইহামুত্রার্থাঃ পুত্র-বিত্ত-লোকৈষণালক্ষণাঃ অস্ত প্রসিদ্ধস্ত পুরুষস্ত হৃদি বুদ্ধৌ শ্রিতা আশ্রিতাঃ। অথ তদা, স মর্ত্ত্যঃ মরণধর্ম্মা সন্, কামবিয়োগাৎ সমূলতঃ, অমৃতো ভবতি; অর্থাৎ অনাত্মবিষয়াঃ কামা অবিদ্যালক্ষণা মৃত্যব ইত্যেতদুক্তং ভবতি। অতো মৃত্যুবিয়োগে বিদ্বান্ জীবন্নেব অমৃতো ভবতি। অত্র অস্মিন্নেব শরীরে বর্ত্তমানঃ ব্রহ্ম সমশ্নুতে ব্রহ্মভাবং মোক্ষং প্রতিপদ্যত ইত্যর্থঃ; অতঃ মোক্ষো ন দেশান্তরগমনাদি অপেক্ষতে; তস্মাৎ বিদুষঃ ন উৎক্রামন্তি প্রাণাঃ, যথাবস্থিতা এব স্বকারণে পুরুষে সমবনীয়ন্তে; নামমাত্রং হি অবশিষ্যত ইত্যুক্তম্। ১

কথং পুনঃ সমবনীতেষু প্রাণেষু, দেহে চ স্বকারণে প্রলীনে, বিদ্বান্ মুক্তঃ অত্রৈব সর্ব্বাত্মা সন্ বর্ত্তমানঃ পুনঃ পূর্ব্ববৎ দেহিত্বং সংসারিত্বলক্ষণং ন প্রতিপদ্যত ইতি; অত্রোচ্যতে—তৎ তত্র অয়ং দৃষ্টান্তঃ—যথা লোকে অহিঃ সর্পঃ, তস্ত নির্ল্বয়নী নির্ম্মোকঃ, সা অহিনির্ল্বয়নী বল্মীকে সর্পাশ্রয়ে বল্মীকাদাবিত্যর্থঃ, মৃতা প্রত্যস্তা ক্ষিপ্তা অনাত্মভাবেন সর্পেণ পরিত্যক্তা শয়ীত বর্ত্ততে, এবমেব—যথায়ং দৃষ্টান্তঃ, ইদং শরীরং সর্পস্থানীয়েন মুক্তেন অনাত্মভাবেন পরিত্যক্তং মৃতমিব শেতে। ২

অথ ইতরঃ সর্পস্থানীয়ো মুক্তঃ সর্ব্বাত্মভূতঃ সর্পবৎ তত্রৈব বর্ত্তমানোঽপি অশরীর এব,ন পূর্ব্ববৎ পুনঃ সশরীরো ভবতি। কাম-কর্ম্মপ্রযুক্তশরীরাত্মভাবেন হি পূর্ব্বং সশরীরো মর্ত্ত্যশ্চ, তদ্বিয়োগাদ্ অথ ইদানীম্ অশরীরঃ, অতএব চ অমৃতঃ; প্রাণঃ, প্রাণিতীতি প্রাণঃ, "প্রাণস্ত প্রাণম্" ইতি হি বক্ষ্যমাণে শ্লোকে, "প্রাণবন্ধনং হি সোম্য মনঃ" ইতি চ শ্রুত্যন্তরে; প্রকরণবাক্যসামর্থ্যাচ্চ পর এবাত্মা অত্র প্রাণশব্দবাচ্যঃ; ব্রহ্মৈব পরমাত্মৈব। কিং পুনঃ তৎ? তেজ এব বিজ্ঞানং জ্যোতিঃ, যেনাত্মজ্যোতিষা জগদবভাস্যমানং প্রজ্ঞানেত্রং বিজ্ঞানজ্যোতির্ময়ং সৎ অবিভ্রংশদ্ বর্ত্ততে। ৩

যঃ কাম-প্রশ্নো বিমোক্ষার্থো যাজ্ঞবল্ক্যেন বরো দত্তো জনকায়, সহেতুকো বন্ধমোক্ষার্থলক্ষণো দৃষ্টান্ত-দার্ষ্টান্তিকভূতঃ স এব নির্ণীতঃ সবিস্তরো জনক-যাজ্ঞবল্ক্যাখ্যায়িকারূপধারিণ্যা শ্রুত্যা; সংসারবিমোক্ষোপায় উক্তঃ প্রাণিভ্যঃ। ইদানীং শ্রুতিঃ স্বয়মেবাহ—বিদ্যানিষ্ক্রয়ার্থং জনকেনৈবমুক্তম্ ইতি। কথম্? সোঽহমেবং বিমোক্ষিতস্ত্বয়া ভগবতে তুভ্যং বিদ্যানিষ্ক্রয়ার্থং সহস্রং দদামি, ইতি হ এবং কিল উবাচ উক্তবান্ জনকো বৈদেহঃ। অত্র কস্মাদ্বিমোক্ষপদার্থে

নির্ণীতে বিদেহরাজ্যমাত্মানমেব চ ন নিবেদয়তি, একদেশোক্তাবিব সহস্রমেব দদাতি ? তত্র কোঽভিপ্রায় ইতি। ৪

অত্র কেচিদ্বর্ণয়ন্তি—অধ্যাত্মবিদ্যারসিকো জনকঃ শ্রুতমপ্যর্থং পুনর্মন্ত্রৈঃ শুশ্রূষতি ; অতো ন সর্ব্বমেব নিবেদয়তি ; শ্রুত্বাভিপ্রেতং যাজ্ঞবল্ক্যাৎ পুনরন্তে নিবেদয়িষ্যামীতি হি মন্যতে। যদি চাত্রৈব সর্ব্বং নিবেদয়ামি, নিবৃত্তাভিলাষোঽয়ং শ্রবণাৎ—ইতি মত্বা শ্লোকান্ ন বক্ষ্যতীতি চ ভয়াৎ সহস্রদানং শুশ্রূষালিঙ্গজ্ঞাপনায়েতি। সর্ব্বমপ্যেতৎ অসৎ,পুরুষস্যেব প্রমাণভূতায়াঃ শ্রুতের্ব্যাজা-নুপপত্তেঃ ; অর্থশেষোপপত্তেশ্চ—বিমোক্ষপদার্থে উক্তেঽপি আত্মজ্ঞানসাধনে, আত্মজ্ঞানশেষভূতঃ সর্ব্বৈষণাপরিত্যাগঃ সন্ন্যাসাখ্যো বক্তব্যোঽর্থশেষো বিদ্যতে ; তস্মাৎ শ্লোকমাত্র-শুশ্রূষাকল্পনা অনৃজ্বী ; অগতিকা হি গতিঃ পুনরুক্তার্থকল্পনা ; সা চাযুক্তা, সত্যাং গতৌ। ৫

ন চ তৎ স্তুতিমাত্রমিত্যবোচাম। নন্বেবং সতি "অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব" ইতি বক্তব্যম্ ; নৈষ দোষঃ ; আত্মজ্ঞানবদপ্রযোজকঃ সন্ন্যাসঃ পক্ষে, প্রতিপত্তি-কর্ম্মবৎ ইতি হি মন্যতে ; "সন্ন্যাসেন তনুং ত্যজেৎ" ইতি হি স্মৃতেঃ ; সাধনত্ব-পক্ষেঽপি ন "অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব" ইতি প্রশ্নমর্হতি, মোক্ষসাধনভূতাত্ম-জ্ঞানপরিপাকার্থত্বাৎ ॥ ২৯৭ ॥ ৭ ॥

টীকা। উক্তেঽর্থে তদেব ইত্যাদ্যক্ষরাণি ব্যাচষ্টে—তত্তস্মিন্নেবেতি। যস্মিন্ কালে বিদ্যাপরিপাকাবস্থায়ামিত্যর্থঃ। সুষুপ্তিব্যাবৃত্ত্যর্থং সর্ব্ববিশেষণমিতি মত্বাহ—সমস্তা ইতি। কামশব্দস্যার্থান্তরবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—তৃষ্ণেতি। ক্রিয়াপদং সোপসর্গং ব্যাকরোতি—আত্মকামস্যেতি। তানেব বিশিনষ্টি—যে প্রসিদ্ধা ইতি। কামানামাশ্রয়ত্বং নিরাকরোতি—হৃদীতি। সমূলতঃ কামবিয়োগাদিতি সংবন্ধঃ। কামবিয়োগাদমৃতো ভবতীতি নির্দ্দেশসামর্থ্যসিদ্ধমর্থমাহ—অর্থাদিতি। তেষাং মৃত্যুত্বে কিং মানমিত্যাহ—অত ইতি। অত্রেত্যাদিনা বিবক্ষিতমর্থমাহ—অতো মোক্ষ ইতি। আদিপদমুৎক্রান্ত্যাদিসংগ্রহার্থম্। মুক্তেস্তদপেক্ষাভাবে ফলিতমাহ—তস্মাদিতি। তর্হি মরণাসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ—যথেতি। উৎক্রান্তিগত্যাগতি-রাহিত্যং যথাস্থিতত্বম্। এতচ্চ পঞ্চমে প্রতিপাদিতমিত্যাহ—নামমাত্রমিতি। ১

তদ্যথেত্যাদিবাক্যনিরস্যাং শঙ্কামাহ—কথং পুনরিতি। বিদুষো বিদ্যয়াত্মমাত্রত্বেন প্রাণাদিষু বাধিতেষ্বপি দেহে চেদসৌ বর্ত্ততে, ততোঽস্য পূর্ব্ববদ্দেহিত্বাবিদ্যাবৈয়র্থ্যমিত্যর্থঃ। দৃষ্টান্তেন পরিহরতি—অত্রেত্যাদিনা। দেহে বর্ত্তমানস্যাপি বিদুষস্তত্রাভিমানরাহিত্যং তত্রেত্যুচ্যতে। যস্যাং যতি সর্পো নিত্যাং লীয়তে, সা নির্ব্বয়নী সর্পত্বগুচ্যতে। সর্পনির্ম্মোক-দৃষ্টান্তস্য দার্ষ্টান্তিকমাহ—এবমেবেতি। ২

সর্পদৃষ্টান্তস্য দার্ষ্টান্তিকং দর্শয়তি—অথেতি। অজ্ঞানেন সহ দেহস্য নষ্টত্বমশরীরত্বে হেতুরিত্যর্থঃ। অথশব্দার্থদ্যোতিতহেতুবশাদ্দেহেনাশরীরত্বং বিশদয়তি—কামেতি। পূর্ব্বমিত্যবিদ্যাবস্থোক্তিঃ। ইদানীমিতি বিদ্যাবস্থোচ্যতে। ব্যুৎপত্ত্যনুসারিণং রূঢ়ং চ মুখ্যং প্রাণং ব্যাবর্ত্তয়তি—প্রাণস্যেতি। শ্লোকে পর এবাত্মা যথা প্রাণশব্দস্তথাত্রাপীত্যর্থঃ। যথা চ শ্রুত্যন্তরে প্রাণশব্দঃ পর এবাত্মা, তথাত্রাপীত্যাহ—প্রাণেতি। কিঞ্চ পরবিষয়মিদং প্রকরণমথাকামযমান ইতি যোক্ত প্রক্রান্তত্বাদথায়মিত্যাদি বাক্যং চ তদ্বিষয়মন্যথা ব্রহ্মাদিশব্দানুপপত্তেঃ। তস্মাদুক্তয়সামর্থ্যাদত্র পর এবাত্মা প্রাণশব্দিত ইত্যাহ—প্রকরণেতি। বিশেষ্যং দর্শয়িত্বা বিশেষণং দর্শয়তি—ব্রহ্মৈবেতি। ব্রহ্মশব্দস্য কমলাসনাদিবিষয়ত্বং বারয়তি—কিং পুনরিতি। তেজঃশব্দস্য কার্য্যজ্যোতির্বিষয়ত্বমাশঙ্ক্যাহ—বিজ্ঞানেতি। তত্র প্রমাণমাহ—যেনেতি। প্রজ্ঞা প্রকৃষ্টা জ্ঞপ্তিঃ স্বরূপচৈতন্যং নেত্রমিব নেত্রং প্রকাশকমস্যেতি তথোক্তম্। ৩

সোঽহমিত্যাদেস্তাৎপর্য্যং বক্তুং বৃত্তং কীর্ত্তয়তি—যঃ কামপ্রশ্ন ইতি। নির্ণয়প্রকারং সংক্ষিপতি—সংসারেতি। সোঽহমিত্যাদিবাক্যাক্ষরমুত্থাপয়তি—ইদানীমিতি। আকাঙ্ক্ষাপূর্ব্বকং বাক্যমাদায় বিভজতে—কথমিতি। সহস্রদানমাক্ষিপতি—অত্রেতি। ৪

সর্ব্বস্বদানপ্রাপ্তাবপি সহস্রদানে হেতুমেকদেশীয়ং দর্শয়তি—অত্রেত্যাদিনা। কদা তর্হি গুরবে সর্ব্বস্বং রাজা নিবেদয়িষ্যতি, তত্রাহ—শ্রুত্বেতি। নমু পুনঃ শুশ্রূষুরপি রাজা কিমিতি সংপ্রত্যেব সর্ব্বস্বং গুরবে ন প্রযচ্ছতি, প্রভূতা হি দক্ষিণা গুরুং প্রীণয়তী শিষ্যং শুশ্রূষাং কলয়তি, তত্রাহ—যদি চেতি। অনাপ্তোক্তৌ হৃদয়েঽন্তর্নিধায় বাচান্তর্নিষ্পাদনাস্বকং ব্যাখ্যেয়ং যুক্তং, শ্রুতৌ ত্বপৌরুষেয্যামপাস্তাশেষদোষশঙ্কায়াং ন ব্যাখ্যোক্তির্যুক্তা, তদীয়স্বারসিকপ্রামাণ্যভঙ্গপ্রসঙ্গাদিতি দূষয়তি—অর্দ্ধমপীতি। একদেশীয়পরিহারাসম্ভবে হেত্বন্তরমাহ—অর্থেতি। তদুপপত্তিমেবোপপাদয়তি—বিমোক্ষেতি। তত্রাপি পূর্ব্ববদসকৃদুক্তে তদীয়শুশ্রূষাধীনং সহস্রদানমনুচিতমিত্যাশঙ্ক্য শমাদেস্তু সাধনত্বেন প্রাগুক্তেস্তেন সহ ভূয়োঽপি সংন্যাসস্য বক্তব্যত্বযোগাৎ তদপেক্ষয়া যুক্তং সহস্রদানমিত্যাহ—অপক্তিকা হীতি। ৫

নমু সংন্যাসাদি বিদ্যাঙ্গত্বার্থমুচ্যতে, মহাভাগা হীয়ং, বস্তুদর্শী হুত্কম্বপি করোত্যতো নার্থশেষমিত্যত্রাহ—ন চেতি। ন তাবৎ সংন্যাসো বিদ্যাঙ্গত্বিবিদিষা ব্যুত্থায়েতি সমানকর্তৃকনির্দ্দেশাৎ ইতি পক্ষে স্থিতং, নাপি শমাদিবিদ্যাঙ্গত্বত্রাপি বিধেরবক্যমাণত্বাদিত্যর্থঃ। অর্থশেষত্বরয়া সহস্রদানমিত্যত্র জনকস্যাকৌশলং চোদয়তি—নন্বিতি। রাজ্ঞঃ শঙ্কিতমকৌশলং দূষয়তি—নৈষ ইতি। তত্র চ হেতুমাহ—আত্মজ্ঞানবদিতি। যথাত্মজ্ঞানং মোক্ষে প্রযোজকং, ন তথা সংন্যাসঃ, ন চাস্মিন্ পক্ষে তত্ত্বাকর্ত্তব্যত্বং প্রতিপত্তিকর্ম্মবদনুষ্ঠানসত্ত্বাদিতি রাজা মন্তা মন্যতে, ততঃ সংন্যাসস্য ন জ্ঞানতুল্যত্বমতো নাত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীতি পৃচ্ছতীত্যর্থঃ। সংন্যাসস্য প্রতিপত্তিকর্ম্মত্বং কর্ত্তব্যত্বে প্রমাণমাহ—সংন্যাসেনেতি। নমু

বিবিদিষা-সংন্যাসমধ্যবর্ত্তীভূতা ন তত্র প্রতিপত্তিকর্ত্তব্যতা উচ্যতে,তত্রাহ—আধ্যানমেবেতি। "ত্যজতৈব হি তজ্জ্ঞেয়ং ত্যক্তুঃ প্রত্যক্ পরং পদম্' ইত্যুক্তবাদিত্যর্থঃ ॥২৯৭॥ ।৭।

ভাষ্যানুবাদ। পূর্ব্বোক্ত বিষয়ে এইরূপ শ্লোক—মন্ত্র আছে—যে সময়ে আত্মকাম ব্রহ্মবিদের সমস্ত কাম—নানাপ্রকার ভোগতৃষ্ণা প্রমুক্ত হয়—সম্পূর্ণ শীর্ণতা প্রাপ্ত হয়। [কোন কামসমূহ? না,—] ঐহিক বা পারলৌকিক পুত্র বিত্ত ও স্বর্গাদি-লোকৈষণা নামে প্রসিদ্ধ যে সমুদয় কাম এই পুরুষের হৃদয়ে আশ্রিত—বুদ্ধিকে আশ্রয় করিয়া রহিয়াছে; [সেই সমস্ত কাম]। তখন [সেই পুরুষ] মর্ত্ত্য—মরণ-ধর্ম্মযুক্ত হইয়াও সমূলে কাম-নিবৃত্তি হওয়ায় অমৃত হন; ইহা দ্বারা এই কথাই বলা হইতেছে যে, অবিদ্যামূলক অনাত্মবিষয়ক যে, কামনা, তাহাই প্রকৃত মৃত্যু; অতএব সেই অবিদ্যারূপ মৃত্যু বিধ্বস্ত হওয়ায় বিদ্বান্ পুরুষ জীবৎ-দশায়ই অমৃত হইয়া থাকেন; এখানে অর্থাৎ এই শরীরমধ্যে বর্ত্তমান থাকিয়াই ব্রহ্মভোগ করেন—ব্রহ্মভাব লাভ করেন; অতএব [বুঝা যাইতেছে যে,] মোক্ষ কখনও দেশান্তর-গমনের অপেক্ষা রাখে না, অর্থাৎ দেশান্তরে যাইয়া যে, মোক্ষ লাভ করিতে হইবে, একথা হইতে পারে না; এই জন্যই পূর্ব্বে বলা হইয়াছে যে, ব্রহ্মবিদের প্রাণ উৎক্রান্ত হয় না, যে ভাবে ছিল, ঠিক সেই ভাবেই স্বকারণীভূত পুরুষে (আত্মায়) বিলয় প্রাপ্ত হয়; কেবল নামমাত্র তাঁহার অবশিষ্ট থাকে অর্থাৎ মুক্ত পুরুষের দেহত্যাগ হইলে ঐহিক সমস্তই ফুরাইয়া যায়, কেবল তাঁহার নামটী মাত্র জগতে থাকিয়া যায়। ১

ভাল, প্রাণসমূহ বিলীন হইয়া গেলে এবং দেহও স্বকারণে লয় প্রাপ্ত হইলে, মুক্ত বিদ্বান্ পুরুষ এখানেই সর্ব্বাত্মভাবে বর্ত্তমান থাকিয়া, পূর্ব্বের ন্যায় পুনশ্চ দেহিত্ব (সংসারিত্ব) লাভ করে না কেন? হাঁ, এ বিষয়ে উত্তর প্রদত্ত হইতেছে—এ বিষয়ে দৃষ্টান্ত এই—অহি অর্থ সর্প; তাহার 'নির্ব্বয়নী' অর্থ—নির্ম্মোক (সাপের খোলস্); জগতে সেই অহিনির্ব্বয়নী যেমন মৃত—জীর্ণ হইলে বল্মীকে অর্থাৎ সর্প যেখানে বাস করে, সেই উইমাটী প্রভৃতি স্থানে প্রত্যস্ত—অনাত্মভাবে প্রক্ষিপ্ত হইয়া অর্থাৎ ইহা আমি বা আমার নহে, এইরূপে পরিত্যক্ত হইয়া শয়ন করে—বর্ত্তমান থাকে; ঠিক এইরূপই অর্থাৎ উক্ত দৃষ্টান্তেরই মত, এই শরীর সর্পস্থানীয় মুক্ত পুরুষ কর্ত্তৃক অনাত্মভাবে—'ইহা আমি বা আমার নহে' এইরূপে পরিত্যক্ত হইয়া মৃতবৎ (মরার মত) পড়িয়া থাকে। ২

এদিকে সর্পস্থানপাতী মুক্ত পুরুষ সর্ব্বাত্মভাবাপন্ন হইয়া, সর্পের ন্যায় সেই শরীরে বর্ত্তমান থাকিয়াও অশরীরই থাকেন, কিন্তু পূর্ব্বের ন্যায় আর সশরীর বা শরীরাভিমানী হন না; কেন না, পূর্ব্বে যে, তাঁহার সশরীরত্ব ও মর্ত্ত্যত্ব ছিল, কাম-কর্ম্মজনিত শরীরাত্মভাবই তাহার কারণ, (কেবল দেহাধিষ্ঠান তাহার কারণ নহে); এখন তাঁহার সেই 'কাম' চলিয়া গিয়াছে; কাজেই তিনি অশরীর; এই কারণেই অমৃত, এবং প্রাণ; যাহা দ্বারা প্রাণন করে, অর্থাৎ যাহা জীবনের হেতু, এইরূপ ব্যুৎপত্তি অনুসারে,পরবর্ত্তী শ্লোকেও 'প্রাণের প্রাণ' বলিয়া নির্দ্দেশ থাকায়, অন্য শ্রুতিতেও মনকে 'প্রাণবন্ধন' (প্রাণাধীন) বলিয়া উল্লেখ করায় এবং পরমাত্মার প্রকরণে এই বাক্য সন্নিবিষ্ট বশতও বুঝিতে হইবে যে, এখানে পরমাত্মাই প্রাণ-পদের অর্থ। তিনি 'ব্রহ্মই' অর্থাৎ পরমাত্মাই বটে। সেই ব্রহ্ম কি প্রকার? না, তেজই, অর্থাৎ জ্যোতির্ম্ময় জ্ঞানস্বরূপই, যে আত্মজ্যোতিঃ দ্বারা উদ্ভাসিত হইয়া এই জগৎ প্রজ্ঞানেত্র অর্থাৎ জ্ঞানসম্পন্ন ও বিজ্ঞানজ্যোতিঃ লাভ করিয়া অপ্রচ্যুতভাবে বর্ত্তমান রহিয়াছে। ৩,

ইতঃ পূর্ব্বে যাজ্ঞবাক্য ঋষি জনক মহারাজকে যে, ইচ্ছানুসারে মোক্ষলাভো যোগী প্রশ্নাধিকাররূপ বর প্রদান করিয়াছিলেন; শ্রুতি নিজেই জনক-যাজ্ঞবল্ক্যসংবাদরূপ আকার পরিগ্রহপূর্ব্বক সেই বন্ধ মোক্ষ ও তাহার উপায় এবং তদ্বিষয়ে দৃষ্টান্ত ও দার্ষ্টান্তিক বিস্তৃতভাবে নিরূপণ করিলেন, যাহাতে প্রাণিগণ মোক্ষোপায় অনায়াসে জানিতে পারে। জনক বিদ্যা-নিষ্ক্রয়ার্থ যাহা বলিয়াছিলেন, এখন শ্রুতি নিজেই তাহা বলিতেছেন। কি প্রকার? না, আপনি আমাকে, বিমুক্তিলাভের পথ প্রদর্শন করিয়া মুক্তিলাভের সাহায্য করিয়াছেন; অতএব পূজনীয় আপনাকে বিদ্যার মূল্য স্বরূপ সহস্র গো দান করিতেছি; এই কথা বিদেহপতি জনক যাজ্ঞবল্ক্যকে বলিয়াছিলেন। এখানে শঙ্কা হইতে পারে যে, এখন যখন বিমোক্ষ-তত্ত্ব নির্ণীত হইল, তখন বিদেহপতি সম্পূর্ণ বিদেহরাজ্য, এমন কি, নিজকেই বা দান করিলেন না কেন; অথচ পূর্ব্বে যেমন মোক্ষৈকদেশ শ্রবণে সহস্র দান করিয়াছিলেন, এখনও তাহাই দান করিতেছেন; ইহার অভিপ্রায় কি? ৪

ইহার উত্তরে কেহ কেহ বলিয়া থাকেন যে, জনক মহারাজ অধ্যাত্ম-বিদ্যায় রসিক; ব্রাহ্মণাকারে শ্রুত বিষয়ও পুনর্ব্বার মন্ত্রাকারে শ্রবণ করিতে

ইচ্ছা করেন; এই কারণে তিনি এখনও সর্ব্বস্ব প্রদান করেন নাই; 'যাজ্ঞবল্ক্যের নিকট ইচ্ছামত শুনিয়া শেষে সর্ব্বস্ব দান করিব' ইহাই জনকের মনের ভাব। [আমি] যদি এখনই সর্ব্বস্ব দান করি, তাহা হইলে, যাজ্ঞবল্ক্য ঋষি মনে করিতে পারেন যে, এ ব্যক্তির শ্রবণাভিলাষ পরিপূর্ণ হইয়াছে, এখন আর ইহার কোন বিষয়ে শ্রবণেচ্ছা নাই; এই মনে করিয়া তিনি আর শ্লোক না বলিতেও পারেন; এই ভয়ে, শ্রবণেচ্ছার সদ্ভাব জ্ঞাপনের নিমিত্ত সহস্র দান [করা হইয়াছে]। এ সমস্তই অসৎ বা অযৌক্তিক কথা; প্রথম কারণ—প্রমাণভূত (বিশ্বাস্য) শ্রুতির পক্ষে সাধারণ লোকের ন্যায় এইরূপ প্রতারণা অসঙ্গত; দ্বিতীয় কারণ—অর্থশেষের (অনুক্ত বিষয়ের) উপপত্তি বা সঙ্গতি; কেন না, মোক্ষলাভের উপায়ভূত আত্মজ্ঞান উক্ত হইলে, অজ্ঞানের শেষ বা অঙ্গস্বরূপ সর্ব্বপ্রকার কামনা পরিত্যাগস্বরূপ সন্ন্যাসের কথা এখনও বলিতে বাকী রহিয়াছে, তাহাত বলিতেই হইবে; সুতরাং কেবল শ্লোক শ্রবণের ইচ্ছাকেই যে, ঐরূপ ব্যবহারের একমাত্র কারণরূপে কল্পনা করা, তাহা সরল পদ্ধতি নহে; প্রতিপাদ্য বিষয়ের যে, পুনরুক্তি কল্পনা, তাহা কেবল অগতির গতি মাত্র, অর্থাৎ অগত্যাপক্ষে ঐরূপ কল্পনা করা যাইতে পারে, কিন্তু উপায়ান্তরসত্ত্বে ঐরূপ কল্পনা কখনই যুক্তিসম্মত হইতে পারে না।৫

সর্ব্বপ্রকার কামনাত্যাগরূপ সন্ন্যাসকে যে, ব্রহ্মবিদ্যার স্তুতি বা প্রশংসা স্বরূপও বলিতে পারা যায় না; ইহা আমরা পূর্ব্বেই বলিয়াছি। ভাল, এইরূপই যদি অভিপ্রায় হয়, তাহা হইলে ত, 'ইহার পর আমাকে বিমোক্ষের উপায়ই বলুন', এইরূপই বলা উচিত ছিল। হাঁ, ইহা দোষাবহ হয় না; কারণ, আত্মজ্ঞান যেরূপ মোক্ষের প্রযোজক বা প্রবর্ত্তক, সন্ন্যাস ঠিক সেরূপ নহে; পরন্তু প্রতিপত্তিক্রিয়া বা উপাসনার ন্যায় উহাও পাক্ষিক কারণ মাত্র; ইহাই শ্রুতির অভিপ্রায়; কারণ, স্মৃতিতে আছে—'সন্ন্যাস দ্বারা শরীরপাত করিবে'; আর সন্ন্যাস ধর্ম্ম যে পক্ষে সাধন, সে পক্ষেও 'অতঃপর বিমোক্ষের উপায়ই বলুন' এইরূপ কথা হইতে পারে না; কারণ, মোক্ষলাভের সাধনস্বরূপ যে, আত্মজ্ঞান, তাহার পরিপকতা-সম্পাদনই সন্ন্যাসের প্রধান প্রয়োজন; [সুতরাং জিজ্ঞাসা না থাকিলেও, ঐ বিষয় নির্দ্ধারণ করা আবশ্যক হইয়াছে]॥ ২৯৭॥ ৭॥

তদেতে শ্লোকা ভবন্তি—অণুঃ পন্থা বিততঃ পুরাণো মাং স্পৃষ্টোঽনুবিত্তো ময়ৈব। তেন ধীরা অপিযন্তি ব্রহ্মবিদঃ স্বর্গং লোকমিত ঊর্দ্ধং বিমুক্তাঃ ॥ ২৯৮ ॥ ৮ ॥

অন্বলার্থঃ। তৎ (তস্মিন্ অর্থে) এতে (বক্ষ্যমাণাঃ) শ্লোকাঃ(মন্ত্রাঃ) ভবন্তি,—পুরাণঃ (পুরাতনঃ—সনাতনঃ) বিততঃ (বিস্তীর্ণঃ) অণুঃ (সূক্ষ্মঃ দুর্লভঃ) পন্থাঃ (মোক্ষমার্গঃ) ময়া (যাজ্ঞবল্ক্যেন) এব অনুবিত্তঃ (পরিজ্ঞাতঃ, ময়া সাক্ষাৎকৃতঃ), [অতএব] মাং স্পৃষ্টঃ (ময়া অধিগতঃ) এব ; ধীরাঃ (প্রজ্ঞাবন্তঃ) ব্রহ্মবিদঃ বিমুক্তাঃ [সন্তঃ] ইতঃ (অস্মাৎ লোকাৎ, দেহপাতাদ্বা) ঊর্দ্ধং (পশ্চাৎ), তেন (জ্ঞানলক্ষণেন মোক্ষমার্গেন) স্বর্গং লোকং (মোক্ষং) অপিযন্তি (প্রাপ্নুবন্তি, বিদ্যাফলং মোক্ষং লভন্তে ইত্যর্থঃ) ॥ ২৯৮ ॥ ৮ ॥

মূলানুবাদ। পূর্ব্বোক্ত বিষয়ে এই সমুদয় শ্লোক আছে—চির প্রসিদ্ধ বিস্তীর্ণ (দীর্ঘকালসাধ্য) দুর্ব্বিজ্ঞেয় পথ (মোক্ষমার্গ—ব্রহ্মবিদ্যা) নিশ্চয়ই আমা দ্বারা বিজ্ঞাত হইয়াছে ; অতএব তাহা আমাকে স্পর্শও করিয়াছে, অর্থাৎ আমি মোক্ষপথ ব্রহ্মবিদ্যা লাভ করিয়াছি। যাহারা ধীর ব্রহ্মজ্ঞ, তাহারা এখান হইতে বিমুক্ত হইয়া অর্থাৎ দেহপাতের পর, ঐ পথেই স্বর্গলোকে গমন করিয়া থাকেন। এখানে স্বর্গলোক অর্থ আত্মলোক—মোক্ষ ॥ ২৯৮ ॥ ৮ ॥

শাঙ্করভাষ্যম্‌। আত্মকামস্য ব্রহ্মবিদো মোক্ষঃ—ইত্যেতস্মিন্নর্থে মন্ত্রব্রাহ্মণোক্তে, বিস্তরপ্রতিপাদকা এতে শ্লোকা ভবন্তি—অণুঃ সূক্ষ্মঃ পন্থাঃ দুর্বিজ্ঞেয়ত্বাৎ, বিততঃ বিস্তীর্ণঃ, বিস্পষ্টতরণহেতুত্বাদ্বা, 'বিতরঃ' ইতি পাঠান্তরাৎ ; মোক্ষসাধনো জ্ঞানমার্গঃ, পুরাণশ্চিরন্তনঃ, নিত্যশ্রুতিপ্রকাশিতত্বাৎ, ন তার্কিক-বুদ্ধিপ্রভব-কুদৃষ্টিমার্গবদ্ অর্ব্বাকালিকঃ, মাং স্পৃষ্টঃ ময়া লব্ধ ইত্যর্থঃ ; যো হি যেন লভ্যতে, স তং স্পৃশতীব সম্বধ্যতে ; তেনায়ং ব্রহ্মবিদ্যা-লক্ষণো মোক্ষমার্গঃ ময়া লব্ধত্বাৎ 'মাং স্পৃষ্টঃ' ইত্যুচ্যতে। ন কেবলং ময়া লব্ধঃ, কিন্তু অনুবিত্তঃ ময়ৈব ; অনুবেদনং নাম বিদ্যায়াঃ পরিপাকাপেক্ষয়া ফলাবসানতানিষ্ঠা প্রাপ্তিঃ, ভুজেরিব তৃপ্ত্যবসানতা ; পূর্ব্বন্তু জ্ঞানপ্রাপ্তিসম্বন্ধমাত্রমেবেতি বিশেষঃ ।১

কিমসাবেব মন্ত্রদৃগেকঃ ব্রহ্মবিদ্যাফলং প্রাপ্তঃ, নান্যঃ প্রাপ্তবান্, যেন

'অনুবিত্তো ময়ৈব' ইত্যবধারয়তি ? নৈষ দোষঃ, অন্যাঃ ফলমাত্মসাক্ষিকমনুত্তম-মিতি ব্রহ্মবিদ্যায়াঃ স্তুতিপরত্বাৎ ; এবং হি কৃতার্থাত্মাম্ অভিমানকরাত্মপ্রত্যয়-সাক্ষিকম্ আত্মজ্ঞানম্, কিমতঃ পরমন্যৎ স্যাদিতি ব্রহ্মবিদ্যাং স্তৌতি ; ন তু পুনরন্যো ব্রহ্মবিৎ তৎফলং ন প্রাপ্নোতীতি, "তদ্যো যো দেবানাম্" ইতি সর্ব্বার্থশ্রুতেঃ ; তদেবাহ—তেন ব্রহ্মবিদ্যামার্গেণ, ধীরাঃ প্রজ্ঞাবন্তঃ অন্যেঽপি ব্রহ্মবিদ ইত্যর্থঃ, অপিযন্তি অপিগচ্ছন্তি, ব্রহ্মবিদ্যাফলং মোক্ষং স্বর্গং লোকম্ ; স্বর্গলোকশব্দস্ত্রিপিষ্টপবাচ্যপি সন্ ইহ প্রকরণাৎ মোক্ষাভিধায়কঃ। ইতঃ অস্মাৎ শরীরপাতাৎ ঊর্দ্ধং, জীবন্ত এব বিমুক্তাঃ সন্তঃ ॥ ২৯৮ ॥ ৮ ॥

টীকা। রাজ্ঞোঽকৌশলং পরিহৃত্য মন্ত্রানবতারয়তি—আত্মকামস্যেতি। যদেত্যাদ্যতীতশ্লোকেনাগামিশ্লোকানামর্থাপৌনরুক্ত্যং সূচয়তি—বিস্তরেতি। জ্ঞানমার্গস্য সূক্ষ্মত্বে হেতুমাহ—দুর্বিজ্ঞেয়ত্বাদিতি। বিস্তীর্ণত্বং পূর্ববস্তুবিষয়ত্বাদবধেয়ম্। মাধ্যন্দিনশ্রুতিমাশ্রিত্যাহ—বিস্পষ্টেতি। প্রবন্নসাধ্যত্বং তস্য পঞ্চম্যা বিবক্ষ্যতে। কথং পুনরধুনাতনো বৈদিকো জ্ঞানমার্গশ্চিরন্তনো নিরূচ্যতে, তত্রাহ—নিত্যেতি। বিশেষণ-প্রকাশিতমর্থমুক্ত্বা তস্য ব্যবচ্ছেদ্যমাহ—ন তার্কিকেতি। মন্ত্রদৃশা লব্ধত্বেঽপি কুতো জ্ঞানমার্গস্য তৎসংস্পর্শিত্বমিত্যাশঙ্ক্যাহ—যো হীতি। অনুবেদনলাভয়োর্বিশেষাভাবাৎ পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—অনুবেদনমিতি। পূর্ব্বশব্দেন পাঠক্রমানুসারেণ লাভো গৃহ্যতে।

এবকারমাশ্রিত্য শঙ্কতে—কিমন্যাবিতি। তথা চ তদ্যো যো দেবানামিত্যাদ্যবিশেষ-শ্রুতির্বিরুধ্যেতেতি শেষঃ। অবধারণশ্রুতেরন্যপরত্বেনান্যযোগব্যবচ্ছেদকাভাবমভিপ্রেত্য পরি-হরতি—নৈষ দোষ ইতি। স্তুতিপরত্বমেব প্রকটয়তি—এবং হীতি। কৃতার্থো-ঽস্মীত্যাত্মাভিমানকরং স্বানুভবসিদ্ধমাত্মজ্ঞানং নাস্মাদন্যদুৎকৃষ্টং কিঞ্চিদিত্যেবং বিদ্যামব-ধারণশ্রুতিঃ স্তৌতীত্যর্থঃ। যথাশ্রুতার্থত্বে কো দোষঃ স্যাদিতি চেৎ, তত্রাহ—নত্বিতি। ইত্যবধারণশ্রুত্যা বিবক্ষিতমিতি শেষঃ। তত্র হেতুঃ—তদ্যো য ইতি। সর্ব্বার্থশ্রুতে-র্ব্রহ্মবিদ্যা সর্ব্বার্থা সর্ব্বসাধারণীতি শ্রবণাদিতি যাবৎ। ব্রহ্মবিদ্যায়াঃ সর্ব্বার্থত্বে বাক্যশেষং প্রমাণত্বেনাবতার্য্য ব্যাচষ্টে—তদেবেতি। ননু মোক্ষে স্বর্গশব্দো ন যুজ্যতে, তত্রার্থান্তরে রূঢ়ত্বাদত আহ—স্বর্গেতি। যথা জ্যোতিষ্টোমপ্রকরণে ক্রতৌ জ্যোতিঃশব্দো জ্যোতি-ষ্টোমবিষয়স্তথা মোক্ষপ্রকরণে শ্রুতঃ স্বর্গশব্দো মোক্ষমধিকরোতি। রূঢ্যঙ্গীকারে ব্রহ্ম-বিদ্যায়া নিকর্ষপ্রসঙ্গাদিতি ভাবঃ। জীবন্ত এব মুক্তাঃ সন্তঃ শরীরপাতাদূর্দ্ধং মোক্ষমপিযন্তী-ত্যন্বয়ঃ ॥৮॥

ভাষ্যানুবাদ। আত্মকাম ব্রহ্মবিদের মোক্ষলাভ হয়, এ কথা মন্ত্র ও ব্রাহ্মণভাগে উক্ত হইয়াছে ; বিস্তৃতভাবে তৎপ্রতিপাদক এই সমুদয় শ্লোক আছে—

অণু অর্থ—সূক্ষ্ম; কেন না, উহা অতিদুর্ব্বিজ্ঞেয়; বিতত অর্থ—বিস্তীর্ণ, অথবা সংসার হইতে ত্রাণ পাইবার উৎকৃষ্ট উপায় বলিয়া বিতত; কারণ, কোন কোন পুস্তকে 'বিততঃ' স্থলে 'বিতরঃ' পাঠ রহিয়াছে। পুরাণ অর্থ—পুরাতন; কেন না, উহা নিত্য শ্রুতিদ্বারা প্রকাশিত; তার্কিকদিগের স্ববুদ্ধিকল্পিত অপকৃষ্ট জ্ঞানপথের ন্যায় ইহা আধুনিক নহে। এবংবিধ পথ—মোক্ষসাধন জ্ঞানমার্গ আমাকে স্পর্শ করিয়াছে, অর্থাৎ আমা দ্বারা লব্ধ হইয়াছে; কেন না, যাহা দ্বারা যাহা লব্ধ হয়, সেই লব্ধ বস্তু লাভকর্ত্তাকে যেন স্পর্শই করিয়া থাকে; সেই হেতু উক্ত ব্রহ্মবিদ্যা আমা দ্বারা লব্ধ হওয়ায় 'আমাকে স্পর্শ করিয়াছে' বলা হইতেছে। আমি যে, ইহা কেবল লাভই করিয়াছি, তাহা নহে, পরন্তু আমি নিশ্চয়ই ইহার অনুবেদনও করিয়াছি। ভোজন বলিলে যেমন ভোজনজনিত তৃপ্তিপর্য্যন্ত বুঝায়, তেমনি এখানে 'অনুবেদন' অর্থে বিদ্যার পরিপক্কতানুসারে ফলের চরম অবস্থাপ্রাপ্তি পর্য্যন্ত বুঝিতে হইবে। প্রথমে কেবল জ্ঞানপ্রাপ্তির সংবন্ধ মাত্র ছিল, [এখন তাহার ফলাবস্থা বা সাক্ষাৎ-কারও লাভ হইল, ইহাই উভয়ের মধ্যে বিশেষ। ১

ভাল, একমাত্র এই যাজ্ঞবল্ক্যই কি কেবল ব্রহ্মবিদ্যার ফল লাভ করিয়া-ছিলেন, অপর কেহ কি বিদ্যাফল প্রাপ্ত হন নাই? যাহার দরুণ 'আমা-দ্বারাই অনুবিত্ত হইয়াছে' বলিয়া অবধারণ করিতেছেন? না—ইহা দোষাবহ হয় নাই; কারণ, এই ব্রহ্মবিদ্যার ফল যে, আত্মসাক্ষিক (নিজের প্রত্যক্ষীভূত) হইলেই সর্ব্বোত্তম হয়; এইরূপে ব্রহ্মবিদ্যার প্রশংসাপ্রদর্শন করাই উক্ত অবধারণের অভিপ্রেত তাৎপর্য্য। আত্মজ্ঞান আত্মপ্রতীতিগম্য হইলে যে, আপনার কৃতার্থতাভিমান জন্মায়; বল দেখি, এতদপেক্ষা আর উৎকৃষ্ট ফল কি হইতে পারে? এইরূপে ব্রহ্মবিদ্যার স্তুতিপ্রকাশ করা হইতেছে মাত্র, কিন্তু অপর কোনও ব্রহ্মজ্ঞ পুরুষ যে, জ্ঞানফল প্রাপ্ত হন নাই, এরূপ অর্থে উহার তাৎপর্য্য নহে; কারণ, 'দেবতাদিগের মধ্যে যে যে প্রতিবুদ্ধ হইয়াছিলেন,' ইত্যাদি শ্রুতিতে সর্ব্বসাধারণের জন্যই তুল্য ফলপ্রাপ্তির কথা রহিয়াছে। তাহাই বলিতেছেন—ধীর অর্থাৎ উত্তম জ্ঞানসম্পন্ন অপরাপর ব্রহ্মবিদ্‌গণও এই ব্রহ্মবিদ্যা-পথে জীবদবস্থায়ই মুক্তিলাভ করেন, শেষে দেহপাতের পর ব্রহ্মবিদ্যার ফলস্বরূপ স্বর্গলোকে গমন করেন, অর্থাৎ মুক্তিলাভ করেন। যদিও 'স্বর্গ' শব্দ সাধারণতঃ সুরলোকবাচক

হউক, তথাপি এখানে প্রকরণানুসারে মোক্ষই ইহার প্রতিপাদ্য অর্থ ॥ ২৯৮ ॥ ৮ ॥

তস্মিন্ শুক্লমুত নীলমাহুঃ পিঙ্গলꣳহরিতং লোহিতঞ্চ। এষ পন্থা ব্রহ্মণা হানুবিত্তস্তেনৈতি ব্রহ্মবিৎ পুণ্যকৃত্তৈজসশ্চ ॥ ২৯৯ ॥ ৯ ॥

সরলার্থঃ। তস্মিন্ (মোক্ষ-মার্গে) [বিপ্রতিপন্নাঃ] শুক্লং (শুভ্রং) উত (অপি) নীলম্, পিঙ্গলং, হরিতং (শ্যামলং), লোহিতং (রক্তবর্ণং) চ আহুঃ (কথয়ন্তি—মার্গানাং শুক্লাদিবর্ণভেদান্ কল্পয়ন্তি ইত্যর্থঃ)। এষঃ (যথোক্তরূপঃ) পন্থাঃ, ব্রহ্মণা (পরমাত্মনা) অনুবিত্তঃ (প্রাপ্তঃ সম্বদ্ধঃ); ব্রহ্মবিৎ, পুণ্যকৃৎ (প্রথমং পুণ্যকর্ম্মণা শুদ্ধচিত্তঃ), তৈজসঃ (তেজোময়েঃ ব্রহ্মণি সম্পন্নঃ) চ সন্, তেন (যথোক্তেন পথা) এতি (গচ্ছতি, ব্রহ্ম প্রাপ্নোতি ইত্যর্থঃ) ॥ ২৯৯ ॥ ৯ ॥

মূলানুবাদ। [ভিন্ন ভিন্ন লোক নিজ নিজ জ্ঞান অনুসারে] পূর্ব্বোক্ত মোক্ষসাধনপথে, শুক্ল (বিশুদ্ধ বা নির্ম্মল), নীল, পিঙ্গল, হরিত (শ্যাম) ও লোহিতবর্ণ বর্ণনা করিয়া থাকেন। এই পথটী ব্রহ্মের সহিত সম্বদ্ধ ; ব্রহ্মবিৎ পুরুষ পুণ্য কর্ম্ম দ্বারা শুদ্ধচিত্ত হইয়া এবং তেজোময় ব্রহ্মে আত্মভাব স্থাপন করিয়া ঐ ব্রহ্মপথে গমন করেন অর্থাৎ মোক্ষ প্রাপ্ত হন ॥ ২৯৯ ॥ ৯ ॥

শাঙ্করভাষ্যম্। তস্মিন্ মোক্ষসাধন-মার্গে বিপ্রতিপত্তির্মুমুক্ষূণাম্ ; কথম্ ? তস্মিন্ শুক্লং শুদ্ধং বিমলমাহুঃ কেচিৎ মুমুক্ষবঃ, নীলম্ অন্যে, পিঙ্গলম্ অন্যে, হরিতং লোহিতঞ্চ যথাদর্শনম্। নাড্যস্ত্বেতাঃ সুষুম্নাদ্যাঃ শ্লেষ্মাদিরসসম্পূর্ণাঃ—শুক্লস্য নীলস্য পিঙ্গলস্যেত্যাদ্যুক্তত্বাৎ। আদিত্যং বা মোক্ষমার্গমেবংবিধং মন্যন্তে—"এষ শুক্ল এষ নীলঃ" ইত্যাদিশ্রুত্যন্তরাৎ ; দর্শনমার্গস্য চ শুক্লাদিবর্ণাসম্ভবাৎ। সর্ব্বথাপি তু প্রকৃতাদ্ ব্রহ্মবিদ্যামার্গাৎ অন্যে এতে শুক্লাদয়ঃ। ১

নন্ু শুক্লঃ শুদ্ধঃ অদ্বৈতমার্গঃ ; ন, নীলপীতাদিশব্দৈর্বর্ণবাচকৈঃ সহ অনুশ্রবণাৎ ; যান্ শুক্লাদীন্ যোগিনো মোক্ষপথান্ আহুঃ, ন তে মোক্ষমার্গাঃ ; সংসারবিষয়া এব হি তে—"চক্ষুষ্টো বা মূর্দ্ধ্নো বা অন্যেভ্যো বা শরীর-

দেশেভ্যঃ" ইতি শরীরদেশান্নিঃসরণসম্বন্ধাৎ, ব্রহ্মাদিলোকপ্রাপকা হি তে। তস্মাদয়মেব মোক্ষমার্গঃ, যঃ আত্মকামত্বেনাপ্তকামতয়া সর্ব্বকামক্ষয়ে গমনানুপপত্তৌ প্রদীপনির্ব্বাণবৎ চক্ষুরাদীনাং কার্য্যকরণানাম্ অত্রৈব সমবনয়ঃ—ইতি এষ জ্ঞানমার্গঃ পন্থাঃ, ব্রহ্মণা পরাত্মস্বরূপেণৈব ব্রাহ্মণেন ত্যক্তসর্ব্বৈষণেন অনুবিত্তঃ। তেন ব্রহ্মবিদ্যামার্গেণ ব্রহ্মবিদ্ অন্যোঽপি এতি। ২

কীদৃশো ব্রহ্মবিৎ তেন এতীতি উচ্যতে—পূর্ব্বং পুণ্যকৃৎ ভূত্বা, পুনস্ত্যক্তপুত্রাদ্যেষণঃ পরমাত্মতেজস্যাত্মানং সংযোজ্য তস্মিন্নভিনির্বৃত্তঃ তৈজসশ্চাত্মভূতঃ ইহৈবেত্যর্থঃ। ঈদৃশো ব্রহ্মবিৎ তেন মার্গেণ এতি, ন পুনঃ পুণ্যাদিসমুচ্চয়কারিণো গ্রহণম্, বিরোধাদিত্যবোচাম।

"অপুণ্যপুণ্যোপরমে যং পুনর্ভবনির্ভয়াঃ।
শান্তাঃ সন্ন্যাসিনো যান্তি তস্মৈ মোক্ষাত্মনে নমঃ॥" ইতি স্মৃতেশ্চ।
"ত্যজ ধর্ম্মমধর্ম্মঞ্চ" ইত্যাদি পুণ্যাপুণ্যত্যাগোপদেশাৎ।
"নিরাশিষমনারম্ভং নির্নমস্কারমস্তুতিম্।
অক্ষীণং ক্ষীণকর্ম্মাণং তং দেবা ব্রাহ্মণং বিদুঃ॥"
"নৈতাদৃশং ব্রাহ্মণস্যাস্তি বিত্তং যথৈকতা সমতা সত্যতা চ।
শীলং স্থিতির্দণ্ডনিধানমার্জ্জবং ততস্ততশ্চোপরমঃ ক্রিয়াভ্যঃ॥"

ইত্যাদিস্মৃতিভ্যশ্চ॥ ৩

উপদেক্ষ্যন্তি চ ইহাপি তু, "এষ নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন বর্দ্ধতে কর্ম্মণা নো কনীয়ান্" ইতি কর্ম্মপ্রয়োজনাভাবে হেতুমুক্ত্বা, "তস্মাদেবংবিৎ শান্তো দান্তঃ" ইত্যাদিনা সর্ব্বক্রিয়োপরমং দর্শয়তি। তস্মাদ্ যথাব্যাখ্যাতমেব পুণ্যকৃত্ত্বম্, অথবা যো ব্রহ্মবিৎ তেনৈতি, স পুণ্যকৃৎ তৈজসশ্চেতি ব্রহ্মবিৎস্তুতিরেষা। পুণ্যকৃতি তৈজসে চ যোগিনি মহাভাগ্যং প্রসিদ্ধং লোকে, তাভ্যাম্ অতো ব্রহ্মবিৎ স্তূয়তে প্রখ্যাতমহাভাগ্যত্বাল্লোকে॥ ২৯৯॥ ৯॥

টীকা। তস্মিন্নিত্যাদি পূর্ব্বপক্ষমুত্থাপয়তি—তস্মিন্নিতি। বিপ্রতিপত্তিমেব প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি—কথমিত্যাদিনা। পিঙ্গলং বহ্নিজ্বালাতুল্যম্। লোহিতং জবাকুসুমসন্নিভম্। সপ্রপঞ্চং শব্দস্পর্শরূপরসাদিমদ্ব্রহ্ম তদুপাসনবন্তস্তত্প্রাপ্তিমার্গে বিবাদো মুমুক্ষূণামিত্যাহ—যথাদর্শনমিতি। তথাপি কথং ব্রহ্মপ্রাপ্তিমার্গে শুক্লাদিরূপসিদ্ধিঃ। ন হি জ্ঞানস্য রূপাদিমত্ত্বমিত্যাশঙ্ক্যাহ—নাড্য ইতি। তাসামপি কথং যথোক্তরূপবত্ত্বমিত্যাশঙ্ক্যাহ—শ্লেষ্মাদীতি। তথাপি কথং শুক্লাদিরূপবত্ত্বমিত্যাশঙ্ক্য শাস্ত্রীয়মেবোক্তং স্মারয়তি—শুক্লমস্তেতি। নাড়ীপরিগ্রহে নিয়ামকাভাবমাশঙ্ক্য পক্ষান্তর-

মাহ—আদিত্যং বেতি। এবম্বিধং শুক্লাদিনানাবর্ণমিত্যর্থঃ। তস্য তথাত্বে প্রমাণমাহ—এষ ইতি। প্রকৃতে জ্ঞানমার্গে কিমিতি মার্গান্তরং কল্প্যতে, তত্রাহ—দর্শনেতি। তর্হি নাড়ীপক্ষো বাদিত্যপক্ষো বা কতরো বিবক্ষিতস্তত্রাহ—সর্ব্বথাপীতি।১

শুক্লমার্গস্য জ্ঞানমার্গাদন্যত্বমাক্ষিপতি—নম্বিতি। শুক্লশব্দস্য নাদ্বৈতমার্গবিষয়ত্বং নীলাদিশব্দসমভিব্যাহারবিরোধাদিতি পরিহরতি—ন নীলেতি। সৈদ্ধান্তিকমন্ত্রভাগং ব্যাখ্যাতুং পূর্ব্বপক্ষং দূষয়তি—যান্ শুক্লাদীনিতি। ন কেবলং দেহদেশনিঃসরণসম্বন্ধাদেব নাড়ীভেদানাং সংসারবিষয়ত্বং, কিন্তু ব্রহ্মলোকাদিসম্বন্ধাদপীত্যাহ—ব্রহ্মাদীতি। আদিত্যোঽপি দেবযানমধ্যপাতী ব্রহ্মলোকপ্রাপকঃ সংসারহেতুরেবেতি মত্বাতো মোক্ষমার্গমুপসংহরতি—তস্মাদিতি। আপ্তকামতয়া জ্ঞানমার্গ ইতি সম্বন্ধঃ। এবং ভূমিকাং কৃত্বা এব ইত্যস্যার্থমাহ—সর্ব্বকামেতি। যথা তৈলাদিবিলয়ে প্রদীপস্য জ্বলনাত্মপশান্তৌ তেজোমাত্রে নির্ব্বাণমিষ্যতে, তথা স্থূলস্য সূক্ষ্মস্য চ সর্ব্বস্যৈব কামস্য জ্ঞানাৎ ক্ষয়ে সতি শত্যাত্মপশান্তাবত্রৈব প্রত্যগাত্মনি কার্য্যকরণানামেকীভাবেনাবসানমিত্যয়মেবশব্দার্থ ইত্যর্থঃ। পন্থা ইত্যেতদ্ব্যাচষ্টে—জ্ঞানমার্গ ইতি। ইত্থংভাবে তৃতীয়ামাশ্রিত্যাহ—পরমাত্মেতি। অনুবেদনকর্ত্তুর্ব্রাহ্মণস্য সংন্যাসিত্বং দর্শয়তি—ত্যক্তেতি। বিপ্রতিপত্তিং নিরাকৃত্য মোক্ষমার্গং নির্দ্ধার্য্য যেন ধীরা অপিযন্তীত্যত্রোক্তং নিগময়তি—তেনেতি। অন্যোঽপি মন্ত্রদৃশঃ সকাশাদিতি শেষঃ। ইহেতি জীবদবস্থোক্তিঃ।২

সমুচ্চয়কারিণোঽত্র ব্রহ্মপ্রাপ্তির্বিবক্ষিতেতি কেচিৎ; তান্ প্রত্যাহ—ন পুনরিতি। বিরোধাৎ জ্ঞানকর্ম্মণোরিতি শেষঃ। কিঞ্চ ক্রমসমুচ্চয়ঃ সমসমুচ্চয়ো বেতি বিকল্প্যাদ্যমঙ্গীকৃত্য দ্বিতীয়ং দূষয়তি—অপুণ্যেতি। জ্ঞানস্য কর্ম্মাসমুচ্চয়েঽপি বিবেকজ্ঞানেন সমুচ্চয়োঽস্তীত্যাশঙ্ক্যাহ—ত্যক্তেতি। ব্রহ্মবিদোঽপি স্তুত্যাদিদৃষ্টেস্তেন সমুচ্চয়ো জ্ঞানস্যেত্যাশঙ্ক্যাহ—নিরাশিষমিতি। কাম্যাননুষ্ঠানমনারম্ভঃ। অক্ষীণত্বং নিষিদ্ধানাচরণম্। ক্ষীণকর্ম্মত্বং নিত্যাদিকর্ম্মরাহিত্যম্। অসমুচ্চয়ে বাক্যান্তরমাহ—নেত্যাদিনা। একতা নিরপেক্ষতা সর্ব্বোদাসীনতেতি যাবৎ। সমতা মিত্রোদাসীনশত্রুবুদ্ধিব্যতিরেকেণ সর্ব্বত্র স্বস্মিন্নিব দৃষ্টিঃ। দণ্ডনিধানমহিংসাপরত্বম্।

"অর্থস্য মূলং নিকৃতিঃ ক্ষমা চ কামস্য বিত্তং চ বপুর্ব্বয়শ্চ।
ধর্ম্মস্য যাগাদি দয়াদমশ্চ মোক্ষস্য সর্ব্বোপরমঃ ক্রিয়াভ্যঃ।"

ইত্যাদি চতুর্বিধে পুরুষার্থে সাধনভেদোপদেশি বাক্যমাদিশব্দার্থঃ। ইত্যাদি স্মৃতিভ্যশ্চ ন পুণ্যাদিসমুচ্চয়কারিণো গ্রহণমিতি সম্বন্ধঃ।৩

তথাপি প্রকৃতে মন্ত্রে সমুচ্চয়ো ভাতীত্যাশঙ্ক্যাহ—উপদেক্ষ্যতীতি। বাক্যশেষাদিপর্য্যালোচনাসিদ্ধমর্থমুপসংহরতি—তস্মাদিতি। পূর্ব্বং পুণ্যকৃদ্ভূত্বা পুনস্ত্যক্তপুত্রাদ্যেষণো ব্রহ্মবিত্তৈজসেতীতি ক্রমো ন যুজ্যতে, অক্রমত্বাদিত্যাশঙ্ক্যাহ—অথবেতি। স্তুতিমেবোপপাদয়তি—পুণ্যকৃতীতি। তেজাংসি করণান্যুপসংহৃত্য স্থিতস্তৈজসো দহরাদ্যুপাসীনো যোগী, তস্মিন্ অণিমাদ্যৈশ্বর্য্যাৎ মহানুভাবত্বপ্রসিদ্ধিঃ। তাভ্যাং পুণ্যকৃৎ

তৈজসাত্যাদিত্যর্থঃ। অতঃ শব্দপর্য্যায়ৈঃ পঠ্যতে—প্রথ্যাতেতি। পুণ্যকৃৎতৈজসয়োরিতি শেষঃ। ॥২১১॥৯॥

ভাষ্যানুবাদ। সেই মোক্ষসাধন পথ সম্বন্ধে মুমুক্ষুগণের বিভিন্ন-প্রকার মতভেদ [দেখিতে পাওয়া যায়]। কি প্রকার? কোন কোন মুমুক্ষু সেই পথে শুক্ল অর্থাৎ বিশুদ্ধ নির্ম্মল রূপ বর্ণনা করিয়া থাকেন; অন্যে নীল বর্ণ বলেন, অপরে পিঙ্গলবর্ণ, কেহ বা হরিত (সবুজ), কেহ বা লোহিতবর্ণ (১) নিজ নিজ জ্ঞানানুসারে বর্ণনা করিয়া থাকেন। প্রকৃতপক্ষে কিন্তু এ সমস্তই শ্লেষ্মাদিপূর্ণ সুষুম্নাদি নাড়ীসমূহ; কেননা, এখানে শুক্ল নীল ও পিঙ্গলাদি বর্ণের উল্লেখ রহিয়াছে; [সুষুম্না প্রভৃতিরও ঐরূপ বর্ণ প্রসিদ্ধ আছে।] কেহ কেহ মনে করেন যে, এই প্রকার বর্ণযুক্ত আদিত্যই মোক্ষমার্গ; কারণ, অন্য শ্রুতিতে আছে—'ইনিই শুক্ল, ইনিই নীল' ইত্যাদি। বিশেষতঃ জ্ঞানরূপ পথে শুক্লাদি বর্ণসম্বন্ধ একান্তই অসম্ভব। ফল কথা, সকল মতেই এই শুক্লাদি পথগুলি যে, মোক্ষমার্গ হইতে স্বতন্ত্র, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই।৯

ভাল, জিজ্ঞাসা করি; অদ্বৈতপথ (মোক্ষমার্গও ত) শুক্ল—শুদ্ধই বটে; [তবে আর অন্য অর্থ করা হয় কেন?] না, বর্ণবাচক নীল পীত প্রভৃতি শব্দের সহিত একত্র পঠিত থাকায় সে কথা বলিতে পারা যায় না; যোগিগণ শুক্লাদি বর্ণবিশিষ্ট যে সমস্ত মোক্ষপথের কথা বলিয়া থাকেন, প্রকৃতপক্ষে সেগুলি যথার্থ মোক্ষপথ নহে; সে সমস্ত পথ সংসারাধিকারেই অবস্থিত; কারণ, 'চক্ষু হইতে, অথবা মস্তক (ব্রহ্মরন্ধ্র) হইতে, কিংবা শরীরের অন্যান্য প্রদেশ হইতে [বহির্গত হয়'] এই শ্রুতিতেও সংসার-গতিতেই শরীরের অংশবিশেষ হইতে নির্গমনের কথা রহিয়াছে; সুতরাং এসমস্ত পথ ব্রহ্মলোকাদি প্রাপ্তিরই উপায়, (মোক্ষ প্রাপ্তির নহে)। অতএব ইহাই প্রকৃত মোক্ষপথ, যাহা—মুমুক্ষুর আত্মবিষয়ক কামনা দ্বারা, আপ্তকামত্ব নিবন্ধন সমস্ত কামনা ক্ষয় হইলে পর, প্রদীপনির্ব্বাণের ন্যায় চক্ষু-প্রভৃতি ইন্দ্রিয়নিচয় এখানেই বিলীন হইয়া যায়; এই জ্ঞানমার্গই সেই

(১) তাৎপর্য্য—আনন্দগিরি বলিয়াছেন—পিঙ্গল অর্থ অগ্নিশিখার তুল্য বর্ণ, আর লোহিত অর্থ—জবাফুলের বর্ণ। কিন্তু অভিধান অনুসারে বুঝা যায় যে, পিঙ্গল অর্থ নীল ও পীত মিশ্রিত বর্ণ।

পথ; এই পথটী ব্রহ্মকর্তৃক অর্থাৎ সর্ব্বকামনাবিনির্ম্মুক্ত পরমাত্মস্বরূপে অবস্থিত ব্রাহ্মণকর্তৃক অনুবিত্ত—সম্পূর্ণরূপে অনুভূত; অন্য ব্রহ্মবিদ্ পুরুষও সেই ব্রহ্মবিদ্যা-পথে গমন করিয়া থাকেন। ২

কি প্রকার ব্রহ্মবিৎ পুরুষ সেই পথে গমন করেন, তাহা বলা হইতেছে—যিনি প্রথমে পুণ্যকর্ম্ম করিয়া এবং পুত্রবিত্তাদি বিষয়ে কামনা ত্যাগ করিয়া, পরমাত্মতেজে অর্থাৎ স্বপ্রকাশ পরমাত্মাতে আত্মসংযোগ করতঃ সেই পরমাত্ম-তেজঃস্বরূপে পরিনিষ্পন্ন তৈজসত্ব লাভ করিয়াছেন, অর্থাৎ ইহ লোকেই আত্মস্বরূপ হইয়াছেন; এবংবিধ ব্রহ্মজ্ঞ পুরুষ সেই পথে গমন করেন। এখানে 'পুণ্যকৃৎ' শব্দে জ্ঞানও পুণ্যাদির সমুচ্চয়কারীর গ্রহণ নহে, অর্থাৎ একসঙ্গে জ্ঞান-কর্ম্মের অনুষ্ঠাতা বুঝিতে হইবে না। জ্ঞান ও কর্ম্ম যে, পরস্পর বিরুদ্ধস্বভাব, এ কথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। বিশেষতঃ স্মৃতিশাস্ত্রে আছে—'পাপ ও পুণ্যের নিবৃত্তি হইলে পর, পুনর্জ্জন্মের ভয় হইতে বিমুক্ত, অতএব শান্ত—নিরুদ্বিগ্নচিত্ত সন্ন্যাসিগণ যাহাকে লাভ করিয়া থাকেন, সেই স্বভাবমুক্ত আত্মাকে নমস্কার করি'। তাহার পর, 'ধর্ম্ম ও অধর্ম্ম ত্যাগ কর' ইত্যাদি ধর্ম্মাধর্ম্ম ত্যাগের উপদেশ হেতু, এবং 'যিনি কোন বিষয়ের আকাঙ্ক্ষা করেন না, তন্নিমিত্ত কোন কর্ম্মও করেন না, নমস্কার ও স্তুতিরহিত, নিজে অক্ষীণ (অনিষিদ্ধকর্ম্মা) ও ক্ষীণকর্ম্মা (কর্ম্ম যাহার ক্ষয় পাইয়াছে), দেবতাগণ তাহাকে ব্রাহ্মণ (ব্রহ্মনিষ্ঠ) বলিয়া জানেন'। 'ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির পক্ষে, একতা (ব্রহ্মাত্মৈকত্ব), সমতা, সত্যতা, শীল, ন্যায্যপক্ষে স্থিতি, দণ্ডগ্রহণ, সরলতা, এবং কর্ম্ম হইতে যে, বিরত থাকা, ইহার তুল্য আর কোন সম্পদ্ নাই।' ইত্যাদি স্মৃতি বচন হইতেও জ্ঞান কর্ম্মের সমুচ্চয় সিদ্ধ হইতেছে না।৩

এখানেও উপদেশ করিবেন -'ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির ইহা নিত্য মহিমা, কর্ম্ম দ্বারা ইহার কোনও ক্ষতি বৃদ্ধি হয় না' এইরূপে কর্ম্মানুষ্ঠানের অনাবশ্যকতার হেতু জ্ঞাপন করিয়া-'অতএব এবংবিধ জ্ঞানসম্পন্ন (ব্রহ্মজ্ঞ) পুরুষ শান্ত ও দান্ত (ইন্দ্রিয়সংযমী) হইয়া' ইত্যাদি বাক্যে সর্ব্বক্রিয়া হইতে নিবৃত্তির উপদেশ করিবেন। অতএব 'পুণ্যকৃৎ' শব্দের ব্যাখ্যা আমরা যেরূপ করিয়াছি, সেইরূপ ব্যাখ্যাই সমীচীন। অথবা, ইহা কেবল ব্রহ্মবিৎ পুরুষের স্তুতিমাত্র—যে ব্রহ্মবিৎ সেই পথে গমন করেন, তিনিই পুণ্যকৃৎ

এবং তৈজস; কারণ, পুণ্যকর্ম্মা ও তৈজস যোগী পুরুষ যে, মহাসৌভাগ্য-সম্পন্ন, তাহা জগতে প্রসিদ্ধও বটে। যেহেতু ব্রহ্মজ্ঞ ব্যক্তি মহা ভাগ্যবান্ বলিয়া জগতে প্রসিদ্ধ; সেই হেতুই ঐ 'পুণ্যকৃৎ' ও 'তৈজস' শব্দে তাহার প্রশংসা কীর্ত্তন করা হইতেছে॥ ২৯৯॥ ৯॥

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে, ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াঙ্‌রতাঃ॥ ৩০০॥ ১০॥

সরলার্থঃ। যে অবিদ্যাং (বিদ্যাভিন্নাং জ্ঞানরহিতং কর্ম্ম ইত্যর্থঃ) উপাসতে, [তে] অন্ধং তমঃ (সংসারপ্রাপ্তিহেতুং অজ্ঞানং) প্রবিশন্তি; যে উ (অপি) বিদ্যায়াং (কর্ম্মমাত্রাববোধিকায়াং বেদবিদ্যায়াং) রতাঃ (উপ-নিষদুক্তাত্মতত্ত্ববিমুখাঃ), [তে] ততঃ (তস্মাৎ—অন্ধতমসোঽপি) ভূয়ঃ (অধিকম্) ইব তমঃ (অজ্ঞানং) [প্রবিশন্তি]॥ ৩০০॥ ১০॥

মূলানুবাদ। যাহারা অবিদ্যার উপাসনা করে, অর্থাৎ জ্ঞানরহিত কর্ম্মানুষ্ঠান করে, তাহারা অন্ধতমে—সংসারপ্রাপ্তির কারণীভূত অজ্ঞানে প্রবেশ করে; আর যাহারা বিদ্যাতে—কেবল কর্ম্মপ্রতিপাদক বেদবিদ্যায় নিরত থাকে, [উপনিষদুক্ত অর্থ জানে না], তাহারা তদপেক্ষাও অধিকতর অজ্ঞানে প্রবেশ করে॥৩০০॥১০॥

শাঙ্করভাষ্যম্। অন্ধমদর্শনাত্মকং তমঃ সংসারনিয়ামকং প্রবি-শন্তি প্রতিপদ্যন্তে; কে? যে অবিদ্যাং বিদ্যাতোঽন্যাং সাধ্যসাধনলক্ষণামুপা-সতে—কর্ম্ম অনুবর্ত্তন্ত ইত্যর্থঃ। ততস্তস্মাদপি ভূয়ইব বহুতরমিব তমঃ প্রবি-শন্তি; কে? যে তু বিদ্যায়াম্ অবিদ্যাবস্তুপ্রতিপাদিকায়াং কর্ম্মার্থায়াং ত্রয্যামেব বিদ্যায়াং রতা অভিরতাঃ,—বিধিপ্রতিষেধপর এব বেদঃ, নান্যোঽস্তীত্যুপনিষ-দর্থানপেক্ষিণ ইত্যর্থঃ॥ ৩০০॥ ১০॥

টীকা। প্রস্তুতজ্ঞানমার্গস্তুত্যর্থং মার্গান্তরং নিন্দতি—অন্ধমিত্যাদিনা। বিদ্যা-য়ামিতি প্রতীকমাদায় ব্যাকরোতি—অবিদ্যেতি। কথং পুনস্ত্রয্যামভিরতানামধঃপতন-মিত্যাশঙ্ক্যাহ—বিধীতি॥ ৩০০॥ ১০॥

ভাষ্যানুবাদ। অন্ধ অর্থ—অদর্শন, অর্থাৎ আত্মদর্শনের অভাব, সেই তমে—জন্মমরণাত্মক সংসারপ্রাপ্তি যাহার অবশ্যম্ভাবী ফল, সেই অজ্ঞানান্ধকারে প্রবেশ করে অর্থাৎ তাহা প্রাপ্ত হন। কাহারা [প্রাপ্ত হয়]?

না, যাহারা অবিদ্যার—সাধ্য সাধন ও ফলাত্মক বিদ্যাভিন্ন—অবিদ্যার উপাসনা করেন, অর্থাৎ কেবলই কর্ম্মের অনুসরণ করেন। তদপেক্ষাও অধিকতর অন্ধতমেই যেন প্রবেশ করেন; কাহারা? যাহারা বিদ্যায়—অবিদ্যাত্মক বস্তুবোধক কর্ম্মোপদেশক বেদবিদ্যায়ই কেবল রত—সম্পূর্ণরূপে নিবিষ্ট; অর্থাৎ যাহারা মনে করেন—বিধিনিষেধ-প্রতিপাদক বেদই বেদ, তদতিরিক্ত কোন বেদ নাই, এইরূপে উপনিষদের উপদিষ্ট বিষয়ে উপেক্ষা-করেন, (তাহারা)॥৩০০॥১০॥

অনন্দা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ, তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্ত্যবিদ্বাংসোঽবুধো জনাঃ ॥৩০১॥১১॥

সম্বন্ধার্থঃ। যে জনাঃ (প্রাকৃতাঃ জন্মমরণশীলাঃ) অবিদ্বাংসঃ অবুধঃ (আত্মবোধবর্জ্জিতাঃ), তে প্রেত্য (মৃত্বা) অন্ধেন (অদর্শনাত্মকেন) তমসা আবৃতাঃ (ব্যাপ্তাঃ) তে (প্রসিদ্ধাঃ) অনন্দাঃ (নিরানন্দাঃ) নাম লোকাঃ [যে সন্তি], তান্ (লোকান্) অভিগচ্ছন্তি (সম্যক্ প্রাপ্নুবন্তি)॥৩০১॥১১॥

মূলানুবাদ। যে সমুদয় লোক অবিদ্বান্ ও আত্মবোধ-বিবর্জ্জিত, তাহারা মৃত্যুর পর—অদর্শনাত্মক অন্ধকারে আবৃত সেই যে, 'অনন্দ' (আনন্দহীন) স্থান, সেই স্থানে গমন করিয়া থাকে ॥ ৩০১ ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্। যদি তে অদর্শনলক্ষণং তমঃ প্রবিশন্তি, কো দোষঃ, ইত্যুচ্যতে—অনন্দাঃ অনানন্দাঃ অসুখা নাম তে লোকাঃ, তেনান্ধেনাদর্শন-লক্ষণেন তমসা আবৃতাঃ ব্যাপ্তাঃ, তে তস্যাজ্ঞানতমসো গোচরাঃ,তান্ তে প্রেত্য মৃত্বা অভিগচ্ছন্তি অভিযান্তি; কে? যে অবিদ্বাংসঃ; কিং সামান্যেনাবিদ্বত্তা-মাত্রেণ? নেত্যুচ্যতে—অবুধঃ, বুধেরবগমনার্থস্য ধাতোঃ কিপ্ প্রত্যয়ান্তস্য রূপম্, আত্মাবগমবর্জ্জিতা ইত্যর্থঃ। জনাঃ প্রাকৃতা এব জননধর্ম্মাণো বা ইত্যেতৎ ॥ ৩০১ ॥ ১১ ॥

টীকা। মন্ত্রান্তরমাকাঙ্ক্ষাদ্বারোত্থাপ্য ব্যাচষ্টে—যদীত্যাদিনা। অবুধ ইত্যত্র লিঙ্গভিন্নং সূচয়ন্ বিবক্ষিতমর্থমাহ—বুধেরিতি। ৩০১। ১১।

ভাষ্যানুবাদ। ভাল, তাহারা যদি অদর্শনাত্মক তমেই প্রবেশ

করে, তাহাতেই বা দোষ কি? তদুত্তরে বলিতেছেন—অনন্দ অর্থাৎ আনন্দ-রহিত—অসুখাত্মক কতগুলি প্রসিদ্ধ লোক আছে, সেই স্থানগুলি অদর্শনাত্মক অন্ধতমে আবৃত অর্থাৎ ব্যাপ্ত, সেই স্থানগুলি অজ্ঞানান্ধকারেরই অধিকারভুক্ত; মৃত্যুর পর তাহারা সেই সমস্ত স্থানে গমন করিয়া থাকে। কাহারা? না, যাহারা অবিদ্বান্; সাধারণতঃ অবিদ্বান্ হইলেই কি গমন করে? না—তাহা নহে; এই জন্ম বলিলেন—'অবুধঃ'; এইটী—অবগত্যর্থক 'বুধ্' ধাতুর ক্বিপ্ প্রত্যয়ান্ত রূপ; সুতরাং 'অবুধঃ' অর্থ—যাহারা আত্মার তত্ত্ব অবগত নহে। 'জনাঃ' অর্থ—সাধারণ লোকসকল, অথবা কেবল জন্মমরণশীল লোক সকল ॥ ৩০১ ॥ ১১ ॥

আত্মানং চেদ্বিজানীয়াদয়মস্মীতি পূরুষঃ।

কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনু সংজ্বরেৎ ॥৩০ ॥১২॥

সরলার্থঃ। পুরুষঃ (যঃ কোঽপি জীবঃ) চেৎ (যদি), আত্মানম্ 'অয়ম্ অস্মি' (নিত্য-শুদ্ধবুদ্ধঃ যঃ পর আত্মা, সঃ অহং ভবামি) ইতি (ইত্থং) বিজানীয়াৎ (বিশেষেণ প্রতীয়াৎ), [তদা সঃ] কিম্ ইচ্ছন্ (স্বরূপাতিরিক্ত-বস্ত্বভাবাৎ কিং কাময়ন্), কস্য (আত্মব্যতিরিক্তস্য বা) কামায় (প্রয়োজনায়) শরীরম্ অনু সংজ্বরেৎ (জ্বরেৎ শরীরং লক্ষ্যীকৃত্য জ্বরং পীড়াং অনুভবেৎ)? [শরীরে আত্মাধ্যাসো হি দুঃখাদিনিমিত্তম্, স চেৎ আত্মজ্ঞানেন অপনীয়তে, তদা কারণাভাবাৎ শারীরং জ্বরাদিকমপি আত্মনি পুনর্ন সম্ভবতীতি ভাবঃ] ॥ ৩০২ ॥ ১২ ॥

মূলানুবাদ। পুরুষ অর্থাৎ জীব যদি বুঝিতে পারে যে,—'আমি এতৎস্বরূপ, অর্থাৎ সর্ব্বসংসারধর্ম্মাতীত পরমাত্মস্বরূপ', তাহা হইলে, সেই পুরুষ কিসের ইচ্ছায় বা কাহার কামনায় (প্রয়োজনে) শরীরের সঙ্গে সঙ্গে জ্বর—দুঃখ অনুভব করিবে? অর্থাৎ জীবের যে, দুঃখ হয়, তাহার কারণ—আপনার স্বরূপ না জানা এবং শরীরে আত্মাভিমান স্থাপন করা, সেই দুইটী কারণেরই অভাব হইলে আত্মার যে, ইচ্ছা, কামনা ও শরীরানুগত দুঃখসম্বন্ধ, এ সমস্তই নিবৃত্ত হইয়া যায় ॥ ৩০২ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্। আত্মানং স্বং পরং সর্ব্বপ্রাণিমনীষিতজ্ঞং হৃৎস্থমশনায়াদিধর্ম্মাতীতং চেৎ যদি বিজানীয়াৎ—সহস্রেষু কশ্চিৎ ; চেৎ-ইত্যাত্মবিদ্যায়া দুর্ল্লভত্বং দর্শয়তি। কথময়ং পর আত্মা সর্ব্বপ্রাণিপ্রত্যয়সাক্ষী, যো নেতি নেত্যাদ্যুক্তঃ, যস্মাৎ নান্যোঽস্তি দ্রষ্টা শ্রোতা মন্তা বিজ্ঞাতা, সমঃ সর্ব্বভূতস্থো নিত্যশুদ্ধ-বুদ্ধ-মুক্তস্বভাবঃ—অস্মি ভবামীতি, পুরুষঃ পুরুষঃ।

সঃ কিমিচ্ছন্ তৎস্বরূপব্যতিরিক্তমন্যদ্বস্তু ফলভূতং কিমিচ্ছন্, কস্য বা অন্যস্য আত্মনো ব্যতিরিক্তস্য কামায় প্রয়োজনায় ; ন হি তস্যাত্মন এষ্টব্যং ফলম্, ন চাপি আত্মনোঽন্যঃ অস্তি, যস্য কামায় ইচ্ছতি, সর্ব্বস্যাত্মভূতত্বাৎ ; অতঃ কিমিচ্ছন্ কস্য বা কামায় শরীরমনু সংজ্বরেৎ ভ্রংশেৎ—শরীরোপাধিকৃতদুঃখম্ অনু দুঃখী স্যাৎ, শরীরতাপম্ অনু তপ্যেত। অনাত্মদর্শিনো হি তদ্ব্যতিরিক্তবস্ত্বন্তরেপ্সোঃ 'মমেদং স্যাৎ, পুত্রস্যেদম্, ভার্য্যায়া ইদম্' ইত্যেবমীহমানঃ পুনঃ পুনর্জ্জননমরণপ্রবন্ধারূঢ়ঃ শরীররোগমনু রুজ্যতে ; সর্ব্বাত্মদর্শিনস্তু তদসম্ভব ইত্যেতদাহ ॥ ৩০২ ॥ ১২ ॥

টীকা। উক্তাত্মজ্ঞানস্তুত্যর্থমেব তন্নিষ্ঠস্য কারক্লেশরাহিত্যং দর্শয়তি—আত্মানমিত্যাদিনা। বিজ্ঞানমাত্মনো বৈলক্ষণ্যার্থং বিশিনষ্টি—সর্ব্বেতি। তাটস্থ্যং ব্যাবর্ত্তয়তি—হৃৎস্থমিতি। বুদ্ধিসম্বন্ধপ্রাপ্তিং সংসারিত্বং বারয়তি—অশনায়াদীতি। প্রশ্নপূর্ব্বকং জ্ঞানপ্রকারং প্রকটয়তি—কথমিত্যাদিনা। সর্ব্বভূতসম্বন্ধপ্রযুক্তং দোষং বারয়িতুং বিশিনষ্টি—নিত্যেতি। ইতি বিজানীয়াদিতি সম্বন্ধঃ। প্রয়োজনায় শরীরমনুসংজ্বরেদিতি সম্বন্ধঃ। কিমিচ্ছন্নিত্যাক্ষেপং সমর্থয়তে—ন হীতি। কস্য বা কামায়েত্যাক্ষেপমুপপাদয়তি—ন চেতি। আক্ষেপফলং নিগময়তি—অত ইতি। তদেব স্পষ্টয়তি—শরীরেতি। বিদুষস্তাপাভাবং ব্যতিরেকমুখেন(ণ)। বিশদয়তি—অনাত্মেতি। বস্ত্বন্তরেপ্সোস্তাপসম্ভব ইতি শেষঃ। স চেত্যধ্যাহৃত্য মমেদমিত্যাদি যোজ্যম্। ইত্যেতদাহ কিমিচ্ছন্নিত্যাদ্যা শ্রুতিরিতি শেষঃ। ৩০২ ॥ ১২ ॥

ভাষ্যানুবাদ। সর্ব্বপ্রাণীর হৃদয়জ্ঞ ও হৃদয়স্থ এবং ক্ষুধাপিসাসাদি সংসার-ধর্ম্মের অতীতঃ স্বস্বরূপ পরমাত্মাকে যদি সহস্রের মধ্যে একজনও জানিতে পারে ; এখানে 'যদি' (চেৎ) বলার অভিপ্রায় এই যে, আত্মজ্ঞান অতীব দুর্লভ। কি প্রকারে [জানে]? এই যে, সর্ব্বপ্রাণীর প্রতীতির সাক্ষিস্বরূপ পরমাত্মা, যিনি 'নেতি নেতি' বলিয়া উক্ত হইয়াছেন, যাহার অতিরিক্ত আর দ্রষ্টা, শ্রোতা, মননকর্ত্তা বা বিজ্ঞাতা কেহ নাই, এবং যিনি বৈষম্যবর্জ্জিত ও সর্ব্বভূতস্থ নিত্য শুদ্ধ ও মুক্তস্বভাব, আমি হইতেছি তৎস্বরূপ, [এই প্রকারে জানে;]।

সেই পুরুষ কিসের ইচ্ছায়—ইচ্ছার ফলস্বরূপ স্বব্যতিরিক্ত কোন বস্তু ইচ্ছা করিয়া, কাহারই বা কামনায় অর্থাৎ আত্মাতিরিক্ত অন্য কাহার প্রয়োজনে—কেননা, তাহার নিজের ত প্রার্থনীয় কোন ফল নাই; অথচ আত্মার অতিরিক্তও অন্য কেহ নাই, যাহার প্রয়োজনে ইচ্ছা করিবে; সে তখন সকলের আত্মস্বরূপ হইয়াছে; অতএব কাহার প্রয়োজনে, কিসের ইচ্ছায় শরীরের অনুগত থাকিয়া সম্যক্ জ্বরভাগী হইবে—স্বরূপভ্রষ্ট হইবে? শরীররূপ উপাধিজনিত দুঃখ লক্ষ্য করিয়া দুঃখিত হইবে, অর্থাৎ শরীরগত সন্তাপের অনুগত হইয়া—সন্তাপ অনুভব করিবে? আত্মদর্শী পুরুষই আপনার অতিরিক্ত বস্তু পাইতে অভিলাষী হয়; সুতরাং [তাহারই সন্তাপ সম্ভব হয়]; [এবং সেই পুরুষই] 'আমার ইহা হউক, পুত্রের অমুক হউক, স্ত্রীর অমুক হউক' এইরূপ কামনার বশীভূত এবং বারংবার জন্ম-মরণপ্রবাহে পতিত হইয়া, শরীরগত রোগের অনুসরণ করিয়া—রোগানুভব করিয়া থাকে; কিন্তু যিনি সর্ব্বত্র আত্মভাব দর্শন করিয়া থাকেন, তাহার পক্ষে ঐরূপ সন্তাপ ভোগ করা কখনই সম্ভব হয় না॥ ৩০২॥ ১২॥

যস্যানুবিত্তঃ প্রতিবুদ্ধ আত্মাঽস্মিন্ সন্দেহ্যে গহনে প্রবিষ্টঃ। স বিশ্বকৃৎ স হি সর্ব্বস্য কর্ত্তা, তস্য লোকঃ স উ লোক এব॥৩০৩॥১৩॥

অন্বয়ার্থঃ। গহনে (অনেকানর্থসংকুলে) অস্মিন্ সন্দেহ্যে (সন্দেহাস্পদে শরীরে) প্রবিষ্টঃ (শরীরাধ্যক্ষরূপেণ স্থিতঃ) আত্মা যস্য (যেন ব্রহ্মনিষ্ঠেন) অনুবিত্তঃ (প্রাক্ পরোক্ষতয়া অনুভূতঃ), প্রতিবুদ্ধঃ ('অহমস্মি পরং ব্রহ্ম' ইত্যেবং সাক্ষাৎকৃতঃ), সঃ (আত্মজ্ঞঃ) বিশ্বকৃৎ (বিশ্বস্য জগতঃ কর্ত্তা), হি (যতঃ) সঃ (আত্মজ্ঞঃ) সর্ব্বস্য (জগতঃ) কর্ত্তা (উৎপাদকঃ), [ন কেবলং বিশ্বকর্তৃত্বমেব তস্য, অপিতু] লোকঃ (সর্ব্ব আত্মা) তস্য, সঃ উ (অপি) লোক এব (লোকাত্মক এব, ন ততোঽতিরিক্তঃ কশ্চিৎ লোকোঽস্তীতি ভাবঃ)॥ ৩০৩॥ ১৩॥

মূলানুবাদ। অনেক অনর্থসংকুল এবং বহুবিধ সন্দেহাস্পদ এই দেহমধ্যে প্রবিষ্ট এই আত্মা যাহার পরিজ্ঞাত এবং 'আমিই সেই পরমাত্মা' ইত্যাকারে প্রত্যক্ষীকৃত হয়, তিনি বিশ্বকর্ত্তা;

[কারণ ?] যেহেতু তিনি সকলেরই কর্ত্তা বা উৎপাদক; [শুধু তাহাই নহে,] সমস্ত লোক অর্থাৎ সমস্ত আত্মাই তাহার, এবং তিনিও সমস্ত লোক বা সর্ব্বাত্মস্বরূপ ॥ ৩০৩ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, যস্ত ব্রাহ্মণস্য অনুবিত্তঃ অনুলব্ধঃ, প্রতিবুদ্ধঃ সাক্ষাৎকৃতঃ; কথম্ ? অহমস্মি পরং ব্রহ্মেত্যেবং প্রত্যগাত্মত্বেনাবগতঃ আত্মা অস্মিন্ সন্দেহে সন্দেহে অনেকানর্থসঙ্কটোপচয়ে, গহনে বিষমে অনেকশত-সহস্রবিবেকবিজ্ঞানপ্রতিপক্ষে বিষমে প্রবিষ্টঃ; স যস্ত ব্রাহ্মণস্যানুবিত্তঃ-প্রতিবোধেনেত্যর্থঃ। স বিশ্বকৃদ্বিশ্বস্য কর্ত্তা; কথং বিশ্বকৃত্ত্বং, তস্য কিং বিশ্ব-কৃদিতি নাম ? ইত্যাশঙ্ক্যাহ—স হি যস্মাৎ সর্ব্বস্য কর্ত্তা, ন নামমাত্রম্; ন কেবলং বিশ্বকৃৎ পরপ্রযুক্তঃ সন্, কিন্তর্হি ? তস্য লোকঃ সর্ব্বঃ, কিমন্যো লোকোঽন্যোঽ-সাবিত্যুচ্যতে;—স উ লোক এব; লোকশব্দেন আত্মা উচ্যতে; তস্য সর্ব্ব আত্মা, স চ সর্ব্বস্যাত্মেত্যর্থঃ। য এব ব্রাহ্মণেন প্রত্যগাত্মা প্রতিবুদ্ধতয়ানু-বিত্ত আত্মা অনর্থসঙ্কটে গহনে প্রবিষ্টঃ, স ন সংসারী, কিন্তু পর এব; যস্মাদ্বিশ্বস্য কর্ত্তা সর্ব্বস্য আত্মা, তস্য চ সর্ব্ব আত্মা। এক এবাদ্বিতীয়ঃ পর এবাস্মীত্যনুসন্ধাতব্য ইতি শ্লোকার্থঃ॥ ৩০৩॥ ১৩ ॥

টীকা। ন কেবলমাত্মবিত্তারসিকস্য কায়ক্লেশরাহিত্যং, কিন্তু কৃতকৃত্যতা চাস্তী-ত্যাহ—কিঞ্চেতি। সন্দেহে পৃথিব্যাদিভিভূতৈরুপচিতে শরীরে। সন্দেহত্বং সাধ-য়তি—অনেকেতি। বিষমত্বং বিশদয়তি—অনেকশতেতি। ন নামমাত্রমিত্যত্র-পুরস্তাৎ নঞ, তস্মাদিতি পঠিতব্যং, যস্মাদিত্যুপক্রমাৎ; বিশ্বকৃত্ত্বমিতি শেষঃ। পরশব্দো বিদ্যা-বিষয়ঃ। বিশ্বকৃৎ কৃতকৃত্য ইত্যেতৎ। লোকলোকিবিভাগেন ভেদং শঙ্কিত্বা দূষয়তি—কিমিত্যাদিনা। যত্তেত্যাদিমন্ত্রস্য তাৎপর্য্যার্থং সংগৃহ্ণাতি—য এষ ইতি। অস্ত্বেবং, কিং তাবতেত্যাশঙ্ক্যাহ—এক এবেতি। যো হি পরঃ সর্ব্বপ্রকারভেদরাহিত্যাৎ পূর্ণতয়া বর্ত্ততে, স এবাস্মীত্যাত্মানুসন্ধাতব্য ইতি যোজনা। ৩০৩। ১৩।

ভাষ্যানুবাদ। [আত্ম-বিত্তারত পুরুষের যে, কেবল কায়-ক্লেশই নিবৃত্ত হয়, তাহা নহে; পরন্তু কৃতার্থতাও হয়; এই অভিপ্রায়ে বলিতেছেন—] অপিচ, ব্রহ্মনিষ্ঠ পুরুষ গহন—বিষম অর্থাৎ বিবেকজ্ঞানের বহু-শতসহস্র প্রতিকূলভাবাপন্ন এই সন্দেহে—বিবিধ অনর্থরাশিতে পরি-পূর্ণ এই দেহে প্রবিষ্ট (শরীরাধিপতিরূপে অবস্থিত) এই আত্মাকে উপলব্ধ করিয়াছেন, এবং প্রতিবোধগোচর অর্থাৎ সাক্ষাৎকার করিয়াছেন;

কি প্রকারে? না, 'আমিই সেই পর ব্রহ্ম' এইরূপে প্রত্যক্ষ করিয়াছেন, তিনি বিশ্বকৃৎ—জগতের কর্ত্তা; কিরূপে তাঁহার বিশ্বকর্তৃত্ব, তাহার নামই কি 'বিশ্বকৃৎ'? এই আশঙ্কায় বলিতেছেন—[না—ইহা তাহার নাম নহে;] যেহেতু তিনি সকলের কর্ত্তা, তিনি যে, অন্তের আদেশ মতে বিশ্বকৃৎ হন, তাহা নহে, তবে কি না, সমস্ত লোকই (আত্মাই) তাহার। ভাল, তবে কি তিনি ও অন্য লোক পরস্পর ভিন্ন? তদুত্তরে বলিতেছেন—তিনিও লোকস্বরূপই বটে; এখানে 'লোক' শব্দে আত্মাকে বুঝাইতেছে; সকলে তাহার আত্মা, এবং তিনিও সকলের আত্মা।

এই যে আত্মা, ব্রহ্মনিষ্ঠকর্তৃক প্রতিবোধ বা বিবেকজ্ঞানের বিষয়ীভূত হইয়া সাক্ষাৎকৃত এবং বিবিধ অনর্থসঙ্কুল গহন দেহমধ্যে প্রবিষ্ট; সেই আত্মা প্রকৃত পক্ষে সংসারী নহে, পরন্তু পরমাত্মাই; যেহেতু এই আত্মাই বিশ্বের কর্ত্তা ও সকলের আত্মা, এবং অপর সকলেও তাহার আত্মা। 'আমি হইতেছি এক অদ্বিতীয় পরমাত্মস্বরূপই' এইরূপে আত্মার অনুসন্ধান করিবে, ইহাই এই শ্লোকের অভিপ্রেত অর্থ ॥ ৩০৩ ॥ ১৩ ॥

ইহৈব সন্তোঽথ বিদ্মস্তদ্বয়ং ন চেদবেদির্ম্মহতী বিনষ্টিঃ।
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্ত্যথেতরে দুঃখমেবাপিযন্তি ॥৩০৪॥১৪॥

সম্বলার্থঃ। ইহ (অনর্থসংকুলে দেহে) এব সন্তঃ (বর্ত্তমানাঃ অপি) বয়ম্, অথ (কথঞ্চিৎ—অতিকৃচ্ছ্রেণ) তৎ (ব্রহ্ম) বিদ্মঃ বিজ্ঞাতবন্তঃ) (যদি) ন [বিদ্মঃ, তর্হি], অবেদিঃ (বেদনরহিতাঃ—ব্রহ্মানভিজ্ঞা ইত্যর্থঃ, একবচনমত্র অবিবক্ষিতম্।) তৎফলঞ্চ—] মহতী বিনষ্টিঃ (বিনাশঃ—জন্ম-মরণ-লক্ষণঃ বিনাশঃ অনুচ্ছেদ্যঃ ভবেদিত্যর্থঃ)। যে পুনঃ (অন্যেঽপি বিবেকিনঃ) তৎ (ব্রহ্ম) বিদুঃ (বিদন্তি), তে অমৃতাঃ (বিনাশ-রহিতাঃ—মুক্তাঃ) ভবন্তি; অথ (বিপক্ষে) ইতরে (অবিদ্বাংসঃ) দুঃখম্ এব অপিযন্তি (গচ্ছন্তি)। [জ্ঞানাৎ মোক্ষঃ, অজ্ঞানাচ্চ বন্ধঃ দুঃখ-সম্বন্ধ ইত্যাশয়ঃ] ॥ ৩০৪ ॥ ১৪ ॥

মূলানুবাদ। আমরা এই বিষম সঙ্কটময় দেহে থাকিয়াও কোন প্রকারে সেই ব্রহ্মতত্ত্ব উপলব্ধি করিতে পারিয়াছি; যদি না পারিতাম, তাহা হইলে অবেদি হইতাম, অর্থাৎ তদ্বিষয়ে অজ্ঞ থাকি-

তাম; তাহার ফল হইত—অনন্ত কালেও জন্ম-মরণ-প্রবাহের উচ্ছেদ হইত না। আরও যাহারা তাহা (ব্রহ্মতত্ত্ব) জানিতে পারেন, তাহারাও অমরত্ব লাভ করেন; কিন্তু তদ্ভিন্ন সকলে কেবল দুঃখই পাইয়া থাকে ॥ ১৪ ॥ ৩০৪ ॥

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, ইহৈবানেকানর্থসঙ্কুলে, সন্তো ভবন্তোঽজ্ঞানদীর্ঘনিদ্রামোহিতাঃ সন্তঃ কথঞ্চিদিব ব্রহ্মতত্ত্বম্ আত্মত্বেন অথ বিদ্মো বিজানীমঃ, তদেতদ্‌ব্রহ্ম প্রকৃতম্; অহো বয়ং কৃতার্থা ইত্যভিপ্রায়ঃ। যদেতদ্‌ব্রহ্ম বিজানীমঃ, তন্ন চেদ্‌বিদিতবন্তো বয়ম্—বেদনং বেদঃ, বেদোঽস্যাস্তীতি বেদী, বেদ্যেব বেদিঃ, ন বেদিঃ অবেদিঃ, ততোঽহমবেদিঃ স্যাম্। যদি অবেদিঃ স্যাম্, কো দোষঃ স্যাৎ? মহতী অনন্তপরিমাণা জন্মমরণাদিলক্ষণা বিনষ্টির্বিনশনম্। অহো বয়মস্মান্মহতোবিনশনান্নির্মুক্তাঃ যদদ্বয়ং ব্রহ্ম বিদিতবন্ত ইত্যর্থঃ। যথা চ বয়ং ব্রহ্ম বিদিত্বা অস্মাদ্বিনশনাদ্বিপ্রমুক্তা, এবং যে তদ্বিদুঃ অমৃতাস্তে ভবন্তি; যে পুনর্নৈবং ব্রহ্ম বিদুঃ, তে ইতরে ব্রহ্মবিদ্ভ্যোঽন্যে অব্রহ্মবিদ ইত্যর্থঃ, দুঃখমেব জন্মমরণাদিলক্ষণমেব অপিযন্তি প্রতিপদ্যন্তে, ন কদাচিদপ্যবিদুষাং ততো বিনিবৃত্তিরিত্যর্থঃ। দুঃখমেব হি তে আত্মত্বেনোপগচ্ছন্তি ॥ ৩০৪ ॥ ১৪ ॥

টীকা। ব্রহ্মবিদো বিদুষা কৃতকৃত্যত্বে শ্রুতিসংপ্রতিপত্তিরেব কেবলং ন ভবতি, কিন্তু স্বানুভবসংপ্রতিপত্তিরপীত্যাহ—কিঞ্চেতি। অথেত্যস্য কথঞ্চিদিব ইতি ব্যাখ্যানম্, তদিত্যস্য ব্রহ্মতত্ত্বমিত্যুক্তমর্থং স্ফুটয়তি—তদেতদিতি। ব্রহ্মজ্ঞানে কৃতার্থত্বং প্রত্যনুভবাত্মানুক্ত্বা তদভাবে দোষমাহ—যদেতদিতি। তর্হি মহতী বিনষ্টিরিতি সম্বন্ধঃ। বহুত্বং ন বিবক্ষিতং, জ্ঞানান্ মোক্ষোঽত্র বিবক্ষিত ইত্যভিপ্রেত্য বেদিরিত্যস্যার্থমাহ—বেদনমিত্যাদিনা। ন চেৎ ব্রহ্ম বিদিতবন্তো বয়ং, ততোঽহমবেদিঃ স্যামিতি যোজনা। বিদ্যাভাবে দোষমুক্ত্বা বিদ্বদনুভবসিদ্ধমর্থং নিগময়তি—অহো বয়মিতি। ইহৈবেত্যাদিনা পূর্বার্দ্ধেনোক্তমেবার্থমুত্তরার্দ্ধেন প্রপঞ্চয়তি—যথা চেত্যাদিনা। দুঃখাদবিদুষাং বিনির্মোকাভাবে হেতুমাহ—দুঃখমেবেতি ॥ ৩০৪ ॥ ১৪ ॥

ভাষ্যানুবাদ। অপিচ, অনেক অনর্থপূর্ণ এই দেহে থাকিয়া অজ্ঞানময় দীর্ঘনিদ্রায় বিমোহিত হইয়াও, আমরা অতিকষ্টে সেই এই ব্রহ্মকে আত্মরূপে উপলব্ধি করিতেছি; অভিপ্রায় এই যে, বড় আনন্দের বিষয় এই যে, আমরা কৃতার্থ হইয়াছি। আমরা এই যে ব্রহ্মতত্ত্ব উপলব্ধি করিতেছি, তাহা যদি জানিতে না পারিতাম, তাহা হইলে আমরা 'অবেদি' হইতাম। 'বেদ' অর্থ বেদন (জানা), তাহা যাহার আছে, তিনি বেদী

(বেদী), 'বেদী' আর 'বেদি' একই অর্থ, [স্বার্থে তদ্ধিতপ্রত্যয়], যিনি বেদি নহে, তিনি অবেদি'; তাহা হইলে আমি অবেদি হইতাম, অর্থাৎ অজ্ঞ থাকিতাম। ভাল, যদি 'অবেদি' হইতাম, তাহাতেই বা দোষ কি? দোষ—মহৎ বিনাশ, অর্থাৎ অনন্তকালব্যাপী জন্মমরণাদিরূপ দুঃখধারা লাভ। বড়ই আনন্দের বিষয় যে, আমরা দুর্জ্ঞেয় ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া মহা বিনাশ হইতে বিমুক্তি লাভ করিয়াছি।

আমরা যেরূপ অদ্বিতীয় ব্রহ্মতত্ত্ব অবগত হইয়া এই বিনাশ বা অনর্থ হইতে নির্ম্মুক্ত হইয়াছি, এইরূপ আরও যাহারা এই ব্রহ্মকে জানিতে পারেন, তাহারাও অমৃতত্ব লাভ করিতে সমর্থ হইয়া থাকেন; কিন্তু যাহারা এই প্রকারে ব্রহ্মকে জানিতে পারে না, সেই জন্য তাহারা সকলে অর্থাৎ ব্রহ্মবিদ্ হইতে ভিন্ন- অব্রহ্মবিদ্ জনগণ জন্মমরণরূপ দুঃখধারাই প্রাপ্ত হইয়া থাকে; অবিদ্বান্ লোকেরা কস্মিন্ কালেও তাহা হইতে বিমুক্তি লাভ করিতে পারে না; তাহারা দুঃখকেই আত্মস্বরূপে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩০৪ ॥ ১৪ ॥

যদৈতমনুপশ্যত্যাত্মানং দেবমঞ্জসা।
ঈশানং ভূত-ভব্যস্য ন ততো বিজুগুপ্সতে ॥ ৩০৫ ॥ ১৫ ॥

সম্বন্ধার্থঃ। যদা এতং দেবম্ (দ্যোতমানম্) ভূতভব্যস্য (অতীতানাগতয়োঃ—সুতরাং বর্ত্তমানস্যাপি) ঈশানং (শাসকম্) আত্মানম্ অঞ্জসা (তত্ত্বতঃ) পশ্যতি (সাক্ষাৎ করোতি); ততঃ (তস্মাৎ ঈশানাৎ আত্মনঃ সকাশাৎ) ন বিজুগুপ্সতে (বিশেষেণ আত্মানং ন গোপায়িতুম্ ইচ্ছতি, ঈশানাৎ স্বস্য ভেদাভাবাদিত্যাশয়ঃ,) অথবা, ততঃ (তস্মাৎ হেতোঃ) ন বিজুগুপ্সতে (কঞ্চিৎ ন নিন্দতীত্যর্থঃ) ॥ ৩০৫ ॥ ১৫ ॥

মূলানুবাদ। মুমুক্ষু পুরুষ যখন ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান কালবর্ত্তী সমস্ত বস্তুর ঈশ্বর বা শাসনকর্ত্তা স্বপ্রকাশ এই আত্মাকে সম্পূর্ণরূপে দর্শন করিতে পারেন, তখন তিনি আর সেই সর্ব্বেশ্বর হইতে আপনাকে গোপন করিতে ইচ্ছা করেন না; অভিপ্রায় এই যে, যতকাল সেই ঈশ্বরকে পৃথক্ রূপে দেখে, ততকালই

তাহার সাহায্যে আত্মরক্ষা করিতে ইচ্ছা করে, কিন্তু যে লোক তত্ত্বজ্ঞান বলে, সেই ঈশান আত্মার সঙ্গে একত্ব লাভ করে, তখন তাহার পক্ষে ঐরূপে আত্মগোপন করা কখনই সম্ভবপর হয় না; অথবা, ঐরূপ আত্মদর্শনের ফলে, সে কাহাকেও নিন্দা করে না। নিন্দা ও গোপন উভয়ই 'গুপ্' ধাতুর অর্থ॥ ৩০৫ ॥১১॥

শাঙ্কর-ভাষ্যম্। যদা পুনঃ এতম্ আত্মানং, কথঞ্চিৎ পরমকারুণিকং কঞ্চিদাচার্য্যং প্রাপ্য ততো লব্ধপ্রসাদঃ সন্, অনু পশ্চাৎ পশ্যতি সাক্ষাৎ-করোতি, স্বমাত্মানং, দেবং দ্যোতনবন্তং দাতারং বা সর্ব্বপ্রাণিকর্ম্মফলানাম্ যথাকর্ম্মানুরূপম্, অঞ্জসা সাক্ষাৎ, ঈশানং স্বামিনম্, ভূতভব্যস্য কালত্রয়স্যে-ত্যেতৎ। ন ততস্তস্মাদ্ ঈশানাৎ দেবাদ্ আত্মানং বিশেষেণ জুগুপ্সতে গোপা-য়িতুমিচ্ছতি। সর্ব্বো হি লোক ঈশ্বরাদ্‌গুপ্তিমিচ্ছতি ভেদদর্শী; অয়ং একত্বদর্শী ন বিভেতি কুতশ্চন; অতো ন তদা বিজুগুপ্সতে, যদা ঈশানং দেবম্ অঞ্জসা আত্মত্বেন পশ্যতি। ন তদা নিন্দতি বা কঞ্চিৎ, সর্ব্বমাত্মানং হি পশ্যতি, স এবং পশ্যন্ কম্ অসৌ নিন্দ্যাৎ॥ ৩০৫ ॥ ১১ ॥

টীকা। কিঞ্চ বিদুষো বিহিতাকরণাদিপ্রযুক্তং ভয়ং নাস্তীতি বিদ্বাংস্তোতুং মন্ত্রান্তর মাদায় ব্যাচষ্টে—যদা পুনরিত্যাদিনা। উক্তমর্থং ব্যতিরেকমুখেন(?) বিশদয়তি—সর্ব্বো হীতি। জুগুপ্সায়া নিন্দাত্বেন প্রসিদ্ধত্বাৎ কথমন্বয়বার্থমাদায় ব্যাখ্যায়তে? রূঢ়ির্যোগমপহরতীতি ন্যায়াদিত্যাশঙ্ক্যাহ—যদেতি। তদেবোপপাদয়তি—সর্ব্বমিতি। ৩০৫। ১১।

ভাষ্যানুবাদ। [মুমুক্ষু পুরুষ] যখন কোনপ্রকারে পরম কারুণিক কোনও মহাপুরুষের দর্শনলাভ করিয়া, তাঁহার অনুগ্রহভাজন হইয়া, পরে দেব—স্বয়ং প্রকাশমান বা কর্ম্মানুসারে প্রাণিগণের কর্ম্মফলদাতা ও ভূতভব্যের অর্থাৎ ত্রিকালের ঈশ্বর, পূর্ব্বোক্ত এই স্বস্বরূপ আত্মাকে প্রত্যক্ষ করিতে সমর্থ হয়; তখন সেই দেব ঈশান আত্মা হইতে আপনাকে বিশেষরূপে গোপন করিতে ইচ্ছা করে না।

সাধারণতঃ ভেদদর্শী লোকমাত্রই ভীত হইয়া ঈশ্বরের সাহায্যে আত্মরক্ষা করিতে ইচ্ছা করে; কিন্তু এই একত্বদর্শী কোথা হইতেও ভীত হয় না; এই জন্যই যখন সেই ঈশান দেবকে সম্পূর্ণরূপে আত্মভাবে প্রত্যক্ষ করিতে থাকে, তখন আর সেই ঈশান হইতে আত্মগোপন করিতে ইচ্ছা করে না।

বা করিতে পারে না; অথবা তখন সে কাহাকেও নিন্দা করে না; কারণ, সে তখন সকলকেই আত্মস্বরূপে দর্শন করিয়া থাকে; সুতরাং সে আর কাহাকে নিন্দা করিবে? ॥ ৩০৫ ॥ ১৫ ॥

যস্মাদর্ব্বাক্ সংবৎসরোঽহোভিঃ পরিবর্ত্ততে।
তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতেঽমৃতম্ ॥ ৩০৬॥১৬॥

সন্বয়ার্থঃ। যস্মাৎ (ঈশানাৎ দেবাৎ) অর্ব্বাক্ (অধস্তাৎ) সংবৎসরঃ (কালবিশেষঃ-দ্বাদশমাসাঃ, ত্রয়োদশ মাসা বা) অহোভিঃ (বৎসরাবয়বৈঃ দিবসৈঃ) বিপরিবর্ত্ততে (আবর্ত্ততে, যত্র সংবৎসরাদি-কালপরিচ্ছেদো নাস্তীতি ভাবঃ); দেবাঃ (প্রকাশদৃষ্টয়ঃ) জ্যোতিষাং (আদিত্যচন্দ্রাদীনাং) জ্যোতিঃ (উদ্ভাসকং) তৎ (তম্ ঈশানম্) আয়ুঃ [অতএব] অমৃতম্ ইতি উপাসতে (আয়ুর্গুণবিশিষ্টতয়া তৎ জ্যোতিঃ উপাসতে ইত্যাশয়ঃ) ॥ ৩০৬ ॥ ১৬ ॥

মূলানুবাদ। সংবৎসরাত্মক কাল যাঁহার (যে ঈশানের) অধে (নিম্নে) নিজ অবয়ব দিনরাত্রিদ্বারা পরিবর্ত্তিত হয় (গমনাগমন করে); দেবগণ, আদিত্যাদি জ্যোতিঃপুঞ্জেরও জ্যোতিঃপ্রদ সেই ঈশানকে অমৃত আয়ু বলিয়া উপাসনা করিয়া থাকেন ॥ ৩০৬ ॥ ১৬॥

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, যস্মাৎ ঈশানাৎ অর্ব্বাক্, যস্মাদন্যবিষয় এবেত্যর্থঃ, সম্বৎসরঃ কালাত্মা সর্ব্বস্য জনিমতঃ পরিচ্ছেত্তা, যম্ অপরিচ্ছিন্দন্ অর্ব্বাগেব বর্ত্ততে, অহোভিঃ স্বাবয়বৈঃ অহোরাত্রৈরিত্যর্থঃ; তজ্জ্যোতিষাং জ্যোতিঃ, আদিত্যাদিজ্যোতিষামপ্যবভাসকত্বাৎ; আয়ুরিত্যুপাসতে দেবাঃ; অমৃতং জ্যোতিঃ, অতোঽন্যৎ ম্রিয়তে, নহি জ্যোতিঃ; সর্ব্বস্য হি এতজ্জ্যোতিঃ আয়ুঃ, আয়ুর্গুণেন যস্মাদ্ দেবাঃ তজ্জ্যোতিরুপাসতে, তস্মাৎ আয়ুষ্মন্তস্তে। তস্মাৎ আয়ুষ্কামেনায়ুর্গুণেনোপাস্যং ব্রহ্মেত্যর্থঃ ॥ ৩০৬ ॥ ১৬ ॥

টীকা। অথেশ্বরস্যাপি কালান্তরে সতি বস্তুত্বাৎ ঘটবৎ কালাবচ্ছিন্নত্বাৎ ন কালত্রয়ং প্রতি মুক্তমীশ্বরত্বমত আহ—কিঞ্চেতি। যস্মাদীশানাদর্ব্বাক্ সংবৎসরো বর্ত্ততে, তদুপাসতে দেবা ইতি সম্বন্ধঃ। ননু কথং সম্বৎসরোঽর্ব্বাগিত্যুচ্যতে, কালস্য কালান্তরাভাবেন পূর্ব্বকালসম্বন্ধাভাবাদত আহ—যস্মাদিতি। অথবস্তু পূর্ব্ববৎ। আয়ুর্জ্যোতিষো গুণমায়ুষ্ট্বলক্ষণং স্পষ্টয়ন্নুপাসকস্য ফলমাহ—সর্ব্বস্যেতি। যথোক্তোপাসনে দেবানামেবাধিকারো বিশেষবচনাদিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। ৩০৬। ১৬।

ভাষ্যানুবাদ। আরও এক কথা, যে ঈশানের নিম্নে [বিচরণ করে], অর্থাৎ যাঁহার অর্ব্বাক্‌ই সংবৎসর কাল,—যাহা উৎপত্তিশীল পদার্থমাত্রেরই সীমা-নির্দ্ধারক, সেই কাল যাঁহাকে সীমাবদ্ধ না করিয়া তাহার নিম্নস্তরেই স্বীয় অবয়বভূত দিবারাত্ররূপে গমনাগমন করে; দেবগণ জ্যোতিঃসমূহেরও জ্যোতিঃস্বরূপ অর্থাৎ আদিত্যাদি জ্যোতিঃপদার্থেরও প্রকাশক সেই ঈশানকে অমৃত 'আয়ু' বলিয়া উপাসনা করিয়া থাকেন। জ্যোতিই অমৃত (মরণরহিত), তদ্ভিন্ন আর সকলেই মৃত্যুমুখে পতিত হয়, কেবল ঐ জ্যোতিই পতিত হয় না; এই জ্যোতিই সকলের আয়ুঃস্বরূপ। যেহেতু দেবগণ সেই জ্যোতিকে আয়ু-গুণযুক্তরূপে উপাসনা করেন, সেই হেতু তাঁহারা আয়ুষ্মান্ (দীর্ঘায়ুঃ) হইয়াছেন; অতএব যাহার আয়ু লাভের কামনা আছে, তাহার পক্ষে ব্রহ্মকে আয়ুগুণযুক্তরূপেই উপাসনা করা উচিত ॥৩০৬ ॥ ১৬ ॥

যস্মিন্ পঞ্চ পঞ্চজনা আকাশশ্চ প্রতিষ্ঠিতঃ।

তমেব মন্য আত্মানং বিদ্বান্ ব্রহ্মামৃতোঽমৃতম্ ॥৩০৭॥১৭॥

সরলার্থঃ। যস্মিন্ (আত্মনি) পঞ্চ (পঞ্চসংখ্যকাঃ) পঞ্চজনাঃ (গন্ধর্ব্বাঃ, পিতরঃ, দেবাঃ, অসুরাঃ, রক্ষাংসি, অথবা নিষাদপঞ্চমা ব্রাহ্মণাদয়ো বর্ণাঃ) আকাশঃ (অব্যাকৃতাখ্যঃ সূক্ষ্মঃ) চ (অপি) প্রতিষ্ঠিতঃ; অহং তম্ এব আত্মানং অমৃতং ব্রহ্ম মন্যে; অহং তং বিদ্বান্ (জানন্) অমৃতঃ (অমরণধর্ম্মা) [অস্মীতি শেষঃ] ॥ ৩০৭ ॥ ১৭ ॥

মূলানুবাদ। যাহাতে (যে ব্রহ্মে) 'পঞ্চজন' নামক দেবতা, গন্ধর্ব্ব, পিতৃগণ, অসুর ও রাক্ষস এই পাঁচ শ্রেণী, অথবা ব্রাহ্মণাদি বর্ণ-চতুষ্টয় ও নিষাদ, এই পাঁচটি এবং আকাশ (সূক্ষ্ম আকাশ) প্রতিষ্ঠিত রহিয়াছে, আমি সেই আত্মাকেই অমৃত ব্রহ্ম বলিয়া মনে করি; এবং তাঁহাকে জানি বলিয়াই আমি অমৃতস্বরূপ হইয়াছি ॥ ৩০৭ ॥ ১৭ ॥

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, যস্মিন্ যত্র ব্রহ্মণি, পঞ্চ পঞ্চজনাঃ—গন্ধর্ব্বাদয়ঃ পঞ্চৈব সঙ্খ্যাতাঃ—গন্ধর্ব্বাঃ পিতরো দেবা অসুরা রক্ষাংসি—নিষাদপঞ্চমা বা বর্ণাঃ, আকাশশ্চ অব্যাকৃতাখ্যঃ—"যস্মিন্ সূত্রম্ ওতঞ্চ প্রোতঞ্চ"—

যস্মিন্ প্রতিষ্ঠিতঃ ; "এতস্মিন্ নু খল্বক্ষরে গার্গ্যাকাশঃ' ইত্যুক্তম্ ; তমেবাত্মানম্ অমৃতং ব্রহ্ম মন্যে অহম্, ন চাহমাত্মানং ততোঽন্যত্বেন জানে, কিং তর্হি ? অমৃতোঽহং ব্রহ্ম বিদ্বান্ সন্ ; অজ্ঞানমাত্রেণ তু মর্ত্ত্যোঽহমাসম্, তদপগমাদ্-বিদ্বানহম্ অমৃত এব ॥ ৩০৭ ॥ ১৭ ॥

টীকা। জ্যোতিষাং জ্যোতিরমৃতমিত্যুক্তং, তস্যামৃতত্বং সর্ব্বাধিষ্ঠানত্বেন সাধয়তি—কিঞ্চেতি। এবকারার্থমাহ—ন চেতি। যদ্যাত্মানং ব্রহ্ম জানাসি, তর্হি কিং তে তদ্বিত্তাফলমিতি প্রশ্নপূর্ব্বকমাহ—কিং তর্হীতি। কথং তর্হি তে মর্ত্ত্যত্বপ্রতীতি-স্তত্রাহ—অজ্ঞানমাত্রেণেতি ॥ ৩০৭ ॥ ১৭ ॥

ভাষ্যানুবাদ। অপিচ, যাহাতে—যে ব্রহ্মে গন্ধর্ব্বাদি পঞ্চসংখ্যক পঞ্চজন—গন্ধর্ব্ব, পিতৃগণ, দেবতা, অসুর ও রাক্ষসগণ, কিংবা ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য, শূদ্র ও নিষাদ এই পাঁচ বর্ণ, এবং আকাশ প্রতিষ্ঠিত আছে ; এখানে আকাশ অর্থ—অপঞ্চীকৃত সূক্ষ্ম আকাশ, যাহার মধ্যে এই সমস্ত জগৎ ওতপ্রোত রহিয়াছে ; পূর্ব্বেও কথিত হইয়াছে যে, 'হে গার্গি, এই অক্ষরে আকাশ [ওত প্রোত রহিয়াছে]' ইত্যাদি। আমি সেই আত্মাকেই অমৃত ব্রহ্ম বলিয়া মনে করি, অর্থাৎ আমি আত্মাকে সেই অমৃত ব্রহ্ম হইতে পৃথক্ পদার্থ বলিয়া জানি না ; তবে কিনা, বিদ্বান্ আমি স্বরূপতঃ অমৃত ব্রহ্মই, কেবল অজ্ঞান-বশতঃ আমি মর্ত্ত্য ছিলাম, অর্থাৎ নিজের অমরত্ব ভুলিয়া গিয়া মরণশীল বলিয়া মনে করিতাম ; জ্ঞানোদয়ে সেই ভ্রম অপনীত হওয়ায় আমি অমৃতই আছি ॥ ৩০৭ ॥ ১৭ ॥

প্রাণস্য প্রাণমুত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রং মনসো যে মনো বিদুঃ। তে নিচিক্যুর্ব্রহ্ম পুরাণমগ্র্যম্ ॥ ৩০৮ ॥ ১৮ ॥

সরলার্থঃ। অপিচ, যে (অন্যেঽপি সাধকাঃ) প্রাণস্য (পঞ্চ-বৃত্ত্যাত্মকস্য) প্রাণং (স্থিতিনিদানম্), উত (অপি) চক্ষুষঃ চক্ষুঃ (চক্ষুষঃ প্রকাশকম্), উত (অপি) শ্রোত্রস্য (শ্রবণেন্দ্রিয়স্য) শ্রোত্রং (শ্রোত্রত্ব-সম্পাদকম্), মনসঃ (অন্তঃকরণস্য) মনঃ (শক্ত্যাধায়কম্) [তম্ আত্মানম্) বিদুঃ (জানন্তি), তে (আত্মবিদঃ) পুরাণং (চিরন্তনং নিত্যম্) অগ্র্যং (অগ্রেভবং জগৎকারণম্) ব্রহ্ম নিচিক্যুঃ (নিশ্চয়েন জ্ঞাতবন্ত ইত্যর্থঃ) ॥ ॥ ৩০৮ ॥ ১৮ ॥

মূলানুবাদ। যাহারা প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু, শ্রোত্রের শ্রোত্র এবং মনেরও মন—অর্থাৎ প্রাণাদি ক্রিয়া ও জ্ঞানশক্তির নির্ব্বাহক আত্মাকে জানেন, তাহারাই পুরাতন জগৎকারণ ব্রহ্মকে নিশ্চিতরূপে জানেন ॥ ৩০৮ ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্। কিঞ্চ, তেন হি চৈতন্যাত্মজ্যোতিষা অবভাস্যমানঃ প্রাণ আত্মভূতেন প্রাণিতি, তেন প্রাণস্যাপি প্রাণঃ সঃ, তং প্রাণস্য প্রাণম্, তথা চক্ষুষোঽপি চক্ষুঃ, তথা শ্রোত্রস্যাপি শ্রোত্রম্। ব্রহ্মশক্ত্যধিষ্ঠিতানাং হি চক্ষুরাদীনাং দর্শনাদিসামর্থ্যম্ ; স্বতঃ কাষ্ঠলোষ্টসমানি হি তানি চৈতন্যাত্মজ্যোতিঃশূন্যানি ; মনসোঽপি মনঃ—ইতি যে বিদুঃ ; চক্ষুরাদিব্যাপারদ্বারানুমিতাস্তিত্বং প্রত্যগাত্মানম্, ন বিষয়ভূতম্, যে বিদুঃ, তে কিম্ ? নিচিক্যুর্নিশ্চয়েন জ্ঞানবন্তঃ ব্রহ্ম, পুরাণং চিরন্তনম্,অগ্র্যম্ অগ্রে ভবম্, "তদ্ যদাত্মবিদো বিদুঃ" ইতি হ্যাথর্ব্বণে ॥ ৩০৮ ॥ ১৮ ॥

টীকা। প্রস্তুতাঃ পঞ্চজনাঃ পঞ্চ জ্যোতিষা সহ প্রাণাদয়ো বা স্যুরিত্যভিপ্রেত্যাহ—কিঞ্চেতি। কথং চক্ষুরাদিষু চক্ষুরাদিত্বং ব্রহ্মণঃ সিধ্যতি, তত্রাহ—ব্রহ্মশক্ত্যেতি। নিয়তানি কেনচিদধিষ্ঠিতানি, প্রবর্ত্তন্তে করণত্বাদ্বাস্যাদিবৎ,ইতি চক্ষুরাদিব্যাপারেণানুমিতাস্তিত্বং প্রত্যগাত্মানং যে বিদুরিতি যোজনা। বিদিক্রিয়াবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—নেতি। প্রত্যগাত্মবিদাং কথং ব্রহ্মবিত্ত্বমিত্যাশঙ্ক্যাহ—তদিতি ॥ ৩০৮ ॥ ১৮ ॥

ভাষ্যানুবাদ। আরও, প্রাণাপানাদি পঞ্চবৃত্তিবিশিষ্ট প্রাণও সেই চৈতন্যস্বরূপ আত্মজ্যোতি দ্বারা উদ্ভাসিত হইয়া বাঁচিয়া থাকে—কার্য্য করিতে সমর্থ হয় ; সেই হেতু আত্মা প্রাণেরও প্রাণ ; সেই প্রাণের প্রাণকে, চক্ষুর চক্ষুকে, এবং শ্রোত্রেরও শ্রোত্রকে—; চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়গণ যখন ব্রহ্মশক্তিদ্বারা অধিষ্ঠিত হয়, তখনই তাহাদের দর্শনাদি সামর্থ্য ঘটে ; পক্ষান্তরে যদি উহারা চৈতন্যাত্মজ্যোতির সম্বন্ধরহিত হয়, তাহা হইলে, কাষ্ঠ-লোষ্টাদিরই (মৃৎখণ্ডাদিরই) তুল্য হইয়া পড়ে ; এইরূপ মনেরও মন বলিয়া যাহারা জানেন, অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়ের ব্যাপার দেখিয়া যাঁহারা ইন্দ্রিয়ের অগোচর প্রত্যক্-আত্মার অস্তিত্ব অনুভব করিয়া থাকেন, তাহারাই পুরাণ—চিরন্তন (নিত্য) অগ্র্য—অগ্রে (সৃষ্টির আদিতে) বিদ্যমান অর্থাৎ জগতের করণস্বরূপ ব্রহ্মকে নিশ্চিতরূপে

জানেন। অথর্ব্ববেদীয় উপনিষদেও এই কথা রহিয়াছে—'যাহারা সেই আত্মাকে জানেন, তাহারাই ঠিক জানেন' ইত্যাদি ॥ ৩০৮ ॥ ১৮ ॥

মনসৈবানুদ্রষ্টব্যং নেহ নানাস্তি কিঞ্চন। মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি ।। ৩০৯ ।। ১৯ ।।

অন্বয়ার্থঃ। [অথ ব্রহ্মদর্শনোপায়মাহ—মনসৈবেত্যাদিনা।] [তৎ ব্রহ্ম] মনসা (আচার্য্যোপদেশাদিনা পরিমার্জ্জিতেন মনসা) এব অনুদ্রষ্টব্যম্ ; [তত্র বিশেষমাহ—] ইহ (ব্রহ্মণি) নানা (বিভক্তং) কিঞ্চন (কিঞ্চিদপি) ন অস্তি। [ভেদদর্শনে দোষমাহ—] যঃ (দ্রষ্টা) ইহ নানা ইব (ভেদমিব ; অত্র 'ইব'শব্দপ্রয়োগাৎ দর্শনেঽপি তস্যাবস্তুত্বং সূচিতম্ ইত্যভিপ্রায়ঃ) পশ্যতি, সঃ (ভেদদর্শী) মৃত্যোঃ মৃত্যুং (মরণাৎ মরণম্—পুনঃপুনর্মরণং লভতে, ন মুচ্যতে ইতি ভাবঃ) ॥ ৩০৯॥১৯॥

মূলানুবাদ। [সেই ব্রহ্মকে কিসের দ্বারা দেখিতে হইবে, তাহা বলিতেছেন]—সেই ব্রহ্মকে আচার্য্যোপদেশাদি দ্বারা পরিশুদ্ধ মনের সাহায্যে দর্শন করিতে হইবে। [যে লোক] এই ব্রহ্মে ভেদের মতই দর্শন করে, সে লোক মৃত্যুর পর মৃত্যু প্রাপ্ত হয়, অর্থাৎ ভেদদর্শী লোক পুনঃ পুনঃ জন্মমরণ প্রবাহ ভোগ করে, কখনও বিমুক্ত হইতে পারে না ॥ ৩০৯ ॥ ১৯ ॥

শাঙ্কর ভাষ্যম্। তদ্‌ব্রহ্মদর্শনে সাধনমুচ্যতে—মনসৈব পরমার্থজ্ঞানসংস্কৃতেন আচার্য্যোপদেশপূর্ব্বকং চানুদ্রষ্টব্যম্। তত্র চ দর্শনবিষয়ে ব্রহ্মণি ন ইহ নানা অস্তি কিঞ্চন ন কিঞ্চিদপি ; অসতি নানাত্বে নানাত্বমধ্যারোপয়ত্যবিদ্যয়া। সঃ মৃত্যোঃ মরণাৎ মরণম্ আপ্নোতি ; কোঽসৌ ? য ইহ নানেব পশ্যতি ; অবিদ্যাধ্যারোপণব্যতিরেকেণ নাস্তি পরমার্থতো দ্বিতীয়মিত্যর্থঃ ॥ ৩০৯ ॥ ১৯ ॥

টীকা। মনসো ব্রহ্মদর্শনসাধনত্বে কথং ব্রহ্মণো বাঙ্মনসাতীতত্বশ্রুতিরিত্যাশঙ্ক্যাহ—পরমার্থেতি। কেবলং মনো ব্রহ্মাবিষয়ীকুর্ব্বদপি শ্রবণাদিসংস্কৃতং তদাকারং জায়তে ; তেন দ্রষ্টব্যম্ ইত্যুচ্যতে, অতএব বৃত্তিব্যাপ্যং ব্রহ্মেত্যুপগচ্ছন্তীতি ভাবঃ। অনুশব্দার্থমাহ—আচার্য্যেতি। দ্রষ্টৃ দ্রষ্টব্যাদিভাবেন ভেদমাশঙ্ক্যাহ তত্র চেতি। এবকারার্থমাহ—

নেহেতি। কথমাত্মনি বস্তুতো ভেদরহিতেঽপি ভেদো ভাতীত্যাশঙ্ক্যাহ—মৃত্যোরিতি। নেহেত্যাদেঃ সংপিণ্ডিতমর্থং কথয়তি—অবিদ্যেতি ॥ ৩০৯ ॥ ১৯ ॥

ভাষ্যানুবাদ। [পূর্ব্বোক্ত ব্রহ্মদর্শনের সাধন (উপায়) বলা হইতেছে—আচার্য্যের নিকট উপদেশ-লাভপূর্ব্বক তত্ত্বজ্ঞান-পরিশোধিত মনের দ্বারা [সেই ব্রহ্মকে] দর্শন করিবে। সেই দ্রষ্টব্য ব্রহ্মে নানা (বিভাগে) কিছু নাই। নানাত্ব না থাকিলেও অবিদ্যা দ্বারা তাহাতে নানাত্ব বা ভেদ আরোপিত হইয়া থাকে। সে লোক মৃত্যুর—মরণের পরও মৃত্যু প্রাপ্ত হয়; সেই লোক কে? না, যে লোক ইহাতে (ব্রহ্মে) নানার মত (ভেদের ন্যায়) দর্শন করে। অভিপ্রায় এই যে, অবিদ্যাকৃত অধ্যাস ব্যতিরেকে আত্মাতে বাস্তবিক দ্বৈত বা বিভাগ নাই ॥ ৩০৯ ॥ ১৯ ॥

একধৈবানুদ্রষ্টব্যমেতদপ্রময়ং ধ্রুবম্। বিরজঃ পর আকাশাদজ আত্মা মহান্ ধ্রুবঃ ॥ ৩১০ ॥ ২০ ॥

সরলার্থঃ। অপ্রময়ং (অপ্রমেয়ং প্রমাণান্তরাবিষয়ং, স্বসাক্ষিকমিত্যর্থঃ) ধ্রুবং (কূটস্থং) এতৎ (আত্মবস্তু) একধা (একরূপেণ—বিজ্ঞানৈকাকারেণ) এব দ্রষ্টব্যম্ (স্ববিষয়ীকর্ত্তব্যম্)। [পুনশ্চ তৎস্বরূপমুচ্যতে—] আত্মা বিরজঃ (ধর্ম্মাধর্ম্মাদিরূপ-মালিন্যরহিতঃ), আকাশাৎ (সূক্ষ্মাকাশাদপি) পরঃ (সূক্ষ্মতরঃ), অজঃ (জন্মরহিতঃ), মহান্ (পরিমাণতঃ মহত্তরঃ), ধ্রুবঃ (অবিকারী কূটস্থশ্চ) ॥ ৩১০ ॥ ২০ ॥

মূলানুবাদ। অপ্রমেয় (অপর সর্ব্বপ্রমাণের অগম্য) ধ্রুব (নিত্য কূটস্থ) এই আত্মাকে একইরূপে—শুদ্ধ জ্ঞানস্বরূপেই দর্শন করিবে। [আত্মার স্বরূপ বলিতেছেন—] এই আত্মা বিরজঃ—পুণ্যপাপাদি-মলরহিত এবং সূক্ষ্ম আকাশ অপেক্ষাও অতি সূক্ষ্ম, পরম মহৎ ও কূটস্থ ॥ ৩১০ ॥ ২০ ॥

শাঙ্করভাষ্যম্। যস্মাদেবম্, তস্মাদেকধৈব একেনৈব প্রকারেণ বিজ্ঞানঘনৈকরসপ্রকারেণ আকাশবৎ নিরন্তরেণ অনুদ্রষ্টব্যম্। যস্মাদেতদ্ ব্রহ্ম অপ্রময়ম্ অপ্রমেয়ং সর্ব্বৈকত্বাৎ অন্যেন হি অন্যৎ প্রমীয়তে, ইদং তু একমেব, অতঃ অপ্রমেয়ম্। ধ্রুবং নিত্যং কূটস্থম্ অবিচালীত্যর্থঃ। ১

নন্থ বিরুদ্ধমিদমুচ্যতে, অপ্রমেয়ং জ্ঞায়ত ইতি চ; 'জ্ঞায়তে' ইতি প্রমাণৈর্মীয়ত ইত্যর্থঃ, অপ্রমেয়ম্ ইতি চ তৎপ্রতিষেধঃ। নৈষ দোষঃ, অন্যবস্তুবৎ অনাগম-প্রমাণপ্রমেয়ত্বপ্রতিষেধার্থত্বাৎ; যথা অন্যানি বস্তূনি আগমনিরপেক্ষৈঃ প্রমাণৈর্বিষয়ীক্রিয়ন্তে, ন তথা এতদাত্মতত্ত্বং প্রমাণান্তরেণ বিষয়ীকর্ত্তুং শক্যতে; সর্ব্বস্যাত্মত্বে কেন কং পশ্যেৎ বিজানীয়াৎ—ইতি প্রমাতৃ-প্রমাণাদিব্যাপারপ্রতিষেধেনৈব আগমোঽপি বিজ্ঞাপয়তি, ন তু অভিধানাভি-ধেয়লক্ষণ-বাক্যধর্ম্মাঙ্গীকরণেন; তস্মাৎ ন আগমেনাপি স্বর্গমের্বাদিবৎ তৎ প্রতিপাদ্যতে; প্রতিপাদয়িত্রাত্মভূতং হি তৎ; প্রতিপাদয়িতুঃ প্রতিপাদনস্য প্রতিপাদ্যবিষয়ত্বাৎ; ভেদে হি সতি তত্ত্ববতি। ২

জ্ঞানঞ্চ তস্মিন্ পরাত্মভাবনিবৃত্তিরেব, ন তস্মিন্ সাক্ষাদাত্মভাবঃ কর্ত্তব্যঃ, বিদ্যমানত্বাদাত্মভাবস্য; নিত্যো হি আত্মভাবঃ সর্ব্বস্য অতদ্বিষয় ইব প্রত্যব-ভাসতে; তস্মাৎ অতদ্বিষয়াভাসনিবৃত্তিব্যতিরেকেণ ন তস্মিন্ আত্মভাবো বিধীয়তে; অন্যাত্মভাবনিবৃত্তৌ আত্মভাবঃ স্বাত্মনি স্বাভাবিকো যঃ, স কেবলো ভবতীতি আত্মা জ্ঞায়ত ইত্যুচ্যতে. স্বতশ্চাপ্রমেয়ঃ, প্রমাণান্তরেণ ন বিষয়ীক্রিয়তে, ইত্যুভয়মপি অবিরুদ্ধমেব। বিরজঃ বিগতরজঃ, রজো নাম ধর্ম্মাধর্ম্মাদিমলম্, তদ্রহিত ইত্যেতৎ। পরঃ পরো ব্যতিরিক্তঃ সূক্ষ্মো ব্যাপী বা আকাশাদপি অব্যাকৃতাখ্যাৎ, অজঃ ন জায়তে; জন্মমরণপ্রতিষেধাৎ উত্তরেঽপি ভাববিকারাঃ প্রতিষিদ্ধাঃ, সর্ব্বেষাং জন্মাদিত্বাৎ। আত্মা মহান্ পরিমাণতঃ মহত্তরঃ সর্ব্বস্মাৎ। ধ্রুবঃ অবিনাশী ॥৩,০॥২০॥

টীকা। দ্বৈতাভাবে কথমনুদ্রষ্টব্যমিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। তমেবৈকং প্রকারং প্রকটয়তি—বিজ্ঞানেতি। পরিচ্ছিন্নত্বং ব্যবচ্ছিনত্তি—আকাশবদিতি। একরসত্বং হেতুকৃত্যাপ্রমেয়ত্বং প্রতিজানীতে—যস্মাদিতি। এতদ্ব্রহ্ম যস্মাদেকরসং, তস্মাদপ্রমেয়মিতি যোজনা। হেত্বর্থং স্ফুটয়তি—সর্ব্বৈকত্বাদিতি। তথাপি কথমপ্রমেয়ত্বং, তত্রাহ—অন্যেনেতি। মিথো বিরোধমাশঙ্কতে—নন্বিতি। বিরোধমেব স্ফোরয়তি—জ্ঞায়ত ইতীতি। চোদিতং বিরোধং নিরাকরোতি—নৈষ দোষ ইতি। সংগৃহীতং সমাধানং বিশদয়তি—যথেত্যাদিনা। তস্য মানান্তরৈর্বিষয়ীকর্ত্তুমশক্যত্বে হেতুমাহ—সর্ব্ব-স্যেতি। ইতি সর্ব্বদ্বৈতোপশান্তি শ্রুতেরিতি শেষঃ। আগমোঽপি তর্হি কথমাত্মানমাবেদয়ে-দিত্যাশঙ্ক্যাহ—প্রমাত্রিতি। আত্মনঃ স্বর্গাদিবদ্বিষয়ত্বেনাগমপ্রতিপাদ্যত্বাভাবে হেতুমাহ—প্রতিপাদয়িত্রিতি। তথাপি কিমিতি বিষয়ত্বেনাপ্রতিপাদ্যত্বং, তত্রাহ—প্রতিপাদ-য়িতুরিতি। তদিতি প্রতিপাদ্যমুক্তম্। ১

কথং তর্হি তস্মিন্নাগমিকং জ্ঞানং, তত্রাহ—জ্ঞানং চেতি। পরস্মিন্‌ দেহাদাবাত্মভাবারোপিতস্ত নিবৃত্তিরেব বাক্যেন ক্রিয়তে। তথা চাত্মনি পরিশিষ্টে স্বাভাবিকমেব স্ফুরণ প্রতিবন্ধবিগমাৎ প্রকটী ভবতীতি ভাবঃ। নমু ব্রহ্মণ্যাত্মভাবঃ শ্রুত্যা কর্ত্তব্যো বিবক্ষ্যতে, ন তু দেহাদাবাত্মব্যাবৃত্তিরত আহ—ন তস্মিন্নিতি। ব্রহ্মণশ্চেদাত্মভাবং সদা মন্তুতে, কথমন্যথা প্রথেত্যাশঙ্ক্যাহ—নিত্যো হীতি। সর্ব্বস্ত পূর্ণস্ত ব্রহ্মণ ইত্যেতৎ। অতদ্বিষয়ো ব্রহ্মব্যতিরিক্তবিষয় ইত্যর্থঃ। ব্রহ্মণ্যাত্মত্বাবিস্ত সদা বিদ্যমানত্বে কলিতমাহ—তস্মাদিতি। অতদ্বিষয়াভাসো দেহাদাবাত্মত্বপ্রতিভাসঃ। তস্মিন্‌ ব্রহ্মণীত্যর্থঃ। অস্মিন্‌ অনাত্মভাবনিবৃত্তিরেবাগমেন ক্রিয়তে চেৎ, তর্হি কথমাত্মা তেন গম্যত ইত্যুচ্যতে, তত্রাহ—অন্যেতি। যদ্যাগমিকবৃত্তিব্যাপ্যতাত্মনো যেয়ত্বমিষ্যতে, কথং তর্হি তস্তাপ্রমেয়ত্ববাচো যুক্তিরিত্যাশঙ্ক্যাহ—স্মতশ্চেতি।—বৃত্তিব্যাপ্যত্বেন মেয়ত্বং স্ফুরণব্যাপ্যত্বেন চামেয়ত্বমিত্যুপসংহরতি—ইত্যুভয়মিতি যদুক্তং ধ্রুবত্বং, তদুপস্কারপূর্ব্বকমুপপাদয়তি—বিরজ ইত্যাদিনা। কথং জন্মনিষেধাদিতরে বিকারা নিষিধ্যন্তে, তত্রাহ—সর্ব্বেষামিতি। ৩১০॥২০॥

ভাষ্যানুবাদ। যেহেতু এইপ্রকার অবস্থা, সেই হেতু [আত্মাকে] এরই প্রকারে—আকাশ যেরূপ নিরন্তর বা অবিচ্ছিন্ন, তদ্রূপ একমাত্র জ্ঞানস্বরূপে নিয়ত দর্শন করিবে। যেহেতু এই ব্রহ্ম 'অপ্রময়'—অপ্রমেয় অর্থাৎ সর্ব্ববস্তুর সহিত একীভূত বলিয়া প্রমাণের অবিষয়; অন্যেই অন্য বস্তু দর্শন করিয়া থাকে, এই ব্রহ্ম ত একই—তাহা হইতে ভিন্ন কিছু নাই; এইজন্য অপ্রমেয়; ধ্রুব অর্থ—নিত্য অর্থাৎ কূটস্থ—কূটের ন্যায় নির্ব্বিকারে বা একাকারে অবস্থিত (১), অপর কাহারো দ্বারা বিচালিত হন না।

ভাল, ইহাত বিরুদ্ধ কথা বলা হইতেছে যে, 'অপ্রমেয়'ও বটে, আবার জ্ঞানের বিষয়ও (প্রমেয়ও) বটে; 'জ্ঞায়তে' (জ্ঞাত হয়) অর্থই প্রমাণের বিষয়ীভূত হয়, অথচ 'অপ্রমেয়' শব্দে তাহারই নিষেধ করা হইতেছে! না, ইহা দোষাবহ হইতেছে না, কারণ, অন্য বস্তু যেরূপ আগমাতিরিক্ত প্রমাণেরও বিষয় হইয়া থাকে, এই আত্মবস্তু সেরূপ হয় না, এই জন্য 'অপ্রমেয়' কথায় সেই প্রমাণান্তরেরই প্রতিষেধ করা হইয়াছে। অভিপ্রায় এই যে, জগতের অন্যান্য বস্তু যেমন শাস্ত্রোপদেশ ব্যতিরেকেও প্রত্যক্ষাদি অন্য প্রমাণের বিষয়ীভূত হইতে পারে,

---

(১) তাৎপর্য্য—কূট অর্থ—পর্ব্বত শৃঙ্গ, কিংবা কর্ম্মকারের 'নাহাই'; তাহার মত নির্ব্বিকারে থাকেন বলিয়া ব্রহ্ম কূটস্থ। "কূটবৎ নির্ব্বিকারেণ স্থিতঃ কূটস্থ উচ্যতে।" পঞ্চদশী।

কিন্তু এই আত্মাকে শাস্ত্র ভিন্ন অন্য কোন প্রমাণ দ্বারাও তেমনভাবে গ্রহণ করিতে পারে না। বিশেষতঃ সর্ব্বাত্মভাব পরিনিষ্পন্ন হইলে পর, সমস্ত ভেদ-বুদ্ধি বিলুপ্ত হইয়া যায়; সুতরাং সে সময়ে কে কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে বা জানিবে? ইত্যাদি আগমবাক্যও কেবল তদ্বিষয়ে প্রমেয় প্রমাণাদি-ব্যাপারের-প্রতিষেধ দ্বারাই তাহার স্বরূপ জ্ঞাপন করে, কিন্তু অভিধান-অভিধেয়ভাবে অর্থাৎ বাচ্য-বাচকভাবরূপ যে বাক্যধর্ম্ম বা বাক্যের স্বভাব, তাহা দ্বারা পারে না, অর্থাৎ বাক্যের স্বভাবসিদ্ধ বাচ্য-বাচক-সম্বন্ধ দ্বারা আত্মবস্তু প্রতিপাদনের ক্ষমতা কোন শব্দেরই নাই। অতএব আগম বা শাস্ত্রও, যেরূপ 'স্বর্গ' ও 'সুমেরু'র স্বরূপ বর্ণনা করিয়া থাকে, সেরূপে কিন্তু আত্মার স্বরূপ নিরূপণ করিতে পারে না; কেন না, এই আত্মতত্ত্ব হইতেছে—প্রতিপাদকেরই আত্মস্বরূপ বা অভিন্নরূপ। প্রতিপাদনকর্ত্তা সাধারণতঃ প্রতিপাদ্য বিষয়েরই প্রতিপাদন করিয়া থাকে; অথচ পরস্পরের ভেদ বা পার্থক্য না থাকিলে, সেই প্রতিপাদন কখনই সম্ভব হয় না। ২

এখানে ব্রহ্মবিষয়ক জ্ঞান অর্থ—অনাত্ম বস্তুতে যে, আত্মবুদ্ধি, তাহার নিবৃত্তিমাত্র; কিন্তু সাক্ষাৎসম্বন্ধে তাহাতে আত্মভাব স্থাপন নহে; কারণ, তাহাতে আত্মভাব বিদ্যমানই আছে। সেই ব্রহ্মের সহিত সকলেরই আত্ম-ভাব নিত্যসিদ্ধ রহিয়াছে, কেবল অজ্ঞানবশতঃ তাহার প্রতীতি হয় না মাত্র; অতএব অব্রহ্মবিষয়ে যে, আত্মভাব ভ্রম, তাহার নিবৃত্তি ভিন্ন এখানে আর আত্মভাবের বিধান করা হইতেছে না। অন্য পদার্থ দেহাদি হইতে আত্মভাব ভ্রম নিবৃত্ত হইলে পর, প্রকৃত আত্মাতে যে, আত্মভাব, তখন কেবল তাহাই স্ফুরিত হইতে থাকে; এই জন্য 'আত্মা জ্ঞাত হয়' ('আত্মা জায়তে') এই কথা বলা হইয়া থাকে। স্বরূপতঃ আত্মা অপ্রমেয়ই বটে, কোন প্রমাণই তাহাকে বিষয় করিতে পারে না; অতএব ['দ্রষ্টব্য' ও 'অপ্রমেয়' এই] উভয় কথাই অবিরুদ্ধ বা সুসঙ্গত হইতেছে। ৩

রজঃ অর্থ—চিত্তগত ধর্ম্ম ও অধর্ম্মাদি মল; 'বিরজঃ' অর্থ—সেই ধর্ম্মাধর্ম্মাদি মলরহিত। 'পর' অর্থ—অতিরিক্ত (পৃথক্), সূক্ষ্ম কিংবা ব্যাপক; আকাশ হইতেও—অপঞ্চীকৃত সূক্ষ্ম আকাশ অপেক্ষাও পর—সূক্ষ্ম। 'অজ' অর্থ—যাহা জন্মে না; এখানে এক মাত্র জন্মের নিষেধ করাতেই পরবর্ত্তী ভাব-বিকারসমূহও নিষিদ্ধ হইল, বুঝিতে হইবে; কারণ, জন্মই ঐ সমুদয়

বিকারের আদি বা পূর্ব্ববর্ত্তী (১)। এই আত্মা, 'মহান্'—পরিমাণে মহান্ অর্থাৎ সর্ব্বাপেক্ষা বৃহৎ (মহৎ পরিমাণযুক্ত ; 'ধ্রুব' অর্থ—অবিনাশী (যাহার কখনও বিনাশ হয় না) ॥৩১০॥২০॥

তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত ব্রাহ্মণঃ। নানু-ধ্যায়াদ্বহূঞ্ছব্দান্ বাচো বিগ্লাপনং হি তদিতি ॥৩১১॥২১॥

সম্বলাৰ্থঃ। ধীরঃ (জ্ঞানী) ব্রাহ্মণঃ (ব্রহ্মনিষ্ঠঃ) তম্ (উক্তলক্ষণম্ আত্মানম্) এব বিজ্ঞায় (শাস্ত্রাচার্য্যোপদেশতঃ নিঃসংশয়ং জ্ঞাত্বা) প্রজ্ঞাং (জিজ্ঞাসাপরিসমাপ্তিঃ যয়া ভবেৎ, তাদৃশীং বুদ্ধিং) কুর্ব্বীত (অপরোক্ষতয়া জানীয়াদিত্যর্থঃ)। বহূন্ শব্দান্ (তর্কোপকরণানি বহূনি বচনানি) ন অনুধ্যায়াৎ (অনুচিন্তয়েৎ); হি (যতঃ) তৎ (বহুশব্দানুধ্যানম্) বাচঃ (বাগিন্দ্রিয়স্য) বিগ্লাপনম্ (গ্লানিজনকম্) ইতি ॥৩১১॥২১॥

মূলানুবাদ। ধীর ব্রাহ্মণ—ব্রহ্মনিষ্ঠ পুরুষ পূর্ব্বোক্তপ্রকার আত্মাকেই শাস্ত্র ও আচার্য্যোপদেশ হইতে উত্তমরূপে অবগত হইয়া তদ্বিষয়ে প্রজ্ঞা লাভ করিবে, অর্থাৎ যাহাতে তাহার আর জিজ্ঞাসা করিবার কিছু না থাকে—সমস্ত সংশয় নিবৃত্তি হইয়া যায়, এইরূপ অপরোক্ষ জ্ঞান লাভ করিবে। বহুতর শব্দ চিন্তা করিবে না; কারণ, তাহাতে কেবল বাগিন্দ্রিয়ের গ্লানি বা অবসাদ জন্মিয়া থাকে মাত্র, (কোন ফল লাভ হয় না) ॥৩১১॥২১

শাঙ্কর-ভাষ্যম্। তমীদৃশমাত্মানমেব, ধীরো ধীমান্, বিজ্ঞায় উপ-দেশতঃ শাস্ত্রতশ্চ, প্রজ্ঞাং শাস্ত্রাচার্য্যোপদিষ্টবিষয়াং জিজ্ঞাসাপরিসমাপ্তিকরীং কুর্ব্বীত ব্রাহ্মণঃ—এবং প্রজ্ঞাকরণসাধনানি সন্ন্যাস-শম-দমোপরম তিতিক্ষা-সমাধানানি কুর্য্যাদিত্যর্থঃ। ন অনুধ্যায়াৎ ন অনুচিন্তয়েৎ, বহূন্ প্রভূতান্

(১) তাৎপর্য্য—'নিরুক্ত' গ্রন্থে বলিয়াছেন—অনিত্য পদার্থমাত্রেরই ছয়প্রকার অবস্থা বা বিকার আছে; যথা—জায়তে, অস্তি, বর্দ্ধতে, বিপরিণমতে, অপক্ষীয়তে, নশ্যতি ইতি'। (১) জন্ম, (২) সত্তা বা স্থিতি, (৩) বৃদ্ধি, (৪) বিপরিণাম—বৃদ্ধি ও ক্ষয়ের মধ্যবর্ত্তী অবস্থা, (৫) অপক্ষয় (ক্ষয়), (৬) বিনাশ। যাহার জন্ম আছে; তাহারই পরবর্ত্তী বিকারের সম্ভাবনা আছে, কিন্তু যাহার জন্ম নাই, তাহার পরবর্ত্তী কোন বিকারেরও সম্ভাবনা নাই ; সুতরাং ব্রহ্মের জন্ম প্রতিষেধেই অপরাপর বিকারগুলিও প্রতিষিদ্ধ হইয়াছে।

শব্দান্; তত্র বহুত্বপ্রতিষেধাৎ কেবলাত্মৈকত্বপ্রতিপাদকাঃ স্বল্পাঃ শব্দা অনুজ্ঞায়ন্তে। "ওঁমিত্যেবং ধ্যায়থ আত্মানম্, অন্যা বাচো বিমুঞ্চথ"ইতি চাথর্ব্বণে। বাচঃ বিগ্লাপনং বিশেষেণ গ্লানিকরং শ্রমকরম্, হি যস্মাৎ—তদ্বহুশব্দাভিধ্যানমিতি ॥৩১।১॥২১॥

টীকা। যথোক্তং বস্তুনির্দর্শনং নিগময়তি। নিত্যশুদ্ধত্বাদিলক্ষণমিতি যাবৎ। উক্তরীত্যা প্রজ্ঞাকরণে কানি সাধনানীতি চেৎ, তানি দর্শয়তি—এবমিতি। কাম্যনিষিদ্ধত্যাগঃ সন্ন্যাসঃ, উপরমঃ নিত্যনৈমিত্তিকত্যাগঃ ইতি ভেদঃ। বহুনিতি বিশেষণবশাদায়াতমর্থং দর্শয়তি—তত্রেত্যাদি। চিন্তনীয়েষু শব্দেষিতি যাবৎ। তত্র শ্রুত্যন্তরং সংবাদয়তি—ওমিত্যেবমিতি। নানুধ্যায়াদিত্যত্র হেতুমাহ—বাচ ইতি। তস্মাদ্বহূন্ শব্দাননুচিন্তয়েদিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ইতি শব্দঃ শ্লোকব্যাখ্যানসমাপ্ত্যর্থঃ॥ ॥২১॥

ভাষ্যানুবাদ। ধীর অর্থাৎ পরিশুদ্ধ-বুদ্ধিসম্পন্ন ব্রাহ্মণ (ব্রহ্মনিষ্ঠ পুরুষ) উক্তপ্রকার আত্মাকে শাস্ত্র ও আচার্য্যোপদেশ হইতে অবগত হইয়া, 'প্রজ্ঞা' করিবে, অর্থাৎ যাহাতে শাস্ত্র ও আচার্য্যোপদেশ হইতে বিজ্ঞাত বিষয়ে আর কোনও জিজ্ঞাসা—জানিবার ইচ্ছা না থাকে, এমনভাবে জ্ঞান লাভ করিবে, এবং জ্ঞানসাধন—সন্ন্যাস, শম, দম, উপরতি (ভোগবিরতি), তিতিক্ষা ও সমাধি প্রভৃতির অনুষ্ঠান করিবে। বহু—অধিকপরিমাণে শব্দের অনুধ্যান বা চিন্তা করিবে না। এখানে 'বহূন্' শব্দ থাকায় বুঝা যাইতেছে যে, কেবল আত্মতত্ত্ব-প্রকাশক শব্দ অল্পপরিমাণে অনুধ্যান করিবার অনুমতি প্রদান করা হইতেছে; কেন না, আথর্ব্বণ শ্রুতিতে আছে—'ওঁকাররূপে আত্মাকে ধ্যান কর', 'অন্য সমস্ত বাক্য ত্যাগ কর' ইত্যাদি। 'বাচো বিগ্লাপনম্' অর্থ—বাগিন্দ্রিয়ের বিশেষ গ্লানিজনক—শ্রমকর। যেহেতু বহু শব্দাভিধ্যান [বাগিন্দ্রিয়ের গ্লানিকর], সেই হেতু বহু শব্দ চিন্তা করিবে না] ॥৩১১॥২১॥

স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু, য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিঞ্ছেতে, সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতিঃ, স ন সাধুনা কর্ম্মণা ভূয়ান্ নো এবাসাধুনা কনীয়ান্। এষ সর্ব্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতুর্ব্বিধরণ এষাং লোকানামসম্ভেদায়। তমেতং বেদানুবচনেন

ব্রাহ্মণা বিবিদিষন্তি—যজ্ঞেন দানেন তপসানাশকেনৈতমেব-বিদিত্বা মুনির্ভবতি। এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি। এতদ্ধ স্ম বৈ তৎ পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজাং ন কাময়ন্তে—কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মায়ং লোক ইতি। তে হ স্ম পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণা-য়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি। যা হ্যেব পুত্রৈষণা সা বিত্তৈষণা, যা বিত্তৈষণা সা লোকৈষণোভে হ্যেতে এষণে এব ভবতঃ। স এষ নেতি নেত্যাত্মাগৃহ্যো নহি গৃহ্যতেঽশীর্য্যো নহি শীর্য্যতেঽসঙ্গো নহি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যত্যেতমুহৈবৈতে ন তরত ইত্যতঃ পাপমকরবমিত্যতঃ কল্যাণমকরবমিতি; উভে উ হৈবৈষ এতে তরতি, নৈনং কৃতাকৃতে তপতঃ॥ ৩।২॥ ২২॥

সরলার্থঃ। [ইদানীং পূর্ব্বোক্তমেব আত্মতত্ত্বমুপসংহরতি—'স বা এষঃ' ইত্যাদিনা]। সঃ (পূর্ব্বোক্তঃ) বৈ (এব) এষঃ (প্রকৃতঃ) মহান্ অজঃ আত্মা; [কোঽসৌ?] যঃ অয়ং প্রাণেষু (ইন্দ্রিয়াদিষু মধ্যে) বিজ্ঞানময়ঃ (বুদ্ধিবিজ্ঞানপ্রায়ঃ) [উক্তঃ]; সর্ব্বস্য বশী (সর্ব্বং বশীকরোতি), সর্ব্বস্য (ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্য) ঈশানঃ (ঈশ্বরঃ), সর্ব্বস্য অধিপতিঃ (সাক্ষাৎ পালকঃ, য এষঃ, অন্তর্হৃদয়ে (হৃদয়পুণ্ডরীকে) আকাশঃ (বুদ্ধিবিজ্ঞানাশ্রয়ঃ, পরমাত্মা বা), তস্মিন্ শেতে (বর্ত্ততে); সঃ (আত্মা) সাধুনা (উত্তমেন) কর্ম্মণা ভূয়ান্ (অধিকঃ) ন, অসাধুনা (অধমেন কর্ম্মণা বা) নো (ন) এব কণীয়ান্ (হীনঃ), [ভবতি]; এষঃ (যথোক্তপ্রকারঃ আত্মা) সর্ব্বেশ্বরঃ, এব ভূতাধিপতিঃ, এব ভূতপালঃ; এষঃ (আত্মা) এষাং লোকানাম্ (ভূরাদীনাম্) অসম্ভেদায় (অসাঙ্কর্য্যায়, কর্ম্মফল-বস্তুশক্তি-বিপর্য্যয়-বারণায়) বিধারণঃ (বিধারকঃ) সেতুঃ (সেতুবৎ ভেদব্যবস্থাপকঃ)।

ব্রাহ্মণাঃ (ব্রহ্মনিষ্ঠাঃ) তম্ এতম্ (আত্মানম্) বেদানুবচনেন (বেদাধ্যয়নেন), বেদোক্তেন বা) যজ্ঞেন, দানেন, অনাশকেন (ভোগ-

নিবৃত্ত্যাত্মকেন) তপসা বিবিদিষন্তি (বেদিতুমিচ্ছন্তি); এতম্ (আত্মানম্) এব বিদিত্বা (জ্ঞাত্বা) মুনিঃ (মননশীলঃ) ভবতি। প্রব্রাজিনঃ (সন্ন্যাসিনঃ) এতম্ এব লোকম্ (আত্মানম্) ইচ্ছন্তঃ (কাময়মানাঃ সন্তঃ) প্রব্রজন্তি (প্রব্রজ্যাং কুর্ব্বন্তি); [তত্র প্রব্রজ্যাগ্রহণে হেতুমাহ] এতৎ হস্ম বৈতৎ (এতদেব প্রব্রজ্যাগ্রহণে কারণম্; যৎ), [স্ম বৈ ইতি ঐতিহ্যার্থম্]; পূর্ব্বে (অতীতাঃ) বিদ্বাংসঃ [বয়ম্] প্রজয়া (সন্তানেন) কিং করিষ্যামঃ, যেষাং (পরমার্থদৃশাং) (নঃ অস্মাকং) অয়ম্ আত্মা [এব] অয়ং লোকঃ (অভিপ্রেতং ফলম্), তে বয়ং প্রজয়া কিং করিষ্যামঃ—[ইতি কৃত্বা] প্রজাং ন কাময়ন্তে (ন ইচ্ছন্তি)।

তে (বিদ্বাংসঃ) পুত্রৈষণায়াঃ (পুত্রকামনায়াঃ) চ বিত্তৈষণায়াঃ চ লোকৈষণায়া চ ব্যুত্থায় (বিশেষেণ বিরজ্য) অথ (অনন্তরং) ভিক্ষাচর্য্যং চরন্তি (সন্ন্যাসম্ অবলম্বন্তে)। যা হি পুত্রৈষণা, সা এব বিত্তৈষণা, তথা যা বিত্তৈষণা, সা [এব] লোকৈষণা, [অতঃ] এতে হি (নিশ্চয়ে) এব উভে এষণে (পুত্র-লোকৈষণে) ভবতঃ, (ন ততোঽধিকা কাচিৎ এষণা অস্তি ইত্যর্থঃ)।

নেতি নেতি (নেতি নেতীতি সর্ব্বনিষেধাবধিভূতঃ) সঃ এষঃ আত্মা অগৃহ্যঃ (গ্রহীতুমশক্যঃ), [অতঃ] নহি (নৈব) গৃহ্যতে; অশীর্য্যঃ (শীর্ণতায়া অযোগ্যঃ), [অতঃ] নহি শীর্য্যতে; অসঙ্গঃ, [অতঃ] নহি সজ্যতে [কেনচিৎ সংসারধর্ম্মেণ ন লিপ্যতে]; অসিতঃ, [অতঃ] ন ব্যথতে, ন রিষ্যতি (স্বরূপাৎ ন প্রচ্যবতে); এতে (বক্ষ্যমাণে কৃতাকৃতে) এতম্ (আত্মানম্) এব উহ ন তরতঃ (ন অভিভবতঃ) ইতি; এষঃ (আত্মদর্শী) অতঃ (অস্মৈ ফলায়) পাপম্ অকরবম্ ইতি, অতঃ (অস্মৈ ফলায়) কল্যাণম্ (শুভং কর্ম্ম) অকরবম্ ইতি—এতে উভে এব (পুণ্যাপুণ্যে) তরতি (অতিক্রামতি); কৃতাকৃতে (নিষিদ্ধস্য করণম্, বিহিতস্য চ অকরণম্, এতে) এনম্ (আত্মদর্শিনম্) ন তপতঃ (ন পীড়য়তঃ) ॥৩১২॥ ২২॥

মূলানুবাদ। এই যে, পূর্ব্বোক্ত সেই মহান্ অজ আত্মা, এবং যাহা প্রাণপদবাচ্য ইন্দ্রিয়বর্গের মধ্যে বিজ্ঞানময়—বুদ্ধি-বিজ্ঞানের সহিত সম্মিলিত হইয়া প্রকাশমান, যাহা সকলের

বশীকর্ত্তা, সকলের অধিপতি ও সকলের ঈশ্বর, এবং যে আত্মা হৃদয়-পুণ্ডরীকের মধ্যবর্ত্তী আকাশ-পদবাচ্য পরমাত্মায় অবস্থিত, সেই আত্মা উত্তম কর্ম্ম দ্বারা বৃদ্ধি পায় না, এবং নিকৃষ্ট কর্ম্ম দ্বারাও হীন হয় না। ইনি সকলের ঈশ্বর, ইনি ভূতাধিপতি, ইনি সর্ব্বভূতের পালক এবং ইনিই সমস্ত জগতের সাংকর্য্য-নিবারণের জন্য জগদ্বি-ধারক সেতুস্বরূপ।

ব্রাহ্মণগণ বেদপাঠ, যজ্ঞ, দান ও বিষয়োপরতিরূপ তপস্যা দ্বারা সেই এই আত্মাকে জানিতে ইচ্ছা করেন; ইহাকে জানিয়াই মুনি (মননশীল) হন; সন্ন্যাসিগণ এই আত্ম-লোক লাভের জন্যই প্রব্রজ্যা বা সন্ন্যাস গ্রহণ করেন। [তাহাদের প্রব্রজ্যাগ্রহণের] ইহাই সেই কারণ যে, প্রাচীন বিদ্বান্‌গণ মনে করেন যে, যে আমাদের এই আত্মাই হইতেছে—লভ্য একমাত্র ফল, সেই আমরা প্রাজা—সন্তান দ্বারা কি করিব? এই জন্য তাহারা সন্তান কামনা করেন না; এই কারণে তাহারা পুত্র-কামনা, বিত্ত-কামনা ও স্বর্গাদিলোক-কামনা হইতে বিরত হইয়া ভিক্ষাচর্য্যা (সন্ন্যাসগ্রহণ) করিয়া থাকেন। প্রকৃতপক্ষে কিন্তু কামনা (এষণা) দুইটার অধিক হয় না; কারণ, যাহা পুত্রৈষণা, তাহাই বিত্তৈষণা, এবং যাহা বিত্তৈষণা, তাহাই লোকৈষণা, সুতরাং সমুদায়ে দুইটামাত্র এষণা (কামনা) হইতেছে।

'ইহা নহে, ইহা নহে' (নেতি নেতি) বলিয়া সর্ব্বনিষেধের অবধিরূপে অভিহিত সেই এই আত্মা স্বভাবতই গ্রহণের অযোগ্য, এই জন্য কোন ইন্দ্রিয় দ্বারা গৃহীত হয় না; শীর্ণ হইবার অযোগ্য, এই জন্য শীর্ণ হয় না; অসঙ্গ, এইজন্য কিছুতে আসক্ত হয় না; ক্ষয় হইবার অযোগ্য, এই জন্য কোন ব্যথা পায় না, এবং বিকৃতও হয় না। ইহাকেই কেবল—'আমি এই ফলের জন্য পাপ করিয়াছি, এবং অমুক ফলের জন্য পুণ্য করিয়াছি' এই উভয়-প্রকার কৃতাকৃতচিন্তায় অভিভূত করিতে পারে না। এইপ্রকার

আত্মদর্শী পুরুষ উক্ত উভয়বিধ কৃতাকৃত—পুণ্য ও পাপ অতিক্রম করেন, ঐ কৃতাকৃতচিন্তা তাহাকে সন্তাপ প্রদান করে না ॥৩।১২॥ ২২॥

শাঙ্করভাষ্যম্। সহেতুকৌ বন্ধমোক্ষাবভিহিতৌ মন্ত্রব্রাহ্মণাভ্যাম্, শ্লোকৈশ্চ পুনর্মোক্ষস্বরূপং বিস্তরেণ প্রতিপাদিতম্, এবম্ এতস্মিন্ আত্মবিষয়ে সর্ব্বো বেদঃ যথা উপযুক্তো ভবতি; তৎ তথা বক্তব্যমিতি তদর্থেয়ং কণ্ডিকা আরভ্যতে। তচ্চ যথা অস্মিন্ প্রপাঠকে অভিহিতং সপ্রয়োজনম্ অনূক্তম্ অত্রে-বোপযোগঃ কৃৎস্নস্য বেদস্য কাম্যরাশিবর্জ্জিতস্য—ইত্যেবমর্থ উক্তার্থানুবাদঃ "স বা এষঃ" ইত্যাদিঃ। স ইতি উক্তপরামর্শার্থঃ; কোঽসাবুক্তঃ পরামৃশ্যতে? তং প্রতিনির্দ্দিশতি—'য এষ বিজ্ঞানময়ঃ ইতি—অতীতানন্তরবাক্যোক্তসম্প্রত্যয়ো মা ভূদিতি, য এষঃ; কতম এষ ইত্যুচ্যতে—বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বিতি; উক্ত-বাক্যোল্লিঙ্গনং সংশয়নিবৃত্ত্যর্থম্; উক্তং হি পূর্ব্বং জনকপ্রশ্নারম্ভে "কতম আত্মেতি, যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু" ইত্যাদি। ১

এতদুক্তং ভবতি—"যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু" ইত্যাদিনা বাক্যেন প্রতি-পাদিতঃ স্বয়ংজ্যোতিরাত্মা, স এষ কামকর্ম্মাবিদ্যানাম্ অনাত্মধর্ম্মপ্রতিপাদন-দ্বারেণ মোক্ষিতঃ পরমাত্মভাবমাপাদিতঃ—পর এবায়ং নান্য ইতি; এষ স সাক্ষাৎ মহানজ আত্মেত্যুক্তঃ। যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বিতি যথাব্যাখ্যা-তার্থ এব। য এষঃ অন্তর্হৃদয়ে হৃদয়পুণ্ডরীকমধ্যে য এষ আকাশো বুদ্ধিবিজ্ঞান-সংশ্রয়ঃ, তস্মিন্ আকাশে বুদ্ধিবিজ্ঞানসহিতে শেতে তিষ্ঠতি; অথবা সম্প্রসাদকালে অন্তর্হৃদয়ে য এষ আকাশঃ পর এব আত্মা নিরুপাধিকো বিজ্ঞানময়স্য স্বস্বভাবঃ, তস্মিন্ স্বভাবে পরমাত্মনি আকাশাখ্যে শেতে। চতুর্থে এতদ্ব্যাখ্যাতম্ "কৈষ তদা অভূৎ" ইত্যস্য প্রতিবচনত্বেন। ২

"স চ সর্ব্বস্য ব্রহ্মেন্দ্রাদেঃ বশী; সর্ব্বো হি অস্য বশে বর্ত্ততে। উক্তঞ্চ,—"এতস্য বা অক্ষরস্য প্রশাসনে" ইতি। ন কেবলং বশী, সর্ব্বস্য ঈশানঃ ঈশিতা চ ব্রহ্মেন্দ্রপ্রভৃতীনাম্। ঈশিতৃত্বং চ কদাচিৎ জাতিকৃতম্, যথা, রাজকুমারস্য বলবত্তরানপি ভৃত্যান্ প্রতি, তদ্বৎ মা ভূদিত্যাহ—সর্ব্বস্যাধিপতিঃ অধিষ্ঠায় পালয়িতা, স্বতন্ত্র ইত্যর্থঃ; ন রাজপুত্রবৎ অমাত্যাদিভৃত্যতন্ত্রঃ। ত্রয়মপ্যেতৎ বশিত্বাদি হেতুহেতুমদ্রূপম্—যস্মাৎ সর্ব্বস্যাধিপতিঃ, ততোঽসৌ সর্ব্বস্যেশানঃ; যো হি যমধিষ্ঠায় পালয়তি, স তং প্রতীষ্ট এবেতি প্রসিদ্ধম্, যস্মাৎ চ সর্ব্ব-স্যেশানঃ, তস্মাৎ সর্ব্বস্য বশীতি। ৩

কিঞ্চান্যৎ, স এবম্ভূতো স্বয়ংজ্যোতিঃ পুরুষো বিজ্ঞানময়ঃ ন সাধুনা শাস্ত্রবিহিতেন কর্ম্মণা ভূয়ান্ ভবতি ন বর্দ্ধতে—পূর্ব্বাবস্থাতঃ কেনচিদ্ধর্ম্মেণ; নো এব শাস্ত্রপ্রতিষিদ্ধেন অসাধুনা কর্ম্মণা কনীয়ান্ অল্পতরো ভবতি—পূর্ব্বাবস্থাতো ন হীয়ত ইত্যর্থঃ। কিঞ্চ, সর্ব্বো হি অধিষ্ঠানপালনাদি কুর্ব্বন্ পরানুগ্রহ-পীড়াকৃতেন ধর্ম্মাধর্ম্মাখ্যেন যুজ্যতে; অস্যৈব তু কথং তদভাব ইত্যুচ্যতে—যস্মাদেষ সর্ব্বেশ্বরঃ সন্ কর্ম্মণোঽপীশিতুং ভবত্যেব শীলমস্য, তস্মাৎ ন কর্ম্মণা সম্বধ্যতে। কিঞ্চ, এষ ভূতাধিপতিঃ ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং ভূতানাম্ অধিপতিরিত্যুক্তার্থং পদম্। ৪

এষ ভূতানাং তেষামেব পালয়িতা রক্ষিতা। এষঃ সেতুঃ; কিংবিশিষ্ট ইত্যাহ—বিধরণঃ বর্ণাশ্রমাদিব্যবস্থায়া বিধারয়িতা; তদাহ—এষাং ভূরাদীনাং ব্রহ্মলোকান্তানাং লোকানাম্ অসম্ভেদায় অসম্ভিন্নমর্য্যাদায়ৈ; পরমেশ্বরেণ সেতুবদবিধার্য্যমাণাঃ লোকাঃ সম্ভিন্নমর্য্যাদাঃ স্যুঃ; অতো লোকানামসম্ভেদায় সেতুভূতোঽয়ং পরমেশ্বরঃ, যঃ স্বয়ংজ্যোতিরাত্মৈব। এবংবিৎ সর্ব্বস্য বশী ইত্যাদি ব্রহ্মবিদ্যায়াঃ ফলমেতন্নির্দ্দিষ্টম্। ৫

"কিংজ্যোতিরয়ং পুরুষঃ" ইত্যেবমাদি-ষষ্ঠপ্রপাঠকবিহিতায়ামেতস্যাং ব্রহ্মবিদ্যায়াম্ এবংফলায়াং কাম্যৈকদেশবর্জ্জিতং কৃৎস্নং কর্ম্মকাণ্ডং তাদর্থ্যেন বিনিযুজ্যতে; তৎ কথম্ ইত্যুচ্যতে—তমেতম্ এবম্ভূতমৌপনিষদং পুরুষম্ বেদানুবচনেন মন্ত্রব্রাহ্মণাধ্যয়নেন নিত্যস্বাধ্যায়লক্ষণেন বিবিদিষন্তি বেদিতুমিচ্ছন্তি; কে? ব্রাহ্মণাঃ; ব্রাহ্মণগ্রহণমুপলক্ষণার্থম্, অবিশিষ্টো হি অধিকারস্ত্রয়াণাং বর্ণানাম্; অথবা কর্ম্মকাণ্ডেন মন্ত্র-ব্রাহ্মণেন বেদানুবচনেন বিবিদিষন্তি। কথং বিবিদিষন্তীত্যুচ্যতে—যজ্ঞেনেত্যাদি। ৬

যে পুনর্ম্মন্ত্রব্রাহ্মণলক্ষণেন বেদানুবচনেন প্রকাশ্যমানং বিবিদিষন্তীতি ব্যাচক্ষতে, তেষামারণ্যকমাত্রমেব বেদানুবচনং স্যাৎ; ন হি কর্ম্মকাণ্ডেন পর আত্মা প্রকাশ্যতে, "তন্ত্বৌপনিষদম্" ইতি বিশেষ শ্রুতেঃ। বেদানুবচনেনেতি চাবিশেষিতত্বাৎ সমস্তগ্রাহীদং বচনম্; ন চ তদেকদেশোৎসর্গো যুক্তঃ। নন্থ ত্বৎপক্ষেঽপি উপনিষদ্বর্জ্জমিতি একদেশত্বং স্যাৎ; ন, আদ্যব্যাখ্যানেঽবিরোধাৎ অস্মৎপক্ষে নৈব দোষো ভবতি। যদা বেদানুবচনশব্দেন নিত্যঃ স্বাধ্যায়ো বিধীয়তে, তদা উপনিষদপি গৃহীতৈবেতি, বেদানুবচনশব্দার্থৈকদেশো ন পরিত্যক্তো ভবতি। ৭

যজ্ঞাদিসহপাঠাচ্চ—যজ্ঞাদীনি কর্ম্মাণ্যেব অনুক্রমিষ্যন্ বেদানুবচনশব্দং প্রযুঙ্ক্তে; তস্মাৎ কর্ম্মৈব বেদানুবচনশব্দেনোচ্যত ইতি গম্যতে; কর্ম্ম হি নিত্যস্বাধ্যায়ঃ। কথং পুনর্নিত্যস্বাধ্যায়াদিভিঃ কর্ম্মভিরাত্মানং বিবিদিষন্তি? নৈব হি তান্যাত্মানং প্রকাশয়ন্তি, যথোপনিষদঃ। নৈব দোষঃ, কর্ম্মণাং বিশুদ্ধিহেতুত্বাৎ; কর্ম্মভিঃ সংস্কৃতা হি বিশুদ্ধাত্মানঃ শক্নুবন্তি আত্মানম্ উপনিষৎপ্রকাশিতম্ অপ্রতিবন্ধেন বেদিতুম্; তথা হ্যাথর্ব্বণে—"বিশুদ্ধসত্ত্বস্তত্ত্বস্তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ" ইতি; স্মৃতিশ্চ—"জ্ঞানমুৎপদ্যতে পুংসাং ক্ষয়াৎ পাপস্য কর্ম্মণঃ" ইত্যাদিঃ। ৮

কথং পুনর্নিত্যানি কর্ম্মাণি সংস্কারার্থানীত্যবগম্যতে? "স হ বা আত্মযাজী, যো বেদেদং মেঽনেনাঙ্গং সংস্ক্রিয়তে, ইদং মেঽনেনাঙ্গমুপধীয়তে" ইত্যাদি-শ্রুতেঃ। সর্ব্বেষু চ স্মৃতিশাস্ত্রেষু কর্ম্মাণি সংস্কারার্থান্যেব আচক্ষতে—"অষ্টাচত্বারিংশৎ সংস্কারাঃ" ইত্যাদিষু। গীতাসু চ—

"যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্।

সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িতকল্মষাঃ॥" ইতি।

যজ্ঞেনেতি—দ্রব্যযজ্ঞা জ্ঞানযজ্ঞাশ্চ সংস্কারার্থাঃ। সংস্কৃতস্য চ বিশুদ্ধসত্ত্বস্য জ্ঞানোৎপত্তিরপ্রতিবন্ধেন ভবিষ্যতি, অতো যজ্ঞেন বিবিদিষন্তি। দানেন—দানমপি পাপক্ষয়হেতুত্বাৎধর্ম্মবৃদ্ধিহেতুত্বাচ্চ। তপসা—তপ ইত্যবিশেষেণ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিপ্রাপ্তৌ বিশেষণম্—অনাশকেনেতি; কামানশনমনাশকম্, ন তু ভোজননিবৃত্তিঃ; ভোজননিবৃত্তৌ ম্রিয়ত এব, নাত্মবেদনম্।৯

বেদানুবচন-যজ্ঞ-দান-তপঃশব্দেন সর্ব্বমেব নিত্যং কর্ম্ম উপলক্ষ্যতে; এবং কাম্যবর্জ্জিতং নিত্যং কর্ম্মজাতং সর্ব্বম্ আত্মজ্ঞানোৎপত্তিদ্বারেণ মোক্ষসাধনত্বং প্রতিপদ্যতে; এবং কর্ম্মকাণ্ডেন অস্যৈকবাক্যতাবগতিঃ। এবং যথোক্তেন ন্যায়েনৈতমেব আত্মানং বিদিত্বা যথাপ্রকাশিতম্, মুনির্ভবতি—মননাৎ মুনির্যোগী ভবতীত্যর্থঃ। এতমেব বিদিত্বা মুনির্ভবতি নান্যম্। ১০

নন্বন্যবেদনেঽপি মুনিত্বং স্যাৎ; কথমবধার্য্যতে—এতমেবেতি। বাঢম্, অন্যবেদনেঽপি মুনির্ভবেৎ, কিন্তু অন্যবেদনে ন মুনিরেব স্যাৎ, কিং তর্হি? কর্ম্ম্যপি ভবেৎ সঃ। এতং তু ঔপনিষদং পুরুষং বিদিত্বা মুনিরেব স্যাৎ, ন তু কর্ম্মী; অতোঽসাধারণং মুনিত্বং বিবক্ষিতমস্যেতি অবধারয়তি—এতমেবেতি। এতস্মিন্ হি বিদিতে, কেন কং পশ্যেদিত্যেবং ক্রিয়াঽসম্ভবাৎ মননমেব স্যাৎ। কিঞ্চ,

এতমেব আত্মানং স্বং লোকমিচ্ছন্তঃ প্রার্থয়ন্তঃ প্রব্রাজিনঃ প্রব্রজনশীলাঃ প্রব্রজন্তি প্রকর্ষেণ ব্রজন্তি—সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্যন্তীত্যর্থঃ। ১১

"এতমেব লোকমিচ্ছন্তঃ" ইত্যবধারণাৎ ন বাহ্যলোকত্রয়েপ্সূনাং পারিব্রাজ্যে অধিকার ইতি গম্যতে। ন হি গঙ্গাদ্বারং প্রতিপিৎসুঃ কাশীদেশনিবাসী পূর্ব্বাভিমুখঃ প্রৈতি; তস্মাদ্বাহ্যলোকত্রয়ার্থিনাং পুত্রকর্ম্মাপরব্রহ্মবিদ্যাঃ সাধনম্, "পুত্রেণায়ং লোকো জয্যো নান্যেন কর্ম্মণা"ইত্যাদিশ্রুতেঃ। অতস্তদর্থিভিঃ পুত্রাদি সাধনং প্রত্যাখ্যায়, ন পারিব্রাজ্যং প্রতিপত্তুং যুক্তম্, অতৎসাধনত্বাৎ পারিব্রাজ্যস্য। তস্মাৎ "এতমেব লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি"ইতি যুক্তমবধারণম্। আত্মলোকপ্রাপ্তির্হি অবিদ্যানিবৃত্তৌ স্বাত্মন্যবস্থানমেব; তস্মাদাত্মানং চেৎ লোকমিচ্ছতি যঃ, তস্য সর্ব্বক্রিয়োপরম এবাত্মলোকসাধনং মুখ্যমন্তরঙ্গম্, যথা পুত্রাদিরেব বাহ্যলোকত্রয়স্য, পুত্রাদিকর্ম্মণ আত্মলোকং প্রত্যসাধনত্বাৎ; অসম্ভবেন চ বিরুদ্ধত্বমবোচাম। ১২

তস্মাদাত্মানং লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্ত্যেব সর্ব্বক্রিয়াভ্যো নিবর্ত্তেরন্নেবেত্যর্থঃ। যথা চ বাহ্যলোকত্রয়ার্থিনঃ প্রতিনিয়তানি পুত্রাদীনি সাধনানি বিহিতানি, এবমাত্মলোকার্থিনঃ সর্ব্বৈষণানিবৃত্তিং পারিব্রাজ্যং ব্রহ্মবিদো বিধীয়ত এব। ১৩

কুতঃ পুনস্তে আত্মলোকার্থিনঃ প্রব্রজন্ত্যেবেত্যুচ্যতে; তত্রার্থবাদবাক্যরূপেণ হেতুং দর্শয়তি—এতৎ হ স্ম বৈ তৎ। তদেতৎ পারিব্রাজ্যে কারণমুচ্যতে—হ স্ম বৈ কিল, পূর্ব্বে অতিক্রান্তকালীনা বিদ্বাংসঃ আত্মজ্ঞাঃ প্রজাং কর্ম্ম অপরব্রহ্মবিদ্যাঞ্চ; প্রজোপলক্ষিতং হি ত্রয়মেতৎ বাহ্যলোকত্রয়সাধনং নির্দ্দিশ্যতে—প্রজামিতি। প্রজাং কিম্? ন কাময়ন্তে, পুত্রাদিলোকত্রয়সাধনং নানুতিষ্ঠন্তীত্যর্থঃ। ১৪

নন্বপরব্রহ্মদর্শনমনুতিষ্ঠন্ত্যেব; তদ্বলাদ্ধি ব্যুত্থানম্; ন, অপবাদাৎ; "ব্রহ্ম তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনো ব্রহ্ম বেদ", 'সর্ব্বং তং পরাদাৎ' ইত্যপরব্রহ্মদর্শনমপ্যপবদত্যেব, অপরব্রহ্মণোঽপি সর্ব্বমধ্যান্তর্ভাবাৎ; "যত্র নান্যৎ পশ্যতি" ইতি চ পূর্ব্বাপরবাহ্যান্তরদর্শন প্রতিষেধাচ্চ,অপূর্ব্বমনপরমনন্তরমবাহ্যম্ ইতি, "তৎ কেন কং পশ্যেদ্বিজানীয়াৎ" ইতি চ। তস্মাৎ ন আত্মদর্শনব্যতিরেকেণ অন্যদ্ব্যুত্থানকারণমপেক্ষ্যতে। ১৫

কঃ পুনস্তেষামভিপ্রায় ইত্যুচ্যতে—কিং প্রয়োজনং ফলং সাধ্যং করিষ্যামঃ প্রজয়া সাধনেন; প্রজা হি বাহ্যলোকত্রয়সাধনং নির্জ্ঞাতা; স

চ বাহ্যো লোকো নাস্তি অস্মাকমাত্মব্যতিরিক্তঃ; সর্ব্বং হি অস্মাকমাত্মভূতমেব, সর্ব্বস্য চ বয়মাত্মভূতাঃ। আত্মা চ আত্মত্বাদেব ন কেনচিৎ সাধনেন উৎপাদ্য আপ্যো বিকার্য্যঃ সংস্কার্য্যো বা। ১৬

যদপি আত্মযাজিনঃ সংস্কারার্থং কর্ম্মেতি, তদপি কার্য্যকরণাত্মদর্শনবিষয়মেব, "ইদং মে অনেনাঙ্গং সংক্রিয়তে"—ইত্যঙ্গাঙ্গিত্বাদিশ্রবণাৎ; ন হি বিজ্ঞানঘনৈকরসনৈরন্তর্য্যদর্শিনঃ অঙ্গাঙ্গিসংস্কারোপধানদর্শনং সম্ভবতি; তস্মান্ন কিঞ্চিৎ প্রজাদিসাধনৈঃ করিষ্যামঃ; অবিদুষাং হি তৎ প্রজাদিসাধনৈঃ কর্ত্তব্যং ফলম্; ন হি মৃগতৃষ্ণিকায়ামুদকপানায় তদুদকদর্শী প্রবৃত্তঃ—ইতি তত্রোষরমাত্রমুদকাভাবং পশ্যতোঽপি প্রবৃত্তির্যুক্তা। এবমস্মাকমপি পরমার্থাত্মলোকদর্শিনাং প্রজাদিসাধনসাধ্যে মৃগতৃষ্ণিকাদিসমে অবিদ্বদ্দর্শনবিষয়ে ন প্রবৃত্তির্যুক্তেত্যভিপ্রায়ঃ। ১৭

তদেতদুচ্যতে—যেষামস্মাকং পরমার্থদর্শিনাং নঃ, অয়মাত্মা অশনায়াদিবিনির্মুক্তঃ সাধ্বসাধুভ্যামবিকার্য্যঃ অয়ং লোকঃ ফলমভিপ্রেতম্। ন চাস্যাত্মনঃ সাধ্যসাধনাদি-সর্ব্বসংসারধর্ম্মবিনির্ম্মুক্তস্য সাধনং কিঞ্চিদেষিতব্যম্; সাধ্যস্য হি সাধনান্বেষণা ক্রিয়তে, অসাধ্যস্য সাধনান্বেষণায়াম্, জলবুদ্ধ্যা স্থল ইব তরণং কৃতং স্যাৎ, খে বা শাকুনপদান্বেষণম্। ১৮

তস্মাৎ এতমাত্মানং বিদিত্বা প্রব্রজেয়ুরেব ব্রাহ্মণাঃ, ন কর্ম্মারভেরন্নিত্যর্থঃ। যস্মাৎ পূর্ব্বে এব ব্রাহ্মণা এবং বিদ্বাংসঃ প্রজামকাময়মানাঃ, তে এবং সাধ্যসাধনসংব্যবহারং নিন্দন্তঃ 'অবিদ্বদ্বিষয়োঽয়মিতি কৃত্বা,কিং কৃতবন্ত ইত্যুচ্যতে—তে হ স্ম কিল পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায় অথ ভিক্ষাচর্য্যং চরন্তীত্যাদি ব্যাখ্যাতম্। তস্মাদাত্মানং লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি—প্রব্রজেয়ুরিত্যেষ বিধিরর্থবাদেন সঙ্গচ্ছতে; ন হি সার্থবাদস্যাস্য লোকস্তুত্যা আভিমুখ্যমুপপদ্যতে; প্রব্রজন্তীত্যস্যার্থবাদরূপো হি এতদ্ধ স্ম ইত্যাদিকৃত্তরো গ্রন্থঃ। অর্থবাদশ্চেৎ, ন অর্থবাদান্তরমপেক্ষেত; অপেক্ষতে তু 'এতদ্ধ স্ম' ইত্যাদ্যর্থবাদং 'প্রব্রজন্তি' ইত্যেতৎ। ১৯

যস্মাৎ পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজাদিকর্ম্মভ্যো নিবৃত্তাঃ প্রব্রজিতবন্ত এব, তস্মাদধুনাতনা অপি প্রব্রজন্তি প্রব্রজেয়ুঃ—ইত্যেবং সম্বধ্যমানং ন লোকস্তুত্যভিমুখং ভবিতুমর্হতি; বিজ্ঞানসমানকর্ত্তৃকত্বোপদেশাদিত্যাদিনা অবোচাম। বেদানুবচনাদিসহপাঠাচ্চ; যথা আত্মবেদনসাধনত্বেন বিহিতানাং বেদানুবচনাদীনাং যথার্থত্বমেব, নার্থবাদত্বম্, তথা তৈরেব সহ পঠিতস্য পারি-

রাজ্যস্যাত্মলোকপ্রাপ্তিসাধনত্বেন অর্থবাদত্বমযুক্তম্। ফলবিভাগোপদেশাচ্চ; "এতমেবাত্মানং লোকং বিদিত্বা" ইতি অস্যাত্মাধ্যাহাৎ লোকাদাত্মানং ফলান্তরত্বেন প্রবিভজতি, যথা—পুত্রেণৈবায়ং লোকো জয্যঃ, নান্যেন কর্ম্মণা, কর্ম্মণা পিতৃলোক ইতি। ন চ প্রব্রজন্তীত্যেতৎ প্রাপ্তবৎ লোকস্তুতিপরম্, প্রধানবচ্চার্থবাদাপেক্ষম্, সকৃচ্ছ্রুতং স্যাৎ। তস্মাদ্ ভ্রান্তিরেবৈষা—লোকস্তুতিপরমিতি। ২০

ন চানুষ্ঠেয়েন পারিব্রাজ্যেন স্তুতিরুপপদ্যতে; যদি পারিব্রাজ্যমনুষ্ঠেয়মপি সৎ অন্যস্তুত্যর্থং স্যাৎ, দর্শপূর্ণমাসাদীনামপ্যনুষ্ঠেয়ানাং স্তুত্যর্থতা স্যাৎ। ন চান্যত্র কর্ত্তব্যতা এতস্মাদ্বিষয়ান্নির্জ্ঞাতা, যত ইহ স্তুত্যর্থো ভবেৎ। যদি পুনঃ কচিৎ বিধিঃ পরিকল্প্যেত পারিব্রাজ্যস্য, স ইহৈব মুখ্যঃ, নান্যত্র সম্ভবতি। যদপি অনধিকৃতবিষয়ে পারিব্রাজ্যং পরিকল্প্যতে, তত্র বৃক্ষাত্তারোহণাদ্যপি পারিব্রাজ্যবৎ কল্প্যেত, কর্ত্তব্যত্বেন অনির্জ্ঞাতত্বাবিশেষাৎ। তস্মাৎ স্তুতিত্বগন্ধোঽপ্যত্র ন শক্যঃ কল্পয়িতুম্। ২১

যদি অয়মাত্মা লোক ইষ্যতে, কিমর্থং তৎপ্রাপ্তিসাধনত্বেন কর্ম্মাণ্যেব ন আরভেরন্, কিং পারিব্রাজ্যেন ইতি; অত্রোচ্যতে—অস্য আত্মলোকস্য কর্ম্মভিরসম্বন্ধাৎ; যমাত্মানমিচ্ছন্তঃ প্রব্রজেয়ুঃ, স আত্মা সাধনত্বেন ফলত্বেন চ উৎপাদ্যত্বাদিপ্রকারাণামন্যতমত্বেনাপি কর্ম্মভির্ন সম্বধ্যতে; তস্মাৎ 'স এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতে' ইত্যাদিলক্ষণঃ, যস্মাৎ এবংলক্ষণ আত্মা কর্ম্মফলসাধনাসম্বন্ধী সর্ব্বসংসারধর্ম্মবিলক্ষণঃ অশনায়াদ্যতীতঃ অস্থূলাদিধর্ম্মবান্ অজোঽজরোঽমরোঽমৃতোঽভয়ঃ সৈন্ধবঘনবৎ বিজ্ঞানৈকরসস্বভাবঃ স্বয়ংজ্যোতিরেক এবাদ্বয়োঽপূর্ব্বোঽনপরোঽনন্তরোঽবাহ্যঃ—ইত্যেতৎ আগমতস্তর্কতশ্চ স্থাপিতম্, বিশেষতশ্চেহ জনকযাজ্ঞবল্ক্য-সংবাদেঽস্মিন্; তস্মাদেবংলক্ষণে আত্মনি বিদিতে আত্মত্বেন, নৈব কর্ম্মারম্ভ উপপদ্যতে। তস্মাদাত্মা নির্ব্বিশেষঃ। ২২

ন হি চক্ষুষ্মান্ পথি প্রবৃত্তঃ অহনি কূপে কণ্টকে বা পততি; কৃৎস্নস্য চ কর্ম্মফলস্য বিদ্যাফলে অন্তর্ভাবাৎ। ন চাযত্নপ্রাপ্যে বস্তুনি বিদ্বান্ যত্নমাতিষ্ঠতি।

"অক্কে চেন্মধু বিন্দেত কিমর্থং পর্ব্বতং ব্রজেৎ।
ইষ্টস্যার্থস্য সম্প্রাপ্তৌ কো বিদ্বান্ যত্নমাচরেৎ॥"
"সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে॥" ইতি গীতাসু।

ইহাপি চ এতস্যৈব পরমানন্দস্য ব্রহ্মবিৎ-প্রাপ্যস্য অন্যানি ভূতানি মাত্রামুপজীবন্তীত্যুক্তম্। অতো ব্রহ্মবিদাং ন কর্ম্মারম্ভঃ। ২৩

যস্মাৎ সর্ব্বৈষণাবিনির্ম্মুক্তঃ স এষ নেতি নেত্যাত্মানম্ আত্মত্বেনোপগম্য তদ্রূপেণৈব বর্ত্ততে, তস্মাৎ এতমেবংবিদং নেতি নেত্যাত্মভূতম্, উহ এব এতে বক্ষ্যমাণে ন তরতঃ ন প্রাপ্নুতঃ—ইতি যুক্তমেবেতি বাক্যশেষঃ। কে তে, ইত্যুচ্যতে—অতঃ অস্মান্নিমিত্তাৎ শরীরধারণাদিহেতোঃ, পাপম্ অপুণ্যং কর্ম্ম অকরবং কৃতবানস্মি—কষ্টং খলু মম বৃত্তম্, অনেন পাপেন কর্ম্মণা অহং নরকং প্রতিপৎস্যে—ইতি যোঽয়ং পশ্চাৎ পাপং কর্ম্ম কৃতবতঃ পরিতাপঃ, স এনং—নেতি নেত্যাত্মভূতং ন তরতি; তথা অতঃ কল্যাণং ফলবিষয়কামান্নিমিত্তাদ্ যজ্ঞদানাদিলক্ষণং পুণ্যং শোভনং কর্ম্ম কৃতবানস্মি, অতোঽহমস্য ফলং সুখমুপভোক্ষ্যে দেহান্তরে—ইত্যেযোঽপি হর্ষঃ তং ন তরতি। উভে উ হ এব এষ ব্রহ্মবিৎ এতে কর্ম্মণী তরতি পুণ্যপাপলক্ষণে। ২৪

এবং ব্রহ্মবিদঃ সন্ন্যাসিন উভে অপি কর্ম্মণী ক্ষীয়েতে—পূর্ব্বজন্মনি কৃতে যে, তে, ইহ জন্মনি কৃতে যে, তে চ; অপূর্ব্বে চ নারভ্যেতে। কিঞ্চ, নৈনং কৃতাকৃতে—কৃতং নিত্যানুষ্ঠানম্, অকৃতং তস্যৈবাক্রিয়া, তে অপি কৃতাকৃতে এনং ন তপতঃ; অনাত্মজ্ঞ, হি কৃতং ফলদানেন, অকৃতং প্রত্যবায়োৎপাদনেন তপতঃ; অয়ন্তু ব্রহ্মবিৎ আত্মবিত্তাগ্নিনা সর্ব্বাণি কর্ম্মাণি ভস্মীকরোতি,

যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা" ইত্যাদি স্মৃতেঃ।

শরীরারম্ভকয়োস্তু উপভোগেনৈব ক্ষয়ঃ; অতো ব্রহ্মবিদ্ অকর্ম্মসম্বন্ধী ॥৩১২ ॥ ২২ ॥

টীকা। কণ্ডিকান্তরমবতারয়িতুং বৃত্তং কীর্ত্তয়তি—অহেতুকাবিত্তি। উত্তরকণ্ডিকাতাৎপর্য্যমাহ—এবমিতি। বিরজঃ পর ইত্যাদিনোক্তক্রমেণাবস্থিতে ব্রহ্মণীতি যাবৎ। তদিত্যুপবৃক্তোক্তিঃ। তদর্থা ব্রহ্মাত্মনি সর্ব্বস্য বেদস্য বিনিয়োগপ্রদর্শনার্থেতি যাবৎ। নমু বিবিদিষাবাক্যেন(৭) ব্রহ্মাত্মনি সর্ব্বস্য বেদস্য বিনিয়োগো বক্ষ্যতে, তথা চ তস্মাৎ প্রাক্তনং বাক্যং কিমর্থমিত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। যথাশিষ্যধ্যায়ে একলব্যাত্মজ্ঞানযুক্তং, তথৈব তদনুক্তেতি যোজনা। কথং তথোক্তে জ্ঞানে সর্ব্বো বেদো বিনিযোক্তুং শক্যতে, বর্ণকামাদিবাক্যস্য বর্ণাদাবেব পর্য্যবসানাদিত্যাশঙ্ক্য সংযোগপৃথক্ত্বন্যায়মাবৃত্ত্য বিনিযুক্ত—কাম্যত্বাশীতি। উক্তস্য সকলস্যাত্মজ্ঞানস্যানুবাদ ইতি যাবৎ। উক্তানাং ভূয়স্ত্বে বিশেষং জ্ঞাতুং পৃচ্ছতি—কোঽস্যাবিত্তি। বিশেষণানর্থক্যাশঙ্ক্য পরিহরতি—অত্তীতেতি।

তং হি বিরজঃ পর ইত্যাদি, তেনোক্তো যো মহত্ত্বাদিবিশেষণঃ পরমাত্মা, তত্র সশব্দাৎ প্রতীতিঃ মাভূদিতি কৃত্বা তেন জ্যোতির্ব্রাহ্মণস্থং জীবং পরামৃশ্য তমেব বৈশব্দেন স্মারয়িত্বা তস্য সমীহিতেন পরেণাত্মনৈক্যমেবশব্দেন নির্দিশতীত্যর্থঃ । বিশেষণবাক্যদ্বয়মেবং বং প্রশ্নপূর্ব্বকং ব্যাচষ্টে—কতম ইতি । কথং জীবো বিজ্ঞানময়ঃ, কথং বা প্রাণেষ্বিতি সপ্তমী প্রযুজ্যতে, তত্রাহ—উক্তেতি । তদনুবাদস্য সশব্দার্থসন্দেহাপোহং ফলমাহ—সংশয়েতি । উক্ত-বাক্যোল্লিঙ্গনমিত্যুক্তং বিবৃণোতি—উক্তং হীতি । ১

যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু প্রাগুক্তঃ, স এব মহানজ আত্মেতি জীবানুবাদেন পরমাত্ম-ভাবো বিহিত ইতি বাক্যার্থমাহ—এতদিতি । পরমাত্মভাবাপাদনপ্রকারমনুবদতি—আত্মাদিতি । বিশেষণবাক্যস্য ব্যাখ্যেয়ত্বপ্রাপ্তাবুক্তবাক্যোল্লিঙ্গনমিত্যত্রোক্তং স্মারয়তি—যোঽয়মিতি । বাক্যান্তরমবতার্য্য ব্যাচষ্টে—য এষ ইতি । কথং পুনরাকাশশব্দস্য পরমাত্মবিষয়ত্বমুপেত্য দ্বিতীয়ং ব্যাখ্যানং তস্যার্থান্তরে রূঢ়ত্বাদিত্যাশঙ্ক্যাহ—চতুর্থ ইতি ।২

ইত্থমুক্তং জ্ঞানমনূদ্য তৎফলমনুবদতি—স চেত্যাদিনা । কথং পুনর্নিরূপাধিকস্যৈশ্বর্য্যস্য বশিত্বং, কথং চ তদভাবে তদাত্মনো বিদুষস্তদুপপদ্যতে, তত্রাহ—উক্তং চেতি । বিশেষণত্রয়স্য হেতুহেতুমদ্রূপত্বমেব বিশদয়তি—যস্মাদিত্যাদিনা । তত্র প্রসিদ্ধিং প্রমাণয়তি—যো হীতি ।৩

ন কেবলমুক্তমেব বিদ্যাফলং, কিংত্বন্যচ্চাস্তীত্যাহ—কিংচেতি । এবংভূতমেবং জ্ঞাতপরমাত্মাভিন্নম্ । পরিশুদ্ধত্বমর্থমনুবদতি—স্বদীতি । ব্রহ্মভূতস্য বিদুষঃ শাস্ত্রীয়াদিবদ্ধর্ম্মাধর্ম্মাস্পর্শিত্বমপি ফলমিত্যর্থঃ । অধিষ্ঠানাদিকর্তৃত্বাদ্বিদুষোঽপি লৌকিকবদ্ধর্ম্মাদিসংবন্ধিত্বং স্যাদিতি শঙ্কতে—সর্ব্বো হীতি । পরতন্ত্রত্ব-রূপাবিদ্যেতি পরিহরতি—উচ্যত ইতি । সর্ব্বাধিপত্যরাহিত্যং চোপাধিরিত্যাহ—কিংচেতি । ৪

সর্ব্বপালকত্বরাহিত্যং চোপাধিরিত্যাহ—এষ ইতি । সর্ব্বাধারত্বং চোপাধিরিত্যাহ—এষ ইতি । কথং বিধারয়িতৃত্বমিত্যাশঙ্ক্যাহ—তদাহেতি । তদেব সাধয়তি—পরমেশ্বরেণেতি । সর্ব্বস্য বশীত্যাদিনোক্তমুপসংহরতি—এবংবিদিতি । ৫

সফলং জ্ঞানমনূদ্য বিবিদিষাবাক্যমবতারয়তি—কিংত্বেতি । এবংফলায়াং সর্ব্বস্য বশীত্যাদিনোক্তফলোপেতায়ামিতি যাবৎ । তাদর্থ্যেন পরম্পরয়া জ্ঞানোৎপত্তিশেষত্বেনেত্যর্থঃ । বিনিয়োজকং বাক্যমাকাঙ্ক্ষাপূর্ব্বকমাদায় ব্যাচষ্টে—তৎকথমিত্যাদিনা । এবংভূতং শ্লোকোক্তবিশেষণমিত্যর্থঃ । ব্রাহ্মণশব্দস্য ক্ষত্রিয়াদ্যুপলক্ষণত্বে হেতুমাহ—অবিশিষ্টো হীতি । সন্ন্যাসিতং পক্ষান্তরমাহ—অথবেতি । তেন বিবিদিষাপ্রকারং প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কথমিত্যাদিনা ।৬

তর্কপ্রশস্তপ্রমাণমুত্থাপ্য প্রত্যাচষ্টে—যে পুনরিত্যাদিনা । তত্র হেতুমাহ—ন হীতি । তদ্গুণবিধ্যর্থগ্রহণমিত্যাশঙ্ক্য বেদো বা অনূদ্যতে তত্রাজ্ঞানানন্তরং

পঠিত ইতি বৃহৎপদেবেদৈর্বেদানুবচনশব্দেন সর্ববেদগ্রহে সম্ভবতি তদেকদেশত্যাগো ন যুক্ত ইত্যাহ—বেদেতি। দোষমাশঙ্ক্যাপবদতে—মন্ত্রেতি। নিয়মাদেঃ পূর্ব্বপক্ষিমতং বর্জ্জয়িত্বা বেদানুবচনশব্দেন কর্ম্মকাণ্ডং গৃহীতমিতি কৃত্বা তত্র বেদৈকদেশবিষয়ত্বং স্যাৎ, তত্রাহ—

"যত্রোভয়োঃ সমো দোষঃ পরিহারোঽপি বা সমঃ।
নৈকঃ পর্য্যনুযোক্তব্যস্তাদৃগর্থবিচারণে॥"

ইতি ন্যায়বিরোধ ইত্যর্থঃ। নিত্যস্বাধ্যায়ো বেদানুবচনমিতি পক্ষমাদায় পরিহরতি—সেত্যাদিনা। বেদৈকদেশপরিগ্রহপরিত্যাগাভ্যামবিরোধাভাবং সাধয়তি—যদেতি। ৭

তর্হি ব্যাখ্যানান্তরমুপেক্ষিতমিত্যাশঙ্ক্য তদপি বাক্যদোষবশাদুপেক্ষিতমেবেত্যাহ—যজ্ঞাদীতি। সংগ্রহবাক্যং বিবৃণোতি—যজ্ঞাদীনি কর্ম্মাণীতি। তর্হি প্রথমব্যাখ্যানে কথং বাক্যশেষোপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—কর্ম্ম হীতি। বেদানুবচনাদীনামাত্মবিবিদিষা-সাধনত্বমাক্ষিপতি—কথমিতি। উপনিষদ্ভিরেবাত্মা বেদ্যস্তৈরপি জ্ঞাতত্বমিত্যাশঙ্ক্যাহ—নৈবেতি। কর্ম্মণাম প্রমাণত্বেঽপি পরম্পরয়া জ্ঞানহেতুত্বাৎ বিবিদিষাশ্রুতিরবিরুদ্ধেতি সমাধত্তে—নৈষ দোষ ইতি। তদেব স্ফুটয়তি—কর্ম্মভিরিতি। তত্র শ্রুত্যন্তরং প্রমাণয়তি—তথা হীতি। ততো নিত্যানুষ্ঠানাদ্বিশুদ্ধবীয়াত্মানং সদা চিন্তয়ন্ প্রতি-বদিতুং পশুতীত্যর্থঃ। আদিশব্দেন কষায়পক্তিরিত্যাদিস্মৃতিসংগ্রহঃ। ৮

নিত্যকর্ম্মণাং সংস্কারার্থত্বে প্রমাণং পৃচ্ছতি—কথমিতি। যদ্যপি শ্রুতিস্মৃতিভ্যাং কর্ম্মভিঃ সংস্কৃতস্যোপনিষদ্ভিরাত্মা জ্ঞাতুং শক্যতে, তথাপি তেষাং সংস্কারার্থত্বে কিং প্রমাণমিতি প্রশ্নে শ্রুতিস্মৃতী প্রমাণয়তি—স হ বা ইত্যাদিনা। কিং পুনঃ স্মৃতিশাস্ত্রং, তত্রাহ—অষ্টাচত্বারিংশদিতি। অষ্টাবনারাসাদয়ো গুণাশ্চত্বারিংশদ্গর্ভাধানাদয়ঃ সংস্কারা ইতি বিভাগঃ। বহুবচনোপাত্তং স্মৃত্যন্তরমাহ—গীতাস্থ চেতি। পদান্তরমাদায় ব্যাচষ্টে—যজ্ঞেনেতীতি। তেষাং সংস্কারার্থত্বেঽপি কথং জ্ঞানসাধনত্বমিত্যাশঙ্ক্যাহ—সংস্কৃতস্যেতি। দানেন বিবিদিষন্তীতি পূর্ব্বেণ সংবন্ধঃ। কথং পুনঃ স্বতন্ত্রং দানং বিবিদিষাকারণমত আহ—দানমপীতি। বিবিদিষাহেতুরিতি শেষঃ। তমসেত্যত্রাপি পূর্ব্ববদন্বয়ঃ। কামানশনং রাগদ্বেষরহিতৈরিন্দ্রিয়ৈর্বিষয়সেবনং যদৃচ্ছালাভসন্তুষ্টত্বমিতি যাবৎ। যথাশ্রুতার্থত্বে কা হানিরিত্যাশঙ্ক্যাহ—ন ত্বিতি। ৯

তত্তু উপাত্তানাং বেদানুবচনাদীনামবিদ্যমানে জ্ঞানে বিনিয়োগস্তথাপি কৃৎস্নং সর্ব্বং নিত্যং কর্ম তত্র বিনিযুক্তমিত্যাশঙ্ক্যাহ—বেদানুবচনেতি। উপলক্ষণফলমাহ—এবমিতি। প্রণাড্যা কর্ম্মণো মুক্তিহেতুত্বে কাণ্ডদ্বয়স্যৈকবাক্যত্বমপি সিদ্ধমিত্যাহ—এবং কর্ম্মেতি। বাক্যান্তরমবতার্য্য ব্যাকরোতি—এবমিতি। তস্যৈবার্থমাহ—যথোক্তেনেতি। যজ্ঞানুষ্ঠানাদিশুদ্ধিদ্বারা বিবিদিষোৎপত্তৌ গুরূপাদোপসর্পণং শ্রবণাদি চেত্যনেন ক্রমেণেত্যর্থঃ। যথাপ্রকাশিতং লোকপ্রকরণে মন্ত্রব্রাহ্মণাভ্যামুক্তলক্ষণমিত্যর্থঃ। যোগি-শব্দো জীবন্মুক্তবিষয়ঃ। এবকারং ব্যাকরোতি—এতমেবেতি। ১০

অবধারণমাক্ষিপ্য সমাধত্তে—নন্বিত্যাদিনা। এবকারস্তর্হি ত্যাজ্যতামিত্যাশঙ্ক্যাহ—

কিংস্বিদিতি। আত্মবেদনেঽপি কর্ম্মিবৎ তাদিতি চেন্নেত্যাহ—এবং বিদিতি। কথমাত্ম-বিদোঽপি মুনিত্বমসাধারণং, তদাহ—এতম্মাত্মন্তি। ইতস্তাত্মবিদো ন কর্ম্মিত্বমিত্যাহ—কিংচেতি। আত্মলোকমিচ্ছতাং মুমুক্ষূণামপি কর্ম্মত্যাগশ্রবণাদাত্মবিদাং ন কর্ম্মিতেতি কিং বক্তব্যমিত্যর্থঃ। তাচ্ছীল্যং বৈরাগ্যাতিশয়শালিত্বম্। ১১

অবধারণসামর্থ্যসিদ্ধমর্থমাহ—এতমেবেতি। পারিব্রাজ্যে লোকত্রয়ার্থিনামনধি-কারে দৃষ্টান্তমাহ—ন হীতি। লোকত্রয়ার্থিনশ্চেৎ পারিব্রাজ্যে নাধিক্রিয়ন্তে, কুত্র তর্হি তেষামধিকারস্তত্রাহ—তস্মাদিতি। স্বর্গকামস্য স্বর্গসাধনে যাগেঽধিকারবল্লো-কত্রয়ার্থিনামপি তৎসাধনে পুত্রাদাবধিকার ইত্যর্থঃ। পুত্রাদীনাং বাহ্যলোকসাধনত্বে প্রমাণমাহ—পুত্রেণেতি। পুত্রাদীনাং লোকত্রয়সাধনত্বে সিদ্ধে ফলিতমাহ—অত ইতি। অতৎসাধনত্বং লোকত্রয়ং প্রত্যনুপায়ত্বম্। অবধারণার্থমুপসংহরতি—তস্মা-দিতি। লোকত্রয়ার্থিনাং পরিব্রাজ্যেঽনধিকারাদিতি যাবৎ। আত্মলোকস্য স্বরূপত্বেন সদাপ্তত্বাৎ কথং তত্রেচ্ছেত্যাশঙ্ক্যাহ—আত্মেতি। তস্যাত্মত্বেন নিত্যপ্রাপ্তত্বেঽপ্য-বিদ্যয়া ব্যবহিতত্বাৎ প্রেপ্সা সংভবতীতি ভাবঃ।

তথাত্মলোকপ্রেপ্সা, তথাপি কিং তৎপ্রাপ্তিসাধনং, তদাহ—তস্মাদিতি। অবিদ্যাবশাৎ তদীপ্সাসংভবাদিত্যর্থঃ। তদিচ্ছায়া দৌর্লভ্যং দ্যোতয়িতুং চেচ্ছব্দঃ। মুখ্যং কৃত্যান্তরপ্রতিপন্নত্বম্। প্রণাড়িকাসাধনেভ্যো বেদানুবচনাদিভ্যো বিশেষমাহ—অন্তরঙ্গমিতি। পারিব্রাজ্যমেবাত্মলোকস্যান্তরঙ্গসাধনমিতি দৃষ্টান্তমাহ—যথেতি। তথা পারিব্রাজ্যমেবাত্মলোকস্য সাধনমিতি শেষঃ। পারিব্রাজ্যমেবেতি নিয়মে হেতুমাহ—পুত্রাদীতি। তস্যাত্র বিনিযুক্তত্বাদিতি শেষঃ। যদ্যপি কেবলং পুত্রাদিকং নাত্মলোকপ্রাপকং, তথাপি পারিব্রাজ্যসমুচ্চিতং তথা স্যাদিত্যাশঙ্ক্যাহ—অসংভবেনেতি। ন হি পরিব্রাজকস্য পুত্রাদি, তদভাবো বা পারিব্রাজ্যং সংভবতি। উক্তং চ সমুচ্চয়ং নিরাকুর্ব্বদ্ভিঃ সপরিকরস্য জ্ঞানস্য কর্ম্মাদিনা বিরুদ্ধত্বং, তেন কুতঃ সমুচ্চিতং পুত্রাদ্যাত্মলোকপ্রাপকমিত্যর্থঃ।১২

সাধনান্তরাসংভবে ফলিতমুপসংহরতি—তস্মাদাত্মানমিতি। প্রব্রজন্তীতি বর্ত-মানাপদেশান্নাত্রবিধিরস্তীত্যাশঙ্ক্যাগ্নিহোত্রং জুহোতীতিবদ্বিধিমাশ্রিত্যাহ—যথা চেতি। ১৩

পারিব্রাজ্যবিধিযুক্ত্যা তদপেক্ষিতমর্থবাদমাকাঙ্ক্ষাপূর্ব্বকমুত্থাপয়তি—কুতঃ পুনরিতি। উত্থাপিতস্যার্থবাদস্য তাৎপর্য্যমাহ—অত্রেতি। আত্মলোকার্থিনাং পারিব্রাজ্যনিয়মঃ সত্যার্থঃ। অর্থবাদস্থাক্ষরাণি ব্যাচষ্টে—তদেতদিতি। ক্রিয়াপদেন সেতি সংবধ্যতে। নিপাতস্যার্থমাহ—কিলেতি। প্রজাং ন কাময়ন্ত ইত্যুত্তরত্র সংবন্ধঃ। প্রজাযাত্রে কৃতে কথং কর্ম্মাদি গৃহ্যতে, তত্রাহ—প্রজেতি। আকাঙ্ক্ষাপূর্ব্বকমক্ষর-ব্যাচষ্টে—প্রজয়া কিমিতি। অকাময়মানত্বস্য পর্য্যবসানং দর্শয়তি—পুত্রাদীতি। ১৪

পূর্ব্বে বিদ্বাংসঃ সাধনত্রয়ং নাদ্রিয়ন্তেত্যুক্তমাক্ষিপতি—নন্বিতি। এষণাভ্যো ব্যুত্থিতানাং কিং তদনুষ্ঠানেনেত্যাশঙ্ক্যাহ—[illegible]। আত্মবিদামপরবিদ্যানুষ্ঠানং দূষয়তি—

নাপবাদাদিতি। অথাত্র সর্ব্বত্রাত্মনো দর্শনমেবাপোদ্যতে, ন স্বপরস্য ব্রহ্মণো দর্শনমত আহ—অপরব্রহ্মণোঽপীতি। তদপবাদে শ্রুত্যন্তরমাহ—যত্রেতি। যস্মিন্ ভূম্নি স্থিতশ্চক্ষুরাদিভিরন্যৎ ন পশ্যতি ন শৃণোতীত্যাদিনা চ দর্শনাদিব্যবহারস্য বারিতত্বাদাত্মবিদো ন যুক্তমপরব্রহ্মদর্শনমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমাহ—পূর্ব্বেণেতি। প্রতিষেধপ্রকারমভিনয়তি—অপূর্ব্বমিতি। ইতশ্চাত্মবিদাং নাপরব্রহ্মদর্শনমিত্যাহ—তৎ কেনেতি। অপরব্রহ্মদর্শনাসংভবে কিং তেষামেষণাভ্যো ব্যুত্থানে কারণমিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। ১৫

সাধনত্রয়মনুতিষ্ঠতামবতিপ্রায়ং প্রশ্নপূর্ব্বকমাহ—কঃ পুনরিত্যাদিনা। কৈবল্যমেব তৎসাধ্যং ফলমিত্যাশঙ্ক্যাহ—প্রজয়া হীতি। নিষ্কৃতা সোঽয়মিত্যাদিশ্রুতাবিতি শেষঃ। স এব তর্হি প্রজয়া সাধ্যতামিতি চেন্নেত্যাহ—ন চেতি। আত্মব্যতিরিক্তো নাস্তীত্যুক্তমুপপাদয়তি—সর্ব্বং হীতি। আত্মব্যতিরিক্তস্যৈব লোকস্য প্রজাদিসাধ্যত্বমিষ্যতামিতি চেন্নেত্যাহ—আত্মা চেতি। ১৬

আত্মযাজিনঃ সংস্কারার্থং কর্ম্মেত্যঙ্গীকারাদাত্মনোঽপি সংস্কার্য্যত্বমিত্যাশঙ্ক্যাহ—যদপীতি। অথাত্মাজিত্বং সংস্কার্য্যত্বং চ ব্যুত্থায়দর্শনবিষয়মেব কিং নেষ্যতে. তত্রাহ—ন হীতি। আত্মবিদাং প্রজাদিসাধ্যাভাবমুপসংহরতি—তস্মাদেতি। কেষাং তর্হি প্রজাদিভিঃ সাধ্যং ফলং, তদাহ—অবিদুষাং হীতি। কেষাংচিৎ পুত্রাদিষু প্রবৃত্তিশ্চেত্তেনৈব ন্যায়েন বিদুষামপি তেষু প্রবৃত্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। তত্র প্রবৃত্তিরিতি সংবন্ধঃ। অবিদ্যাদর্শনবিষয় ইতি চ্ছেদঃ। ১৭

উক্তেঽর্থে বাক্যমবতার্য্য ব্যাচষ্টে—তদেতদিতি। আত্মা চেত্তদভিপ্রেতং ফলং তর্হি তত্র সাধনেন ভবিতব্যমিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। ক তর্হি সাধনমেষ্টব্যমিত্যাশঙ্ক্যাহ—সাধ্যস্যেতি। বিপক্ষে দোষমাহ—অসাধ্যস্যেতি। ১৮

যেষামিত্যাদিবাক্যার্থমুপসংহরতি—তস্মাদিতি। ব্রাহ্মণানাং ব্রহ্মবিদাং প্রজাদিভিঃ সাধ্যাভাবাদিতি যাবৎ। বাক্যান্তরং প্রশ্নদ্বারেণাবতার্য্য পাক্ষিকং ব্যাখ্যানং তস্য স্মারয়তি—ত এবমিত্যাদিনা। যদর্থোঽয়মর্থবাদস্তং বিধিং দর্শয়তি—তস্মাদিতি। মহানুভাবোঽয়মাত্মলোকো যত্তদর্থিনো [illegible] পারিব্রাজ্যং কুর্ব্বন্তীতি স্তুতিরত্র বিবক্ষিতা ন বিধিরিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। তদেব প্রপঞ্চয়তি—প্রব্রজন্তীত্যস্যেতি। তথাপি প্রব্রজন্তীতিবাক্যার্থবাদত্বং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—অর্থবাদশ্চেদিতি। ১৯

অপেক্ষাপ্রকারমেব প্রকটয়ন্ স্তুত্যভিমুখত্বাভাবাদ্বিধিত্বমেবেত্যাহ—যস্মাদিতি। কিঞ্চ বিবিদিষা ব্যুত্থায় ভিক্ষাচর্য্যং চরন্তীত্যত্র বিজ্ঞানেন সমানকর্ত্তৃকত্বং ব্যুত্থানাদেরবগম্যতে; বিজ্ঞানং চ সর্ব্বাশ্রমিষু সংসু বিধীয়তেঽতো ব্যুত্থানমপি বিধিমর্হতীত্যুক্তং, তথা চাত্রাপি ব্যুত্থানাপরপর্য্যায়ং পারিব্রাজ্যং বিধেয়মিত্যাহ—বিজ্ঞানেনেতি। ইতশ্চ পারিব্রাজ্যমর্থবাদো ন ভবতীত্যাহ—বেদেতি। তদেব সাধয়তি—যদ্বেত্যাদিনা। পারিব্রাজ্যস্য বিধেয়ত্বে হেত্বন্তরমাহ—ফলত্বেতি। পুত্রাদিফলাদুৎকৃষ্টা পারিব্রাজ্যফলা

বিভাগেনোপদিশ্যতে, তথাচ ফলবত্ত্বাৎ পুত্রাদিবৎ পারিব্রাজ্যস্য বিধেয়ত্বসিদ্ধিরিত্যর্থঃ। তমেব বিদিত্বেতি—এতমেবেতি। প্রকৃতমাত্মানং স্বং লোকমাপাততো বিদিত্বা তমেব সাক্ষাৎকর্ত্তুমিচ্ছন্তঃ প্রব্রজন্তীতি বচনাৎ পুত্রাদিসাধ্যামনুষ্যাদিলোকাদাত্মাখ্যং লোকং পারিব্রাজ্যস্য ফলান্তরত্বেন যতঃ শ্রুতির্বিভজ্যাভিদধাতি, অতস্তস্য বিধেয়ত্বমপ্রত্যূহমিত্যর্থঃ। ফলবিভাগোপদেশে দৃষ্টান্তমাহ—যথেতি। তথা পারিব্রাজ্যেঽপি ফলবিভাগোক্তে র্বিধেয়তেতি দার্ষ্টান্তিকমিতিশব্দার্থঃ। পারিব্রাজ্যস্য স্তুতিপরত্বাভাবে হেত্বন্তরমাহ—ন চেতি। যথা বায়ুর্বৈ ক্ষেপিষ্ঠেত্যাদিরর্থবাদঃ প্রাপ্তার্থঃ দেবতাদিস্তুত্যর্থঃ স্থিতো ন তথেদং স্তুতিপরং, তদবদ্যোতিশব্দাভাবাদিত্যর্থঃ। কিঞ্চ প্রধানস্য দর্শপূর্ণমাসাদেরর্থবাদাপেক্ষাবৎ পারিব্রাজ্যমপি তদপেক্ষমুপলভ্যতে, তেন তস্য দর্শাদিবদ্বিধেয়ত্বং দুর্ব্বারমিত্যাহ—প্রধানবচ্চেতি। কিঞ্চ পারিব্রাজ্যং সকৃদেব শ্রুতং চেদবিবক্ষিতমস্য স্তুতিপরং স্যাৎ, ন চেদং সকৃদেব শ্রূয়তে, প্রব্রজন্তীত্যুপক্রম্য প্রজাং ন কাময়ন্তে ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তীত্যাভ্যাসাদতোঽপি ন স্তুতিমাত্রমেতদিত্যাহ—অসকৃদিতি। ন চেত্যত্রাপি সংবধ্যতে, কথং তর্হি পারিব্রাজ্যস্য স্তুতিপরত্বপ্রতীতিস্তত্রাহ—তস্মাদিতি। ২০

অস্তু তর্হি বিধেয়মপি পারিব্রাজ্যং স্তাবকমপীতি চেন্নেত্যাহ—ন চেতি। বিপক্ষে দোষমাহ—যদীতি। অথ পারিব্রাজ্যং যজ্ঞাদিবদন্যত্র বিধীয়তামিহ তু স্তুতিরেবেত্যাশঙ্ক্যাহ—ন চান্যত্রেতি। আত্মজ্ঞানাধিকারাদন্যত্র পারিব্রাজ্যবিধ্যনুপলম্ভাদিত্যর্থঃ। অন্যত্র বিধ্যনুপলম্ভং সমর্থয়তে—যদীত্যাদিনা। অন্যত্র প্রক্রিয়ায়ামিতি যাবৎ। কর্ম্মাধিকারে তত্ত্যাগবিধের্বিরুদ্ধত্বাদিতি ভাবঃ। তথাপি পারিব্রাজ্যে বিধিস্তথাপি সর্ব্বকর্ম্মানধিকৃতবিষয়ঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—যদপীতি। তত্র কর্ম্মানধিকৃতে পুংসীত্যেতৎ। তত্র হেতুমাহ—কর্ত্তব্যত্বেনেতি। কর্ম্মানধিকৃতেন কর্ত্তব্যতয়া জ্ঞাতত্বং বৃক্ষারোহণাদাবিব পারিব্রাজ্যেঽপি নাস্তি, তথা চানধিকৃতবিষয়ে পারিব্রাজ্যং কল্প্যতে চেত্তস্মিন্বিষয়ে বৃক্ষারোহণাদ্যপি কল্প্যেতাবিশেষাদিত্যর্থঃ। পারিব্রাজ্যস্যাধিকৃতবিষয়ত্বে বিধেয়ত্বে চ সিদ্ধে ফলিতমাহ—তস্মাদিতি। ২১

সার্থবাদং পারিব্রাজ্যং ব্যাখ্যায় স এষ ইত্যাদি ব্যাকর্ত্তুং শঙ্কয়তি—যদীতি। পরিহরতি—অত্রেতি। তদর্থিনো নারভন্তে কর্ম্মাণীতি শেষঃ। কর্ম্মভিরসংবদ্ধমাত্মলোকস্য সাধয়তি—যমাত্মানমিতি। কর্ম্মাসংবন্ধে নিষ্প্রপঞ্চত্বং ফলতীত্যাহ—তস্মাদিতি। ২২

আত্মনো নিষ্প্রপঞ্চত্বেঽপি কথং তদর্থিনাং পারিব্রাজ্যসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। নির্বিশেষত্বস্য তত্র বাক্যে দর্শিতত্বরূপোঽয়মাত্মেত্যেতদাগমোপপত্তিভ্যাং যথা পূর্ব্বত্র স্থাপিতং, তথৈবাত্রাপি ব্রাহ্মণদ্বয়ে বিশেষতো যস্মান্নির্ণীতং, তস্মাদাত্মাত্মাপাততো জ্ঞাতে কর্ম্মানুষ্ঠানমিত্যত্র দৃষ্টান্তমাহ—ন হীতি। ব্রহ্মজ্ঞানফলস্য সর্ব্বকর্ম্মফলান্তর্ভাবাচ্চ তদর্থিনো মুমুক্ষোর্ন কর্ত্তব্যং কর্ম্মেত্যাহ—তৎফলস্যেতি। তথাপি নিত্যানি কর্ম্মাণীতি বিবেকো কুতূহলবশাদনুষ্ঠাতব্যানীত্যাশঙ্ক্যাহ—ন চেতি। তত্র লৌকিকং ন্যায়ং দর্শয়তি—অর্কে চেদিতি। পুরোদেশে মধু লভেত চেদিতি

যাবৎ। জ্ঞানফলে কর্ম্মফলাবর্ত্তাবে বাদমাহ—অর্দ্ধমিতি। অখিলং সমগ্রালোপে-ত্যর্থঃ। তত্রৈব শ্রুতিং সংবাদয়তি ইহাপীতি। নিষেধবাক্যতাৎপর্য্যমুপ-সংহরতি—অত ইতি। ২৩

এতমিত্যাদি বাক্যং যোজয়তি—যস্মাদিতি। উ হেতি নিপাতাভ্যাং সূচিতোঽর্থো যস্মাদিত্যনুভাষিতঃ। ইতিশব্দস্যাপেক্ষিতং পূরয়তি—বুক্তমিতি। আকাঙ্ক্ষাপূর্ব্ব-কমুত্তরবাক্যমবতার্য্য ব্যাকরোতি—কে তে ইত্যাদিনা। যথোক্তাত্মবিদস্তাপদ্বয়া-সংস্পর্শে হেতুমাহ—উক্তে ইতি। ২৪

পুণ্যাপাপে তরতীত্যুক্তে পৃথগবস্থানং তয়োঃ শক্যতে, তন্নিরস্যতি—এবমিতি। নিষেধবাক্যোক্তক্রমেণেতি যাবৎ। ইতশ্চাত্মবিদো ধর্ম্মাদিসংবন্ধো নাস্তীত্যাহ—কিঞ্চেতি। তদেবানন্তরবাক্যব্যাখ্যানেন স্ফোরয়তি—নৈনমিতি। তয়োর্ত্তর্হি কুত্র তাপকত্বং, তদাহ—অনাত্মজ্ঞং হীতি। পুরুষধাহ্রক্ষবিদুষ্যপি কৃতাকৃতয়োস্তাপকত্বং স্যাদিত্যাশঙ্ক্যাহ—অয়ং ত্বিতি। অত্র ভগবদ্বাক্যং প্রমাণয়তি—যথেতি। যদ্যপি পূর্ব্বোত্তরয়োর্দ্ধর্ম্ময়োরনারব্ধয়োরাত্মবিদ্যাবশাদ্বিনাশোঽবোৎ, তথাপি প্রারব্ধয়োরস্তি তয়োস্তাপ-কত্বমিত্যাশঙ্ক্যাহ—শরীরেতি। প্রকৃতং বিদ্যাফলমুপসংহরতি—অত ইতি। কর্ম্মকার্য্যাসংবন্ধাদিতি যাবৎ। ৩।২।২২

ভাষ্যানুবাদ। ইতঃ পূর্ব্বে মন্ত্র ও ব্রাহ্মণবাক্যে বন্ধ, মোক্ষ ও তদুভয়ের হেতু কথিত হইয়াছে; তাহার পর শ্লোকাকার বাক্যেও মোক্ষের স্বরূপ বিস্তৃতভাবে বর্ণিত হইয়াছে; অতঃপর, সমস্ত বেদশাস্ত্রই এই আত্মবিষয়ে যেরূপে উপযুক্ত বা অনুকূল হইতে পারে, এখন সেইরূপেই তাহা বলা আবশ্যক; এই উদ্দেশ্যে পরবর্ত্তী কণ্ডিকা (শ্রুতি) আরব্ধ হইতেছে। এই প্রপাঠকে (অধ্যায়ে) উক্ত আত্মজ্ঞান ও তাহার ফল যে প্রকারে অভিহিত হইয়াছে, ঠিক তাহারই তদনুরূপে অনুবাদ বা পুনরুল্লেখ করা হইতেছে মাত্র। কাম্য কর্ম্মপ্রতিপাদক বেদরাশি ভিন্ন সমস্ত বেদেরই যে, এই আত্মবিষয়ে উপযোগিতা বা তাৎপর্য্য, তাহা বুঝাইবার নিমিত্ত পূর্ব্বোক্ত 'স বা এষঃ' ইত্যাদি বাক্যের এখানে অনুবাদ করা হইতেছে। 'সঃ' শব্দটী পূর্ব্বকথিত বিষয়ের পরামর্শদ্যোতক; 'সঃ' শব্দে পূর্ব্বোক্ত কোন বিষয়ের পরামর্শ করা হইতেছে? তাহা বুঝাইবার জন্য 'য এষ বিজ্ঞানময়ঃ' বলিয়া সেই পূর্ব্বোক্ত আত্মার পুনরুল্লেখ করা হইতেছে। পাছে অব্যবহিত পূর্ব্ববর্ত্তী 'য এষ বিরজঃ' ইত্যাদি বাক্যোক্ত বিষয়ের সহিত সম্বন্ধ-শঙ্কা হইতে পারে, তন্নিরাকরণার্থ বলিলেন—'য এষঃ', 'এষঃ' পদের অর্থ—কোনটী,

তাহা বুঝাইবার জন্য বলিতেছেন—'বিজ্ঞানময়ঃ প্রাণেষু' (প্রাণের মধ্যে যিনি বিজ্ঞানময়); এখানকার 'য এষঃ' কথায় পূর্ব্বোক্ত আত্মার গ্রহণ, কিংবা অপর কোন আত্মার গ্রহণ, সেই আশঙ্কা অপনয়নের নিমিত্ত এখানে কথিতের পুনরুল্লেখ করা ('বিজ্ঞানময়ঃ' বলা) আবশ্যক হইয়াছে। জনক মহারাজ যাজ্ঞবল্ক্যের নিকট যখন প্রশ্ন করেন, তখন প্রথমেই উক্ত হইয়াছে যে, আত্মা কোনটী? না, প্রাণের (ইন্দ্রিয়বর্গের) মধ্যে এই যাহা বিজ্ঞানময় ইত্যাদি। ১

অভিপ্রায় এই যে, 'বিজ্ঞানময়ঃ প্রাণেষু' ইত্যাদি বাক্যে স্বয়ং-জ্যোতিঃস্বরূপ যে আত্মা প্রতিপাদিত হইয়াছে, এখানে কাম, কর্ম্ম ও অবিদ্যার অনাত্মধর্ম্মত্ব প্রতিপাদন দ্বারা, তাহাকেই, মোক্ষপদে উন্নীত—পরমাত্মস্বভাব সম্পন্ন করাণ হইয়াছে; সুতরাং এই আত্মা বস্তুতঃ পরমাত্মাই বটে, তাহা হইতে ভিন্ন অন্য কিছু নহে। 'এষ সঃ' কথায় সেই মহান্ অজ আত্মারই নির্দ্দেশ করা হইয়াছে। এখানকার 'যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু' কথায় ব্যাখ্যা [পূর্ব্বে জনকের প্রশ্নাবসরে] যেরূপ করা হইয়াছে, এখানেও ঠিক সেইরূপ ব্যাখ্যাই বুঝিতে হইবে। এই যে, অন্তঃকরণে—হৃৎপদ্মের মধ্যে বিদ্যমান আকাশ—যাহাকে আশ্রয় করিয়া বুদ্ধিবিজ্ঞান বা বুদ্ধিবৃত্তি প্রকাশ পাইয়া থাকে, এবং যাহা বুদ্ধিবৃত্তি সহকারে সেই আকাশে অবস্থান করে; অথবা সুষুপ্তিসময়ে হৃদয়াভ্যন্তরস্থ এই যে আকাশ—বিজ্ঞানময় আত্মার (জীবের প্রকৃতস্বরূপ) পরমাত্মা, যাহা জীবের স্বাভাবিক রূপ, সেই আকাশনামক পরমাত্মাতে শয়ন করে (অবস্থান করে)। অতীত চতুর্থ শ্রুতিতে "ক এষ তদাভূৎ" (এই বিজ্ঞানময় আত্মা তখন কোথায় ছিল?) এই প্রশ্নের উত্তর স্থলে এই বিষয় ব্যাখ্যাত হইয়াছে। ২

সেই পূর্ব্বকথিত আত্মাই সকলের ব্রহ্মা, ইন্দ্র প্রভৃতির বশী, অর্থাৎ তাঁহারা সকলে ইহার বশে থাকে। পূর্ব্বে 'এই অক্ষর ব্রহ্মের শাসনে [সূর্য্য ও চন্দ্র প্রভৃতি নিয়মিত আছে], ইত্যাদি স্থলে এ কথা উক্ত হইয়াছে। তিনি কেবল যে বশী, তাহা নহে, পরন্তু সকলের—ব্রহ্মা ও ইন্দ্র প্রভৃতিরও ঈশান—শাসনকর্ত্তা, বা ঈশ্বর। শাসনক্ষমতা কখন কখন জন্মগতও হইয়া থাকে, যেমন বহুশালী ভৃত্যবর্গের উপরেও শিশু রাজকুমারের প্রভুত্ব দৃষ্ট হয়, সেরূপ যেন না হউক, এইজন্য বলিতেছেন, তিনি সকলের অধিপতি—অধিষ্ঠানপূর্ব্বক

শাসনকর্তা অর্থাৎ স্বতন্ত্র বা স্বাধীন, কিন্তু রাজকুমারের ন্যায় মন্ত্রিপ্রভৃতি ভৃত্যবর্গের সাহায্য গ্রহণ করেন না। উক্ত তিনটী ধর্ম্মই পরস্পর হেতু-হেতুমদ্ভাবাপন্ন—যেহেতু তিনি সকলের অধিপতি, সেই হেতু তিনি সকলের ঈশান (শাসনকর্ত্তা), যিনি সাক্ষাৎ সম্বন্ধে যাহাকে পালন করেন, তিনি যে, তাহার প্রভু বা ঈশ্বর, ইহা লোকপ্রসিদ্ধও বটে; এইরূপ যেহেতু তিনি সকলের ঈশান, সেই হেতুই তিনি সকলকে বশীভূত রাখেন। ৩

আরও এক কথা, হৃদয়-মধ্যবর্ত্তী এবংবিধ গুণসম্পন্ন সেই স্বস্বরূপ বিজ্ঞানময় পুরুষ শাস্ত্রবিহিত উত্তম কর্ম্ম দ্বারা বড় হন না—পূর্ব্বাবস্থা অপেক্ষা কোন গুণে বৃদ্ধি পান না, এবং শাস্ত্রনিষিদ্ধ কোন অপকর্ম্ম দ্বারাও অধিক ছোট হন না—নিজের পূর্ব্বাবস্থা অপেক্ষা কিছুমাত্র হীন হন না। অপিচ, [শঙ্কা হইতে পারে যে,] অধিষ্ঠান বা পরিচালনা ও পালনাদি কর্ম্ম করিতে যাইয়া সকল লোকই পরের প্রতি অনুগ্রহ বা নিগ্রহ (পীড়ন) করিয়া থাকে, এবং তাহার দরুণ ধর্ম্ম ও অধর্ম্ম দ্বারা সংস্পৃষ্ট হইয়া থাকে, কিন্তু এই পরমাত্মার তাহা হয় না; হয় না কেন? তদুত্তরে বলা হইতেছে—যেহেতু এই পরমেশ্বর সকলেরই ঈশ্বর; সর্ব্বেশ্বর বলিয়া কর্ম্মকেও শাসনে রাখিতে সমর্থ হন,—এবং যেহেতু ইহাই তাহার স্বভাব, সেই হেতু কর্ম্ম দ্বারা সম্বদ্ধও হন না। বিশেষতঃ তিনি ভূতাধিপতি অর্থাৎ ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া তৃণগুচ্ছ পর্য্যন্ত বস্তুমাত্রেরই অধিপতি; এ কথার ব্যাখ্যা পূর্ব্বেই উক্ত হইয়াছে। ৪

তিনি যাহাদের অধিপতি, তিনি সেই সমস্ত ভূতবর্গেরই পালক—রক্ষক। ইনিই সেতু (বাঁধ), কিরূপ সেতু, তাহা বলিতেছেন—'বিধরণ' অর্থাৎ বর্ণাশ্রমাদি ব্যবস্থার বিশেষরূপে ধারণকর্ত্তা—রক্ষাকর্ত্তা। এই কথারই অর্থ বিশেষ করিয়া বলিতেছেন—এই যে, পৃথিবী হইতে আরম্ভ করিয়া ব্রহ্মলোক পর্য্যন্ত লোকসমূহ, সে সমস্ত লোকের অসম্ভেদের জন্য—সনাতন নিয়ম পদ্ধতি যাহাতে বিনষ্ট না হয়, তাহার জন্য [তিনি সেতুরূপে আছেন]; পরমেশ্বর যদি সেতুর ন্যায় মধ্যবর্ত্তী থাকিয়া ধারণ না করিতেন, তাহা হইলে জগতের সমস্ত নিয়ম বা স্বাভাবিক ধর্ম্মগুলি ভাঙ্গিয়া যাইত; [যাহাতে তাহা না হইতে পারে,] সেই জন্য এই পরমেশ্বর সেতুরূপে অবস্থান করিতেছেন। এই যে, সেতুভূত পরমেশ্বর, ইনিই সেই স্বয়ংজ্যোতিঃ আত্মা। এতদ্বিষয়ক জ্ঞানসম্পন্ন আত্মার বশিত্বাদি যে সমুদয় ধর্ম্ম নির্দ্দিষ্ট হইল, তাহাই এই ব্রহ্মবিদ্যার ফল। ৫

এই গ্রন্থের ষষ্ঠ প্রপাঠকে (ষষ্ঠ অধ্যায়ে) "কিংজ্যোতিরয়ং পুরুষঃ" ইত্যাদি বাক্যে এই ব্রহ্মবিদ্যাই কথিত হইয়াছে। ইহারও যেরূপ ফল, তাহারও ঠিক সেইরূপ ফলই অভিহিত হইয়াছে। এখানে কেবল সেই ব্রহ্মবিদ্যাতেই যে, সমস্ত কর্ম্মকাণ্ডের বিনিয়োগ বা উপযোগিতা, তাহা প্রদর্শিত হইতেছে, কেবল কাম্যকর্ম্মের অংশমাত্র বাদ পড়িতেছে। অভিপ্রায় এই যে, কাম্য কর্ম্ম ভিন্ন যত রকমের কর্ম্ম আছে, সে সমস্ত কর্ম্মই সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে এই ব্রহ্ম-বিদ্যার উপকার সাধন করিয়া থাকে। কিরূপে যে, সেই উপকার সাধন করে, এখানে তাহা প্রদর্শিত হইতেছে—এবম্বিধ গুণসম্পন্ন সেই এই ঔপনিষদ—উপ-নিষদ্‌বেদ্যপুরুষকে, বেদাধ্যয়নবিষয়ক নিত্য বিধি হইতে প্রাপ্ত অর্থাৎ বিজ্ঞাত মন্ত্র ও ব্রাহ্মণাত্মক বেদের অধ্যয়নরূপ বেদানুবচন দ্বারা জানিতে ইচ্ছা করেন (১)। কাহারা? ব্রাহ্মণেরা, এখানে ব্রাহ্মণ শব্দটী ক্ষত্রিয় ও বৈশ্যজাতিরও উপলক্ষণ (বোধক); কেন না, বেদাধ্যয়নে ব্রাহ্মণাদি বর্ণত্রয়েরই অধিকার তুল্য; অথবা বেদানুবচন অর্থ কর্ম্ম-প্রতিপাদক মন্ত্র ও ব্রাহ্মণ; তাহা দ্বারা অর্থাৎ কর্ম্ম দ্বারা জানিতে ইচ্ছা করেন। কিরূপে যে, জানিতে ইচ্ছা করেন, তাহা—'যজ্ঞেন' (যজ্ঞ দ্বারা) ইত্যাদি কথায় প্রকাশ করিতেছেন। ৬

কিন্তু এখানে যাহারা ব্যাখ্যা করেন যে, মন্ত্র ও ব্রাহ্মণরূপ বেদানুবচন দ্বারা প্রকাশিত [ব্রহ্মকে] জানিতে ইচ্ছা করেন; ফলতঃ তাহাদের মতে বেদের আরণ্যক অংশ মাত্র 'বেদানুবচন' শব্দে পরিগৃহীত হইতে পারে; কেন না, বেদের কর্ম্মকাণ্ড দ্বারা ত আত্মার স্বরূপ প্রকাশিত হয় না; কেন না, 'সেই ঔপনিষদ পুরুষকে' ইত্যাদি শ্রুতি বিশেষ করিয়া [আত্মার উপনিষৎ প্রকাশ্যতাই প্রতিপাদন করিতেছেন]; অথচ এখানে সামান্যাকারে নির্দ্দেশ থাকায় 'বেদানুবচনেন' কথায় সমস্ত বেদভাগই বুঝাইতেছে; সুতরাং তাহার একাংশ পরিত্যাগ করা যুক্তিযুক্ত হয় না। ভাল, তোমার (ভাষ্য-কারের) মতেও উক্ত বেদানুবচন শব্দে উপনিষদ্‌ অংশ পরিত্যাগ করায় একদেশমাত্র-বোধকত্ব সমানই রহিল? না, সে কথা বলিতে পার না; কারণ, আমরা 'বেদানুবচন' শব্দের প্রথমে যে ব্যাখ্যা করিয়াছি, তাহাতে

(১) তাৎপর্য্য—বেদের সাধারণতঃ দুইটী ভাগ—(১) মন্ত্রভাগ, (২) ব্রাহ্মণভাগ; এই উভয় ভাগ লইয়া বেদ পূর্ণ হইয়াছে। আপস্তম্ব বলিয়াছেন—"মন্ত্র-ব্রাহ্মণয়োর্ব্বেদনামধেয়ম্" অর্থাৎ, মন্ত্র ও ব্রাহ্মণ এতদুভয়ের নাম বেদ। মন্ত্রভাগ কর্ম্মকাণ্ড ও সংহিতা নামে, আর ব্রাহ্মণভাগ উপনিষদ্‌ ও আরণ্যক প্রভৃতি নামে এবং অন্যনামেও পরিচিত।

ত কোন বিরোধই নাই; [কারণ, সেখানে 'বেদানুবচন' শব্দে মন্ত্র ও ব্রাহ্মণ উভয় অংশই গ্রহণ করা হইয়াছে]; সুতরাং উপনিষদ্‌ও তাহার মধ্যে পড়িয়া গিয়াছে। যজ্ঞাদির সহিত একত্র পঠিত হওয়ায়ও ['বেদানুবচন' শব্দের অন্য কোন প্রকার বিশেষার্থ করা যায় না; কারণ, যজ্ঞাদির কথা বলিবার জন্যই এখানে 'বেদানুবচন' শব্দের প্রয়োগ করা হইয়াছে। ইহা হইতে বুঝা যাইতেছে যে, 'বেদানুবচন' শব্দে কেবল যজ্ঞাদি কর্ম্মই প্রতিপাদন করিতেছে; কেন না, কর্ম্মই লোকের নিত্য স্বাধ্যায় বা অবশ্য পঠনীয়। [অতএব 'নিত্য স্বাধ্যায়' অর্থ করাতেই বেদানুবচন কথায় সমস্ত বেদাংশই পাওয়া যাইতেছে]। ৭

ভাল, নিত্য স্বাধ্যায়াত্মক কর্ম্মসমূহ দ্বারা অর্থাৎ অবশ্যপঠনীয় কর্ম্মকাণ্ড দ্বারা আত্মাকে জানিতে ইচ্ছা করে কিরূপে? কেন না, উপনিষদের ন্যায় কর্ম্মবিধায়ক ঐ সমস্ত শাস্ত্র ত আর আত্মতত্ত্ব প্রকাশ করে না? না—এ দোষ হয় না; কারণ, কর্ম্মসমূহ চিত্তশুদ্ধির হেতু। অভিপ্রায় এই যে, কর্ম্মানুষ্ঠান দ্বারা যাহাদের চিত্ত উত্তমরূপে সংস্কৃত ও বিশুদ্ধতা লাভ করিয়াছে, সেই সমুদয় শুদ্ধচিত্ত লোকই বিনা বাধায় উপনিষৎ-প্রকাশিত আত্মাকে জানিতে সমর্থ হয়। আথর্ব্বণ শ্রুতিও সেই কথা বলিতেছেন,—'অগ্রে বিশুদ্ধ-চিত্ত হইয়া, পশ্চাৎ ধ্যানযোগে সেই নিষ্কাম আত্মাকে দর্শন করিয়া থাকেন।' স্মৃতিশাস্ত্রও বলিতেছে—'কর্ম্ম দ্বারা পাপ ক্ষয় হইলে পর, লোকদিগের জ্ঞান উৎপন্ন হয়' ইত্যাদি। ৮

ভাল, জিজ্ঞাসা করি, নিত্য কর্ম্মসমূহের ফল যে, সংস্কার বা চিত্তশুদ্ধি, ইহা বুঝা যাইতেছে কিসে? হাঁ, 'সেই ব্যক্তিই আত্মযাজী, যে ব্যক্তি জানে যে, এই কর্ম্ম দ্বারা আমার এই অঙ্গ সংস্কৃত (শোধিত) হইতেছে; এই কর্ম্ম দ্বারা আমার এই অঙ্গ উপযুক্ততা লাভ করিতেছে' ইত্যাদি শ্রুতি হইতে [জানিতে পারা যায়]। বিশেষতঃ সমস্ত স্মৃতিশাস্ত্রও 'অষ্টাচত্বারিংশৎ সংস্কার (আটচল্লিশ প্রকার সংস্কার)' ইত্যাদি স্থলে কর্ম্মসমূহকে চিত্তশুদ্ধির উপায় বলিয়া নির্দ্দেশ করিতেছে। ভগবদ্গীতাতেও আছে—'যজ্ঞ, দান ও তপস্যা এ সমস্তই মনীষিগণের (ধ্যাননিষ্ঠদিগের) শুদ্ধি কারণ—যজ্ঞানু-ষ্ঠান দ্বারা যাহাদের হৃদয়গত সমস্ত পাপ ক্ষয় হইয়াছে, তাহারা সকলেই যজ্ঞবিদ্ অর্থাৎ যজ্ঞরহস্য অবগত আছেন' ইতি। [এখন শ্রুতির 'যজ্ঞেন' কথার অর্থ বলিতেছেন—] দ্রব্যযজ্ঞ [দ্রব্যসাধ্য যজ্ঞসমূহ] এবং জ্ঞানযজ্ঞসমূহ

(যে সমুদয় যজ্ঞ দ্রব্যনিরপেক্ষ কেবলই জ্ঞানাত্মক, সেই সমুদয় যজ্ঞ), এই উভয়েরই উদ্দেশ্য চিত্তশুদ্ধি। কর্ম্ম দ্বারা সংস্কার সাধিত হইলে পর, বিশুদ্ধ-চিত্তে বিনা বাধায় জ্ঞানোৎপত্তি হইতে পারে; এই কারণেই জ্ঞানিগণ যজ্ঞ দ্বারা [আত্মাকে] জানিতে ইচ্ছা করিয়া থাকেন। দান দ্বারাও [জানিতে ইচ্ছা করেন]; দানও পাপক্ষয় ও ধর্ম্মবৃদ্ধির উপায়; এই জন্য [তাহা দ্বারাও আত্মবেদন সম্ভব হয়]। তপস্যা দ্বারা—'তপঃ' শব্দে সাধারণতঃ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি সমস্তই ধরা যাইতে পারে, এই জন্য 'অনাশকেন' বিশেষণ প্রদত্ত হইয়াছে—'অনাশক' অর্থ—কামনাপূর্ব্বক ভোগ না করা, কিন্তু ভোজন-নিবৃত্তি অর্থ নহে; কারণ, ভোজন নিবৃত্তি হইলে সাধকের মৃত্যুরই সম্ভাবনা হয়, কিন্তু আত্মবেদনের আর সম্ভাবনা থাকে না; [অতএব ঐরূপ অর্থ হইতে পারে না]। ৯

এখানে 'যজ্ঞ, দান, তপঃ ও বেদানুবচন' শব্দে সমস্ত নিত্য কর্ম্ম বুঝাই-তেছে। কাম্য কর্ম্ম ভিন্ন যত কিছু নিত্য কর্ম্ম আছে, তৎসমস্তই আত্মজ্ঞান সমুৎপাদন করিয়া থাকে, সেই আত্মজ্ঞান দ্বারা উহা মোক্ষলাভেরও কারণ হইয়া থাকে। এইরূপে কর্ম্মকাণ্ডের সহিত আত্মবিদ্যার একবাক্যতা বা একার্থপরতাও সিদ্ধ হইতেছে। এখানে যে সমস্ত উপায় উপদিষ্ট হইল, সে সমস্তের সাহায্যে যথাবর্ণিত এই আত্মাকে অবগত হইয়া মুনি হয়—আত্মবিষয়ে মনন করে বলিয়া মুনি—যোগী হয়। বুঝিতে হইবে, যথোক্তপ্রকার এই আত্মাকে জানিয়াই মুনি হয়, অন্য তত্ত্ব জানিয়া নহে। ১০

ভাল, অন্যবিষয়ক জ্ঞানেও ত মুনি হইতে পারা যায়, তবে কিরূপে অব-ধারণ করা হইতেছে যে, 'ইহাকে জানিয়াই' [মুনি হয়]? হাঁ, অন্যবিষয়ক জ্ঞানেও মুনি হইতে পারে সত্য, কিন্তু অন্যবিষয়ক জ্ঞানে যে, কেবল মুনিই হইবে, তাহার নিশ্চয়তা নাই; সে লোক কর্ম্মীও হইতে পারে; কিন্তু এই ঔপনিষদ পুরুষকে (আত্মাকে) জানিলে সে কেবল মুনিই হয়, কখনও কর্ম্মী হয় না। অতএব মুনিত্ব লাভের অসাধারণ বা অব্যভিচারী কারণ নির্দ্দেশের অভিপ্রায়েই এখানে 'এতম্ এব' বলিয়া অবধারণ করা হইতেছে। এই আত্মাকে সম্যক্ অবগত হইলে কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে? অর্থাৎ তখন আত্মজ্ঞানের প্রভাবে ভেদবুদ্ধি বিলুপ্ত হইয়া যায়; সুতরাং তখন আর ভেদবুদ্ধি-সাপেক্ষ কর্ম্মাধিকার থাকে না; কাজেই তখন কেবল একমাত্র মননই হইয়া থাকে। অপিচ, এই আত্মস্বরূপ স্ব-লোক পাইবার প্রত্যাশায়

প্রব্রাজিগণ—প্রব্রজনশীল সন্ন্যাসিগণ প্রব্রজ্যা করিয়া থাকেন, অর্থাৎ সমস্ত কর্ম্ম পরিত্যাগ করিয়া সন্ন্যাস গ্রহণ থাকেন। ১১

এখানে 'এতম্ এব লোকম্ ইচ্ছন্তঃ' এইরূপ অবধারণ থাকায় বুঝা যাইতেছে যে, যাহারা বাহ্যলোকপ্রার্থী অর্থাৎ পুত্র, বিত্ত ও স্বর্গাদি লোক লাভের অভিলাষী, তাহাদের পারিব্রাজ্যে বা সন্ন্যাস গ্রহণে অধিকার নাই। কেন না, কাশীপ্রদেশবাসী কোন লোক যদি হরিদ্বারে যাইতে ইচ্ছুক হয়, সে কখনই পূর্ব্বাভিমুখে গমন করে না; অতএব যাহারা পুত্রাদি বাহ্য-লোকপ্রার্থী, পুত্র, কর্ম্ম ও অপর ব্রহ্মবিদ্যাই তাহাদের সাধন অর্থাৎ অভীষ্ট-লাভের উপায়। শ্রুতি বলিতেছেন—'পুত্র দ্বারাই এই লোক জয় করিতে হয় (আয়ত্ত করিতে হয়), কিন্তু অন্য কর্ম্ম দ্বারা নহে' ইত্যাদি। অতএব বাহ্যলোকপ্রার্থিগণের পক্ষে পুত্রাদি সাধনসমূহ ত্যাগ করিয়া পারিব্রাজ্য স্বীকার করা কখনই যুক্তিযুক্ত হয় না; কেন না, তাহারা যাহা চাহে, পারিব্রাজ্য তাহার সাধন (প্রাপ্তির উপায়) নহে। অতএব, 'এতম্ এব লোকম্ ইচ্ছন্তঃ প্রব্রজন্তি' এইরূপ অবধারণ করা যুক্তিযুক্তই হইয়াছে। আত্ম-লোক প্রাপ্তি অর্থ—অবিদ্যানিবৃত্তির পর স্বস্বরূপে অবস্থান ভিন্ন আর কিছুই নহে। অতএব যদি কেহ আত্মলোক পাইতে ইচ্ছুক হয়, তবে তাহার পক্ষে সমস্ত ক্রিয়া হইতে বিরত থাকাই আত্মলোক-লাভের প্রধান—অন্তরঙ্গ সাধন; যেমন পুত্রাদি সাধনসমূহ আত্মপ্রাপ্তির অসাধনত্ব নিবন্ধন উহারা কেবল ত্রিবিধ অনাত্মলোক প্রাপ্তিরই সাধন, তদ্রূপ (১)। পুত্রাদি কর্ম্ম দ্বারা যে, আত্মলোক লাভের সম্ভাবনাই নাই, এবং সম্ভাবনা নাই বলিয়াই উহারা আত্মলোকের বিরোধী, একথা আমরা অগ্রেই বলিয়াছি। ১২

অতএব, যাহারা আত্মলোক পাইতে ইচ্ছা করেন, তাহারা প্রব্রজ্যাই গ্রহণ করিয়া থাকেন, অর্থাৎ অবশ্যই সমস্ত ক্রিয়া হইতে নিবৃত্ত হন। ত্রিবিধ অনাত্ম-লোকপ্রার্থীদিগের জন্য যেমন অবশ্য-কর্ত্তব্যরূপে পুত্রাদি সাধনসমূহ বিহিত আছে, তেমনই আত্মলোকপ্রার্থী ব্রহ্মবিদের সম্বন্ধেও সর্ব্বক্রিয়া নিবৃত্তিরূপ পারিব্রাজ্য বা সন্ন্যাসই বিহিত হইতেছে। ১৩

---

(১) তাৎপর্য্য—সাধন দুই প্রকার—অন্তরঙ্গ ও বহিরঙ্গ। যাহা সাক্ষাৎসম্বন্ধে ফল-নিষ্পত্তির উপায়, তাহা অন্তরঙ্গ, আর যাহা পরোক্ষভাবে—পরম্পরাসম্বন্ধে ফল-সিদ্ধির সহায়, তাহা বহিরঙ্গ। কর্ম্মমাত্রই বহিরঙ্গ, কারণ, উহারা কেবল জ্ঞানলাভের উপযোগী চিত্তশুদ্ধিমাত্র জন্মায়; আর সন্ন্যাস হইতেছে অন্তরঙ্গ সাধন, কারণ, সন্ন্যাসের পরেই আত্মপ্রাপ্তি সংঘটিত হয়।

ভাল, আত্মলোকপ্রার্থী লোকেরা যে, কেবল প্রব্রজ্যাই করিয়া থাকে, বলা হইতেছে, তাহার কারণ কি? এই প্রশ্নের উত্তরে শ্রুতি নিজেই অর্থ-বাদরূপে কারণ প্রদর্শন করিতেছেন—শ্রুতির 'হ, স্ম, বৈ' শব্দে পুরাবৃত্ত বা প্রাচীন পদ্ধতি সূচিত হইতেছে; পূর্ব্ব অর্থাৎ অতীতকালীন বিদ্বান্ আত্মজ্ঞ লোকেরা প্রজা—সন্তান কামনা করেন নাই, অর্থাৎ লোক-ত্রয়-সাধন—ত্রিবিধ লোকপ্রাপ্তির উপায়ভূত পুত্রাদি ও অপর বিদ্যার অনুষ্ঠান করেন নাই। এখানে 'প্রজা' কথাটী কর্ম্ম ও অপর ব্রহ্মবিদ্যারও দ্যোতক; ঐ এক শব্দেই বাহ্যলোকত্রয়ের উপায়ভূত ঐ ত্রিবিধ সাধনই বুঝা-ইতেছে। ১৪

ভাল, জিজ্ঞাসা করি, আত্মজ্ঞেরাও ত নিশ্চয়ই অপর-ব্রহ্মবিদ্যার অনু-শীলন করিয়া থাকেন; তাহার দরুণই তাহাদের ব্যুত্থান (সমস্ত এষণার পরিত্যাগ) হইয়া থাকে; [নচেৎ ব্যুত্থান হওয়াই অসম্ভব হয়]। না—এ আপত্তি হইতে পারে না; কারণ, ব্রহ্মবিদের সম্বন্ধে অপবাদ বা নিন্দাবাদ রহিয়াছে;—'ব্রহ্ম তাহাকে বঞ্চিত করেন, অর্থাৎ তাহার পক্ষে ব্রহ্মদর্শন সম্ভব হয় না, যে লোক আত্মার অন্যত্র ব্রহ্মদর্শন করে, অর্থাৎ ব্রহ্ম ও আত্মার ভেদ দর্শন করে', 'সকলে তাহাকে প্রতারিত করে, [যে লোক আত্মার অন্যত্র ব্রহ্মকে জানে]', এই শ্রুতি অ-পরব্রহ্ম দর্শনেরও নিন্দা করিতেছে। কেন না, শ্রুতিতে 'সর্ব্ব' শব্দ থাকায়, অ-পরব্রহ্মও তাহার মধ্যে অন্তর্ভূত হইয়া পড়িয়াছে। [অন্য শ্রুতি বলিতেছেন—] 'যাহাতে অন্য কিছু দর্শন করে না' ইতি। বিশেষতঃ '[ব্রহ্মের] পূর্ব্ব বা আদি নাই, অন্ত নাই, অন্তর (মধ্য) ও বাহ্য (বাহির) নাই', এই শ্রুতিতে ব্রহ্মেতে পূর্ব্ব পশ্চাৎ বাহ্য ও আন্তর দর্শনেরও নিষেধ আছে। আরও আছে—'সে সময় কে কিসের দ্বারা কাহাকে দর্শন করিবে, কাহাকেই বা জানিবে'? অতএব ব্যুত্থানে এক মাত্র আত্মদর্শন ভিন্ন অন্য কোনও কারণের অপেক্ষা করে না। ১১

[যাহারা প্রজা কামনা করে না,] তাহাদের অভিপ্রায় কি? তাহা কথিত হইতেছে—প্রজারূপ সাধন দ্বারা আমরা কোন প্রয়োজন (ফল) সাধন করিব? কেন না, প্রজা যে, বাহ্যলোক-সিদ্ধির উপায়, ইহা নিশ্চিতরূপে পরিজ্ঞাতই আছে; আমাদের ত আত্মাতিরিক্ত সেই বাহ্যলোক বলিয়া কিছু নাই; সমস্তই আমাদের আত্মস্বরূপ, এবং আমরাও সকলের আত্মস্বরূপ; আমাদের আত্মা ত আত্মা বলিয়াই (স্বস্বরূপ বলিয়াই) অপর কোনও

সাধনের সাহায্যে উৎপাদ্য (যাহার উৎপাদন করা হয়, এমন), বিকার্য্য, প্রাপ্য বা সংস্কার্য্য নহে ; (১) [সুতরাং তাহার জন্য কোন সাধনেরই আবশ্যক হয় না]। ১৬

তবে যে, আত্মবাদীর আত্মসংস্কারার্থ কর্ম্মের অপেক্ষা হইয়া থাকে, বুঝিতে হইবে, দেহেন্দ্রিয়াদিতে আত্মদর্শনই তাহার কারণ ; কেন না, 'ইদং মে অনেন অঙ্গং সংস্ক্রিয়তে' (এই কর্ম্ম দ্বারা আমার এই অঙ্গ সংস্কৃত বা শুদ্ধ করা হইতেছে), এইরূপে অঙ্গাঙ্গিভাবের অর্থাৎ আমি অঙ্গী, আমার অঙ্গ, এইরূপে দেহ ও আত্মার অঙ্গাঙ্গিভাব সম্বন্ধের উল্লেখ রহিয়াছে। যে লোক নিরন্তর আত্মার একমাত্র বিজ্ঞানঘন স্বভাব দর্শন করে, তাহার পক্ষে অঙ্গাঙ্গি-সংস্কাররূপ ভেদ দর্শন কথনই সম্ভব হয় না ; এই জন্যই [তাহারা মনে করেন যে,] পুত্র প্রভৃতি সাধন দ্বারা আমরা কি করিব ? পুত্রাদি সাধন-সাধ্য যে ফল, তাহা অজ্ঞলোকদিগের জন্যই বিহিত ; কেন না, মৃগতৃষ্ণিকাতে জলভ্রান্তিযুক্ত পুরুষই সেই জলপানে প্রবৃত্ত হয়, কিন্তু তা'বলিয়া কি, যে লোক জলশূন্য উষর-ভূমি মাত্র দর্শন করে, তাহারও সেখানে জলপানে প্রবৃত্তি হওয়া যুক্তিসঙ্গত হয় ? এইরূপ [তাহারাও মনে করেন যে,] পরমার্থ সত্য আত্মলোকদর্শী আমাদেরও মৃগতৃষ্ণিকাতুল্য অজ্ঞজন-দৃশ্য অসত্য বিষয়ে প্রবৃত্তি হওয়া যুক্তি-সঙ্গত নহে ; ইহাই এ কথার অভিপ্রায়। ১৭

এই অভিপ্রায়েই বলা হইতেছে যে, পরমার্থদর্শী আমাদের অশনায়াদি সংসারধর্ম্মবর্জ্জিত ও ভাল-মন্দ কার্য্য দ্বারা বিকারশূন্য আত্মাই একমাত্র লোক—অভিপ্রেত ফল ; অথচ সাংসারিক সাধ্য-সাধনাদি সর্ব্বধর্ম্মবিনির্ম্মুক্ত আত্মার সম্বন্ধে অন্য কোন সাধনও প্রার্থনীয় হইতে পারে না। যাহা সাধ্য, তাহার জন্যই সাধনের অন্বেষণ আবশ্যক হয়, অসাধ্য (নিত্য) বিষয়ে যে

(১) তাৎপর্য্য—ক্রিয়ামাত্রেরই একটা কর্ম্ম থাকে,—সেই কর্ম্ম কোথাও উৎপাদ্য হয়, যেমন কুম্ভকারের ক্রিয়া দ্বারা উৎপন্ন ঘট শরা প্রভৃতি, কোথাও বিকার্য্য হয়, যেমন—কাষ্ঠকে ভস্ম করা হয়, এখানে ভস্ম বিকার্য্য কর্ম্ম; কোথাও সেই কর্ম্মটী সংস্কার্য্য হয়, যেমন ঘর্ষণ দ্বারা দর্পণের ময়লা অপনয়ন করা হয়, এই জন্য দর্পণ সংস্কার্য্য ; কোথাও বা কর্ম্মটা প্রাপ্য হয়, যেমন—গমন দ্বারা প্রাপ্য গ্রামাদি। আত্মা কিন্তু উৎপাদ্য, বিকার্য্য, সংস্কার্য্য বা প্রাপ্য কোন কর্ম্মই হইতে পারে না।

সাধনের অনুসরণ করা হয়, তাহা বস্তুতঃ জলভ্রমে স্থলে (শুষ্ক ভূমিতে) সন্তরণের তুল্য, অথবা আকাশে পাখীর পদান্বেষণের অনুরূপ। ১৮

অতএব ব্রাহ্মণগণ এই আত্মাকে উত্তমরূপে জানিয়া অবশ্যই প্রব্রজ্যা করিবে, কিন্তু কর্ম্মারম্ভ করিবে না। যেহেতু প্রাচীনগণ এইরূপে আত্মতত্ত্ব অবগত হইয়া সন্তান-কামনা পরাঙ্মুখ হইয়া, এবং এইরূপ সাধ্য সাধন ব্যবহারকে—ইহা অজ্ঞজন-সেব্য বলিয়া নিন্দা করতঃ [তাহারা] কি করিতেন, তাহা বলা হইতেছে—তাহারা পুত্র কামনা হইতে, বিত্ত কামনা হইতে, এবং স্বর্গাদি লোককামনা হইতেও ব্যুত্থান করিয়া অর্থাৎ ঐ সমস্ত বিষয়ে কামনা পরিত্যাগ করিয়া ভিক্ষাচর্য্যা করিতেন, ইত্যাদি অংশ পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। অতএব, 'আত্মলোক পাইতে ইচ্ছুক হইয়া প্রব্রজ্যা করিয়া থাকেন ('প্রব্রজন্তি'), এই 'অর্থবাদ' বাক্য হইতেই 'প্রব্রজেয়ুঃ' (প্রব্রজ্যা করিবে) এইরূপ বিধিকল্পনাও সুসঙ্গত হয়। এই বাক্যটী যখন অর্থবাদযুক্ত, তখন আত্মার প্রশংসাখ্যাপন দ্বারা যে, এ বিষয়ে সাধারণ লোকের আভিমুখ্য (ঔৎসুক্য) কল্পনা করা, তাহা কখনই উপপন্ন হয় না; কেন না, 'প্রব্রজন্তি' বাক্যের অর্থবাদ বা প্রশংসাপর বাক্য হইতেছে পরবর্ত্তী—'এতৎ হ স্ম' ইত্যাদি বাক্য; সুতরাং 'প্রব্রজন্তি' বাক্যটী অর্থবাদ স্বরূপ হইলে, সে কখনই অপর অর্থবাদের আকাঙ্ক্ষা করিত না; অথচ 'প্রব্রজন্তি' বাক্যটী কিন্তু 'এতৎ হ স্ম' ইত্যাদি অর্থবাদের নিশ্চয়ই অপেক্ষা করিতেছে (১)। ১৯

যেহেতু পূর্ব্বতন বিদ্বান্‌সমূহ প্রজাদি কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া, কেবল প্রব্রজ্যাই করিতেন, সেই হেতু ইদানীন্তন লোকেরাও অবশ্যই প্রব্রজ্যা করিবে, এইরূপ বাক্যসম্বন্ধ যোজনা করিলে, উক্ত বাক্যটী আর প্রাপ্য

(১) বিধিবিহিত কার্য্যে লোকের প্রবৃত্তি জন্মাইবার নিমিত্ত বিধেয় বিষয়ের প্রশংসা করা আবশ্যক হয়; সেই প্রশংসাবোধক বাক্যকে 'অর্থবাদ' বলে। আবার নিষিদ্ধ কার্য্য হইতেও লোকদিগকে ফিরাইবার জন্য নিষিদ্ধ কর্ম্মের নিন্দা করা আবশ্যক হয়, সেই সমস্ত নিন্দাপর-বাক্যকেও 'অর্থবাদ' বলে। বিধি ও নিষেধই অর্থবাদের অপেক্ষা করে, কিন্তু 'অর্থবাদ' কখনই অপর অর্থবাদের অপেক্ষা করে না। অথচ এখানে 'প্রব্রজন্তি' বাক্যটী 'এতৎ হ স্ম' ইত্যাদি অর্থবাদের অপেক্ষা করিতেছে; কাজেই বলিতে হইবে যে, 'প্রব্রজন্তি' বাক্যটী কখনই 'অর্থবাদ' নহে।

লোকের স্তুতি প্রকাশন দ্বারা সাধারণ লোকদিগের আভিমুখ্যপর বা প্রবৃত্তি-জনক বলিয়া পরিকল্পিত হইতে পারে না। পূর্ব্বেও 'বিজ্ঞান ও প্রব্রজ্যার একই কর্ত্তা উপদিষ্ট হওয়ায়' ইত্যাদি বাক্যে এ কথা আমরা বুঝাইয়া দিয়াছি। উক্ত বাক্যের অর্থবাদত্বের বিপক্ষে বেদানুবচনের সঙ্গে একত্র পাঠও অপর কারণ; অভিপ্রায় এই যে, আত্মজ্ঞানের সাধনরূপে বিহিত 'বেদানুবচন' প্রভৃতি যেরূপ 'অর্থবাদ' নহে, পরন্তু সত্যার্থ-জ্ঞাপকমাত্র, সেইরূপ বেদানুবচন প্রভৃতির সহিত একত্র পঠিত 'পারিব্রাজ্য'ও যখন আত্মলোক প্রাপ্তির উপায়, তখন উহারও অর্থবাদত্ব কল্পনা সঙ্গত হয় না। বিভিন্ন ফলোপদেশও ইহার অপর হেতু, যেমন 'পুত্র দ্বারাই ইহলোক জয় করিতে হয়, অন্য কর্ম্ম দ্বারা নহে, এবং কর্ম্ম দ্বারা পিতৃলোক জয় করিতে হয়, (অন্য দ্বারা নহে)' এই স্থলে পুত্র ও কর্ম্ম দ্বারা লভ্য বিভিন্ন ফলের উল্লেখ আছে, ঠিক তেমন 'এই আত্মা-স্বরূপ লোক বিশেষভাবে অবগত হইয়া' এইস্থলে বাহ্য অপরাপর সমস্ত লোক হইতে স্বতন্ত্র ফলরূপে আত্মার নির্দ্দেশ করিতেছেন। আর ইহাও বলা যায় না যে, 'প্রব্রজন্তি' এই কথাটী প্রসিদ্ধের ন্যায় কেবল আত্মলোকেরই প্রশংসাবোধক মাত্র, এবং প্রধান বা বিধেয় বিষয় যেরূপ অর্থবাদের অপেক্ষা করে, ইহাকে সেরূপও বলিতে পারা যায় না; কারণ, তাহা হইলে একবার মাত্র উহার উল্লেখ থাকিত; [এখানে কিন্তু 'প্রব্রজন্তি' ও 'ব্যুত্থায় অথ ভিক্ষাচর্য্যং চরন্তি' এইরূপে দুইবার উল্লেখ রহিয়াছে, ইহা অর্থবাদের পক্ষে সঙ্গত হয় না] (২)। ২০

একথাও বলিতে পারা যায় না যে, পারিব্রাজ্য যখন অনুষ্ঠেয়—অনুষ্ঠানসাপেক্ষ, তখন বৈধ কর্ম্মের ন্যায় উহা দ্বারাও বিধির স্তুতি উপপন্ন হইতে পারে; কারণ, পারিব্রাজ্য নিজে অনুষ্ঠেয় হইয়াও যদি অপরের স্তাবক হয়, তাহা হইলে অনুষ্ঠেয় 'দর্শপূর্ণমাস' প্রভৃতি যাগও অন্যের স্তুতিরূপে কল্পিত হইতে পারে। আর এতদতিরিক্ত স্থানে পারিব্রাজ্যের

(২) তাৎপর্য্য—যাহার যাহা স্বভাবসিদ্ধ, কখন কখন অর্থবাদ বাক্যে তাহাও বর্ণিত হয়, যেমন, 'বায়ুর্বৈ ক্ষেপিষ্ঠা দেবতা', এই স্থলে বায়ুর স্বভাবসিদ্ধ শীঘ্রগামিতার অনুবাদ করা হইয়াছে। অথবা কোথাও প্রধান প্রতিপাদ্য বিষয়েরই স্তুতি করা আবশ্যক হয়, যেমন দর্শপূর্ণমাস' নামক যাগে অর্থবাদ রহিয়াছে। এখানে 'প্রব্রজন্তি'কে অর্থবাদ বলিলে, হয় তাহার বিধেয়ত্ব, না হয় 'ব্যুত্থায়' ইত্যাদি বাক্যাংশ ত্যাগ করিতে হয়, কারণ, অর্থবাদের পুনরুক্তি হইতে পারে।

কর্ত্তব্যতা-বিধায়ক এখন কোন বাক্যও দেখা যায় না, যাহার জন্য এখানে উহা স্তুতিবোধক হইবে। পক্ষান্তরে অন্য কোন স্থানে যদি পারিব্রাজ্যের বিধানই কল্পনা করা হয়, তাহা হইলে এখানেই পারিব্রাজ্যের সেই বিধি প্রধানভাবে কল্পনা করা উচিত। আর যদি অনধিকৃত বিষয়ে পারিব্রাজ্যের বিধি কল্পনা করা হয়, তাহা হইলে ত বৃক্ষারোহণাদি যাদৃচ্ছিক কার্য্যেও পারিব্রাজ্যের ন্যায় বিধি কল্পনা করা হয়; কারণ, আবশ্যক, অবশ্যকর্ত্তব্যরূপে উভয়ই অবিজ্ঞাত; উভয়ের মধ্যে অজ্ঞাতত্ব অংশে কিছুমাত্র বিশেষ নাই; অতএব এখানে স্তুতিবাদের নামগন্ধও কল্পনা করিতে পারা যায় না ২১

ভাল, তাহারা ব্রাহ্মণগণ যদি এই আত্মাকেই একমাত্র প্রাপ্য বলিয়া মনে করেন, তাহা হইলেও, তৎপ্রাপ্তির উপায়রূপে কর্ম্মেরই বা অনুষ্ঠান করেন না কেন? পারিব্রাজ্য অবলম্বনের প্রয়োজন কি? তদুত্তরে বলিতেছেন—কর্ম্মের সহিত এই আত্মার সম্বন্ধ নাই বলিয়াই [তাহারা কর্ম্ম করেন না]। তাঁহারা, যে আত্মাকে পাইবার ইচ্ছায় প্রব্রজ্যা অবলম্বন করিয়া থাকেন, সেই আত্মা সাধনরূপে কিংবা ফলরূপে, অধিক কি, উৎপাদ্যাদি চতুর্ব্বিধ কর্ম্মের কোন এক প্রকারেও কর্ম্মের সহিত সম্বদ্ধ নহে; এই কারণেই শ্রুতিতে আত্মার 'স এব নেতি নেতি আত্মা, অগৃহ্যঃ নহি গৃহ্যতে' ইত্যাদি লক্ষণ অভিহিত হইয়াছে। যেহেতু যথোক্ত লক্ষণসম্পন্ন আত্মা কর্ম্ম, ফল ও সাধনের সহিত অসম্বদ্ধ, সংসারগোচর যে কোনরূপ ধর্ম্ম বা গুণ আছে, তদ্বিলক্ষণ, ক্ষুধা পিপাসাদির অতীত ও স্থূলত্বাদি ধর্ম্মশূন্য এবং জন্ম, জরা, মরণ ও ভয় বিবর্জ্জিত অমৃতস্বরূপ, সৈন্ধবখণ্ডের ন্যায় একমাত্র বিজ্ঞানস্বভাব স্বয়ংজ্যোতিঃ (স্বপ্রকাশ), এক অদ্বিতীয়, পূর্ব্ব ও পর (কার্য্য ও করণ), অন্তর ও বাহ্য-বর্জ্জিত, এরূপ লক্ষণই শাস্ত্র ও যুক্তির সাহায্যে অবধারিত হইয়াছে; এবং এখানেও জনক-যাজ্ঞবল্ক্যসংবাদে বিশেষভাবে সমর্থিত হইয়াছে; অতএব যথোক্ত লক্ষণ আত্মাকে আত্মরূপে বিশেষভাবে অবগত হইলে, তাহার পক্ষে আর কর্ম্মানুষ্ঠান সম্ভব হয় না। এই জন্যই আত্মাকে নির্ব্বিশেষ—সর্ব্বপ্রকার বিশেষ ধর্ম্মশূন্য বলিয়া স্বীকার করিতে হয়। ২২

কেন না, যে লোক চক্ষুষ্মান্, সেই লোক দিবাভাগে পথ চলিতে যাইয়া কখনই কূপে বা কণ্টকে পতিত হয় না। বিশেষতঃ সমস্ত কর্ম্মফলই

যখন ব্রহ্মবিদ্যাফলের অন্তর্ভূত, তখন কর্ম্মসাধ্য সমস্ত ফলই তাহার অযত্নলভ্য; কোন বুদ্ধিমান্ লোকই অযত্নলভ্য ফলের জন্য যত্ন করে না। [এইরূপ একটী লৌকিক গাথা আছে যে,] 'নিকটে বা কুহকোণে যদি মধু পাওয়া যায়, তাহা হইলে, কিসের জন্য পর্ব্বতে যাইবে; অভিলষিত বিষয়ের সিদ্ধি বা প্রাপ্তিসম্বন্ধে কোন বিদ্বান্ তাহার জন্য আবার যত্ন করে?' ভগবদ্গীতাতেও আছে—'হে পার্থ, সমস্ত কর্ম্ম নিঃশেষভাবে জ্ঞানে পরিসমাপ্ত হয়, অর্থাৎ সমস্ত কর্ম্মফল জ্ঞানফলের অন্তর্ভূত হয়।' আর এখানেও বলা হইয়াছে—'ব্রহ্মবিদ্ পুরুষ, যে পরমানন্দ লাভ করেন, অন্যান্য প্রাণিগণ তাহারই অংশমাত্র ভোগ করিয়া থাকে'; অতএব ব্রহ্মবিদের পক্ষে কর্ম্মারম্ভ নিতান্তই অসম্ভব। ২৩

যেহেতু সর্ব্বাভিলাষবিবর্জ্জিত সেই পুরুষ 'নেতি নেতি'রূপে সর্ব্বনিষেধের অবধিরূপে অবস্থিত আত্মার স্বরূপ অবগত হইয়া, নিজেও তৎস্বরূপেই অবস্থান করেন, সেই হেতুই যথোক্ত আত্মস্বরূপে বর্ত্তমান সেই আত্মজ্ঞ পুরুষকে এই বক্ষ্যমাণ দুইটী বিষয় প্রাপ্ত হয় না। সেই দুইটী বিষয় কি কি, তাহা বলা হইতেছে,—এই নিমিত্ত অর্থাৎ শরীর ধারণাদি প্রয়োজনে [আমি] পাপ—অপুণ্য কর্ম্ম করিয়াছি, আমি দুষ্কর্ম্ম করিয়াছি; এই দুষ্কর্ম্মের দরুণ আমি নরকে গমন করিব—এইরূপে যে পাপকর্ম্মকারীর পশ্চাৎতাপ বা অনুশোচনা, সেই পশ্চাৎতাপে ইহাকে—নেতি নেতি—সর্ব্বসংসারধর্ম্মশূন্য আত্মাকে আক্রমণ করে না; সেইরূপ এই কারণে—অমুক ফলের অভিলাষে আমি কল্যাণ করিয়াছি, অর্থাৎ যজ্ঞদানাদিরূপ শুভ পুণ্য কর্ম্ম করিয়াছি, অতএব আমি দেহান্তরে এই শুভ কর্ম্মের ফলস্বরূপ সুখ সম্ভোগ করিব', ইত্যাকার হর্ষও তাহাকে অভিভূত করে না; এই ব্রহ্মজ্ঞ পুরুষ পুণ্য ও পাপাত্মক উভয়প্রকার কর্ম্মই অতিক্রম করিয়া থাকেন। ২৪

এই প্রকার ব্রহ্মজ্ঞ সন্ন্যাসীর উভয়প্রকার কর্ম্মই ক্ষয় প্রাপ্ত হয়; পূর্ব্ব জন্মে যে সমস্ত পুণ্য পাপ করিয়াছিলেন, সে সমস্ত, এবং ইহ জন্মেও যে সমস্ত পুণ্য ও পাপকর্ম্ম করিয়াছেন, সে সমস্তও ক্ষয়প্রাপ্ত হয়, এবং তাহার কৃত কোন কর্ম্মই আর পুণ্য পাপরূপ অদৃষ্ট সমুৎপাদনে সমর্থ হয় না। আরও এক কথা, কৃত ও অকৃত—কৃত অর্থ—যাহা অবশ্যানুষ্ঠেয়, আর অকৃত অর্থ—সেই অবশ্যানুষ্ঠেয় কর্ম্মের অকরণ, সেই কৃতাকৃতও

ইঁহাকে তাপ দেয় না; কেন না, যে লোক অনাত্মজ্ঞ, তাহাকেই কৃত কর্ম্ম ফলদান দ্বারা, আর অকৃত কর্ম্ম প্রত্যবায় সমুৎপাদন দ্বারা সন্তাপ প্রদান করিয়া থাকে; কিন্তু এই আত্মজ্ঞ পুরুষ আত্মজ্ঞানরূপ অগ্নিদ্বারা সমস্ত কর্ম্মরাশিকে ভস্মীভূত করিয়া ফেলেন। যেহেতু গীতাস্মৃতিতে আছে 'সমিদ্ধ অর্থাৎ প্রদীপ্ত অগ্নি যেরূপ কাষ্ঠরাশিকে [ভস্মসাৎ করে, তদ্রূপ জ্ঞানাগ্নিও সমস্ত কর্ম্মকে ভস্মসাৎ করিয়া ফেলে]' ইত্যাদি। যে সমস্ত পুণ্য ও পাপের ফলে এই বর্ত্তমান দেহ আরব্ধ হইয়াছে, কেবল সেই সমুদয় পুণ্য ও পাপেরই উপভোগ দ্বারা ক্ষয় হয়। অতএব বুঝিতে হইবে, ব্রহ্মবিদের সহিত কর্ম্মের কোনও সম্বন্ধ নাই (১) ॥ ৩১২ ॥ ২২ ॥

তদেতদৃচাভ্যুক্তম্—এষ নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন বর্দ্ধতে কর্ম্মণা নো কনীয়ান্। তস্যৈব স্যাৎ পদবিৎ তং বিদিত্বা ন লিপ্যতে কর্ম্মণা পাপকেনেতি তস্মাদেবংবিচ্ছান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যতি সর্ব্বমাত্মানং পশ্যতি; নৈনং পাপ্মা তরতি সর্ব্বং পাপ্মানং তরতি, নৈনং পাপ্মা তপতি সর্ব্বং পাপ্মানং তপতি, বিপাপো বিরজোঽবিচিকিৎসো ব্রাহ্মণো ভবত্যেষ ব্রহ্মলোকঃ সম্রাড়েনং প্রাপিতোঽসীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ সোঽহং ভগবতে বিদেহান্ দদামি মাঞ্চাপি সহ দাস্যায়েতি ॥ ৩১৩ ॥ ২৩ ॥

সম্বন্ধলার্থঃ। তৎ এতৎ (তত্ত্বং) ঋচা (মন্ত্রেণ, ন কেবলং ব্রাহ্মণেন মন্ত্রেণাপি) অভ্যুক্তম্ (প্রকাশিতম্। মন্ত্রেণ ব্রাহ্মণার্থো দৃঢ়ীক্রিয়তে, মন্ত্র-

---

(১) তাৎপর্য্য—কর্ম্ম তিন প্রকার, সঞ্চিত, প্রারব্ধ ও আগামী বা ক্রিয়মাণ। যাহা পূর্ব্ব পূর্ব্ব জন্মে অনুষ্ঠিত হইয়া ফল প্রদানের জন্য উপযুক্ত অবসর প্রতীক্ষা করিতেছে, তাহা সঞ্চিত কর্ম্ম যে কর্ম্মের ফলভোগের জন্য বর্ত্তমান দেহ উৎপন্ন হইয়াছে, তাহা প্রারব্ধ; আর বর্ত্তমান দেহে যে সমস্ত কর্ম্ম করা হইতেছে ও হইবে, সে সমস্ত কর্ম্ম আগামী ও ক্রিয়মাণ। তন্মধ্যে আত্মজ্ঞানোদয়ে সঞ্চিত কর্ম্ম নিষ্ফল বা দগ্ধ হয়; আগামী কর্ম্ম জ্ঞানীকে স্পর্শ করিতে পারে না; কেবল প্রারব্ধ। কর্ম্মই তখন বিদ্যমান থাকিয়া উপযুক্ত ফল প্রদান করিতে থাকে। ভোগ ব্যতীত প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হয় না। "নাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপি অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্।"

ব্রাহ্মণয়োরেকার্থপরত্বাদিতি ভাবঃ),—ব্রাহ্মণস্য (ব্রহ্মবিদঃ) এষঃ (সর্ব্বসংসারধর্ম্ম-বৈলক্ষণ্যরূপঃ) মহিমা (স্বভাবঃ) নিত্যঃ (উৎপত্তি-বিনাশ-বর্জ্জিতঃ); [অতএব] কর্ম্মণা ন বর্দ্ধতে (বৃদ্ধিং ন প্রাপ্নোতি), নো (ন) কনীয়ান্ (অল্পতরঃ বা) [ভবতি]। [অতএব] তস্য (মহিম্নঃ) এব পদবিৎ (পদ্যতে গম্যতে ইতি পদম্—মহিম্নঃ স্বরূপম্, তৎ বেত্তীতি পদবিৎ) স্যাৎ (ভবেৎ); [স চ] তং (মহিমানম্) বিদিত্বা (সম্যক্ জ্ঞাত্বা) পাপকেন (পুণ্য-পাপরূপেণ) কর্ম্মণা ন লিপ্যতে (ন সম্বধ্যতে) ইতি। তস্মাৎ (আত্মমহিম্নঃ কর্ম্মসম্বন্ধাতীতত্বাৎ) এবংবিৎ (আত্মমহিম্নঃ যথোক্ত-স্বরূপজ্ঞঃ) শান্তঃ (বহিরিন্দ্রিয়-ব্যাপারাৎ নিবৃত্তঃ), দান্তঃ (অন্তঃকরণগত-বাসনাভ্যো বিরতঃ), [কেচিত্তু শান্তঃ—নিগৃহীতান্তঃকরণঃ, দান্তঃ—বহি-রিন্দ্রিয়বিজয়ী ইতি ব্যাচক্ষতে], উপরতঃ (সর্ব্ববাসনাবিনিবৃত্তঃ), তিতিক্ষুঃ (শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুঃ), সমাহিতঃ (একাগ্রচিত্তঃ) ভূত্বা আত্মনি (স্বশরীরে) আত্মানং (সচ্চিদানন্দঘনং) পশ্যতি; সর্ব্বং (সমস্তং বস্তু) আত্মানং (আত্মনোঽব্যতিরিক্তং পশ্যতি, আত্মব্যতিরেকেণ ন কিঞ্চিৎ পশ্যতীত্যর্থঃ)। পাপ্মা (পাপং) এনং (আত্মজ্ঞং) ন তরতি (প্রাপ্নোতি), [এষঃ] সর্ব্বং পাপ্মানং তরতি (অতিক্রামতি); পাপ্মা এনং ন তপতি, [এষঃ] সর্ব্বং পাপ্মানং তপতি (পীড়য়তি); [এষঃ] বিপাপঃ (বিগতপাপ পুণ্যঃ), বিরজঃ (বিগতকামঃ), অবিচিকিৎসঃ (সর্ব্বত্র নিঃসংশয়ঃ) ব্রাহ্মণঃ (ব্রহ্ম-নিষ্ঠঃ) ভবতি; এষঃ (যথোক্তলক্ষণঃ আত্মা) ব্রহ্মলোকঃ (ব্রহ্মৈব লোকঃ প্রাপ্যঃ)। হে সম্রাট্, [ত্বম্] এনং (ব্রহ্মলোকং) প্রাপিতঃ (ময়া গমিতঃ) অসি ইতি হ (ঐতিহ্যে) যাজ্ঞবল্ক্যঃ উবাচ (উক্তবান্)। [অনন্তরং জনক উবাচ—] সঃ (ভবতা এবং ব্রহ্ম প্রাপিতঃ) অহং ভগবতে (পূজনীয়ায় তুভ্যং) বিদেহান্ (বিদেহনামকং জনপদং) দদামি, মাং চ (মাম্ অপি) দাস্যায় (দাসকর্ম্ম-করণায়) সহ (বিদেহৈঃ সার্দ্ধম্) [দদামি ইতি শেষঃ] ॥৩১৩॥২৩॥

মূলানুবাদ। এখানে যাহা বলা হইল, মন্ত্রেও ঠিক তাহাই উক্ত হইয়াছে,—ব্রাহ্মণের (ব্রহ্মবিদ্ পুরুষের) উক্তপ্রকার মহিমা বা সম্পদ্ নিত্য—উদয়াস্তবর্জ্জিত; এই মহিমা কর্ম্মানুষ্ঠান দ্বারা বৃদ্ধি পায় না, কোন কর্ম্ম দ্বারা হ্রাসও পায় না; [অতএব] এই মহিমারই স্বরূপ অবগত হইবে; এই মহিমার তত্ত্ববিদ্ পুরুষ এই মহিমা

উত্তমরূপে অবগত হইলে পর, সে কোনও পাপ পুণ্য কর্ম্ম দ্বারা লিপ্ত (সংস্পৃষ্ট) হয় না। অতএব, এবম্বিধ মহিমজ্ঞ পুরুষ শান্ত (হস্ত পদাদি ইন্দ্রিয়সংযমী), দান্ত (অন্তঃকরণজয়ী) উপরত (বিষয়াভিলাষ হইতে নিবৃত্ত) তিতিক্ষু (শীতোষ্ণাদি দ্বন্দ্বসহিষ্ণু), এবং সমাহিত (একাগ্রচিত্ত) হইয়া এই শরীরেই আত্ম দর্শন করেন; কারণ, তিনি সমস্তই আত্মস্বরূপে দর্শন করেন, পাপ বা পুণ্য তাঁহাকে প্রাপ্ত হয় না; পরন্তু তিনি সমস্ত পাপ অতিক্রম করেন; কোন পাপকর্ম্ম তাঁহাকে তাপ দেয় না; পরন্তু তিনি পাপকে তাপ দিয়া থাকেন। ব্রাহ্মণ (ব্রহ্মবিদ্ পুরুষ) পাপপুণ্য শূন্য, এবং রজোগুণের ফল কামনা বর্জ্জিত হন। ইহাই ব্রহ্মলোক (যাহা ব্রহ্ম, তাহাই লোক); যাজ্ঞবল্ক্য বলিলেন, হে সম্রাট্, আমার সাহায্যে তুমি এই ব্রহ্মলোক লাভ করিয়াছ। [জনক একথা শুনিয়া বলিলেন—] আপনার নিকট লব্ধবিত্ত আমি পূজনীয় আপনাকে সমস্ত বিদেহ দেশ দান করিতেছি, এবং দাসকর্ম্ম করিবার নিমিত্ত আমাকেও ইহার সহিত প্রদান করিতেছি ॥ ৩১৩ ॥ ২৩ ॥

শাঙ্করভাষ্যম্। তদেতদ্বস্তু ব্রাহ্মণেনোক্তম্ ঋচা মন্ত্রেণ অভ্যুক্তং প্রকাশিতম্। এষঃ নেতিনেত্যাদিলক্ষণঃ নিত্যো মহিমা; অন্যে তু মহিমানঃ কর্ম্মকৃতা ইত্যনিত্যাঃ; অয়ন্তু নেতিনেত্যাদিলক্ষণো মহিমা স্বাভাবিকত্বান্নিত্যঃ ব্রহ্মবিদো ব্রাহ্মণস্য ত্যক্তসর্ব্বৈষণস্য। কুতোঽস্য নিত্যত্বমিতি হেতুমাহ—কর্ম্মণা ন বর্দ্ধতে শুভলক্ষণেন কৃতেন বৃদ্ধিলক্ষণাং বিক্রিয়াং ন প্রাপ্নোতি; অশুভেন কর্ম্মণা নো কনীয়ান্ নাপি অপক্ষয়লক্ষণাং বিক্রিয়াং প্রাপ্নোতি। উপচয়াপচয়হেতুভূতা এব হি সর্ব্বা বিক্রিয়া ইত্যেতাভ্যাং প্রতিষিধ্যন্তে; অতোঽবিক্রিয়ত্বাৎ নিত্য এষ মহিমা। ১

তস্মাৎ তস্যৈব মহিম্নঃ, স্যাৎ ভবেৎ, পদবিৎ—পদস্য বেত্তা, পদ্যতে গম্যতে জ্ঞায়ত ইতি মহিম্নঃ স্বরূপমেব পদম্, তস্য পদস্য বেদিতা। কিং তৎপদবেদনেন স্যাদিত্যুচ্যতে—তং বিদিত্বা মহিমানম্, ন লিপ্যতে ন সম্বধ্যতে কর্ম্মণা পাপকেন ধর্ম্মাধর্ম্মলক্ষণেন; উভয়মপি পাপকমেব বিদুষঃ। ২

যস্মাদেবমকর্ম্মসম্বন্ধ্যেষ ব্রাহ্মণস্য মহিমা নেতি নেত্যাদিলক্ষণঃ, তস্মাদেবংবিৎ শান্তঃ বাহ্যেন্দ্রিয়ব্যাপারত উপশান্তঃ; তথা দান্তঃ অন্তঃকরণতৃষ্ণাতো নিবৃত্তঃ, উপরতঃ সর্বৈষণাবিনির্ম্মুক্তঃ সন্ন্যাসী, তিতিক্ষুঃ দ্বন্দ্বসহিষ্ণুঃ, সমাহিতঃ ইন্দ্রিয়ান্তঃকরণচলনরূপাদ্ব্যাবৃত্ত্যা ঐকাগ্র্যরূপেণ সমাহিতো ভূত্বা; তদেতদুক্তং পুরস্তাৎ "বাল্যঞ্চ পাণ্ডিত্যঞ্চ নির্বিদ্য" ইতি; আত্মন্যেব স্বে কার্য্যকরণসঙ্ঘাতে আত্মানং প্রত্যক্‌চেতয়িতারং পশ্যতি। তত্র কিং তাবন্মাত্রপরিচ্ছিন্নম্? নেত্যুচ্যতে—সর্ব্বং সমস্তম্ আত্মানমেব পশ্যতি, নান্যদাত্মব্যতিরিক্তং বালাগ্রমাত্রমপ্যস্তীত্যেবং পশ্যতি। মননান্মুনির্ভবতি জাগ্রৎস্বপ্নসুষুপ্তাখ্যং স্থানত্রয়ং হিত্বা। ৩

এবং পশ্যন্তং ব্রাহ্মণং নৈনং পাপ্মা পুণ্যপাপলক্ষণস্তরতি ন প্রাপ্নোতি। অয়ন্তু ব্রহ্মবিৎ সর্ব্বং পাপ্মানং তরতি আত্মভাবেনৈব ব্যাপ্নোতি অতিক্রামতি; নৈনং পাপ্মা কৃতাকৃতলক্ষণস্তপতি ইষ্টফল-প্রত্যবায়োৎপাদনাভ্যাম্; সর্ব্বং পাপ্মানময়ং তপতি, ব্রহ্মবিৎ সর্ব্বাত্মদর্শনবহ্নিনা ভস্মীকরোতি। স এব এবংবিৎ বিপাপো বিগতধর্ম্মাধর্ম্মঃ; বিরজঃ বিগতরজঃ—রজঃ কামঃ বিগতকামঃ। অবিচিকিৎসশ্ছিন্নসংশয়ঃ, অহমস্মি সর্ব্বাত্মা পরং ব্রহ্মেতি নিশ্চিতমতিঃ ব্রাহ্মণো ভবতি। ৪

অয়ন্তু এবম্ভূতঃ এতস্যামবস্থায়াং মুখ্যো ব্রাহ্মণঃ, প্রাগেতস্মাৎ ব্রহ্মস্বরূপাবস্থানাদ্‌গৌণমস্য ব্রাহ্মণ্যম্। এষ ব্রহ্মলোকঃ—ব্রহ্মৈব লোকঃ ব্রহ্মলোকঃ মুখ্যো নিরুপচরিতঃ সর্ব্বাত্মভাবলক্ষণঃ। হে সম্রাট্, এনং ব্রহ্মলোকং পরিপ্রাপিতোঽসি অভয়ং নেতি নেত্যাদিলক্ষণম্ ইতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ।

এবং ব্রহ্মভূতো জনকঃ যাজ্ঞবল্ক্যেন ব্রহ্মভাবমাপাদিতঃ প্রত্যাহ—সোঽহং ত্বয়া ব্রহ্মভাবমাপাদিতঃ সন্, ভগবতে তুভ্যং বিদেহান্ দেশান্ মম রাজ্যং সমস্তং দদামি, মাং চ সহ বিদেহৈর্দ্দাস্যায় দাসকর্ম্মণে দদামীতি চ-শব্দাৎ সম্বধ্যতে। ৫

পরিসমাপিতা ব্রহ্মবিদ্যা সহ সন্ন্যাসেন সাঙ্গা সেতিকর্ত্তব্যতাকা। পরিসমাপ্তঃ পরমপুরুষার্থঃ। এতাবৎ পুরুষেণ কর্ত্তব্যম্, এষা নিষ্ঠা, এষা পরা গতিঃ, এতন্নিঃশ্রেয়সম্, এতৎ প্রাপ্য কৃতকৃত্যো ব্রাহ্মণো ভবতি, এতৎ সর্ব্ববেদানুশাসনমিতি ॥৩১৩॥২৩॥

টীকা। উক্তে বিদ্যাফলে মন্ত্রং সংবাদয়তি—তদেতদিতি। এষ নিত্যো মহিমেত্যত্র নিত্যত্বমুপপাদয়তি—অনেনেতি। তদিলক্ষণমকর্ম্মকৃতত্বম্। অকর্ম্মকৃতো মহিমা

স্বাভাবিকত্বান্নিত্য ইত্যত্রাকর্মকৃতত্বেন স্বাভাবিকত্বমসিদ্ধমিত্যাশঙ্ক্যাহ—কুতো২স্যেতি। বৃদ্ধিরপক্ষয়শ্চেতি বিক্রিয়াদ্বয়াভাবে২পি বিক্রিয়ান্তরাণি ভবিষ্যন্তীত্যাশঙ্ক্যাহ—উপচয়েতি। এতাভ্যাং নিষেধাভ্যামিতি যাবৎ। আত্মনঃ সর্ব্ববিক্রিয়ারাহিত্যে ফলিতমাহ—অত ইতি। ১

তত্ত নিত্যত্বে২পি কিং, তদাহ—তস্মাদিতি। অধর্ম্মলক্ষণেনেতি বক্তব্যে কিমিদং ধর্ম্মাধর্ম্মলক্ষণেনেত্যুক্তমত আহ -উভয়মপীতি। সংসারহেতুত্বাবিশেষাদিত্যর্থঃ। ২

তস্মাদিত্যাদিবাক্যং ব্যাচষ্টে—যস্মাদিতি। এবংবিদাত্মা কর্ম্মতৎফলসংবন্ধশূন্য ইত্যাপাততো জানন্নিত্যর্থঃ। বিশেষণাভ্যামুৎসর্গতো বিহিতশ্রোতব্যবিধকরণব্যাপারোপরমস্ত যাবজ্জীবাদিশ্রুতিবিহিতঃ কর্ম্মাপবাদস্তস্মাদ্বিরক্তস্যাপি ন নিত্যাদিত্যাগঃ। 'উৎসর্গস্যাপবাদেন বাধঃ কস্ত ন সংমতঃ' ইত্যাদিন্যায়াদিত্যাশঙ্ক্যাহ—উপরত ইতি। জীবনমিষ্টেনব্যতিরিক্তশীতাদিনহিষ্ণুত্বং তিতিক্ষুত্বম্। যত্র কর্তুঃ স্বাতন্ত্র্যং, তেষাং কর্ম্মণাং নিবৃত্তিঃ শমাদিপদৈরুক্তা। যত্র তু সম্যক্জীবিরোধিনি নিদ্রালস্যাদৌ পুংসো ন স্বাতন্ত্র্যং, তন্নিবৃত্তিঃ সমাধানম্। সমাহিতো ভূত্বা পশ্যতীতি সংবন্ধঃ। পশ্যতীতি বর্ত্তমানাপদেশাৎ কথং বিশেষণেষু সংক্রামিতো বিধিরিত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। ৩

যথোক্তৈঃ সাধনৈরুদিতায়াং বিদ্যায়াং কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—এবমিতি। তত্র পুণ্যাপাপাসংস্পর্শে হেতুমাহ—অয়ং হীতি। ইতশ্চ বিদুষো ন কর্ম্মসংবন্ধো২স্তীত্যাহ—নৈনমিতি। কিমিতি পাপ্মা ব্রহ্মবিদং ন তপতীত্যাশঙ্ক্যাহ—সর্ব্বমিতি। ৪

কথং ব্রাহ্মণো ভবতীত্যপূর্ব্ববদুচ্যতে, প্রাগপি ব্রাহ্মণ্যস্য সত্ত্বাদিত্যাশঙ্ক্যাহ—অয়ং হীতি। মুখ্যত্বমবাধিতত্বম্। সকলাং বিদ্যাং মন্ত্রব্রাহ্মণাভ্যামুপদিশ্যোপসংহরতি—এষ ইতি। তত্র কর্ম্মধারয়সমাসং সূচয়তি—ব্রহ্মৈবেতি। তথাবিধসমাসপরিগ্রহে প্রকরণমনুগ্রাহকমভিপ্রেত্যাহ—মুখ্য ইতি। তথাপি কিং মম সিদ্ধমিতি তদাহ—এনমিতি। ৫

আত্মীয়ং বিদ্যালাভং স্তোতয়িতুং রাজ্ঞো বচনমিত্যাহ-এবমিতি। সতি বক্তব্যশেষে কথমিথং রাজ্ঞো বচনমিত্যাশঙ্ক্যাহ—পরিসমাপিতেতি। তথাপি পরমপুরুষার্থস্য বক্তব্যত্বমিত্যাশঙ্ক্যাহ—পরিসমাপ্ত ইতি। কর্ত্তব্যান্তরং বক্তব্যমস্তীত্যাশঙ্ক্যাহ—এতাবদিতি। তথাপি যত্র নিষ্ঠা কর্ত্তব্যা, তদাচ্যমিত্যাশঙ্ক্যাহ—এষেতি। তথাপি পরমা নিষ্ঠা২ন্যা২স্তীতি চেন্নেত্যাহ—এষেতি। নিশ্চিতং শ্রেয়ো২ন্যদস্তীত্যাশঙ্ক্যাহ—এতদিতি। তথাপি কৃতকৃত্যতয়া মুখ্যব্রাহ্মণ্যসিদ্ধ্যর্থং বক্তব্যান্তরমস্তীত্যাশঙ্ক্যাহ—এতৎ প্রাপ্যেতি। কিমস্যাং প্রতিজ্ঞাপরম্পরায়াং নিয়ামকমিত্যাশঙ্ক্যাহ—এতদিতি। নিরুপাধিকব্রহ্মজ্ঞানাৎ কৈবল্যমিতি পরমিতুমিতিশব্দঃ।৩।৩।২৩।

ভাষ্যানুবাদ। ব্রাহ্মণভাগোক্ত এই বিষয়টী ঋক্ মন্ত্রেও উক্ত হইয়াছে। এই যে, নেতি নেতি ইত্যাদি রূপে উক্ত মহিমা, [ইহা নিত্য ;] অন্য যে সমস্ত মহিমা, সে সমস্তই কর্ম্মকৃত (ক্রিয়ানিষ্পন্ন), এই জন্য অনিত্য ;

কিন্তু ব্রহ্মবিদের—সমস্ত বাসনা-বিনির্ম্মুক্ত ব্রাহ্মণের এই মহিমা তাহা হইতে সম্পূর্ণ অন্যরূপ ; ইহা আত্মার স্বভাবসিদ্ধ, এই জন্য নিত্য। কি কারণে যে ইহার নিত্যতা, তাহা নির্দ্দেশ করিতেছেন—ইহা কর্ম্ম দ্বারা বৃদ্ধি পায় না, অর্থাৎ অনুষ্ঠিত শুভকর্ম্ম দ্বারা বৃদ্ধিরূপ বিকার লাভ করে না। এখানে বৃদ্ধি ও ক্ষয়ের নিষেধেই উপচয় ও অপচয়ের হেতুভূত অন্য সমস্ত বিকারও নিষিদ্ধ হইতেছে; অতএব অবিক্রিয়ত্ব নিবন্ধনই এই মহিমা নিত্য। ১

অতএব সেই মহিমারই পদবিৎ (স্বরূপাভিজ্ঞ) হইবে। পদবিদ্ অর্থ পদ-জ্ঞাতা ; যাহা লাভ করা যায় অর্থাৎ জ্ঞানের বিষয়ীভূত করা হয়, তাহা পদ—মহিমার যথার্থ স্বরূপ ; সেই পদবিজ্ঞাতা পুরুষই পদবিদ্। সেই পদ-জ্ঞানে কি ফল হয়, তাহা বলা হইতেছে—সেই মহিমা অবগত হইলে পাপ-কর্ম্ম দ্বারা—ধর্ম্মাধর্ম্ম দ্বারা লিপ্ত—সম্বদ্ধ হয় না। এখানে 'পাপ' শব্দে ধর্ম্মাধর্ম্ম দুইই বুঝিতে হইবে ; কারণ, জ্ঞানীর পক্ষে উভয়ই তুল্য। ২

যে হেতু ব্রাহ্মণের 'নেতি নেতি' ইত্যাদি রূপ মহিমা কোন কর্ম্ম দ্বারাই সম্বদ্ধ নহে, সেই হেতু যথোক্তপ্রকার মহিমাভিজ্ঞ পুরুষ শান্ত—বহিরিন্দ্রিয়ের ব্যাপার হইতে বিরত, এবং দান্ত—অন্তঃকরণগত তৃষ্ণা বা ভোগাভিলাষ হইতে নিবৃত্ত, উপরত—সর্ব্ব কামনা হইতে বিরত—সন্ন্যাসী, তিতিক্ষু—শীতোষ্ণাদি দ্বন্দ্বসহিষ্ণু, এবং সমাহিত অর্থাৎ ইন্দ্রিয় ও অন্তঃকরণের চাঞ্চল্য নিবৃত্তিরূপ একাগ্রতা দ্বারা সমাধিসম্পন্ন হইয়া,—পূর্ব্বেও উক্ত হইয়াছে যে 'বাল্য ও পাণ্ডিত্য পরিসমাপ্ত করিয়া, অথবা তাহা হইতে বিরক্ত হইয়া' ইত্যাদি ; আত্মাতেই—স্বীয় দেহেন্দ্রিয়-সঙ্ঘাতের মধ্যেই আত্মাকে—প্রত্যক্ চেতনকে দর্শন করিয়া থাকেন। তবে কি কেবল দেহমাত্র পরিচ্ছিন্নই দর্শন করেন ? না—সমস্তই আত্মস্বরূপে দর্শন করেন ; অর্থাৎ আত্মাতিরিক্ত কেশের অগ্রভাগটুকুও নাই—এইরূপে দর্শন করেন। ঐরূপ মনন বা চিন্তার ফলে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিন অবস্থা অতিক্রম করিয়া তখন মুনি হন। ৩

এইরূপ দর্শনশীল ব্রাহ্মণকে কোন পাপ—ধর্ম্ম ও অধর্ম্ম স্পর্শ করে না ; এই ব্রহ্মবিদ্ পুরুষ সমস্ত পাপ উত্তীর্ণ হন, অর্থাৎ আত্মভাবে অবস্থিতির ফলেই সমস্ত পাপ অতিক্রম করেন। বিহিত কর্ম্মের অনুষ্ঠান ও অননুষ্ঠান-রূপ পুণ্য-পাপও ইহাকে ইষ্ট ফল প্রদান ও প্রত্যবায় উৎপাদন দ্বারা সন্তাপ দেয় না ; পরন্তু এই ব্রহ্মবিদ্‌ই সমস্ত পাপকে তাপ দেন, অর্থাৎ সর্ব্বত্র

আত্মভাব দর্শনরূপ বহ্নি দ্বারা সমস্ত পাপ ভস্মীভূত করিয়া ফেলেন। এবম্বিধ জ্ঞানসম্পন্ন পুরুষ বিপাপ ধর্ম্মাধর্ম্ম রহিত, বিরজ—'রজ' অর্থ কাম, তদ্রহিত অর্থাৎ নিষ্কাম, অবিচিকিৎস—ছিন্নসংশয় (কোন বিষয়ে যাহার সংশয় থাকে না), অর্থাৎ আমি হইতেছি সর্ব্বাত্মা পরব্রহ্মস্বরূপ, এইপ্রকার নিশ্চিতমতি যথার্থ ব্রাহ্মণ হন—এবম্ভূত এই ব্রাহ্মণই এই অবস্থায় যথার্থ ব্রাহ্মণ হন। এইপ্রকার ব্রহ্মাত্মভাবে অবস্থিতির পূর্ব্বে যে, ইহার ব্রাহ্মণত্ব, তাহা মুখ্য নহে—গৌণ। ৪

ইহাই ব্রহ্মলোক; এখানে ব্রহ্ম ও লোক পৃথক্ পদার্থ নহে, ব্রহ্মই প্রাপ্য বলিয়া 'লোক'-শব্দবাচ্য; গৌণার্থসম্বন্ধশূন্য এই ভাবই যথার্থ ব্রহ্মলোক; [অন্য অর্থে 'ব্রহ্মলোক' শব্দ গৌণ]। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্ (জনক), [তুমি] সর্ব্বনিষেধের পর্য্যন্ত ভূমি এই অভয় ব্রহ্মলোক প্রাপিত হইয়াছ। জনক এই প্রকারে ব্রহ্মভাবাপন্ন হইয়া—যাজ্ঞবল্ক্যকর্ত্তৃক ব্রহ্মভাব প্রাপিত হইয়া বলিলেন—[ভগবন্,] পূজনীয় আপনাকে এই বিদেহ দেশ অর্থাৎ আমার সমস্ত রাজ্য দান করিতেছি, এবং দাস্য কর্ম্ম করিবার জন্য রাজ্যের সহিত আমাকেও দান করিতেছি ৫

সন্ন্যাসের সহিত সম্পূর্ণ ব্রহ্মবিদ্যা এবং তাহার অঙ্গ ও ইতিকর্ত্তব্যতার (ব্রহ্ম লাভের জন্য পূর্ব্বাপর কর্ত্তব্য প্রণালীর) কথা এখানে সমাপ্ত করা হইল; এবং পরম পুরুষার্থের কথাও এই বলিয়া সমাপ্ত করা হইল যে, পুরুষের এই পর্য্যন্তই কর্ত্তব্য, ইহাই নিষ্ঠা (চরম অবস্থা), ইহাই জীবের পরমা গতি, এবং ইহাই পরম মঙ্গল—ব্রাহ্মণ এই নিঃশ্রেয়স লাভ করিয়াই কৃতকৃত্য হয়, ইহাই সমস্ত বেদের উপদেশ ॥৩।৩॥২৩॥

স বা এষ মহানজ আত্মান্নাদো বসুদানো বিন্দতে বসু য এবং বেদ ॥ ৩১৪॥২৪ ॥

অন্বয়ার্থঃ। উক্তমেবার্থং পুনঃ সংক্ষেপেণাহ—'স বৈ' ইত্যাদিনা। সঃ (জনক-যাজ্ঞবল্ক্যাখ্যায়িকায়াং বর্ণিতঃ) এষঃ (প্রকৃতঃ) আত্মা মহান্ অজঃ (জন্মরহিতঃ) অন্নাদঃ (সর্ব্বেষাং ভূতানাম্ অন্তঃস্থঃ সন্ অন্নাংশভোক্তা), বসুদানঃ প্রাণিনাং কর্ম্মফলরূপ-ধনদাতা); যঃ (উপাসকঃ) এবং (যথোক্ত-গুণযুক্ততয়া আত্মানং) বেদ (জানাতি), [সঃ] বসু (স্বকর্ম্মফলং) [সর্ব্বময়ং চ] বিন্দতে (লভতে) ॥ ৩১৪ ॥ ২৪

মূলানুবাদ। [জনক-যাজ্ঞবল্ক্যসংবাদে, যে আত্মার কথা বলা হইয়াছে,] সেই এই আত্মা মহান্ (সর্ব্বব্যাপী), অজ (জন্ম-রহিত), সর্ব্বভূতে অবস্থান করিয়া অন্ন ভোগ করেন, এবং প্রাণি-গণের কর্ম্মফলরূপ ধন প্রদান করিয়া থাকেন। যে লোক এই সমস্ত গুণযুক্ত আত্মার উপাসনা করে, সে লোকও অন্নভোক্তা হয়, এবং বসুদ অর্থাৎ ধনদাতা হয় ॥ ৩১৪ ॥ ২৪ ॥

শাঙ্করভাষ্যম্। যোঽয়ং জনক-যাজ্ঞবল্ক্যাখ্যায়িকায়াং ব্যাখ্যাত আত্মা, স বৈ এবঃ মহান্ অজঃ আত্মা অন্নাদঃ—সর্ব্বভূতস্থঃ সর্ব্বান্নানামত্তা, বসুদানঃ বসু ধনং সর্ব্বপ্রাণিকর্ম্মফলম্, তস্য দাতা, প্রাণিনাং যথাকর্ম্ম ফলেন যোজয়িতেত্যর্থঃ। তমেতম্ অজমন্নাদং বসুদানমাত্মানম্ অন্নাদ-বসুদান-গুণাভ্যাং যুক্তং যো বেদ, সঃ সর্ব্বভূতেষাত্মভূতঃ অন্নমত্তি বিন্দতে চ বসু—সর্ব্বং কর্ম্মফলজাতং লভতে সর্ব্বাত্মত্বাদেব, য এবং যথোক্তং বেদ। অথবা দৃষ্টফলার্থিভিরপি এবংগুণ উপাস্যঃ; তেন অন্নাদো বসোশ্চ লব্ধা, দৃষ্টেনৈব ফলেন অন্নাত্ত্বেন গোশ্বাদিনা চাস্য যোগো ভবতীত্যর্থঃ ॥৩১৪॥২৪॥

টীকা। সংপ্রতি সোপাধিকব্রহ্মধ্যানাদভ্যুদয়ং দর্শয়তি—যোঽয়মিত্যাদিনা। ঈশ-রশ্চেৎ প্রাণিভ্যঃ কর্ম্মফলং দদাতি, তর্হি তস্য বৈষম্যনৈর্ঘৃণ্যে স্যাতামিত্যাশঙ্ক্যাহ—প্রাণিনা-মিতি। উপাস্যস্বরূপং দর্শয়িত্বা তদুপাসনং সফলং দর্শয়তি—তমেতমিতি। সর্ব্বাত্মত্ব-ফলমুপাসনমুক্ত্বা পক্ষান্তরমাহ—অথবেতি। দৃষ্টং ফলমন্নাত্ত্বং ধনলাভশ্চ। উক্তগুণক-মীশ্বরং ধ্যায়তঃ ফলমাহ—তেনেতি। তদেব ফলং স্পষ্টয়তি—দৃষ্টেনেতি। অন্না-ত্ত্বং দীপ্তাগ্নিত্বম্। ৩১৪।২৪।

ভাষ্যানুবাদ। জনক-যাজ্ঞবল্ক্য-সংবাদে, যে আত্মার স্বরূপ বর্ণিত হইয়াছে, সেই এই আত্মা মহান্ অজ, অন্নাদ অর্থাৎ সর্ব্বপ্রাণিতে অবস্থানপূর্ব্বক সর্ব্বান্নভোক্তা, এবং বসুদান—প্রাণিগণের কর্ম্মফলরূপ যে ধন, তাহার প্রদাতা, অর্থাৎ প্রাণিগণকে নিজনিজ কর্ম্মানুসারে ফলভাগী করেন। যে ব্যক্তি সেই এই অজ, অন্নাদ ও বসুদান আত্মাকে অন্নাদ ও বসুদাতৃত্বগুণযুক্তরূপে অবগত হয়, সে সর্ব্বভূতের আত্মস্বরূপ হইয়া অন্নভোগ করে, এবং সর্ব্বাত্মভাবাপন্ন বলিয়া সমস্ত কর্ম্মফলরাশি লাভ করে। অথবা যাহারা দৃষ্ট ফলার্থী—ইহ লোকেই ফল পাইতে ইচ্ছা করিয়া থাকে, তাহাদের পক্ষেও কথিত-গুণসম্পন্ন আত্মার উপাসনা করা আবশ্যক, এবং

সেইরূপ উপাসনার ফলে ইহলোকেই অন্নাদ ও বসুদ হয়, অর্থাৎ ঐহিক অন্নভোগ ও গো অশ্বাদি পশু ইহার আয়ত্ত হইয়া থাকে ॥ ৩১৪ ॥ ২৪ ॥

স বা এষ মহানজ আত্মাজরোঽমরোঽমৃতোঽভয়ো ব্রহ্মাভয়ং বৈ ব্রহ্মাভয়ংহি বৈ ব্রহ্ম ভবতি, য এবং বেদ ॥ ৩১৫ ॥ ২৫ ॥

ইতি চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ॥

সরলার্থঃ। অপিচ, স বৈ এষঃ মহান্ অজঃ আত্মা অজরঃ (জরারহিতঃ), অমরঃ (মরণবর্জ্জিতঃ) [অতএব] অমৃতঃ (নিত্যঃ), অভয়ঃ (দ্বৈতজ্ঞানাধীন-ভয়রহিতঃ), ব্রহ্ম (পরমং মহৎ), বৈ (প্রসিদ্ধৌ); ব্রহ্ম অভয়ম্ (ইতি প্রসিদ্ধম্,)। যঃ (এবং যথোক্তগুণযোগেন) বেদ (আত্মান্ জানাতি), [সঃ] অভয়ং ব্রহ্ম বৈ (এব) ভবতি ॥ ৩১৫ ॥ ২৪ ॥

ইতি চতুর্থে চতুর্থং ব্রাহ্মণং সমাপ্তম্ ॥ ৪ ॥ ৪ ॥

মূলানুবাদ। অপিচ, সেই এই মহান্ অজ আত্মা জরারহিত, মরণবর্জ্জিত, অতএব অমৃত (অবিনাশী নিত্য), এবং অভয় (দ্বৈতভয়শূন্য) ব্রহ্ম ; ব্রহ্ম যে অভয়, ইহা প্রসিদ্ধ কথা। যে ব্যক্তি এইরূপ গুণযুক্ত আত্মাকে জানে, সে নিজেও অভয় ব্রহ্ম হয় ॥ ৩১৫ ॥ ২ ॥

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণের অনুবাদ ॥ ৪ ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্। ইদানীং সমস্তস্যৈবারণ্যকস্য যোঽর্থ উক্তঃ, স সমুচ্চিত্যাস্যাং কণ্ডিকায়াং নির্দ্দিশ্যতে, এতাবান্ সমস্তারণ্যকার্থ ইতি। স বা এষ মহানজ আত্মা অজরঃ ন জীর্য্যতে ইতি, ন বিপরিণমত ইত্যর্থঃ; অমরঃ—যস্মাৎ চ অজরঃ, তস্মাদমরঃ, ন ম্রিয়ত ইত্যমরঃ; যো হি জায়তে জীর্য্যতে চ, স বিনশ্যতি ম্রিয়তে বা; অয়ং তু অজত্বাদজরত্বাৎ চ অবিনাশী যতঃ, অত এব অমৃতঃ। যস্মাৎ জনিমৃতিপ্রভৃতিভিস্ত্রিভিস্ত্রিভির্ভাববিকারৈর্বর্জ্জিতঃ, তস্মাদিতরৈরপি ভাববিকারৈস্ত্রিভিঃ তৎকৃতৈশ্চ কাম-কর্ম্ম-মোহাদিভির্মৃত্যুরূপৈঃ বর্জ্জিত ইত্যেতৎ; অভয়ঃ অত এব। যস্মাৎ চৈবং পূর্ব্বোক্তবিশেষণঃ, তস্মাদ্ভয়বর্জ্জিতঃ; ভয়ং হি নাম অবিদ্যাকার্য্যম্, তৎকার্য্যপ্রতিষেধেন ভাববিকারপ্রতিষেধেন চাবিদ্যায়াঃ প্রতিষেধঃ সিদ্ধো বেদিতব্যঃ।

অতর আত্মা, এবংগুণবিশিষ্টঃ কিমসৌ? ব্রহ্ম পরিবৃঢ়ং নিরতিশয়ং মহদিত্যর্থঃ। অভয়ং বৈ ব্রহ্ম; প্রসিদ্ধমেতল্লোকে অভয়ং ব্রহ্মেতি; তস্মাদ্ যুক্তমেবংগুণবিশিষ্ট আত্মা ব্রহ্মেতি। য এবং যথোক্তমাত্মানমভয়ং ব্রহ্ম বেদ, সঃ অভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি। ১

এষ সর্বস্যা উপনিষদঃ সংক্ষিপ্তোঽর্থ উক্তঃ। এতস্যৈবার্থস্য সম্যক্ প্রবোধায় উৎপত্তি-স্থিতি-প্রলয়াদিকল্পনা ক্রিয়া-কারক-ফলাধ্যারোপণা চাত্মনি কৃতা; তদপোহেন চ নেতিনেতী[illegible]পসংহারেণ পুনস্তত্ত্বমাবেদিতম্। যথা একপ্রভৃত্যাপরার্দ্ধ[illegible]য় রেখাধ্যা-রোপণং কৃত্বা—একেয়ং রেখা, দশেয়ম্, শতে[illegible] ইতি গ্রাহয়তি—অবগময়তি সংখ্যাস্বরূপং কেবলম্,—ন তু সংখ্যায়া রেখাত্মত্বমেব; যথা চ অকারাদীন্যক্ষরাণি বিজিগ্রাহয়িষুঃ পত্র-মসী-রেখাদিসংযোগোপায়মাস্থায় বর্ণানাং সতত্ত্বমাবেদয়তি, ন পত্রমস্যাদ্যাত্মতামক্ষরাণাং গ্রাহয়তি; তথা চেহ উৎপত্ত্যাদ্য-নেকোপায়মাস্থায়ৈকং ব্রহ্মতত্ত্বমাবেদিতম্, পুনস্তৎকল্পিতোপায়জনিত-বিশেষ-পরিশোধনার্থং নেতি নেতীতি তত্ত্বোপসংহারঃ কৃতঃ। তদুপসংহৃতং পুনঃ পরিশুদ্ধং কেবলমেব সফলং জ্ঞানমন্তেঽস্যাং কণ্ডিকায়ামিতি ॥ ৩১৫ ॥ ২৫ ॥

ইতি বৃহদারণ্যক-ভাষ্যে চতুর্থাধ্যায়স্য চতুর্থম্ ব্রাহ্মণম্ ॥ ৪ ॥ ৪ ॥

টীকা। নিরুপাধিকব্রহ্মজ্ঞানান্ মুক্তিরুক্তা, সোপাধিকব্রহ্মজ্ঞানাৎ চাভ্যুদয় উক্তঃ, তথা চ কিমুত্তরকণ্ডিকয়েত্যাশঙ্ক্যাহ—ইদানীমিতি। অজরাচ্চাবিনাশীতি যত্নং চশব্দঃ। কথং জন্মজরাভাবয়োরমরত্বাবিনাশিত্বসাধকত্বং, তদাহ—যো হীতি। অয়ং তু অজত্বাদ-বিনাশ্যজরত্বাৎ চামরঃ, অমরত্বাৎ চাবিনাশীতি যোজনা। মরণযোগ্যত্বমুপজীব্য মরণকার্য্যা-ভাবং দর্শয়তি—অত এবেতি। জন্মাপক্ষয়বিনাশানামেব ভাববিকারাণামিহ মুখতো নিষেধাদ্বিবৃদ্ধ্যাদীনি বিকারান্তরাণ্যাত্মনি ভবিষ্যন্তীতি বিশেষনিষেধস্য শেষাভ্যনুজ্ঞাপরত্বা-দিত্যাশঙ্ক্যাহ—যস্মাদিতি। ইতরে সত্ত্ববিবৃদ্ধিবিপরিণামাঃ। অত এবাজর ইত্যুক্তং বিবৃণোতি—যস্মাচ্চেতি। কিং তত্তরং, তদাহ—ভয়ং চেতি। অবিদ্যানিষেধ-বিশেষণাভাবাদাত্মনং সা সদা স্পৃণতীত্যাশঙ্ক্যাহ—তৎকার্য্যেতি। বিশেষণান্তরং প্রশ্ন-পূর্ব্বকমুত্থাপ্য ব্যাকরোতি—অভয়ম্ ইতি। কথং পুনরুক্তগুণবিশিষ্টস্যাত্মনো ব্রহ্মত্বম্, তদাহ—অভয়মিতি। বৈশব্দার্থমাহ—প্রসিদ্ধমিতি। লোকশব্দঃ শাস্ত্রতাৎপর্য-লক্ষণম্। ১

বেদার্থসম্পূর্ণ বিদ্যাফলং কথয়তি—য এবমিতি। কণ্ডিকার্থমুপসংহরতি—এষ ইতি। পূর্ব্বাদেরপি তদর্থত্বাৎ কিমিত্যসাবিহ লোপসংহ্রিয়তে, তত্রাহ—এতস্যেতি।

সৃষ্ট্যাদেরারোপিতত্বে পরকমাহ—তদপোহ্নেমেতি। তদ্বিষয়ঃ সৃষ্ট্যাদিপ্রপঞ্চবিষয়ঃ। তদপোহেনেতি যদুক্তং, তদেব স্ফুটয়তি—নেতীতি। অধ্যারোপাপবাদদ্বারেণ তত্ত্বতো-বেদিতব্যাদারোপিতং তত্ত্বতোৎব সৃষ্ট্যাদিদ্বৈতমিত্যর্থঃ। অধ্যারোপাপবাদস্তায়স্ত পঙ্কপ্রক্ষালন-ন্যায়বিরুদ্ধত্বাৎ তত্ত্বং বিবক্ষিতং চেৎ, তদেবোচ্যতাং, কৃতং সৃষ্ট্যাদিদ্বৈতারোপেণেত্যাশঙ্ক্যাহ—যথেতি। উদাহরণান্তরমাহ—যথা চেতি। দৃষ্টান্তদ্বয়মনূদ্য দার্ষ্টান্তিকমাচষ্টে—তথা চেতি। ইহেতি মোক্ষশাস্ত্রোক্তিঃ। তথাপি কল্পিতপ্রপঞ্চসম্বন্ধপ্রযুক্তং সবিশেষত্বং ব্রহ্মণঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—পুনরি[illegible] তস্মিন্নাত্মনি কল্পিতঃ সৃষ্ট্যাদিরূপায়ত্তেন জনিতো বিশেষস্তস্মিন্ কাক[illegible]তি যাবৎ। তর্হি দ্বৈতাভাববিশিষ্টং তত্ত্বমিতি চেন্নেত্যাহ—[illegible] পরিশুদ্ধং ভাববদভাবেনাপি ন সংস্পৃষ্টমিত্যর্থঃ। কেবলমিত্যদ্বিতীয়োক্তিঃ। [illegible]বচনস্ত গতিমুক্ত্বা প্রকৃতমুপসংহরতি—সমস্তমিতি। ইতিশব্দঃ সংগ্রহসমাপ্ত্যর্থো ব্রাহ্মণসমাপ্ত্যর্থো বা ॥ ৩১৫ ॥ ২৫ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য চতুর্থং শারীরকব্রাহ্মণম্। ৪। ৪।

ভাষ্যানুবাদ। অতঃপর, সমস্ত বৃহদারণ্যকে, যে তত্ত্ব প্রতিপাদিত হইয়াছে, তাহা একত্রিত করিয়া সংক্ষেপে এই কাণ্ডমধ্যে নির্দ্দেশ করা হইতেছে। উদ্দেশ্য—সমস্ত বৃহদারণ্যকের অর্থ বা প্রতিপাদ্য বিষয় যে, এই পর্য্যন্তই, ইহা জ্ঞাপন করা।

সেই এই মহান্ অজ আত্মা হইতেছে অজর—কখনও জরাগ্রস্ত অর্থাৎ বিপরিণত বা ক্ষয়োন্মুখ হয় না; অমর—যেহেতু জরাবর্জ্জিত, সেই হেতুই অমর—কখনও মরে না। কেন না, যাহা জন্মে ও জীর্ণ হয়, তাহাই বিনষ্ট হয় বা মরে; যেহেতু এই আত্মা অজ ও অজর বলিয়া অবিনাশী, সেই হেতুই অমৃত। যেহেতু জন্ম, জরা ও মরণ এই ত্রিবিধ ভাব-বিকার (বস্তু ধর্ম্ম) ইহার নাই, সেই হেতুই অপর যে তিনপ্রকার ভাববিকার (সত্তা, বৃদ্ধি ও বিপরিণাম), সে সমুদয় এবং তৎকৃত মৃত্যুরূপী কাম, কর্ম্ম ও মোহাদিও তাহার নাই, বুঝিতে হইবে। কোন বিকারের সম্ভাবনা নাই বলিয়াই অভয় (সর্ব্বপ্রকার ভয়বর্জ্জিত); কেন না, ভয় সাধারণতঃ অবিদ্যার ফল; সুতরাং অবিদ্যা-কার্য্যের নিষেধে এবং সর্ব্বপ্রকার ভাববিকারের প্রতিষেধেই ফলতঃ অবিদ্যারও প্রতিষেধ সিদ্ধ হইল বুঝিতে হইবে। উক্ত অভয় আত্মা কেবল কি এই সমস্ত গুণবিশিষ্টই? না, [এই আত্মা] ব্রহ্ম—পরিবৃঢ়, অর্থাৎ সর্ব্বাপেক্ষা অধিক

মহৎ। ব্রহ্মই অভয়; ব্রহ্ম যে, অভয়, ইহা জগতেও প্রসিদ্ধ। অতএব আত্মা যে, এবংবিধ গুণবিশিষ্ট, ইহা যুক্তিযুক্তও বটে। ১

ইহাই সমস্ত উপনিষদের সারভূত অর্থ, সংক্ষেপে উক্ত হইল। এই তত্ত্বটী উত্তমরূপে বুঝাইবার নিমিত্তই আত্মাতে সৃষ্টি, স্থিতি ও প্রলয় প্রভৃতি কার্য্যের কল্পনা, এবং ক্রিয়া কারক ও ফলের অধ্যারোপ করা হইয়াছে। পুনর্ব্বার 'নেতি নেতি' করিয়া, সেই আরোপিত বিশেষ বিশেষ ভাবগুলির অপনয়ন দ্বারা প্রকৃত তত্ত্ব বিজ্ঞাপিত হইয়াছে। যেমন এক হইতে পরার্দ্ধ পর্য্যন্ত সংখ্যার স্বরূপ বুঝাইবার জন্য, রেখাতে একত্বাদি সংখ্যার আরোপ করিয়া বুঝান হয় যে, এই রেখাটী এক, এইটী দশ, এইটী শত, এইটী সহস্র, [প্রকৃত পক্ষে কিন্তু রেখাই সংখ্যা নহে]; এখানে কেবল সংখ্যাই বুঝান হয়, কিন্তু একত্বাদি সংখ্যাকে কখনই রেখা বলিয়া উপদেশ করা হয় না; অথবা অকারাদি অক্ষর শিক্ষা দিবার ইচ্ছায় যেমন রেখা অঙ্কনের উপকরণ কালী কলম ও পত্রাদির সাহায্য লইয়া প্রকৃত বর্ণেরই (অক্ষরেরই) তত্ত্ব শিক্ষা দেওয়া হয়, কিন্তু কালী ও পত্র প্রভৃতিকেই অক্ষর বলিয়া কেহ কখনও উপদেশ দেয় না; [উপনিষদের সৃষ্টিচিন্তা প্রভৃতিও ঠিক তেমনই]। প্রথমতঃ উৎপত্তি প্রভৃতি বহু উপায় অবলম্বন করিয়া একই ব্রহ্মতত্ত্ব উপদিষ্ট হইয়াছে; আবার সেই সমুদয় কল্পিত উপায় আশ্রয় করাতে যে, ব্রহ্মেতে ভেদবুদ্ধি জন্মিয়াছিল, তন্নিরাকরণার্থ আবার 'নেতি নেতি' বলিয়া ভেদপ্রত্যাখ্যান দ্বারা পরমার্থ তত্ত্বের উপসংহার করা হইয়াছে; সেই জন্য ব্রাহ্মণের এই কণ্ডিকায় কেবল বিশুদ্ধ জ্ঞানের উপসংহার করা হইল॥ ৩১৫ ॥ ২৫ ॥

ইতি বৃহদারণ্যকে চতুর্থাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণের অনুবাদ ॥ ৪ ॥ ৪ ॥

পঞ্চমং ব্রাহ্মণম্।

আভাসভাষ্যম্। আগমপ্রধানেন মধুকাণ্ডেন ব্রহ্মতত্ত্বং নির্দ্ধারিতম্। পুনস্তদেব উপপত্তিপ্রধানেন যাজ্ঞবল্কীয়েন কাণ্ডেন পক্ষ-প্রতিপক্ষপরিগ্রহং কৃত্বা বিগৃহ্য-বাদেন বিচারিতম্। শিষ্যাচার্য্যসম্বন্ধেন চ ষষ্ঠে প্রশ্ন-প্রতিবচনন্যায়েন সবিস্তরং বিচার্য্যোপসংহৃতম্। অথেদানীং নিগমনস্থানীয়ং মৈত্রেয়ীব্রাহ্মণমারভ্যতে।—অয়ঞ্চ ন্যায়ো বাক্য-কোবিদৈঃ পরিগৃহীতঃ—"হেত্বপদেশাৎ প্রতিজ্ঞায়াঃ পুনর্ব্বচনং নিগমনম্" ইতি।

অথবা আগমপ্রধানেন মধুকাণ্ডেন যদমৃতত্বসাধনং সসন্ন্যাসমাত্মজ্ঞানম-ভিহিতম্, তদেব তর্কেণাপ্যমৃতত্বসাধনং সসন্ন্যাসমাত্মজ্ঞানমধিগম্যতে; তর্কপ্রধানং হি যাজ্ঞবল্কীয়ং কাণ্ডম্; তস্মাচ্ছাস্ত্রতর্কাভ্যাং নিশ্চিতমেতৎ-যদেতদাত্মজ্ঞানং সসন্ন্যাসমমৃতত্বসাধনমিতি। তস্মাচ্ছাস্ত্রশ্রদ্ধাবদ্ভিরমৃতত্ব-প্রতিপিৎসুভিরেতৎ প্রতিপত্তব্যমিতি। আগমোপপত্তিভ্যাং হি নিশ্চিতোঽর্থঃ শ্রদ্ধেয়ো ভবতি, অব্যভিচারাদিতি। বাক্যাক্ষরাণান্তু চতুর্থে যথা ব্যাখ্যাতোঽর্থঃ, তথা প্রতিপত্তব্যোঽত্রাপি; যান্যক্ষরাণি অব্যাখ্যাতানি, তানি ব্যাখ্যাস্যামঃ।

আভাসভাষ্যটীকা। সমাপ্তং শারীরক-ব্রাহ্মণম্, বংশব্রাহ্মণং ব্যাখ্যাতব্যম্, কৃতং গতার্থেন মৈত্রেয়ী-ব্রাহ্মণেন ইত্যাশঙ্ক্য মধুকাণ্ডার্থমনুবদতে—আগমেতি পাক্ষিকমর্থমনুবদতে পুনরিতি। তত্রৈব ব্রহ্মণস্তত্ত্বমিতি শেষঃ। বিগৃহ্যবাদঃ জয়পরাজয়প্রধানঃ জল্পপ্রায়ঃ। ষষ্ঠে প্রতিষ্ঠাপিতমনুবদতি—শিষ্যেতি। প্রশ্নপ্রতি-বচনন্যায়স্তত্ত্বনির্ণয়প্রধানো বাদঃ। উপসংহৃতং তদেব তত্ত্বমিতি শেষঃ। সংপ্রত্যুত্তর-ব্রাহ্মণস্যাগতার্থত্বমাহ—অথেতি। আগমোপপত্তিভ্যাং নিশ্চিতে তত্ত্বে নিগমনমকিঞ্চিৎ-করমিত্যাশঙ্ক্যাহ—অয়ঞ্চেতি। প্রকারান্তরেণ সঙ্গতিমাহ—অথবেতি। কথমিহ তর্কেণাধিগতিস্তত্রাহ—তর্কেতি। মুনিকাণ্ডস্য তর্কপ্রধানত্বে কিং স্যাৎ, তত্রাহ—তস্মাদিতি। ইতি ফলতীতি শেষঃ। শাস্ত্রাদিনা যথোক্তস্য জ্ঞানস্য নিশ্চিতত্বেঽপি কিং সিধ্যতি, তত্রাহ—তস্মাচ্ছাস্ত্রশ্রদ্ধাবদ্ভিরিতি। এতচ্ছব্দো যথোক্তজ্ঞানপরামর্শার্থঃ। ইতি সিধ্যতীতি শেষঃ। তত্র হেতুমাহ—আগমেতি। অব্যভিচারান্ মানযুক্তিগম্যস্যার্থস্য তথৈব সত্ত্বাদিতি যাবৎ। ইতিশব্দো ব্রাহ্মণসঙ্গতিসমাপ্ত্যর্থঃ। তাৎপর্য্যার্থে ব্যাখ্যাতে সত্যক্ষরব্যাখ্যানপ্রসক্তাবাহ—অক্ষরাণাং ত্বিতি। তর্হি ব্রাহ্মণেঽস্মিন্ বক্তব্যাভাবাৎ পরিসমাপ্তিরেবেত্যাশঙ্ক্যাহ—যানীতি।

আভাসভাষ্যানুবাদ। ইতঃপূর্ব্বে আগমপ্রধান (তর্করহিত বাক্য-প্রধান) মধুকাণ্ডে (মধুব্রাহ্মণে) ব্রহ্মতত্ত্ব নির্দ্ধারিত হইয়াছে। পুনর্ব্বার সেই বিষয়েরই সমর্থনের জন্য তর্কপ্রধান যাজ্ঞবল্কীয় কাণ্ডে পক্ষ-প্রতিপক্ষ পরিগ্রহপূর্ব্বক 'বিগৃহ্যবাদে' (যেরূপ কথায় কেবল বাদী ও প্রতিবাদীর জিগীষামূলক তর্ক মাত্র, থাকে, সেই প্রণালীতে) ব্রহ্মতত্ত্ব বিচারিত হইয়াছে। তাহার পর ষষ্ঠ অধ্যায়েও (উপনিষদের চতুর্থ অধ্যায়েও) শিষ্যাচার্য্য-সংবাদের নিয়মে প্রশ্ন ও প্রতিবচনের স্থলে বিস্তৃতভাবে বিচারপূর্ব্বক তাহার উপসংহার করা হইয়াছে। অতঃপর এখন 'মৈত্রেয়ীব্রাহ্মণ' আরব্ধ হইতেছে। ইহা পূর্ব্বকথারই নিগমনস্থানীয়, ['নিগমন' অর্থ—কথিত বিষয়ের যুক্তিসহকারে উপসংহার।] বাক্যরিৎ প্রাচীন পণ্ডিতগণও এইরূপ উপদেশপ্রণালীর অঙ্গীকার বা অনুমোদন করিয়াছেন; [গোতম ঋষি ন্যায়দর্শনে বলিয়াছেন—] 'হেতু প্রদর্শনের ছলে. প্রতিজ্ঞার যে, পুনর্ব্বার কথন, তাহার নাম 'নিগমন'। (১)

অথবা (এরূপও বলা যাইতে পারে;) আগমপ্রধান—তর্কনিরপেক্ষ শব্দ-মাত্রপ্রধান পূর্ব্বোক্ত 'মধুকাণ্ডে' সন্ন্যাস-সহকৃত যে আত্মজ্ঞান মুক্তি লাভের উপায় বলিয়া অভিহিত হইয়াছে, তর্ক দ্বারাও ঐ সসন্ন্যাস আত্মজ্ঞানেরই মুক্তিসাধনত্ব প্রতীত বা প্রমাণিত হইতে পারে; [এই জন্য এখানে তাহার পুনরুল্লেখ করা হইল;] কেন না, এই যে, যাজ্ঞবল্কীয় প্রকরণ, ইহা তর্কপ্রধান; সুতরাং শাস্ত্র ও তর্কের সাহায্যে ইহাই নিশ্চিত হইল যে, সন্ন্যাসসহকৃত এই আত্ম-জ্ঞানই মুক্তির প্রকৃত সাধন বা উপায়।

---

(১) তাৎপর্য্য—বাদী প্রতিবাদী উভয়ের মধ্যে কোন বিষয়ে সংশয় উপস্থিত হইলে, তাহার তত্ত্ব নির্দ্ধারণের জন্য যে, সাধ্য বা স্বপক্ষ নির্দ্দেশ, তাহার নাম প্রতিজ্ঞা। পরে উপযুক্ত হেতু দ্বারা সেই প্রতিজ্ঞাত বিষয়ের সমর্থন করা আবশ্যক হয়; সেই সময় হেতুর সহিত যে, প্রতিজ্ঞাত বিষয়ের পুনর্ব্বার উল্লেখ করা, তাহার নাম 'নিগমন'।

যেমন পর্ব্বতে অগ্নি আছে কি না, এই বিষয় লইয়া দুই জনের মধ্যে সংশয় উপস্থিত হইলে পর, একজন বলিল—'হাঁ, পর্ব্বতে অগ্নি আছে'; ইহাই হইল তাহার প্রতিজ্ঞা বা সাধ্যনির্দ্দেশ। পরে দ্বিতীয় ব্যক্তি জিজ্ঞাসা করিল, পর্ব্বতে যে, অগ্নি আছে, ইহার হেতু বা যুক্তি কি? উত্তর হইল—'যেহেতু পর্ব্বতে ধূম দেখা যাইতেছে,' ইহাকে বলে হেতুনির্দ্দেশ। শেষে 'অতএব পর্ব্বতে নিশ্চয়ই অগ্নি আছে' এইরূপে যে, হেতুর সঙ্গে প্রতিজ্ঞাত বিষয়ের নির্দ্দেশ, তাহার নাম—'নিগমন'।

অতএব শাস্ত্রবাক্যে যাহাদের শ্রদ্ধা আছে, সেই সমুদয় মুমুক্ষুগণের পক্ষে ইহা অবশ্য অবলম্বনীয়; কারণ, শাস্ত্র ও তর্কদ্বারা যাহা নিশ্চিত হয়, তাহার কখনও ব্যতিক্রম ঘটে না; সুতরাং তদ্বিষয়ে সহজেই শ্রদ্ধা হওয়া উচিত। চতুর্থ প্রকরণে যেরূপ ব্যাখ্যা করা হইয়াছে, এখানেও ঠিক তদনুরূপই শব্দার্থ বুঝিতে হইবে; আর যে সমস্ত কথার অর্থ সেখানে ব্যাখ্যাত হয় নাই; এখানে কেবল সেই সমুদয় কথারই ব্যাখ্যা করিব॥

অথ হ যাজ্ঞবল্ক্যস্য দ্বে ভার্য্যে বভূবতুর্মৈত্রেয়ী চ কাত্যায়নী চ। তয়োর্হ মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী বভূব, স্ত্রীপ্রজ্ঞৈব তর্হি কাত্যায়নী, অথ হ যাজ্ঞবল্ক্যোঽন্যদ্বৃত্তমুপাকরিষ্যন্॥ ৩১৬॥ ১॥

সরলার্থঃ। অথ (অনন্তরম্) হ (ঐতিহ্যে) যাজ্ঞবল্ক্যস্য (তদাখ্যস্য ঋষেঃ) মৈত্রেয়ী চ কাত্যায়নী চ দ্বে ভার্য্যে (পত্ন্যৌ) বভূবতুঃ; তয়োঃ (পত্ন্যোর্মধ্যে) মৈত্রেয়ী (তদাখ্যা পত্নী) ব্রহ্মবাদিনী (ব্রহ্মকথনশীলা) বভূব, তর্হি (তস্মিন্ কালে) কাত্যায়নী (তদাখ্যা পত্নী তু) স্ত্রীপ্রজ্ঞা (স্ত্রী-জনোচিতবুদ্ধিবিজ্ঞানসম্পন্না সরলা) [আসীৎ]। অথ (এবং সতি) যাজ্ঞ-বল্ক্যঃ অন্যৎ বৃত্তং (পূর্ব্বস্মাৎ গার্হস্থ্যলক্ষণাৎ ধর্ম্মাৎ অন্যৎ সন্ন্যাসলক্ষণং ধর্ম্মম্) উপাকরিষ্যন্ (প্রহীষ্যন্ সন্—)॥৩১৬॥১॥

মূলানুবাদ। অতঃপর যাজ্ঞবল্কীয় কাণ্ড মৈত্রেয়ীব্রাহ্মণ আরব্ধ হইতেছে—যাজ্ঞবল্ক্য ঋষির মৈত্রেয়ী ও কাত্যায়নী নামে প্রসিদ্ধা দুই পত্নী ছিলেন; তন্মধ্যে মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী ছিলেন, আর কাত্যায়নী সাধারণ স্ত্রীজনোচিত বুদ্ধিসম্পন্না ছিলেন। যাজ্ঞবল্ক্য ঋষি অন্য বৃত্ত অর্থাৎ গার্হস্থ্য হইতে পৃথক্ সন্ন্যাসাশ্রম অবলম্বন করিবেন মনে করিয়া— ॥৩১৬॥১॥

শাঙ্করভাষ্যম্। অথেতি হেত্বপদেশানন্তর্য্যপ্রদর্শনার্থঃ। হেতু-প্রধানানি হি বাক্যান্যতীতানি, তদনন্তরমাগমপ্রধানেন প্রতিজ্ঞাতোঽর্থো নিগম্যতে মৈত্রেয়ীব্রাহ্মণেন। হ-শব্দো বৃত্তাবদ্যোতকঃ। যাজ্ঞবল্ক্যস্য ঋষেঃ কিল দ্বে ভার্য্যে পত্ন্যৌ বভূবতুরাস্তাম্—মৈত্রেয়ী চ নামত একা, অপরা

কাত্যায়নী নামতঃ। তয়োর্ভার্য্যয়োঃ মৈত্রেয়ী হ কিল ব্রহ্মবাদিনী ব্রহ্ম-বদনশীলা বভূব আসীৎ। স্ত্রী-প্রজ্ঞা—স্ত্রিয়াং যা উচিতা, সা স্ত্রীপ্রজ্ঞৈব তর্হি তস্মিন্ কালে আসীৎ কাত্যায়নী। অথ এবং সতি হ কিল যাজ্ঞবল্ক্যঃ পূর্ব্বস্মাৎ গার্হস্থ্যলক্ষণাৎ বৃত্তাৎ পারিব্রাজ্যলক্ষণং বৃত্তম্ উপাকরিষ্যন্ উপাচিকীর্ষুঃ সন্— ॥ ৩১৬ ॥ ১

টীকা। নম্ব বাক্যানি পূর্ব্বত্র ব্যাখ্যাতানি ন হেতুরূপদিষ্টস্তৎ কথং তদুপদেশানন্তর্য্যং সসংন্যাসস্তাম্বৃতত্বহেতোরাত্মজ্ঞানস্যাথশব্দেন দ্যোত্যতে, তত্রাহ—হেতুপ্রধানানীতি। তদেব বৃত্তং ব্যনক্তি—যাজ্ঞবল্ক্যস্যেতি। অথেত্যস্যার্থমাহ—এবং সতীতি। ভার্য্যাদ্বয়ে দর্শিতরীত্যা স্থিতে স্বস্য চ বৈরাগ্যাতিরেকে সতীতি যাবৎ। ৩১৬। ১।

ভাষ্যানুবাদ। অথ শব্দের অর্থ—হেতুপ্রদর্শনের আনন্তর্য্য, কারণ, ইতঃ পূর্ব্বে কারণপ্রদর্শক বাক্যসমূহ প্রদর্শিত হইয়াছে; তাহার পর এখন আগমপ্রধান (যুক্তিরহিত কেবল শব্দমাত্র-প্রধান) মৈত্রেয়ীব্রাহ্মণে পূর্ব্বপ্রতিজ্ঞাত বিষয় সমূহ উপপাদিত হইতেছে। [শ্রুতির] 'হ' শব্দটী অতীত বৃত্তান্ত-দ্যোতক।

যাজ্ঞবল্ক্যনামক ঋষির দুইটী ভার্য্যা—পত্নী ছিলেন; এক জনের নাম মৈত্রেয়ী, অপরের নাম কাত্যায়নী। সেই উভয় ভার্য্যার মধ্যে মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী—ব্রহ্মবিষয়ক আলোচনায় তৎপরা ছিলেন, আর কাত্যায়নী তখনও স্ত্রীপ্রজ্ঞাই ছিলেন; স্ত্রীপ্রজ্ঞা অর্থ—স্ত্রীলোকের যেরূপ প্রজ্ঞা (জ্ঞান) থাকা আবশ্যক, সেইরূপ প্রজ্ঞা—গৃহোপযোগী প্রয়োজন নির্ব্বাহক্ষম বুদ্ধি তাহার ছিল। এরূপ অবস্থায় যাজ্ঞবল্ক্য ঋষি অন্য বৃত্ত অর্থাৎ পূর্ব্বতন গার্হস্থ্য আশ্রম হইতে স্বতন্ত্র সন্ন্যাসাশ্রম গ্রহণেচ্ছু হইয়া—॥৩১৬॥১॥

মৈত্রেয়ীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ প্রব্রজিষ্যন্ বা অরেঽহমস্মাৎ স্থানাদস্মি, হন্ত তেঽনয়া কাত্যায়ন্যান্তং করবাণীতি ॥ ৩১৭ ॥ ২ ॥

সন্ধলার্থঃ। যাজ্ঞবল্ক্যঃ হে মৈত্রেয়ি, ইতি [সম্বোধ্য] উবাচ হ— অরে (অয়ি মৈত্রেয়ি,) অহং অস্মাৎ স্থানাৎ (গার্হস্থ্যাৎ) প্রব্রজিষ্যন্ (প্রব্রজ্যাং গ্রহীষ্যন্) বৈ অস্মি (ভবামি)। হন্ত (প্রার্থনায়াম্) অনয়া কাত্যায়ন্যা (তদাখ্যয়া সপত্ন্যা সহ) তে (তব) অন্তং বিচ্ছেদং) করবাণি (প্রার্থনায়াং লোট্) ইতি ॥৩১৭॥২॥

মূলানুবাদ। যাজ্ঞবল্ক্য মৈত্রেয়ীকে সম্বোধনপূর্ব্বক বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি এই গার্হস্থ্য আশ্রম হইতে চলিয়া যাইব অর্থাৎ সন্ন্যাস গ্রহণ করিব। যদি ইচ্ছা কর, তবে আমি তোমাকে এই কাত্যায়নীর সহিত বিচ্ছিন্ন করিয়া দিতে ইচ্ছা করি ॥৩১৭॥২॥

শাঙ্করভাষ্যম্। হে মৈত্রেয়ীতি জ্যেষ্ঠাং ভার্য্যামামন্ত্রয়ামাস। আমন্ত্র্য চোবাচ হ—প্রব্রজিষ্যন্ পারিব্রাজ্যং করিষ্যন্ বা অরে মৈত্রেয়ি, অস্মাৎ স্থানাৎ গার্হস্থ্যাদহমস্মি ভবামি। মৈত্রেয়ি,অনুজানীহি মাম্; হন্ত ইচ্ছসি যদি, তে অনয়া কাত্যায়ন্যা অন্তং করবাণি—ইত্যাদি ব্যাখ্যাতম্ ॥ ৩১৭ ॥২॥

টীকা। তস্যা ব্রহ্মবাদিত্বং তদামন্ত্রণদ্বারেণ তাং প্রত্যেব সংবাদে হেতুকর্ত্তব্যম্। তস্যা ব্রহ্মবাদিত্বং দ্যোতয়িতুমিচ্ছসি যদীত্যুক্তম্। ৩১৭। ২॥

ভাষ্যানুবাদ। [যাজ্ঞবল্ক্য] হে মৈত্রেয়ি, বলিয়া জ্যেষ্ঠা ভার্য্যাকে আহ্বান করিলেন, এবং আহ্বান করিয়া বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি এই স্থান হইতে অর্থাৎ গার্হস্থ্যাশ্রম হইতে প্রব্রজ্যা করিতে ইচ্ছুক হইয়াছি। তুমি আমাকে অনুমতি প্রদান কর। যদি ইচ্ছা কর, তাহা হইলে তোমাকে এই কাত্যায়নীর সহিত বিচ্ছিন্ন করিয়া দিই অর্থাৎ তোমাদের ধন সম্পদ্ বিভাগ করিয়া দিতে পারি (১) ॥৩১৭॥২॥

সা হোবাচ মৈত্রেয়ী যন্নু ম ইয়ং ভগোঃ সর্ব্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ, স্যাং ন্বহং তেনামৃতাহো (৩) নেতি; নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যথৈবোপকরণবতাং জীবিতম্, তথৈব তে জীবিতংস্যাদমৃতত্বস্য তু নাশাস্তি বিত্তেনেতি ॥ ৩১৮ ॥ ৩ ॥

অন্বয়ার্থঃ। সা (এবং পৃষ্টা) মৈত্রেয়ী উবাচ (যাজ্ঞবল্ক্যম্ উক্তবতী) হ—ভগো (ভগবন্), নু (বিতর্কে) যৎ (যদি) বিত্তেন (ধনেন) পূর্ণা ইয়ং সর্ব্বা পৃথিবী মে (মম) স্যাৎ (ভবেৎ), নু (ভোঃ) অহং তেন (বিত্তপূর্ণপৃথিবীলাভেন (অমৃতা) অমরণশীলা—বিমুক্তা (স্যাম্) ভবেয়ম্ ?

---

(১) তাৎপর্য্য—এই শ্রুতি হইতে পঞ্চম ব্রাহ্মণের সমস্ত শ্রুতিই ইহার দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ব্রাহ্মণে উক্ত হইয়াছে, কোন কোন স্থলে সামান্যমাত্র পার্থক্য আছে। এই কারণে সমস্ত শ্রুতির ব্যাখ্যা করেন নাই। যাহার আবশ্যক হয়, দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ ব্রাহ্মণে সম্পূর্ণ ব্যাখ্যা পাইবেন।

বৃহদারণ্যকোপনিষদ্

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য বেদান্ত তীর্থ-

কর্ত্তৃক

অনূদিত ও সম্পাদিত

স্বত্বাধিকারী, প্রকাশক ও সহকারী সম্পাদক

শ্রীঅনিল চন্দ্র দত্ত।

লোটাস্ লাইব্রেরী,

২৮।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

সন ১৩২৬ সাল।

শ্রীভাষ্য।

এই সর্ব্বপ্রথম প্রচারিত হইল।

ইহাতে আছে—(১) বেদব্যাসকৃত সূত্র। (২) পরিচ্ছেদ,—সূত্রস্থ শব্দগুলির বিশ্লেষণ, এবং বঙ্গভাষায় তাহার অর্থ। (৩) সরলার্থ; ভাষ্যের সাহায্য ব্যতীতও ইহা হইতে অনায়াসে ভাষ্যের মর্ম্ম গ্রহণ করা যায়। (৪) শ্রীভাষ্য; (৫) ভাষ্যোদ্ধৃত প্রমাণগুলির আকার, গ্রন্থের নাম ও শ্লোক অনুবাদ; অনুবাদ যতদূর সম্ভব (৭) তাৎপর্য্য; শ বিষয়গুলিকে সাধারণের

বঙ্গের ন্যায়ের প্রকৃত আকরগ্রন্থে এই প্রথম অনুবাদ ব্যাপ্তিপঞ্চকের মূল, অনুবাদ ও ব্যাখ্যা (২০ পৃষ্ঠা) মাথুরী মূল, অনুবাদ ও সুবিস্তৃত ব্যাখ্যা (৪৫৮ পৃষ্ঠা), দীধিতি মূল ও অনুবাদ (৩পৃষ্ঠা) এবং সুবিস্তৃত ভূমিকা (১২৪ পৃষ্ঠা) মধ্যে এই শাস্ত্রের বহু জ্ঞাতব্য বিষয় ও জগদীশের তর্কামৃতের বঙ্গানুবাদ সন্নিবিষ্ট করা হইয়াছে। ব্যাখ্যা সহজ করিবার জন্য বহু অধুনিক কৌশল অবলম্বিত হইয়াছে। অনুবাদক "আচার্য্য শঙ্কর ও রামানুজ" প্রণেতা শ্রীরাজেন্দ্রনাথ ঘোষ, সংশোধক—পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পার্ব্বতীচরণ তর্কতীর্থ। রয়াল ৮ পেজী ৬০৫ পৃষ্ঠা, উত্তম বাঁধাই মূল্য ৫৲ টাকা।

সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ কর্ত্তৃক অনূদিত।

১।২।৩।	ঈশ, কেন, কঠ,	(একত্রে)	মূল্য	২৸০
৩।	কঠ	... ...	,,	়৷৶০
৪।	প্রশ্ন	... ...	,,	৸৶০
৫।	মুণ্ডক	... ...	,,	১৲
৬।	মাণ্ডুক্য	(কারিকা সমেত)	,,	২৲
৭।	ছান্দোগ্য	... ...	,,	৮৷৶০

ক্রোমপ্যাথি বা বর্ণ-চিকিৎসা।

শ্রীযুক্ত সুরেন্দ্রকৃষ্ণ দত্ত বি, এল্ প্রণীত মূল্য ।০

বঙ্গভাষায় ও দেশে ইহা একটী অমূল্য চিকিৎসা-শাস্ত্র; কেবলমাত্র ৪।৫টি রঙ্গিন-শিশি, কাচ ও আলো আবশ্যক। ইহা দরিদ্রদিগের পরম বন্ধু প্রত্যেক গৃহস্থ পরিবারের এই পুস্তক অত্যন্ত প্রয়োজনীয়।

শ্রীমন্মথ নাথ দাস দ্বারা মুদ্রিত, দি, ইউনিয়ান প্রেস। ৬৭।১বলরাম দের ষ্ট্রীট, কলিকাতা।

ইতি; যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—ন ইতি (অমৃতা ন ভবেঃ ইতি); [পরন্তু] উপকরণবতাং (ভোগসাধন সম্পন্নানাং) জীবিতং (জীবনং) যথা (যদ্বৎ সুখবহুলং) ভবেৎ, (তথা) তদ্বৎ (এব নিশ্চয়ে), তে (তব) জীবিতং স্যাৎ; বিত্তেন (ধনেন) তু (পুনঃ) অমৃতত্বস্য (মুক্তেঃ) আশা (সম্ভাবনাপি) ন অস্তি, [কা কথা তৎপ্রাপ্তেঃ] ইতি ॥৩১৮॥৩॥

মূলানুবাদ। সেই মৈত্রেয়ী বলিলেন—ভগবন্, যদি ধন-পূর্ণা এই সম্পূর্ণ পৃথিবী আমার আয়ত্ত হয়, তাহা হইলে তদ্দ্বারা আমি অমৃতা মরণরহিতা—বিমুক্তা হইতে পারিব কি না? যাজ্ঞবল্ক্য বলি-লেন, না—অমৃতা হইতে পারিবে না, কিন্তু বিবিধ ভোগসাধনসম্পন্ন লোকদিগের জীবন যেরূপ (সুখবহুল) হয়, তোমারও ঠিক সেই-রূপই হইবে, কিন্তু বিত্ত দ্বারা অমৃতত্ব লাভের আশাও নাই ॥৩১৮॥৩॥

শাঙ্করভাষ্যম্॥০॥৩১৮॥৩॥

টীকা॥০॥৩১৮॥৩॥

সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাম্, কিমহং তেন কুর্য্যাম্, যদেব ভগবান্ বেদ, তদেব মে ব্রূহীতি ॥ ৩১৯ ॥ ৪ ॥

অন্বয়ার্থঃ। সা (এবমুক্তা) মৈত্রেয়ী উবাচ হ—অহং যেন (বিত্তেন) অমৃতা ন স্যাম্ (ভবেয়ম্), অহং তেন (বিত্তেন) কিং কুর্য্যাম্ (ন কিম-পীতি ভাবঃ), ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) যৎ এব বেদ (অমৃতত্বসাধনং জানাসি) তৎ এব মে (মহ্যং) ব্রূহি (কথয়) ইতি ॥৩১৯॥৪॥

মূলানুবাদ। এই কথার পর মৈত্রেয়ী বলিলেন, যাহা দ্বারা আমি অমৃতা হইব না, সেই বিত্ত দ্বারা আমি কি করিব? পূজনীয় আপনি যাহা (অমৃতত্ব লাভের নিশ্চিত সাধন) অবগত আছেন, তাহাই আমাকে বলুন ॥ ৩১৯ ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্। সৈবমুক্তোবাচ মৈত্রেয়ী। সর্ব্বেয়ং পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ, নু কিং স্যাম্? কিমহং বিত্তসাধ্যেন কর্ম্মণা অমৃতা, আহো ন স্যামিতি। নেতি হোবাচ যাজ্ঞবল্ক্য ইত্যাদি সমানমন্যৎ ॥ ৩১৯ ॥ ৪ ॥

টীকা। মৈত্রেয়ী ত্বমৃতত্বমাত্রার্থিতামাত্মনো দর্শয়তি—নৈবমিতি। ৩১৯। ৪।

ভাষ্যানুবাদ। সেই মৈত্রেয়ী এই কথা শ্রবণ করিয়া বলিলেন—যদি ধনপূর্ণা এই সমস্ত পৃথিবী আমার হয়, [তাহা হইলে] আমি কি হইব? অর্থাৎ বিত্তসাধ্য কর্ম্ম দ্বারা আমি কি অমৃতা হইতে পারিব, অথবা পারিব না? যাজ্ঞবাক্য বলিলেন—না পারিবে না। অন্য অংশের ব্যাখ্যা পূর্ব্বের ন্যায়। ৩১৯॥ ৪॥

স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ—প্রিয়া বৈ খলু নো ভবতী সতী প্রিয়মবৃধৎ, হন্ত তর্হি ভবত্যেতদ্ব্যাখ্যাস্যামি তে, ব্যাচক্ষাণস্য তু মে নিদিধ্যাসস্বেতি॥ ৩২০॥ ৫॥

সরলার্থঃ। সঃ (এবমুক্তঃ) যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—[হে মৈত্রেয়ি,] ভবতী নঃ (অস্মাকং) প্রিয়া (প্রীতিভাজনং) বৈ খলু (নিশ্চয়ে) সতী, প্রিয়ম্ (আনন্দম্) অবৃধৎ (অবধারিতবতী)। হন্ত (প্রার্থনায়াম্, আহ্লাদে বা), তর্হি হে ভবতি, তে (তুভ্যম্) এতৎ (অমৃতত্বসাধনম্) ব্যাখ্যাস্যামি (কথয়িষ্যামি); ব্যাচক্ষাণস্য (ব্যাখ্যাং কুর্ব্বতঃ) তু মে (মম) [কথায়াম্] নিদিধ্যাসস্ব (একাগ্রচিত্তা ভব) ইতি॥৩২০॥ ৫॥

মূলানুবাদ। মৈত্রেয়ী এই কথা বলিলে পর, যাজ্ঞবল্ক্য বলিলেন—তুমি আমার যেমন প্রিয়া, তেমনই প্রিয় বিষয়ই অবধারণ করিয়াছ। ভাল, তুমি যদি ইচ্ছা কর, তাহা হইলে ইহা (অমৃতত্ব সাধন) তোমার নিকট ব্যাখ্যা করিতেছি, তুমি আমার কথায় মনোযোগিনী হও॥ ৩২০॥ ৫॥

শাঙ্করভাষ্যম্। স হোবাচ প্রিয়ৈব পূর্ব্বং খলু, নঃ অস্মভ্যং ভবতী ভবন্তী সতী প্রিয়মেব অবৃধৎ বর্দ্ধিতবতী নির্দ্ধারিতবত্যসি। অতস্তুষ্টোঽহম্; হন্ত ইচ্ছসি চেৎ, অমৃতত্বসাধনং জ্ঞাতুম্, হে ভবতি, তে তুভ্যং তদমৃতত্বসাধনং ব্যাখ্যাস্যামি॥ ৩২০॥ ৫॥

টীকা। গুরুপ্রসাদাধীনা বিদ্যাবাপ্তিরিতি দ্যোতনার্থমাহ—স হোবাচেতি। অন্যেচ্ছানুবর্ত্তিতাদ্যোতনায় চেদিত্যুক্তম্। ৩২০। ৫।

ভাষ্যানুবাদ। সেই যাজ্ঞবাক্য বলিলেন—তুমি পূর্ব্বেই আমার

প্রীতিভাজন ছিলে, এখনও তুমি প্রিয় বিষয়ই অবধারণ করিয়াছ; অতএব আমি সন্তুষ্ট হইয়াছি। তুমি যদি অমৃতত্ব-সাধন জানিতে ইচ্ছা কর, তাহা হইলে, হে ভবতি, তোমার নিকট সেই অমৃতত্ব-সাধন ব্যাখ্যা করিব ॥ ৩২০ ॥ ৫ ॥

স হোবাচ—ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবত্যাত্মনস্তু কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় জায়া প্রিয়া ভবতি। ন বা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বিত্তস্য কামায় বিত্তং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি। ন বা অরে পশূনাং কামায় পশবঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পশবঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। ন বা অরে ক্ষত্রস্য কামায় ক্ষত্রং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। ন বা অরে লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি।

ন বা অরে বেদানাং কামায় বেদাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় বেদাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানাং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্ত্যাত্মনস্তু কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্ব্বস্য কামায় সর্ব্বং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো মৈত্রেয়ি, আত্মনি খল্বরে দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাত ইদংসর্ব্বং বিদিতম্ ॥ ৩২১ ॥ ৬ ॥

অন্বয়ার্থঃ। সঃ (এবং পৃষ্টঃ) যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—অরে (হে

মৈত্রেয়ি,) পত্যুঃ (স্বামিনঃ) কামায় (প্রীতয়ে) পতিঃ ন বৈ (নৈব) প্রিয়ঃ ভবতি, [পত্ন্যাইতিশেষঃ] ; তু (পুনঃ) আত্মনঃ (স্বস্যাঃ) কামায় পতিঃ [পত্ন্যাঃ) প্রিয়ঃ ভবতি। তথা অরে জায়ায়ৈ (জায়ায়াঃ) কামায় জায়া ন বৈ প্রিয়া ভবতি [পত্যুরিতি শেষঃ], তু (পুনঃ) আত্মনঃ (স্বস্য) কামায় জায়া [পত্যুঃ [প্রিয়া ভবতি। অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়াঃ ন বৈ ভবন্তি [পিতুঃ], তু (পুনঃ) আত্মনঃ কামায় পুত্রাঃ প্রিয়াঃ ভবন্তি [পিতুরিতি শেষঃ]। অরে, বিত্তস্য (ধনস্য) কামায় বিত্তং ন বৈ প্রিয়ং ভবতি [ধনার্থিন ইতি শেষঃ], আত্মনঃ তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি। অরে, পশূনাং কামায় পশবঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, [গৃহস্থানামিতি শেষঃ], আত্মনঃ তু কামায় পশবঃ প্রিয়াঃ ভবন্তি। অরে, ব্রহ্মণঃ (ব্রাহ্মণস্য) কামায় ব্রহ্ম (ব্রাহ্মণঃ) ন বৈ প্রিয়ং ভবতি, আত্মনঃ তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। অরে, ক্ষত্রস্য কামায় ক্ষত্রং ন বৈ প্রিয়ং ভবতি, আত্মনঃ তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। অরে, লোকানাং (স্বর্গাদীনাং) কামায় লোকাঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। অরে, দেবানাং (ইন্দ্রাদীনাং) কামায় দেবাঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু কামায় দেবাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে, বেদানাং (ঋগাদীনাং) কামায় বেদাঃ ন বৈ প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু কামায় বেদাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে, ভূতানাং (ক্ষিত্যাদীনাং, প্রাণিনাং বা) কামায় ভূতানি ন বৈ প্রিয়াণি ভবন্তি, আত্মনঃ তু কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। অরে, [কিং বহুনা,] সর্ব্বস্য (বস্তুমাত্রস্য) কামায় সর্ব্বং ন বৈ প্রিয়ং ভবতি, আত্মনঃ তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি। অরে, আত্মা বৈ (এব) দ্রষ্টব্যঃ (সাক্ষাৎ কর্ত্তব্যঃ), [তদুপায়তয়া] শ্রোতব্যঃ (শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাম্ শ্রুতিবিষয়ঃ কর্ত্তব্যঃ), [পশ্চাৎ সংশয়-নিরাসার্থম্] মন্তব্যঃ (অনুকূলতর্কেণ প্রতিকূলতর্কখণ্ডনপূর্ব্বকং শ্রুতার্থে দৃঢ়প্রত্যয়ঃ কর্ত্তব্যঃ), নিদিধ্যাসিতব্যঃ (শ্রুতার্থে চিত্তৈকতানত্বং কর্ত্তব্যম্)। অরে মৈত্রেয়ি, খলু (যতঃ) আত্মনি দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাতে (সাক্ষাদনুভূতে সতি) ইদং সর্ব্বং (জগৎ) বিদিতং (বিজ্ঞাতং ভবতি, আত্মনঃ সর্ব্বাত্মকত্বাদিতিভাবঃ) ॥ ৩২১ ॥ ৬ ॥

মূলানুবাদ। মৈত্রেয়ীর কথা শুনিয়া যাজ্ঞবল্ক্য বলিলেন—অরে মৈত্রেয়ি, পতির কামের (প্রীতির) জন্য পতি কখনই পত্নীর

প্রিয় হয় না ; পরন্তু আত্ম-প্রীতির জন্যই পত্নী পতির প্রিয়া হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, পত্নীর প্রীতির জন্য পত্নী কখনই পতির প্রিয়া হয় না ; পরন্তু আত্ম-প্রীতির জন্যই পতি পত্নীর প্রিয় হইয়া থাকে। অরে পুত্রগণের প্রীতির জন্য পুত্রগণ কখনই পিতার প্রিয় হয় না, পরন্তু আত্মার প্রীতির জন্যই পুত্রগণ প্রিয় হয়। অরে মৈত্রেয়ি, বিত্তের প্রীতির জন্য বিত্ত কখনই প্রিয় হয় না ; পরন্তু আত্ম-প্রীতির জন্যই বিত্ত সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, পশুগণের প্রীতির জন্য কখনই পশুগণ প্রিয় হয় না ; কিন্তু আত্মার প্রীতির জন্যই পশুগণ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, ব্রাহ্মণের প্রীতির জন্য কখনই ব্রাহ্মণগণ কাহারো প্রিয় হয় না ; পরন্তু আত্মার প্রীতির জন্যই ব্রাহ্মণগণ প্রিয় হইয়া থাকেন। অরে মৈত্রেয়ি, ক্ষত্রিয়ের প্রীতির জন্য ক্ষত্রিয় কখনই প্রিয় হয় না, পরন্তু আত্মার প্রীতির জন্যই ক্ষত্রিয়-গণ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, স্বর্গাদি লোকের প্রীতির জন্য স্বর্গাদি লোকসমূহ কাহারও প্রিয় হয় না, পরন্তু আত্ম-প্রীতির জন্যই স্বর্গাদি লোকসমূহ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, দেবগণের প্রীতির জন্য কখনই দেবগণ প্রিয় হন না ; পরন্তু আত্মার প্রীতির জন্যই দেবগণ সকলের প্রিয় হইয়া থাকেন। অরে মৈত্রেয়ি, ঋক্ প্রভৃতি বেদসমূহের প্রীতির জন্য বেদসমূহ কখনই লোকের প্রিয় হয় না ; পরন্তু আত্মার প্রীতির জন্যই বেদসমূহ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, ভূতগণের প্রীতির জন্য ভূতগণ কখনই লোকের প্রিয় হয় না ; পরন্তু আত্মার প্রীতির জন্যই ভূতগণ সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, [অধিক কি,] সকলের প্রীতির জন্যই সকলে অর্থাৎ কাহারো প্রীতির জন্যই কেহ কাহারও প্রিয় হয় না ; পরন্তু আত্ম-প্রীতির জন্যই সকলে সকলের প্রিয় হইয়া থাকে। অরে মৈত্রেয়ি, অতএব আত্মাকেই দর্শন করিবে (সাক্ষাৎ করিবে), [শাস্ত্র ও আচার্য্যের নিকট হইতে] শ্রবণ করিবে, মনন করিবে, এবং নিদিধ্যাসন করিবে। অরে মৈত্রেয়ি, আত্মাকে দর্শন

করিলে, শ্রবণ করিলে, মনন করিলে ও নিদিধ্যাসন করিলে এবং বিশেষ ভাবে অবগত হইলে, এই সমস্ত জগৎই বিজ্ঞাত হয়; [কারণ, আত্মার অতিরিক্ত কোন বস্তু জগতে নাই] ॥ ৩২১ ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্। আত্মনি খলু অরে মৈত্রেয়ি দৃষ্টে। কথং দৃষ্ট আত্মনীত্যুচ্যতে—পূর্ব্বমাচার্য্যাগমাভ্যাং শ্রুতে, পুনস্তর্কেণোপপত্ত্যা মতে, বিচারিতে। শ্রবণন্ত্বাগমমাত্রেণ; মতে উপপত্ত্যা, পশ্চাদ্বিজ্ঞাতে—এবমেতন্নান্যথেতি নির্দ্ধারিতে; কিং ভবতীত্যুচ্যতে—ইদং বিদিতং ভবতি; ইদং সর্ব্বমিতি যদাত্মনোঽন্যৎ, আত্মব্যতিরেকেণাভাবাৎ ॥ ৩২১ ॥ ৬ ॥

টীকা। ব্যাখ্যানপ্রকারমেবাহ—আত্মনীতি। দৃষ্টে সর্ব্বমিদং বিদিতং ভবতীত্যন্তরত্র সম্বন্ধঃ। কেনোপায়েনাত্মনি দৃষ্টে সর্ব্বং দৃষ্টং ভবতীত্যুপায়ং পৃচ্ছতি—কথমিতি। আত্মদর্শনোপায়ং শ্রবণাদিকং দর্শয়ন্নুত্তরমাহ—উচ্যত ইতি। উক্তোপায়ফলং প্রশ্নপূর্ব্বকমাহ—কিমিত্যাদিনা। ইদং সর্ব্বমিত্যনূদ্য তস্যার্থমাহ—যদাত্মনোঽন্যদিতি। তদাত্মনি দৃষ্টে দৃষ্টং স্যাদিতি শেষঃ। কথমন্যস্মিন্ দৃষ্টে সত্যন্যৎ দৃষ্টং ভবতি; তত্রাহ—আত্মব্যতিরেকেণেতি ॥ ৩২১ ॥ ৬ ॥

ভাষ্যানুবাদ। অরে মৈত্রেয়ি, আত্মাকে দর্শন করিলে; কিরূপে আত্মাকে দর্শন করিলে? তদুত্তরে বলিতেছেন—প্রথমে আচার্য্য ও শাস্ত্রবাক্য হইতে শ্রবণ করিলে; পরে তর্ক ও যুক্তি দ্বারা বিচার করিলে; কেবল শাস্ত্রবাক্য হইতেও শ্রবণ সম্ভব হয়, পরে যুক্তি দ্বারা তাহার মনন করিতে হয়, অনন্তর বিজ্ঞান—ইহা এই প্রকারই অন্য প্রকার নহে, এইরূপে নির্দ্ধারণ করিতে হয়; তাহার পর কি হয়, বলিতেছেন—এই সমস্ত বিদিত হয় অর্থাৎ প্রকৃতপক্ষে আত্মাতিরিক্ত কিছু না থাকায়, যাহা কিছু আত্মাতিরিক্ত বলিয়া মনে হয়, সে সমুদয়ই বিজ্ঞাত হয়, [কিছুই অবিজ্ঞাত থাকে না] ॥৩২১॥৬॥

ব্রহ্ম তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনঃ ব্রহ্ম বেদ, ক্ষত্রং তং পরাদাদ্যোঽন্যত্রাত্মনঃ ক্ষত্রং বেদ, লোকাস্তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো লোকান্ বেদ, দেবাস্তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো দেবান্ বেদ, বেদাস্তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো বেদান্ বেদ, ভূতানি তং পরাদুর্য্যোঽন্যত্রাত্মনো ভূতানি বেদ, সর্ব্বং তং

পরাদাদ্‌যোঽন্যত্রাত্মনঃ সর্ব্বং বেদ, ইদং ব্রহ্মেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমে বেদা ইমানি সর্ব্বাণি ভূতানীদꣳসর্ব্বং যদয়মাত্মা ॥ ৩২২ ॥ ৭ ॥

সরলার্থঃ। ব্রহ্ম (ব্রাহ্মণজাতিঃ) তং (জনং) পরাদাৎ (পরা-কুর্য্যাৎ বঞ্চয়তি), [কম্?] যঃ আত্মনঃ অন্যত্র (আত্মব্যতিরেকেণ) ব্রহ্ম বেদ (জানাতি); ক্ষত্রং (কর্ত্তৃ) তং (জনং) পরাদাৎ; যঃ আত্মনঃ অন্যত্র ক্ষত্রং (ক্ষত্রিয়জাতিং) বেদ; লোকাঃ (স্বর্গাদয়ঃ) তং (জনং) পরাদুঃ (বঞ্চয়ন্তি); যঃ আত্মনঃ অন্যত্র লোকান্ বেদ; তথা দেবাঃ তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র দেবান্ বেদ; বেদাঃ তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র বেদান্ বেদ। ভূতানি তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র ভূতানি বেদ। [কিং বহুনা,] সর্ব্বং তং পারাদাৎ, যঃ আত্মনঃ অন্যত্র সর্ব্বং বেদ। ইদং ব্রহ্ম (ব্রাহ্মণজাতিঃ), ইদং ক্ষত্রং, ইমে লোকাঃ, ইমে দেবাঃ, ইমে বেদাঃ, ইমানি ভূতানি, ইদং সর্ব্বম্ [এব] [কিম্?] যৎ (যঃ) অয়ং (প্রকৃতঃ) আত্মা [এতৎ সর্ব্বম্ আত্মস্বরূপমেবেতি ভাবঃ।] ॥৩২॥৭॥

মূলানুবাদ। ব্রহ্ম অর্থাৎ ব্রাহ্মণজাতি তাহাকে পরাস্ত—বঞ্চিত করে, যে লোক ব্রাহ্মণজাতিকে আত্মভিন্ন বলিয়া জানে। ক্ষত্রিয় জাতি তাহাকে বঞ্চিত করে, যে লোক ক্ষত্রিয় জাতিকে আত্মা হইতে ভিন্ন বলিয়া জানে। স্বর্গাদি লোকসমূহও তাহাকে বঞ্চিত করে, যে ব্যক্তি স্বর্গাদি লোকসমূহকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। দেবতাগণ তাহাকে বঞ্চিত করে, যে লোক দেবতাগণকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। বেদসমূহ তাহাকে বঞ্চিত করে, যে লোক বেদসমূহকে আত্ম-ব্যতিরিক্ত বলিয়া জানে। ভূতগণ তাহাকে বঞ্চিত করে, যে লোক ভূতসমূহকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। অধিক কি, সমস্তই তাহাকে বঞ্চিত করে, যে লোক সমস্তকে আত্মা হইতে অতিরিক্ত বলিয়া জানে। এই ব্রাহ্মণ এই ক্ষত্রিয়, এই সমস্ত দেবতা, এই সমস্ত বেদ, এই সমস্ত ভূত, অধিক কি, এই সমস্তই এই আত্মার স্বরূপ ॥৩২২॥৭॥

শাঙ্করভাষ্যম্। অথ অযথার্থদর্শিনং পরাদাৎ পরাকুর্য্যাৎ—কৈবল্যাসম্বন্ধিনং কুর্য্যাৎ—অয়ম্ অনাত্মস্বরূপেণ মাং পশ্যতীত্যপরাধাদিতি-ভাবঃ॥ ৩২২॥ ৭॥

ভাষ্যানুবাদ। সেই অযথার্থদর্শীকে (মিথ্যাদৃষ্টিসম্পন্ন পুরুষকে) পরাকৃত করিবে, অর্থাৎ তাহাকে কৈবল্যসম্বন্ধরহিত করিবে, এই ব্যক্তি আমাকে আত্মসম্বন্ধ শূন্যরূপে দর্শন করিতেছে; সুতরাং অপরাধ করিতেছে; এই অপরাধবশতঃ [তাহাকে সকলেই বঞ্চিত করে]॥ ৩২২॥ ৭॥

স যথা দুন্দুভের্হন্যমানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্গ্রহণায় দুন্দুভেস্তু গ্রহণেন দুন্দুভ্যাঘাতস্য বা শব্দো গৃহীতঃ॥৩২৩॥৮॥

সরলার্থঃ। আত্মবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞাননিষ্পত্তৌ দৃষ্টান্তমাহ—"স যথা" ইত্যাদি। [অস্মিন্ বিষয়ে] সঃ (প্রসিদ্ধঃ দৃষ্টান্তঃ অস্তি); যথা দুন্দুভেঃ (বাদ্যবিশেষস্য) হন্যমানস্য (বাদ্যমানস্য সতঃ) বাহ্যান্ (ইতরান্) শব্দান্ (ধ্বনীন্) গ্রহণায় (গ্রহীতুং) শক্নুয়াৎ (সমর্থঃ ভবেৎ) [কশ্চিৎ]; তু (পুনঃ) দুন্দুভেঃ (দুন্দুভধ্বনেঃ) দুন্দুভ্যাঘাতস্য বা গ্রহাণন শব্দঃ (বাহ্যো ধ্বনিঃ). গৃহীতঃ [ভবতি ইতি শেষঃ] (পূর্ব্বমপি ব্যাখ্যাতেয়ংশ্রুতিঃ)॥৩২৩॥৮॥

মূলানুবাদ। এ বিষয়ে প্রসিদ্ধ দৃষ্টান্ত এই—যেমন দুন্দুভি বাদ্য আহত (বাদিত) হইলে পর, অপর কোন শব্দই কেহ পৃথক্ করিয়া গ্রহণ করিতে সমর্থ হয় না; পরন্তু দুন্দুভির কিংবা দুন্দুভি-ধ্বনির গ্রহণের সঙ্গে সঙ্গে অন্য শব্দও গৃহীত হয়, [তেমনি আত্ম-বিজ্ঞানেই অপর সমস্ত বিজ্ঞাত হয়]॥৩২৩॥৮॥

স যথা শঙ্খস্য ধ্মায়মানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্গ্রহণায়, শঙ্খস্য তু গ্রহণেন শঙ্খধ্মস্য বা শব্দো গৃহীতঃ॥৩২৪॥৯॥

সরলার্থঃ। কিঞ্চ, অত্র সঃ (প্রসিদ্ধ দৃষ্টান্তঃ) যথা শঙ্খস্য ধ্মায়-মানস্য (শব্দায়মানস্য সতঃ) বাহ্যান্ (ইতরান্) শব্দান্ গ্রহণায় ন শক্নুয়াৎ [কশ্চিৎ ইতি শেষঃ]; তু (পুনঃ) শঙ্খস্য শঙ্খধ্মস্য (শঙ্খধ্বনেঃ) বা গ্রহণেন শব্দঃ (ইতরঃ ধ্বনিঃ). গৃহীতঃ (ভবতি), (তদ্বৎ আত্মগ্রহণেনৈব অন্যৎ সর্ব্বং গৃহীতং ভবতীতি ভাবঃ)॥৩২৪॥৯॥

মূলানুবাদ। এ বিষয়ে আরও দৃষ্টান্ত এই—যেমন শঙ্খ বায়ুপূরিত হইলে, কেহই অন্য কোন শব্দ গ্রহণ করিতে সমর্থ হয় না; পরন্তু শঙ্খ বা শঙ্খধ্বনির গ্রহণে অন্য শব্দও গৃহীত হয়; তেমনি আত্মগ্রহণে অপর সমস্তও গৃহীত হইয়া যায় ॥ ৩২৪ ॥ ৯ ॥

স যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্গ্রহণায়, বীণায়ৈ তু গ্রহণেন বীণাবাদস্য বা শব্দো গৃহীতঃ ॥৩২৫॥১০॥

অন্বয়ার্থঃ। সঃ (দৃষ্টান্তঃ) যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ (বীণায়াং বাদ্যমানায়াং সত্যাম্) বাহ্যান্ শব্দান্ গ্রহণায় (গ্রহীতুং) ন শক্নুয়াৎ; তু (পুনঃ) বীণায়ৈ (বীণায়াঃ) বীণাবাদস্য বা গ্রহণেন শব্দঃ (বাহ্যঃ শব্দঃ) গৃহীতঃ ভবতি, [এবম্] ॥ ৩২৫ ॥ ১০ ॥

মূলানুবাদ। [এ বিষয়ে] দৃষ্টান্ত এই—যেমন বীণাযন্ত্র বাদিত হইতে থাকিলে বাহিরের অপর শব্দ পৃথক্ করিয়া গ্রহণ করা যায় না; পরন্তু বীণার বা বীণাধ্বনির গ্রহণের সঙ্গে অপর শব্দও গৃহীত হয়, [এইরূপ] ॥ ৩২৫ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্ ॥৩২৫॥১০॥

টীকা ॥৩২৫॥১০॥

স যথার্দ্রৈধাগ্নেরভ্যাহিতস্য পৃথগ্ধূমা বিনিশ্চরন্ত্যেবং বা অরেঽস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্ যদৃগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টং হুতমাশিতং পায়িতময়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি চ ভূতান্যস্যৈবৈতানি সর্ব্বাণি নিশ্বসিতানি ॥৩২৬॥১১॥

অন্বয়ার্থঃ। সঃ (দৃষ্টান্তঃ) যথা আর্দ্রৈধাগ্নেঃ (সজলকাষ্ঠগতস্য অগ্নেঃ) অভ্যাহিতস্য (প্রজ্বলিতস্য সতঃ) পৃথক্ (বিবিধাঃ) ধূমাঃ বিনিশ্চরন্তি (বিনির্গচ্ছন্তি), অরে (হে মৈত্রেয়ি,) এবং (উক্তপ্রকারেণ) অস্য (প্রকৃতস্য) মহতঃ ভূতস্য [স্বতঃসিদ্ধ নিত্যস্য ব্রহ্মণঃ] নিশ্বসিতম্

(নিঃশ্বাসবৎ অযত্নপ্রসূতম্) এতৎ। [এতৎকিম্] যৎ ঋগ্বেদঃ, যজুর্ব্বেদঃ, সামবেদঃ, অথর্ব্বাঙ্গিরসঃ,ইতিহাসঃ, পুরাণং, বিদ্যাঃ,উপনিষদঃ,শ্লোকাঃ, সূত্রাণি, ব্যাখ্যানানি, অনুব্যাখ্যানানি, ইষ্টং, হুতং, আশিতম্ (অন্নং), পায়িতং (পেয়ং), অয়ং চ লোকঃ, পরশ্চ লোকঃ (স্বর্গাদি), সর্ব্বাণিচ ভূতানি, এতানি সর্ব্বাণি অস্য (ব্রহ্মণঃ) এব নিশ্বসিতানি (নিঃশ্বাসবদযত্নপ্রসূতানি) ॥৩২৬॥১১॥

মূলানুবাদ। এ বিষয়ে দৃষ্টান্ত এই—যেমন আর্দ্র কাষ্ঠ-সংযুক্ত অগ্নি হইতে নানাপ্রকার ধূমসমূহ নির্গত হয়, তেমনি এই নিত্যসিদ্ধ ব্রহ্ম হইতে নিঃশ্বাসবৎ অযত্নে এই সমস্ত নির্গত হইয়াছে—ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, ইতিহাস, পুরাণ, বিদ্যা, উপনিষদ্, শ্লোকসমূহ, সূত্রসমূহ, অনুব্যাখ্যান, ব্যাখ্যান, ইষ্ট (যাগ), হুত (হোম), অন্ন, পান, এবং বর্ত্তমান লোক, পর লোক ও সমস্ত ভূত, এ সমস্ত ইহারই নিশ্বাস অর্থাৎ নিশ্বাসের ন্যায় অযত্নপ্রসূত ॥৩২৬॥১১॥

শাঙ্কর-ভাষ্যম্। চতুর্থে শব্দনিশ্বাসেনৈব লোকাদ্যর্থনিশ্বাসঃ সামর্থ্যাদুক্তো ভবতীতি পৃথঙ্ নোক্তঃ; ইহ তু সর্ব্বশাস্ত্রার্থোপসংহার ইতি কৃত্বা অর্থপ্রাপ্তোঽপ্যর্থঃ স্পষ্টীকর্ত্তব্য ইতি পৃথগুচ্যতে॥ ৩২৬। ১১॥

টীকা। যথার্দ্রৈধাগ্নেরিত্যাদাবিষ্টং হুতমিত্যাদ্যধিকং দৃষ্টং, তত্রার্থমাহ চতুর্থ ইতি। সামর্থ্যাদর্থভূতশব্দতাদ্রূপ্যাদিত্যর্থঃ। যদ্যপি সামর্থ্যাবিশেষাৎ পৃথগ্ভণিতমুক্তে-ত্যাশঙ্ক্যাহ—ইহ ত্বিতি। ৩২৬। ১১।

ভাষ্যানুবাদ। [দ্বিতীয় অধ্যায়ের] চতুর্থ ব্রাহ্মণে শব্দকে নিশ্বাসবৎ প্রসূত বলাতেই ফলে ফলে লোকাদি বিষয়গুলিরও নিশ্বাসবৎ আবির্ভাব বলাই হইয়াছে; এই কারণে সেখানে আর লোকাদির আবির্ভাবের কথা পৃথক্ করিয়া বলা হয় নাই; কিন্তু এখানে যখন সমস্ত শাস্ত্রের প্রতিপাদ্য সমস্ত বিষয়ের উপসংহার করা হইতেছে, তখন এখানে প্রকারান্তর-লভ্য বিষয়ও স্পষ্ট করিয়া নির্দ্দেশ করা উচিত; এই কারণে এখানে লোকাদিরও পৃথক্ উল্লেখ করা হইল ॥৩২৬॥১১॥

স যথা সর্ব্বাসামপাং সমুদ্র একায়নমেবং সর্ব্বেষাং স্পর্শানাং ত্বগেকায়নমেবং সর্ব্বেষাং গন্ধানাং নাসিকে একায়নমেবং সর্ব্বেষাং রসানাং জিহ্বৈকায়নমেবং সর্ব্বেষাং রূপাণাং চক্ষু-

রেকায়নমেবং সর্ব্বেষাংং শব্দানাংং শ্রোত্রমেকায়নমেবং সর্ব্বেষাং সঙ্কল্পানাং মন একায়নমেবং সর্ব্বাসাং বিদ্যানাং হৃদয়মেকায়নমেবং সর্ব্বেষাং কর্ম্মণাং হস্তাবেকায়নমেবং সর্ব্বেষা-মানন্দানামুপস্থ একায়নমেবং সর্ব্বেষাং বিসর্গাণাং পায়ুরেকায়ন-মেবং সর্ব্বেষামধ্বনাং পাদাবেকায়নমেবং সর্ব্বেষাং বেদানাং বাগেকায়নম্ ॥৩২৭॥১২॥

অন্বয়ার্থঃ। সঃ (দৃষ্টান্তঃ) যথা সমুদ্রঃ সর্ব্বাসাম্ অপাং (জলানাং) একায়নং (এক আশ্রয়ঃ), এবং (যথা) সর্ব্বেষাং স্পর্শানাং ত্বক্ (ত্বগিন্দ্রিয়ং) একায়নং, এবং সর্ব্বেষাং গন্ধানাং নাসিকে (নাসারন্ধ্রদ্বয়ং) একায়নং; এবং (যথা) সর্ব্বেষাং রসানাং জিহ্বা একায়নম্ ; এবং সর্ব্বেষাং রূপাণাং চক্ষুঃ একায়নম্ ; এবং (যথা) সর্ব্বেষাং শব্দানাং শ্রোত্রম্ একায়নম্ ; এবং (যথা) সর্ব্বেষাং সংকল্পানাং মনঃ একায়নম্ ; এবং সর্ব্বেষাং বিদ্যানাং হৃদয়ম্ একায়নম্ ; এবং সর্ব্বেষাং কর্ম্মণাং (ক্রিয়াণাং) হস্তৌ একায়নম্ ; এবং সর্ব্বেষাং আনন্দানাং উপস্থঃ একায়নম্, এবং সর্ব্বেষাং বিসর্গাণাং পায়ুঃ একায়নম্, এবং সর্ব্বেষাং অধ্বনাং পাদৌ একায়নম্ ; এবং সর্ব্বেষাং বেদানাং বাক্ একায়নম্ ; [তথা ব্রহ্মাপীতিশেষঃ] ॥ ৩১৭ ॥ ১২ ॥

মূলানুবাদ। এ বিষয়ে দৃষ্টান্ত এই যে,—সমুদ্র যেরূপ সমস্ত জলের একমাত্র আশ্রয়, ত্বগিন্দ্রিয় যেরূপ সমস্ত স্পর্শের একমাত্র আশ্রয়, নাসিকা যেরূপ সমস্ত গন্ধের একমাত্র আশ্রয়, জিহ্বা যেরূপ সমস্ত রসের একমাত্র আশ্রয়, চক্ষু যেরূপ সমস্ত রূপের একমাত্র আশ্রয়, শ্রবণেন্দ্রিয় যেরূপ সমস্ত শব্দের একমাত্র আশ্রয়, মন যেরূপ সমস্ত সংকল্পের একমাত্র আশ্রয়, হৃদয় যেরূপ সমস্ত বিদ্যার একমাত্র নিলয়, হস্তদ্বয় যেরূপ সমস্ত কর্ম্মের একমাত্র আশ্রয়, উপস্থ (গুহ্যেন্দ্রিয়) যেরূপ সমস্ত আনন্দের একমাত্র আলয়, পায়ু (মলদ্বার) যেরূপ সমস্ত ত্যাগের একমাত্র আশ্রয়, পাদদ্বয় যেরূপ সমস্ত পথের প্রধান আয়তন এবং বাগিন্দ্রিয় যেরূপ সমস্ত বেদের একমাত্র আয়তন, (ব্রহ্মও সেইরূপ সমস্ত জগতের একমাত্র আশ্রয়) ॥৩২৭॥১২॥

শাঙ্করভাষ্যম্।। ০ ।। ৩২৭ ।। ১২ ।।

টীকা।। ০ ।। ৩২৭ ।। ১২ ।।

ভাষ্যানুবাদ। ।।০।।৩২৭।।১২।।

স যথা সৈন্ধবঘনোঽনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নো রসঘন এবৈবং বা অরেঽয়মাত্মানন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞাস্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ ।।৩২৮।।১৩।।

অন্বয়ার্থঃ। সঃ (দৃষ্টান্তঃ) যথা, সৈন্ধবঘনঃ (সৈন্ধবপিণ্ডং) অনন্তরঃ অবাহ্যঃ (বাহ্যান্তররহিতঃ) কৃৎস্নঃ (সকলঃ) রসঘনঃ (লবণরসাত্মকঃ) এব, অরে মৈত্রেয়ি, এবং বৈ (এবম্ এব) অয়ং (প্রস্তুতঃ) আত্মা অনন্তরঃ, অবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘনঃ (জ্ঞানৈকমূর্ত্তিঃ) এব, এতেভ্যঃ ভূতেভ্যঃ সমুত্থায় (ভূতানি আশ্রিত্য) সমুত্থায় তানি (ভূতানি) এব অনুবিনশ্যতি, প্রেত্য (মৃত্বা—মৃত্যোঃ অনন্তরং) সংজ্ঞা (সম্যক্ পরিচয়ঃ) ন অস্তি, ইতি অরে মৈত্রেয়ি, ব্রবীমি—ইতি যাজ্ঞবল্ক্যঃ উবাচ (মৈত্রেয়ীম্ উক্তবান্) ।।৩২৮।।১৩।।

মূলানুবাদ। এ বিষয়ে দৃষ্টান্ত এই—সৈন্ধব লবণের খণ্ড যেরূপ সমস্তই লবণরসময়, তাহার আর ভিতরে বাহিরে প্রভেদ নাই ; অরে মৈত্রেয়ি, এই আত্মাও ঠিক তদ্রূপ প্রজ্ঞানঘনই (জ্ঞানমূর্ত্তিই), তাহার অন্তরে ও বাহিরে কোন প্রভেদ নাই। এই প্রজ্ঞানঘন আত্মা কথিত ভূতবর্গকে অবলম্বন করিয়া উত্থিত হয়—জীবভাবে আবির্ভূত হয়, তাহার পর সেই ভূতবর্গের নাশের সঙ্গেই বিলীন হয় ; মৃত্যুর পর আর তাহার কোন সংজ্ঞা বা বিশেষ বোধ থাকে না ; হে মৈত্রেয়ি, আমি তোমাকে এই প্রকারই উপদেশ দিতেছি ; যাজ্ঞবল্ক্য এইরূপ বলিলেন ।। ৩২৮ ।। ১৩ ।।

শাঙ্করভাষ্যম্। সর্ব্বকার্য্যপ্রলয়ে বিদ্যানিমিত্তে সৈন্ধবঘনবদনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এক আত্মাঽবতিষ্ঠতে ; পূর্ব্বং ভূতমাত্রাসংসর্গবিশেষাৎ লব্ধবিশেষবিজ্ঞানঃ, তস্মিন্ প্রবিলাপিতে বিদ্যয়া বিশেষবিজ্ঞানে, তন্নিমিত্তে চ ভূতসংসর্গে, ন প্রেত্য সংজ্ঞাঽস্তীত্যেবং যাজ্ঞবল্ক্যেনোক্তা ।।৩২৮।। ১৩ ।।

টীকা। স যথা সৈন্ধবঘন ইত্যাদিবাক্যতাৎপর্য্যমাহ—অর্থকার্য্যেতি। এতেভ্যো ভূতেভ্য ইত্যাদেরর্থমাহ—পূর্ব্বং স্থিতি। আনোদয়াৎ প্রাগবস্থামিত্যর্থঃ। নরবিশেষ-বিজ্ঞানঃ সন্ ব্যবহরতীতি শেষঃ। প্রবিলীনইতে তস্মেত্যধ্যাহারঃ। ৩২৮। ১৩।

ভাষ্যানুবাদ। ব্রহ্মবিদ্যাপ্রভাবে সমস্ত অবিদ্যা ও তৎকার্য্য বিলীন হইলে পর, আত্মা তখন বাহ্যাভ্যন্তরবর্জ্জিত পূর্ণ একমাত্র প্রজ্ঞানঘনরূপেই অবস্থান করে, কিন্তু তৎপূর্ব্বে স্থূলভূতাত্মক বস্তুসম্বন্ধনি-বন্ধন বিশেষ-বিজ্ঞানসম্পন্ন থাকে; ব্রহ্মবিদ্যা দ্বারা সেই সূক্ষ্ম ভূতের সংসর্গ ও তৎকৃত বিশেষ জ্ঞান বিলীন হইয়া যায়; তাহার পরে প্রেত্যভাব হয়; প্রেত্যভাবের পর আর কোন সংজ্ঞা অর্থাৎ 'আমি অমুক' ইত্যাদি জ্ঞান থাকে না। যাজ্ঞবল্ক্য মৈত্রেয়ীকে এই কথা বলিলে পর—॥ ৩২৩ ॥ ১৩ ॥

সা হোবাচ মৈত্রেয্যত্রৈব মা ভগবান্মোহান্তমাপাপিপন্ন বা অহমিমং বিজানামীতি। স হোবাচ ন বা অরেঽহং মোহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মা ॥৩২৯॥১৪॥

সরলার্থঃ। সা মৈত্রেয়ী উবাচ হ—ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) অত্র (ন প্রেত্যসংজ্ঞাস্তীত্যত্র বিষয়ে) এব মা (মাম্) মোহান্তং (মোহ-মধ্যম্) আপীপিপৎ (আপীপদৎ—আপাদিতবান্); [যতঃ] অহং ইমং (বিষয়ং) ন বিজানামি (বিশেষেণ অবগচ্ছামি) ইতি।

সঃ (এবমুক্তঃ যাজ্ঞবল্ক্যঃ) উবাচ হ—অরে মৈত্রেয়ি, অহং ন বৈ (নৈব) মোহং ব্রবীমি; অরে, অবিনাশী বৈ অয়ম্ আত্মা অনুচ্ছিত্তিধর্ম্মা (অবিনাশ-স্বভাবঃ) ॥ ৩২৯ ॥ ১৪ ॥

মূলানুবাদ। মৈত্রেয়ী বলিলেন—পূজনীয় আপনি আমাকে এখানেই অর্থাৎ আত্মা বিজ্ঞানঘন, অথচ মৃত্যুর পর তাহার কোন জ্ঞান থাকে না, এই কথায়ই বিষম ভ্রমে ফেলিয়াছেন; আমি ইহা বুঝিতে পারিতেছি না। যাজ্ঞবল্ক্য বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি তোমাকে মোহজনক কথা বলিতেছি না; আত্মা স্বভাবতই অনুচ্ছিত্তিধর্ম্মক, সুতরাং অবিনাশী; আত্মার বিনাশ কখনও সম্ভব হয় না ॥৩২৯॥১৪॥

শাঙ্করভাষ্যম্। সা হোবাচ অত্রৈব মা ভগবান্ এতস্মিন্নেব বস্তুনি প্রজ্ঞানঘন এব ন প্রেত্য সংজ্ঞাঽস্তীতি, মোহান্তং মোহমধ্যং আপীপিপৎ আপীপদৎ অবগমিতবানসি—সম্মোহিতবানসীত্যর্থঃ; অতো ন বৈ অহমিমমাত্মানমুক্তলক্ষণং বিজানামি বিবেক্ত ইতি। স হোবাচ—নাহং মোহং ব্রবীমি, অবিনাশী বা অরে অয়মাত্মা—যতো বিনষ্টুং শীলমস্যেতি বিনাশী, ন বিনাশী অবিনাশী; বিনাশশব্দেন বিক্রিয়া, অবিনাশীত্যবিক্রিয় আত্মেত্যর্থঃ। অরে মৈত্রেয়ি, অয়মাত্মা প্রকৃতঃ অনুচ্ছিত্তিধর্ম্মা, উচ্ছিত্তিরুচ্ছেদঃ, উচ্ছেদঃ অন্তো বিনাশঃ, উচ্ছিত্তিঃ ধর্ম্মোঽস্যেত্যুচ্ছিত্তিধর্ম্মা. ন উচ্ছিত্তিধর্ম্মা, নাপি বিক্রিয়ালক্ষণো নাপ্যুচ্ছেদলক্ষণো বিনাশোঽস্য বিদ্যত ইত্যর্থঃ ॥ ৩২৯॥১৪॥

টীকা। পূর্ব্বোত্তরবিরোধং শঙ্কিত্বা পরিহরতি—সা হোবাচেত্যাদিনা। অবিনাশিত্বং পূর্ব্বত্র হেতুরিত্যাহ—যস্ত ইতি। ৩২৯। ১৪।

ভাষ্যানুবাদ। মৈত্রেয়ী বলিলেন—পূজনীয় আপনি আমাকে এই বিষয়েই অর্থাৎ আত্মা কেবলই প্রজ্ঞানঘন; মৃত্যুর পর তাহার কোন বিশেষ বিজ্ঞান থাকে না, এই বিষয়েই মোহান্ত—মোহমধ্য অর্থাৎ গভীর ভ্রম বুঝাইয়াছেন—সম্যক্‌রূপে বিমোহিত করিয়াছেন; অতএব আমি উক্তপ্রকার আত্মতত্ত্ব সম্পূর্ণরূপে উপলব্ধি করিতে পারিতেছি না।

যাজ্ঞবল্ক্য বলিলেন—অরে মৈত্রেয়ি, আমি মোহ-প্রাপ্তিজনক কথা বলিতেছি না; যেহেতু এই আত্মা হইতেছে অবিনাশী—বিনাশ পাওয়া যাহার স্বভাব, সে হয় বিনাশী; বিনাশ না থাকায় আত্মা অবিনাশী; বিনাশ শব্দের অর্থ—বিকার—স্বরূপের অন্যথাভাব; তাহা না থাকায় আত্মা অবিনাশী অর্থাৎ অবিকারী। অরে মৈত্রেয়ি, যে আত্মার বিষয় বর্ণিত হইতেছে, এই আত্মা হইতেছে অনুচ্ছিত্তিধর্ম্মা; উচ্ছিত্তি অর্থ—উচ্ছেদ অর্থাৎ বিনাশ; সেই উচ্ছিত্তি যাহার ধর্ম্ম বা স্বভাব, সে হয় উচ্ছিত্তিধর্ম্মা; সেরূপ নয় বলিয়াই আত্মা অনুচ্ছিত্তিধর্ম্মা। অভিপ্রায় এই যে, বিকার কিংবা উচ্ছেদাত্মক বিনাশ ইহার নাই॥৩২৯॥১৪॥

যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি, তদিতর ইতরং জিঘ্রতি, তদিতর ইতরং রসয়তে, তদিতর ইতরমভিবদতি, তদিতর ইতরং শৃণোতি, তদিতর ইতরং মনুতে, তদি-

তত্র ইতরস্ত স্পৃশতি, তদিতর ইতরং বিজানাতি। যত্র ত্বস্য সর্ব্ব-মাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ, তৎ কেন কং জিঘ্রেৎ, তৎ কেন কং রসয়েৎ, তৎ কেন কমভিবদেৎ,তৎ কেন কং শৃণুয়াৎ, তৎ কেন কং মন্বীত, তৎ কেন কং স্পৃশেৎ,তৎ কেন কং বিজানীয়াদ্, যনেদং সর্ব্বং বিজানাতি তং কেন বিজানীয়াৎ। স এষ নেতি নেত্যাত্মাগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্য্যো ন হি শীর্য্যতেঽসঙ্গো ন হি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যতি, বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াদিত্যুক্তানুশাসনাসি মৈত্রেয্যেতাবদরে খল্বমৃতত্বমিতি হোক্ত্বা যাজ্ঞবল্ক্যো বিজহার ॥৩৩০॥১৫॥

ইতি বৃহদারণ্যকোপনিষদি চতুর্থাধ্যায়স্য পঞ্চমং ব্রাহ্মণম্ ॥৪॥৫॥

অন্বয়ার্থঃ। যত্র হি দ্বৈতম্ ইব (ইবশব্দাৎ দ্বৈতাভাসবৎ) ভবতি, তৎ (তদা) ইতরঃ (কর্ত্তা) ইতরং (বিষয়ং) পশ্যতি; তৎ ইতরঃ ইতরং জিঘ্রতি, তৎ ইতরঃ ইতরং রসয়তে; তৎ ইতরঃ ইতরং অভিবদতি (স্তৌতি); তৎ ইতরঃ ইতরং শৃণোতি; তৎ ইতরঃ ইতরং মনুতে; তৎ ইতরঃ ইতরং শৃণোতি; তৎ ইতরঃ ইতরং বিজানাতি।

তু (পুনঃ) যত্র (অবস্থায়াং) অস্য (পুরুষস্য) সর্ব্বং (জগৎ) আত্মা এব ভবতি, তৎ (তদা) কেন, (করণেন) কং পশ্যেৎ, তৎ কেন কং জিঘ্রেৎ, তৎ কেন কং রসয়েৎ; তৎ কেন কং অভিবদেৎ, তৎ কেন কং শৃণুয়াৎ; তৎ কেন কং মন্বীত; তৎ কেন কং স্পৃশেৎ; তৎ কেন কং বিজানীয়াৎ; যেন ইদং সর্ব্বং বিজানাতি, তং (বিজ্ঞানাত্মানম্) কেন বিজানীয়াৎ? স এষ আত্মা—ইতি ন ইতি ন, অগৃহ্যঃ (গ্রহণাযোগ্যঃ) [অতঃ] ন গৃহ্যতে; অশীর্য্যঃ (শীর্ণতাপ্রাপ্ত্যনর্হঃ), [অতঃ] নহি শীর্য্যতে (শীর্ণো ভবতি); অসঙ্গঃ, (অতঃ) ন হি সজ্যতে (আসক্তঃ ভবতি); অসিতঃ, [অতঃ] ন ব্যথতে; ন রিষ্যতি; অরে মৈত্রেয়ি, বিজ্ঞাতারং কেন বিজানীয়াৎ? ইতি (ইত্থং) উক্তানুশাসনা অসি; অরে মৈত্রেয়ি, এতাবৎ, (এতদেব) খলু (নিশ্চয়ে) অমৃতত্বম্ (অমৃতত্বসাধনম্) ইতি উক্ত্বা যাজ্ঞবল্ক্যঃ বিজহার (প্রব্রজ্যাং কৃতবান্)॥ ৩৩০ ॥ ১৫ ॥

অনুবাদ। অরে মৈত্রেয়ি, যে অবস্থায় আত্মা দ্বৈতের মত হয়, সেই অবস্থায়ই অপরে অপরকে দর্শন করে, তখনই অপরে অপর বিষয় আঘ্রাণ করে, অপরে অপরকে আস্বাদন করে, অপরে অপরকে অভিবাদন করে; অপরে অপরকে শ্রবণ করে, অপরে অপরকে মনন করে, অপরে অপরকে স্পর্শ করে; অপরে অপরকে বিশেষভাবে জানে; কিন্তু যখন সমস্তই ইহার আত্মস্বরূপ হইয়া যায়, তখন [কে] কিসের দ্বারা তাহাকে আঘ্রাণ করিবে? কাহার দ্বারা কাহাকে আস্বাদন করিবে? কাহার দ্বারা কাহাকে অভিবাদন করিবে? কাহার দ্বারা কাহাকে শ্রবণ করিবে? কাহার দ্বারা কাহাকে মনন (চিন্তা) করিবে? কিসের দ্বারা কাহাকে স্পর্শ করিবে? কিসের দ্বারা কাহাকে বিশেষভাবে জানিবে? সকলে যাহার দ্বারা এই সমস্ত বিষয় জানিতেছে, তাহাকে অপর কিসের দ্বারা জানিবে?

সেই এই আত্মা 'নেতি নেতি' প্রতীতিগম্য; কোন ইন্দ্রিয়ের গ্রাহ্য নহে; এই জন্য ইন্দ্রিয় দ্বারা গৃহীত হয় না; শীর্ণ হইবার অযোগ্য; এই জন্য শীর্ণ হয় না; অসঙ্গ, এই জন্য কোথাও আসক্ত হয় না; অক্ষীণ, এই কারণে ব্যথিত হয় না, কিংবা বিকৃত হয় না; অরে মৈত্রেয়ি, বিজ্ঞাতাকে—সর্ব্বজ্ঞানের কর্ত্তাকে আবার কিসের দ্বারা জানিবে? তুমি এইরূপই উপদেশ প্রাপ্ত হইলে। অরে মৈত্রেয়ি, এই পর্য্যন্তই অমৃতত্ব বা মুক্তির সাধন। যাজ্ঞবল্ক্য এই কথা বলিয়া বাহির হইলেন—প্রব্রজ্যাগ্রহণ করিলেন ॥ ৩৩০ ॥ ১৫ ॥

ইতি চতুর্থাধ্যায়ে পঞ্চম ব্রাহ্মণের ব্যাখ্যা ॥ ৪ ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যম্। চতুর্ষপি প্রপাঠকেষু এক আত্মা তুল্যো নির্দ্ধারিতঃ পরং ব্রহ্ম। উপায়বিশেষস্তু তস্যাধিগমে অন্যশ্চান্যশ্চ, উপেয়স্তু স এব আত্মা, যশ্চতুর্থে অথাত আদেশো নেতীতি নির্দ্দিষ্টঃ। স এব পঞ্চমে প্রাণপণোপন্যাসেন শাকল্য-যাজ্ঞবল্ক্যসংবাদে নির্দ্ধারিতঃ। পুনঃ পঞ্চমসমাপ্তৌ, পুনর্জ্জনকযাজ্ঞ-

বল্ক্যসংবাদে, পুনরিহ উপনিষৎসমাপ্তৌ,চতুর্ণামপি প্রপাঠকানামেতদাত্মনিষ্ঠতা, নান্যোঽন্তরালে কশ্চিদপি বিবক্ষিতোঽর্থ ইত্যেতৎপ্রদর্শনায় অন্ত উপসংহারঃ —স এব নেতি নেতীত্যাদিঃ ॥ ১

যস্মাৎ প্রকারশতেনাপি নিরূপ্যমাণে তত্ত্বে নেতিনেত্যাত্মৈব নিষ্ঠা, নান্যা উপলভ্যতে—তর্কেণ বা, আগমেন বা, তস্মাদেতদেবামৃতত্বসাধনং তদেতন্নেতি নেত্যাত্মপরিজ্ঞানং সর্ব্বসন্ন্যাসশ্চেত্যেতমর্থমুপসঞ্জিহীর্ষন্নাহ— এতাবৎ এতাবন্মাত্রম্, যদেতন্নেতি নেত্যদ্বৈতাদ্বয়াত্মদর্শনম্। ইদঞ্চ অন্যসহকারিকারণনিরপেক্ষমেব, অরে মৈত্রেয়ি, অমৃতত্বসাধনম্; যৎপৃষ্টবত্যসি—যদেব ভগবান্ বেদ, তদেব মে ব্রূহি অমৃতত্বসাধনমিতি; তদেতাবদেবেতি বিজ্ঞেয়ং ত্বয়া, ইতি হ এবং কিল অমৃতত্বসাধনম্ আত্মজ্ঞানং প্রিয়ায়ৈ ভার্য্যায়ৈ উক্ত্বা যাজ্ঞবল্ক্যঃ কিং কৃতবান্? যৎ পূর্ব্বং প্রতিজ্ঞাতং প্রব্রজিষ্যন্নস্মীতি, তচ্চকার—বিজহার প্রব্রজিতবানিত্যর্থঃ। পরিসমাপ্তা ব্রহ্মবিদ্যা সন্ন্যাসপর্য্যবসানা, এতাবানুপদেশঃ, এতদেবানু-শাসনম্, এষা পরমা নিষ্ঠা, এষ পুরুষার্থকর্ত্তব্যতান্ত ইতি। ২

ইদানীং বিচার্য্যতে শাস্ত্রার্থবিবেকপ্রতিপত্তয়ে; যত আকুলানি হি বাক্যানি দৃশ্যন্তে।—"যাবজ্জীবমগ্নিহোত্রং জুহুয়াৎ", "যাবজ্জীবং দর্শপূর্ণমাসাভ্যাং যজেত", "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ" "এতদ্বৈ জরামর্য্যং সত্রম্, যদগ্নিহোত্রম্" ইত্যাদীন্যৈকাশ্রম্যপ্রতিষ্ঠাপকানি; অন্যানি চ আশ্রমান্তর-প্রতিপাদকানি বাক্যানি,—"বিদিত্বা ব্যুত্থায় প্রব্রজন্তি", "আত্মানমেব লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি", "ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ, গৃহাদ্বনী ভূত্বা প্রব্রজেৎ, যদি বেতরথা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ গৃহাদ্বা বনাদ্বেতি", "দ্বাবেব পন্থানাবনুনিষ্ক্রান্ততরৌ ভবতঃ, ক্রিয়াপথশ্চৈব পুরস্তাৎ সন্ন্যাসশ্চ, তয়োঃ সন্ন্যাস এবাতিরেচয়তি" ইতি, "ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈ-কেনামৃতত্বমানশুঃ" ইত্যাদীনি। তথা স্মৃতয়শ্চ,—"ব্রহ্মচর্য্যবান্ প্রব্রজতি।" তথা—"অবিশীর্ণব্রহ্মচর্য্যো যমিচ্ছেত্তমাবসেৎ" "তস্যাশ্রমবিকল্পমেকে ব্রুবতে"।—

"বেদানধীত্য ব্রহ্মচর্য্যেণ পুত্রপৌত্রানিচ্ছেৎ পাবনার্থং পিতৄণাম্।
অগ্নীনাধায় বিধিবচ্চেষ্টযজ্ঞো বনং প্রবিশ্যাথ মুনির্বুভূষেৎ।"
"প্রাজাপত্যাং নিরূপ্যেষ্টিং সর্ব্ববেদস-দক্ষিণাম্।
আত্মন্যগ্নীন্ সমারোপ্য ব্রাহ্মণঃ প্রব্রজেদ্ গৃহাৎ।" ইত্যাদ্যাঃ। ৩

এবং ব্যুত্থানবিকল্প-ক্রমযথেষ্টাশ্রম-প্রতিপত্তি-প্রতিপাদকানি হি শ্রুতি-স্মৃতিবাক্যানি শতশ উপলভ্যন্তে ইতরেতরবিরুদ্ধানি; আচারশ্চ তদ্বিদাম্; বিপ্রতিপত্তিশ্চ শাস্ত্রার্থপ্রতিপত্তৄণাং বহুবিদামপি; অতো ন শক্যতে শাস্ত্রার্থো মন্দবুদ্ধিভির্বিবেকেন প্রতিপত্তুম্। পরিনিষ্ঠিতশাস্ত্রন্যায়বুদ্ধিভিরেব হ্যেষাং বাক্যানাং বিষয়বিভাগঃ শক্যতেঽবধারয়িতুম্। তস্মাদেষাং বিষয়-বিভাগজ্ঞাপনায় যথাবুদ্ধিসামর্থ্যং বিচারয়িষ্যামঃ। ৪

যাবজ্জীবশ্রুত্যাদিবাক্যানামন্যার্থাসম্ভবাৎ ক্রিয়াবসান এব বেদার্থঃ, "তং যজ্ঞপাত্রৈর্দহন্তি" ইত্যন্ত্য-কর্ম্মশ্রবণাজ্জরামর্য্যশ্রবণাচ্চ; লিঙ্গাচ্চ 'ভস্মান্তং শরীরম্' ইতি। ন হি পারিব্রাজ্যপক্ষে ভস্মান্ততা শরীরস্য স্যাৎ। স্মৃতিশ্চ,—

"নিষেকাদিশ্মশানান্তো মন্ত্রৈর্যস্যোদিতো বিধিঃ।
তস্য শাস্ত্রেঽধিকারোঽস্মিন্ জ্ঞেয়ো নান্যস্য কস্যচিৎ" ইতি।

সমন্ত্রকং হি যৎ কর্ম্ম বেদেনেহ বিধীয়তে, তস্য শ্মশানান্ততাং দর্শয়তি। স্মৃত্যধিকারাভাবপ্রদর্শনাচ্চাত্যন্তমেব শ্রুত্যধিকারাভাবোঽকর্ম্মিণো গম্যতে। অগ্ন্যুদ্বাসনাপবাদাচ্চ, "বীরহা বা এষ দেবানাম্, যোঽগ্নিমুদ্বাসয়তে" ইতি। ৫

নন্বু ব্যুত্থানাদিবিধানাদ্বৈকল্পিকং ক্রিয়াবসানত্বং বেদার্থস্য? ন, অন্যার্থত্বাদ্ব্যুত্থানাদিশ্রুতীনাম্। "যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতি", "যাবজ্জীবং দর্শপূর্ণমাসাভ্যাং যজেত" ইত্যেবমাদীনাং শ্রুতীনাং জীবনমাত্রনিমিত্তত্বাদ্ যদা ন শক্যতেঽন্যার্থতা কল্পয়িতুম্, তদা ব্যুত্থানাদিবাক্যানাঞ্চ কর্ম্মানধিকৃত-বিষয়ত্বসম্ভবাৎ, "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ" ইতি চ মন্ত্রবর্ণাৎ, "জরয়া বা হ্যেবাস্মান্মুচ্যেত মৃত্যুনা বা" ইতি চ, জরামৃত্যুভ্যামন্যত্র কর্ম্মবিয়োগচ্ছি-দ্রাসম্ভবাৎ কর্ম্মিণাং শ্মশানান্তত্বং ন বৈকল্পিকম্। কাণকুব্জাদয়োঽপি কর্ম্মণ্যনধি-কৃতা অনুগ্রাহ্যা এব শ্রুত্যেতি ব্যুত্থানাদ্যাশ্রমান্তরবিধানং নানুপপন্নম্। ৬

পারিব্রাজ্যক্রমবিধানস্যানবকাশত্বমিতি চেৎ; ন, বিশ্বজিৎসর্ব্বমেধয়োর্যাব-জ্জীববিধ্যপবাদত্বাৎ; যাবজ্জীবাগ্নিহোত্রাদিবিধের্বিশ্বজিৎসর্ব্বমেধয়োরেবাপবাদঃ, তত্র চ ক্রমপ্রতিপত্তিসম্ভবঃ—ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেদ্, গৃহাদ্বনী ভূত্বা প্রব্রজেদিতি; বিরোধানুপপত্তেঃ, ন চৈবংবিষয়ত্বে পারিব্রাজ্যক্রমবিধান-বাক্যস্য কশ্চিদ্বিরোধঃ। ক্রমপ্রতিপত্তেরন্যবিষয়পরিকল্পনায়াস্তু যাবজ্জীব-বিধানা শ্রুতিঃ স্ববিষয়াৎ সংকোচিতা স্যাৎ; ক্রমপ্রতিপত্তেস্তু বিশ্বজিৎসর্ব্বমেধ-বিষয়ত্বান্ন কশ্চিদ্বাধঃ। ৭

ন, আত্মজ্ঞানস্যামৃতত্বহেতুত্বাভ্যুপগমাৎ। যত্তাবৎ "আত্মেত্যেবোপাসীত" ইত্যারভ্য "স এষ নেতিনেতি" ইত্যেতদন্তেন গ্রন্থেন বহুপসংহৃতমাত্মজ্ঞানম্, তদমৃতত্বসাধনমভ্যুপগতং ভবতা; তত্র এতাবদেবামৃতত্বসাধনম্ অন্য-নিরপেক্ষমিত্যেতৎ ন মৃষ্যতে; তত্র ভবন্তং পৃচ্ছামি—কিমর্থমাত্মজ্ঞানং সর্বরতি ভবানিতি। শৃণু তত্র কারণম্, যথা স্বর্গকামস্য স্বর্গপ্রাপ্ত্যুপায়মজানতঃ অগ্নিহোত্রাদি স্বর্গপ্রাপ্তিসাধনং জ্ঞাপয়তি, তথা ইহাপ্যমৃতত্বপ্রতিপিৎসোঃ অমৃতত্বপ্রাপ্ত্যুপায়মজানতঃ "যদেব ভগবান্ বেদ, তদেব মে ব্রূহি" ইত্যেব-মাকাঙ্ক্ষিতমমৃতত্বসাধনম্ "এতাবদরে" ইত্যেবমাদৌ বেদেন জ্ঞাপ্যত ইতি। এবং তর্হি যথা জ্ঞাপিতমগ্নিহোত্রাদি স্বর্গসাধনমভ্যুপগম্যতে, তথা ইহাপি আত্মজ্ঞানং যথা জ্ঞাপ্যতে, তথাভূতমেব অমৃতত্বসাধনমাত্মজ্ঞানমভ্যুপগন্তং যুক্তম্; তুল্যপ্রামাণ্যাদুভয়ত্র। ৮

যদ্যেবম্, কিং স্যাৎ? সর্বকর্মহেতূপমর্দকত্বাদাত্মজ্ঞানস্য, বিদ্যোত্তরে কর্মনিবৃত্তিঃ স্যাৎ, দারাগ্নিসম্বন্ধানাং তাবদগ্নিহোত্রাদিকর্মণাং ভেদবুদ্ধিবিষয়-সম্প্রদানকারকসাধ্যত্বম্; অন্যবুদ্ধিপরিচ্ছেদ্যাং হি অগ্ন্যাদিদেবতাং সম্প্রদান-কারকং কর্মসাধনত্বেনোপদিশ্যতে; স ইহ বিদ্যয়া নিবর্ত্যতে—"অন্যোঽ-সাবন্যোঽহমস্মীতি, ন স বেদ।" "দেবাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো দেবান্ বেদ।" "মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি, য ইহ নানেব পশ্যতি।" "একধৈবানুদ্রষ্টব্যম্" "সর্বমাত্মানং পশ্যতি" ইত্যাদিশ্রুতিভ্যঃ। ন চ দেশকালনিমিত্তাদ্যপেক্ষত্বম্, ব্যবস্থিতাত্মবস্তুবিষয়ত্বাদাত্মজ্ঞানস্য; ক্রিয়ায়াস্তু পুরুষতন্ত্রত্বাৎ স্যাৎ দেশকাল-নিমিত্তাপেক্ষত্বম্; জ্ঞানন্তু বস্তুতন্ত্রত্বাৎ ন দেশকালনিমিত্তাদি অপেক্ষতে; যথা অগ্নিরুষ্ণঃ, আকাশোঽমূর্ত্ত ইতি—তথা আত্মবিজ্ঞানমপি। ৯

ননেবং সতি প্রমাণভূতস্য কর্মবিধের্নিরোধঃ স্যাৎ; ন চ তুল্যপ্রমাণয়ো-রিতরেতরনিরোধো যুক্তঃ। ন, স্বাভাবিকভেদবুদ্ধিমাত্রনিরোধকত্বাৎ; নহি বিধ্যন্তরনিরোধকমাত্মজ্ঞানম্, স্বাভাবিকভেদবুদ্ধিমাত্রং নিরুণদ্ধি। তথাপি দ্বেষপহারাৎ কর্মানুপপত্তের্বিধিনিরোধ এব স্যাদিতি চেৎ; ন, কামপ্রতি-ষেধাৎ কাম্যপ্রবৃত্তিনিরোধবদদোষাৎ; যথা "স্বর্গকামো যজেত" ইতি স্বর্গসাধনে যাগে প্রবৃত্তস্য কামপ্রতিষেধবিধেঃ, কামে বিহতে কাম্য-যাগানুষ্ঠানপ্রবৃত্তির্নিরুধ্যতে, ন চৈতাবতা কাম্যবিধির্নিরুদ্ধো ভবতি। ১০

কামপ্রতিষেধবিধিনা কাম্যবিধেরনর্থকত্বাপাদনাৎ প্রবৃত্ত্যনুপপত্তে-

নিরুদ্ধ এব স্যাদিতি চেৎ ? ভবতু এব এবং কর্ম্মবিধিনিরোধোঽপি, যথা কাম-প্রতিষেধে কাম্যবিধেঃ। এবং প্রামাণ্যানুপপত্তিরিতি চেৎ, অনন্তর্ব্বৈরম্বে অনুষ্ঠাতুরভাবাৎ অনুষ্ঠানবিধ্যানর্থক্যাদপ্রামাণ্যমেব কর্ম্মবিধীনামিতি চেৎ; ন, প্রাগাত্মজ্ঞানাৎ প্রবৃত্ত্যুপপত্তেঃ। স্বাভাবিকস্য ক্রিয়া-কারক-ফলভেদ-বিজ্ঞানস্য প্রাগাত্মজ্ঞানাৎ কর্ম্মহেতুত্বমুপপদ্যত এব; যথা কামবিষয়ে দোষবিজ্ঞানোৎপত্তেঃ প্রাক্ কাম্যকর্ম্মপ্রবৃত্তিহেতুত্বং স্যাদেব স্বর্গাদীচ্ছায়াঃ স্বাভাবিক্যাঃ, তদ্বৎ। ১১

তথা সতি অনর্থার্থো বেদ ইতি চেৎ; ন, অর্থানর্থয়োরভিপ্রায়তন্ত্রত্বাৎ; মোক্ষমেকং বর্জ্জয়িত্বা অন্যস্যাবিদ্যাবিষয়ত্বাৎ। পুরুষাভিপ্রায়তন্ত্রৌ হি অর্থানর্থৌ, মরণাদিকাম্যেষ্টিদর্শনাৎ। তস্মাদ্ যাবদাত্মজ্ঞানবিধেরাভিমুখ্যম্, তাবদেব কর্ম্মবিষয়ঃ, তস্মান্নাত্মজ্ঞানসহভাবিত্বং কর্ম্মণাম্,—ইত্যতঃ সিদ্ধম্ আত্মজ্ঞানমাত্রমেবামৃতত্বসাধনম্ "এতাবদরে খল্বমৃতত্বম্"ইতি, কর্ম্মনিরপেক্ষত্বাৎ জ্ঞানস্য। অতো বিদুষস্তাবৎ পারিব্রাজ্যং সিদ্ধম্, সম্প্রদানাদি-কর্ম্মকারক-জাত্যাদিশূন্যাবিক্রিয়ব্রহ্মাত্মদৃঢ়প্রতিপত্তিমাত্রেণ বচনমন্তরেণাপ্যুক্তন্যায়তঃ। ১২

তথা চ ব্যাখ্যাতমেতৎ—"যেষাং নোঽয়মাত্মাঽয়ং লোকঃ" ইতি হেতু-বচনেন"। পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজামকাময়মানা ব্যুত্তিষ্ঠন্তীতি—পারিব্রাজ্যম্ বিদুষামাত্মলোকাববোধাদেব, তথা বিবিদিষোরপি সিদ্ধং পারিব্রাজ্যম্, 'এতমেবাত্মানং লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি" ইতি বচনাৎ। কর্ম্মণাঞ্চ অবিদ্বদ্-বিষয়ত্বমবোচাম। অবিদ্যাবিষয়ে চোৎপত্ত্যাপ্তি-বিকার-সংস্কারার্থানি কর্ম্মাণীত্যত আত্ম-সংস্কারদ্বারেণাত্মজ্ঞানসাধনত্বমপি কর্ম্মণামবোচাম,—"যজ্ঞাদিভির্ব্বিবিদিষন্তি" ইতি। ১৩

অথৈবং সত্যবিদ্বদ্বিষয়াণামাশ্রমকর্ম্মণাং বলাবলবিচারণায়াম্ আত্মজ্ঞানোৎ-পাদনং প্রতি যম-প্রধানানাম্ অমানিত্বাদীনাং, মানসানাঞ্চ ধ্যান-জ্ঞান-বৈরাগ্যাদীনাং সন্নিপত্যোপকারকত্বম্; হিংসারাগদ্বেষাদিবাহুল্যাৎ "বহুক্লিষ্ট-কর্ম্মবিমিশ্রিতা ইতরে, ইত্যতঃ পারিব্রাজ্যং মুমুক্ষূণাং প্রশংসন্তি—

"ত্যাগ এব হি সর্ব্বেষামুক্তানামপি কর্ম্মণাম্।
বৈরাগ্যং পুনরেতস্য মোক্ষস্য পরমো বিধিঃ॥"

"কিন্তে ধনেন কিমু বন্ধুভিস্তে, কিং তে দারৈর্ব্রাহ্মণ যো মরিষ্যসি।
আত্মানমন্বিচ্ছ গুহাং প্রবিষ্টম্, পিতামহাস্তে ক গতাঃ পিতা চ॥"

এবং সাঙ্খ্য-যোগশাস্ত্রেষু চ সন্ন্যাসঃ জ্ঞানং প্রতি প্রত্যাসন্ন উচ্যতে ; কামপ্রবৃত্ত্যভাবাচ্চ ; কামপ্রবৃত্তের্হি জ্ঞানপ্রতিকূলতা সর্ব্বশাস্ত্রেষু প্রসিদ্ধা। তস্মাদ্বিরক্তস্যাপি মুমুক্ষোঃ বিনাপি জ্ঞানেন ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ ইত্যাদ্যুপপন্নম্ । ১৪

নন্বু সাবকাশত্বাৎ অনধিকৃতবিষয়মেতদিত্যুক্তম্, যাবজ্জীবশ্রুত্যুপরোধাৎ ; নৈব দোষঃ, নিত্যন্নাং সাবকাশত্বাৎযাবজ্জীবশ্রুতীনাম্ ; অবিদ্বৎকামিকর্ত্তব্যত্বাৎ হি অযোচাম সর্ব্বকর্ম্মণাম্; ন তু নিরপেক্ষমেব—জীবননিমিত্তমেব কর্ত্তব্যং কর্ম্ম। প্রায়েণ হি পুরুষাঃ কামবহুলাঃ, কামশ্চানেকবিষয়ঃ অনেককর্ম্মসাধন-সাধ্যশ্চ ; অনেকফলসাধনানি চ বৈদিকানি কর্ম্মাণি দারাগ্নিসম্বদ্ধপুরুষকর্ত্তব্যানি, পুনঃ পুনশ্চানুষ্ঠীয়মানানি বহুফলানি কৃষ্যাদিবৎ বর্ষশতসমাপ্তীনি চ গার্হস্থ্যে বা অরণ্যে বা, অতস্তদপেক্ষয়া যাবজ্জীবশ্রুতয়ঃ, "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি"ইতি চ মন্ত্রবর্ণঃ ।১৫

তস্মিংশ্চ পক্ষে বিশ্বজিৎ-সর্ব্বমেধয়োঃ কর্ম্মপরিত্যাগঃ। যস্মিংশ্চ পক্ষে যাবজ্জীবানুষ্ঠানম্, তদা শ্মশানান্তত্বং ভস্মান্ততা চ শরীরস্য। ইতরবর্ণাপেক্ষয়া বা যাবজ্জীবশ্রুতিঃ ; ন হি ক্ষত্রিয়বৈশ্যয়োঃ পারিব্রাজ্যপ্রতিপত্তিরস্তি, তথা "মন্ত্রৈর্যস্যোদিতো বিধিঃ"। "ঐকাশ্রম্যন্ত্বাচার্য্যাঃ"ইত্যেবমাদীনাং ক্ষত্রিয়বৈশ্যা-পেক্ষত্বম্। তস্মাৎ পুরুষসামর্থ্য-জ্ঞান-বৈরাগ্য-কামাদ্যপেক্ষয়া ব্যুত্থান-বিকল্প-ক্রম-পারিব্রাজ্যপ্রতিপত্তিপ্রকারা ন বিরুধ্যন্তে। অনধিকৃতানাঞ্চ পৃথগ্বিধানাৎ পারিব্রাজ্যস্য,—"স্নাতকো বাঽস্নাতকো বোৎসন্নাগ্নিকো বা"ইত্যাদিনা। তস্মাৎ সিদ্ধাস্ত্যাশ্রমান্তরাণি অধিকৃতানামেব ॥৩২০॥১৫॥

ইতি বৃহদারণ্যকভাষ্যে চতুর্থাধ্যায়স্য পঞ্চম-ব্রাহ্মণভাষ্যম্ ॥৪॥৫॥

টীকা ।১ প্রত্যধ্যায়মন্যথান্যথা প্রতিপাদনাদাত্মনঃ সবিশেষত্বমাশঙ্ক্য স এব ইত্যাদেস্তাৎ-পর্য্যমাহ—চতুষ্প্রপীতি। কেন প্রকারেণ তত্ত তুল্যত্বমিত্যাশঙ্ক্যাহ—পঞ্চং ব্রহ্মেতি। অধ্যায়ভেদস্তর্হি কথমিত্যাশঙ্ক্যাহ—উপায়েতি। উপায়ভেদবদুপেয়ভেদোঽপি স্যাদি-ত্যাশঙ্ক্যাহ—উপেয়স্ত্বিতি। চাতুর্থিকাদর্থাৎ পাঞ্চমিকস্যার্থস্য ভেদং ব্যাবর্ত্তয়তি—স এবেতি। প্রাণপণোপন্যাসেন মূর্ধা তে বিপতিষ্যতীতি মূর্দ্ধপাতোপন্যাসাৎ প্রাণাঃ পণত্বেন গৃহীতা ইতি গম্যতে। তেন শাকল্যব্রাহ্মণেন নির্ব্বিশেষঃ প্রত্যগাত্মা নির্দ্ধারিত ইত্যর্থঃ। বিজ্ঞানমানন্দং ব্রহ্মেত্যাদাবুক্তং স্মারয়তি—পুনরিতি। পঞ্চমস্যান্তে পুন-র্বিজ্ঞানমিত্যাদিনা স এব নির্দ্ধারিত ইতি যোজনা। পূর্ব্বব্রাহ্মণাভ্যামপি স এবোক্ত ইত্যাহ—

পুনরিষ্যেতি। কিমিতি পূর্ব্বত্র তত্র তত্রোক্ত নির্ব্বিশেষবস্তাবসোহবসানে বক্ষ্যমিত্যা-শঙ্ক্যাহ—চতুর্থমপীতি। ১

পৌর্ব্বাপর্য্যপর্য্যালোচনায়ামুপনিষদর্থো নির্ব্বিশেষবাস্তবমিত্যুপপাদ্য বাক্যান্তরমবতার্য্য ব্যাকরোতি—যস্মাদিত্যাদিনা। ইতি হোক্তেত্যাদিবাক্যমাকাঙ্ক্ষাপূর্ব্বকমাদায় ব্যাচষ্টে—যৎ পৃষ্টবত্যসীত্যাদিনা। ব্রাহ্মণার্থমুপসংহরতি—পরিজ্ঞমাপ্তেতি। তথা প্যুপদেশান্তরং কর্ত্তব্যমস্তীত্যাশঙ্ক্যাহ—এতাবদিতি। কিমত্র প্রমাণমিতি, তদাহ—এতদিতি। তথাপি পরমা নিষ্ঠা সন্ন্যাসিনো বক্তব্যেতি চেন্নেত্যাহ—এবোক্তি। আত্মজ্ঞানে সসন্ন্যাসে সত্যপি পুরুষার্থান্তরং কর্ত্তব্যমস্তীত্যাশঙ্ক্যাহ—এষ ইতি। ইতিশব্দো ব্রাহ্মণসমাপ্ত্যর্থঃ। ২

সসন্ন্যাসমাত্মজ্ঞানমমৃতত্বসাধনমিত্যুপপাদ্য সন্ন্যাসমধিকৃত্য বিচারমবতারয়তি—ইদানী-মিতি। তত্র তত্র প্রাগেব বিচারিতত্বাৎ কিং পুনর্ব্বিচারেণেত্যাশঙ্ক্যাহ—শাস্ত্রার্থেতি। বিরক্তস্য সন্ন্যাসো জ্ঞানস্যান্তরঙ্গসাধনং, জ্ঞানং তু কেবলমমৃতত্বস্যেতি শাস্ত্রার্থে বিবেকরূপা প্রতিপত্তিরপি প্রাগেব সিদ্ধেতি কিং তদর্থেন বিচারারম্ভেণেত্যাশঙ্ক্যাহ—যত ইতি। অতো বিচারঃ কর্ত্তব্যো নান্যথা শাস্ত্রার্থবিবেকঃ স্যাদিত্যুপসংহারার্থো হি-শব্দঃ। বাক্যানা-মাকুলত্বমেব দর্শয়তি—যাবদিতি। যদগ্নিহোত্রমিত্যাদীনীত্যাদিশব্দাদৈকাশ্রম্যং ত্বাচার্য্যাঃ প্রত্যক্ষবিধানাৎ গার্হস্থ্যস্যেত্যাদি স্মৃতিবাক্যং গৃহ্যতে। কথমেতাবতা বাক্যানি ব্যাকুলানীত্যাশঙ্ক্যাহ—অন্যানি চেতি। বিদিত্বা ব্যুত্থায় ভিক্ষাচর্য্যং চরন্তীতি বাক্যং পাঠক্রমেণ বিদ্বৎসন্ন্যাসপরমর্থক্রমেণ তু বিবিদিষা-সন্ন্যাসপরম্, আত্মানমেব লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তীতি তু বিবিদিষাসন্ন্যাসপরমেবেতি বিভাগঃ। ক্রমসন্ন্যাসপরাং শ্রুতিমুদাহরতি—ব্রহ্মচর্য্যমিতি। অক্রমসন্ন্যাসবিষয়ং বাক্যং পঠতি—যদি বেতি। কর্ম্মসন্ন্যাসয়োঃ সন্ন্যাসস্যাধিক্যপ্রদর্শনপরাং শ্রুতিং দর্শয়তি—ন্যাস এবেতি। অনুদিতোক্তয়ো শাস্ত্রে ক্রমেণাভ্যুদয়নিঃশ্রেয়সোপায়ত্বেন পুনঃ পুনরুক্তাবিত্যর্থঃ। জ্ঞান-দ্বারা সন্ন্যাসস্য মোক্ষোপায়ত্বে শ্রুত্যন্তরমাহ—ন কর্ম্মণেতি। 'তানি বা এতান্যবরাণি তপাংসি, ন্যাস এবাত্যরেচয়ৎ' ইত্যাদি বাক্যমাদিশব্দার্থঃ। যথা শ্রুতয়স্তথা স্মৃতয়োঽপ্যা-কুলা দৃশ্যন্ত ইত্যাহ—তথেতি। তত্র ক্রমসন্ন্যাসে স্মৃতিমাদাবুদাহরতি—ব্রহ্মচর্য্য-বানিতি। যথেষ্টাশ্রমপ্রতিপত্তৌ প্রমাণভূতাং স্মৃতিং দর্শয়তি—অবিশীর্ণেতি। আশ্রমবিকল্পবিষয়াং স্মৃতিং পঠতি—তস্যেতি। ব্রহ্মচারী বর্ত্যর্থঃ। ক্রমসন্ন্যাসে প্রমাণ-মাহ—তথেতি। তত্রৈব বাক্যান্তরং পঠতি—প্রাজাপত্যামিতি। সর্ব্ববেদসং সর্ব্বস্বং দক্ষিণা যস্যাং তাং নির্ব্বর্ত্ত্যেত্যর্থঃ। আদিপদেন মুণ্ডো নিষ্পরিগ্রহশ্চেত্যাদিবাক্যং গৃহ্যতে। ইত্যাদ্যাঃ স্মৃতয়শ্চেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ৩

ব্যাকুলানি বাক্যানি দর্শিতান্যুপসংহরতি—এবমিতি। ইতশ্চ কর্ত্তব্যো বিচার ইত্যাহ—আচারশ্চেতি। শ্রুতিস্মৃতিবিদামাচারঃ স বিরুদ্ধো লক্ষ্যতে। কেচিদ্ ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজন্তি। অপরে তু তৎ পরিসমাপ্য গার্হস্থ্যমেবাচরন্তি। অন্যে তু চতুর্ণোঽপ্যাশ্রমাণ্

ক্রমেণাশ্রয়তে, তথা চ বিনা বিচারং নির্ণয়াসিদ্ধিরিত্যর্থঃ। ইতশ্চাস্তি বিচারস্য কার্য্যতেত্যাহ—বিপ্রতিপত্তিশ্চেতি। যদ্যপি বহুবিদঃ শাস্ত্রার্থপ্রতিপত্তারো জৈমিনিপ্রভৃতয়স্তথাপি তেষাং বিপ্রতিপত্তিরুপলভ্যতে, কেচিদূর্দ্ধরেতস আশ্রমাঃ সন্তীত্যাহ ন সন্তীত্যপরে, তৎ কৃতো বিচারাদৃতে নিশ্চয়সিদ্ধিরিত্যর্থঃ। অথ কেষাঞ্চিদন্তরেণাপি বিচারং শাস্ত্রার্থো বিবেকেন প্রতিভাত্বিতি, তত্রাহ—অত ইতি। শ্রুতিস্মৃত্যাচারবিপ্রতিপত্তেরিতি যাবৎ। কৈস্তর্হি শাস্ত্রার্থো বিবেকেন জ্ঞাতুং শক্যতে, তত্রাহ—পরিনিষ্ঠিতেতি। নানাশ্রুতিদর্শনাদিবশাদুপপাদিতং বিচারারম্ভমুপসংহরতি—তস্মাদিতি। বিচারকর্তব্যতামুক্ত্বা পূর্ব্বপক্ষং গৃহ্নাতি—যাবদিত্যাদিনা। শ্রুত্যাদীত্যাদিশব্দেন কুর্ব্বন্নিত্যাদিমন্ত্রবাদো গৃহ্যতে। ঐকাশ্রম্যে হেত্বন্তরমাহ—তমিতি। এতৎ বৈ জরামর্য্যং সত্রং যদগ্নিহোত্রমিতি শ্রুতেশ্চ পারিব্রাজ্যাসিদ্ধিরিত্যাহ—জরেতি। তত্রৈব হেত্বন্তরমাহ—নিন্দাচ্চেতি। পারিব্রাজ্যপক্ষেঽপি তদুপপত্তিমাশঙ্ক্যাহ—ন হীতি। ইতশ্চ নাস্তি পারিব্রাজ্যমিত্যাহ—স্মৃতিশ্চেতি। তস্যাস্তাৎপর্য্যমাহ—অমন্ত্রকং হীতি। নান্তত্র কস্মৈচিদিত্যত্র সূচিতমর্থং কথয়তি—অধিকারেতি। গৃহস্থস্য পরিব্রাজ্যাভাবে হেত্বন্তরমাহ—অগ্নীতি।৪

পূর্ব্বপক্ষমাক্ষিপতি—নন্বিতি। উভয়বিধিদর্শনে ষোড়শীগ্রহণাগ্রহণবদধিকারিভেদেন বিকল্পো যুক্তো ন তু ক্রিয়াবসান এব বেদার্থ ইতি পক্ষপাতো নিয়ন্তুমস্তীত্যর্থঃ। তুল্যবিধিদর্শনে হি বিকল্পো ভবত্যত্র তু সাবকাশানবকাশত্বেনাতুল্যত্বাৎ নৈবমিত্যাহ—নাস্যার্থত্বাদিতি। তদেব স্ফুটয়তি—যাবজ্জীবমিত্যাদিনা। কর্ম্মানধিকৃতবিষয়ত্বাৎ ন বৈকল্পিকমিতি সম্বন্ধঃ। ক্রিয়াবসানত্বং বেদার্থস্যেতি শেষঃ। তত্রৈব হেত্বন্তরাণ্যাহ—কুর্ব্বন্নিত্যাদিনা। ন বৈকল্পিকমিত্যত্র পূর্ব্ববদন্বয়ঃ। ব্যুত্থানাদিবাক্যানাং কথমনধিকৃতবিষয়ত্বমিত্যাশঙ্ক্যাহ—কাণেতি।৫

অনধিকৃতবিষয়ত্বং তেষামশক্যং বক্তুং, ব্রহ্মচর্য্যং সমাপ্যেত্যাদাবধিকৃতবিষয়ে ক্রমদর্শনাদিতি শঙ্কতে—পারিব্রাজ্যেতি। সত্যন্তরং দর্শয়ন্নুত্তরমাহ—ন বিশ্বজিদিতি। যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতীত্যুৎসর্গস্যাপবাদো বিশ্বজিৎ সর্ব্ববেধৌ, তদনুষ্ঠানে সর্ব্বস্বদানাদেব সাধনসম্পত্তিরহাৎপারিব্রাজ্যতাবত্তাবিষাদস্তদ্বিষয়ং ক্রমবিধানমিত্যর্থঃ। তদেব স্ফুটয়তি—যাবজ্জীবেতি। কথং ক্রমবিধেরেব বিষয়ত্বং কল্পকাভাবাদিত্যাশঙ্ক্যাহ—বিরোধানুপপত্তেরিতি। গৃহস্থস্যাপি বিরক্তস্য পারিব্রাজ্যমিতি কিমিতি ক্রমবিষয়ো নেষ্যতে, তত্রাহ—অন্যবিষয়েতি। ক্রমবিধেরপি ত্বৎপক্ষে সঙ্কোচঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—ক্রমপ্রতিপত্তেস্ত্বিতি। সতি জ্ঞানে কর্ম্মত্যাগো নিষিধ্যতে, সত্যাং বা জিজ্ঞাসায়ামিতি বিকল্প্যাদ্যং দূষয়তি সিদ্ধান্তী—নাত্মজ্ঞানস্যেতি।৬

বিদ্বৎসংন্যাসস্যাবশ্যম্ভাবিত্বাৎ ন কর্ম্মাবসান এব বেদার্থ ইতি সংগৃহীতং যত্ত বিবৃণোতি—যৎ তাবদিতি। বিস্তারস্ত্রাদায়ত্য নিষেধবাক্যাস্তেন গ্রহেন যদাত্মজ্ঞানমুপসংহৃতং, তত্তাবন্মুক্তিসাধনমিতি তত্রাপি যথাদেত্যুপগতং, পরাজং চান্যবিজ্ঞানমস্তত্বেত্যবধারণাদিতি চায়াৎ, তস্মাৎ জ্ঞানে সতি কর্ম্মানুষ্ঠানং নিরবকাশমিত্যর্থঃ। অথাত্মজ্ঞানং কর্ম্মসহিতমমৃতত্ব-

সাধনমিষ্যতে, ন কেবলং, তথা চ জ্ঞানোত্তরকালমপি ন কর্ম্মত্যাগসিদ্ধিরিতি শঙ্কতে—তত্রেতি। আত্মজ্ঞানস্যামৃতত্বসাধনত্বে সত্যপীতি যাবৎ। কর্ম্মনিরপেক্ষত্বং চেদাত্মজ্ঞানস্য তর্হি ন সহতে, কিমিতি তর্হি জ্ঞানমেবোপগতমিতি সিদ্ধান্তী পৃচ্ছতি—তত্রেতি। তস্য কর্ম্মানপেক্ষত্বানঙ্গীকারে সতীত্যর্থঃ। তত্র পূর্ব্ববাদী শাস্ত্রীয়ত্বাদাত্মজ্ঞানমমৃতত্বসাধনমভ্যুপগতমিতি শঙ্কতে—শৃণ্বিতি। জ্ঞাপয়তি বেদ ইতি শেষঃ। শাস্ত্রানুসারেণাত্মজ্ঞানাঙ্গীকারে কর্ম্মনিরপেক্ষমেবাত্মজ্ঞানং মোক্ষসাধনং সেৎস্যতীতি পরিহরতি—এবং তর্হীতি। উভয়ত্র জ্ঞানে কর্ম্মণি চেত্যর্থঃ। যথা জ্ঞানস্যামৃতত্বসাধনত্বে তস্য কর্ম্মনিরপেক্ষত্বে চেত্যর্থঃ। তুল্যপ্রামাণ্যাৎ প্রামাণ্যস্য তুল্যত্বাৎ বেদস্যেতি শেষঃ। ৭

যথাশাস্ত্রং জ্ঞানাভ্যুপগমেঽপি কথং তৎ কেবলং কৈবল্যকারণমিতি পৃচ্ছতি—যদ্যেবমিতি। শাস্ত্রানুসারেণ জ্ঞানমভ্যুপগচ্ছন্তং প্রত্যাহ—সর্ব্বকর্ম্মেতি। আত্মজ্ঞানস্য তদুপমর্দ্দকত্বং দর্শয়িতুং কর্ম্মহেতুং তাবদ্দর্শয়তি—দারাগ্নীতি। অগ্নিহোত্রাদীনাং সম্প্রদানকারকসাধ্যত্বং ব্যতিরেকদ্বারা সাধয়তি—অন্যেতি। তথাপি কথমাত্মজ্ঞানস্য কর্ম্মহেতূপমর্দ্দকত্বমিত্যাশঙ্ক্যাহ—যত্রাহীতি। ইহেতি বিদ্যাদশোক্তিঃ। বিদ্যায়াঃ শ্রুতিসম্মতেন বলবত্ত্বং দর্শয়তি—অন্যোঽস্যাবিত্যাদিনা। নম্বু শুচৌ দেশে দিবসাদৌ কালে শাস্ত্রাচার্য্যাদিবশাদুৎপন্নং জ্ঞানং পুমর্থসাধনম্ 'শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য' ইত্যাদিস্মৃতেস্তথা চ কথং তস্য ভেদবুদ্ধ্যুপমর্দ্দকত্বম্, অত আহ—ন চেতি। যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাদিতি ন্যায়াৎ জ্ঞানসাধনস্য সমাধেরপি ন দেশাদ্যপেক্ষা, দূরতস্তু কূটস্থবস্তুতন্ত্রস্য জ্ঞানস্যেতি ভাবঃ। বিমতং দেশাদ্যপেক্ষং শাস্ত্রার্থত্বাৎ ধর্ম্মবদিত্যাশঙ্ক্য পুরুষতন্ত্রত্বমুপাধিরিত্যাহ—ক্রিয়ায়া-মিতি। সাধনব্যাপ্তিং দূষয়তি—জ্ঞানং ত্বিতি। বিমতং ন দেশাদ্যপেক্ষং প্রমাণত্বাৎ উকাগ্নিজ্ঞানবদিতি প্রত্যনুমানমাহ—যথেতি। ৮

আত্মজ্ঞানস্য সর্ব্বকর্ম্মহেতূপমর্দ্দকত্বে দোষমাশঙ্কতে—নন্বিতি। ইষ্টাপত্তিমাশঙ্ক্যাহ—ন চেতি। কর্ম্মকাণ্ডেন কাণ্ডান্তরস্যাপি বিরোধসম্ভবাদিত্যর্থঃ। সাক্ষাদাত্মজ্ঞানং কর্ম্মবিধিবিরোধ্যর্থাদেবেতি বিকল্পাদ্যং দূষয়তি—নেত্যাদিনা। তদেব স্ফুটয়তি—ন হি বিধ্যন্তরেতি। দ্বিতীয়ং শঙ্কতে—তথাঽপীতি। যথা ন কামী স্যাদিতি নিষেধাৎ কস্যচিৎ কামপ্রবৃত্তি ন ভবতীত্যেতাবতা ন সর্ব্বান্ প্রতি কাম্যবিধির্নিরুধ্যতে, তথা কস্যচিদাত্মজ্ঞানাৎ কর্ম্মবিধিনিরোধেঽপি ন সর্ব্বান্ প্রত্যসৌ নিরুদ্ধো ভবিষ্যতীতি পরিহরতি ন কামেতি। দৃষ্টান্তমেব স্পষ্টয়তি—যথেত্যাদিনা। প্রতিষেধশাস্ত্রার্থানভিজ্ঞং প্রতি তদুপপত্তেরিতি ভাবঃ। ৯

অতিপ্রসঙ্গমিষ্টমাশঙ্কতে—কামপ্রতিষেধবিধিনেতি। অনর্থকত্বজ্ঞানাৎ কামস্যেতি শেষঃ। প্রবৃত্ত্যনুপপত্তেঃ কাম্যেষু কর্ম্মস্বিতি দ্রষ্টব্যম্। নিরুদ্ধঃ স্যাৎ কাম্যবিধিরিত্যধ্যাহর্ত্তব্যম্। গূঢ়াভিসন্ধিঃ সিদ্ধান্তী ব্রূতে—ভবত্বিতি। পুনরতিপ্রসঙ্গপ্রতিপত্তমানস্তোদয়তি—যথেত্যেতি। এবমিতি জ্ঞানেন কর্ম্মবিধিনিরোধে সতীতি যাবৎ। তৎপ্রামাণ্যানুপপত্তিরিতি শেষঃ। তদেব চোদ্যং বিশদয়তি—অনমুষ্ঠেয়ত্ব ইতি। বেদা-

যদুক্তৈর্নামাগ্নিহোত্রাদীনাং কর্ম্মণাং যে বিষয়াস্তেষামিতি যাবৎ। নিত্যানিত্যবস্তুবিবেকাদির-হিতমাহ—নেত্যাদিনা। উপপত্তিমেবোপদর্শয়তি স্বাভাবিকস্যেতি। তদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যথেতি। ১০

অজ্ঞানাবস্থায়ামেব কর্ম্মবিধিপ্রবৃত্তিরিত্যত্রানিষ্টমাশঙ্কতে—তথা সতীতি। কর্ম্ম-বিধেরপি পুরুষাভিপ্রায়বশাৎ পুরুষার্থোপযোগিত্বসিদ্ধের্নানিষ্টাপত্তিরিত্যুত্তরমাহ—নার্থেতি। অর্থস্ত পুরুষাভিপ্রায়তন্ত্রত্বে মোক্ষস্যাপি তাদ্বৎ পুরুষার্থত্বং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—মোক্ষ-মিতি। অর্থানর্থয়োরভিপ্রায়তন্ত্রত্বং সাধয়তি—পুরুষেতি। মরণং মহাপ্রস্থানমিত্যাদি কাম্যং কৃত্বা জীবদবস্থায়ামেব মহাভারতাদাবিষ্টবিধানং দৃষ্টমতোঽর্থানর্থাবভিপ্রায়তন্ত্রকাবে-বেত্যর্থঃ। কর্ম্মবিধীনামাত্মজ্ঞানাৎ প্রাচীনত্বং প্রতিপাদিতমুপসংহরতি—তস্মাদিতি। তথাপি প্রকৃতে কিমায়াতং, তদাহ—তস্মাদ্যেতি। তত্র প্রমাণমাহ ইত্যত ইতি। অতঃশব্দার্থং স্ফুটয়তি—কর্ম্মেতি। জ্ঞানস্য কর্ম্মবিরোধিত্বে তন্নিরপেক্ষত্বে চ সিদ্ধে ফলিতমাহ—অত ইতি। আত্মজ্ঞানস্যামৃতত্বহেতুত্বাভ্যুপগমাদিত্যাদেরুক্তন্যায়াদাত্মসাক্ষাৎ-কারস্য কেবলস্য কৈবল্যকারণত্বসিদ্ধেঃ, সতি তস্মিন্ জীবন্মুক্তস্য কর্ম্মানুষ্ঠানানবকাশাৎ তদুপদেশেন প্রবৃত্ততাধীতবেদস্য পরোক্ষজ্ঞানবতস্তন্মাত্রেণ প্রমাণাপেক্ষামন্তরেণ সিদ্ধং সর্ব্বকর্ম্মত্যাগলক্ষণং পারিব্রাজ্যমেব এব বিদ্বৎসংন্যাসো ন হ্যপরোক্ষজ্ঞানবতঃ প্রারব্ধফলপ্রাপ্তি-মন্তরেণানুষ্ঠেয়ং কিঞ্চিদস্তীতি ভাবঃ। বিদ্যাবিষয়ত্বাৎ তৎ সাক্ষাৎকারস্য কথং পারিব্রাজ্যং, তত্রাহ—বচনমিতি। উক্তন্যায়ং শান্তাদিবাক্যসূচিতং। বিধিং বিনাপি ফলভূতং পারি-ব্রাজ্যমিত্যর্থঃ। ১১

সত্যাং জিজ্ঞাসায়াং কর্ম্মত্যাগো ন শক্যতে নিবোদ্ধুমিতি বদন্ বিবিদিষাসংন্যাসং সাধ-য়তি—তথা চেত্যাদিনা। এতৎ পারিব্রাজ্যমিতি সম্বন্ধঃ। বিদুষামাত্মসাক্ষাৎ-কারার্থিনাং তৎ পরোক্ষনিশ্চয়বতামিতি যাবৎ। আত্মলোকস্যাববোধোঽপি ব্যুত্থানহেতুঃ পরোক্ষনিশ্চয় এব। সতীতরস্মিন্ ফলাবস্থে ব্যুত্থানানুষ্ঠানাযোগাৎ তদন্তরেণ তৎ-প্রাপ্ত্যভাবাচ্চ। উক্তং হি শমাদিবত্ত্বুপরতেরপি তত্ত্বসাক্ষাৎকারে নিয়তং সাধনত্বং, তদাহ—তথা চেতি। বিবিদিষুরধীতবেদো বিচারপ্রযোজকাপাতিকজ্ঞানবান্ মুমুক্ষুর্মোক্ষ-সাধনং তত্ত্বসাক্ষাৎকারমপেক্ষমাণস্তস্মিন্ পরোক্ষনিশ্চয়েনাপি শূন্যো বিবক্ষিতস্তস্য কথং পারিব্রাজ্যমত আহ—এতমেবাত্মানমিতি। ইতশ্চ বিবিদিষাসংন্যাসোঽস্তীত্যাহ—কর্ম্মণাং চেতি। তথা চাবিদ্যাবিরুদ্ধাং বিদ্যামিচ্ছন্নশেষাণি কর্ম্মাণি শরীরধারণমাত্র-কারণেতরাণি ত্যজেদিতি শেষঃ। বিবিদিষাসংন্যাসে হেত্বন্তরমাহ—অবিদ্যাবিষয়ে চেতি। চতুর্ব্বিধফলানি কর্ম্মাণ্যবিদ্যাবিষয়েপরাণি সম্ভবন্তি ন হ্যসাধ্যে বস্তনীত্যতো বস্তু-জিজ্ঞাসায়াং তানীত্যর্থঃ। কথং তর্হি কর্ম্মণামুত্তমফলাবস্থস্তত্রাহ—আত্মেতি। বুদ্ধি-শুদ্ধিদ্বারা জ্ঞানহেতুত্বাৎ কর্ম্মণামস্তি প্রণাড্যা পরমপুরুষার্থত্বম ইত্যর্থঃ। ১২

'সংন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ'

ইতি স্মৃতেবিবিদিষাবিদুষাং কথং পারিব্রাজ্যমেব কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ—অত্রেতি।

যথা বিদ্বৎসংন্যাসতথা বিবিদিষাসংন্যাসেঽপি যথোক্তনীত্যা সম্ভাবিতে প্রতীতি যাবৎ। আত্মজ্ঞানোৎপত্তিং প্রত্যাশ্রমধর্ম্মাণাং বলাবলবিচারণা নামান্তরঙ্গবহিরঙ্গচিন্তা, তস্যাং সত্যামিত্যর্থঃ। অহিংসাদের ব্রহ্মচর্য্যাদয়ো যমাঃ। বৈরাগ্যাদীনামিত্যাদিশব্দেন শমাদয়ো গৃহ্যন্তে। ইতরে নিয়মপ্রধানা আশ্রমধর্ম্মা বহুনা ক্লিষ্টেন পাপেন কর্ম্মণা সঙ্কীর্ণা হিংসাদি-প্রাচুর্য্যাৎ।

'যমান্ পততাকুর্ব্বাণো নিয়মান্ কেবলং ভজন্'

ইতি স্মৃতেস্তস্মাৎ পূর্ব্বোক্তমন্তরঙ্গত্বমুক্তমেবাং বহিরঙ্গত্বমিত্যাশয়েনাহ—হিংস্যেতি। কর্ম্ম-যোগাপেক্ষয়া তৎত্যাগতাধিকারিবিশেষং প্রতি প্রশস্তত্বমুপসংহরতি—ইত্যত ইতি। তৎপ্রশংসাপ্রকারমেবাভিনয়তি—ত্যাগ এবেতি। উক্তানামাশ্রমৈরহূয়েরমেবেতি শেষঃ। তৎ ত্যাগে হেতুমাহ—বৈরাগ্যমিতি। যোক্ত কর্ম্মপরিত্যাগস্তেত্যর্থঃ। উক্তমপূর্ব্বার্থিনঃ সংন্যাসযায়া শ্রবণাদি কর্ত্তব্যমিত্যত্র বাক্যান্তরমুদাহরতি—কিং কে প্রসেনেতি। অথ পিত্রাদিভির্গতং পন্থানমবেষয়ামি নাত্মানমিত্যাশঙ্ক্যাহ—পিতামহা ইতি। বিবিদিষাসংন্যাসে সাংখ্যাদিসম্মতিমাহ এবমিতি। যথাহুঃ সাংখ্যাঃ—

'জ্ঞানেন চাপবর্গো বিপর্য্যয়াদিষ্যতে বন্ধঃ' ইতি।

'বিবেকখ্যাতিপর্য্যন্তমজ্ঞানাচ্চিত্তচেষ্টিতম্' ইতি চ।

'অবিপর্য্যয়াদ্বিশুদ্ধং কেবলমুৎপদ্যতে জ্ঞানম্' ইতি চ।

যোগশাস্ত্রবিদশ্চাহুঃ 'অভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ' ইতি। তত্র বৈরাগ্যেণ বিষয়স্রোতঃ পরিখিলীক্রিয়তে। বিবেকদর্শনাভ্যাসেন কল্যাণস্রোত উৎপাদ্যত ইতি চ। 'দৃষ্টানু-শ্রবিকবিষয়বিতৃষ্ণস্য বশীকারসংজ্ঞা বৈরাগ্যম্' ইতি চ। ইতশ্চ সংন্যাসো জ্ঞানং প্রতি প্রত্যাসন্ন ইত্যাহ—কামেতি। সংন্যাসিনঃ কামপ্রবৃত্ত্যভাবেঽপি কথং সংন্যাসস্য জ্ঞানং প্রতি প্রত্যাসন্নত্বমিত্যাশঙ্ক্যাহ—কামপ্রবৃত্তেরিতি। "ইতি নু কাময়মানঃ"।

"কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।

মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্॥"

ইত্যাদীনি শাস্ত্রাণি। বিবিদিষাসংন্যাসমুপসংহরতি—তস্মাদিতি। যথোক্তাধি-কারিণো দর্শিতয়া বিধয়া জ্ঞানেন বিনাপি সংন্যাসস্য প্রাপ্তত্বাৎ ব্রহ্মচর্য্যাদেবেত্যাদি বিধিবাক্য-মুপপন্নমিতি যোজনা। ১৩

অথ পারিব্রাজ্যবিধানমনধিকৃতবিষয়মুচিতং, তথা সতি সাবকাশত্বাৎ ন ত্বধিকৃতবিষয়ং যাবজ্জীবশ্রুতিবিরোধাৎ, তস্যা নিরবকাশত্বাৎ; সাবকাশনিরবকাশয়োশ্চ নিরবকাশস্যৈব বল-বত্ত্বাদিত্যুক্তং শঙ্কতে—নম্বিতি যাবজ্জীবশ্রুতেঃ নিরবকাশত্বং দূষয়তি—নৈষ দোষ ইতি। কথমতিশয়েন সাবকাশত্বং, তত্রাহ—অবিবন্নাদিতি। জীবনমাত্রং নিমিত্তীকৃত্য চোদিতং কর্ম্ম কথং কামিনা কর্ত্তব্যং, তত্রাহ—ন হীতি। প্রত্যবায়পরিহারাদেরিষ্টত্বাদি-ত্যর্থঃ। অনুষ্ঠাতৃস্বরূপনিরূপণায়ামপি ন জীবনমাত্রং নিমিত্তীকৃত্য কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ—প্রায়েণেতি। তথাপি নিত্যেষু কর্ম্মসু ন কামনিমিত্তা প্রবৃত্তিস্তত্র কাম্যমানফলাভাবা-

মিত্যাশঙ্ক্যাহ—একামশ্চেতি। প্রত্যবায়পরিহারাদেরপি কাম্যত্বং যুক্তমিতি ভাবঃ। তথাপি নিত্যে কর্ম্মণি কাম্যমানং ফলং বিধ্যুদ্দেশে কিঞ্চিৎ ন শ্রুতমিত্যাশঙ্ক্যাহ—অনেকেত্যাদ। কর্ম্মভিরনেকৈঃ সাধনৈর্বদ্ধুরিতমিবহ'ণাদি সাধ্যং, তদেবাজ্ঞাতকপি বিধ্যুদ্দেশে সাধ্যং ভবতি।

'যদ্‌যদ্ধি কুরুতে জন্তুস্তত্তৎ কামস্য চেষ্টিতম্'

ইতি স্মৃতেস্তদ্ব্যতিরেকেণ প্রবৃত্ত্যনুপপত্তেরতো নিত্যেঽপি কাম্যত্বং ফলবত্ত্বার্থঃ। নন্বু বৈদিকানাং কর্ম্মণাং নিয়তফলত্বাৎ কাম্যোঽপি নিয়তফলো যুক্তথা চ নিত্যেষু তদভাবাৎ ন কাম্যত্বং ফলং সেৎস্যতি, তত্রাহ—অনেকফলেতি। অথ তানি পুরুষমাত্র-কর্ত্তব্যানীতি কুতো বিবক্ষিতসংন্যাসসিদ্ধিস্তত্রাহ—দারেতি। নমবিরক্তেনাপি গৃহিণা সকৃদেব তান্যনুষ্ঠেয়ানি, তাবতা বিধেশ্চরিতার্থত্বাৎ. তথা চ কথং ফলবাহুল্যমিত্যাশঙ্ক্যাহ—পুনঃ পুনশ্চেতি। যাবজ্জীবোপবন্ধাদাবৃত্তিসিদ্ধিরিতি ভাবঃ। তর্হি যাবজ্জীবশ্রুতিবশা-দশেষাশ্রমস্থৈরাবশ্যকত্বমগ্নিহোত্রাদীনীতি কুতো যথোক্তসংন্যাসোপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—সর্ব্বশস্ত্রেতি। অবিরক্তগৃহিবিষয়ত্বং শ্রুতিস্মৃত্যোরিত্যুপসংহরতি—অত ইতি। ১৪

যৎ তু, যাবজ্জীবশ্রুতেরপবাদো বিশ্বজিৎ-সর্ব্ববেধয়োরিতি, তদপি কামিগৃহিবিষয়ত্বাৎ ন ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেদিতি বিধ্যপবাদকমিত্যাহ—তস্মিংশ্চেতি। পরোক্তং লিঙ্গমপি তদ্বিষয়ত্বাৎ ন সর্ব্বস্য বেদস্য কর্ম্মাবসানত্বং দ্যোতয়তীত্যাহ—যস্মিংশ্চেতি। যাবজ্জীব-শ্রুতের্গত্যন্তরমাহ—ইতরেতি। কথং সা ক্ষত্রিয়বৈশ্যবিষয়েণ প্রবৃত্তা ত্রৈবর্ণিকানামপি পারিব্রাজ্যপরিগ্রহাদিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। যাবজ্জীবশ্রুতিবদেকাশ্রম্যপ্রতিপাদক-স্মৃতীনামপি ক্ষত্রিয়াদিবিষয়ত্বমাহ—তথেতি। শ্রুতিস্মৃতীনাং কর্ম্মতৎসংত্যাগার্থানাং ভিন্ন-বিষয়ত্বে ফলিতমুপসংহরতি—তস্মাদিতি। যৎ তু কাণকুব্জাদয়োঽপি কর্ম্মণ্যধিকৃতা অনুগ্রাহ্যা এব শ্রুত্যেতি, তত্রাহ—অনধিকৃতানাং চেতি। সত্যামেব ভার্য্যায়াং ত্যক্তাগ্নিকৎসন্নাগ্নিত্বানসত্যাং পরিত্যক্তাগ্নিরনগ্নিক ইতি ভেদঃ। আশ্রমান্তরবিষয়শ্রুতি-স্মৃতীনামনধিকৃতবিষয়ত্বাভাবে সিদ্ধমর্থং নিগময়তি—তস্মাদিতি। ৩৩০। ১৫।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য পঞ্চমং ব্রাহ্মণম্। ৪৫।

ভাষ্যানুবাদ। প্রথম হইতে চতুর্থ অধ্যায় পর্য্যন্ত সমস্ত অধ্যায়েই বৈষম্যবর্জ্জিত একই আত্মা পরব্রহ্মরূপে নির্দ্ধারিত হইয়াছে; সেই পরব্রহ্ম-স্বরূপ আত্মাকে উপলব্ধি করিবার উপায়গুলি অবশ্য বিভিন্ন প্রকার, কিন্তু উপেয় বা উপায়লভ্য সেই আত্মা কিন্তু একই। চতুর্থ অধ্যায়ে অর্থাৎ এই উপনিষদের দ্বিতীয় অধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণের ষষ্ঠ শ্রুতিতে 'অথ অত আদেশঃ —নেতি নেতি' ইত্যাদি বাক্যে যাহার স্বরূপ নির্দ্দেশ করা হইয়াছে, এবং পঞ্চম অধ্যায়ে অর্থাৎ এই উপনিষদের তৃতীয় অধ্যায়ে যে, শাকল্যের প্রাণপণ (শিরঃ পতন) উল্লেখপূর্ব্বক শাকল্য-যাজ্ঞবল্ক্যসংবাদ উক্ত হইয়াছে, সেখানেও

সেই আত্মাই অবধারিত হইয়াছে; পঞ্চম (তৃতীয়) অধ্যায়ের শেষেও আবার সেই তত্ত্বই বর্ণিত হইয়াছে। তাহার পর এই ষষ্ঠ (চতুর্থ) অধ্যায়েও প্রধানতঃ জনক-যাজ্ঞবল্ক্যসংবাদে এবং এই পঞ্চম ব্রাহ্মণেরও শেষভাগে সেই একই আত্মতত্ত্ব নিরূপিত হইয়াছে। (১) অতএব গত চারি প্রপাঠকেরই (অধ্যায়েরই) যে, একই আত্মতত্ত্বনির্দ্ধারণে তাৎপর্য্য, তদ্ভিন্ন অন্য কোন অর্থই শ্রুতির অভিপ্রেত নহে, ইহা প্রদর্শন করিবার জন্য এই অধ্যায়ের শেষে সেই তত্ত্বের উপসংহার করা হইতেছে—'স এষ নেতি নেতি' ইত্যাদি। ১

যেহেতু তত্ত্বনিরূপণার্থ শত শত প্রকারে বিচার করিলেও, 'নেতি নেতি'র রূপেই বাক্যের তাৎপর্য্য পর্য্যবসিত হয়, তর্ক বা শাস্ত্র হইতে অন্য কোনও রূপ তত্ত্ব উপলব্ধিগোচর করা যায় না; অতএব ইহাই একমাত্র প্রকৃত অমৃতত্ব-সাধন যে, 'নেতি নেতি' রূপে আত্মাকে অনুভব করা। এই বিষয়েরই উপসংহার করিবার অভিপ্রায়ে বলিতেছেন—এই যে, নেতি নেতিরূপে অদ্বৈত আত্মতত্ত্ব জ্ঞান, ইহাই [অমৃতত্বলাভের] একমাত্র উপায়; অরে মৈত্রেয়ি, অমৃতত্ব-সাধন করিতে ইহা অপর কোনও সহকারী কারণের অপেক্ষা করে না, নিরপেক্ষ ভাবেই সাধন করে। তুমি যে, আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে 'আপনি যাহা অমৃতত্ব-সিদ্ধির নিশ্চিত কারণ অবগত আছেন, তাহাই আমাকে বলুন', জানিবে, তাহা এই পর্য্যন্তই। যাজ্ঞবল্ক্য প্রিয়া ভার্য্যা মৈত্রেয়ীকে এই প্রকার অমৃতত্ব-সাধন বলিয়া পরে কি করিয়াছিলেন? না, তিনি পূর্ব্বে যে, প্রব্রজ্যা-গ্রহণের অঙ্গীকার জ্ঞাপন করিয়াছিলেন, তাহাই করিয়াছিলেন, অর্থাৎ প্রব্রজ্যা সন্ন্যাস করিয়াছিলেন। সন্ন্যাসে যাহার পূর্ণতা বা পর্য্যবসান, সেই ব্রহ্মবিদ্যার কথা এখানে সমাপ্ত হইল। এই পর্য্যন্তই উপদেশ, ইহাই বেদের শেষ আদেশ, ইহাই সর্ব্বোত্তম নিষ্ঠা—জ্ঞানের পরাকাষ্ঠা; পুরুষের যত রকম কর্ত্তব্য আছে, ইহাতেই সেই কর্ত্তব্যতার পরিসমাপ্তি হয়, ইহার উপরে পুরুষের আর কিছু কর্ত্তব্য নাই। ২।

---

(১) তাৎপর্য্য—এই বৃহদারণ্যক উপনিষদটী বৃহদারণ্যক ব্রাহ্মণের তৃতীয় অধ্যায় হইতে আরব্ধ হইয়াছে; সুতরাং ব্রাহ্মণের তৃতীয় অধ্যায় বলিলেই উপনিষদের প্রথম অধ্যায় বুঝিতে হইবে। অন্যান্য অধ্যায় সংখ্যাও এইরূপ। ভাষ্যকার এখানে উপনিষদের অধ্যায় সংখ্যা না ধরিয়া সাক্ষাৎ ব্রাহ্মণের অধ্যায়সংখ্যাই গ্রহণ করিয়াছেন; সুতরাং ভাষ্য লিখিত—'চতুর্থ অধ্যায়' শব্দে উপনিষদের দ্বিতীয় অধ্যায়, আর ভাষ্যোক্ত পঞ্চম অধ্যায় কথায় উপনিষদের তৃতীয় অধ্যায় বুঝিতে হইবে। অধ্যায়ের অপর নাম—'প্রপাঠক'।

এখন শাস্ত্রের প্রকৃতার্থ নির্ণয়ের নিমিত্ত আলোচনা করা হইতেছে; কেন না, 'যাবজ্জীবন অগ্নিহোত্র হোম করিবে', 'যাবজ্জীবন দর্শপূর্ণমাস যাগ করিবে' 'কর্ম্মানুষ্ঠানসহকারেই ইহলোকে শতবর্ষ জীবিত থাকিতে ইচ্ছা করিবে', 'এই যে, অগ্নিহোত্র যাগ, ইহা জরামরণবারক', এই সমস্ত বাক্য হইতেছে একমাত্র গার্হস্থ্যাশ্রমের বিধায়ক; আবার আশ্রমান্তরবিধায়কও অপর কতকগুলি বাক্য আছে—'তাহাকে বিদিত হইয়া, এবং এষণাত্রয় হইতে ব্যুত্থিত হইয়া প্রব্রজ্যা করিবে', ব্রহ্মচর্য্য সমাপণ করিয়া গৃহী হইবে, তাহার পর, বানপ্রস্থ সমাপন করিয়া প্রব্রজ্যা করিবে, 'অথবা সম্ভব হইলে ব্রহ্মচর্য্য হইতেই কিংবা গৃহস্থাশ্রম হইতে অথবা বানপ্রস্থ হইতেই প্রব্রজ্যা করিবে', 'দুইটীমাত্র পথ বা সাধনমার্গ ই সম্পূর্ণ পৃথক্‌ভাবে নির্গত হইয়াছে,—প্রথমটী ক্রিয়াপথ, দ্বিতীয়টী জ্ঞানপথ—তন্মধ্যে সন্ন্যাসই তদুভয়ের অপেক্ষা শ্রেষ্ঠ', 'প্রাচীন কোন কোন ঋষি কর্ম্ম, সন্তান ও ধনের দ্বারা অমৃতত্ব (মোক্ষ) লাভ করিতে সমর্থ না হইয়া কেবল ত্যাগ অর্থাৎ সন্ন্যাস দ্বারাই অমৃতত্ব ভোগ করিয়াছিলেন, ইত্যাদি।

এইরূপ স্মৃতিশাস্ত্রও [পরস্পর বিপরীতার্থ প্রকাশক দৃষ্ট হয়], যথাবিধি ব্রহ্মচর্য্যসম্পন্ন লোকই প্রব্রজ্যা করিবে', যাহার ব্রহ্মচর্য্য ব্রত কোনরূপে বিশীর্ণ বা ব্যাহত হয় নাই, তিনি ইচ্ছানুসারে যে কোন আশ্রমে বাস করিবেন', 'কেহ কেহ তাহার সম্বন্ধে আশ্রমের বিকল্প অর্থাৎ ইচ্ছামত অন্যতম আশ্রম গ্রহণের কথা বলিয়া থাকেন', 'ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক বেদাধ্যয়ন শেষ করিয়া পিতৃগণের বিশোধনার্থ পুত্রপৌত্র ইচ্ছা করিবে, অর্থাৎ গার্হস্থ্যাশ্রম গ্রহণ করিবে, অগ্নি আধানপূর্ব্বক যথাবিধি যজ্ঞানুষ্ঠান করিয়া শেষে বনে প্রবেশ করত মুনি হইবে'। 'ব্রাহ্মণ সর্ব্বস্বদক্ষিণাযুক্ত প্রাজাপত্য যজ্ঞ সমাপণ করিয়া যজ্ঞাগ্নি আত্মাতে আধানপূর্ব্বক গৃহস্থাশ্রম হইতে প্রব্রজ্যা করিবেন, ইত্যাদি।৩।

আশ্রমের বিকল্প, ক্রম ও যথেষ্ট গ্রহণ প্রতিপাদক এমন শত শত বাক্য দেখিতে পাওয়া যায়, যে সমস্ত বাক্য পরস্পর বিরুদ্ধার্থ-বোধক, এবং ঐ সমস্ত শাস্ত্রবিদ্ পণ্ডিতগণের আচারও সেইরূপ পরস্পর বিরোধী দেখা যায়। আবার যাহারা শাস্ত্রার্থ ব্যাখ্যাতা বহুজ্ঞ পণ্ডিত, তাহাদের মধ্যেও শাস্ত্রার্থ লইয়া বিষম বিরোধ দেখিতে পাওয়া যায়। কাজেই যাহারা অল্পমতি লোক, তাহারা কখনই বিরোধ পরিহারপূর্ব্বক শাস্ত্রার্থ নির্ণয় করিতে সমর্থ হয় না; পরন্তু যাহাদের বুদ্ধি শাস্ত্রার্থ নিরূপণের উপযুক্ত বিদ্যানুশীলনে, পরিপক্কতা

লাভ করিয়াছে, কেবল তাহারাই বিষয়বিভাগপূর্ব্বক অবিরোধে শাস্ত্রার্থ অবধারণ করিতে সমর্থ হন। এই কারণে উক্ত বিরুদ্ধার্থপ্রতিপাদক বাক্যসমূহের বিষয়বিভাগ প্রদর্শনের জন্য স্বীয় বুদ্ধি সামর্থ্য অনুসারে বিচার করিব ? ৪।

[পূর্ব্বপক্ষ—] যাবজ্জীবন অগ্নিহোত্রাদিবিধায়ক বাক্যসমূহের যখন অন্যরূপ অর্থ করা সম্ভবপর হয় না, তখন ক্রিয়াপ্রতিপাদনই বেদের যথার্থ অর্থ; কেন না, মন্ত্রে আছে—'তাহাকে (অগ্নিহোত্রীকে) যজ্ঞপাত্র দ্বারা দাহ করিবে'; এখানে অগ্নিহোত্রীর অন্ত্যেষ্টিক্রিয়ায় যজ্ঞপাত্রের আবশ্যকতা শ্রুত হইতেছে। তাহার পর,অগ্নিহোত্রবিধায়ক প্রকরণে জরামরণাতিক্রম ফলশ্রুতিও রহিয়াছে; এবং 'শরীরকে ভস্মাবশেষ করিবে' এইরূপ সমর্থক বাক্যও রহিয়াছে। পারিব্রাজ্য গ্রহণপক্ষেতে শরীরের ভস্মীকরণ সম্ভব হয় না; [কারণ, সন্ন্যাসীর শরীর ভূগর্ভে সমাহিত করিতে হয়, ভস্ম করিতে হয় না,] বিশেষতঃ স্মৃতিশাস্ত্রও বলিতেছেন—'যাহার গর্ভাধান হইতে শ্মশান পর্য্যন্ত ক্রিয়াসমূহ মন্ত্রপূর্ব্বক সম্পাদিত হয়, জানিবে, তাহারই এই অধ্যাত্মশাস্ত্রে অধিকার, অন্যের নহে।' বেদে যে সমুদয় কর্ম্ম মন্ত্রোচ্চারণপূর্ব্বক সম্পাদনীয় বলিয়া বিহিত হইয়াছে; এখানে স্মৃতিশাস্ত্র আবার শ্মশানকে সেই সমুদয় কার্য্যের শেষ সীমারূপে নির্দ্দেশ করিতেছে; অর্থাৎ গর্ভাধান হইতে শ্মশান পর্য্যন্ত সেই সমুদয় সমন্ত্রক ক্রিয়ার অনুষ্ঠান করিতে বলিতেছে। কর্ম্মত্যাগীর অধিকারাভাবও অন্য কারণ; কেন না, শ্রুতি আলোচনা করিলে বুঝিতে পারা যায় যে, অকর্ম্মীর (যে লোক বিহিত কর্ম্ম না করে, তাহার বেদে একবারেই অধিকার নাই), তাহার পর, অগ্নি পরিত্যাগের নিন্দাও আছে—'যে লোক অগ্নি ত্যাগ করে, সে লোক দেবগণের বীর্য্যহানি করে' ইত্যাদি। ৫।

[আশঙ্কা—] ভাল, বেদেই যখন ব্যুত্থানপ্রভৃতিরও (সন্ন্যাস প্রভৃতিরও) বিধান রহিয়াছে, তখন বুঝিতে হইবে যে, বেদে যে, অগ্নিহোত্রাদি ক্রিয়ার বিধান, তাহা বৈকল্পিক, অর্থাৎ ব্যুত্থান কিংবা কর্ম্ম ইহাদের অন্যতর পক্ষ গ্রহণ করিবে, এইরূপ অর্থেই উহার তাৎপর্য্য; না, যেহেতু ব্যুত্থানাদিবোধক শ্রুতিসমূহের তাৎপর্য্য অন্যরূপ অর্থে, (কর্ম্ম ত্যাগে নহে); কেন না, 'যাবজ্জীবন অগ্নিহোত্র হোম করিবে', 'যাবজ্জীবন দর্শপূর্ণমাস যাগ করিবে', ইত্যাদি শ্রুতিসমূহে কেবল জীবনধারণকেই অগ্নিহোত্রাদি অনুষ্ঠানের নিমিত্তরূপে নির্দ্দেশ করায়, যখন এই সমুদয় শ্রুতির অন্যপ্রকার অর্থ করা

যাইতেই পারে না, তখন ব্যুত্থানাদিবোধক শ্রুতিসমূহের কর্ম্মানধিকৃত বিষয়ে অর্থাৎ কর্ম্মানুষ্ঠানে যাহাদের অধিকার নাই, তাহাদের সম্বন্ধেই সার্থকতা সম্ভব হয়; যেহেতু মন্ত্রে আছে—'কর্ম্মানুষ্ঠান সহকারেই শত বর্ষ জীবিত থাকিবে'; তাহার পর 'একমাত্র জরা বা মৃত্যু দ্বারাই এই কর্ম্মপাশ হইতে মুক্ত হইতে পারে'। এখানে কেবল জরা ও মরণকেই কর্ম্মানুষ্ঠানের প্রতিবন্ধক বলা হইয়াছে; সুতরাং জরামরণ ব্যতিরেকে কোন সময়েই কর্ম্মানুষ্ঠানের বাধা হইতে পারে না; অতএব কর্ম্মীদিগের যে শ্মশানান্ত কর্ম্মানুষ্ঠান, তাহা বৈকল্পিক অর্থাৎ ইচ্ছানুযায়ী বলিতে পারা যায় না। যাহারা কাণ-কুজাদিভাবাপন্ন বিধায় কর্ম্মেতে অনধিকারী, তাহাদের প্রতিই শ্রুতির অনুগ্রহ প্রকাশ করা আবশ্যক; সুতরাং শ্রুতিতে ব্যুত্থানাদির বিধানও অনুপপন্ন বা অসঙ্গত হইতেছে না। ৬

যদি বল, তাহা হইলে পারিব্রাজ্যবিধায়ক শাস্ত্রের কোনও সার্থকতা থাকে না; না—তাহাও বলিতে পার না; কারণ, 'বিশ্বজিৎ' ও 'সর্ব্বমেধস' নামক যাগদ্বয়ই 'যাবজ্জীব' শ্রুতির অপবাদক; অর্থাৎ যাবজ্জীবন যে, অগ্নিহোত্রাদির বিধি রহিয়াছে, বিশ্বজিৎ ও সর্ব্বমেধস' নামক যাগের স্থলেই তাহার বাধা সম্ভব হয়; সুতরাং সে স্থানেই ক্রম-সন্ন্যাস বিধির সার্থকতা আছে। যেমন—'ব্রহ্মচর্য্য সমাপন করিয়া গৃহী হইবে, গৃহ হইতে বনী হইবে; তাহার পর প্রব্রজ্যা গ্রহণ করিবে (১)। বিশেষতঃ এরূপ কল্পনায় কোন প্রকার বিরোধও ঘটে না; কেন না, এইরূপ পারিব্রাজ্য-বিধায়ক বাক্যের ক্রম নিষ্পত্তিতে কোনও বিরোধ দৃষ্ট হয় না। পক্ষান্তরে, অন্যপ্রকার কল্পনা করিলে অর্থাৎ পারিব্রাজ্যের বিকল্প স্বীকার করিলে, যাবজ্জীবন অগ্নিহোত্রবিধায়ক

---

(১) তাৎপর্য্য—শঙ্কা হইয়াছিল যে, অগ্নিহোত্রাদি নিত্যকর্ম্মগুলি যদি সারা জীবনই করিতে হয়, তাহা হইলে ব্রহ্মচারী হইয়া গৃহস্থ হইবে, গৃহ হইতে বানপ্রস্থ অবলম্বন করিবে, অনন্তর প্রব্রজ্যা করিবে' ইত্যাদি শ্রুতিতে যে, গৃহস্থের পক্ষেও ক্রমে সন্ন্যাসগ্রহণের বিধি আছে, তদনুসারে কার্য্য করিবার আর অবসর থাকে না। তদুত্তরে বলিতেছেন—না, প্রব্রজ্যার ক্রমবিধান নিরর্থক হয় না, 'বিশ্বজিৎ' ও 'সর্ব্বমেধস' নামক দুইটী যজ্ঞই ইহার সার্থকতা সম্পাদন করিতেছে। বিশ্বজিৎ ও সর্ব্বমেধস যাগে কর্ত্তার সর্ব্বস্ব দান করিতে হয়; সুতরাং নিতান্ত নিঃস্ব অবস্থায় অর্থসাপেক্ষ অগ্নিহোত্রাদির অনুষ্ঠান অসম্ভব হইয়া পড়ে; কাজেই তাহারা অগ্নিহোত্রাদি কর্ম্ম সমাপন করিয়া প্রব্রজ্যা গ্রহণ করিতে পারে; তাহাতে কোন প্রত্যবায়ের সম্ভাবনা নাই। অতএব প্রব্রজ্যা বিধি অনুপপন্ন হয় বলিয়া আশঙ্কা করিতে পারা যায় না।

শাস্ত্রের অধিকার সংকোচ করা হয়; কিন্তু 'বিশ্বজিৎ' ও 'সর্ব্বমেধর্গ' যাগে জরাবিধির বিষয় কল্পনা করিলে, যাবজ্জীবাদিশ্রুতিরও অধিকার কিছুমাত্র বাধিত হয় না। ৭ ৮

[এখন সিদ্ধান্তবাদী উত্তর করিতেছেন—] না,—এইরূপ কল্পনা হইতে পারে না। যেহেতু আত্মজ্ঞানকে মোক্ষহেতু বলিয়া স্বীকার করা হইয়াছে; "আত্মেত্যেবোপাসীত।" এই হইতে "স এষ নেতিনেতি" এই পর্য্যন্ত গ্রন্থ দ্বারা যে আত্ম-জ্ঞানের উপসংহার করা হইয়াছে; তুমিও তাহাই মোক্ষ-সাধন বলিয়া স্বীকার করিয়াছ; কিন্তু এখন "এতাবদেবামৃতত্ব-সাধনম্ অন্যনিরপেক্ষম্," অর্থাৎ কেবল ইহাই (আত্ম-জ্ঞানই) অন্যের সাহায্যনিরপেক্ষ মোক্ষসাধন, শুদ্ধ এই কথাটী মাত্র সহ্য করিতেছ না; অতএব তোমাকে জিজ্ঞাসা করি—তবে তুমি আত্মজ্ঞানকেই বা [মোক্ষ-সাধন বলিয়া] সহ্য করিতেছ কেন? হাঁ, তাহার কারণ শ্রবণ কর,—বেদ যেমন স্বর্গপ্রাপ্তির উপায়—জ্ঞান-রহিত স্বর্গকামী পুরুষের নিমিত্ত অগ্নিহোত্রাদি কর্ম্ম সকল স্বর্গ-লাভের উপায় বলিয়া জ্ঞাপন করেন, তেমন এখানেও মোক্ষের উপায়ানভিজ্ঞ মোক্ষেচ্ছুর নিমিত্ত 'যাহা মহাশয় জানেন, তাহাই আমায় বলুন' এই প্রকারে আকাঙ্ক্ষিত মোক্ষোপায় "এতাবদেব" (এই পর্য্যন্তই) বলিয়া বেদই তাহা বিজ্ঞাপিত করিতেছে; [ইহাই আত্ম-জ্ঞান সহনের কারণ]। [তাৎপর্য্য এই যে,—বেদ-বিহিত বিধায় অগ্নিহোত্রাদি কর্ম্ম সকল যখন স্বর্গসাধন বলিয়া স্বীকৃত হইয়া থাকে, তখন ঠিক্ সেইভাবে বেদ-বিহিত আত্মজ্ঞানকেই বা মোক্ষসাধন বলিয়া স্বীকার না করা যায় কিরূপে? তা'বলে কর্ম্ম-নিরপেক্ষ আত্মজ্ঞানকে মোক্ষ হেতু বলিয়া স্বীকার করিতে পারা যায় না।] ভাল, তাহা হইলে, বেদ-জ্ঞাপিত বলিয়া অগ্নিহোত্রাদি কর্ম্ম যেরূপ স্বর্গসাধনরূপে স্বীকৃত হইয়া থাকে, তেমনই এখানেও, আত্ম-জ্ঞান যে ভাবে শাস্ত্রে উপদিষ্ট হইয়াছে, ঠিক্ সেই ভাবেই (মোক্ষ-সাধন বলিয়াই) আত্ম-জ্ঞানকে স্বীকার করা উচিত; কেননা, উভয় স্থলেই প্রমাণ (বেদ) তুল্য। ৮

যদি এইরূপই হয়, তবে কি হইবে? হাঁ, বলিতেছি,—যেহেতু আত্ম-জ্ঞান সমস্ত কর্ম্মের হেতুভূত অবিদ্যার নিবর্ত্তক, সেই হেতুই আত্ম-বিদ্যার আবির্ভাবে সমস্ত কর্ম্মের নিবৃত্তি হইবে। কেন না, অগ্নি-কার্য্য প্রভৃতির সহিত নিরবকাশ অগ্নিহোত্রাদি কর্ম্ম সকল, এবং দুর্বিজ্ঞেয় বিজ্ঞানভূত

সম্প্রদানাদি কারকের সাহায্য ও ভেদবুদ্ধি-বিশিষ্ট সম্প্রদান কারকরূপ অগ্নিপ্রভৃতি দেবতা ব্যতীত কখনই সম্পন্ন হইতে পারে না। সম্প্রদান-কারকাদিবিষয়ক, যে বুদ্ধি দ্বারা সম্প্রদান কারকটী কর্ম্মের সাধক বা উদ্দেশুরূপে উপদিষ্ট হইয়া থাকে, বিদ্যা দ্বারা সেই বুদ্ধিই নিবর্ত্তিত হইয়া যায়। নিম্নলিখিত শ্রুতিসমূহও এ বিষয়ে প্রমাণ – 'যে লোক জানে যে, আমি অন্ত, এবং আমার উপাস্য অন্ত ; সে-কিছুই জানে না।' 'যে ব্যক্তি দেবতা-গণকে আত্মা হইতে পৃথক্‌রূপে দেখে, দেবতারা তাহাকে পরাভূত-করেন।' 'যে ইহলোকে নানাভাবের ন্যায় ব্রহ্মকে দেখে, সে মৃত্যুর পর মৃত্যু প্রাপ্ত হয়।' 'ব্রহ্মকে একপ্রকারেই দেখিবে।' 'জ্ঞানী সমস্তই আত্মা বলিয়া দেখে' ইত্যাদি। [এখানে আপাততঃ এরূপ আশঙ্কা হইতে পারে যে,] যখন, পবিত্র স্থানে ও শুভকালে শাস্ত্রাচার্য্যের উপদেশ-সমুৎপন্ন জ্ঞানই পুরুষার্থ-(মোক্ষ) সাধক, তখন ভেদবুদ্ধির বিষয়ীভূত দেশাদির অপেক্ষা থাকায় আত্ম জ্ঞান ভেদবুদ্ধির উপমর্দ্দক বা নিবর্ত্তক হয় কিরূপে? [ইহার উত্তর—] আত্ম-জ্ঞান কখনও দেশ কাল বা নিমিত্তাদির অপেক্ষা করে না; কেন না, আত্ম-জ্ঞান যথার্থ-বস্তুবিষয়ক ; সুতরাং তথায় আর পুরুষের স্বাতন্ত্র্য থাকে না,—কেবল বস্তুরই প্রাধান্য থাকে ; যে বস্তু যেরূপ হইবে, তাহার জ্ঞানও ঠিক্ সেই রূপই হইবে ; কিন্তু ক্রিয়াতে বিশেষ আছে,—কেন না, ক্রিয়া পুরুষ-তন্ত্র ; সুতরাং সেখানে দেশ, কাল ও নিমিত্তাদিরও অপেক্ষা থাকে, কিন্তু বস্তু-তন্ত্র জ্ঞান-কখনই দেশ, কাল বা নিমিত্তের অপেক্ষা করে না ; স্বভাবতঃ উষ্ণ অগ্নি এবং স্বভাবতঃ মূর্ত্তি-হীন আকাশ যেরূপ কোনও দেশকালাদির অপেক্ষা করে না, আত্মজ্ঞানও ঠিক্ সেই প্রকার। ৯

ভাল কথা, যদি সর্ব্বকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক সন্ন্যাস গ্রহণই কর্ত্তব্য হয়, তাহা হইলে কর্ম্ম-বিধি সকল একেবারে নিরর্থক হইয়া পড়ে ; অথচ তুল্যবল প্রমাণ প্রতিপাদিত বিধি-দ্বয়ের মধ্যে কেবল একটীকে বাধিত করা উচিত হয় না। হ্যাঁ, এখানে সে দোষ হয় না ; কারণ, উহা কেবল ভেদবুদ্ধি-মাত্রের নিরোধক, অর্থাৎ আত্মজ্ঞান কখনও অন্যান্য কর্ম্মবিধির নিরোধ বা অধিকারসংকোচ করে না ; পরন্তু জীবের যে, স্বতঃসিদ্ধ ভেদবুদ্ধি, কেবল তাহারই নিবৃত্তিসাধন করে মাত্র। ভাল, কর্ম্মপ্রবৃত্তির নিদানভূত ভেদবুদ্ধি নিবৃত্তি করায়, ফলতঃ বৈদিক কর্ম্ম বিধিরই নিরোধ করা হইয়া পড়ে? না,—কাম্য-প্রবৃত্তি নিরোধের ন্যায় ইহাও দোষাবহ নহে ; যেমন কর্ম্ম

লাভের ইচ্ছায় অশ্বমেধযাগে প্রবৃত্ত ব্যক্তির কামনা-নিষেধক শাস্ত্রদ্বারা কামনা ব্যাহত হইলে পর, সঙ্গে সঙ্গে সেই কাম্য যাগানুষ্ঠানের প্রবৃত্তিও নিরুদ্ধ হইয়া যায়, অথচ তাহাদ্বারা সেই সকল কাম্য বিধি নিষিদ্ধ হয় না, ইহাও সেইরূপ। ১০

আর যদি বল, কাম-প্রতিষেধ বশতঃ কাম্য-বিধিরও নিষেধ হয়? তবে, হয় হউক, ক্ষতি নাই। যদি বল যে, কাম্যবিধির অনুষ্ঠেয়ত্ব পক্ষে, অনুষ্ঠাতার অভাবনিবন্ধন অনুষ্ঠান-বিধিরও আনর্থক্য ঘটে; কাজেই সেই সকল কর্ম্ম-বোধক বিধির প্রামাণ্য নষ্ট হয়। না, সে দোষও হইতে পারে না; কারণ, আত্মজ্ঞান উৎপন্ন হইবার পূর্ব্বপর্য্যন্তও তাহাতে প্রবৃত্তি হইতে পারে; যেমন কাম্য বিষয়ে দোষ-জ্ঞান না হওয়া পর্য্যন্ত স্বভাবতঃই স্বর্গাদি ফলের বলবত্তা নিবন্ধন লোকের কাম্য কর্ম্মে প্রবৃত্তি হয়, পশ্চাৎ দোষ জ্ঞান উৎপন্ন হইলে, আর তদ্বিষয়ে প্রবৃত্তি থাকে না, ঠিক্ তেমন। ১১

কর্ম্মের কু ফল দর্শন করিয়া যদি বল যে, এরূপ হইলে সর্ব্বজ্ঞানাকর বেদশাস্ত্রত জীবের অনর্থেরই কারণ হয়? না, তাহাও হয় না; কেন না, অর্থ আর অনর্থ উভয়ই ইচ্ছানুযায়ী বা মনঃকল্পিত ভিন্ন আর কিছুই নহে; কারণ, [বিচার করিয়া দেখিলে বুঝিতে পারা যায় যে,] একমাত্র মোক্ষ ভিন্ন অন্য সমস্তই অবিদ্যা-কল্পিত; [সুতরাং] অনর্থমধ্যে পরিগণিত। [মহাভারত প্রভৃতি গ্রন্থে] দেখিতে পাওয়া যায় যে, মরণস্থানীয় মহা-প্রস্থানাদি কামনায়ও অন্তিম যজ্ঞানুষ্ঠানের ব্যবহার রহিয়াছে; কাজেই বলিতে হয়—অর্থ ও অনর্থব্যবস্থা কেবল পুরুষের ইচ্ছার উপরই নির্ভর করে। অতএব যে পর্য্যন্ত আত্মজ্ঞানাভিমুখে অগ্রসর হইতে হয়, তাবৎই কর্ম্মবিধির প্রয়োজন, পরে নহে, এবং এই কারণেই "এতাবদরে খল্বমৃতত্বং" অর্থাৎ কর্ম্মনিরপেক্ষ কেবল এই আত্মজ্ঞানই যে, অমৃতত্বের (মোক্ষের) সাধন, এই সিদ্ধান্তই সুস্থির হইল; কারণ, আত্মজ্ঞান ক[illegible]াপেক্ষ নহে। অতএব জ্ঞানীর ক্রিয়াকারকাদি ভেদবুদ্ধি না থাকায় এবং আত্ম-যাথাত্ম্য সম্বন্ধে দৃঢ় প্রত্যয় হওয়ায়, তাহার পারিব্রাজ্যও বিধিসিদ্ধ হইল। ১২

অতএব পূর্ব্বোক্ত "যেষাং নোঽয়ম্" ইত্যাদি বাক্যেও হেতু-প্রদর্শন দ্বারা ইহাই ব্যাখ্যাত হইয়াছে। "পূর্ব্বতন বিদ্বান্গণ আত্মদর্শন বশতঃ প্রজাকামনা না করিয়া ব্যথিত হইতেন" এই বাক্যদ্বারা যেরূপ বিদ্বানের সম্বন্ধে সন্ন্যাস বিহিত হইয়াছে, তেমনই "এইলোককে (আত্মাকে) ইচ্ছা করতঃ" ইত্যাদি

বচনবলে বিবিদিষুর (জানিতে ইচ্ছুকের) সম্বন্ধেও প্রব্রজ্যাবিধি সিদ্ধ হইল। কর্ম্মমাত্রই যে, অনাত্মজ্ঞবিষয়ক, একথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। অতএব অবিদ্যার সম্বন্ধ থাকায় কর্ম্মমাত্রই উৎপত্তি, আপ্তি, বিকার ও সংস্কারার্থক; এই হেতুই কর্ম্মসমূহও যে, চিত্ত-সংস্কার দ্বারা আত্মজ্ঞানের সাধন হয়, এই কথাও তোমায় বলিয়াছি। ১৩

এইরূপ হইলে অজ্ঞ-বিষয়ক আশ্রম-কর্ম্মসমূহেরও বলাবল পর্য্যালোচনা করিলে, আত্মজ্ঞানোৎপাদন বিষয়ে অহিংসাদিরূপ যম-প্রধান অমানিত্ব প্রভৃতি এবং মানস ধ্যান ও বৈরাগ্যাদিও সাক্ষাৎসম্বন্ধে আত্মজ্ঞানের সাধন; এতদ্ভিন্ন নিয়ম-প্রধান আশ্রমধর্ম্মসকলও হিংসা-রাগ-দ্বেষাদি প্রাচুর্য্য থাকায় ক্লিষ্ট কর্ম্মমধ্যে পরিগণিত; এই কারণে ঋষিগণ মুমুক্ষুর পক্ষে নির্দ্দোষ পারিব্রাজ্যেরই প্রশংসা করিয়া থাকেন। পুনশ্চ দেখ, "উক্ত কর্ম্মসকলের মধ্যে ত্যাগই (সন্ন্যাসই) মোক্ষের পরমোৎকৃষ্ট সাধন' এবং বৈরাগ্য আবার এই ত্যাগের চরম সীমা, 'হে ব্রাহ্মণ, ধন দ্বারা তোমার কি হইবে? বন্ধুগণ দ্বারাই বা তোমার কি হইবে? এবং স্ত্রীদ্বারাই বা তোমার কি প্রয়োজন, যে তুমি মরিয়া যাইবে; অতএব গুহা-প্রবিষ্ট অর্থাৎ অতি দুর্জ্ঞেয় আত্মার অন্বেষণ কর। দেখ, তোমার পিতামহগণ ও পিতা কোথায় গিয়াছেন'? এই প্রকার সাংখ্য ও যোগশাস্ত্রাদিতেও সন্ন্যাসই আত্ম-জ্ঞানোদয়ের সন্নিহিত কারণ বলিয়া অভিহিত হইয়াছে। কামনা বা ভোগপ্রবৃত্তির অভাবও এ বিষয়ে অপর হেতু, অর্থাৎ সমস্ত শাস্ত্রেই কামপ্রবৃত্তিকে জ্ঞানের প্রতিকূল বলিয়া নির্দ্দেশ করিয়াছে; সেই কারণেই কামনা হইতে বিরক্ত বৈরাগ্যযুক্ত মুমুক্ষুর যে, জ্ঞান ব্যতীতও কেবল ব্রহ্মচর্য্য হইতেই প্রব্রজ্যা বা সন্ন্যাস গ্রহণের উপদেশ, তাহাও 'যদহরেব বিরজেৎ' ইত্যাদি শ্রুতিতে সঙ্গত হইতেছে। ১৪

ভাল, সন্ন্যাসপ্রতিপাদিকা শ্রুতি সাবকাশ বিধায় কর্ম্মে অনধিকারীর জন্য বিহিত, এই কথা ত পূর্ব্বেই বলা হইয়াছে; নচেৎ 'যাবজ্জীবন অগ্নিহোত্র করিবে' এই শ্রুতির বাধা হইয়া পড়ে? না—ইহা দোষাবহ হয় না; কারণ, যাবজ্জীবাদি শ্রুতিও সম্পূর্ণ সাবকাশ; কামনাবান্ অবিদ্বান্ লোকের সম্বন্ধেই যাবজ্জীবাদি শ্রুতির যে, স্বচ্ছন্দ অবকাশ রহিয়াছে, তাহা পূর্ব্বেই নির্দ্দেশ করিয়াছি। আর অগ্নিহোত্রাদি কর্ম্ম সমূহ, কেবল জীবনমাত্র অপেক্ষা করে, অপর কাহারও অপেক্ষা করে না; যেহেতু

জীবগণ প্রায়ই বহুতর কামনা পরিপূর্ণ; কামনাও আবার অনেকানেক বিষয়ভেদে বহুপ্রকার এবং বহুবিধ সাধন-সাধ্য। তাহার পর গার্হস্থ্যে বা আরণ্যাশ্রমে অনুষ্ঠেয় বেদবিহিত কর্ম্ম সকলও, স্ত্রী-অগ্নি সম্বন্ধবিশিষ্ট পুরুষের কর্ত্তব্য এবং কৃষ্যাদি কর্ম্মের ন্যায় বহুশত বর্ষ-সমাপ্য, অধিকন্তু পুনঃ পুনঃ অনুষ্ঠিত হইলেই বহুবিধ ফল উৎপাদন করিয়া থাকে; সুতরাং ঐ সকল স্থলেই যাবজ্জীবন শ্রুতি ও "কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি" ইত্যাদি মন্ত্র সার্থক হইতে পারে। ১৫

আর সেই পক্ষেই 'বিশ্বজিৎ ও সর্ব্বমেধস' যাগে কর্ম্মপরিত্যাগ আবশ্যকীয়, যে পক্ষে যাবজ্জীবন অনুষ্ঠান এবং শরীরের শ্মশানান্তত্ব বা ভস্মান্তত্বের শ্রুতি রহিয়াছে। অথবা, ব্রাহ্মণভিন্ন বর্ণকে অপেক্ষা করিয়াই যাবজ্জীবন শ্রুতি সঙ্গত হইতে পারে; যেহেতু ক্ষত্রিয়ও বৈশ্যের পারিব্রাজ্যে (সন্ন্যাসে) অধিকার নাই। "মন্ত্রৈর্যস্যোদিতো বিধিঃ" এই স্মৃতিও ক্ষত্রিয় ও বৈশ্যেরই পক্ষে। "ঐকাশ্রম্যন্ত্বাচার্য্যাঃ" অর্থাৎ আচার্য্য বলেন যে, উঁহাদের একটীমাত্র আশ্রম, ইত্যাদি স্মৃতিশাস্ত্রও ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষেই সঙ্গত করিতে হইবে। অতএব সামর্থ্য, জ্ঞান ও বৈরাগ্যাদি অনুসারেই ব্যুত্থানের বিকল্প. ক্রম ও পারিব্রাজ্যাদিবিধি অবিরুদ্ধ, পরন্তু কর্ম্মে অনধিকৃতগণের সম্বন্ধে যখন 'স্নাতক হউক, বা অস্নাতক হউক, উৎসন্নাগ্নি হউক বা নিরগ্নি হউক' ইত্যাদি বাক্য-দ্বারা পৃথক্‌ভাবে পারিব্রাজ্যের বিধান করা হইয়াছে, তখন আর এই সন্ন্যাস যে, কেবল তাঁহাদিগেরই নিমিত্ত, এ কথাও হইতেই পারে না; অতএব কর্ম্মে অধিকারিগণের পক্ষেও আশ্রমান্তর—সন্ন্যাসবিধি সিদ্ধ হইল॥ ৩৩০ ॥ ১৫ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদে চতুর্থাধ্যায়ে পঞ্চম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥৪।৫॥

অথ বংশঃ—পৌতিমাষ্যো গৌপবনাদ্‌গৌপবনঃ পৌতিমাষ্যাৎ পৌতিমাষ্যো গৌপবনাদ্‌গৌপবনঃ কৌশিকাৎ কৌশিকঃ কৌণ্ডিন্যাৎ কৌণ্ডিন্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গৌতমাচ্চ গৌতমঃ ॥ ৩৩১॥১॥*

মূলানুবাদ। অনন্তর যাজ্ঞবল্কীয়কাণ্ডের বংশবর্ণন আরব্ধ

---

* অনাবশ্যক বোধে এই তিনটী শ্রুতির সরলার্থ প্রদত্ত হইল না।

হইতেছে। পৌতিমাস্য হইতে পৌতিমাস্য, গৌপবন হইতে গৌপবন, পুনশ্চ পৌতিমাস্য হইতে পৌতিমাস্য এবং গৌপবন হইতে গৌপবন, কৌশিক হইতে কৌশিক, কৌণ্ডিন্য হইতে কৌণ্ডিন্য, শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য, কৌশিক গৌতম হইতে গৌতম প্রকাশিত হইয়াছেন ॥৩৩১॥১॥

অগ্নিবেশ্যাদাগ্নিবেশ্যো গার্গ্যাদ্গার্গ্যো গার্গ্যাদ্গার্গ্যো গৌতমাদ্গৌতমঃ সৈতবাৎসৈতবঃ পারাশর্য্যায়ণাৎ পারাশর্য্যায়ণো গার্গ্যায়ণাদ্গার্গ্যায়ণ উদ্দালকায়নাদুদ্দালকায়নো জাবালায়নাজ্জাবালায়নো মাধ্যন্দিনায়নাম্মাধ্যন্দিনায়নঃ সৌকরায়ণাৎ সৌকরায়ণঃ কাষায়ণাৎ কাষায়ণঃ, সায়কায়নাৎ সায়কায়নঃ কৌশিকায়নেঃ কৌশিকায়নিঃ ॥ ৩৩২॥২॥

মূলানুবাদ। অগ্নিবেশ্য হইতে আগ্নিবেশ্য, গার্গ্য হইতে গার্গ্য, পুনশ্চ, গার্গ্য হইতে গার্গ্য, গৌতম হইতে গৌতম, সৈতব হইতে সৈতব, পারাশর্য্যায়ণ হইতে পারাশর্য্যায়ণ, গার্গ্যায়ণ হইতে গার্গ্যায়ণ, উদ্দালকায়ন হইতে উদ্দালকায়ন, জাবালায়ন হইতে জাবালায়ন, মাধ্যন্দিনায়ন হইতে মাধ্যন্দিনায়ন, সৌকরায়ণ হইতে সৌকরায়ণ, কাষায়ণ হইতে কাষায়ণ, সায়কায়ন হইতে সায়কায়ন, এবং কৌশিকায়নি হইতে কৌশিকায়নি, প্রাদুর্ভূত হইয়াছিলেন ॥ ৩৩২॥২ ॥

ঘৃতকৌশিকাদ্ঘৃতকৌশিকঃ পারাশর্য্যায়ণাৎপারাশর্য্যায়ণঃ পারাশর্য্যাৎপারাশর্য্যো জাতূকর্ণ্যাজ্জাতূকর্ণ্য আসুরায়ণাচ্চ যাস্কাচ্চাসুরায়ণস্ত্রৈবণেস্ত্রৈবণিরৌপজন্ধনেরৌপজন্ধনিরাসুরেরাসুরির্ভারদ্বাজাদ্ভারদ্বাজ আত্রেয়াদাত্রেয়ো মাণ্টের্মাণ্টির্গৌতমাদ্গৌতমো গৌতমাদ্গৌতমো বাৎস্যাদ্বাৎস্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৈশোর্য্যাৎ কাপ্যাৎ কৈশোর্য্যঃ কাপ্যঃ কুমারহারিতাৎকুমারহারিতো গালবাদ্গালবো বিদর্ভীকৌণ্ডিন্যাদ্বিদর্ভীকৌণ্ডিন্যো বৎসনপাতো বাভ্রবাদ্বৎসনপাদ্বাভ্রবঃ পথঃ সৌভরাৎপন্থাঃ সৌভরোঽয়াস্যাদাঙ্গির-

সাদয়াস্য আঙ্গিরস আভূতেস্ত্বাষ্ট্রাদাভূতিস্ত্বাষ্ট্রো বিশ্বরূপাৎ ত্বাষ্ট্রাদ্বিশ্বরূপস্ত্বাষ্ট্রোঽশ্বিভ্যামশ্বিনৌ দধীচ আথর্ব্বণাদ্দধ্যঙ্ঙাথর্ব্বণোঽথর্ব্বণো দৈবাদথর্ব্বা দৈবো মৃত্যোঃ প্রাধ্বংসনান্মৃত্যুঃ প্রাধ্বংসনঃ প্রধ্বংসনাৎপ্রাধ্বংসন একর্ষেরেকর্ষির্বিপ্রচিত্তের্বিপ্রচিত্তির্ব্যষ্টের্ব্যষ্টিঃ সনারোঃ সনারুঃ সনাতনাৎ সনাতনঃ সনগাৎ সনগঃ পরমেষ্ঠিনঃ পরমেষ্ঠী ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভু ব্রহ্মণে নমঃ ॥ ৩৩৩ ॥ ৩ ॥

ইতি চতুর্থাধ্যায়স্য ষষ্ঠম্ ব্রাহ্মণম্ ॥৪॥৬॥

ইতি শ্রীবৃহদারণ্যকোপনিষৎসু চতুর্থোঽধ্যায়ঃ (ব্রাহ্মণেষু ষষ্ঠোঽধ্যায়ঃ) ॥ ৪ ॥

মূলানুবাদ। ঘৃতকৌশিক হইতে ঘৃতকৌশিক, পারাশর্য্যায়ণ হইতে পারাশর্য্যায়ণ, পারাশর্য্য হইতে পারাশর্য্য, জাতূকর্ণ হইতে জাতূকর্ণ, আসুরায়ণ যাস্ক হইতে আসুরায়ণ, ত্রৈবণি হইতে ত্রৈবণি, ঔপজন্ধনি হইতে ঔপজন্ধনি, আসুরি হইতে আসুরি, ভারদ্বাজ হইতে ভারদ্বাজ আত্রেয় হইতে আত্রেয়, মাণ্টি হইতে মাণ্টি, গৌতম হইতে গৌতম, পুনশ্চ গৌতম হইতে গৌতম, বাৎস্য হইতে বাৎস্য, শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য, কৈশোর্য্যকাপ্য হইতে কৈশোর্য্য কাপ্য, কুমারহারিত হইতে কুমারহারিত, গালব হইতে গালব, বিদর্ভী কৌণ্ডিন্য হইতে বিদর্ভী কৌণ্ডিন্য, বৎসনপাৎ বাভ্রব হইতে বৎসনপাৎ বাভ্রব; পন্থা সৌভর হইতে পন্থা-সৌভর, অয়াস্য আঙ্গিরস হইতে অয়াস্য আঙ্গিরস, আভূতি ত্বাষ্ট্র হইতে আভূতি ত্বাষ্ট্র, বিশ্বরূপ ত্বাষ্ট্র হইতে বিশ্বরূপ ত্বাষ্ট্র, অশ্বিনদ্বয় হইতে আশ্বিনদ্বয়, দধ্যঙ্ আথর্ব্বণ হইতে দধ্যঙ্ আথর্ব্বণ, আথর্ব্বণ দৈব হইতে আথর্ব্বণ দৈব, মৃত্যু প্রাধ্বংসন হইতে মৃত্যু প্রাধ্বংসন, একঋষি হইতে একর্ষি, বিপ্রচিত্তি হইতে বিপ্রচিত্তি, ব্যষ্টি হইতে ব্যষ্টি, সনারু হইতে সনারু, সনাতন হইতে সনাতন, সনগ হইতে

সনগ, পরমেষ্ঠি হইতে পরমেষ্ঠী, ব্রহ্মা হইতে ব্রহ্মা, স্বয়ম্ভু—ব্রহ্মার উদ্দেশ্যে নমস্কার করি ॥৩৩২॥৩॥

ইতি বৃহদারণ্যকোপনিষদের চতুর্থ অধ্যায়ে ষষ্ঠ ব্রাহ্মণ ব্যাখ্যা॥৪॥৬

ইতি বৃহদারণ্যকোপনিষদে চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥৪॥

শাঙ্করভাষ্যম্। অথানন্তরং যাজ্ঞবল্কীয়স্য কাণ্ডস্য বংশ আরভ্যতে, যথা মধুকাণ্ডস্য বংশঃ। ব্যাখ্যানন্তু পূর্ব্ববৎ, ব্রহ্ম স্বয়ম্ভু ব্রহ্মণে নম ওঁম্ ইতি ॥ ৩৩১ - ৩॥

ইতি শ্রীবৃহদারণ্যকোপনিষদি চতুর্থাধ্যায়স্য ষষ্ঠম্ বংশব্রাহ্মণভাষ্যম্ ॥০॥

টীকা। তদেবং বিচারদ্বারা শ্রুতিস্মৃতীনামাপাততো বিরুদ্ধানামবিরোধং প্রতিপাদ্যাথ বংশ ইত্যস্যার্থমাহ—অথেতি। সাঙ্গোপাঙ্গস্য সকলশাস্ত্রবিজ্ঞানস্য প্রবচনানন্তর্য্যমথশব্দার্থমাহ—অনন্তরমিতি। যথা প্রথমান্তঃ শিষ্যো গুরুস্তু পঞ্চম্যন্ত ইতি চতুর্থান্তে ব্যাখ্যাতং, তথাত্রাপীত্যাহ—ব্যাখ্যানমিতি। ইত্যাগমোপপত্তিভ্যাং সসংন্যাসং সেতিকর্ত্তব্যতাকমাত্মজ্ঞানমমৃতত্বসাধনং সিদ্ধমিত্যুপসংহর্তুমিতিশব্দঃ। পরিসমাপ্তৌ মঙ্গলমাচরতি—ব্রহ্মেতি ৩৩১।৩৩৩॥ ১ ॥ ২ ॥ ৩ ।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং চতুর্থাধ্যায়স্য ষষ্ঠং বংশব্রাহ্মণম্ । ৬ ।

চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ।

প্রথমং ব্রাহ্মণম্।

পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।

পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ॥৩৩৪ ॥১॥

ওঁম্ খং ব্রহ্ম। খং পুরাণম্, বায়ুরং খমিতি হ স্মাহ কৌরব্যায়নীপুত্রঃ, বেদোঽয়ং ব্রাহ্মণা বিদুর্ব্বেদৈনেন যদ্বেদিতব্যম্ ॥৩৩৫॥২॥

ইতি প্রথমং ব্রাহ্মণম্ ॥৫॥১॥

অন্বয়ার্থঃ। কার্য্যাত্মনঃ কারণাত্মনশ্চ ব্রহ্মণঃ অখণ্ডপূর্ণত্বমাবেদয়িতুমাহ—'পূর্ণমদঃ' ইত্যাদি। অদঃ (পরোক্ষং কারণাত্মকং ব্রহ্ম) পূর্ণম্ (অখণ্ডম্), তথা ইদং (কার্য্যাত্মকং জগদ্রূপং ব্রহ্ম) পূর্ণম্। পূর্ণাৎ (কারণাৎ) পূর্ণং (কার্য্যং ব্রহ্ম) উদচ্যতে (উদ্‌গচ্ছতি)। [প্রলয়াদৌ চ,] পূর্ণস্য (পূর্ণতয়া অবস্থিতস্য কার্য্যাত্মনঃ) পূর্ণং (পূর্ণত্বম্) আদায় (গৃহীত্বা) [কারণং ব্রহ্ম] পূর্ণম্ এব অবশিষ্যতে (ন কিঞ্চিৎ বিক্রিয়তে ইত্যাশয়ঃ) ॥৩৩৪॥১॥

মূলানুবাদ। 'অদঃ'—ইন্দ্রিয়ের অগোচর কারণস্বরূপ ব্রহ্ম পূর্ণ; এবং 'ইদং' কার্য্যাত্মক ব্রহ্মও পূর্ণ; পূর্ণ জগৎ কার্য্যই পূর্ণ কারণ হইতে অভিব্যক্ত হয়। অবশেষে এই পূর্ণের পূর্ণত্ব লইয়া—অর্থাৎ পরিপূর্ণস্বরূপ এই কার্য্য জগৎ তাহাতে বিলীন হইলে পর, সেই পূর্ণই অবশিষ্ট থাকে; অর্থাৎ তাহার কোন প্রকার বিকৃতি ঘটে না ॥৩৩৪॥১॥

অন্বয়ার্থঃ। ['ওঁম্ খং ব্রহ্ম' ইতি মন্ত্রঃ, তস্যায়মর্থঃ—] খং (আকাশাখ্যং) ব্রহ্ম, ওঁম্ (ওঁকারবাচ্যার্থ ইত্যর্থঃ)। [তচ্চ] খং পুরাণং (চিরন্তনং নিত্যং, নতু ভূতাকাশমিত্যাশয়ঃ); কৌরব্যায়নীপুত্রঃ [পুনঃ] বায়ুরং (বায়োরধিষ্ঠানং ভূতাকাশমেব) খম্ ইতি আহ স্ম। অয়ং

(প্রণবঃ) বেদঃ (সর্ব্ববেদাত্মকঃ); ব্রাহ্মণাঃ যৎ বেদিতব্যং, [তৎ] এনেন (ওঁকারেণ) বিদুঃ (জানন্তি); (ইত্যেবা স্তুতিরোঙ্কারস্য) ॥ ৩৩৫ ॥ ২ ॥

মূলানুবাদ। আকাশাত্মক ব্রহ্ম ওঁকার-শব্দের প্রতিপাদ্য। উক্ত 'খ' বস্তুটী পুরাণ—নিত্য অর্থাৎ ভূতাকাশ নহে; কিন্তু কৌরব্যায়ণীপুত্র বলেন যে, ইহা বায়ুর আশ্রয় ভূতাকাশই বটে। এই ওঁকারই সমস্ত বেদস্বরূপ; ব্রাহ্মণগণ ইহা দ্বারাই সমস্ত জ্ঞাতব্য বিষয় অবগত হন ॥ ৩৩৫ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্। 'পূর্ণমদঃ' ইত্যাদি খিলকাণ্ডমারভ্যতে। অধ্যায়চতুষ্টয়েন যদেব সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম, য আত্মা সর্ব্বান্তরঃ নিরুপাধিকঃ অশনায়াদ্যতীতঃ নেতিনেতীতি ব্যপদেশ্যো নির্দ্ধারিতঃ, যদ্বিজ্ঞানং কেবলমমৃতত্বসাধনম্, অধুনা তস্যৈবাত্মনঃ সোপাধিকস্য শব্দার্থাদিব্যবহারবিষয়াপন্নস্য পুরস্তাদনুক্তানি উপাসনানি কর্ম্মভিরবিরুদ্ধানি প্রকৃষ্টাভ্যুদয়সাধনানি ক্রমমুক্তিভাঞ্জি চ, তানি বক্তব্যানীতি পরঃ সন্দর্ভঃ। সর্ব্বোপাসনশেষত্বেন ওঁকারঃ দমং দানং দয়াম্-ইত্যেতানি চ বিধিৎসিতানি। ১

অন্বয়ার্থঃ। পুনরপি তথৈব সত্য-ব্রহ্মণ উপাসনান্তরমুচ্যতে—'বাচং ধেনুম্' ইত্যাদিনা। বাচং (বাঙ্ময়ং বেদং) ধেনুং (ধেনুমিব সর্বার্থদাং মত্বা) উপাসীত; তস্যাঃ (বাগ্রূপায়াঃ ধেনোঃ) চত্বারঃ স্তনাঃ (স্তনা ইব আপ্যায়ন-পয়ঃক্ষরণাৎ),—স্বাহাকারঃ, বষট্‌কারঃ, হন্তকারঃ, স্বধাকারঃ [চ]; তস্যৈ (তস্যাঃ) দ্বৌ স্তনৌ—স্বাহাকারং চ বষট্‌কারং চ দেবা উপজীবন্তি (উপভুঞ্জতে), হন্তকারং মনুষ্যাঃ, স্বধাকারং চ পিতরঃ [উপজীবন্তি]। প্রাণঃ তস্যাঃ (বাগ্‌ধেনোঃ) ঋষভঃ (বৃষভস্থানীয়ঃ, প্রাণসহযোগেনৈব বাচঃ ফলপ্রসবাৎ), মনঃ বৎসঃ (বৎসস্থানীয়ং, যতঃ মনঃসংযোগেনৈব বাচঃ রসস্রাবো ভবতি, তস্মাৎ মনঃ বৎসইত্যর্থঃ) ॥৩৪৭॥১॥

মূলানুবাদ। বাক্যকে ধেনুরূপে উপাসনা করিবে। সেই বাক্যরূপা ধেনুর স্বাহাকার, বষট্‌কার, হন্তকার ও স্বধাকারনামক চারিটী স্তন আছে; তন্মধ্যে স্বাহাকার ও বষট্‌কারনামক স্তন দুইটী দেবগণ উপভোগ করেন, এবং হন্তকার স্তনটী মনুষ্যগণ ও স্বধাকার স্তনটী পিতৃগণ উপভোগ করিয়া থাকেন। প্রাণ তাহার বৃষস্থানীয় এবং মন তাহার বৎসস্বরূপ; (কারণ, প্রাণের সাহায্যেই বাক্য প্রকাশযোগ্যতা লাভ করে, এবং মনের সহযোগেই বক্তব্য বিষয় প্রকাশ করিয়া থাকে) ॥৩৪৭॥১॥

শাঙ্করভাষ্যম্। পুনরুপাসনান্তরং তস্যৈব ব্রহ্মণঃ,—বাগ্বৈ ব্রহ্মেতি। বাগিতি শব্দঃ ত্রয়ী; তাং বাচং ধেনুম্, ধেনুরিব ধেনুঃ, যথা ধেনুশ্চতুর্ভিঃস্তনৈঃ স্তন্যং পয়ঃ ক্ষরতি বৎসায়, এবং বাগ্ধেনুর্বক্ষ্যমাণৈঃ স্তনৈঃ পয় ইবান্নং ক্ষরতি দেবাদিভ্যঃ। কে পুনস্তে স্তনাঃ? কে বা তে, যেভ্যঃ ক্ষরতি? তস্যা এতস্যা বাচো ধেনা দ্বৌ স্তনৌ দেবা উপজীবন্তি বৎসস্থানীয়াঃ। কৌ তৌ? স্বাহাকারং চ বষট্‌কারঞ্চ; আভ্যাং হি হবির্দীয়তে দেবেভ্যঃ।

হন্তকারং মনুষ্যাঃ; হন্তেতি মনুষ্যেভ্যোঽন্নং প্রযচ্ছন্তি। স্বধাকারং পিতরঃ; স্বধাকারেণ হি পিতৃভ্যঃ স্বধাং প্রযচ্ছন্তি। তস্যা ধেন্বা বাচঃ প্রাণ ঋষভঃ, প্রাণেন হি বাক্ প্রসূয়তে। মনো বৎসঃ; মনসা হি প্রস্রাব্যতে, মনসা হি আলোচিতে বিষয়ে বাক্ প্রবর্ত্ততে; তস্মাৎ মনঃ বৎসস্থানীয়ম্। এবং বাগ্ধেনূপাসকঃ তাদ্ভাব্যমেব প্রতিপদ্যতে ॥৩৪৭॥১॥

ইতি পঞ্চমাধ্যায়স্য অষ্টমং ব্রাহ্মণং ॥৫॥৮॥

টীকা। ব্রাহ্মণান্তরমবতারয়তি—পুনরপীতি। তাং ধেনুমুপাসীতেতি সংবন্ধঃ। বাচো ধেনোশ্চ সাদৃশ্যং বিশদয়তি—যথেত্যাদিনা। স্তনচতুষ্টয়ং ভোক্তৃত্রয়ং চ প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি—কে পুনরিত্যাদিনা। কথং দেবা যথোক্তৌ স্তনাবুপজীবন্তি? তত্রাহ—আভ্যাং হীতি। হন্ত মন্তশব্দোক্তমিত্যর্থঃ। স্বধানম্। প্রস্রাব্যতে প্রক্রতা ক্ষরণোদ্যতা ক্রিয়তে। মনসা হীত্যাদিনোক্তং বিবৃণোতি—মনসেতি। কলাশ্রবণাদেতদুপাসনমকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ—এবমিতি। তাদ্ভাব্যং যথোক্তবাগাধিকরণরূপত্বমিত্যর্থঃ ॥ ৩৪৭॥১ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্যাষ্টমং ব্রাহ্মণম্। ৫। ৮।

ভাষ্যানুবাদ। "বাগ্ বৈ ব্রহ্ম" ইত্যাদি বাক্যে সেই সত্য ব্রহ্মেরই অন্যপ্রকার উপাসনা কথিত হইতেছে। বাক্ অর্থ-শব্দ—অর্থাৎ শব্দময় বেদ; সেই বেদকে ধেনুরূপে উপাসনা করিবে। এখানে 'ধেনু' অর্থ ধেনুর মত; ধেনু যেমন চারিটী স্তন দ্বারা বৎসের উদ্দেশ্যে স্তন্য (দুগ্ধ) ক্ষরণ করিয়া থাকে, তেমনি এই বাক্যরূপ ধেনুও বক্ষ্যমাণ চারিটী স্তন দ্বারা দেবতা প্রভৃতির উদ্দেশ্যে দুগ্ধের মত অন্ন (ভোগ্য বস্তু) ক্ষরণ করে। এই বাগ্‌ধেনুর সেই চারিটী স্তন কি কি? এবং যাহাদের নিমিত্ত ক্ষরণ করে—অন্ন প্রদান করে, তাহারাই বা কাহারা? [উত্তর—] সেই বাক্যরূপ ধেনুর দুইটী স্তন বৎসস্থানীয় দেবগণ উপভোগ করিয়া থাকেন; সেই দুইটী স্তন কি কি? স্বাহা ও বষট্‌কার; কেননা, এই স্বাহা ও বষট্‌শব্দযোগেই দেবতাগণের উদ্দেশে হব্য (ঘৃত প্রভৃতি দ্রব্য) প্রদত্ত হইয়া থাকে। মনুষ্যগণ হন্তকারনামক স্তনটী (উপজীব্য করিয়া থাকে); কেননা, 'হন্ত'-শব্দ উচ্চারণ পূর্ব্বক মনুষ্যগণকে অন্ন প্রদান করা হইয়া থাকে। পিতৃগণ স্বধানামক স্তনটি [ভোগ করিয়া থাকে]; কেননা, পিতৃগণের উদ্দেশে যাহা দিতে হয়, তাহা স্বধা শব্দ দ্বারাই প্রদত্ত হইয়া থাকে। সেই বাক্-রূপা ধেনুর ঋষভ (বৃষস্থানীয়) হইতেছে প্রাণ; কারণ, বাক্য যাহা প্রসব করে—অর্থ প্রকাশ করে, প্রাণের সাহায্যেই তাহা প্রকাশ করিয়া থাকে। মন তাহার বৎস

স্থানীয় ; কেননা, মনের সাহায্যেই তাহার স্রাব (ভাবপ্রকাশন) হইয়া থাকে ; কারণ, মনে মনে আলোচিত বিষয়েই বাক্যের প্রবৃত্তি হইয়া থাকে ; এই কারণে মন তাহার বৎসস্থানীয়। এইরূপে বাগ্‌ধেনুর উপাসক ব্যক্তি উপাস্যের স্বভাবই প্রাপ্ত হইয়া থাকেন ॥৩৪৭॥১॥

ইতি পঞ্চমাধ্যায়ে অষ্টম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥৫॥৮॥

অয়মগ্নির্বৈশ্বানরো যোঽয়মন্তঃপুরুষে, যেনেদমন্নং পচ্যতে যদিদমদ্যতে, তস্যৈষ ঘোষো ভবতি, যমেতৎ কর্ণাবপিধায় শৃণোতি, স যদোৎক্রমিষ্যন্ ভবতি, নৈনং ঘোষং শৃণোতি ॥৩৪৮॥১॥

ইতি নবমং ব্রাহ্মণম্ ॥৫॥৯॥

সম্বন্ধার্থ। অত্রাপি উপাসনান্তরং বিধিৎসন্ আহ—'অয়মগ্নিঃ' ইত্যাদি। অয়ম্ অগ্নিঃ বৈশ্বানরঃ ; [অয়ং কঃ ? ইত্যাহ—] যঃ অয়ং পুরুষে অন্তঃ (পুরুষস্য অন্তর্বর্ত্তী—জাঠরঃ, অগ্নিঃ), যেন (জাঠরেণ অগ্নিনা) ইদং অন্নং পচ্যতে ; [কিং নাম তদন্নম্ ?] যৎ ইদং (অন্নং) পুরুষেণ অদ্যতে (ভক্ষ্যতে), [তৎ]। তস্য (বৈশ্বানরস্য) এষঃ ঘোষঃ (ধ্বনিঃ) ভবতি ; [কোঽসৌ ঘোষঃ ?] [জনঃ] কর্ণৌ অপিধায় (আচ্ছাদ্য) যং (শব্দং) এতৎ (যথা স্যাৎ তথা) শৃণোতি, [এষ এব স ঘোষঃ]। সঃ (পুরুষঃ) যদা উৎক্রমিষ্যন্ ভবতি, [তদা] এনং ঘোষং ন শৃণোতি ; (অরিষ্টবিশেষোঽয়মিতি ভাবঃ) ॥৩৪৮॥১॥

মূলানুবাদ। এখন অন্য প্রকার উপাসনা কথিত হইতেছে—এই অগ্নি হইতেছে সেই বৈশ্বানর, যাহা এই পুরুষের দেহমধ্যে অবস্থিত এবং যাহা দ্বারা এই অন্ন—যাহা পুরুষ ভক্ষণ করে, সেই অন্ন পরিপাক প্রাপ্ত হইয়া থাকে। সেই বৈশ্বানর অগ্নির ইহাই ঘোষ (ধ্বনি), লোকে কর্ণদ্বয় আচ্ছাদন করিয়া যে ধ্বনি শুনিতে পায়। এই পুরুষ যে সময় আসন্নমৃত্যু হয়, তখন সেই ধ্বনি শুনিতে পায় না। (ইহা এক প্রকার অরিষ্ট বা মৃত্যুসূচক) ॥৩৪৮॥১॥

ইতি পঞ্চমাধ্যায়ে নবম ব্রাহ্মণ ব্যাখ্যা ॥৫॥৮॥

শাঙ্করভাষ্যম্। অয়মগ্নির্বৈশ্বানরঃ। পূর্ব্ববদুপাসনান্তরম্। অয়মগ্নির্বৈশ্বানরঃ; কোঽয়মগ্নিরিত্যাহ—যোঽয়মন্তঃ পুরুষে। কিং শরীরারম্ভকঃ? নেত্যুচ্যতে—যেনাগ্নিনা বৈশ্বানরাখ্যেন ইদমন্নং পচ্যতে। কিং তদন্নম্? যদিদম্ অদ্যতে ভুজ্যতে অন্নং প্রজাভিঃ, জাঠরোঽগ্নিরিত্যর্থঃ। তস্য সাক্ষাদুপলক্ষণার্থমিদমাহ—তস্যাগ্নেরন্নং পচতো জাঠরস্য এব ঘোষো ভবতি; কোঽসৌ? যং ঘোষম্, এতদিতি ক্রিয়াবিশেষণম্, কর্ণাবপিধায় অঙ্গুলীভ্যামপিধানং কৃত্বা শৃণোতি; তং প্রজাপতিমুপাসীত বৈশ্বানরমগ্নিম্। অত্রাপি তদ্ভাব্যং ফলম্। তত্র প্রাসঙ্গিকমিদমরিষ্টলক্ষণমুচ্যতে—সোঽত্র শরীরে ভোক্তা যদা উৎক্রমিষ্যন্ ভবতি, নৈনং ঘোষং শৃণোতি ॥৩৪৮॥১॥

ইতি পঞ্চমাধ্যায়স্য নবমং ব্রাহ্মণম্ ॥৫॥৯॥

টীকা। ব্রাহ্মণান্তরমনূদ্য তস্য তাৎপর্য্যমাহ—অয়মিতি। অন্নপানস্য পক্তা। তৎসদ্ভাবে মানমাহ—তস্যেতি। ক্রিয়ায়াঃ শ্রবণস্যৈতদিতি বিশেষণং, তদ্ভাবা ভবতি তদ্ধেত্বর্থঃ। কোকেয়াগ্ন্যুপাধিকস্য পরস্যোপাসনে প্রবৃত্তে সতীত্যাহ—তত্রেতি ।৩৪৮॥১॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য নবমং ব্রাহ্মণম্। ৫।৯।

ভাষ্যানুবাদ। 'অয়ম্ অগ্নিঃ বৈশ্বানরঃ' ইত্যাদি বাক্যও উপাসনান্তরবিধায়ক। এই অগ্নি বৈশ্বানর; ইহা কোন অগ্নি? তদুত্তরে বলিতেছেন, এই যাহা পুরুষের অভ্যন্তরে [অবস্থিত]। ভাল, ইহা কি তবে শরীরারম্ভক, (যাহা দ্বারা এই শরীর নির্ম্মিত হইয়াছে, সেই অগ্নি)? বলিতেছেন—না—তাহা নহে; পরন্তু বৈশ্বানরনামক যে অগ্নি দ্বারা এই অন্ন পরিপাক পাইয়া থাকে। কোন অন্ন? লোকে এই যাহা ভক্ষণ করে, অর্থাৎ যে অন্ন ভোজন করিয়া থাকে; (অতএব, এই বৈশ্বানর হইতেছে) জাঠরাগ্নি। তাহার সাক্ষাৎ সম্বন্ধে প্রতীতির জন্য বলা হইতেছে যে, ভুক্তান্নের পরিপাককারী সেই জাঠরাগ্নির হইতেছে—ইহাই ঘোষ—ধ্বনি; কর্ণদ্বয় আবৃত করিলে—দুই অঙ্গুলী দ্বারা আচ্ছাদন করিলে, লোকে যাহা শুনিতে পায়, তাহাই সেই ঘোষ; সেই যে বৈশ্বানরনামক প্রজাপতি অগ্নি, তাহার উপাসনা করিবে। পূর্ব্বের ন্যায় ইহারও ফল—তদ্ভাবপ্রাপ্তি। এখানে প্রসঙ্গক্রমে এইরূপ একটী অরিষ্টলক্ষণ কথিত হইতেছে যে, এই শরীরস্থিত ভোগকর্ত্তা পুরুষ যে সময় উৎক্রমণ করিয়ে আসন্নমৃত্যু হইয়া থাকে, তখন সে ঐ শব্দ শুনিতে পায় না ॥৩৪৮॥১॥

যদা বৈ পুরুষোঽস্মাল্লোকাৎ প্রৈতি স বায়ুমাগচ্ছতি, তস্মৈ স তত্র বিজিহীতে যথা রথচক্রস্য খম্, তেন স ঊর্দ্ধ্ব আক্রমতে, স আদিত্যমাগচ্ছতি, তস্মৈ স তত্র বিজিহীতে যথা লম্বরস্য খম্, তেন স ঊর্দ্ধ্ব আক্রমতে, স চন্দ্রমসমাগচ্ছতি, তস্মৈ স তত্র বিজিহীতে যথা দুন্দুভেঃ খম্, তেন স ঊর্দ্ধ্ব আক্রমতে, স লোকমাগচ্ছত্যশোকমহিমম্, তস্মিন্ বসতি শাশ্বতীঃ সমাঃ ॥৩৪৯॥১॥

ইতি দশমং ব্রাহ্মণম্ ॥৫॥১০॥

সম্বন্ধার্থঃ। ইদানীং সর্ব্বেষামেবোপাসনানাং গতিপ্রকারঃ ফলং চ উচ্যতে—'যদা বৈ' ইত্যাদি না। পুরুষঃ (উপাসকঃ) যদা বৈ অস্মাৎ লোকাৎ প্রৈতি (প্রয়াতি—দেহং ত্যক্ত্বা গচ্ছতি), [তদা] সঃ (প্রয়াতা পুরুষঃ) [প্রথমং] বায়ুং (বায়ুমণ্ডলং) আগচ্ছতি (প্রাপ্নোতি); সঃ বায়ুঃ) তস্মৈ (উপাসকায়) তত্র (স্বশরীরে) রথচক্রস্য খং (ছিদ্রং) যথা (ছিদ্রমিব) বিজিহীতে (ছিদ্রং—গমনদ্বারং করোতি); সঃ (পুরুষঃ) তেন (ছিদ্রেণ) ঊর্দ্ধ্বঃ সন্ আক্রমতে (গচ্ছতি), সঃ (ঊর্দ্ধ্বগামী পুরুষঃ) আদিত্যম্ আগচ্ছতি ; সঃ (আদিত্যঃ) তস্মৈ যথা লম্বরস্য (বাদ্যযন্ত্রবিশেষস্য) খং (ছিদ্রং), (তথা) বিজিহীতে ; সঃ চন্দ্রমসম্ (চন্দ্রম্) আগচ্ছতি ; সঃ চন্দ্রঃ) তস্মৈ (পুরুষায়) তত্র (দেশে) যথা দুন্দুভেঃ (পটহস্য) খং (ছিদ্রং), [তথা] বিজিহীতে (ছিদ্রং করোতি); (সঃ উপাসকঃ) তেন (ছিদ্রপথেন) ঊর্দ্ধ্ব আক্রমতে (গচ্ছতি); [ততশ্চ] সঃ (ঊর্দ্ধ্বগামী পুরুষঃ) অশোকম্ (মানসেন দুঃখেন বর্জ্জিতম্), অহিমং (হিমরহিতং শারীরদুঃখরহিতং চ) লোকং (প্রজাপতিলোকম্) আগচ্ছতি ; তস্মিন্ (প্রজাপতিলোকে) শাশ্বতীঃ সমাঃ (বৎসরান্ ব্যাপ্য) বসতি (তিষ্ঠতি) ॥৩৪৯॥১॥

মূলানুবাদ। উপাসক পুরুষ যখন ইহলোক হইতে প্রস্থান করে—দেহ ত্যাগ করিতে উদ্যত হয়, তখন প্রথমে বায়ুমণ্ডলে উপস্থিত হয়; বায়ু তাহার জন্য স্বদেহে রথচক্রের ছিদ্রের ন্যায় একটা সূক্ষ্ম ছিদ্রপথ করিয়া দেন; উপস্থিত পুরুষ সেই ছিদ্রপথে ঊর্দ্ধে গমন করেন; তিনি যাইয়া আদিত্যমণ্ডলে উপস্থিত হন;

আদিত্য তাহার জন্য স্বশরীরে লম্বরনামক বাদ্য যন্ত্রের ছিদ্রের ন্যায় একটী সূক্ষ্ম ছিদ্রপথ করিয়া দেন; সেই পুরুষ তাহার সাহায্যে পুনশ্চ ঊর্দ্ধে গমন করেন; এবং তিনি চন্দ্রমণ্ডলে যাইয়া উপস্থিত হন; চন্দ্রও সেখানে তাহার নিমিত্ত দুন্দুভি বাদ্যের ছিদ্রের ন্যায় একটী সূক্ষ্ম ছিদ্রপথ প্রস্তুত করিয়া দেন; উপাসক তাহা দ্বারা ঊর্দ্ধে গমন করেন; তিনি ক্রমে শোক ও হিমবর্জ্জিত অর্থাৎ মানসিক ও শারীরিক দুঃখ-রহিত লোকে—ব্রহ্মলোকে গমন করেন, এবং সেখানে বহু কল্পকাল বাস করিয়া থাকেন ॥৩৪৯॥১॥

পঞ্চমাধ্যায়ে দশম ব্রাহ্মণ ব্যাখ্যা ॥৫॥১০॥

শাঙ্করভাষ্যম্। সর্ব্বেষামস্মিন্ প্রকরণে উপাসনানাং গতিরিয়ম্, ফলঞ্চোচ্যতে—যদা বৈ পুরুষঃ বিদ্বান্ অস্মাৎ লোকাৎ প্রৈতি শরীরং পরিত্যজতি, স তদা বায়ুমাগচ্ছতি, অন্তরিক্ষে তির্য্যগ্ ভূতো বায়ুঃ স্তিমিতঃ অভেদ্যস্তিষ্ঠতি; স বায়ুঃ তত্র স্বাত্মনি তস্মৈ সম্প্রাপ্তায় বিজিহীতে স্বাত্মাবয়বান্ বিগময়তি, ছিদ্রীকরোত্যাত্মানমিত্যর্থঃ। কিংপরিমাণং ছিদ্রম্—ইত্যুচ্যতে, যথা রথচক্রস্য খং ছিদ্রং প্রসিদ্ধ-পরিমাণম্; তেন ছিদ্রেণ স বিদ্বান্ ঊর্দ্ধঃ আক্রমতে ঊর্দ্ধঃ সন্ গচ্ছতি। স আদিত্যমাগচ্ছতি; আদিত্যঃ ব্রহ্মলোকং জিগমিষোর্ম্মার্গনিরোধং কৃত্বা স্থিতঃ, সোঽপ্যেবংবিদে উপাসকায় দ্বারং প্রযচ্ছতি; তস্মৈ স তত্র বিজিহীতে; যথা লম্বরস্য খং বাদিত্রবিশেষস্য ছিদ্রপরিমাণম্, তেন স ঊর্দ্ধ আক্রমতে, স চন্দ্রমসমাগচ্ছতি। সোঽপি তস্মৈ তত্র বিজিহীতে; যথা দুন্দুভেঃ খং প্রসিদ্ধম্; স তেন ঊর্দ্ধ আক্রমতে। স লোকং প্রজাপতিলোকম্ আগচ্ছতি। কিং-বিশিষ্টম্? অশোকং মানসেন দুঃখেন বিবর্জ্জিতমিত্যেতৎ; অহিমং হিমবর্জ্জিতং শারীরদুঃখবর্জ্জিতমিত্যর্থঃ। তং প্রাপ্য তস্মিন্ বসতি শাশ্বতীঃ নিত্যাঃ সমাঃ সংবৎসরানিত্যর্থঃ; ব্রহ্মণো বহূন্ কল্পান্ বসতীত্যেতৎ ॥৩৪৯॥১॥

পঞ্চমাধ্যায়স্য দশমং ব্রাহ্মণম্ ॥৫॥১০॥

টীকা। ব্রাহ্মণান্তরস্য তাৎপর্য্যমাহ—সর্ব্বেষামিতি। ফলং চাপ্রকৃতমনাদিবিধি শেষঃ। কিমিতি বিদ্বান্ বায়ুমাগচ্ছতি, তদুপেক্ষ্যৈব ব্রহ্মলোকং কুতো ন গচ্ছতীত্যাশঙ্ক্যাহ—

অন্তরিক্ষ ইতি। আদিত্যং প্রত্যাগমনে হেতুমাহ—আদিত্য ইতি। উৰ্দ্ধেঽর্থে বাক্যং পাতয়তি—তস্মা ইতি। বহূন্ কল্পানিত্যবান্তরকল্পোক্তিঃ ॥৩৪১॥১॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য দশমং ব্রাহ্মণম্ ॥৫॥১০॥

ভাষ্যানুবাদ। এই প্রকরণে সাধারণতঃ সমস্ত উপাসনারই গতিপ্রণালী ও ফল বলা হইতেছে,—যে সময় বিদ্বান্ (উপাসক) পুরুষ বর্ত্তমান লোক হইতে প্রস্থান করেন, অর্থাৎ শরীর পরিত্যাগ করিয়া চলিয়া যান, সে সময় তিনি প্রথমে বায়ুমণ্ডলে উপস্থিত হন; নভোমণ্ডলে যে বক্রভাবাপন্ন বায়ু স্তিমিত (স্থির) ও অভেদ্যভাবে অবস্থিত আছে; সেই বায়ু উপস্থিত পুরুষের জন্য সেখানে—স্বশরীরের অবয়বগুলি বিশ্লেষণ করে অর্থাৎ দেহাবয়বগুলিকে বিশ্লিষ্ট করিয়া আপনার মধ্যেই একটী ছিদ্র উৎপাদন করে। সেই ছিদ্রটী কত বড়, তাহা বলা হইতেছে—রথচক্রের ছিদ্রের পরিমাণ যত বড় প্রসিদ্ধ, ঠিক সেই পরিমাণে বড়; সেই ছিদ্রপথে উপস্থিত বিদ্বান্ ঊর্দ্ধাভিমুখী হইয়া গমন করেন, তিনি আদিত্যমণ্ডলে উপস্থিত হন; আদিত্যও ব্রহ্মলোকে গমনেচ্ছু ঐপুরুষের গমন-পথ অবরুদ্ধ করিয়া রহিয়াছেন; এই কারণে তিনি এই বিদ্বান্ উপাসকের জন্য প্রবেশের দ্বার (পথ) প্রদান করেন; তিনিও সেই উপাসকের জন্য লম্বরনামক বাদ্য যন্ত্রের ছিদ্রের ন্যায় একটী সূক্ষ্ম ছিদ্র করিয়া দেন; উপাসক সেই ছিদ্রপথে ঊর্দ্ধে যাইতে থাকেন; তিনি ক্রমে চন্দ্রলোকে উপস্থিত হন; সেই চন্দ্রও আবার সেখানে তাহার জন্য দুন্দুভিনামক বাদ্য যন্ত্রের ছিদ্রের ন্যায় একটী ছিদ্রপথ করিয়া দেন; তিনি সেই ছিদ্রপথে ঊর্দ্ধে গমন করেন; তিনি যাইয়া প্রজাপতি-লোকে (ব্রহ্মলোকে) উপস্থিত হন। সেই প্রজাপতি-লোকের বিশেষত্ব কি? না, উহা অশোক—মানসিক দুঃখবর্জ্জিত, এবং অহিম—হিমশূন্য অর্থাৎ শারীরিক দুঃখরহিত; উপাসক সেই লোকে উপস্থিত হইয়া শাশ্বত সংবৎসর বাস করেন, অর্থাৎ ব্রহ্মার বহুকল্প পর্য্যন্ত সেখানে অবস্থান করেন ॥৩৪১॥১॥

ইতি পঞ্চমাধ্যায়ে দশম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥৫॥১০॥

এতদ্বৈ পরমং তপো যদ্ব্যাহিতস্তপ্যতে, পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ, এতদ্বৈ পরমং তপো যং প্রেতমরণ্যং হরন্তি, পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ, এতদ্বৈ

পরমং তপো যং প্রেতমগ্নাবভ্যাদধতি, পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ ॥ ৩৫০ ॥ ১ ॥

ইত্যেকাদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১১ ॥

সরলার্থঃ। এতৎ বৈ পরমং (উৎকৃষ্টং) তপঃ, যৎ ব্যাহিতঃ (ব্যাধিতঃ পীড়িতঃ সন্) তপ্যতে (তাপং অনুভবতি); যঃ এবং বেদ, [সঃ] পরমম্ এব লোকং জয়তি হ। এতৎ বৈ পরমং তপঃ, যং প্রেতম্ অরণ্যং হরন্তি (অন্ত্যেষ্টিকর্ম্মণে অরণ্যং নয়ন্তি); যঃ এবং বেদ, [সঃ] পরমম্ এব লোকং জয়তি হ। তথা এতৎ বৈ পরমং তপঃ, যং প্রেতম্ অগ্নৌ অভ্যাদধতি (আরোপয়ন্তি); যঃ এবং বেদ, [সঃ] পরমম্ এব লোকং জয়তি হ ॥ ৩৫০ ॥ ১ ॥

মূলানুবাদ। ইহাই একটী পরম তপস্যা যে, লোকে ব্যাধি-গ্রস্ত হইয়া দুঃখ ভোগ করে; যিনি এইরূপ জানেন, তিনি উৎকৃষ্ট লোকই জয় করেন (প্রাপ্ত হন)। ইহাই একটী পরম তপস্যা যে, লোকে অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য প্রেতকে (মৃতব্যক্তিকে) অরণ্যে লইয়া যায়; যিনি ইহা জানেন, তিনি নিশ্চয়ই উৎকৃষ্ট লোক লাভ করেন। ইহাই আর একটী পরম তপস্যা যে, লোকে প্রেতব্যক্তিকে অগ্নিতে স্থাপন করে; যিনি ইহা জানেন, তিনি অবশ্যই পরমলোক লাভ করেন ॥ ৩৫০ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্। এতদ্বৈ পরমং তপঃ। কিং তৎ? যদ্ ব্যাহিতঃ ব্যাধিতঃ জরাদিপরিগৃহীতঃ সন্ যৎ তপ্যতে, তদেতৎ পরমং তপ ইত্যেবং চিন্তয়েৎ, দুঃখসামান্যাৎ। তস্যৈবং চিন্তয়তো বিদুষঃ কর্ম্মক্ষয়হেতুঃ তদেব তপো ভবতি অনিন্দতঃ অবিষীদতঃ। স এব চ তেন বিজ্ঞান-তপসা দগ্ধকিল্বিষঃ পরমং হৈব লোকং জয়তি, য এবং বেদ। তথা মুমূর্ষুঃ আদাবেব কল্পয়তি; কিম্? এতদ্বৈ পরমং তপঃ, যং প্রেতং মাং গ্রামাদরণ্যং হরন্তি ঋত্বিজঃ অন্ত্যকর্ম্মণে; তদ্‌গ্রামাদরণ্যগমনসামান্যাৎ পরমং মম তৎ তপো ভবিষ্যতি; গ্রামাদরণ্যগমনং পরমং তপ ইতি হি প্রসিদ্ধম্। পরমং হৈব

লোকং জয়তি, য এবং বেদ। তথা এতদ্বৈ পরমং তপঃ, যং প্রেতম্ অগ্নাবভ্যাদধতি, অগ্নিপ্রবেশসামান্যাৎ। পরমং হৈব লোকং জয়তি, য এবং বেদ ॥৩৫০॥১

ইতি পঞ্চমাধ্যায়স্যৈকাদশং ব্রাহ্মণম্ ॥৫॥১১॥

টীকা ব্রহ্মোপাসনপ্রসঙ্গেন কলবদব্রহ্মোপাসনমুপন্যস্যতি—এতদিতি। ব্যাহিত ইতি প্রতীকমাদায় ব্যাচষ্টে—জ্বরাদীতি। কর্মক্ষয়হেতুরিত্যত্র কর্মশব্দেন পাপমুচ্যতে। পরমং হৈব লোকমিত্যত্র তপসোঽনুকূলং ফলং লোকশব্দার্থঃ। অস্তু গ্রামাদরণ্যগমনং, তথাঽপি কথং তপস্ত্বমিত্যাশঙ্ক্যাহ—গ্রামাদিতি ॥৩৫০॥ ১।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্যৈকাদশং ব্রাহ্মণম্ ॥৫॥ ১১।

ভাষ্যানুবাদ। ইহাই উৎকৃষ্ট তপস্যা; সেই তপস্যাটা কি ? না, ব্যাহিত—ব্যাধিত অর্থাৎ লোকে জ্বরাদিরোগগ্রস্ত হইয়া যে, তাপ ভোগ করে; সেই এই সন্তাপকে তপস্যা বলিয়া চিন্তা করিবে; কারণ, রোগযাতনা ও তপস্যা, উভয়েতেই দুঃখ বা ক্লেশভোগ সমান। এইরূপ চিন্তাশীল বিদ্বান্ পুরুষ যদি রোগ-ভোগের নিন্দা না করে এবং বিষণ্ণ না হয়, তাহা হইলে, ঐরূপ সন্তাপই তাহার কর্ম্মক্ষয়ের নিদানভূত তপস্যাস্বরূপ হইয়া থাকে। সেই ব্যক্তিই ঐরূপ জ্ঞানময় তপস্যা প্রভাবে পাপরাশি দগ্ধ করিয়া উত্তম লোক (স্বর্গাদি স্থান) জয় করেন অর্থাৎ নিজে প্রাপ্ত হন। সেইরূপ মুমূর্ষু পুরুষ প্রথমেই মনোমধ্যে কল্পনা করিয়া থাকেন—কি ? না, ইহাই পরম তপস্যা যে, ঋত্বিক্‌গণ আমাকে মৃতাবস্থায় অন্ত্যেষ্টি-ক্রিয়ায় (দাহের) জন্য গ্রাম হইতে অরণ্যে লইয়া যায়। সেই যে, আমার গ্রাম হইতে অরণ্যে গমন, তাহাই আমার পরম তপস্যা হইবে; কেন না, উভয়স্থলেই অরণ্যে গমন তুল্য; গ্রাম হইতে যে, অরণ্যে গমন অর্থাৎ বানপ্রস্থ অবলম্বন, তাহা পরম তপস্যা বলিয়া জগতে প্রসিদ্ধ। যিনি এইরূপ জানেন, তিনি পরমলোকই লাভ করেন। সেইরূপ ইহাও আর একটী পরম তপস্যা; প্রেতব্যক্তিকে যে অগ্নিতে স্থাপন করিয়া থাকে, ইহাও একটী পরম তপস্যা; কারণ, উভয়েতেই অগ্নিপ্রবেশের সাম্য রহিয়াছে। যিনি এই প্রকার জানেন, তিনি নিশ্চয়ই পরম লোক লাভ করিয়া থাকেন ॥৩৫০॥১॥

অন্নং ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা, পূয়তি বা অন্নমৃতে প্রাণাৎ, প্রাণো ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা, শুষ্যতি বৈ প্রাণ ঋতেঽন্নাৎ,

এতে হ ত্বেব দেবতে একধাভূয়ং ভূত্বা পরমতাং গচ্ছতঃ, তদ্ধ স্মাহ প্রাতৃদঃ পিতরং কিংস্বিদেবৈবং বিদুষে সাধু কুর্য্যাম্, কিমেবাস্মা অসাধু কুর্য্যামিতি। স হ স্মাহ পাণিনা মা প্রাতৃদ কস্ত্বেনয়োরেকধাভূয়ং ভূত্বা পরমতাং গচ্ছতীতি, তস্মা উ হৈতদুবাচ বীতি, অন্নং বৈ বি, অন্নে হীমানি সর্ব্বাণি ভূতানি বিষ্টানি, রমিতি, প্রাণো বৈ রম্, প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতানি রমন্তে, সর্ব্বাণি হ বা অস্মিন্ ভূতানি বিশন্তি, সর্ব্বাণি ভূতানি রমন্তে য এবং বেদ ॥ ৩৫১ ॥ ১ ॥

ইতি দ্বাদশং ব্রাহ্মণম্ ॥৫॥১২॥

সম্বন্ধার্থঃ। পুনশ্চ উপাসনান্তরমাহ—অন্নমিত্যাদি। একে আহুঃ—অন্নং ব্রহ্মেতি; [অন্নমত্র ভক্ষ্যমাত্রমুচ্যতে]; তৎ তথা ন (অন্নং ব্রহ্মেতি যৎ আহুঃ, তৎ ন সঙ্গতমিত্যর্থঃ), বৈ (যতঃ), প্রাণাৎ ঋতে (প্রাণং বিনা) অন্নং (ভক্ষ্যং, অন্নপরিণামঃ দেহো বা) পূয়তি (পূতিভাবং প্রাপ্নোতি); [অতঃ] প্রাণঃ ব্রহ্ম-ইতি একে আহুঃ; তৎ তথা ন (প্রাণঃ ব্রহ্ম ইত্যেবমপি নৈব গ্রহণীয়ম্); বৈ (যতঃ) অন্নাৎ ঋতে (অন্নং বিনা) প্রাণঃ শুষ্যতি (দেহাৎ নির্গচ্ছতীতিভাবঃ); তু (পুনঃ) এতে এব (নিশ্চয়ে) দেবতে (অন্ন-প্রাণরূপে) একধাভূয়ং ভূত্বা (একার্থপরে ভূত্বা) পরমতাং (শ্রেষ্ঠতাং ব্রহ্মভাবং) গচ্ছতঃ।

প্রাতৃদঃ (তন্নামকঃ কশ্চিৎ) তৎ (যথোক্তং তত্ত্বং) পিতরম্ আহ স্ম—এবং বিদুষে (প্রাণান্নয়োঃ সম্ভূয়কারিত্বং জানতে) কিং স্বিৎ (বিতর্কে) সাধু (হিতং কর্ম্ম) কুর্য্যাম্, কিম্ অস্মৈ (বিদুষে) অসাধু এব কুর্য্যাম্? ইতি। সঃ (পিতা) হ পাণিনা [বারয়ন্] আহস্ম [পুত্রম্],—হে প্রাতৃদ, মা [এবং ন ব্রূহি]; কঃ তু (পুনঃ) এনয়োঃ (অন্ন-প্রাণয়োঃ) একধাভূয়ং ভূত্বা পরমতাং (ব্রহ্মভাবং) গচ্ছতি? (ন কোঽপীতিভাবঃ) ইতি। তস্মৈ (প্রাতৃদায়) এতৎ (বক্ষ্যমাণং বচনং) উবাচ হ—বি-ইতি; অন্নং বৈ বি; হি (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি (চরাচরাত্মকানি) অন্নে বিষ্টানি (প্রবিষ্টানি—আশ্রিতানীত্যর্থঃ), [অতঃ অন্নং বীতি বিজানীয়াৎ]; তথা

রম্-ইতি [উবাচ—], প্রাণঃ বৈ রম্ ; হি (যতঃ) ইমানি সর্ব্বাণি ভূতানি প্রাণে রমন্তে .(প্রাণমাশ্রিত্য রমন্তে, অন্যথা বিবীদন্তীতি ভাবঃ)। যঃ এবং (যথোক্তগুণং প্রাণান্নভাবং) বেদ, সর্ব্বাণি ভূতানি বৈ অস্মিন্ (বিদুষি) বিশন্তি, তথা সর্ব্বাণি ভূতানি রমন্তে চ [ইতি বিজ্ঞানফলমেতৎ] ॥৩৫॥১॥

মূলানুবাদ। কেহ কেহ বলেন—অন্ন—ভক্ষ্যবস্তুই ব্রহ্ম ; অপর আচার্য্যগণ বলেন—না, এরূপ হইতে পারে না—অন্নকে ব্রহ্ম-বুদ্ধিতে গ্রহণ করা উচিত নহে ; কারণ, প্রাণ ব্যতিরেকে অন্ন মাত্রই পূতিভাব প্রাপ্ত হয় (পচিয়া যায়) ; অতএব প্রাণই ব্রহ্ম। বস্তুতঃ এ কথাও এইরূপে গ্রহণ করা উচিত হয় না ; কারণ, অন্নের অভাবে প্রাণও শুষ্ক হইয়া যায়, অর্থাৎ প্রাণও বহির্গত হইয়া যায় ; পরন্তু এই উভয় দেবতাই (অন্ন ও প্রাণই) একত্রিত হইয়া পরমত্ব—ব্রহ্মভাব লাভ করিয়া থাকে।

প্রাতৃদনামক ঋষি তাহার পিতাকে এই কথা বলিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন যে, যেব্যক্তি এই প্রকারে অন্নও প্রাণের সহবৃত্তিতা-মূলক ব্রহ্মভাব অবগত হন ; [তিনি নিশ্চয়ই কৃতার্থ হন] ; অতএব তাহার উদ্দেশ্যে কেনইবা অসাধু কর্ম্ম করিব, অথবা তাহার উদ্দেশ্যে কিসের জন্যই বা সাধু কর্ম্ম করিব ? একথা শুনিয়া তাহার পিতা হস্ত দ্বারা বারণপূর্ব্বক পুত্রকে বলিয়াছিলেন—না—এরূপ বলিও না ; এই প্রাণ ও অন্নের যথোক্তপ্রকার একধাভাব প্রাপ্ত হইয়া কোন ব্যক্তি পরমত্ব লাভ করিয়াছে ? অর্থাৎ কেহই নহে। অনন্তর তিনি 'বি' শব্দ উচ্চারণ করিয়া প্রাতৃদকে বলিলেন—অন্ন হইতেছে বি ; কেননা, চরাচর এই সমস্ত জগৎই এই অন্নে প্রতিষ্ঠিত, অর্থাৎ অন্নের অধীন ; তাহার পর তিনি 'রম্' শব্দ বলিয়া উপদেশ করিলেন যে, প্রাণ হইতেছে—'র' ; কারণ, চরাচরাত্মক এই জগৎই এই প্রাণে রমণ করে, অর্থাৎ প্রাণের অধীন থাকিয়া তৃপ্তি ভোগ করে ; [প্রাণ-হীনের রতি হয় না,—মৃত্যু হয়]। যেব্যক্তি এই প্রকার জানে,

সমস্তজগৎই তাহাতে প্রবেশ করে, এবং তাহার আশ্রয়ে থাকিয়া রমণ করে ॥ ৩৫১ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে দ্বাদশব্রাহ্মণ ব্যাখ্যা ॥ ৫ ॥ ১২৭ ॥

শাঙ্করভাষ্যম্। অন্নং ব্রহ্মেতি, তথৈতদুপাসনান্তরং বিধিৎসন্নাহ—অন্নং ব্রহ্ম। অন্নমদ্যতে যৎ, তৎ ব্রহ্মেতি একে আচার্য্যা আহুঃ; তৎ ন তথা গ্রহীতব্যম্—অন্নং ব্রহ্মেতি। অন্যে চাহুঃ, প্রাণো ব্রহ্মেতি। তচ্চ তথা ন গ্রহীতব্যম্। কিমর্থং পুনরন্নং ব্রহ্মেতি ন গ্রাহ্যম্? যস্মাৎ পূয়তি ক্লিদ্যতে পূতিভাবমাপদ্যতে ঋতে প্রাণাৎ, তৎ কথং ব্রহ্ম ভবিতুমর্হতি? ব্রহ্ম হি নাম তৎ, যদবিনাশি। অস্তু তর্হি প্রাণো ব্রহ্ম; নৈবম্, যস্মাৎ শুষ্যতি বৈ প্রাণঃ শোষমুপৈতি ঋতে অন্নাৎ; অত্তা হি প্রাণঃ; অতোঽন্নেনাদ্যেন বিনা ন শক্নোত্যাত্মানং ধারয়িতুম্; তস্মাৎ শুষ্যতি বৈ প্রাণঃ ঋতেঽন্নাৎ; অত একৈকস্য ব্রহ্মতা নোপপদ্যতে যস্মাৎ, তস্মাদেতে হ তু এব অন্ন-প্রাণদেবতে একধাভূয়ম্ একধাভাবং ভূত্বা গত্বা পরমতাং পরমত্বং গচ্ছতঃ ব্রহ্মত্বং প্রাপ্নুতঃ। ১

তদেতৎ এবমধ্যবস্য হ স্ম আহ স্ম—প্রাতৃদো নাম পিতরমাত্মনঃ; কিংস্বিদিতি বিতর্কে। যথা ময়া ব্রহ্ম পরিকল্পিতম্, এবং বিদুষে কিংস্বিৎ সাধু কুর্য্যাং সাধু শোভনং পূজাম্, কাং অস্মৈ পূজাং কুর্য্যামিত্যভিপ্রায়ঃ। কিমেব বাস্মৈ এবংবিদুষে অসাধু কুর্য্যাম্? কৃতকৃত্যোঽসাবিত্যভিপ্রায়ঃ। অন্নপ্রাণৌ সহভূতৌ ব্রহ্মেতি বিদ্বান্ নাসৌ অসাধুকরণেন খণ্ডিতো ভবতি, নাপি সাধুকরণেন মহীকৃতঃ। তমেবংবাদিনং স পিতা হ স্ম আহ—পাণিনা হস্তেন নিবারয়ন্, মা প্রাতৃদ মৈবং বোচঃ। কস্তু, এনয়োঃ অন্ন-প্রাণয়োরেকধাভূয়ং ভূত্বা পরমতাং কস্তু গচ্ছতি?—ন কশ্চিদপি বিদ্বান্ অনেন ব্রহ্মদর্শনেন পরমতাং গচ্ছতি। তস্মান্নৈবং বক্তুমর্হসি—কৃতকৃত্যোঽসাবিতি। যদ্যেবম্, ব্রবীতু ভবান্, কথং পরমতাং গচ্ছতীতি? ২

তস্মৈ উ হ এতদ্বক্ষ্যমাণং বচ উবাচ। কিং তৎ? বীতি। কিং তৎ বি-ইতি? উচ্যতে, অন্নং বৈ বি; অন্নে হি যস্মাৎ ইমানি সর্ব্বাণি ভূতানি বিষ্টানি; অশ্রিতানি; অতঃ অন্নং বীত্যুচ্যতে। কিঞ্চ, রমিতি, রম্ ইতি চোক্তবান্ পিতা। কিং পুনস্তৎ রম্? প্রাণো বৈ রম্; কুতঃ, ইত্যাহ—প্রাণে

হি যথাহ্, বলাশ্রয়ে সতি সর্ব্বাণি ভূতানি রমন্তে; অতো রং প্রাণঃ। সর্ব্বভূতাশ্রয়গুণময়ম্, সর্ব্বভূতরতিগুণশ্চ প্রাণঃ; ন হি কশ্চিদনায়তনো নিরাশ্রয়ো রমতে, নাপি সত্যপ্যায়তনে প্রাণী দুর্ব্বলো রমতে; যদা তু আয়তনবান্ প্রাণী বলবাংশ্চ, তদা কৃতার্থমাত্মানং মন্যমানো রমতে লোকঃ; "যুবা স্যাৎ সাধু যুবাধ্যায়কঃ" ইত্যাদিশ্রুতেঃ। ইদানীমেবংবিদঃ ফলমাহ— সর্ব্বাণি হ বা অস্মিন্ ভূতানি বিশন্তি অন্নগুণজ্ঞানাৎ, সর্ব্বাণি ভূতানি রমন্তে প্রাণগুণজ্ঞানাৎ, য এবং বেদ ॥ ৩৫১ ॥ ১ ॥

ইতি পঞ্চমাধ্যায়ে দ্বাদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১২ ॥

টীকা। ব্রাহ্মণান্তরং গৃহীত্বা তাৎপর্য্যমাহ—অন্নমিতি। যথা পূর্ব্বস্মিন্ ব্রাহ্মণে ফলবদ্ব্রহ্মোপাসনমুক্তং, তথদিত্যাহ—তথেতি। এতদিতি ব্রহ্মবিষয়োক্তিঃ। উপাস্যং ব্রহ্ম নির্দ্ধারয়িতুং বিচারয়তি—অন্নমিত্যাদিনা। অন্নস্য বিনাশিত্বেঽপি ব্রহ্মত্বং কিং ন স্যাদত আহ—ব্রহ্ম হীতি। কথমন্নং বিনা প্রাণস্য শোষপ্রাপ্তিস্তত্রাহ—অত্তা হীতি। প্রত্যেকং নাশিত্বমতঃশব্দার্থঃ। ১

কিংস্বিদিত্যাদিবাক্যস্যার্থং বিবৃণোতি—অন্নপ্রাণাবিতি। কথিতি প্রতীকমাদায় ব্যাকরোতি—এনয়োরিতি। যদ্বেবমুক্তরীত্যা পরমত্বং যদি নাস্তীত্যর্থঃ। উক্তমসংকীর্ণ-গুণদ্বয়ং সংক্ষিপ্যাহ—সর্ব্বভূতেতি। অন্নগুণং বিনা প্রাণগুণাদেতজ্জ্ঞানং সিধ্যতী-ত্যাশঙ্ক্যাহ—ন হীতি। প্রাণগুণস্যাপ্যন্নগুণত্বসংভবাদলং প্রাণেনেত্যাশঙ্ক্যাহ— নাপীতি। গুণদ্বয়স্য পরস্পরাপেক্ষামনুভবানুসারেণ স্ফোরয়তি—যদা ত্বিতি। আয়তনবতো বলবতশ্চ কৃতার্থত্বেত্যত্র তৈত্তিরীয়শ্রুতিং সংবাদয়তি—যুবা স্যাদিতি। আশিষ্ঠো দ্রঢ়িষ্ঠো বলিষ্ঠস্তস্যেয়ং পৃথিবী সর্ব্বা বিত্তস্য পূর্ণা স্যাদিত্যেতদাদিশব্দেন গৃহ্যতে। ৩৫১। ১।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য দ্বাদশং ব্রাহ্মণম্ ।৫।১২।

ভাষ্যানুবাদ। "অন্নং ব্রহ্মেতি"। পূর্ব্বের ন্যায় এইরূপ আর একটী উপাসনা বিধানার্থ বলিতেছেন—কোন কোন আচার্য্য বলেন যে, অন্নই ব্রহ্ম; যাহা কিছু ভোজন করা যায়, তাহাই অন্ন, এবং তাহা ব্রহ্মস্বরূপ। অন্য আচার্য্যগণ বলেন—ইহা সত্য নহে—অন্নকে ব্রহ্মস্বরূপে গ্রহণ করা উচিত হয় না; প্রাণ হইতেছে ব্রহ্মস্বরূপ; এই জন্যই অন্নকে ব্রহ্মস্বরূপে গ্রহণ করিতে নাই। ভাল, কি কারণে অন্নকে ব্রহ্মস্বরূপে গ্রহণ করিতে নাই? যেহেতু প্রাণের অভাবে অন্ন পূতিভাব প্রাপ্ত হয়—পচিয়া যায়, সেই হেতু উহা কিরূপে ব্রহ্মস্বরূপ হইতে পারে? কারণ, সেই বস্তুই ব্রহ্ম, যাহার কখনও বিনাশ হয় না। তবে প্রাণই ব্রহ্ম হউক; না,

তাহাও হইতে পারে না; কারণ, অন্নের অভাবে প্রাণও শোষপ্রাপ্ত হয়—শুষ্ক হইয়া যায়; কেননা, প্রাণই ভোজনের কর্ত্তা—ভোক্তা; (১) এই জন্য অন্নের অভাবে প্রাণ কখনই আপনাকে রক্ষা করিতে পারে না; সেই কারণেই অন্নের অভাবে প্রাণ শুষ্ক হইয়া পড়ে। অতএব, যেহেতু এক একটীর (কেবল অন্নের, কিংবা কেবল প্রাণের) ব্রহ্মভাব কখনই উপপন্ন হয় না, সেই হেতুই এই অন্ন ও প্রাণরূপী দেবতাদ্বয় একধা হইয়া—একত্রিত হইয়া পরমতা—পরমত্ব অর্থাৎ ব্রহ্মভাব লাভ করিয়া থাকে।১

প্রাতৃদনামক ঋষি এইরূপ নিশ্চয় করিয়া নিজের পিতাকে বলিয়াছিলেন,—'কিং স্বিৎ' কথাটী বিতর্ক-জ্ঞাপক; অর্থাৎ আমি যেরূপ ব্রহ্ম কল্পনা করিলাম, এই প্রকার ব্রহ্মকে যিনি অবগত হন, তাহার উদ্দেশ্যে আমি শোভন কর্ম্ম—পূজা কি করিব? অর্থাৎ তাহার আবার পূজা কি? এবং তাহার উদ্দেশ্যে অসাধু কর্ম্মই বা কি করিব? অর্থাৎ সেরূপ বিদ্বান্ পুরুষ ত কৃতকৃত্য হইয়া গিয়াছেন; সুতরাং তাহার উদ্দেশ্যে ভাল মন্দ কোন অনুষ্ঠানেরই প্রয়োজন হয় না। কেননা, যিনি সহভূত (সহযোগে স্থিতিশীল) অন্ন ও প্রাণকে ব্রহ্ম বলিয়া জানিয়াছেন, সেই বিদ্বান্ ত কোন অসাধু কার্য্য দ্বারাও হীনতা প্রাপ্ত হন না, আর উত্তম কর্ম্ম দ্বারাও অভিনন্দিত হন না; [সুতরাং তাহার সম্বন্ধে সাধু বা অসাধু কর্ম্মের কোনই প্রয়োজনীয়তা নাই]। পুত্র এইরূপ অভিপ্রায় ব্যক্ত করিলে পর, পিতা তাহাকে হস্তদ্বারা নিবারণপূর্ব্বক বলিলেন, হে প্রাতৃদ, তুমি এরূপ কথা বলিও না; এই অন্ন ও প্রাণের উক্তপ্রকার একধাভাব অবগত হইয়া কোন্ লোক পরমতা প্রাপ্ত হয়? এরূপ

---

(১) তাৎপর্য্য—প্রশ্নোপনিষদে প্রাণকে 'অত্তা' (ভোক্তা) বলিয়া স্পষ্টাক্ষরে নির্দ্দেশ করা হইয়াছে। যথা—'ব্রাত্যস্ত্বং প্রাণৈক ঋষিরত্তা বিশ্বস্য সৎপতিঃ। বয়মাদ্যস্য দাতারঃ পিতা ত্বং মাতরিশ্ব নঃ॥" (২৮।১১)। ইহার অর্থ এই যে, হে প্রাণ, তুমি ব্রাত্য; কেননা, তুমি সকলের প্রথমে উৎপন্ন এবং তোমাদ্বারাই অপরের সংস্কার সম্পন্ন হইয়া থাকে, কিন্তু, তোমার সংস্কার-সাধক কেহ নাই। তুমিই একর্ষি নামক প্রসিদ্ধ অগ্নিস্বরূপ; তুমিই সমস্ত ভোগ্য বস্তুর অদনকর্ত্তা—ভোক্তা এবং জগতের সৎপতি; আমরা তোমার উদ্দেশেই অন্নদান করিয়া থাকি, হে বায়ুরূপী প্রাণ, তুমিই আমাদের পিতা। অন্যত্র আরও স্পষ্ট করিয়া বলিয়াছেন, "ক্ষুৎপিপাসে প্রাণধর্ম্মৌ শোকমোহৌ তু মানসে", অর্থাৎ ক্ষুধা ও পিপাসা এই দুইটী প্রাণের ধর্ম্ম, আর শোক ও মোহ হইতেছে মনের ধর্ম্ম।

ব্রহ্মদর্শনের ফলে কোন বিদ্বান্‌ই পরমব বা ব্রহ্মভাব লাভ করিতে পারে না; অতএব, ঐরূপ বিদ্বান্ যে, কৃতকৃত্য, একথা কখনই বলিতে পার না। ভাল, ইহা যদি এইরূপই হয়, তবে আপনিই বলুন, কি প্রকারে লোক পরমতা লাভ করিতে সমর্থ হয়। ২

পিতা তাহাকে এই কথা বলিয়াছিলেন; সেই কথাটী কি? [না, সেই কথাটী হইতেছে—] 'বি'; এই 'বি' পদের অর্থ যে কি, তাহা বলা হইতেছে—অন্নই 'বি'; কেননা, চরাচরাত্মক সমস্ত ভূতই এই অন্নে বিষ্ট—আশ্রিত রহিয়াছে; এই জন্য অন্নকে 'বি' বলা হইতেছে। ইহার পর পিতা আবার বলিলেন, 'রম্' ইতি; সেই 'রম্' অর্থ কি?—প্রাণই 'রম্'; কেন? তাহা বলিতেছেন—যেহেতু বলের আশ্রয়ভূত প্রাণে সমস্ত ভূতবর্গ রমণ করে; এই জন্য প্রাণ হইতেছে 'রম্'। যেহেতু অন্ন সমস্ত ভূতের আশ্রয়ভূত এবং প্রাণ সর্ব্বভূতের রতি বা আনন্দদায়কগুণযুক্ত; [সেই হেতুই প্রাণ 'রম্';] কেননা, কেহই দেহবিযুক্ত নিরাশ্রয়ভাবে রতি অনুভব করিতে সমর্থ হয় না; অথবা আশ্রয়ভূত দেহসত্ত্বেও প্রাণ না থাকিলে দুর্ব্বল অবস্থায় রতি অনুভব করিতে পারে না; লোক যখনই দেহ ও প্রাণের সংযোগে সবল হয়, তখনই আপনাকে কৃতার্থ মনে করিয়া আনন্দ অনুভব করিতে থাকে; কারণ, শ্রুতিও বলিয়াছেন—'সৎস্বভাবাপন্ন প্রথমবয়স্ক যুবা হইবে এবং বেদাধ্যায়ী হইবে' ইত্যাদি। অতঃপর, যথোক্ত বিজ্ঞানের ফল বলা হইতেছে—যিনি এইরূপ জানেন, অন্নগুণ-জ্ঞানের দরুণ সমস্ত ভূত তাহাতে প্রবেশ করে, এবং প্রাণ-বিজ্ঞানের দরুণ সমস্ত ভূত ইহাতে রমণ করে॥ ৩৫১ ॥ ১॥

ইতি পঞ্চমাধ্যায়ে দ্বাদশ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ॥ ৫ ॥ ১২॥

উক্থম্, প্রাণো বা উক্থম্, প্রাণো হীদꣳসর্ব্বমুত্থাপয়-ত্যুদ্ধাস্মাদুক্থবিদ্‌বীরস্তিষ্ঠত্যুক্থস্য সাযুজ্যꣳ সলোকতাং জয়তি য এবং বেদ॥ ৩৫২ ॥ ১॥

অন্বয়ার্থঃ। 'উক্থম্' (ইদানীমপরম্ 'উক্থোপাসনম্' উচ্যতে)—প্রাণঃ বৈ উক্থম্; হি (যস্মাৎ প্রাণঃ ইদং সর্ব্বং জগৎ), উত্থাপয়তি, [জগদুত্থাপনাৎ প্রাণস্য উক্থত্বমিতি ভাবঃ]। যঃ এবং বেদ; অস্মাৎ (এবংবিধজ্ঞানসম্পন্নাৎ) হ (নিশ্চয়ে) উক্থবিদ্ বীরঃ [চ পুত্রঃ]

তিষ্ঠতি (উৎপদ্যতে); [স্বয়ং চ] উক্থস্য সাযুজ্যং সলোকতাং (সমানলোকবর্ত্তিত্বং চ) জয়তি (অধিকরোতি) ॥ ৩৫২ ॥ ১ ॥

মূলানুবাদ। অতঃপর উক্থ-রূপে আর একটী উপাসনা কথিত হইতেছে— প্রাণ হইতেছে উক্থ; কারণ, প্রাণই এই সমস্ত জগৎ উত্থাপিত করে। যে লোক এই প্রকার জ্ঞান লাভ করে, সেই লোকের উক্থবিদ্ বীর পুত্র উৎপন্ন হয়; এবং সে নিজেও উক্থের সাযুজ্য ও সালোক্য লাভ করে॥ ৩৫২ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্। উক্থম্—তথা উপাসনান্তরম্; উক্থং শস্ত্রম্; তদ্ধি প্রধানং মহাব্রতে ক্রতৌ। কিং পুনস্তদুক্থম্? প্রাণো বৈ উক্থম্; প্রাণশ্চ প্রধান ইন্দ্রিয়াণাম্, উক্থঞ্চ শস্ত্রাণাম্; অত উক্থমিত্যুপাসীত। কথং প্রাণ উক্থম্? ইত্যাহ—প্রাণঃ হি যস্মাৎ ইদং সর্ব্বম্ উত্থাপয়তি; উত্থাপনাদুক্থং প্রাণঃ; ন হি অপ্রাণঃ কশ্চিদুত্তিষ্ঠতি। তদুপাসনফলমাহ—উৎ হ অস্মাৎ এবংবিদঃ উক্থবিৎ প্রাণবিদ্ বীরঃ পুত্র উত্তিষ্ঠতি হ। দৃষ্টমেতৎ ফলম্; অদৃষ্টন্তু, উক্থস্য সাযুজ্যং সলোকতাং জয়তি, য এবং বেদ ॥ ৩৫২ ॥ ১ ॥

টীকা। অন্নপ্রাণয়োঃ শব্দবিশিষ্টয়োর্মিলিতয়োরুপাসনমুক্তমিদানীং ব্রাহ্মণান্তরমাদায় তাৎপর্য্যমাহ—উক্থমিতি। সত্ত শাস্ত্রান্তরেষু কিমিত্যুক্থমুপাস্তমেবোপদশ্যতে? তত্রাহ—তদ্ধীতি। কস্মিন্ কিমারোপ্য কস্যোপাস্তমিতি প্রশ্নধারা বিবৃণোতি—কিং পুনরিতি। তস্মিন্ তদৃষ্টৌ হেতুমাহ—প্রাণশ্চেতি। তস্মিন্ কৃৎস্নস্য সমবেতার্থত্বং প্রশ্নপূর্ব্বকমাহ—কথমিত্যাদিনা। উত্থানস্য যতোঽপি সংভবায় প্রাণকৃতত্বমিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। উক্তস্য প্রাণস্যৈতদ্বিজ্ঞানতারতম্যমপেক্ষ্য সাযুজ্যং সালোক্যং চ ব্যাখ্যেয়ম্। ৩৫২।১ ॥

ভাষ্যানুবাদ। 'উক্থ'—পূর্ব্বের ন্যায় ইহাও একটী উপাসনা। উক্থ অর্থ সামবেদোক্ত শস্ত্রবিশেষ অর্থাৎ একপ্রকার গাথা বা স্তোত্র। মহাব্রতনামক ক্রতুতে এই উক্থই প্রধান অঙ্গ। এখানে সেই উক্থ কি? প্রাণই উক্থ; কেননা, প্রাণই ইন্দ্রিয়বর্গের মধ্যে প্রধান; এবং উক্থও সমস্ত 'শস্ত্রের' মধ্যে শ্রেষ্ঠ; অতএব প্রাণকে উক্থ বলিয়া উপাসনা করিবে। প্রাণ যে, কি কারণে উক্থ, তাঁহা বলা হইতেছে,—যেহেতু প্রাণই সমস্ত বস্তুকে উত্থাপিত করে, সেই হেতু—উত্থাপন করে বলিয়াই প্রাণ উক্থ-পদবাচ্য; কেননা, প্রাণহীন কেহই উত্থিত হয় না। এই উপাসনার

ফল বলিতেছেন—যিনি এইরূপ জানেন, সেই বিদ্বান্ পুরুষ হইতে উক্থবিৎ অর্থাৎ প্রাণবিৎ ও বীর পুত্র উত্থিত হয় (জন্ম লাভ করে); ইহা হইতেছে উপাসনার দৃষ্ট ফল অর্থাৎ উক্থ-বিদ্যার ঐহিক ফল; কিন্তু অদৃষ্ট বা পারলৌকিক ফল হইতেছে—তিনি উক্থের সালোক্য ও সাযুজ্য লাভ করেন ॥ ৩৫২ ॥ ১ ॥

যজুঃ, প্রাণো বৈ যজুঃ, প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতানি যুজ্যন্তে, যুজ্যন্তে হাস্মৈ সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায়, যজুষঃ সাযুজ্যং সলোকতাং জয়তি, য এবং বেদ ॥ ৩৫৩ ॥ ২ ॥

অন্বয়ার্থঃ। অতঃপরং যজুরূপেণ উপাসনান্তরমুচ্যতে—"যজুঃ" ইত্যাদিনা। প্রাণঃ বৈ (এব) যজুঃ; হি (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি (প্রাণিনঃ) প্রাণে যুজ্যন্তে (সংবধ্যন্তে)। যঃ এবং বেদ, অস্মৈ (বিদুষে) ইমানি সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় (এবংবিদঃ শ্রেষ্ঠত্ব-সাধনায়) যুজ্যন্তে (উদ্যমং কুর্ব্বন্তি); [স চ] যজুষঃ সাযুজ্যং সলোকতাং জয়তি ॥ ৩৫৩ ॥ ২ ॥

মূলানুবাদ। অতঃপর যজুঃস্বরূপে প্রাণোপাসনা কথিত হইতেছে। প্রাণই যজুঃ; কারণ, এই সমস্ত ভূতই প্রাণের সহিত সংযুক্ত থাকে; যে লোক এই বিদ্যা জানে, তাহার শ্রেষ্ঠতা সাধনার্থ দৃশ্যমান সমস্ত ভূতই উদ্যম করিয়া থাকে, এবং তিনি নিজেও যজুর সাযুজ্য ও সালোক্য প্রাপ্ত হইয়া থাকেন ॥৩৫৩॥২॥

শাঙ্করভাষ্যম্। যজুরিতি চোপাসীত প্রাণম্; প্রাণো বৈ যজুঃ। কথং যজুঃ প্রাণঃ? প্রাণে হি যস্মাৎ সর্ব্বাণি ভূতানি যুজ্যন্তে; ন হসতি প্রাণে কেনচিৎ কস্যচিদ্যোগসামর্থ্যম্; অতো যুনক্তীতি প্রাণো যজুঃ। এবংবিদঃ ফলমাহ, যুজ্যন্তে উদ্যচ্ছন্ত ইত্যর্থঃ। হ অস্মৈ এবংবিদে, সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যং শ্রেষ্ঠভাবঃ, তস্মৈ শ্রৈষ্ঠ্যায়, অয়ং নঃ শ্রেষ্ঠো ভবেদিতি। যজুষঃ প্রাণস্য সাযুজ্যমিত্যাদি সর্ব্বং সমানম্ ॥ ৩৫৩ ॥ ২ ॥

টীকা। যজুঃশব্দস্য রূঢ়্যাদযুক্তং প্রাণবিষয়ত্বমিতি শঙ্কিত্বা পরিহরতি—কথমিত্যাদিনা। অসত্যপি প্রাণে যোগঃ সংভবতীত্যাশঙ্ক্যাহ—ন হীতি। প্রকরণানুগৃহীতপ্রাণশব্দস্য যজুঃশব্দস্য রূঢিং ত্যক্ত্বা যোগোঽঙ্গীক্রিয়ত ইত্যাহ—অত ইতি ॥৩৫৩॥ ২ ॥

ভাষ্যানুবাদ। যজুঃস্বরূপ প্রাণের উপাসনা করিবে। প্রাণই যজুঃ; প্রাণ যজুঃস্বরূপ কেন? যেহেতু এই সমস্ত ভূতই এই প্রাণে সংযুক্ত থাকে; কেননা, প্রাণ না থাকিলে কেহ কোন প্রকারে যোগ লাভ করিতে সমর্থ হয় না; অতএব যোগসাধন করে বলিয়াই প্রাণ যজুঃস্বরূপ। এবংবিধ জ্ঞানীর ফল বলিতেছেন—[যে যে ক এইরূপ উপাসনা করে], তাহার শ্রৈষ্ঠ্যের (শ্রেষ্ঠতার) জন্য, সমস্ত ভূত উদ্যম করিয়া থাকে। 'যজুঃস্বরূপ প্রাণের' ইত্যাদি কথার অর্থ পূর্ব্বশ্রুতির অর্থের অনুরূপ ॥ ৩৫৩॥২॥

সাম, প্রাণো বৈ সাম, প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতানি সম্যঞ্চি, সম্যঞ্চি হাস্মৈ সর্ব্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় কল্পন্তে সাম্নঃ সাযুজ্যংসলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৩৫৪ ॥ ৩ ॥

অন্বয়ার্থঃ। ইদানীং সামবিষয়কমুপাসনমুচ্যতে সামেত্যাদিনা। প্রাণঃ বৈ (এব) সাম; হি (যতঃ) ইমানি সর্ব্বাণি ভূতানি প্রাণে সম্যঞ্চি (সংগতানি ভবন্তি), যঃ এবং বেদ, অস্মৈ (বিদুষে) শ্রৈষ্ঠ্যায় (শ্রেষ্ঠত্বায়) সর্ব্বাণি ভূতানি সম্যঞ্চি (সংগতানি ভবন্তি); [স্বয়ংচ] সাম্নঃ সাযুজ্যং সলোকতাং চ জয়তি ॥ ৩৫৪॥৩ ॥

মূলানুবাদ। এখানে সামবিষয়ক উপাসনা কথিত হইতেছে—প্রাণই সামস্বরূপ; কারণ, এই সমস্ত ভূতই সামে সঙ্গত আছে। যে কোন লোক এইরূপে ইহা জানে, সমস্ত ভূত তাহার শ্রেষ্ঠতা-সাধনের জন্য উদ্যোগী হয়; এবং সে নিজেও সামের সাযুজ্য ও সলোকতা লাভ করেন ॥ ৩৫৪॥৩॥

শাঙ্করভাষ্যম্। সামেতি চোপাসীত প্রাণম্। প্রাণো বৈ সাম; কথং প্রাণঃ সাম। প্রাণে হি যস্মাৎ সর্ব্বাণি ভূতানি সম্যঞ্চি সঙ্গচ্ছন্তে, সঙ্গমনাৎ সাম্যাপত্তিহেতুত্বাৎ সাম প্রাণঃ। সম্যঞ্চি সঙ্গচ্ছন্তে হ অস্মৈ সর্ব্বাণি ভূতানি। ন কেবলং সঙ্গচ্ছন্ত এব, শ্রেষ্ঠভাবায় চাস্মৈ কল্পন্তে সমর্থ্যন্তে, সাম্নঃ সাযুজ্যমিত্যাদি পূর্ব্ববৎ ॥ ৩৫৪ ॥ ৩ ॥

টীকা। সংগমনাদিত্যেতদেব ব্যাচষ্টে—সাম্যোপত্তি ॥ ৩৫৪ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ। প্রাণকে সাম বলিয়া উপাসনা করিবে। প্রাণই সাম; প্রাণ সামস্বরূপ কিপ্রকারে? না, যেহেতু সমস্ত ভূতই প্রাণেতে সম্যক্ অনুগত থাকে; সেই হেতু—সাম্যপ্রাপ্তির হেতু বলিয়া প্রাণই সামস্বরূপ। যে ব্যক্তি এইরূপে উপাসনা করে, সমস্ত ভূত তাহার জন্ত সম্মিলিত হয়; কেবল যে, সম্মিলিতই হয়, তাহা নহে, পরন্ত তাহার শ্রেষ্ঠতা-সম্পাদনের নিমিত্ত সমর্থসত্বও প্রাপ্ত হয়, এবং সে ব্যক্তি সামের সাযুজ্য ও সলোকতা অধিকার করে ॥৩৫৪॥৩

ক্ষত্রম্, প্রাণো বৈ ক্ষত্রম্, প্রাণো হি বৈ ক্ষত্রম্, ত্রায়তে হৈনং প্রাণঃ ক্ষণিতোঃ, প্র ক্ষত্রমত্রমাপ্নোতি, ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৩৫৫ ॥ ৪ ॥

ইতি ত্রয়োদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৩ ॥

সরলার্থঃ। অথ ক্ষত্রবিষয়কমুপাসনমুচ্যতে ক্ষত্রমিত্যাদিনা। প্রাণঃ বৈ ক্ষত্রম্; হি (যস্মাৎ) প্রাণঃ ক্ষত্রং বৈ (প্রসিদ্ধম্), [তস্মাৎ] প্রাণঃ হ এনং (দেহং) ক্ষণিতোঃ (হিংসনাৎ) ত্রায়তে (রক্ষতি)। যঃ এবং বেদ, [সঃ] অত্রং (অন্যেন ন ত্রায়তে ইতি অত্রম্, তাদৃশং) ক্ষত্রং প্রাণং প্রাপ্নোতি, ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং চ জয়তি ॥ ৩৫৫ ॥ ৪ ॥

মূলানুবাদ। এখন ক্ষত্রবিষয়ক অন্যরকম উপাসনা বর্ণিত হইতেছে—প্রাণই ক্ষত্র; প্রাণ হইতেছে ক্ষত্র—যেহেতু হিংসা হইতে সে এই দেহকে রক্ষা করে, সেই হেতু প্রাণের ক্ষত্রত্ব সুপ্রসিদ্ধ; যে ব্যক্তি প্রাণের ক্ষত্রত্ব জানে, প্রাণসমূহ তাহাকে ক্ষয় বা হিংসা হইতে রক্ষা করিয়া থাকে; এবং সে নিজেও অনন্যরক্ষিত ক্ষত্র প্রাণকে প্রাপ্ত হইয়া থাকে; অধিকন্তু ক্ষত্র প্রাণের সাযুজ্য ও সলোকতা লাভ করে ॥৩৫৫॥৪॥

ইতি পঞ্চমাধ্যায়ে ত্রয়োদশ ব্রাহ্মণ ব্যাখ্যা ॥ ৫ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্। তৎ প্রাণং ক্ষত্রমিত্যুপাসীত, প্রাণো বৈ ক্ষত্রম্; প্রসিদ্ধমেতৎ প্রাণো হি বৈ ক্ষত্রম্। কথং প্রসিদ্ধতেত্যাহ—ত্রায়তে পালয়ত্যেনং পিণ্ডং দেহং প্রাণঃ, ক্ষণিতোঃ শস্ত্রাদি-হিংসিতাৎ পুনর্মাংসেনা-

পূরয়তি যস্মাৎ, তস্মাৎ ক্ষতত্রাণাৎ প্রসিদ্ধং ক্ষত্রত্বং প্রাণস্য। বিদ্বৎফলমাহ— প্রাং ক্ষত্রমত্রম্, ন ত্রায়তেঽন্যেন কেনচিদিত্যত্রম্, ক্ষত্রং প্রাণঃ, তমত্রং ক্ষত্রং প্রাণং প্রাপ্নোতীত্যর্থঃ। শাখান্তরে বাপাঠাৎ ক্ষত্রমাত্রং প্রাপ্নোতি প্রাণো ভবতীত্যর্থঃ। ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৩৫৫ ॥ ৪ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য ত্রয়োদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৩ ॥

টীকা। শাখান্তরশব্দেন মাধ্যন্দিনশাখোচ্যতে ॥ ৩৫৫।৪ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য ত্রয়োদশং ব্রাহ্মণম্ ॥ ৫।১৩ ॥

ভাষ্যানুবাদ। সেই প্রাণকে ক্ষত্র বলিয়া উপাসনা করিবে। প্রাণই ক্ষত্র; প্রাণ যে, ক্ষত্র, ইহা প্রসিদ্ধও বটে। কি রকমে প্রসিদ্ধ, তাহা কথিত হইতেছে—যেহেতু প্রাণ এই দেহ-পিণ্ডকে শস্ত্রাদিজনিত ক্ষয় হইতে ত্রাণ করে—রক্ষা করে অর্থাৎ মাংস দ্বারা পুনর্ব্বার ক্ষতস্থান পূরণ করে, সেই হেতু—ক্ষত-ত্রাণ হেতু প্রাণের ক্ষত্রত্ব প্রসিদ্ধ। বিস্তার ফল বলিতেছেন—যাহা আত্মরক্ষার জন্য অন্য কাহারো অপেক্ষা করে না, তাহার নাম—অত্র; উক্ত ক্ষত্র প্রাণই অত্র; বিদ্বান্ পুরুষ সেই অত্র ক্ষত্র প্রাণকে প্রাপ্ত হয়। অন্য শাখায় এখানে 'বা' শব্দ থাকায় বুঝিতে হইবে যে, সে কেবলই ক্ষত্রস্বরূপ—প্রাণস্বরূপ প্রাপ্ত হয়। যে লোক এইরূপ উপাসনা করে, সে লোক ক্ষত্রের সাযুজ্য ও সমান লোক লাভ করিয়া থাকে ॥৩৫৫॥৪॥

ইতি পঞ্চমাধ্যায়ে ত্রয়োদশ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥১৩ ॥

ভূমিরন্তরিক্ষং দ্যৌরিত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ, স যাবদেষু ত্রিষু তাবদ্ধ জয়তি যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৬ ॥ ১ ॥

অন্বয়ার্থঃ। ইদানীং গায়ত্রীচ্ছন্দোদ্বারেণ প্রাণোপাসনমুচ্যতে— "ভূমিঃ" ইত্যাদিনা। ভূমিঃ (পৃথিবী), অন্তরিক্ষং (আকাশং), দ্যৌঃ (দ্যুলোকঃ স্বর্গঃ) ইতি (এতানি) অষ্টৌ অক্ষরাণি; (দ্যৌঃ ইত্যত্র য-কার-ব-কারয়োর্ব্বিশ্লেষণাৎ অষ্টত্বম্ মন্তব্যম্, অন্যথা সপ্তত্বং স্যাৎ), গায়ত্র্যৈ (গায়ত্র্যাঃ) একং পদং (প্রথমঃ পাদঃ) অষ্টাক্ষরম্ চ, হবৈ (ইতি প্রসিদ্ধিদ্যোতকৌ), অস্য এতৎ (অক্ষরাষ্টকং) (গায়ত্র্যাঃ) এতৎ (প্রথমং

পদং) তু হ এব (নিশ্চয়ে)। সঃ (উপাসকঃ) এষু ত্রিষু লোকেষু যাবৎ, তাবৎ হ জয়তি; [কঃ ?] যঃ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (পদং) এবং (যথোক্তন রূপেণ) বেদ (জানাতি, সঃ) ॥ ৩৫৬ ॥ ১ ॥

মূলানুবাদ। প্রকারান্তরে উপাসনা কথিত হইতেছে—ভূমি, অন্তরিক্ষ ও দ্যৌ [দ ও য], এই তিনটী শব্দে আটটী অক্ষর আছে; আট অক্ষরে গায়ত্রীর একটী পদ বা চরণ হয়; উক্ত আটটী অক্ষরই গায়ত্রীর সেই পদ বলিয়া প্রসিদ্ধ। (১) যিনি এই গায়ত্রীর এই পদটী জানেন, তিনি ত্রিলোকের মধ্যে যাহা কিছু আছে, সে সমস্তই জয় করেন ॥ ৩৫৬ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্। ব্রহ্মণো হৃদয়াত্মনেকোপাধিবিশিষ্টস্যোপাসনমুক্তম্; অথেদানীং গায়ত্র্যুপাধিবিশিষ্টস্যোপাসনং বক্তব্যমিত্যারভ্যতে।১

সর্ব্বচ্ছন্দসাং হি গায়ত্রী চ্ছন্দঃ প্রধানভূতম্; তৎপ্রয়োক্তৃগয়-ত্রাণাৎ গায়ত্রীতি বক্ষ্যতি। ন চান্যেষাং ছন্দসাং প্রযোক্তৃ-প্রাণত্রাণসামর্থ্যম্; প্রাণাত্মভূতা চ সা; সর্ব্বচ্ছন্দসাঞ্চাত্মা প্রাণঃ। প্রাণশ্চ ক্ষতত্রাণাৎ ক্ষত্রমিত্যুক্তম্; প্রাণশ্চ গায়ত্রী; তস্মাত্তদুপাসনমেব বিধিৎস্যতে; দ্বিজোত্তমজন্মহেতুত্বাচ্চ—"গায়ত্র্যা ব্রাহ্মণমসৃজত, ত্রিষ্টুভা রাজন্যং, জগত্যা বৈশ্যম্"ইতি দ্বিজোত্তমস্য দ্বিতীয়ং জন্ম গায়ত্রীনিমিত্তম্; তস্মাৎপ্রধানা গায়ত্রী; "ব্রাহ্মণা ব্যুত্থায়, ব্রাহ্মণা অভিবদন্তি, স ব্রাহ্মণো বিপাপো বিজরোঽবিচিকিৎসো ব্রাহ্মণো ভবতি" ইত্যুত্তমপুরুষার্থসম্বন্ধং ব্রাহ্মণস্য দর্শয়তি। তচ্চ ব্রাহ্মণত্বং গায়ত্রীজন্মমূলম্, অতো বক্তব্যং গায়ত্র্যাঃ সতত্ত্বম্।২

গায়ত্র্যা হি যঃ সৃষ্টো দ্বিজোত্তমো নিরঙ্কুশ এবোত্তমপুরুষার্থসাধনেঽধিক্রিয়তে; অতস্তন্মূলঃ পরমপুরুষার্থসম্বন্ধঃ। তস্মাত্তদুপাসনবিধানায়াহ— ভূমিরন্তরিক্ষং দ্যৌঃ ইত্যেতান্যষ্টাবক্ষরাণি; অষ্টাক্ষরম্ অষ্টাবক্ষরাণি যস্য, তদিদমষ্টাক্ষরম্; হ বৈ প্রসিদ্ধাবদ্যোতকৌ। একং প্রথমম্, গায়ত্রৈ্য গায়ত্র্যাঃ, পদম্; যকারেণৈবাষ্টত্বপূরণম্। এতদু হ এব এতদেবাস্যা গায়ত্র্যাঃ পদং পাদঃ প্রথমঃ ভূম্যাদিলক্ষণস্ত্রৈলোক্যাত্মা, অষ্টাক্ষরত্বসামান্যাৎ; এবমেতৎ ত্রৈলোক্যাত্মকং গায়ত্র্যাঃ প্রথমং পদং যো বেদ, তস্যৈতৎ ফলম্—বিদ্বান্ যাবৎ কিঞ্চিৎ এষু ত্রিষু লোকেষু জেতব্যম্, তাবৎ সর্ব্বং হ জয়তি, যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৬ ॥ ১ ॥

টীকা। বৃত্তমনূদ্য গায়ত্রীব্রাহ্মণস্য তাৎপর্য্যমাহ—ব্রহ্মণ ইত্যাদিনা। ছন্দোঽন্তরেষ্বপি বিদ্যমানেষু কিমিতি গায়ত্র্যুপাধিকমেব ব্রহ্মোপাস্যমিষ্যতে? তত্রাহ—সর্ব্বচ্ছন্দসামিতি। তৎপ্রাধান্যে হেতুমাহ—তৎপ্রয়োক্তৄনিতি। তুল্যং প্রয়োক্তৃপ্রাণত্রাণসামর্থ্যং ছন্দোঽন্তরাণামপীতি চেন্নেত্যাহ—ন চেতি। প্রমাণাভাবাদিতি ভাবঃ। কিঞ্চ প্রাণাত্মভাবো গায়ত্র্যা বিবক্ষ্যতে, প্রাণশ্চ সর্ব্বেষাং ছন্দসাং নির্ব্বর্ত্তকত্বাদাত্মা, তথা চ সর্ব্বচ্ছন্দোব্যাপকগায়ত্র্যুপাধিকব্রহ্মোপাসনমেবাত্র বিবক্ষিতমিত্যাহ—প্রাণাত্মেতি। তদাত্মভূতা গায়ত্রীত্যুক্তং ব্যক্তীকরোতি—প্রাণশ্চেতি। তৎপ্রয়োক্তৄন্ গায়ত্রাণাদ্ধি গায়ত্রী। প্রাণশ্চ বাগাদীনাং ত্রাতা। ততশ্চৈকলক্ষণত্বাত্তয়োস্তাদাত্ম্যমিত্যর্থঃ। প্রাণগায়ত্র্যোস্তাদাত্ম্যে ফলিতমাহ—তস্মাদিতি। গায়ত্রীপ্রাধান্যে হেত্বন্তরমাহ—দ্বিজোত্তমেতি তদেব স্ফুটয়তি—গায়ত্র্যেতি। তৎপ্রাধান্যে হেত্বন্তরমাহ—ব্রাহ্মণা ইতি। কথমেতাবতা গায়ত্রীপ্রাধান্যং? তত্রাহ—তত্রেতি। অতো বক্ষ্যমিত্যত্রাতঃশব্দার্থমাহ—গায়ত্র্যা হীতি। অধিকারিবিষয়ত্বং কার্য্যমাহ—অত ইতি। তচ্ছন্দো গায়ত্রীবিষয়ঃ। গায়ত্রীবৈশিষ্ট্যং পরামৃশ্য ফলিতমুপসংহরতি—তস্মাদিতি। গায়ত্রীপ্রথমপাদস্য সপ্তাক্ষরত্বং প্রতীয়তে ন ষষ্টাক্ষরত্বমিত্যাশঙ্ক্যাহ—যকারেণেতি। গায়ত্রীপ্রথমপাদস্য ত্রৈলোক্যনাম্নশ্চ সংখ্যাসামান্যপ্রযুক্তং কার্য্যমাহ—এতদিতি। গায়ত্রীপ্রথমপাদে ত্রৈলোক্যদৃষ্ট্যারোপস্য প্রয়োজনং দর্শয়তি—এবমিতি। প্রথমপাদজ্ঞানে বিরাড়াত্মকত্বং ফলতীত্যর্থঃ ॥ ৩।৬।১ ॥

ভাষ্যানুবাদ। ইতঃপূর্ব্বে হৃদয়প্রভৃতি নানাবিধ উপাধি-সহযোগে ব্রহ্মের উপাসনা অভিহিত হইয়াছে; অতঃপর এখন গায়ত্রীরূপ উপাধিবিশিষ্ট ব্রহ্মের উপাসনা বলিতে হইবে; এইজন্য পরবর্ত্তী প্রকরণ আরব্ধ হইতেছে।১

যতরকম ছন্দ আছে, তন্মধ্যে গায়ত্রী ছন্দই সর্ব্বাপেক্ষা প্রধান; যাহারা উহার প্রয়োগ বা গান করে, তাহাদিগকে ত্রাণ করে বলিয়া ঐ ছন্দের নাম 'গায়ত্রী', একথা নিজেই পরে বলিবেন। অপরাপর ছন্দের যে, প্রয়োগকর্ত্তা প্রাণকে পরিত্রাণ করিবার ক্ষমতা আছে, তাহাও নহে। গায়ত্রী হইতেছে প্রাণের আত্মস্বরূপ; প্রাণ আবার সমস্ত ছন্দের আত্মা; এবং ক্ষতত্রাণ হেতু প্রাণের আত্মস্বরূপ, একথাও বলা হইয়াছে; সেই প্রাণই আবার গায়ত্রী; এইজন্য সেই প্রাণের উপাসনা বিধান করা অভিপ্রেত হইতেছে। বিশেষতঃ উত্তম দ্বিজসৃষ্টির হেতুভূত বলিয়াও গায়ত্রীর উপাসনা বিধান করা আবশ্যক হইতেছে; 'বিধাতা গায়ত্রী ছন্দোযোগে ব্রাহ্মণ সৃষ্টি করিয়াছেন, ত্রিষ্টুভ্ ছন্দে ক্ষত্রিয়, আর জগতীছন্দে বৈশ্য সৃষ্টি করিয়াছেন', এই শ্রুতি দৃষ্টে জানা যায় যে, গায়ত্রীছন্দটী দ্বিজোত্তম ব্রাহ্মণের দ্বিতীয় জন্মের হেতুভূত; এই কারণে

গায়ত্রী হইতেছে ছন্দঃসমূহের মধ্যে প্রধানভূতা। তাহার পর, 'ব্রাহ্মণগণ গায়ত্রী দ্বারা এষণাত্রয় হইতে ব্যুত্থিত হইয়া অভিবাদন করিয়া থাকেন; সেই ব্রাহ্মণই পাপবিনির্মুক্ত রজঃসম্পর্কশূন্য ও সন্দেহবর্জ্জিত ব্রাহ্মণ হন', এখানে আবার ব্রাহ্মণের পক্ষেই উত্তম পুরুষার্থ লাভের যোগ্যতা প্রদর্শিত হইতেছে; সেই ব্রাহ্মণত্বের মূল কারণ হইতেছে গায়ত্রীর জন্ম; এই কারণে গায়ত্রীর তত্ত্বনির্দ্দেশ করা আবশ্যক। ২

গায়ত্রী দ্বারা যে দ্বিজোত্তম ব্রাহ্মণ সৃষ্ট হন, তিনিই উত্তম পুরুষার্থ—মোক্ষসাধনে অব্যাহতভাবে অধিকার প্রাপ্ত হন; কাজেই গায়ত্রীকে পরম-পুরুষার্থ-সিদ্ধির মূল বলিতে হয়। এই কারণে সেই গায়ত্রীর উপাসনা বিধানার্থ বলিতেছেন 'ভূমি', 'অন্তরিক্ষ' ও 'দ্যৌ' [এই শব্দত্রয়ে] আটটী অক্ষর আছে; গায়ত্রীর একটী (প্রথম) পদও অষ্টাক্ষর অর্থাৎ আটটী অক্ষর যাহাতে আছে, এইরূপ অষ্টাক্ষরযুক্ত বলিয়া প্রসিদ্ধ। এখানে ['দ্যৌ' শব্দের] 'য' অক্ষরটী পৃথক্ করিয়া অষ্টাক্ষর পূরণ করিতে হয় (১)। ইহাই উক্ত গায়ত্রীর ভূমি, অন্তরিক্ষ ও দ্যৌঃ স্বরূপ ত্রৈলোক্যাত্মক প্রথম পদ (পাদ) অর্থাৎ চারিভাগের প্রথমভাগ; কেননা, আট অক্ষরে গায়ত্রীর একটী পাদ হয়, আর 'ভূমি অন্তরিক্ষ ও দ্যৌ' এই শব্দত্রয়েও আট অক্ষর রহিয়াছে; এই সাম্যনিবন্ধন এই অষ্টাক্ষরকে গায়ত্রীর প্রথম পাদ বলা হইয়াছে। যে ব্যক্তি গায়ত্রীর উক্ত প্রকারে ত্রৈলোক্যাত্মক প্রথম পাদ জানে, তাহার এই ফল হয়, —ভূমি, অন্তরিক্ষ ও দ্যুলোক—এই লোকত্রয়ে যাহা কিছু জেতব্য (অধিকার করিবার বিষয়) আছে; যিনি এইরূপে গায়ত্রীর প্রথম পাদ জানেন, তিনি সে সমস্ত বিষয় জয় করেন, অর্থাৎ ত্রিলোকে তাহার অনধিকৃত কোন বিষয় থাকে না॥ ৩৫৩॥ ১॥

ঋচো যজূꣳষি সামানীত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরꣳ হ বা একং

(১) তাৎপর্য্য—যদিও 'ভূমি অন্তরিক্ষ ও দ্যৌ' এই তিনটী শব্দে সাতটীর অধিক অক্ষর দেখা যায় না সত্য, তথাপি 'দ্যৌ' শব্দের দ ও য্ অক্ষর দুইটীকে পৃথক্ করিয়া গণনা করিলে নিশ্চয়ই আট সংখ্যা পূর্ণ হয়। এইরূপ অক্ষর বিশ্লেষণ করিয়া সংখ্যা পূরণ করিবার পদ্ধতি বেদে বহুস্থানে দৃষ্ট হয়; প্রসিদ্ধ বৈদিক গায়ত্রীর 'বরেণ্য' শব্দটীর 'ণ' ও 'য্' অক্ষর দুইটীকে পৃথক্‌ভাবে পাঠ করিয়া অষ্টম সংখ্যা পূরণের ব্যবস্থা রহিয়াছে।

গায়ত্র্যৈ পদমেতদ্ধু হৈবাস্যা এতৎ, স যাবতীয়ং ত্রয়ী বিদ্যা, তাবদ্ধ জয়তি যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৭ ॥ ২ ॥

অন্বয়ার্থঃ। 'ঋচঃ যজূংষি সামানি' ইতি অষ্টৌ অক্ষরাণি ; গায়ত্র্যৈ (গায়ত্র্যাঃ) একং পদং (চরণঃ) অষ্টাক্ষরং হ বৈ (অষ্টাক্ষরত্বেন প্রসিদ্ধম্) ; এতৎ (ঋগ্‌যজুঃসামলক্ষণম্ উ হ এব অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (দ্বিতীয়ং পদম্)। যঃ (জনঃ) অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ পদং এবং (যথোক্ত-প্রকারং) বেদ, সঃ (বিদ্বান্), ইয়ং ত্রয়ীবিদ্যা (বেদবিদ্যা) যাবতী (যাবৎপরিমাণা—যাবৎফলা), তাবৎ (তাবৎ ফলম্) জয়তি (লভতে) হ ॥ ৩৫৭ ॥ ২ ॥

মূলানুবাদ। 'ঋক্' 'যজূংষি' (যজুঃসমূহ) ও 'সামানি' (সামসমূহ) এই আটটী অক্ষর ; গায়ত্রীর একটী (দ্বিতীয়) পদও অষ্টযু অষ্টাক্ষর বলিয়া প্রসিদ্ধ ; উক্ত বেদত্রয়ের আটটী নামাক্ষরই গায়ত্রীর সেই দ্বিতীয় পাদ। যে লোক গায়ত্রীর এইরূপ পাদটী জানেন, তিনি বেদত্রয়ে যে সমস্ত ফল অভিহিত আছে, সে সমস্ত ফল প্রাপ্ত হন ॥ ৩৫৭ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্। তথা ঋচো যজূংষি সামানীতি। ত্রয়ীবিদ্যা-নামাক্ষরাণি এতান্যপ্যষ্টাবেব ; তথৈবাষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদং দ্বিতীয়ম্ ; এতদু হৈবাস্যা এতৎ ঋগ্‌যজুঃসামলক্ষণম্, অষ্টাক্ষরত্বসামান্যাদেব। স যাবতীয়ং ত্রয়ী বিদ্যা, ত্রয্যা বিদ্যয়া যাবৎ ফলজাতমাপ্যতে, তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদ্গায়ত্র্যাস্ত্রৈবিদ্যালক্ষণং পদং বেদ ॥ ৩৫৭ ॥ ২ ॥

টীকা। প্রথমে পাদে ত্রৈলোক্যদৃষ্টিবৎ দ্বিতীয়ে পাদে কর্তব্যা ত্রৈবিদ্যদৃষ্টিরিত্যাহ—তথেতি। দৃষ্টিবিধ্যুপযোগিত্বেন সংখ্যাসামান্যং কথয়তি—ঋচ ইতি। সংখ্যাসামান্য-ফলমাহ—এতদিতি। বিদ্যাফলং দর্শয়তি—স যাবতীতি ॥৩৫৭॥ ২ ॥

ভাষ্যানুবাদ। পূর্ব্বের ন্যায় ত্রয়ীবিদ্যার (বেদবিদ্যার) যে, 'ঋক্', 'যজূংষি' ও 'সামানি' এই নামাক্ষর, ইহাও আটটী ; 'গায়ত্রী' ছন্দের একটী পদও (দ্বিতীয় পদও) সেইরূপই অষ্টাক্ষর বলিয়া প্রসিদ্ধ ; এইরূপে অক্ষরগত অষ্টত্বনিবন্ধন ঋক্ যজুঃ সামই গায়ত্রীছন্দের দ্বিতীয় পাদ। এই ত্রয়ী বিদ্যা যে পরিমাণ অর্থাৎ ত্রয়ী বিদ্যা দ্বারা যে পরিমাণ ফল পাওয়া যায়,

সেই ব্যক্তি সেই সমস্ত ফল প্রাপ্ত হন, যিনি গায়ত্রীর উক্তপ্রকার বেদত্রয়-স্বরূপ গায়ত্রীর দ্বিতীয় পাদ অবগত হন ॥ ৩৫৭ ॥ ২ ॥

প্রাণোঽপানো ব্যান ইত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ স যাবদিদং প্রাণি তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদেবং পদং বেদাথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি, যদ্বৈ চতুর্থং তত্তুরীয়ং দর্শতং পদমিতি—দদৃশ ইব হ্যেষ পরোরজা ইতি সর্ব্বমু হ্যেবৈষ রজ উপর্য্যুপরি তপত্যেবং হৈব শ্রিয়া যশসা তপতি যোঽস্যা এতদেবং পদং বেদ ॥ ৩৫৮ ॥ ৩ ॥

সরলার্থঃ। তথা, 'প্রাণঃ অপানঃ ব্যানঃ' ইতি অষ্টৌ অক্ষরাণি; গায়ত্র্যৈ (গায়ত্র্যাঃ) একং পদং (তৃতীয়ং পদং) অষ্টাক্ষরং হবৈ (প্রসিদ্ধম্); এতৎ উ হ এব অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (তৃতীয়ং পদম্)। যঃ (জনঃ) অস্যাঃ এতৎ (তৃতীয়ং পদং) এবং (যথোক্তেন প্রকারেণ) বেদ, সঃ (বিদ্বান্) ইদং প্রাণি (প্রাণবদ্ বস্তু) যাবৎ (যাবৎপরিমাণং), তাবং হ (তাবদেব—সর্ব্বং প্রাণিজাতং) জয়তি।

অথ (অনন্তরম্) [চতুর্থং পদমুচ্যতে—] অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতদ্ তুরীয়ং (চতুর্থং) দর্শতং (দৃশ্যমানমিব) পদম্; [কিং তৎ?] যঃ এষঃ পরোরজাঃ (রজসঃ পরঃ রজঃসম্বন্ধশূন্যঃ সূর্য্যঃ) তপতি; যৎ বৈ চতুর্থং (পদং), তৎ তুরীয়ং দর্শতং পদম্—ইতি। [কুতঃ দর্শতম্?] হি (যতঃ) এষঃ (মণ্ডলমধ্যস্থঃ) দদৃশে ইব দৃশ্যতে ইব। [কুতশ্চ] পরোরজা ইতি? হি (যস্মাৎ) সর্ব্বম্ রজঃ (রজোগুণাত্মকং জগৎ) উপর্য্যুপরি (অধিপতি-রূপেণ) এষঃ তপতি, [অতঃ পরোরজাঃ]। যঃ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (তুরীয়ং) পদং এবং বেদ, (স বিদ্বান্) এবং হ (এবমেব) শ্রিয়া যশসা তপতি ॥ ৩৫৮ ॥ ৩ ॥

মূলানুবাদ। পূর্ব্বের ন্যায় প্রাণ, অপান ও ব্যান এই শব্দত্রয়ে আটটী অক্ষর আছে, গায়ত্রীর তৃতীয় পদেও আট অক্ষর আছে; এইরূপ সংখ্যা-সাম্যনিবন্ধন প্রাণাদি আট অক্ষরই গায়ত্রীর

তৃতীয় পাদস্বরূপ। যে লোক এইপ্রকার গায়ত্রীর তৃতীয় পাদ জানেন, তিনি জগতে যত প্রাণী আছে, সে সমুদয়কে জয় করেন।

অতঃপর গায়ত্রীর চতুর্থ পাদ কথিত হইতেছে—ইহাই গায়ত্রীর দর্শত ও পরোরজা চতুর্থ পাদ, এই যিনি তাপ দিতেছেন; যাহা চতুর্থ, তাহাই তুরীয় দর্শত; যেহেতু যেন দৃষ্টই হইতেছে, [বাস্তবিকপক্ষে কিন্তু মণ্ডলমধ্যবর্ত্তী পুরুষ দৃষ্ট হয় না; এই কারণে তাহা দর্শত]; এবং যেহেতু রজোগুণময় এই সমস্ত জগতের উপরে উপরে অর্থাৎ অধিপতিরূপে অবস্থান করেন, সেইহেতু তিনি পরোরজাঃ। যে লোক এই প্রকারে গায়ত্রীর চতুর্থ পাদ অবগত হন, তিনি শ্রী ও যশের দ্বারা সমস্ত জগৎকে তাপ দিয়া থাকেন ॥ ৩৫৮ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্। তথা প্রাণঃ অপানঃ ব্যানঃ, এতান্যপি প্রাণাদ্যভিধানাক্ষরাণ্যষ্টৌ, তচ্চ গায়ত্র্যাস্তৃতীয়ং পদম্; যাবদিদং প্রাণিজাতম্, তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদেবং গায়ত্র্যাস্তৃতীয়ং পদং বেদ। অথ অনন্তরং গায়ত্র্যাস্ত্রিপদায়াঃ শব্দাত্মিকায়াস্তুরীয়ং পদমুচ্যতে অভিধেয়ভূতম্—অথ অস্যাঃ প্রকৃতায়া গায়ত্র্যা এতদেব বক্ষ্যমাণং তুরীয়ং দর্শতং পদম্, পরোরজা য এব তপতি। ১

তুরীয়মিত্যাদিবাক্য-পদার্থং স্বয়মেব ব্যাচষ্টে শ্রুতিঃ—যদ্বৈ চতুর্থং প্রসিদ্ধং লোকে, তদিহ তুরীয়শব্দেনাভিধীয়তে। দর্শতং পদমিত্যস্য কোঽর্থ ইত্যুচ্যতে—দদৃশ ইব, দৃশ্যত ইব হি এষ মণ্ডলান্তর্গতঃ পুরুষঃ, অতো দর্শতং পদমুচ্যতে। পরোরজা ইত্যস্য পদস্য কোঽর্থ ইত্যুচ্যতে—সর্ব্বং সমস্তং উ হি এব এষ মণ্ডলস্থঃ পুরুষঃ রজঃ রজোজাতং সমস্তং লোকমিত্যর্থঃ; উপর্য্যুপরি আধিপত্যভাবেন সর্ব্বং লোকং রজোজাতং তপতি। উপর্য্যুপরীতি বীপ্সা সর্ব্বলোকাধিপত্যখ্যাপনার্থা। নন্বু সর্ব্বশব্দেনৈব সিদ্ধত্বাদ্বীপ্সানর্থিকা? নৈষ দোষঃ, যেষামুপরিষ্টাৎ সবিতা দৃশ্যতে, তদ্বিষয় এব সর্ব্বশব্দঃ স্যাদিত্যা-শঙ্কানিবৃত্ত্যর্থা বীপ্সা, "যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তেষাঞ্চেষ্টে দেবকামানাঞ্চ" ইতিশ্রুত্যনুরোধাৎ; তস্মাৎ সর্ব্বাবরোধার্থা বীপ্সা। যথাঽসৌ সবিতা সর্ব্বাধিপত্যলক্ষণয়া শ্রিয়া যশসা চ খ্যাত্যা তপতি, এবং হৈব শ্রিয়া যশসা চ তপতি, যোঽস্যা এতদেবং তুরীয়ং দর্শতং পদং বেদ ॥ ৩৫৮ ॥ ৩ ॥

টীকা। প্রথমদ্বিতীয়পাদযোগস্ত্রৈলোক্যত্রৈবিদ্যদৃষ্টিবৎতৃতীয়ে পাদে প্রাণাদিদৃষ্টিঃ তথেতি। ননু ত্রিপদা গায়ত্রী ব্যাখ্যাতা চেৎকিমুত্তরগ্রন্থেনেত্যাশঙ্ক্যাহ—অথেতি। শব্দাত্মকগায়ত্রীপ্রকরণবিচ্ছেদার্থোঽথশব্দঃ। যদ্বৈ চতুর্থমিত্যাদিগ্রন্থস্য পূর্ব্বেণ পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—তুরীয়মিতি। ইহেতি প্রকৃতবাক্যোক্তিঃ। যোগিভির্দৃশ্যত ইবেতি লক্ষ্যতে ন তু মুখ্যমীশ্বরস্য দৃশ্যত্বমতীন্দ্রিয়ত্বাদিত্যাহ—দৃশ্যত ইবেতি। 'লোকা রজাংস্যুচ্যন্তে' ইতি শ্রুত্যন্তরমাশ্রিত্যাহ—সমস্তমিতি। আধিপত্যভাবেনেতি কথং ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যাহ—উপর্য্যুপরীতীতি। বীপ্সামাক্ষিপতি—নন্বিতি। সর্ব্বং রজ উপরীত্যেতাবতৈব সর্ব্বাধিপত্যস্য সিদ্ধত্বাদ্ব্যর্থা বীপ্সেতি চোদ্যং দূষয়তি—নৈষ দোষ ইতি। যেষাং লোকানামিতি যাবৎ। মণ্ডলপুরুষস্য নিরঙ্কুশমাধিপত্যমিত্যত্র ছান্দোগ্যশ্রুতিমনুকূলয়তি—যে চেতি। বীপ্সার্থমুপসংহরতি—তস্মাদিতি। চতুর্থপাদজ্ঞানস্য ফলবত্ত্বং কথয়তি—যথেতি ॥ ৩৫৮ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ। পূর্ব্বের ন্যায় প্রাণাদির অভিধায়ক প্রাণ অপান ও ব্যান এই তিনটী নামেতেও আটটী অক্ষর আছে; সেই অক্ষরসংঘই গায়ত্রীর তৃতীয় পাদ। যিনি গায়ত্রীর এই তৃতীয় পাদকে এইরূপে জানেন, তিনি, জগতে যে সমস্ত প্রাণী আছে, সে সমুদয়কে জয় করেন। অতঃপর শব্দাত্মক ত্রিপদা গায়ত্রীর প্রতিপাদ্য চতুর্থ পাদ কথিত হইতেছে—এই যে প্রস্তাবিত, ইহাই—যাহার কথা পরে বলা হইতেছে, তাহাই তুরীয় (চতুর্থ) দর্শত পদ, এই যিনি পরোরজারূপে তাপ দিতেছেন।

এখন শ্রুতি নিজেই 'তুরীয়' ইত্যাদি বাক্যান্তর্গত পদগুলির অর্থ বর্ণনা করিতেছেন। এই আদিত্যমণ্ডলের মধ্যবর্ত্তী পুরুষ যেন দৃষ্টই হইতেছে, এই জন্য তাহাকে 'দর্শত' পদ বলা হইতেছে। 'পরোরজাঃ' এই পদটীর অর্থ কি, তাহা বলিতেছেন—যেহেতু এই মণ্ডলমধ্যস্থ পুরুষ রজঃ—রজোগুণজাত সমস্ত লোকের উপরে উপরে থাকিয়া অধিপতিরূপে তাপ দিয়া থাকেন; 'উপর্য্যুপরি' এইরূপে বীপ্সা বা দ্বিরুক্তির উদ্দেশ্য—সর্ব্বলোকের উপরে তাহার আধিপত্য বা প্রভুত্ব জ্ঞাপন করা। ভাল, 'সর্ব্ব' পদ থাকাতেই যখন বীপ্সার প্রয়োজন সিদ্ধ হইতেছে, তখন বীপ্সার আর প্রয়োজন কি? না, ইহা দোষাবহ হইতেছে না; কেননা, এরূপ আশঙ্কা হইতে পারিত যে, যাহাদের উপরিভাগে সূর্য্যদেব দৃষ্ট হইয়া থাকেন, 'সর্ব্ব' শব্দটী বোধ হয় কেবল সেই সমুদয় লোকেরই বোধক; সেই আশঙ্কা অপনয়নের নিমিত্ত এখানে বীপ্সার আবশ্যক রহিয়াছে; কারণ, অন্য শ্রুতি বলিয়াছেন যে, 'এই সূর্য্যমণ্ডলের উপরে যে সমুদয় লোক (ভোগস্থান) বিদ্যমান আছে, সেই সমুদয়

লোকের এবং দেবগণের কাম্য বিষয়সমূহেরও তিনি ঈশ্বর; অতএব বুঝিতে হইবে যে, নিখিল লোক বুঝাইবার নিমিত্ত এখানে বীপ্সা প্রযুক্ত হইয়াছে। এই সূর্য্যদেব যেরূপ সর্ব্বাধিপত্যরূপ শ্রী ও যশঃ—লোকপ্রতিষ্ঠা দ্বারা তাপ দিয়া থাকেন, যিনি গায়ত্রীর এই চতুর্থ দর্শত পদ অবগত হন, তিনিও সেইরূপ শ্রী ও যশঃ দ্বারা তাপ দিয়া থাকেন ॥৩৫৮॥৩॥

সৈষা গায়ত্র্যেতস্মিংস্তুরীয়ে দর্শতে পদে পরোরজসি প্রতিষ্ঠিতা, তদ্বৈ তৎ সত্যে প্রতিষ্ঠিতং, চক্ষুর্ব্বৈ সত্যম্ চক্ষুর্হি বৈ সত্যম্, তস্মাদ্যদিদানীং দ্বৌ বিবদমানাবেয়াতাম্—অহমদর্শমহমশ্রৌষমিতি, য এব ব্রূয়াদহমদর্শমিতি, তস্মা এব শ্রদ্দধ্যাম। তদ্বৈ তৎ সত্যং বলে প্রতিষ্ঠিতম্, প্রাণো বৈ বলম্, তৎ প্রাণে প্রতিষ্ঠিতম্, তস্মাদাহুর্ব্বলংসত্যাদোগীয় ইত্যেবম্ বেষা গায়ত্র্যধ্যাত্মং প্রতিষ্ঠিতা, সা হৈষা গয়াংস্তত্রে, প্রাণা বৈ গয়াস্তৎপ্রাণাংস্তত্রে, তদ্যদ্গয়াংস্তত্রে তস্মাদ্ গায়ত্রী নাম, স যামেবামূং সাবিত্রীমন্বাহৈষৈব সা, স যস্মা অন্বাহ তস্য প্রাণাংস্ত্রায়তে ॥ ৩৫৯ ॥ ৪ ॥

সরলার্থঃ। সা এষা (উক্তা ত্রিপদা) গায়ত্রী এতস্মিন্ (যথোক্তে) তুরীয়ে পরোরজসি দর্শতে পদে প্রতিষ্ঠিতা; তৎ (তুরীয়ং পদং) তৎ (তস্মিন্) সত্যে প্রতিষ্ঠিতম্; চক্ষুঃ বৈ (প্রসিদ্ধৌ) সত্যম্; হি (যস্মাৎ) চক্ষুঃ বৈ (এব) সত্যম্; তস্মাৎ হেতোঃ, ইদানীমপি যৎ (যদি) অহং অদর্শং (দৃষ্টবান্ অস্মি), অহং অশ্রৌষম্ (শ্রুতবানস্মি) ইতি বিবদমানৌ দ্বৌ এয়াতাং (আগচ্ছতঃ); [তত্র] যঃ এবং ব্রূয়াৎ—অহম্ অদর্শম্ ইতি, তস্মৈ (দর্শকায়) এব শ্রদ্দধ্যাম (শ্রদ্ধাং কুর্ম্ম, ন পুনঃ শ্রুতবতে)। তৎ সত্যং বলে প্রতিষ্ঠিতম্; প্রাণঃ বৈ বলম্, তৎ (সত্যং) প্রাণে প্রতিষ্ঠিতম্; তস্মাৎ হেতোঃ বলং সত্যাদ্ ওগীয়ঃ (ওজীয়ঃ বলবত্তরম্) ইতি আহুঃ (কথয়ন্তি) [ঋষয়ঃ]।

স্বাভাবিকা রশ্ময়ো ন বিগময়িতুং শক্যা ইত্যাশঙ্ক্যাহ—সমূহেতি। মদীয়তেজঃসংক্ষেপং বিনাপি তে মৎস্বরূপদর্শনং স্যাদিত্যাশঙ্ক্যাহ—তেজ ইতি। বিদ্যোতনং বিদ্যুৎপ্রকাশস্তদ্বিলসতি রূপাণাং স্বরূপমঞ্জসা চক্ষুষা ন শক্যং দ্রষ্টুং, তস্য চক্ষুর্মোষিত্ব-ত্বমেত্যাহ—বিদ্যোতন ইবেতি। তেজঃসংক্ষেপস্য প্রয়োজনমাহ—যদিতি। কিঞ্চ নাহং ত্বাং ভূত্যবদ্যাচে২ভেদেন—ধ্যাতত্বাদিত্যাহ—য়োঽসাবিতি। ব্যাহৃতিশরীরে কথমহমিতি প্রয়োগোপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—অহরিতি। তদেবেদমিত্যংশরূপমুচ্যতে। বায়ুগ্রহণস্যোপলক্ষণত্বং বিবক্ষিত্বাহ—তথেতি। দেহস্থদেবতানামপ্রতিবন্ধকত্বেঽপি দেহস্যৈব সূক্ষ্মতাং গতস্য প্রতিবন্ধকত্বায় তবায়ুতত্ত্বমিত্যাহশঙ্ক্যাহ—অথেতি। ৩—৪

মন্ত্রান্তরমবতার্য্য ব্যাকরোতি—অথেদানীমিত্যাদিনা। অবতীর্ণোঽমীয়ঃ সর্ব্বস্য রক্ষকত্বস্য জাঠরাগ্নিপ্রতীকত্বেন ধ্যাতত্বাদগ্নিশব্দেন নির্দ্দেশঃ। এবমগ্নিদেবতাং সংবোধ্য নিযুঙ্‌ক্তে—স্মরেতি। ইষ্টাং গতিং জিগমিষতা কিমিতি স্মরণে দেবতা নিযুজ্যতে, তত্রাহ—স্মরণেতি। প্রার্থনান্তরং সমুচ্চিনোতি—কিং চেতি। পাপবিয়োজনফলমাহ—

তেমেতি। ভবদ্ভিরারাধিতো ভবতাং যথোক্তং ফলং সাধয়িষ্যামীত্যাশঙ্ক্যাহ—কিংস্বিতি। বহুমত্বং ভক্তিশ্রদ্ধাতিরেকযুক্তত্বম্। বাগাদিনাপি পরিচরণং ক্রিয়তামিত্যাশঙ্ক্যাহ—অস্মাদন্তি। সংততনমস্কারোক্ত্যা পরিচরেমেতি পূর্ব্বেণ সংবন্ধঃ। অশক্তিশ্চ মুমূর্ষাবশাদিতি দ্রষ্টব্যম্। ইতিশব্দোঽধ্যায়সমাপ্ত্যর্থঃ ॥ ৩৬৩ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং পঞ্চমাধ্যায়স্য পঞ্চদশং ব্রাহ্মণম্ ॥ ৫ ॥ ১৫ ॥

ভাষ্যানুবাদ। যে লোক একযোগে জ্ঞান ও কর্ম্মের অনুশীলন করিয়া থাকে, সেই লোক আপনার অন্তিম সময়ে নিম্নলিখিত প্রকারে আদিত্যের নিকট প্রার্থনা করিয়া থাকেন। এখানে এই প্রকার প্রার্থনার প্রসঙ্গ বা সম্বন্ধও রহিয়াছে; কেন না, আদিত্য হইতেছেন গায়ত্রীর চতুর্থ পাদ, এবং তাহার উপস্থানই এখানে প্রস্তাবিত বিষয়; সুতরাং তাহার নিকট প্রার্থনা করা অবশ্যই সুসঙ্গত হইতেছে ।১।

হিরণ্ময় অর্থ—জ্যোতির্ম্ময়; জগতে প্রিয় বস্তু যেরূপ পাত্র বিশেষের দ্বারা আচ্ছাদিত (ঢাকা) থাকে, তদ্রূপ এই সত্যনামক ব্রহ্ম বস্তুও জ্যোতির্ম্ময় আদিত্যমণ্ডলের দ্বারা যেন আচ্ছাদিতই আছেন; কারণ, অসমাহিতচিত্ত লোকেরা তাহাকে দেখিতে পায় না; এখন সেই কথাই বলা হইতেছে—সত্যের মুখ অপিহিত অর্থ - সত্য ব্রহ্মের যথার্থ স্বরূপটী আবৃত; অপিধান পাত্র অর্থ—সেই পাত্রটী দর্শনের ব্যাঘাত জন্মায় বলিয়া অপিধানেরই মত। হে পূষন্, জগতের পোষণকরেন বলিয়া সবিতার (সূর্য্যের) নাম পূষা; হে পূষন্, তুমি সেই আবরণ অপাবৃত কর, অর্থাৎ ব্রহ্মদৃষ্টির প্রতিবন্ধ-কারণ অপনয়ন কর; [কেন না,] যে আমার সত্যই একমাত্র ধর্ম্ম, সেই সত্যধর্ম্মা আমি তোমারই আত্মভূত; সেই আমার দর্শনের জন্য, অর্থাৎ আমি যাহাতে সেই সত্যব্রহ্ম উপলব্ধি করিতে পারি, তাহার যোগ্যতা বিধান কর ।২

পরবর্ত্তী পূষন্ ইত্যাদি নামগুলি সূর্য্যের আমন্ত্রণসূচক। হে একর্ষে, এক—প্রধান—ঋষি=একর্ষি; দর্শন করেন বলিয়া ঋষি; কেন না, সূর্য্যদেব সর্ব্ব জগতের আত্মা ও চক্ষুস্বরূপ হইয়া সমস্ত দর্শন করিয়া থাকেন; অথবা 'সূর্য্য একাকী বিচরণ করেন' এই মন্ত্রবাক্য হইতে জানা যায় যে, তিনি একাকী বিচরণ করেন, এইজন্য ঋষিপদবাচ্য; হে যম, তোমা দ্বারাই সমস্ত জগতের সংযমন বা নিয়মিত ভাবে পরিচালন কার্য্য সম্পন্ন হয় বলিয়া তুমি যমপদবাচ্য; হে সূর্য্য, জগতের রস, রশ্মি ও প্রাণ বা বুদ্ধিবৃত্তি যথাযথ ভাবে প্রেরিত করেন বলিয়া [তিনি সূর্য্য পদবাচ্য]; হে প্রাজাপত্য, প্রজাপতি

ঈশ্বরের কিংবা হিরণ্যগর্ভের অপত্য (সন্তান), এইজন্য প্রাজাপত্য; হে প্রাজাপত্য; তুমি রশ্মিসমূহ অপসারণ কর; এবং আপনার তেজঃ সঙ্কিপ্ত কর—সংকোচিত কর, যাহাতে আমি তোমাকে দর্শন করিতে সমর্থ হই; কেন না, বিদ্যুৎসম্পাতে যেমন কোনও রূপ দর্শন করিতে পারা যায় না, তেমনি তোমার তেজেও দৃষ্টিশক্তি ব্যাহত হওয়ায় তোমার যথার্থ রূপটি যথাযথভাবে দর্শন করিতে পারি না; অতএব সেই তেজের সংকোচন কর; সমস্ত কল্যাণ অপেক্ষাও অতিশয় কল্যাণময় যে, তোমার রূপ, সেই কল্যাণতম রূপটী আমরা দর্শন করিব; [মূলে 'পশ্যামি' একবচন থাকিলেও] তাহা বহুবচন করিয়া লইতে হইবে।৩

ঐ যে, 'ভূ ভুবঃ ও স্বঃ' এই ব্যাহৃতির অবয়বযুক্ত পুরুষ—পুরুষের আকৃতি সম্পন্ন বলিয়া পুরুষ-শব্দবাচ্য; আমি হইতেছি তৎস্বরূপ; পূর্ব্বে আদিত্যপুরুষ ও চাক্ষুষ পুরুষের যথাক্রমে 'অহঃ' ও অহম্' উপনিষদ্ (রহস্য নাম) উক্ত হওয়ায় 'সোঽহমস্মি' বাক্যে তাহাদেরই পরামর্শ বা সম্বন্ধ বুঝিতে হইবে। শ্রুতির 'অমৃতম্' শব্দটারও 'সোঽহমস্মি' বাক্যের সহিত সম্বন্ধ বুঝিতে হইবে। অমৃত সত্যস্বরূপ আমার শরীরপাত ঘটিলে পর, আমার শরীরস্থ যে প্রাণবায়ু, সেই বায়ু অনিলে অর্থাৎ বাহ্য বায়ুতে ফিরিয়া যাউক; সেইরূপ এই দেহস্থ অন্যান্য দেবতাগণও নিজ নিজ প্রকৃতিকে প্রাপ্ত হউক; এবং এই শরীরও ভস্মরাশি হইয়া পৃথিবীতে মিলিয়া থাউক।৪

অতঃপর আপনার সংকল্প-বিষয়ীভূত অর্থাৎ চিন্তাপথগত ও মনোগত অগ্নিদেবতার নিকট প্রার্থনা করিতেছেন—ওঁম্ ক্রতো; 'ওঁম্' ও 'ক্রতো' এই দুইটী শব্দই মনের সম্বোধনার্থক; ওঁকার ইহার প্রতীক, এইজন্য ওঁম্, এবং মন সংকল্পপ্রধান বলিয়া ক্রতুপদবাচ্য। হে ওঁম্, হে ক্রতো, তুমি নিজের কর্ত্তব্য স্মরণ কর; কারণ, অন্তিম সময়ে তোমার স্মরণানুসারেই অভিলষিত গতি লাভ করা যাইবে; অতএব প্রার্থনা করা হইতেছে যে, আমি যাহা করিয়াছি, তাহা—আমার কৃতকর্ম্ম স্মরণ কর। 'ক্রতো স্মর, কৃতং স্মর' এই কথার পুনরুক্তি করিবার অভিপ্রায় এই যে, প্রার্থনায় আদরাতিশয় প্রদর্শন করা।৫

আরও এক কথা, হে অগ্নে, কর্ম্মফল প্রাপ্তির জন্য আমাদিগকে সুপথে—উত্তম পথে অর্থাৎ উত্তরায়ণে লইয়া যাও, কিন্তু মলিন দক্ষিণ পথে—যাহাতে গেলে পুনর্ব্বার সংসারে আসিতে হয়, সেই পথে নহে, পরন্তু শুক্ল উত্তরায়ণ

পথে [লইয়া যাও]। হে দেব, তুমি সকল লোকের সর্ব্বপ্রকার বুদ্ধিবৃত্তি অবগত আছ; তুমি আমাদের হইতে জুহুরাণ—কুটিলস্বভাব সমস্ত পাপ বিযোজিত—অপনীত কর। আমরা তোমার প্রসাদে সেই পাপ হইতে বিমুক্ত হইয়া উত্তর পথে যাইব; কিন্তু বর্ত্তমান সময়ে আমরা তোমার সেবা করিতে অসমর্থ; অতএব তোমার উদ্দেশ্যে কেবল ভূয়িষ্ঠ অর্থাৎ বহুলপরিমাণে কেবল নম উক্তি—বাচনিক নমস্কার মাত্র করিতেছি; অন্যপ্রকার পরিচর্য্যায় অসামর্থ্যবশতঃ কেবল নমস্কার বচন দ্বারা তোমার পরিচর্য্যা (আরাধনা) করিতেছি ॥৩৬৪॥১॥

ইতি পঞ্চমাধ্যায়ে পঞ্চদশ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৫॥১৫॥

ইতি বৃহদারণ্যকোপনিষদে পঞ্চম অধ্যায় ॥৫॥

ব্রাহ্মণক্রমে সপ্তম অধ্যায় সমাপ্ত ॥৭॥

ষষ্ঠোঽধ্যায়ঃ।

ওঁম্ যো হ বৈ জ্যেষ্ঠঞ্চ শ্রেষ্ঠঞ্চ বেদ, জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ স্বানাং ভবতি, প্রাণো বৈ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ, জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ স্বানাং ভবত্যপি চ যেষাং বুভূষতি য এবং বেদ ॥৩৭৫॥১॥

সরলার্থঃ। পূর্ব্বাধ্যায়ান্তে গায়ত্র্যাঃ প্রাণস্বরূপত্বমুক্তম্, তদুপপাদনার্থমিদমিদানীমারভ্যতে 'ওঁম্'—ইত্যাদি।

'হ' শব্দোঽত্র স্মরণে—'ওঁম্ প্রাণো গায়ত্রী' ইতি মন্ত্রঃ স্মার্য্যতে। যঃ বৈ জ্যেষ্ঠং (জ্যেষ্ঠত্বগুণযুক্তং) চ শ্রেষ্ঠং (শ্রেষ্ঠত্বগুণযুক্তং) চ বেদ (জানাতি), [সঃ] স্বানাং (জ্ঞাতীনাং মধ্যে) জ্যেষ্ঠঃ চ শ্রেষ্ঠঃ চ ভবতি। [কোঽয়ং জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ? ইত্যাহ—] প্রাণঃ বৈ (এব) জ্যেষ্ঠঃ চ শ্রেষ্ঠশ্চ। যঃ এবং বেদ, সঃ স্বানাং জ্যেষ্ঠঃ চ শ্রেষ্ঠঃ চ ভবতি; অপিচ, যেষাং (জ্ঞাতিভিন্নানামপি) [জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠঃ চ] বুভূষতি (অহম্ এষাং জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠঃ চ ভবিষ্যামি' ইতি ইচ্ছতি); [তেষামপি জ্যেষ্ঠঃ চ শ্রেষ্ঠঃ চ ভবতি ॥ ৩৬৫ ॥ ১ ॥

মূলানুবাদ। পূর্ব্ব অধ্যায়ে গায়ত্রীকে প্রাণস্বরূপ বলা হইয়াছে, এখন সেই প্রসঙ্গে প্রাণের শ্রেষ্ঠতা জ্ঞাপনার্থ বলিতেছেন—যে ব্যক্তি জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠকে জানে, সে ব্যক্তি জ্ঞাতিবর্গের মধ্যে জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব লাভ করে। এই জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ কে? না, প্রাণই জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব গুণযুক্ত। যে ব্যক্তি এই তত্ত্ব জানে, সে নিজেও জ্ঞাতিগণের মধ্যে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হইয়া থাকে; অথবা অন্য যাহাদের মধ্যেও [জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব লাভ করিতে ইচ্ছা করে, তাহাদের মধ্যেও জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হইয়া থাকে ॥ ৩৬৬ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্। ওঁম্ প্রাণো গায়ত্রীত্যুক্তম্। কস্মাৎ পুনঃকারণাৎ প্রাণভাবো গায়ত্র্যাঃ, ন পুনর্ব্বাগাদিভাবঃ? ইতি; যস্মাৎ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ প্রাণঃ, ন বাগাদয়ো জ্যৈষ্ঠ্যশ্রৈষ্ঠ্যভাজঃ। কথং জ্যেষ্ঠত্বং শ্রেষ্ঠত্বঞ্চ প্রাণস্যেতি, তন্নির্দ্দিধারয়িষয়া ইদমারভ্যতে। অথবা উক্থ-যজুঃ-সাম-ক্ষত্রাদিভাবৈঃ প্রাণস্যৈবোপাসনমভিহিতম্, সৎস্বপি অন্যেষু চক্ষুরাদিষু; তত্র

হেতুমাত্রমিহানন্তর্য্যেণ সম্বধ্যতে, ন পুনঃ পূর্ব্বশেষতা। বিবক্ষিতন্তু খিলত্বাদস্য কাণ্ডস্য পূর্ব্বত্র যদনুক্তং বিশিষ্টং ফলং প্রাণবিষয়মুপাসনম্, তদ্বক্তব্যমিতি।১

যঃ কশ্চিৎ, হ বৈ ইত্যবধারণার্থৌ; যো জ্যেষ্ঠশ্রেষ্ঠ-গুণং বক্ষ্যমাণং বেদ, অসৌ ভবত্যেব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ। এবং ফলেন প্রলোভিতঃ সন্ প্রশ্নায়অভি-মুখীভূতঃ, তস্মৈ চাহ—প্রাণো বৈ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ। কথং পুনরবগম্যতে প্রাণো জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চেতি। যস্মান্নিষেককাল এব শুক্রশোণিতসম্বন্ধঃ প্রাণাদি-কলাপস্যাবিশিষ্টঃ তথাপি ন অপ্রাণং শুক্রং বিরোহতীতি প্রথমো বৃত্তিলাভঃ প্রাণস্য চক্ষুরাদিভ্যঃ; অতো জ্যেষ্ঠো বয়সা প্রাণঃ; নিষেককালাদারভ্য গর্ভং পুষ্যতি প্রাণঃ; প্রাণে হি লব্ধবৃত্তৌ পশ্চাচ্চক্ষুরাদীনাং বৃত্তিলাভঃ; অতো যুক্তং প্রাণস্য জ্যেষ্ঠত্বং চক্ষুরাদিষু। ভবতি তু কশ্চিৎ কুলে জ্যেষ্ঠঃ, গুণহীনত্বাত্তু ন শ্রেষ্ঠঃ; মধ্যমঃ কনিষ্ঠো বা গুণাঢ্যত্বাত্তবেৎ শ্রেষ্ঠঃ, ন জ্যেষ্ঠঃ; নতু তথেহেত্যাহ—প্রাণ এব তু জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ।২।

কথং পুনঃ শ্রৈষ্ঠ্যমবগম্যতে প্রাণস্য? তদিহ সংবাদেন দর্শয়িষ্যামঃ। সর্ব্বথাপি তু প্রাণং জ্যেষ্ঠশ্রেষ্ঠগুণং যো বেদ উপাস্তে, স স্বানাং জ্ঞাতীনাং জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ভবতি, জ্যেষ্ঠশ্রেষ্ঠগুণোপাসনসামর্থ্যাৎ; স্বব্যতিরেকেণাপি চ যেষাং মধ্যে জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ভবিষ্যামীতি বুভূষতি ভবিতুমিচ্ছতি, তেষামপি, জ্যেষ্ঠশ্রেষ্ঠপ্রাণদর্শী জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ভবতি। নন্ বয়োনিমিত্তং জ্যেষ্ঠত্বং, তদিচ্ছতঃ কথং ভবতীত্যুচ্যতে? নৈষ দোষঃ। প্রাণবদ্বৃত্তিলাভস্যৈব জ্যেষ্ঠত্বস্য বিবক্ষিতত্বাৎ॥৩৬৫॥১॥

টীকা। ওঁকারো দমাদিত্রয়ং ব্রহ্মাব্রহ্মোপাসনানি তৎফলং তদর্থা গতিরাদিত্যাদ্যুপ-স্থানমিত্যেষোঽর্থঃ সপ্তমে নিবৃত্তঃ। সংপ্রতি প্রাধান্যেনাব্রহ্মোপাসনং সফলং শ্রীমন্থাদিকর্ম্ম চ বক্তব্যমিত্যষ্টমমধ্যায়মারভমাণো ব্রাহ্মণসংগতিমাহ—প্রাণ ইতি। তস্মাৎপ্রাণো গায়ত্রীতি যুক্তমুক্তমিতি শেষঃ। প্রাণস্য জ্যেষ্ঠত্বাদি নাদ্যাপি নির্দ্ধারিতমিতি শঙ্কিত্বা পরিহরতি—কথমিত্যাদিনা। প্রকারান্তরেণ পূর্ব্বোত্তরগ্রন্থসংগতিমাহ—অথ-বেতি। আদিশব্দাদন্নবৈশিষ্ট্যাদিনির্দ্দেশঃ। তত্রেতি প্রাণস্যৈব বিশিষ্টগুণকস্যো-পাস্যত্বোক্তিঃ। হেতুর্জ্যেষ্ঠত্বাদিগুণমাত্রমিহানন্তরগ্রন্থে কথ্যত ইতি শেষঃ। তদেবং পূর্ব্বগ্রন্থস্য হেতুমত্বাদুত্তরস্য চ হেতুত্বাদানন্তর্য্যেণ পৌর্ব্বাপর্য্যেণ পূর্ব্বগ্রন্থেন সহোত্তরগ্রন্থজাতং সংবধ্যত ইতি ফলিতমাহ—আনন্তর্য্যেণেতি। বক্ষ্যমাণপ্রাণোপাসনস্য পূর্ব্বোক্তো-ক্‌থাদ্যুপাস্তিশেষত্বমাশঙ্ক্য গুণভেদাৎফলভেদাচ্চ নৈবমিত্যভিপ্রেত্যাহ—ন পুনরিতি। কিমিতি প্রাণোপাসনমিহ স্বতন্ত্রমুপদিশ্যতে, তত্রাহ—খিলত্বাদিতি। ইতিশব্দো ব্রাহ্মণারম্ভোপসংহারার্থঃ।১

এবং ব্রাহ্মণান্তং প্রতিপাদ্যাকরাণি ব্যাচষ্টে—যঃ কশ্চিদিত্যাদিনা। যদ্বৃক্ত পুনরুপাদানমর্থম্। নিপাতয়োরর্থাবধারণমেব প্রাগুক্তং প্রকটয়তি—ভবত্যেবেতি। প্রশ্ন—কোঽসৌ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চেতি প্রশ্নস্তদর্থমিতি যাবৎ। প্রাণস্য জ্যেষ্ঠত্বাদিকমাক্ষিপতি—কথমিতি। তত্র হেতুমাহ—যস্মাদিতি। তস্মাজ্জ্যেষ্ঠত্বাদিকং তুল্যমেবেতি শেষঃ। সংবত্সাবিশেষমঙ্গীকৃত্য জ্যেষ্ঠত্বং প্রাণস্য সাধয়তি—তথাপীতি। উক্তমেব সমর্থয়তে—নিষেককালাদিতি। তত্রাপি বিপ্রতিপন্নং প্রত্যাহ—প্রাণে হীতি। জ্যেষ্ঠত্বেনৈব শ্রেষ্ঠত্বে সিদ্ধে কিমিতি পুনরুক্তিরিত্যাশঙ্ক্যাহ—ভবতি ত্বিতি। জ্যেষ্ঠত্বে সত্যপি শ্রেষ্ঠত্বাভাবমুক্ত্বা তস্মিন্ সত্যপি জ্যেষ্ঠত্বাভাবমাহ—মধ্যম ইতি। ইহেতি প্রাণোক্তিঃ। প্রাণশ্রেষ্ঠত্বে প্রমাণাভাবমাশঙ্ক্য প্রত্যাহ—কথমিত্যাদিনা। পূর্ব্বোক্তমুপাস্তিফলমুপসংহরতি—সর্ব্বথাপীতি। আরোপেণানারোপেণ বেত্যর্থঃ। জেষ্ঠস্য বিদ্যাফলত্বমাক্ষিপতি—নম্বিতি। তস্য বিদ্যাফলত্বং সাধয়তি—উচ্যত ইতি। ইচ্ছাতো জ্যৈষ্ঠং দুঃসাধ্যমিতি দোষাভাবমাহ—নেতি। তত্র হেতুমাহ—প্রাণবদিতি। তথাপ্রাণকৃতান্নাদিপ্রবৃক্তচক্ষুরাদীনাং বৃত্তিলাভবত্ প্রাণোপাসকানাং জীবনমস্মৈবাং স্বানাং চ ভবতীতি প্রাণদর্শিনো জ্যেষ্ঠত্বং ন বয়োনিবন্ধনমিত্যর্থঃ॥৩১৫॥১

ভাষ্যানুবাদ। পূর্ব্ব অধ্যায়ে এই গায়ত্রীকে প্রাণস্বরূপ বলা হইয়াছে; এখন প্রশ্ন হইতেছে যে, কি কারণে গায়ত্রীর কেবলই প্রাণস্বরূপতা, বাগাদি ইন্দ্রিয়স্বরূপতাই বা নয় কেন? [উত্তর—] যেহেতু প্রাণই সর্ব্বাপেক্ষা জ্যেষ্ঠও বটে, শ্রেষ্ঠও বটে; কিন্তু বাগাদি ইন্দ্রিয়ের ত জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব নাই; [কাজেই গায়ত্রীর বাগাদিভাব হইতে পারে না।] প্রাণেরই বা জ্যেষ্ঠত্ব শ্রেষ্ঠত্বের কারণ কি, তাহা নির্দ্ধারণার্থ এই প্রকরণ আরব্ধ হইতেছে। অথবা, ইতঃপূর্ব্বে, চক্ষুঃপ্রভৃতি অপরাপর করণ বা ইন্দ্রিয়াদি বিদ্যমান সত্বেও একমাত্র প্রাণেরই ঋক্, যজুঃ, সাম ও ক্ষত্রাদিরূপে যে উপাসনা অভিহিত হইয়াছে, তাহার অপেক্ষিত হেতুমাত্র এখানে নিরূপিত হইতেছে, কিন্তু ইহা পূর্ব্বাধ্যায়ের শেষ বা অঙ্গ নহে। প্রকৃতপক্ষে শ্রুতির অভিপ্রায় এই যে, এই ষষ্ঠ অধ্যায়টী হইতেছে খিলকাণ্ড অর্থাৎ অনুক্ত বিষয়ের পরিপূরক; অতএব বিশিষ্টফলজনক যে সমুদয় উপাসনা পূর্ব্বে কথিত হয় নাই, সেই সমুদয় বিষয়ই এখানে কথিত হইবে। ১০

শ্রুতির 'হ' ও 'বৈ' শব্দ দুইটীর অর্থ অবধারণ; [বুঝিতে হইবে, যাহা যেরূপ বলা হইতেছে, তাহা সেইরূপই বটে]। যে কোন লোক স্বয়ংসাধ্য জ্যেষ্ঠ শ্রেষ্ঠ গুণযুক্ত বস্তুটী জানে, সে নিজেও জ্যেষ্ঠ শ্রেষ্ঠ গুণশালী হয়। শিষ্য এইরূপ কথা শ্রবণে প্রলোভিত হইয়া [জ্যেষ্ঠ-শ্রেষ্ঠ-গুণযুক্ত যে কে,

তদ্বিষয়ে] প্রশ্ন করিতে অভিমুখীভূত হইয়া থাকে ; সেই জিজ্ঞাসু শিষ্যকে লক্ষ্য করিয়া বলিতেছেন—প্রাণই জ্যেষ্ঠও বটে এবং শ্রেষ্ঠও বটে। ভাল, প্রাণ যে, জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ, ইহা জানা যায় কিরূপে ?—যখন নিষেক সময়ে প্রাণাদি সমস্ত ইন্দ্রিয়ের সহিতই শুক্র-শোণিতের সম্পর্ক সমান, তখন কেবল প্রাণেরই বা জ্যেষ্ঠত্ব শ্রেষ্ঠত্ব হইবে কেন ? [হাঁ, যদিও এ কথা সত্য হউক,] তথাপি প্রাণসম্বন্ধ-রহিত শুক্র ত কখনই দেহাকারে প্রাদুর্ভূত হয় না ; এইজন্য [বলিতে হয় যে,] চক্ষুঃ প্রভৃতি অপেক্ষা প্রাণই বয়সে জ্যেষ্ঠ ; তাহার পর, নিষেক কাল হইতে প্রাণই প্রধানতঃ গর্ভের পোষণ বা পুষ্টিসাধন করিয়া থাকে ; এবং অগ্রে প্রাণের বৃত্তিলাভ হইলেই পশ্চাৎ চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়নিচয় বৃত্তিলাভ করিয়া থাকে ; এই কারণেই চক্ষুঃপ্রভৃতির মধ্যে প্রাণের শ্রেষ্ঠতা। বংশের মধ্যে কোন লোক বয়সে জ্যেষ্ঠও হইতে পারে, কিন্তু গুণহীন বলিয়া শ্রেষ্ঠতা লাভ করিতে পারে না ; অথচ গুণাধিক্য থাকিলে মধ্যম বা কনিষ্ঠও শ্রেষ্ঠতা লাভ করিয়া থাকে, অথচ জ্যেষ্ঠ তাহা পারে না ; এখানে কিন্তু সেরূপ নহে ; এই অভিপ্রায়ই 'প্রাণো বৈ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ' কথায় প্রকাশ করা হইয়াছে। ২

পুনশ্চ প্রশ্ন হইতেছে যে, আর কি কারণে প্রাণের জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব বুঝিতে পারা যায় ? হাঁ, তাহা পরে প্রাণ-সংবাদ বা আখ্যায়িকা দ্বারা প্রদর্শন করিব। ফল কথা, যে লোক সর্ব্বপ্রকারে জ্যেষ্ঠ শ্রেষ্ঠ গুণযুক্ত প্রাণের উপাসনা করে, জ্যেষ্ঠ শ্রেষ্ঠ গুণযুক্তের উপাসনা বলে, সে লোক নিজেও জ্ঞাতিবর্গের মধ্যে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হইয়া থাকে ; এবং জ্ঞাতিভিন্নও যাহাদের মধ্যে 'আমি জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হইব' বলিয়া ইচ্ছা করেন, সেই জ্যেষ্ঠ শ্রেষ্ঠ প্রাণদর্শী লোক তাহাদের মধ্যেও জ্যেষ্ঠ শ্রেষ্ঠ হইয়া থাকেন। ভাল কথা, জ্যেষ্ঠত্বের কারণ হইল বয়স্, ইচ্ছামাত্রে তাহা কিরূপে সম্পন্ন হইতে পারে ?—না, ইহা দোষাবহ হয় না ; কারণ, এখানে বয়োনিমিত্ত জ্যেষ্ঠত্ব অভিপ্রেত নহে, পরন্তু প্রাণের ন্যায় প্রাধান্যে বৃত্তিলাভ করাই জ্যেষ্ঠত্ব শব্দের অভিপ্রেত অর্থ। ৩৬৫ ॥ ১ ॥

যো হ বৈ বসিষ্ঠাং বেদ, বসিষ্ঠঃ স্বানাং ভবতি, বাগ্‌বৈ বসিষ্ঠা, বসিষ্ঠঃ স্বানাং ভবত্যপি চ যেষাং বুভূষতি য এবং বেদ ॥ ৩৬৬ ॥ ২ ॥

অন্বয়ার্থঃ। যঃ (জনঃ) বসিষ্ঠাং (তদ্গুণোপেতাং দেবতাং)

হ বৈ বেদ, [সঃ] স্বানাং (জ্ঞাতীনাং মধ্যে) বসিষ্ঠঃ ভবতি। [কেয়ং বসিষ্ঠা ? ইত্যাহ—] বাক্ বৈ (এব) বসিষ্ঠা (অতিশয়েন বাসয়তি, বস্তে আচ্ছাদয়তি বা অন্যান্ ইতি বসিষ্ঠা। বাগ্মিনো হি ধনদ্বারা অন্যান্ বাসয়ন্তি, বাচা চ অন্যান্ অভিভবন্তি; তেন হি বাচো বসিষ্ঠাত্বম্)। য এবং বেদ স স্বানাং (জ্ঞাতীনাং) [অন্যেষাং চ] যেষাং [বসিষ্ঠঃ] বুভূষতি (ভবিতুম্, ইচ্ছতি), [তেষাং] বসিষ্ঠঃ ভবতি; [উপাসনানুরূপং ফলমেতৎ] ॥৩৬৬॥২॥

মূলানুবাদ। যিনি বসিষ্ঠকে জানেন, তিনি জ্ঞাতিগণের মধ্যে বসিষ্ঠ হন, অর্থাৎ জ্ঞাতিগণ তাহার বশীভূত হইয়া থাকে, [এই বসিষ্ঠা যে কে, তাহা বলিতেছেন—] বাক্ই বসিষ্ঠা; কেন না, বাগ্মী লোক সাধারণতঃ ধন দ্বারা অপরকে বাস করান, এবং বাক্য বলে অপরকে পরাভূত করিয়া থাকেন; [এই কারণে বাক্কে বসিষ্ঠা বলা হইয়াছে]। যিনি এইপ্রকার জানেন (উপাসনা করেন), তিনিও জ্ঞাতিগণের এবং আরও যাহাদের মধ্যে বসিষ্ঠ হইতে ইচ্ছা করেন, তাহাদেরও বসিষ্ঠ হইয়া থাকেন ॥ ৩৬৬ ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্। যো হ বৈ বসিষ্ঠাং বেদ, বসিষ্ঠঃ স্বানাং ভবতি; তদ্দর্শনানুরূপ্যেণ ফলম্। যেষাং চ জ্ঞাতিব্যতিরেকেণ বসিষ্ঠো ভবিতুমিচ্ছতি, তেষাঞ্চ বসিষ্ঠো ভবতি। উচ্যতাং তর্হি, কাঽসৌ বসিষ্ঠেতি; বাগ্ বৈ বসিষ্ঠা, বাসয়ত্যতিশয়েন, বস্তে বেতি বসিষ্ঠা। বাগ্মিনো হি ধনবন্তো বসন্ত্যতিশয়েন, আচ্ছাদনার্থস্য বা বসের্বসিষ্ঠা; অভিভবন্তি হি বাচা বাগ্মিনোঽন্যান্; তেন বসিষ্ঠগুণবৎপরিজ্ঞানাদ্বসিষ্ঠগুণো ভবতীতি দর্শনানুরূপং ফলম্ ॥৩৬৬॥২॥

টীকা। * বসিষ্ঠত্বমপি প্রাণস্যোবেতি বক্তুমুত্তরবাক্যমুত্থাপ্য ব্যাচষ্টে—যো হেত্যাদিনা। ফলেন প্রলোভিতঃ শিষ্যঃ পৃচ্ছতিমুখং প্রত্যাহ—উচ্যতামিত্যাদিনা। বাচো বসিষ্ঠত্বং দ্বিধা প্রতিজানীতে—বাসয়তীতি। বাসয়ত্যতিশয়েনেত্যুক্তং বিশদয়তি—বাগ্মিনো হীতি। বাসয়ন্তি চেতি দ্রষ্টব্যম্। বস্তে বেত্যুক্তং স্ফুটয়তি—আচ্ছাদনার্থস্য বেতি। আচ্ছাদনার্থত্বমনুভবেন সাধয়তি—অভিভবন্তীতি। উক্তগুণাভিজ্ঞফলং নিগময়তি—তেনেতি ॥৩৬৬॥২॥

ভাষ্যানুবাদ। যিনি বসিষ্ঠকে জানেন, তিনি জ্ঞাতিগণের মধ্যে বসিষ্ঠগুণযুক্ত হন। যেরূপ উপাসনা, তাহার ফলও তদনুরূপই হইয়া থাকে। জ্ঞাতিভিন্ন আরও যাহাদের মধ্যে বসিষ্ঠ হইতে ইচ্ছা করেন, তাহাদেরও

বসিষ্ঠ হইয়া থাকেন। এই বসিষ্ঠ পদার্থটী যে কে, তাহা এখন বলিতে হইবে। [উত্তর—] বাক্ই বসিষ্ঠা; অতিশয়রূপে বাস করায়, কিংবা আচ্ছাদন (অভিভব) করে বলিয়া বাক্ হইতেছে—বসিষ্ঠা; কারণ, বাগ্মী লোকেরা সাধারণতঃ ধনবান্ হয়, এবং সেই ধন দ্বারা তাহারা লোককে উত্তমরূপে বাস করাইয়া থাকে; অথবা 'বসিষ্ঠা' শব্দটী আচ্ছাদনার্থক 'বস্' ধাতুর রূপ; কেন না, বাগ্মী লোকেরা বাক্য দ্বারা অপর সকলকে পরাজিত করিয়া থাকে। অতএব, বসিষ্ঠত্বগুণযুক্ত বস্তুর উপাসনায় যে, বসিষ্ঠত্বগুণসম্পন্ন হইয়া থাকে, ইহা উপাসনার অনুরূপ ফলই বটে॥ ৩৬৬॥ ২॥

যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ প্রতিতিষ্ঠতি সমে, প্রতিতিষ্ঠতি দুর্গে, চক্ষুর্বৈ প্রতিষ্ঠা চক্ষুষা হি সমে চ দুর্গে চ প্রতিতিষ্ঠতি, প্রতিতিষ্ঠতি সমে প্রতিতিষ্ঠতি দুর্গে য এবং বেদ॥ ৩৬৭॥ ৩॥

অন্বয়ার্থঃ। যঃ হ বৈ প্রতিষ্ঠাং বেদ, [সঃ] সমে (অনুকূলে দেশে কালে চ) প্রতিতিষ্ঠতি, দুর্গে (বিষমে চ) প্রতিতিষ্ঠতি। [কা প্রতিষ্ঠা?] চক্ষুঃ বৈ (প্রসিদ্ধৌ) প্রতিষ্ঠা; [কুতঃ?] হি (যতঃ) চক্ষুষা (করণেন) সমে চ দুর্গে চ প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাং—স্থিতিং লভতে)। য এবং বেদ, স সমে প্রতিতিষ্ঠতি, দুর্গে চ প্রতিতিষ্ঠতি॥ ৩৬৭॥ ৩॥

মূলানুবাদ। যে লোক প্রতিষ্ঠার উপাসনা করে, সে সম ও বিষম—দেশে ও কালে স্থিতি লাভ করে। প্রতিষ্ঠা কি? চক্ষুই প্রতিষ্ঠা; কারণ, লোকে চক্ষুর সাহায্যেই সম ও বিষম স্থানে স্থিতি লাভ করিয়া থাকে। যে লোক ইহা জানে, সে লোক সম ও বিষম স্থানে এবং কালে স্থিতি লাভ করিয়া থাকে॥ ৩৬৭॥ ৩॥

শাঙ্করভাষ্যম্। যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ, প্রতিতিষ্ঠত্যনয়েতি তাং প্রতিষ্ঠাং প্রতিষ্ঠাগুণবতীং যো বেদ, তস্যেদং ফলং—প্রতিতিষ্ঠতি সমে দেশে কালে চ। তথা দুর্গে বিষমে চ দুর্গমনে চ দেশে, দুর্ভিক্ষাদৌ বা কালে বিষমে। যদ্যেবম্, উচ্যতাম্—কাহসৌ প্রতিষ্ঠা? চক্ষুর্বৈ প্রতিষ্ঠা; কথং চক্ষুষঃ প্রতিষ্ঠাত্বমিত্যাহ—চক্ষুষা হি সমে চ দুর্গে চ দৃষ্ট্বা প্রতিতিষ্ঠতি। অতোঽনুরূপং ফলম্, প্রতিতিষ্ঠতি সমে, প্রতিতিষ্ঠতি দুর্গে, য এবং বেদেতি॥ ৩৬৭॥ ৩॥

টীকা। তথাত্বং বস্তু৺ বাক্যান্তরমাহার আচষ্টে যো হ বা ইতি। সমে প্রতিষ্ঠা বিত্তাং বিনাপি আদিত্যাশঙ্ক্যাহ—তথেতি। বিষমে চ প্রতিতিষ্ঠতীতি সম্বন্ধঃ। বিষমশব্দস্যার্থমাহ—দুর্গমনে চেতি। ইদানীং প্রশ্নপূর্ব্বকং প্রতিষ্ঠাং দর্শয়তি—যস্ত্বোবমিতি। প্রতিষ্ঠাত্বং চক্ষুষো ব্যুৎপাদয়তি—চক্ষুষেত্যাদিনা। বিত্তাফলং নিগময়তি—অত ইত ॥৩৬৭॥৩॥

ভাষ্যানুবাদ। যে লোক প্রতিষ্ঠাকে জানে, অর্থাৎ যাহা দ্বারা লোকে প্রকৃষ্টরূপে স্থিতি লাভ করে, তাহার নাম প্রতিষ্ঠা ; সেই প্রতিষ্ঠাকে—প্রতিষ্ঠা-গুণযুক্ত দেবতাকে যে ব্যক্তি জানে, তাহার ফল এই—সে লোক সমান (নিরুপদ্রব) দেশে ও কালে, এবং বিষমে অর্থাৎ দুর্গম দেশে ও দুর্ভিক্ষাদি সময়ে [স্থিতি লাভ করে]। ভাল, যদি এইরূপই হয়, তাহা হইলে বল, এই প্রতিষ্ঠাগুণযুক্ত বস্তুটী কে ? [উত্তর—] চক্ষুই প্রতিষ্ঠা। ভাল, চক্ষু প্রতিষ্ঠা কি প্রকারে ? তদুত্তরে বলিতেছেন—যেহেতু প্রাণিগণ সম ও বিষমে দেশে ও কালে চক্ষু দ্বারা দর্শন করিয়াই প্রতিষ্ঠা লাভ করিয়া থাকে। অতএব, এইরূপ গুণযুক্ত উপাসক যে, সম ও দুর্গম দেশে ও কালে প্রতিষ্ঠা লাভ করিয়া থাকে, ইহা উপাসনার অনুরূপ ফলই বটে ॥ ৩৬৭ ॥ ৩ ॥

যো হ বৈ সম্পদং বেদ সꣳহাস্মৈ পদ্যতে যং কামং কাময়তে। শ্রোত্রং বৈ সম্পৎ, শ্রোত্রে হীমে সর্ব্বে বেদা অভিসম্পন্নাঃ, সꣳহাস্মৈ পদ্যতে যং কামং কাময়তে, য এবং বেদ ॥ ৩৬৮ ॥ ৪ ॥

সরলার্থঃ। যঃ হ বৈ সম্পদং বেদ, [সঃ] যং কামং (বিষয়ং) কাময়তে, [স কামঃ] সম্পদ্যতে (আয়ত্তো ভবতি)। [কা নাম সম্পদ্ ?] শ্রোত্রং বৈ (প্রসিদ্ধৌ) সম্পদ্ ; হি (যস্মাৎ) ইমে (অনুভবগোচরাঃ) সর্ব্বে বেদাঃ শ্রোত্রে (কর্ণে) অভিসম্পন্নাঃ (স্থিতাঃ)। য এবং বেদ, অস্মৈ (বিদুষে), [সঃ] যং কামং কাময়তে, [সঃ কামঃ] সম্পদ্যতে (নিষ্পন্নো) ভবতি) ॥ ৩৬৮ ॥ ৪ ॥

মূলানুবাদ। যে লোক সম্পদ্‌কে জানে, সে, যে বিষয় কামনা করে, তাহার সেই বিষয়ই সিদ্ধ হয়। শ্রোত্রই সেই সম্পদ্ ; কেন না, এই সমস্ত বেদই এই শ্রবণেন্দ্রিয়ে অবস্থান করিয়া থাকে।

যে লোক এই প্রকার উপাসনা করে, সে লোক যাহা কামনা করে, সেই কাম্য বিষয় তাহার পরিনিষ্পন্ন হইয়া থাকে ॥ ৩৬৮ ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্। যো হ বৈ সম্পদং বেদ, সম্পদ্‌গুণযুক্তং যো বেদ, তস্য এতৎ ফলম্—অস্মৈ বিদুষে সম্পদ্যতে হ। কিম্? যং কামং কাময়তে, স কামঃ। কিং পুনঃ সম্পদ্‌গুণকম্? শ্রোত্রং বৈ সম্পৎ; কথং পুনঃ শ্রোত্রস্য সম্পদ্‌গুণত্বমিতি, উচ্যতে—শ্রোত্রে সতি, হি যস্মাৎ সর্ব্বে বেদা অভিসম্পন্নাঃ, শ্রোত্রেন্দ্রিয়বতোঽধ্যেয়ত্বাৎ; বেদবিহিতকর্ম্মায়ত্তাশ্চ কামাঃ; তস্মাচ্ছ্রোত্রং সম্পৎ; অতো জ্ঞানানুরূপং ফলম্—সং হাস্মৈ পদ্যতে, যং কামং কাময়তে, য এবং বেদ ॥ ৩৬৮ ॥ ৪ ॥

টীকা। বাক্যান্তরমাদায় বিভজতে—যো হ বৈ সংপদমিতি। প্রশ্নপূর্ব্বকং সংপদুপাদয়তে—কিং পুনরিতি। শ্রোত্রস্য সংপদ্‌গুণত্বং ব্যুৎপাদয়তি—কথমিতি। অধ্যেয়ত্বমধ্যয়নার্হত্বম্। তথাপি কথং শ্রোত্রং সংপদ্‌গুণকমিত্যাশঙ্ক্যাহ বেদেতি। পূর্ব্বোক্তং ফলমুপসংহরতি—অত ইতি ॥৩৬৮॥৪॥

ভাষ্যানুবাদ। যিনি সম্পদ্‌কে জানেন, অর্থাৎ সম্পদ্‌গুণযুক্তবিষয়ের যিনি উপাসনা করেন, তাহার ফল এই—সেই বিদ্বানের সম্বন্ধে [এই ফল] সম্পন্ন হয়; কোন ফল? তিনি যে বিষয় কামনা করেন, সেই কাম্য বিষয়। উক্ত সম্পদ্‌গুণযুক্ত বস্তুটী কি? শ্রোত্র হইতেছে সম্পদ্‌গুণযুক্ত; শ্রোত্রের যে, সম্পদ্‌গুণসম্বন্ধ কেন, তাহা কথিত হইতেছে—যেহেতু শ্রবণেন্দ্রিয় বিদ্যমান থাকিলেই সমস্ত বেদ সম্পন্ন হয়—অধিগত হয়; কারণ, শ্রবণেন্দ্রিয়সম্পন্ন পুরুষের পক্ষেই বেদ অধ্যয়নযোগ্য; কাম্য ফল সমূহও আবার বেদ-বিহিত কর্ম্মের অধীন; সেই হেতু শ্রবণেন্দ্রিয় হইতেছে সম্পদ্। যে লোক এইরূপ জানে, তাহার যে, অভিমত কাম্য বিষয় পরিনিষ্পন্ন হইয়া থাকে, ইহা বিদ্যার অনুরূপ ফলই বটে ॥৩৬৮॥৭॥

যো হ বা আয়তনং বেদায়তনꣳ স্বানাং ভবত্যায়তনং জনানাম্, মনো বা আয়তনমায়তনꣳ স্বানাং ভবত্যায়তনং জনানাং য এবং বেদ ॥ ৩৬৯ ॥ ৫ ॥

অন্বয়ার্থঃ। যঃ হ বৈ আয়তনং বেদ, [সঃ] স্বানাং (জ্ঞাতীনাং), জনানাং (জ্ঞাতিভিন্নানাং চ) আয়তনং ভবতি। মনঃ বৈ প্রসিদ্ধো আয়তনম্।

য এবং বেদ, [সঃ] স্বানাং আয়তনং ভবতি, জনানাং চ আয়তনং ভবতি ॥৩৬৯॥৫

মূলানুবাদ। যে লোক আয়তনের উপাসনা করেন, তিনি জ্ঞাতিগণের এবং তদ্ভিন্ন লোকদিগেরও আশ্রয়ভূত হইয়া থাকেন। মনই প্রসিদ্ধ আয়তন; যিনি ইহা জানেন, তিনি জ্ঞাতি ও তদ্ভিন্ন লোকদিগের আশ্রয় স্বরূপ হইয়া থাকেন ॥৩৬৯॥৫॥

শাঙ্করভাষ্যম্। যো হ বা আয়তনং বেদ, আয়তনমাশ্রয়ঃ, তদ্ যো বেদ, আয়তনং স্বানাং ভবতি, আয়তনং জনানামন্যেষামপি। কিং পুনস্তদায়তনমিত্যুচ্যতে—মনো বা আয়তনম্ আশ্রয় ইন্দ্রিয়াণাং বিষয়াণাঞ্চ; মন আশ্রিতা হি বিষয়া আত্মনো ভোগ্যত্বং প্রতিপদ্যন্তে; মনঃসঙ্কল্পবশানি চেন্দ্রিয়াণি প্রবর্ত্তন্তে নিবর্ত্তন্তে চ, অতো মন আয়তনমিন্দ্রিয়াণাম্; অতো দর্শনানুরূপ্যেণ ফলম্, আযতনং স্বানাং ভবত্যায়তনং জনানাম্, য এবং বেদ ॥ ৩৬৯ ॥ ৫ ॥

টীকা। বাক্যান্তরমাদায় বিভজতে—যো হ বা আয়তনমিতি। সামান্যেনোক্তমায়তনং প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি—কিং পুনরিতি। মনসো বিষয়াশ্রয়ত্বং বিশদয়তি—মন ইতি। ইন্দ্রিয় শ্রয়ত্বং তস্য স্পষ্টয়তি—মনঃসংকল্পেতি। পূর্ব্ববৎফলং নিগময়তি—অত ইতি ॥৩৬৯॥৫ ॥

ভাষ্যানুবাদ। যিনি আয়তনকে জানেন; আয়তন অর্থ—আশ্রয়; তাহা যিনি জানেন, তিনি জ্ঞাতিগণের আয়তন হন, এবং অপর লোকদিগেরও আয়তন হন। সেই আয়তন যে, কি, তাহা বলা হইতেছে—মন হইতেছে আয়তন অর্থাৎ ইন্দ্রিয় ও রূপাদি বিষয় সমূহের আশ্রয়; কেননা, ভোগ্য বিষয় সমূহ মনের আশ্রয়ে থাকিয়াই আত্মার ভোগ্য হইয়া থাকে, এবং মনের ইচ্ছানুযায়ী হইয়াই ইন্দ্রিয়সমূহ প্রবৃত্ত ও নিবৃত্ত হইয়া থাকে, এই কারণে মন হইতেছে ইন্দ্রিয়সমূহের আযতন। অতএব এতদ্বিষয়ক জ্ঞানসম্পন্ন পুরুষ যে, জ্ঞাতি ও জনসাধারণের আশ্রয় হইয়া থাকে, ইহা বিদ্যানুযায়ী ফলই বটে ॥ ৩৬৯॥৫॥

যো হ বৈ প্রজাতিং বেদ, প্রজায়তে হ প্রজয়া পশুভিঃ। রেতো বৈ প্রজাতিঃ, প্রজায়তে হ প্রজয়া পশুভির্য এবং বেদ ॥ ৩৭০ ॥ ৬ ॥

অন্বয়ার্থঃ। যঃ হ বৈ প্রজাতিং বেদ, [সঃ] প্রজয়া (সন্তানেন) পশুভিঃ (বিত্তৈশ্চ) [উপলক্ষিতঃ] প্রজায়তে। রেতঃ (শুক্রং) বৈ (প্রসিদ্ধৌ) প্রজাতিঃ ; য এবং বেদ, সঃ প্রজয়া পশুভিশ্চ [বিশিষ্টঃ] প্রজায়তে ॥৩৭০॥৬॥

মূলানুবাদ। যিনি প্রজাতির উপাসনা করেন, তিনি প্রজা ও পশুদ্বারা আঢ্য হন। রেতই প্রজাতি বলিয়া প্রসিদ্ধ। সেই প্রজাতিকে যিনি জানেন, তিনি সন্তান ও পশু-বিত্তযুক্ত হইয়া থাকেন ॥৩৭০॥৬॥

শাঙ্করভাষ্যম্‌। যো হ বৈ প্রজাতিং বেদ, প্রজায়তে হ প্রজয়া পশুভিশ্চ সম্পন্নো ভবতি। রেতো বৈ প্রজাতিঃ; রেতসা প্রজননেন্দ্রিয়মুপলক্ষ্যতে। তদ্বিজ্ঞানানুরূপং ফলম্‌, প্রজায়তে হ প্রজয়া পশুভির্য এবং বেদ ॥ ৩৭০ ॥ ৬ ॥

টীকা। গুণান্তরং বক্তুং বাক্যান্তরং গৃহীত্বা তদক্ষরাণি ব্যাকরোতি—যো হেত্যাদিনা। বাগাদীন্দ্রিয়াণি তত্তদ্‌গুণবিশিষ্টানি শিষ্ট্বা রেতো বিশিষ্টগুণবাচক্যাপত্ত প্রকরণবিরোধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ- রেতসেতি। বিদ্যাফলমুপসংহরতি—তদ্বিজ্ঞানেতি ॥৩৭০॥৬॥

ভাষ্যানুবাদ। যিনি প্রজাতিকে জানেন, তিনি প্রজা ও পশুবিত্ত-সম্পন্ন হন। রেতই (জননেন্দ্রিয়ই) প্রজাতি বলিয়া প্রসিদ্ধ ; এখানে 'রেতঃ' শব্দে জননেন্দ্রিয় বুঝিতে হইবে। যিনি এইরূপ জানেন, তিনি যে প্রজা ও পশুসম্পন্ন হন, ইহা বিজ্ঞানেরই অনুরূপ ফল ॥৩৭০॥৬ ॥

তে হেমে প্রাণা অহংশ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মু-স্তদ্ধোচুঃ কো নো বসিষ্ঠ ইতি। তদ্ধোবাচ যস্মিন্‌ ব উৎক্রান্ত ইদং শরীরং পাপীয়ো মন্যতে, স বো বসিষ্ঠ ইতি ॥৩৭১॥৭॥

অন্বয়ার্থঃ। তে হ ইমে প্রাণাঃ (করণানি) অহংশ্রেয়সে (স্বাত্ম-শ্রেষ্ঠত্বখ্যাপনপ্রয়োজনায়) বিবদমানাঃ (বিবাদং কুর্ব্বাণাঃ সন্তঃ) ব্রহ্ম (ব্রহ্মাণম্‌) জগ্মুঃ (গতবন্তঃ)। [গত্বা চ] তৎ ব্রহ্ম (ব্রহ্মাণং) উচুঃ হ—নঃ (অস্মাকং মধ্যে) কঃ বসিষ্ঠঃ (পূর্ব্বোক্ত-বসিষ্ঠত্বগুণবান্‌) ? ইতি। [এবং পৃষ্টং সৎ] তৎ (ব্রহ্ম) উবাচ হ—বঃ (যুষ্মাকং মধ্যে) যস্মিন্‌ উৎক্রান্তে

(দেহাদ্বিনির্গতে সতি) ইদং শরীরং পাপীয়ঃ ((অতিশয়েন পাপিষ্ঠং—অস্পৃশ্যং) মন্যতে [জনঃ], বঃ (যুষ্মাকং মধ্যে) স বসিষ্ঠ ইতি ॥৩৭১॥৭॥

মূলানুবাদ। পুরাকালে, প্রাণ সমূহ নিজ নিজ শ্রেষ্ঠত্ব নির্দ্ধারণের নিমিত্ত বিবাদ করিতে করিতে ব্রহ্মার নিকট গমন করিয়াছিল; সেখানে যাইয়া তাহারা ব্রহ্মাকে বলিল—আমাদের মধ্যে বসিষ্ঠগুণযুক্ত কে? ব্রহ্মা বলিলেন—তোমাদের মধ্যে যে প্রাণটী দেহ হইতে চলিয়া গেলে, এই দেহকে লোকে অত্যন্ত পাপিষ্ঠ—অস্পৃশ্য বলিয়া মনে করে; জানিবে, তোমাদের মধ্যে সে-ই বসিষ্ঠত্বগুণ সম্পন্ন ॥৩৭১॥৭॥

শাঙ্করভাষ্যম্। তে হ ইমে প্রাণা বাগাদয়ঃ অহংশ্রেয়সে অহংশ্রেয়ানিত্যেতস্মৈ প্রয়োজনায় বিবদমানাঃ বিরুদ্ধং বদমানাঃ ব্রহ্ম জগ্মুঃ ব্রহ্ম গতবন্তঃ ব্রহ্মশব্দবাচ্যং প্রজাপতিম্; গত্বা চ তদ্ব্রহ্ম হ উচুরুক্তবন্তঃ—কো নঃ অস্মাকং মধ্যে বসিষ্ঠঃ?—কোঽস্মাকং মধ্যে বসতি চ বাসয়তি চ? তদ্ ব্রহ্ম তৈঃ পৃষ্টং সৎ হোবাচ উক্তবৎ—যস্মিন্ বঃ যুষ্মাকং মধ্যে উৎক্রান্তে নির্গতে শরীরাৎ, ইদং শরীরং পূর্ব্বস্মাদতিশয়েন পাপীয়ঃ পাপতরং মন্যতে লোকঃ; শরীরং হি নাম অনেকাশুচি সঙ্ঘাতত্বাজ্জীবতোঽপি পাপমেব, ততোঽপি কষ্টতরং যস্মিন্নুৎক্রান্তে ভবতি; বৈরাগ্যার্থমিদমুচ্যতে,—পাপীয় ইতি; স বঃ যুষ্মাকং মধ্যে বসিষ্ঠো ভবিষ্যতি। জানন্নপি বসিষ্ঠং প্রজাপতির্নোবাচ অয়ং বসিষ্ঠ ইতি, ইতরেষামপ্রিয়পরিহারায় ৩৭১॥৭॥

টীকা। উক্তা বসিষ্ঠত্বাদিগুণা ন বাগাদিগামিনঃ, কিং তু মুখ্যপ্রাণগতা এবেতি দর্শয়িতুমাখ্যায়িকাং করোতি—তে হেত্যাদিনা। ঈষদনুপ্রয়োগস্য তাৎপর্য্যমাহ—শরীরং হীতি। কিমিতি শরীরস্য পাপয়িত্বমুচ্যতে, তত্রাহ—বৈরাগ্যার্থমিতি। শরীরে বৈরাগ্যোৎপাদনদ্বারা তস্মিন্নহংমমাভিমানপরিহারার্থমিত্যর্থঃ। বসিষ্ঠো ভবতীত্যুক্তবানিতি সংবন্ধঃ। কিমিতি সাক্ষাদেব মুখ্যং প্রাণং বসিষ্ঠত্বাদিগুণং নোক্তবান্ প্রজাপতিঃ ন হি সর্ব্বজ্ঞ ইত্যাশঙ্ক্যাহ—জানন্নপীতি ॥ ৩৭১ ॥ ৭ ॥

ভাষ্যানুবাদ। পূর্ব্বোক্ত এই প্রাণ সমূহ অর্থাৎ বাক্ প্রভৃতি করণবর্গ 'আমি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, আমি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ' এইরূপে নিজ নিজ শ্রেষ্ঠত্ব খ্যাপনের উদ্দেশ্যে বিবাদ—বিরুদ্ধ কথা বলিতে বলিতে ব্রহ্মার সমীপে গিয়াছিল অর্থাৎ ব্রহ্ম-শব্দবাচ্য প্রজাপতির নিকট গিয়াছিল; যাইয়া সেই

ব্রহ্মাকে বলিয়াছিল—আমাদের মধ্যে বসিষ্ঠ কে?—আমাদের মধ্যে কে অপরকে বাস করায়, অথবা আচ্ছাদন করিয়া রাখে? তাহারা এইরূপ জিজ্ঞাসা করিলে পর, ব্রহ্মা তাহাদিগকে বলিয়াছিলেন—তোমাদের মধ্যে যে এই শরীর হইতে বহির্গত হইলে পর, এই শরীরকে পূর্ব্বাপেক্ষা অধিক পাপী (ঘৃণার্হ) বলিয়া লোকে মনে করে; তোমাদের মধ্যে সেই 'বসিষ্ঠ' বলিয়া নিশ্চিত হইবে। [এখানে শরীরকে 'পাপীয়ঃ' বলিবার অভিপ্রায় এই যে, শরীর স্বভাবতই নানাবিধ অশুচি—মল মূত্রাদি সমবায়ে নির্ম্মিত; সুতরাং জীবিত ব্যক্তির শরীরও পাপী বা অশুচিই বলে; যাহার অভাবে তদপেক্ষাও পাপী হয়; এই কথাটী কেবল দেহে বৈরাগ্য বা অনাদর সূচনার্থ বলা হইল মাত্র। [তাহার পর] প্রজাপতি জানিয়াও যে, 'ইনি তোমাদের মধ্যে বসিষ্ঠ,' এই কথা বলিলেন না, অপ্রিয় বাক্য পরিহার করাই তাহার একমাত্র কারণ ॥৩৭১॥৭॥

বাগ্‌ হোচ্চক্রাম, সা সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি। তে হোচুর্যথাকলা অবদন্তো বাচা, প্রাণন্তঃ প্রাণেন, পশ্যন্তশ্চক্ষুষা, শৃণ্বন্তঃ শ্রোত্রেণ, বিদ্বাংসো মনসা, প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ বাক্ ॥৩৭২॥৮॥

সম্বন্ধার্থঃ। [ব্রহ্মণা এবমুক্তেষু প্রাণেষু মধ্যে প্রথমং] বাক্ (বাগিন্দ্রিয়ং) উচ্চক্রাম (দেহাৎ নিষ্ক্রান্তা বভূব); সা (বাক্) সংবৎসরং (একবর্ষং কালং ব্যাপ্য) প্রোষ্য (বহিরবস্থায়) আগত্য (পুনঃ দেহসমীপে সমাগত্য) উবাচ—মদৃতে (মাং বিনা) কথং জীবিতুমশকত (শক্তা অভবত) [যূয়ং] ইতি; তে (এবমুক্তাঃ প্রাণাঃ) উচুঃ—অকলা (বাগ্‌বিধুরাঃ) যথা বাচা অবদন্তঃ (বাগ্‌ব্যবহারমকুর্ব্বন্তঃ) প্রাণেন প্রাণন্তঃ, চক্ষুষা পশ্যন্তঃ, শ্রোত্রেণ শৃণ্বন্তঃ, মনসা বিদ্বাংসঃ (বিজানন্তঃ), রেতসা প্রজায়মানাঃ [জীবন্তি], এবং (মূকবদেব) অজীবিষ্ম (জীবিতা আস্ম) ইতি। [এতৎ শ্রুত্বা] বাক্ [দেহমধ্যে] প্রবিবেশ হ ॥৩৭২॥৮॥

অনুবাদ। ব্রহ্মা এই কথা বলিলে পর, প্রথমে বাগিন্দ্রিয় উৎক্রমণ করিল; সে এক বৎসর কাল বাহিরে থাকিয়া প্রত্যাগমন করিল, এবং অপর প্রাণদিগকে জিজ্ঞাসা করিল—আমার অভাবে

তোমরা কি প্রকারে বাঁচিয়া থাকিতে সমর্থ হইয়াছিলে? তদুত্তরে অপর সকলে বলিল—মূক ব্যক্তি যেরূপ কেবল বাগ্ ব্যবহার করিতে না পারিলেও, প্রাণদ্বারা প্রাণন, চক্ষু দ্বারা দর্শন, কর্ণদ্বারা শ্রবণ, মনঃদ্বারা চিন্তন এবং রেতঃ দ্বারা প্রজা সমুৎপাদন করত বাঁচিয়া থাকে, আমরাও ঠিক সেই প্রকারেই বাঁচিয়াছিলাম; এই কথা শুনিয়া বাগিন্দ্রিয় দেহমধ্যে প্রবেশ করিল ॥৩১২॥৮॥

শাঙ্করভাষ্যম্। তে এবমুক্তা ব্রহ্মণা, প্রাণা আত্মনো বীর্য্য-পরীক্ষণায় ক্রমেণোচ্চক্রমুঃ। তত্র বাগেব প্রথমং হ অস্মাচ্ছরীরাৎ উচ্চক্রাম উৎক্রান্তবতী। সা চ উৎক্রম্য সংবৎসরং প্রোষ্য প্রোষিতা ভূত্বা পুনরাগত্য উবাচ—কথমশকত শক্তবন্তঃ যূয়ম্ মদৃতে মাং বিনা, জীবিতুমিতি। তে এবমুক্তা উচুঃ—যথা লোকে অকলা মূকা অবদন্তো বাচা, প্রাণন্তঃ প্রাণন-ব্যাপারং কুর্ব্বন্তঃ প্রাণেন, পশ্যন্তঃ দর্শনব্যাপারং চক্ষুষা কুর্ব্বন্তঃ, তথা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ, বিদ্বাংসঃ মনসা কার্য্যাকার্য্যাদিবিষয়ম্; প্রজায়মানা রেতসা পুত্রানুৎপাদয়ন্তঃ; এবমজীবিষ্ম বয়ম্, ইত্যেবং প্রাণৈর্দত্তোত্তরা বাক্ আত্মনঃ অস্মিন্ অবসিষ্ঠত্বং বুদ্ধা, প্রবিবেশ হ বাক্ ॥৩১২॥৮॥

টীকা। বাগ হোচ্চক্রামেত্যাদেস্তাৎপর্য্যমাহ—তে এবমিতি। উক্তেঽর্থে শ্রুত্যক্ষরাণি ব্যাচষ্টে—তত্রেত্যাদিনা। কার্য্যাকার্য্যাদিবিষয়মিত্যাদিশব্দেনোপেক্ষ-ণীয়সংগ্রহঃ। চক্ষুরাদিভির্দত্তোত্তরা পুনর্ব্বাক্কিমকরোদিতি, তত্রাহ—আত্মন ইতি ॥ ৩১২॥৮ ॥

ভাষ্যানুবাদ। ব্রহ্মাকর্তৃক এইপ্রকার অভিহিত প্রাণসমূহ আপনাদের শক্তি-পরীক্ষার জন্য ক্রমশঃ দেহ হইতে উৎক্রমণ করিয়াছিল। তন্মধ্যে সর্ব্বপ্রথমে বাগিন্দ্রিয় এই শরীর হইতে উৎক্রমণ করিয়াছিল; সে উৎক্রমণের পর এক বৎসর কাল প্রবাস করিয়া অর্থাৎ বাহিরে থাকিয়া পুনরাগমনপূর্ব্বক বলিল—তোমরা আমার অভাবে কিরূপে জীবিত থাকিতে সমর্থ হইয়াছিলে? তাহারা (প্রাণসমূহ) এইরূপে জিজ্ঞাসিত হইয়া উত্তর করিল—জগতে অকল—মূক ব্যক্তিরা যেরূপ বাগিন্দ্রিয় দ্বারা কথা বলিতে না পারিলেও, প্রাণ দ্বারা প্রাণন ব্যাপার করত, চক্ষু দ্বারা দর্শন কার্য্য করত, শ্রবণেন্দ্রিয় দ্বারা শ্রবণ ব্যাপার করত, মনঃ দ্বারা কর্ত্তব্যাকর্ত্তব্য বিষয়ে বিচার করত, এবং রেতঃ দ্বারা (জননেন্দ্রিয় দ্বারা) পুত্রসমুৎপাদন করতঃ

জীবিত থাকে, আমরাও সেইরূপই জীবিত ছিলাম। প্রাণ সমূহ এই প্রকার উত্তর প্রদান করিলে পর, বাগিন্দ্রিয় এই দেহে আপনার অবসিষ্ঠত্ব (বসিষ্ঠত্বগুণের অভাব) অবগত হইয়া পুনর্ব্বার দেহমধ্যে প্রবেশ করিল ॥৩৭২॥৮॥

চক্ষুর্হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি। তে হোচুর্যথা অন্ধা অপশ্যন্তশ্চক্ষুষা, প্রাণন্তঃ প্রাণেন, বদন্তো বাচা, শৃণ্বন্তঃ শ্রোত্রেণ, বিদ্বাংসো মনসা, প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ চক্ষুঃ ॥২৭৩।৯॥

অন্বয়ার্থঃ। অনন্তরং চক্ষুঃ হ উচ্চক্রাম (উৎক্রমণং কৃতবৎ); তৎ (চক্ষুঃ) সংবৎসরং প্রোষ্য আগত্য চ উবাচ—মদৃতে (মাং বিনা) কথং জীবিতুম্ অশকত ইতি। [এবমুক্তাঃ] তে (প্রাণাঃ) উচুঃ হ—অন্ধা যথা চক্ষুষা অপশ্যন্তঃ সন্তঃ, প্রাণেন প্রাণন্তঃ, বাচা বদন্তঃ, শ্রোত্রেণ শৃণ্বন্তঃ, মনসা বিদ্বাংসঃ (কর্ত্তব্যাকর্ত্তব্য-বিষয়বিচারণাং কুর্ব্বন্তঃ), রেতসা প্রজায়মানাঃ [জীবন্তি], [বয়মপি] এবং অজীবিষ্ম ইতি। [এবমুক্তে] চক্ষুঃ হ প্রবিবেশ ॥ ৩৭৩॥৯॥

মূলানুবাদ। অতঃপর চক্ষু দেহ হইতে বাহির হইয়া গেল; সে এক বৎসর কাল বাহিরে থাকিয়া পুনঃ প্রত্যাগত হইয়া, প্রাণ সমূহকে জিজ্ঞাসা করিল—আমার অভাবে তোমরা কি প্রকারে বাঁচিতে সমর্থ হইয়াছিলে? তদুত্তরে অপর সকলে বলিল, অন্ধ লোকেরা যেরূপ কেবল চক্ষু দ্বারা দেখিতে পায় না; কিন্তু প্রাণ দ্বারা প্রাণন, বাগিন্দ্রিয় দ্বারা শব্দোচ্চারণ, শ্রবণেন্দ্রিয় দ্বারা শ্রবণ, মনঃ দ্বারা মনন এবং জননেন্দ্রিয় দ্বারা সন্তানোৎপাদন করিয়া জীবিত থাকে, আমরাও ঠিক সেইরূপেই জীবিত ছিলাম। এই কথা শুনিয়া চক্ষু দেহ মধ্যে পুনঃ প্রবেশ করিল ॥৩৭৩॥৯॥

শ্রোত্রং হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি, তে হোচুর্যথা বধিরা অশৃণ্বন্তঃ

শ্রোত্রেণ, প্রাণন্তঃ প্রাণেন, বদন্তো বাচা, পশ্যন্তশ্চক্ষুষ, বিদ্বাংসো মনসা, প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি, প্রবিবেশ হ শ্রোত্রম্ ।৩৭৪। ১০॥

অন্বয়ার্থঃ। শ্রোত্রং উচ্চক্রাম হ; তৎ (শ্রবণেন্দ্রিয়ং) সংবৎসরং প্রোষ্য [পুনঃ] আগত্য চ উবাচ—মৎ ঋতে (মাং বিনা) কথম্ জীবিতুং অশকত ইতি; [এবং পৃষ্টাঃ] তে (প্রাণাঃ) ঊচুঃ হ;—বধিরাঃ (শ্রবণেন্দ্রিয়বিহীনাঃ) যথা শ্রোত্রেণ অশৃণ্বন্তঃ সন্তঃ, প্রাণেন প্রাণন্তঃ, বাচা বদন্তঃ, চক্ষুষা পশ্যন্তঃ, মনসা বিদ্বাংসঃ, রেতসা প্রজায়মানাঃ [জীবন্তি], এবং [বয়ং] অজীবিষ্ম ইতি; তদোত্তরং শ্রোত্রং দেহং প্রবিবেশহ॥ ৩৭৪ ॥ ১০ ॥

মূলানুবাদ। অনন্তর শ্রবণেন্দ্রিয় দেহ হইতে নির্গত হইল; সে এক বৎসর বাহিরে থাকিয়া প্রত্যাগমনপূর্ব্বক অপর সকল প্রাণকে জিজ্ঞাসা করিল—আমার অভাবে তোমরা কিরূপে জীবিত থাকিতে সমর্থ হইয়াছিলে? তদুত্তরে অপর সকলে বলিল—বধির লোকগণ যেরূপ কেবল কর্ণে শব্দ শ্রবণ করিতে পারে না; কিন্তু প্রাণ দ্বারা প্রাণন, বাগিন্দ্রিয় দ্বারা শব্দোচ্চারণ, চক্ষু দ্বারা দর্শন, মন দ্বারা মনন, জননেন্দ্রিয় দ্বারা সন্তানোৎপাদন করতঃ জীবিত থাকে, আমরাও সেইরূপ জীবিত ছিলাম। এই উত্তর শুনিয়া শ্রবণেন্দ্রিয় পুনঃ শরীরে প্রবেশ করিল॥ ৩৭৪ ॥ ১০ ॥

মনো হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি, তে হোচুর্যথা মুগ্ধা অবিদ্বাংসো মনসা, প্রাণন্তঃ প্রাণেন, বদন্তো বাচা, পশ্যন্তশ্চক্ষুষা, শৃণ্বন্তঃ শ্রোত্রেণ, প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি, প্রবিবেশ হ মনঃ ॥৩৭৫॥১১॥

অন্বয়ার্থঃ। অনন্তরম্ মনঃ উচ্চক্রাম হ; তৎ (মনঃ) সংবৎসরং প্রোষ্য আগত্য উবাচ—[যূয়ম্] মৎ ঋতে কথং জীবিতুম্ অশকত ইতি। [এবং পৃষ্টাঃ] তে (প্রাণাঃ) ঊচুঃ—মুগ্ধাঃ (বিমনস্কাঃ), যথা মনসা

অবিদ্বাংসঃ (কার্য্যাকার্য্যমনবধারয়ন্তঃ) প্রাণেন প্রাণন্তঃ, চক্ষুষা পশ্যন্তঃ, শ্রোত্রেণ শৃণ্বন্তঃ, রেতসা প্রজায়মানাঃ [জীবন্তি], [তথা বয়ম্] অজীবিষ্ম ইতি; [এবং প্রাপ্তোত্তরং] মনঃ [শরীরে] প্রবিবেশ হ ॥ ৩৭৫ ॥ ১১ ॥

মূলানুবাদ। অতঃপর মন দেহ হইতে বহির্গত হইল; সে এক বৎসরকাল বাহিরে থাকিয়া প্রত্যাগমনপূর্ব্বক অপর সকলকে বলিল—আমার অভাবে তোমরা কি প্রকারে জীবনধারণে সমর্থ হইয়াছিলে? তদুত্তরে তাহারা বলিল—মুগ্ধ (অমনস্ক) লোকেরা যেমন কেবল মন দ্বারা চিন্তা না করিয়াও প্রাণ দ্বারা প্রাণন, বাগিন্দ্রিয় দ্বারা শব্দোচ্চারণ, চক্ষু দ্বারা দর্শন, শ্রবণেন্দ্রিয় দ্বারা শ্রবণ এবং রেতঃ দ্বারা সন্তানোৎপাদন করতঃ জীবিত থাকে, আমরাও সেইরূপই জীবিত ছিলাম; এই কথা শুনিয়া মন দেহে প্রবেশ করিল ॥৩৭৫॥১১॥

রেতো হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি, তে হোচুর্যথা ক্লীবা অপ্রজায়মানা রেতসা, প্রাণন্তঃ প্রাণেন, বদন্তো বাচা, পশ্যন্তশ্চক্ষুষা, শৃণ্বন্তঃ শ্রোত্রেণ, বিদ্বাংসো মনসৈবমজীবিষ্মেতি, প্রবিবেশ হ রেতঃ ॥৩৭৬॥১২॥

অন্বয়ার্থঃ। রেতঃ উচ্চক্রাম হ; তৎ (রেতঃ) সংবৎসরং প্রোষ্য আগত্য উবাচ—মৎ ঋতে কথং জীবিতুম্ অশকত ইতি; তে (প্রাণাঃ) ঊচুঃ হ—যথা ক্লীবাঃ রেতসা অপ্রজায়মানাঃ সন্তঃ প্রাণেন প্রাণন্তঃ, বাচা বদন্তঃ, চক্ষুষা পশ্যন্তঃ, শ্রোত্রেণ শৃণ্বন্তঃ, মনসা বিদ্বাংসঃ [জীবন্তি], এবম্ অজীবিষ্ম ইতি; [এবং লব্ধোত্তরং] রেতঃ প্রবিবেশ হ ॥ ৩৭৬ ॥ ১২।

মূলানুবাদ। তাহার পর রেতঃ দেহ হইতে বহির্গত হইল; সেই রেতঃ এক বৎসরকাল বাহিরে থাকিয়া প্রত্যাগমনপূর্ব্বক অপর সকলকে জিজ্ঞাসা করিল—আমার অভাবে তোমরা কিরূপে জীবনধারণ করিতে সমর্থ হইয়াছিলে? তাহারা (প্রাণসমূহ) বলিল—ক্লীব লোকেরা যেরূপ সন্তানোৎপাদনে অসমর্থ হইয়াও, প্রাণ দ্বারা

প্রাণন, বাগিন্দ্রিয় দ্বারা শব্দোচ্চারণ, চক্ষু দ্বারা দর্শন, কর্ণ দ্বারা শ্রবণ এবং মন দ্বারা বিষয়-বিজ্ঞান করত জীবিত থাকে, আমরাও ঠিক সেইরূপেই জীবিত ছিলাম; এই কথার পর রেতঃ দেহমধ্যে প্রবেশ করিল ॥ ৩৭৬ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্। তথা চক্ষুর্হোচ্চক্রামেত্যাদি পূর্ব্ববৎ। শ্রোত্রং মনঃ প্রজাতিরিতি ॥৩৭৩—৩৭৬ ॥৯—১২॥

টীকা। ॥৩৭৩—৩৭৬॥৯—১২॥

ভাষ্যানুবাদ। সেইরূপ 'চক্ষু উৎক্রমণ করিল'—ইত্যাদি শ্রুতির অর্থ পূর্ব্ব পূর্ব্বশ্রুত্যর্থের অনুরূপ ॥ ৩৭৩—৩৭৬ ॥ ৯—১২ ॥

অথ হ প্রাণ উৎক্রমিষ্যন্ যথা মহাসুহয়ঃ সৈন্ধবঃ পড্বীশশঙ্কূন্ সংবৃহেদেবং হৈবেমান্ প্রাণান্ সংববর্হ, তে হোচুর্ম্মা ভগব উৎক্রমীর্ন বৈ শক্ষ্যামস্ত্বদৃতে জীবিতুমিতি। তস্যো মে বলিং কুরুতেতি তথেতি ॥৩৭৭॥১৩॥

অন্বয়ার্থঃ। অথ (অনন্তরং) প্রাণঃ (প্রাণাপানাদিলক্ষণঃ মুখ্যঃ প্রাণঃ) হ উৎক্রমিষ্যন্ (দেহাৎ বহির্গমিষ্যন্)—যথা সৈন্ধবঃ (সিন্ধুদেশোদ্ভবঃ) মহাসুহয়ঃ (মহান্ শোভনশ্চ হয়ঃ-অশ্বঃ) পড্বীশ শঙ্কূন্ (পাদবন্ধন-কীলানি) সংবৃহেৎ (সহসা উৎখনেৎ—উৎপাটয়েৎ), এবম্ এব হ ইমান্ প্রাণান্ (মুখ্যপ্রাণেতরাণি ইন্দ্রিয়াণি) সংববর্হ (চালয়ামাস)। তে (প্রাণাঃ) হ উচুঃ—ভগবঃ (ভগবন্), মা উৎক্রমীঃ (দেহাদুৎক্রমণং মা কার্ষীঃ); [যতঃ] ত্বৎ ঋতে (ত্বাং বিনা) [বয়ম্] জীবিতুং ন শক্ষ্যামঃ (ন শক্তা ভবামঃ) ইতি। [এবমভ্যর্থিতঃ প্রাণ উবাচ—] উ (ভোঃ) তস্য (এতাদৃশমহিম্নঃ) মে (মম) বলিং (শ্রেষ্ঠত্বজ্ঞাপক-করপ্রদানং) কুরুত ইতি। [এবমুক্তাঃ প্রাণাঃ] তথা [অস্তু] ইতি [উচুঃ] ইত্যর্থঃ ॥ ৩৭৭ ॥ ১৩ ॥

মূলানুবাদ। তাহার পর মুখ্য প্রাণ উৎক্রমণ করিতে উদ্যত হইয়া, সিন্ধুদেশীয় উত্তম অশ্ব যেমন সহসা পাদবন্ধনের খুঁটাগুলি উৎপাটন করে, ঠিক তেমনি অপর সমস্ত প্রাণকে উৎখাত—চঞ্চল করিয়াছিল। তখন বাক্ প্রভৃতি প্রাণবর্গ তাহাকে সম্বোধন করিয়া

বলিল—ভগবন্‌, আপনি উৎক্রমণ করিবেন না ; আপনাকে ছাড়িয়া আমরা জীবন ধারণ করিতে সমর্থ হইব না। [তখন মুখ্য প্রাণ বলিল—তাহা হইলে,] সেই আমার জন্য বলি অর্থাৎ শ্রেষ্ঠত্বের চিহ্ন কর প্রদান কর। [বাক্‌ প্রভৃতি প্রাণ বলিল—] 'তথাস্তু' ইতি ॥ ৩৭৭ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্‌। অথ হ প্রাণ উৎক্রমিষ্যন্নুৎক্রমণং করিষ্যন্‌ ; তদানীমেব স্বস্থানাৎ প্রচলিতা বাগাদয়ঃ। কিমিবেত্যাহ—যথা লোকে মহাংশ্চাসৌ সুহয়শ্চ মহাসুহয়ঃ—শোভনো হয়ঃ লক্ষণোপেতঃ, মহান্‌ পরিমাণতঃ, সিন্ধুদেশে ভবঃ সৈন্ধবঃ অভিজনতঃ, পড্বীশশঙ্কূন্‌ পাদবন্ধনশঙ্কূন্‌, পড্বীশাশ্চ তে শঙ্কবশ্চেতি তান্‌, সংবৃহেৎ উদ্যচ্ছেদ্‌ যুগপদুৎখনেদ্‌ অশ্বারোহে আরূঢ়ে পরীক্ষণায় ; এবং হ এব ইমান্‌ বাগাদীন্‌ প্রাণান্‌ সংববর্হ উদ্যতবান্‌ স্বস্থানাৎ ভ্রংশিতবান্‌। তে বাগাদয়ো হ উচুঃ হে ভগবঃ ভগবন্‌, মা উৎক্রমীঃ ; যস্মাৎ ন বৈ শক্ষ্যামঃ ত্বদৃতে ত্বাং বিনা জীবিতুমিতি। যদ্যেবং মম শ্রেষ্ঠতা বিজ্ঞাতা ভবদ্ভিঃ, অহমত্র শ্রেষ্ঠঃ, তস্য উ মে মম বলিং করং কুরুত করং প্রযচ্ছতেতি।

অয়ঞ্চ প্রাণসংবাদঃ কল্পিতঃ বিদুষঃ শ্রেষ্ঠপরীক্ষণপ্রকারোপদেশঃ। অনেন হি প্রকারেণ বিদ্বান্‌ কো নু খল্বত্র শ্রেষ্ঠ ইতি পরীক্ষণং করোতি, স এষ পরীক্ষণপ্রকারঃ সংবাদভূতঃ কথ্যতে ; নহি অন্যথা সংহত্যকারিণাং সতামেষামশ্বস্যেব সংবৎসরমাত্রমেবৈকৈকস্য নির্গমনাদ্যুপপদ্যতে ; তস্মাদ্বিদ্বানেব অনেন প্রকারেণ বিচারয়তি বাগাদীনাং প্রধানবুভুৎসুরুপাসনায়। বলিং প্রার্থিতাঃ সন্তঃ প্রাণাঃ, তথেতি প্রতিজ্ঞাতবন্তঃ ॥ ৩৭৭ ॥ ১৩ ॥

ভাষ্যানুবাদ। অতঃপর মুখ্য প্রাণ যখন উৎক্রমণ করিবে, তৎক্ষণাৎই বাক্‌ প্রভৃতি ইন্দ্রিয়গণ নিজ নিজ স্থান হইতে বিচলিত হইল। কাহার ন্যায়, তাহা বলিতেছেন—জগতে সিন্ধুদেশোৎপন্ন সৈন্ধব, মহাসুহয় অর্থাৎ বৃহৎপরিমাণ, উত্তম সুলক্ষণাক্রান্ত অশ্ব যেরূপ, অশ্বারোহী পৃষ্ঠে আরোহণপূর্ব্বক অশ্বের শক্তি-পরীক্ষায় প্রবৃত্ত হইলে পর, পড্বীশ শঙ্কুসমূহ অর্থাৎ অশ্বের পাদবন্ধন খুঁটাসমূহ একসঙ্গে উৎপাটিত করে—উঠাইয়া ফেলে, ঠিক এইরূপ, এই বাক্‌ প্রভৃতি প্রাণকে উদ্যত—স্ব স্ব স্থান হইতে বিচলিত

করিয়াছিল। তখন সেই বাক্ প্রভৃতি ইন্দ্রিয় বলিল—হে ভগবন্, তুমি উৎক্রমণ করিও না; যেহেতু তোমার অভাবে আমরা জীবন রক্ষায় সমর্থ হইব না। [মুখ্য প্রাণ বলিল—] এইরূপেই যদি তোমরা আমার শ্রেষ্ঠতা বুঝিয়া থাক, [তাহা হইলে] আমি যখন শ্রেষ্ঠ, তখন সেই শ্রেষ্ঠত্বের চিহ্নস্বরূপ আমার জন্য বলির ব্যবস্থা কর—কর প্রদান কর।

বিদ্বানের শ্রেষ্ঠতা পরীক্ষার প্রণালী উপদেশের জন্য এই প্রাণ-সংবাদ বা আখ্যায়িকাটী শ্রুতি নিজেই কল্পনা করিয়াছেন। উদ্দেশ্য—আমাদের মধ্যে শ্রেষ্ঠ কে? এইরূপে শ্রেষ্ঠতা লইয়া বিবাদ উপস্থিত হইলে, বিজ্ঞ লোকে এই প্রণালীতে তাহার পরীক্ষা করিবেন; সেই প্রসিদ্ধ পরীক্ষা-প্রণালীই এখানে আখ্যায়িকাচ্ছলে কথিত হইতেছে; তাহা না হইলে সংহত্যকারী বা সম্মিলিতভাবে কার্য্যকারী এই বাক্প্রভৃতি প্রাণগণের এক একটির যে, এক বৎসরকাল মাত্র প্রবাস ও নির্গমন, তাহা কখনই মুখ্যরূপে উপপন্ন হয় না। অতএব বুঝিতে হইবে যে, কেবল প্রাধান্যলাভেচ্ছু বিদ্বান্ লোকই উপাসনার জন্য এই প্রকারে বাক্ প্রভৃতি প্রাণের প্রাধান্য বিচার করিয়া থাকেন। বাগাদি প্রাণগণের নিকট বলি প্রার্থনা করিলে পর, তাহারা 'তথা' (সেইরূপই হউক) বলিয়া অঙ্গীকার করিলেন॥ ৩৭৭॥ ১৩॥

সা হ বাগুবাচ যদ্বা অহং বসিষ্ঠাস্মি ত্বং তদ্বসিষ্ঠোঽসীতি, যদ্বা অহং প্রতিষ্ঠাস্মি ত্বং তৎপ্রতিষ্ঠোঽসীতি চক্ষুর্যদ্বা অহং সম্পদস্মি ত্বং তৎসম্পদসীতি শ্রোত্রং যদ্বা অহমায়তনমস্মি ত্বং তদায়তনমসীতি মনো যদ্বা অহং প্রজাতিরস্মি ত্বং তৎ-প্রজাতিরসীতি রেতঃ। তস্যো মে কিমন্নম্, কিং মে বাস ইতি, যদিদং কিঞ্চাশ্বভ্য আ কৃমিভ্য আ কীটপতঙ্গেভ্যস্তত্তেঽন্নম্ আপো বাস ইতি; ন হ বা অস্যানন্নং জগ্ধং ভবতি নানন্নং পরিগৃহীতং য এবমেতদনস্যান্নং বেদ তদ্বিদ্বাংসঃ শ্রোত্রিয়া অশিষ্যন্ত আচামন্ত্যশিত্বা চাচামন্ত্যেতমেব তদনমনগ্নং কুর্ব্বন্তো মন্যন্তে॥৩৭৮॥১৪॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য প্রথমং ব্রাহ্মণম্ ৬॥১॥

অন্বয়ার্থঃ। [মুখ্যপ্রাণেনৈবমভিহিতেষু প্রাণেষু মধ্যে প্রথমং] সা বাক্ উবাচ হ—অহং যৎ বসিষ্ঠা অস্মি (মম যদ্ বসিষ্ঠত্বম্), ত্বং তদ্বসিষ্ঠঃ অসি (মম যদ্ বসিষ্ঠত্বম্, তৎ তবৈব ইতি ভাবঃ) ইতি, তথা অহং বৈ যৎ প্রতিষ্ঠা অস্মি, ত্বং তৎপ্রতিষ্ঠঃ অসি (মম যঃ প্রতিষ্ঠাত্বগুণঃ, স তবৈব অস্তু ইতি ভাবঃ, এবং সর্ব্বত্র) ইতি চক্ষুঃ [উবাচ]। অহং বৈ যৎ সম্পদ্ অস্মি, ত্বং তৎসম্পদ্ অসি ইতি শ্রোত্রং [উবাচ]। অহং বৈ যৎ আয়তনম্ অস্মি, ত্বং তদায়তনম্ অসি ইতি মনঃ (উবাচ]; অহং যৎ প্রজাতিঃ (প্রজননধর্ম্মকম্) অস্মি, ত্বং তৎপ্রজাতিঃ অসি ইতি রেতঃ [উবাচ]। [অনন্তরং মুখ্যপ্রাণ উবাচ—] উ (ভোঃ) তস্য মম কিং (বস্তু) অন্নং (ভক্ষণীয়ং) [ভবেৎ], বাসঃ (আচ্ছাদনং চ) কিং [ভবেৎ]? ইতি। [ইতরে প্রাণা ঊচুঃ—] আ শ্বভ্যঃ (সারমেয়পর্য্যন্তং), আ কৃমিভ্যঃ (কৃমি-পর্য্যন্তং), আ কীটপতঙ্গেভ্যঃ (কীটপতঙ্গপর্য্যন্তং) যৎ ইদং কিঞ্চ (যৎ কিঞ্চিৎ বস্তু), তৎ (তৎসর্ব্বং) তে (তব) অন্নম্, আপঃ (আচমনীয়ং জলং) বাসঃ (আচ্ছাদনবস্ত্রম্) ইতি।

যঃ অস্য অনস্য (প্রাণস্য) এতদ্ অন্নম্ এবং বেদ, অস্য (প্রাণান্নবিদুষঃ) ন হ বৈ (নৈব) অনন্নং জগ্ধং (ভক্ষিতং) ভবতি, অনন্নং পরিগৃহীতং চ ন ভবতি। তৎ (তস্মাৎ—অন্ন-পানয়োরেবম্ অন্নাচ্ছাদনত্বেন কল্পিতত্বাদেব) শ্রোত্রিয়া বিদ্বাংসঃ অশিষ্যন্তঃ (অশনং করিষ্যন্তঃ—অশনাৎ প্রাক্) আচামন্তি, অশিত্বা চ (অশনানন্তরমপি) আচামন্তি (জলং পিবন্তি); তৎ (তেন আচমনেন) এতম্ এব অনং (প্রাণং) অনগ্নং (বস্ত্রপরিহিতং) কুর্ব্বন্তঃ [বয়ম্] ইতি মন্যন্তে ॥ ৩৭৮ ॥ ১৪ ॥

মূলানুবাদ। [মুখ্য প্রাণ এইরূপ বলিলে পর, প্রথমতঃ] বাগিন্দ্রিয় বলিল—আমার যে, বসিষ্ঠত্ব গুণ আছে, তুমি সেই বসিষ্ঠত্ব গুণসম্পন্ন হও; চক্ষু বলিল—আমার যে, প্রতিষ্ঠাত্ব গুণ আছে, তুমি সেই প্রতিষ্ঠাত্বগুণযুক্ত হও; শ্রবণেন্দ্রিয় বলিল—আমার যে, সম্পদ্গুণ আছে, তাহা তোমারই হউক; মন বলিল—আমার যে, আয়তনত্ব গুণ আছে, তুমি সেই আয়তনগুণে অধিকৃত হও; জননেন্দ্রিয় বলিল—আমার যে, সন্তানোৎপাদনক্ষমতা আছে, সেই প্রজাতি গুণ তোমার হউক। [অনন্তর প্রাণ বলিল—] আমার যখন এইরূপ

বিশিষ্টগুণ রহিয়াছে, তখন আমার অন্নই বা কি, আর বস্ত্রই বা কি হইবে? তখন অপর সকলে বলিল—[চতুষ্পাদের মধ্যে] কুক্কুর পর্য্যন্ত, কৃমি পর্য্যন্ত এবং কীট-পতঙ্গ পর্য্যন্ত যাহা কিছু আছে, সেই সমস্তই তোমার অন্ন (ভক্ষ্য বস্তু), [আর ভোজনার্থ আচমনীয়] জল তোমার বাসঃ—আচ্ছাদন বস্ত্র হইবে ইতি।

যিনি প্রাণের এই তত্ত্ব যথোক্তপ্রকারে জানেন, তাহার পক্ষে অনন্ন (অভক্ষ্য) ভক্ষিত হয় না, কিংবা অনন্ন পরিগৃহীত হয় না। এইজন্য শ্রোত্রিয় বিদ্বজ্জনেরা ভোজনের পূর্ব্বে আচমন করেন (জলপান করেন) এবং ভোজন করিয়াও আচমন করিয়া থাকেন। তাহারা মনে করেন যে, ইহা দ্বারা আমরা প্রাণের অনগ্নতা সম্পাদন করিতেছি ॥৩৭৮॥১৪॥

ইতি ষষ্ঠাধ্যায়ে প্রথম ব্রাহ্মণ ব্যাখ্যা ॥ ৬ ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্। সা হ বাক্ প্রথমং বলিদানায় প্রবৃত্তা হ কিল উবাচ উক্তবতী।—যদ্বৈ অহং বসিষ্ঠাস্মি, যৎ মম বসিষ্ঠত্বম্, ত্বং তবৈব—তেন বসিষ্ঠগুণেন ত্ব তদ্বসিষ্ঠোঽসীতি। যদ্ বৈ অহং প্রতিষ্ঠাস্মি, ত্বং তৎপ্রতিষ্ঠোঽসি, যা মম প্রতিষ্ঠা. সা ত্বমসীতি চক্ষুঃ। সমানমন্যৎ। সম্পদায়তন-প্রজাতিত্বগুণান্ ক্রমেণ সমর্পিতবন্তঃ। যদ্যেবম্, সাধু বলিং দত্তবন্তো ভবন্তঃ; ব্রূত—তস্য উ মে এবংগুণবিশিষ্টস্য কিমন্নম্? কিং বাস ইতি। আহুরিতরে,—যদিদং লোকে কিঞ্চ কিঞ্চিদন্নং নাম আ শভ্যঃ, আ কৃমিভ্যঃ, আ কীটপতঙ্গেভ্যঃ, যচ্চ শান্নং কৃম্যন্নং কীটপতঙ্গান্নং চ, তেন সহ সর্ব্বমেব যৎকিঞ্চিৎপ্রাণিভিরদ্যমানমন্নম্, তৎ সর্ব্বং তবান্নম্। সর্ব্বং প্রাণস্যান্নমিতি দৃষ্টিরত্র বিধীয়তে। ১

কেচিত্তু সর্ব্বভক্ষণে দোষাভাবং বদন্তি প্রাণান্নবিদঃ; তদসৎ, শাস্ত্রান্তরেণ প্রতিষিদ্ধত্বাৎ। তেনাস্য বিকল্প ইতি চেৎ; ন, অবিধায়কত্বাৎ; ন হ বা অস্যানন্নং জগ্ধং ভবতীতি—সর্ব্বং প্রাণস্যান্নমিত্যেতস্য বিজানতো বিহিতস্য স্তুত্যর্থমেতৎ; তেনৈকবাক্যতাপত্তেঃ; ন তু শাস্ত্রান্তরে বিহিতস্য বাধনে সামর্থ্যম্, অন্যপরত্বাদস্য। প্রাণমাত্রস্য সর্ব্বমন্নমিত্যেতদ্দর্শনমিহ বিধিৎসিতম্, ন

তু, সর্বং ভক্ষয়েদিতি। যত্তু সর্বভক্ষণে দোষাভাবজ্ঞানম্, তন্মিথ্যৈব, প্রমাণাভাবাৎ। ২

বিদুষঃ প্রাণত্বাৎ সর্বান্নোপপত্তেঃ সামর্থ্যাদদোষ এবেতি চেৎ ; ন, অশেষান্নত্বানুপপত্তেঃ ; সত্যং যদ্যপি বিদ্বান্ প্রাণঃ, যেন কার্য্যকরণসঙ্ঘাতেন বিশিষ্টস্য বিদ্বত্তা, তেন কার্য্যকরণসঙ্ঘাতেন কৃমিকীটদেবাদ্যশেষান্নভক্ষণং নোপপদ্যতে ; তেন তত্রাশেষান্নভক্ষণদোষাভাবজ্ঞাপনমনর্থকম্, অপ্রাপ্তত্বাদশেষান্নভক্ষণদোষস্য। ৩

নম্ন প্রাণঃ সন্ ভক্ষয়ত্যেব কৃমিকীটাদ্যন্নমপি ; বাঢ়ম্, কিন্তু ন তদ্বিষয়ঃ প্রতিষেধোঽস্তি ; তস্মাদ্দেবরক্তং কিংশুকম্—তত্র দোষাভাবঃ ; অতস্তদ্রূপেণ দোষাভাবজ্ঞাপনমনর্থকম্, অপ্রাপ্তত্বাদ্ অশেষান্নভক্ষণদোষস্য। যেন তু কার্য্যকরণসঙ্ঘাতসম্বন্ধেন প্রতিষেধঃ ক্রিয়তে, তৎসম্বন্ধেন ত্বিহ নৈব প্রতিপ্রসবোঽস্তি ; তস্মাৎ প্রতিষেধাতিক্রমে দোষ এব স্যাৎ, অন্যবিষয়ত্বাৎ 'ন হ বৈ' ইত্যাদেঃ। ৪

ন চ ব্রাহ্মণাদিশরীরস্য সর্বান্নত্বদর্শনমিহ বিধীয়তে, কিন্তু প্রাণমাত্রস্যৈব। যথা চ সামান্যেন সর্বান্নস্য প্রাণস্য কিঞ্চিদন্নজাতং কস্যচিৎ জীবনহেতুঃ, যথা বিষং বিষজস্য কৃমেঃ, তদেবান্যস্য প্রাণান্নমপি সদ্ দৃষ্টমেব দোষমুৎপাদয়তি —মরণাদিলক্ষণম্, তথা সর্বান্নস্যাপি প্রাণস্য প্রতিষিদ্ধান্নভক্ষণে ব্রাহ্মণত্বাদিদেহসম্বন্ধাৎ দোষ এব স্যাৎ। তস্মান্মিথ্যাজ্ঞানমেব অভক্ষ্যভক্ষণে দোষাভাবজ্ঞানম্। ৫

আপো বাস ইতি ; আপো ভক্ষ্যমাণা বাসঃস্থানীয়াঃ তব। অত্র চ প্রাণস্য আপো বাস ইত্যেতদ্দর্শনং বিধীয়তে, ন বাসঃ-কার্য্যে আপো বিনিযোক্তুং শক্যাঃ ; তস্মাদযথাপ্রাপ্তে অব্ভক্ষণে দর্শনমাত্রং কর্তব্যম্। ন হ বৈ অস্য সর্বং প্রাণস্যান্নমিত্যেবংবিদঃ অনন্নম্ অনদনীয়ং জগ্ধং ভুক্তং ভবতি হ। যদ্যপি অনেন অনদনীয়ং ভুক্তম্, অদনীয়মেব ভুক্তং স্যাৎ, ন তু তৎকৃতদোষেণ লিপ্যতে—ইত্যেতদ্বিদ্যাস্তুতিরিত্যবোচাম। তথা ন অনন্নং প্রতিগৃহীতম্, যদ্যপি অপ্রতিগ্রাহ্যং হস্ত্যাদি প্রতিগৃহীতং স্যাৎ, তদপি অন্নমেব প্রতিগ্রাহ্যং প্রতিগৃহীতম্ স্যাৎ, তত্রাপি অপ্রতিগ্রাহ্য-প্রতিগ্রহদোষেণ ন লিপ্যত ইতি স্তুত্যর্থমেব ; য এবমেতদনস্য প্রাণস্যান্নং বেদ, ফলন্তু প্রাণাত্মভাব এব ; ন ত্বেতৎ ফলাভিপ্রায়েণ, কিং তর্হি, স্তুত্যভিপ্রায়েণেতি। ৬

নন্বু এতদেব ফলং কস্মাৎ ন ভবতি? ন, প্রাণাত্মদর্শিনঃ প্রাণাত্মতাব এব ফলম্; তত্র চ প্রাণাত্মভূতস্য সর্ব্বাত্মনঃ অনদনীয়মপি আদ্যমেব; তথা অপ্রতিগ্রাহ্যমপি প্রতিগ্রাহ্যমেবেতি যথাপ্রাপ্তমেবোপাদায় বিদ্যা স্তূয়তে; অতো নৈব ফলবিধিসরূপতা বাক্যস্য॥ ৭

যস্মাদাপো বাসঃ প্রাণস্য; তস্মাদ্বিদ্বাংসঃ ব্রাহ্মণাঃ শ্রোত্রিয়া অধীতবেদাঃ, অশিষ্যন্তঃ ভোক্ষ্যমাণাঃ, আচামন্তি অপঃ, অশিত্বা আচামন্তি ভুক্ত্বা চ উত্তরকালম্ অপো ভক্ষয়ন্তি। অত্র তেষামাচামতাং কোঽভিপ্রায় ইত্যাহ - এতমেব অনং প্রাণমনগ্নং কুর্ব্বন্তো মন্যন্তে। অস্তি চৈতৎ—যো যস্মৈ বাসো দদাতি, স তমনগ্নং করোমীতি হি মন্যতে; প্রাণস্য চাপো বাস ইতি হ্যুক্তম্। যদপঃ পিবামি,তৎ প্রাণস্য বাসো দদামীতি বিজ্ঞানং কর্ত্তব্যমিত্যেবমর্থমেতৎ।৮

নন্বু ভোক্ষ্যমাণো ভুক্তবাংশ্চ প্রযতো ভবিষ্যামীত্যাচামতি; তত্র চ প্রাণস্যানগ্নতাকরণার্থত্বে চ দ্বিকার্য্যতা আচমনস্য স্যাৎ; নচ কার্য্যদ্বয়মাচমনস্যৈকস্য যুক্তম্; যদি প্রায়ত্যার্থং, নানগ্নতার্থম্; অথ, অনগ্নতার্থম্, ন প্রায়ত্যার্থম্; যস্মা দেবম্, তস্মাদ্দ্বিতীয়ম্ আচমনান্তরং প্রাণস্যানগ্নতাকরণায় ভবতু; ন, ক্রিয়াদ্বিত্বোপপত্তেঃ; দ্বে হ্যেতে ক্রিয়ে; ভোক্ষ্যমাণস্য ভুক্তবতশ্চ যদাচমনং স্মৃতিবিহিতম্; তৎ প্রায়ত্যার্থং ভবতি ক্রিয়ামাত্রমেব; ন তু তত্র প্রায়ত্যং দর্শনাদি অপেক্ষতে; তত্র চ আচমনাঙ্গভূতাস্বপ্সু বাসোবিজ্ঞানং প্রাণস্য ইতিকর্ত্তব্যতয়া চোদ্যতে; ন তু তস্মিন্ ক্রিয়মাণে আচমনস্য প্রায়ত্যার্থতা বাধ্যতে, ক্রিয়ান্তরত্বাদাচমনস্য। তস্মাদ্ভোক্ষ্যমাণস্য ভুক্তবতশ্চ যদাচমনম্, তত্রাপো বাসঃ প্রাণস্যেতি দর্শনমাত্রং বিধীয়তে, অপ্রাপ্তত্বাদন্যতঃ॥ ৩৭৮॥ ১৪॥

ইতি ষষ্ঠাধ্যায়ে প্রথমং ব্রাহ্মণম্॥ ৬॥১॥

টীকা। সা হ বাগিতি প্রতীকমাদায় ব্যাচষ্টে—প্রথমমিতি। তেন বসিষ্ঠগুণেন ত্বমেব বসিষ্ঠোঽসি, তথা চ ত্বৎসিষ্ঠবং ভবেবেতি যোজনা। বসিষ্ঠাদিগুণবিশিষ্টায়ুবাগাদি পৃচ্ছতি—যদেতেবমিত্যাদিনা। এবংগুণবিশিষ্টস্য জ্যেষ্ঠশ্রেষ্ঠবসিষ্ঠত্বাদিসংবন্ধস্যার্থঃ। যদিদমিত্যাদি বাক্যং ব্যাচষ্টে—যদিদমিতি। প্রকৃতেন শুনাময়েন কীটাদীনাং চারেন সহ যৎকিঞ্চিৎকৃম্যন্নং দৃশ্যতে তৎসর্ব্বমেব তবান্নমিতি যোজনা। তদেব স্ফুটয়তি—যৎ।কঞ্চিদিতি। পদার্থমুক্ত্বা বাক্যার্থং কথয়তি—অন্নমিতি। ১

অস্মিন্নেব বাক্যে শঙ্কোত্তরমুখাপয়তি—কেচিদিতি। ন হ বা অস্যেত্যাদি

র্থবাদদর্শনাদিত্যর্থঃ। তদ্দূষয়তি—তদসদিতি। শাস্ত্রান্তরেণ ক্রিময়ো ভবন্ত্যভক্ষ্য-ভক্ষিণ ইত্যাদিনেত্যর্থঃ। প্রাণবিদতিরিক্তবিষয়ং শাস্ত্রান্তরং সর্বভক্ষণং তু প্রাণদর্শিনো বিবক্ষিতমতো ব্যবস্থিতবিষয়ত্বাৎ প্রতিষেধেন সর্বভক্ষণস্যোদিতানুদিতহোমবদ্বিকল্পঃ স্যাদিতি শঙ্কতে—তেনেতি। কিং তর্হি সর্বান্নভক্ষণং বিহিতং ন বা। ন চেন্ন তস্য নিষিদ্ধস্যানুষ্ঠানং প্রাণবিদি তৎপ্রাপকাভাবাৎ, বিহিতং চেত্তৎ কিং যদিদমিত্যাদিনা ন হেত্যাদিনা বা বিহিতং? নাদ্য ইত্যাহ—নাবিধায়কত্বাদিতি। যদিদমিত্যাদিনা হি সর্বং প্রাণস্যান্নমিতি জ্ঞানমেব বিধীয়তে ন তু প্রাণবিদঃ সর্বান্নভক্ষণং, তদবস্থোক্তি-পদাভাবান্ন বিকল্পোপপত্তেরিত্যর্থঃ। দ্বিতীয়ং দূষয়তি—ন বা ইতি। অন্যোক্ত বিধিৎপরামর্শাভিপাতয়োরর্থবাদস্তোতিনোর্দর্শনাদেকবাক্যত্বসংভবে বাক্যভেদস্যান্যায্যত্বাচ্চেতি হেতুমাহ—তেনেতি। অর্থবাদস্যাপি স্বার্থে প্রামাণ্যং দেবতাধিকরণন্যায়েন ভবিষ্যতীত্যা-শঙ্ক্য ন কলঞ্জং ভক্ষয়েদিত্যাদিবিহিতস্য ভক্ষণাভাবস্য বাধনে ন হেত্যাদের্ন সামর্থ্যং দৃষ্টিপরত্বাদস্য, মানান্তরবিরোধে স্বার্থে মানত্বাযোগাদিত্যাহ—ন স্বিতি। ন হেত্যা-দের্দৃষ্টিপরত্বং প্রপঞ্চয়তি—প্রাণমাত্রস্যেতি। ২

তত্র দোষাভাবজ্ঞাপনাত্তদেব বিবিৎসিতমিত্যাশঙ্ক্যাহ—যদ্যপীতি। অর্থবাদস্য মানান্তরবিরোধে স্বার্থে মানত্বাযোগস্যোক্তত্বাদিতি ভাবঃ। প্রমাণভাবস্যাসিদ্ধিমাশঙ্কতে—বিদুষ ইতি। সামর্থ্যাৎপ্রাণস্বরূপবলাদিতি যাবৎ। অদোষঃ সর্বান্নভক্ষণং তস্যেতি শেষঃ। অর্থাপত্তিং দূষয়তি—নেত্যাদিনা। অনুপপত্তিমেব বিবৃণোতি—সত্যমিতি। যেনেত্যস্মাৎপ্রাক্তথাপীতি বক্তব্যং যদ্যপীত্যুপক্রমাৎ। প্রাণস্বরূপসামর্থ্যাদনুপপত্তিরপি শাম্যতীতি শঙ্কতে—নন্বিতি। কিং ফলাত্মনা বিদুষঃ সর্বান্নভক্ষণং সাধ্যতে, কিং বা সাধকস্বরূপেণেতি বিকল্পাদ্যমঙ্গীকরোতি—বাঢ়মিতি। প্রাণরূপেণ সর্বভক্ষণং তস্যেত্যর্থঃ। তত্র প্রতিষেধাভাবে সদৃষ্টান্তং ফলিতমাহ—তস্মাদিতি। তথা স্বারসিকং প্রাণস্য সর্বভক্ষণং তত্র চাপ্রতিষেধাৎ, দোষরাহিত্যমিতি শেষঃ। তত্রাহিতো কিং স্যাদিতি চেত্তদাহ—অত ইতি। পক্ষান্তরমেব স্ফোরয়তি—অপ্রাপ্তত্বাদিতি। ইহেতি প্রাণবিদুচ্যতে। নিমিত্তান্তরাদত্যন্তাপ্রাপ্তবিষয়ো বিধিঃ প্রতিপ্রসবো তথা অগ্নিতপ্তাশনপ্রতিষেধেঽপ্যৌষধং পিবেদিতি, তথা শাস্ত্রাধিকারিণঃ সর্বাভক্ষ্যভক্ষণনিষেধেঽপি প্রাণবিদো বিশেষবিধির্নোপলভ্যতে, তথা চ তস্য ভক্ষণং দুঃসাধ্যমিত্যর্থঃ। প্রতিপ্রসবাভাবে ফলং দর্শয়তি—তস্মাদিতি। অর্থবাদস্য তর্হি কা গতিরিত্যাশঙ্ক্যাহ—অন্ন-বিষয়ত্বাদিতি। তস্য স্তুতিমাত্রার্থত্বান্ন তদ্বলান্নিষেধাতিক্রম ইত্যর্থঃ। ৩

ননু বিশিষ্টস্য প্রাণস্য সর্বান্নত্বদর্শনমত্র বিধীয়তে, তথা চ বিদুষোঽপি তদাত্মনঃ সর্বান্নভক্ষণে ন দোষো যথাদর্শনং ফলাভ্যুপগমাদত আহ—ন চেতি। ইতোঽপি সর্বং প্রাণস্যান্নমিত্যেতদবষ্টম্ভেন প্রাণবিদঃ সর্বভক্ষণং ন বিধেয়মিত্যাহ—তথা চেতি। প্রাণস্য যথোক্তস্য স্বীকারেঽপি কস্যচিৎকিংচিদন্নং জীবনহেতুরিত্যত্র দৃষ্টান্তমাহ—যঃ প্রাগিতি। তথা সর্বপ্রাণিষু ব্যবস্থান্নসংবন্ধে দার্ষ্টান্তিকমাহ—তথেতি। প্রাণবিদোঽপি কার্যকরণবতো নিষেধাতিক্রমাযোগে ফলিতমাহ—তস্মাদিতি। ৪

বাক্যান্তরমাদায় ব্যাকরোতি—আপ ইতি। স্মার্ত্তাচমনাদন্যদেব শ্রৌতমাচমনমস্মত্তোঽপ্রাপ্তং বিধেয়ং তদর্থমিদং বাক্যমিতি কেচিত্তান্ প্রত্যাহ—অত্র চেতি। বাসঃকার্য্যং পরিধানম্। তত্র সাক্ষাদপাং বিনিয়োগাযোগে প্রাপ্তমর্থমাহ—তস্মাদিতি। যদিদং কিংচেত্যাদাবুক্তং দৃষ্টিবিধেরর্থবাদমাদায় ব্যাচষ্টে—নেত্যাদিনা। পুনরুক্তেরুৎকর্ষণমথয়ায়। পদার্থমুক্ত্বা বাক্যার্থমাহ—যদ্যপীতি। অভক্ষ্যভক্ষণং তর্হি স্বীকৃতমিতি চেন্নেত্যাহ—ইত্যেতদিতি। যথা প্রাণবিদো নানন্নং ভুক্তং ভবতি তথৈতদ্যোতৎ। অন্নমত্তস্তর্হি প্রাণবিদো দুষ্প্রতিগ্রহোঽপীত্যাশঙ্ক্যাহ—তত্রাপীতি। অসৎপ্রতিগ্রহে প্রাপ্তেঽপীত্যর্থঃ। কিমিত্যয়ং স্তুত্যর্থবাদঃ ফলবাদ এব কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ স্বফলং ত্বিতি। ইতিশব্দঃ সর্ব্বং প্রাণস্যান্নমিতি দৃষ্টিবিধেঃ সার্থবাদস্যোপসংহারার্থঃ। উপদেশার্থং চোদ্যসমাধিভ্যাং সমর্থয়তে—ন স্বিত্যাদিনা। যথাপ্রাপ্তং প্রকৃতবাক্যবশাৎ প্রতিপন্নং রূপমনতিক্রম্যেতি। বাক্যস্য বিদ্যাস্তুতিত্বে ফলিতমাহ—অত ইতি। ৫

বহুক্তবাদেো বাস ইতি তস্য শেষভূতমুত্তরগ্রন্থমুত্থাপ্য ব্যাচষ্টে—যস্মাদিতি। তত্রেত্যশনাৎপ্রাগূর্দ্ধকালোক্তিঃ। উক্তেঽর্থপ্রাযে লোকপ্রসিদ্ধিমনুকূলয়তি—অস্তি চেতি। তত্রৈব বাক্যোপক্রমস্যানুকূল্যং দর্শয়তি—প্রাণস্যেতি। কিমর্থমিদং সোপক্রমং বাক্যমিত্যপেক্ষায়ামত্র চেত্যাদাবুক্তং স্মারয়তি—যদপ ইতি। দৃষ্টিবিধানমসম্বাদঃ শক্যতে—নহ্বিতি। অস্তু প্রাপ্ত্যর্থমাচমনং প্রাণপরিধানার্থং চেত্যাশঙ্ক্যাহ—তত্রেতি। কুল্যাপ্রণয়নন্যায়েন দ্বিকার্য্যত্বাবিরোধমাশঙ্ক্যাহ—ন চেতি। তত্র প্রত্যক্ষতা কার্য্যভেদস্যাবিরোধেঽপি প্রকৃতে প্রামাণাভাবাৎ দ্বিকার্য্যত্বানুপপত্তিরিত্যভিপ্রেত্যোক্তমুপপাদয়তি—যদীতি। নমু স্মার্ত্তাচমনস্য প্রাপ্ত্যর্থত্বং তথৈবানগ্নতার্থত্বং প্রকৃতবাক্যাদধিগতং, তথাচ কথং দ্বিকার্য্যত্বমপ্রামাণিকমিত্যাশঙ্ক্য বাক্যস্য বিষয়ান্তরং দর্শয়তি—যস্মাদিতি। দ্বিকার্য্যত্বদোষমুক্তং দূষয়তি—নেত্যাদিনা। তচ্চাচমনং দর্শননিরপেক্ষমিত্যাহ—ক্রিয়ামাত্রমেবেতি। নথাচমনে ফলভূতং প্রায়তং দর্শনসাপেক্ষমিতি চেন্নেত্যাহ—ন ত্বিতি। ক্রিয়ায়া এব তদাধানসামর্থ্যাদিত্যর্থঃ। তত্রেত্যাচমনে শুদ্ধ্যর্থে ক্রিয়ান্তরে সতীত্যর্থঃ। প্রাণবিজ্ঞানপ্রকরণে বাসোবিজ্ঞানং চোদ্যতে চেদ্বাক্যভেদঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—প্রাণস্যেতি। সর্ব্বান্নবিজ্ঞানবদিতি চকারার্থঃ। আচমনীয়াস্বপ্সু বাসোবিজ্ঞানং ক্রিয়তে চেৎকথমাচমনস্য প্রায়ত্যার্থত্বমিত্যাশঙ্ক্যাহ—ন স্বিতি। দ্বিকার্য্যত্বদোষাভাবে ফলিতং দর্শনবিধিমুপসংহরতি—তস্মাদিতি। অপ্রাপ্তত্বাদ্বাসোদৃষ্টের্বিধিব্যতিরেকেণ প্রাপ্ত্যভাবাদ্দ্রষ্টেশ্চাত্র প্রকৃতত্বাৎ কার্য্যাধ্যানাদপূর্ব্বমিতি চ স্যায়াদিত্যর্থঃ। ৬। ১৪।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং ষষ্ঠাধ্যায়স্য প্রথমং ব্রাহ্মণম্। ৬।১।

ভাষ্যানুবাদ। সেই বাগিন্দ্রিয় সর্ব্বপ্রথমে প্রাণকে কর প্রদানে উদ্যত হইয়া বলিয়াছিল—আমি যে, বসিষ্ঠা বলিয়া প্রসিদ্ধ, অর্থাৎ আমার যে,

বসিষ্ঠত্ব গুণ আছে, তাহা তোমারই, সেই বসিষ্ঠত্বগুণ দ্বারা তুমি সেই বসিষ্ঠ-গুণ সম্পন্ন হও। চক্ষু বলিল—আমি যে, প্রতিষ্ঠা আছি, তুমি সেই প্রতিষ্ঠা গুণসম্পন্ন হও; অর্থাৎ আমার যে, প্রতিষ্ঠা, তাহা তোমারই হউক। অন্য অংশের অর্থ—পূর্ব্বের অনুরূপ। যদি এইরূপই হইল—যদি তোমরা আমার জন্ত উত্তম রূপেই বলি প্রদান করিলে, তাহা হইলে, এই প্রকারে বিশেষ গুণসম্পন্ন আমার অন্ন কি? এবং আচ্ছাদন বস্ত্রই বা কি হইবে? অপর সকলে বলিল—এই জগতে কুকুর হইতে আরম্ভ করিয়া, কৃমি হইতে আরম্ভ করিয়া, কীট-পতঙ্গ হইতে আরম্ভ করিয়া এবং কুকুর, কৃমি ও কীট পতঙ্গের যাহা অন্ন (ভক্ষণীয়), তাহার সহিত প্রাণিগণের ভক্ষণীয় যাহা কিছু আছে, সেই সমস্তই তোমার অন্ন। এখানে সর্ব্বত্র প্রাণান্ন দৃষ্টি বিহিত হইতেছে।১।

কেহ কেহ বলেন যে, প্রাণান্নবিদ্ পুরুষের পক্ষে সর্ব্বান্ন-ভক্ষণেও যে, কোন দোষ হয় না, ইহা প্রতিপাদন করাই এই শ্রুতির উদ্দেশ্য; সে কথা সত্য নহে; কারণ, শাস্ত্রান্তরে সর্ব্বভক্ষণ প্রতিষিদ্ধ হইয়াছে। যদি বল যে, সেই নিষেধক শাস্ত্রের সহিত ইহার বিকল্প হউক, অর্থাৎ সর্ব্বান্ন-ভক্ষণ কাহারো পক্ষে নিষিদ্ধ, আবার কাহারো পক্ষে বিহিত, এইরূপ ব্যবস্থা হউক; না, তাহাও হইতে পারে না; কারণ, এই শ্রুতিটী সর্ব্বান্ন-ভক্ষণের বিধায়ক নহে; পরন্তু তাহার কখনও অনন্ন ভক্ষিত হয় না, এই কথাটী 'সমস্তই প্রাণের অন্ন' এই বাক্যবিহিত বিজ্ঞানের (উপাসনার) স্তুতিপ্রকাশক মাত্র; সুতরাং নিষেধক শাস্ত্রের সহিত ইহার একবাক্যতা বা একার্থ-পরতা হওয়াই উচিত, কিন্তু শাস্ত্রান্তরে বিহিত বা নিষিদ্ধ বিষয়ের বাধা করিতে ইহার শক্তি নাই; কারণ, এই বাক্যটী হইতেছে—অন্যার্থপর; অর্থাৎ প্রাণান্ন-বিজ্ঞানের স্তাবক মাত্র (১)। অতএব বুঝিতে হইবে যে, প্রাণ-

(১) তাৎপর্য্য—বস্তু বা কার্য্যবিধির প্রকাশক বাক্য সাধারণতঃ দুই শ্রেণীতে বিভক্ত; এক স্বার্থপর, অপর অন্যার্থপর। যে বাক্যের স্বপ্রতিপাদ্য বিষয় প্রতিপাদনেই তাৎপর্য্য থাকে, বুঝিতে হইবে, সেই বাক্যটী স্বার্থপর; আর যে বাক্যের অন্য কোন বিষয় প্রতিপাদনেই মুখ্য তাৎপর্য্য থাকে, প্রসঙ্গক্রমে বা মুখ্যার্থের আনুকূল্যসাধকরূপে যদি অন্য কোন বিষয় প্রতিপাদনও করে, তবে সেই বাক্য হয় অন্যার্থপর। অন্যার্থপর বাক্যোক্ত বিষয়টী শাস্ত্রান্তরবিহিত বিধির সহিত বিরুদ্ধ হইলে, কখনই তাহাকে বাধা দিতে পারে না। এখানেও প্রাণান্নবিদের যে, সর্ব্বান্ন-ভক্ষণের কথা, তাহা কেবল প্রাণান্ন-বিদ্যার প্রশংসা জ্ঞাপক মাত্র; সুতরাং এই বাক্য দ্বারা কখনই শাস্ত্রান্তরনিষিদ্ধ সর্ব্বান্নভক্ষণ বাধিত হইতে পারে না।

মাত্রেরই যে, সমস্ত বস্তু অন্নস্বরূপ, তদ্বিষয়ক দৃষ্টিই (উপাসনাই) এখানে বিধিৎসিত (বিধানের অভীপ্সিত), কিন্তু 'সমস্ত বস্তু ভক্ষণ করিবে' এই প্রকার বিধি নহে। অতএব সর্ব্বভক্ষণে যে দোষাভাব জ্ঞান, তাহা নিশ্চয়ই মিথ্যা; কারণ, সে বিষয়ে কোন প্রমাণ নাই। ২

যদি বল, বিদ্বান্ পুরুষ নিজেও যখন প্রাণস্বরূপ হইয়া যায়, তখন তাহার পক্ষে সর্ব্বান্ন গ্রহণত সম্ভবপরই হয়; সুতরাং সর্ব্বান্ন-ভক্ষণে তাহার দোষ হইবে না; না, তাহাও বলিতে পার না; কারণ, তাহার পক্ষেও সর্ব্বান্ন-গ্রহণ সম্ভবপর হয় না। অভিপ্রায় এই যে, বিদ্বান্ পুরুষ যদিও জ্ঞানবলে প্রাণস্বরূপ হন সত্য, তথাপি, যে দেহেন্দ্রিয়াদি সমষ্টিবিশেষ লইয়া তাহার বিদ্বত্তা (বিদ্যা), সেই দেহে ত কৃমি কীট ও পতঙ্গাদি ভক্ষণ করা কখনই উপপন্ন হইতে পারে না; সুতরাং তাহার জন্য যে, সর্ব্বান্ন-ভক্ষণে দোষাভাব জ্ঞাপন, তাহা সম্পূর্ণ নিরর্থক; কারণ, তাহার ভক্ষণজনিত দোষের প্রাপ্তি-সম্ভাবনাই হয় না। ৩

ভাল, বিদ্বান্ পুরুষ যখন প্রাণস্বরূপই হইয়া যান, তখন তিনি ত কৃমি কীটাদির অন্নও অবশ্যই ভক্ষণ করেন! হাঁ, একথা আংশিক সত্য বটে; কিন্তু প্রাণরূপে সর্ব্বান্ন ভক্ষণে ত কোন নিষেধও নাই; অতএব সে স্থলে যে, দোষাভাব, তাহাত দৈবরক্ত কিংশুকের তুল্য (১); সুতরাং সেইরূপে (প্রাণস্বরূপে) সর্ব্বান্ন-ভক্ষণে দোষাভাব জ্ঞাপন করিবার কিছুমাত্র প্রয়োজন নাই; কেননা, সে স্থলে অশেষান্ন ভক্ষণ-জনিত দোষের প্রাপ্তি সম্ভাবনাই নাই; [যাহার প্রাপ্তি সম্ভাবনা থাকে, তাহারই নিষেধ করা আবশ্যক হয়, অপ্রাপ্তের নিষেধ উন্মত্তের কার্য্য ভিন্ন আর কিছুই নহে]। পক্ষান্তরে, যে দেহেন্দ্রিয়-সংঘাতের সহিত সম্বন্ধনিবন্ধন সর্ব্বান্ন-ভক্ষণের নিষেধ করা হইতেছে, সেই দেহেন্দ্রিয়-সংঘাতের সম্বন্ধে ত এখানে কোনও প্রতিপ্রসব (নিষিদ্ধের পুনঃ অনুমোদন) করা হয় নাই; অতএব শাস্ত্রান্তরোক্ত প্রতিষেধের অতিক্রমে অবশ্যই দোষ হইতে পারে; যেহেতু উহা প্রাণান্ন-বিজ্ঞানের স্তুতিপর মাত্র।৪

(১) তাৎপর্য্য—'দৈবরক্ত কিংশুক' কথার অর্থ এই যে, কিংশুক (পলাশ পুষ্প) যে, রক্তবর্ণ, ইহা কোন ব্যক্তিবিশেষের চেষ্টার ফল নহে, পরন্তু দৈবকৃত; সুতরাং 'ইহা রক্ত হইল কেন?' এ প্রশ্ন সেখানে আসিতে পারে না; আলোচ্য স্থলেও প্রাণের পক্ষে সমস্তই অন্ন; সুতরাং তদ্বিষয়ে নিষেধও নাই, কোন দোষও নাই।

তাহার পর, এখানে ব্রাহ্মণাদি শরীরবিশেষের জন্য সর্ব্বান্নদর্শন বিহিত হয় নাই; পরন্তু প্রাণমাত্রেরই হইয়াছে, অর্থাৎ এখানে সাধারণতঃ সমস্ত প্রাণেরই যে, সমস্ত অন্নের সহিত সম্বন্ধ রহিয়াছে, কেবল তাহাই প্রদর্শিত হইয়াছে; কিন্তু ব্রাহ্মণাদি শরীরভেদ অনুসারে নহে। প্রাণের সর্ব্বান্নসম্বন্ধ নিশ্চিত সত্ত্বেও যেমন কোন কোন অন্নই কোন কোন প্রাণীর জীবন-রক্ষার হেতুভূত হইয়া থাকে,—যেমন বিষকৃমির পক্ষে বিষই জীবন-রক্ষার উপায়; সেই বিষ প্রাণের অন্ন হইয়াও, অপরের পক্ষে প্রত্যক্ষসিদ্ধ মরণাদি দোষ সমুৎপাদন করিয়া থাকে, তেমনি প্রাণ সর্ব্বান্নভুক্ হইলেও, ব্রাহ্মণাদিশরীরের সহিত সম্বন্ধ নিবন্ধন অর্থাৎ ব্রাহ্মণাদি-বিশিষ্টদেহমধ্যগত হওয়ায় নিষিদ্ধ দ্রব্য ভক্ষণে প্রাণের পক্ষেও নিশ্চয়ই দোষ হইবে। অতএব অভক্ষ্য-ভক্ষণে যে, দোষাভাব জ্ঞান, ইহা মিথ্যা—ভ্রমাত্মক জ্ঞান ভিন্ন আর কিছুই নহে। ৫

[এখন "আপো বাসঃ" কথার অর্থ বলা হইতেছে]; ভোজনের সময় যে জল পান করা হয়, সেই জলই তোমার বাসঃস্থানীয় (বস্ত্রস্বরূপ); এখানে ভোজনকালে যে জলপান করা হয়, সেই জলেতে প্রাণের আচ্ছাদনভাব দর্শনের বিধান করা হইতেছে, কিন্তু বস্ত্রের কার্য্য যে, আবরণ, তাহাতে কখনই জলকে বিনিযুক্ত করিতে পারা যায় না; অতএব শাস্ত্রান্তরপ্রাপ্ত জলভক্ষণেই 'বাসঃ'-দৃষ্টিমাত্র করিতে হইবে। সমস্ত বস্তুই প্রাণের অন্ন, এইরূপ জ্ঞানসম্পন্ন পুরুষের কিছুই অনন্ন (অভক্ষ্য বস্তু) ভুক্ত হয় না; যদিও তিনি কখনও অনন্ন ভক্ষণ করিয়া ফেলেন; [বুঝিতে হইবে,] তিনি অদনীয় বস্তুই ভোজন করিয়াছেন; অর্থাৎ সেইরূপ ভক্ষণজনিত দোষে তিনি সংস্পৃষ্ট হন না; ইহা যে, বিদ্যারই স্তুতিমাত্র, এ কথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। এইরূপ তিনি কখনও অনন্ন বস্তু প্রতিগ্রহ করেন না; যদিও কখন অপ্রতিগ্রাহ্য হস্তী প্রভৃতি বস্তুও প্রতিগ্রহ করেন, তাহাও প্রতিগ্রহযোগ্য অন্নই প্রতিগৃহীত হয়। সেখানেও বুঝিতে হইবে যে, অপ্রতিগ্রাহ্য বস্তুর প্রতিগ্রহজনিত দোষে তিনি লিপ্ত হন না; ইহাও উক্ত বিদ্যারই স্তুতিপ্রকাশক মাত্র। যিনি এই প্রকারে প্রাণের অন্ন অবগত হন, তাহার এইরূপ ফল হয়। প্রকৃত পক্ষে, প্রাণাত্মভাবই উক্ত বিদ্যার ফল, কিন্তু ইহা বিদ্যার ফলাভিপ্রায়ে কথিত হয় নাই, পরন্তু বিদ্যার স্তুতি অভিপ্রায়ে কথিত হইয়াছে মাত্র। ৬

ভাল, ইহাই বিদ্যার মুখ্য ফল হয় না কেন? না, তাহা হইতে পারে না; প্রাণাত্মদর্শীর প্রাণাত্মভাবই মুখ্য ফল; তাহাতে প্রাণাত্মদর্শী প্রাণাত্মক পুরুষের অভক্ষ্যও ভক্ষণীয়ই হয়; এবং প্রতিগ্রহের অযোগ্য বস্তুও প্রতিগ্রাহ্যই হয়; এইরূপে স্বভাবপ্রাপ্ত কার্য্য লইয়াই বিদ্যার স্তুতি করা হইতেছে; এই কারণেই এই বাক্যটী ফলবোধক-বিধির সমানরূপ নহে।৭

যেহেতু জলই প্রাণের বাসঃ (আচ্ছাদন); সেই হেতুই শ্রোত্রিয় বেদাধ্যায়ী বিদ্বান্ ব্রাহ্মণগণ ভোজন করিবার পূর্ব্বে আচমন করেন (জলপান করেন), এবং ভোজন করিয়াও অর্থাৎ ভোজনের পরেও আবার জল পান করিয়া থাকেন। সেই আচমনকারীদিগের যে, অভিপ্রায় কি, তাহা বলিতেছেন—[ঐরূপে জলপায়ীরা] মনে করেন যে, এই সর্ব্বার প্রাণকে তাহারা অনগ্ন (আচ্ছাদিত) করিতেছেন। আর ইহা প্রসিদ্ধও বটে, যে যাহাকে বাসঃ (বস্ত্র) দান করে, সে মনে করে যে, আমি তাহাকে অনগ্ন (উলঙ্গভাবরহিত) করিতেছি; এখানেও জলই প্রাণের বাসঃ—আচ্ছাদন—একথা পূর্ব্বে উক্ত হইয়াছে। এ কথার অভিপ্রায় এই যে, আমি যে জল পান করিতেছি, তাহা দ্বারা ফলতঃ প্রাণের অনগ্নতাই সম্পাদন করিতেছি; ভোক্তাকে এই প্রকার চিন্তা করিতে হইবে।৮

ভাল কথা, ভোজনের পূর্ব্বে ও পরে যে, লোকে আচমন করিয়া থাকে, তাহা কেবল নিজেদের শুদ্ধির জন্যই করিয়া থাকে; তাহাতে যদি প্রাণের অনগ্নতা-সম্পাদন কল্পনা করা যায়; তাহা হইলে একই আচমনের দ্বিবিধ কার্য্য (শুদ্ধি ও অনগ্নতাকরণ) হইয়া পড়ে; কিন্তু একই আচমনের দ্বিবিধ কার্য্য কল্পনা করা ত কখনই যুক্তিসম্মত হইতে পারে না। অতএব আচমন যদি শুদ্ধির জন্য হয়, তবে অনগ্নতার নিমিত্ত নহে, আর যদি অনগ্নতার জন্য হয়, তবে আর শুদ্ধির জন্য হইতে পারে না। যখন একটী কার্য্যের দুইপ্রকার উদ্দেশ্য কল্পনা করা সঙ্গত হয় না, তখন প্রাণের অনগ্নতা-সম্পাদনার্থ বরং আর একটী অতিরিক্ত আচমনই করা হউক? না, এ আপত্তি হইতে পারে না; কারণ, ক্রিয়ার দ্বৈবিধ্য উপপাদন করা যাইতে পারে। এখানে ক্রিয়া হইতেছে দুইটী—ভক্ষণের পূর্ব্বে ও পরে যে, স্মৃতিশাস্ত্রে আচমনের বিধান আছে, তাহা শুদ্ধির নিমিত্ত, এবং তাহা কেবলই ক্রিয়াত্মক, কিন্তু তাহাতে প্রায়ত্য-দর্শন প্রভৃতির (শুদ্ধি-চিন্তা প্রভৃতির) কিছুমাত্র অপেক্ষা নাই; স্মৃতিশাস্ত্র-বিহিত সেই আচমনেরই অঙ্গস্বরূপ আচমনীয় জলেতে

প্রাণের আচ্ছাদনত্ব-চিন্তামাত্র এখানে 'ইতিকর্ত্তব্যতা'রূপে বিহিত হইতেছে ; অথচ এইরূপ চিন্তা করিলে যে, আচমনের শুদ্ধি-সাধনতা, তাহাও বাধিত হয় না ; কেন না, চিন্তা ও আচমন এক ক্রিয়া নহে—ভিন্ন ক্রিয়া। অতএব বুঝিতে হইবে যে, ভোজনের পূর্ব্বে ও পরে স্মৃতিশাস্ত্রবিহিত যে, আচমন, সেই আচমনীয় জলে প্রাণের আচ্ছাদনরূপে চিন্তা করা মাত্র—অন্যত্র অবিহিত বলিয়া এখানে বিহিত হইতেছে॥ ৩১৮॥ ১৪॥

ইতি ষষ্ঠাধ্যায়ে প্রথম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ॥ ৬॥ ১॥

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

আভাষভাষ্যম্। "শ্বেতকেতুর্হ বা আরুণেয়ঃ" ইত্যস্য সম্বন্ধঃ। খিলাধিকারোঽয়ম্; তত্র যদনুক্তং তদুচ্যতে। সপ্তমাধ্যায়ান্তে জ্ঞানকর্ম-সমুচ্চয়কারিণা অগ্নের্মার্গযাচনং কৃতম্—"অগ্নে নয় সুপথা" ইতি। তত্রানেকেষাং পথাং সম্ভাবো মন্ত্রেণ সামর্থ্যাৎ প্রদর্শিতঃ; সুপথেতি বিশেষণাৎ। পন্থানশ্চ কৃতবিপাকপ্রতিপত্তিমার্গাঃ; বক্ষ্যতি চ "যৎ কৃত্বা" ইত্যাদি। তত্র চ কতি কর্ম্মবিপাক-প্রতিপত্তিমার্গাঃ, ইতি সর্ব্বসংসারগত্যুপসংহারার্থোঽয়মারম্ভঃ— এতাবতী হি সংসারগতিঃ, এতাবান্ কর্ম্মবিপাকঃ স্বাভাবিকস্য শাস্ত্রীয়স্য চ বিজ্ঞানস্যেতি ।১

যদ্যপি "দ্বয়া হ প্রাজাপত্যাঃ" ইত্যত্র স্বাভাবিকঃ পাপ্মা সূচিতঃ, ন চ তস্যেদং কার্য্যমিতি বিপাকঃ প্রদর্শিতঃ; শাস্ত্রীয়স্যৈব তু বিপাকঃ প্রদর্শিতঃ ত্র্যন্নাত্মপ্রতিপত্ত্যন্তেন; ব্রহ্মবিদ্যাপ্রারম্ভে তদ্বৈরাগ্যস্য বিবক্ষিতত্বাৎ। তত্রাপি কেবলেন কর্ম্মণা পিতৃলোকঃ, বিদ্যয়া বিদ্যাসংযুক্তেন চ কর্ম্মণা দেবলোকইত্যুক্তম্। তত্র কেন মার্গেণ পিতৃলোকং প্রতিপদ্যতে, কেন বা দেবলোকম্ ইতি নোক্তম্; তচ্চেহ খিলপ্রকরণে অশেষতো বক্তব্যমিত্যত আরভ্যতে। অন্তে চ সর্ব্বোপসংহারঃ শাস্ত্রস্যেষ্টঃ। ২

অপি চ, এতাবদমৃতত্বমিত্যুক্তম্, ন কর্ম্মণোঽমৃতত্বাশা অস্তীতি চ; তত্র হেতুর্নোক্তঃ; তদর্থশ্চায়মারম্ভঃ। যস্মাদিয়ং কর্ম্মণো গতিঃ, ন নিত্যোঽমৃতত্বে ব্যাপারোঽস্তি, তস্মাদেতাবদেব অমৃতত্বসাধনমিতি সামর্থ্যাৎ হেতুত্বং সম্পদ্যতে ॥ ৩

অপি চ, উক্তমগ্নিহোত্রে—"ন ত্বেবৈতয়োস্ত্বমুৎক্রান্তিং ন গতিং ন প্রতিষ্ঠাং ন তৃপ্তিং ন পুনরাবৃত্তিং ন লোকং প্রত্যুত্থায়িনং বেত্থ" ইতি। তত্র প্রতিবচনে "তে বা এতে আহুতী হুতে উৎক্রামতঃ" ইত্যাদিনা আহুতেঃ কার্য্যমুক্তম্; তচ্চৈতৎ কর্ত্তুরাহুতিলক্ষণস্য কর্ম্মণঃ ফলম্; ন হি কর্ত্তারমনাশ্রিত্যাহুতি-লক্ষণস্য কর্ম্মণঃ স্বাতন্ত্র্যেণোৎক্রান্ত্যাদিকার্য্যারম্ভ উপপদ্যতে, কর্ত্রর্থত্বাৎ কর্ম্মণঃ কার্য্যারম্ভস্য, সাধনাশ্রয়ত্বাচ্চ কর্ম্মণঃ। তত্রাগ্নিহোত্রস্তুত্যর্থত্বাদ্ অগ্নিহোত্রস্যৈব কার্য্যমিত্যুক্তং ষট্প্রকারমপি, ইহ তু তদেব কর্ত্তুঃ ফলমিত্যুপদি-

শ্রুতে, কর্ম্মফলবিজ্ঞানস্য বিবক্ষিতত্বাৎ। তদ্দ্বারেণ চ পঞ্চাগ্নিদর্শনমিহ উত্তরমার্গপ্রতিপত্তিসাধনং বিবিৎসিতম্। এবমশেষসংসারগত্যুপসংহারঃ, কর্ম্মকাণ্ডস্যৈষা নিষ্ঠা-ইত্যেতদ্দ্বয়ং দিদর্শয়িষুরাখ্যায়িকাং প্রণয়তি। ৪

টীকা। ব্রাহ্মণান্তরমাদায় তস্য পূর্ব্বেণ সংবন্ধং প্রতিজানীতে—শ্বেতকেতুরিতি। কোঽসৌ সংবন্ধস্তমাহ—খিলেতি। তত্র কর্ম্মকাণ্ডে জ্ঞানকাণ্ডে বা যস্য প্রাধান্যেন নোক্তং, তদস্মিন্‌ কাণ্ডে বক্তব্যমস্য খিলাধিকারত্বাৎ; তথাচ পূর্ব্বমনুক্তং বক্তুমিদং ব্রাহ্মণমিত্যর্থঃ। বক্তব্যশেষং দর্শয়িতুং বৃত্তং কীর্ত্তয়তি—অগ্রেমেতি। সমুচ্চয়কারিণো মুমুর্ষোরগ্নি প্রার্থনেঽপি কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—তত্রেতি। অধ্যায়াবসানং সপ্তম্যর্থঃ। সামর্থ্যমেব দর্শয়তি—সুপথেতীতি। বিশেষণবশাদ্বহবো মার্গা ভান্তু, কিং পুনস্তেষাং স্বরূপং? তদাহ—পন্থানমস্মেতি। তত্র বাক্যশেষমনুকূলয়তি—বক্ষ্যতি চেতি। সংপ্রত্যাকাঙ্ক্ষা-দ্বারা সমনন্তরব্রাহ্মণতাৎপর্য্যমাহ—তত্রেতি। উপসংহ্রিয়মাণাং সংসারগতিমেব পরিচ্ছিনত্তি—এতাবতী হীতি। দক্ষিণোদগধোগত্যাত্মিকেতি যাবৎ। কর্ম্মবিপাকস্তর্হি কুত্রোপসংহ্রিয়তে, তত্রাহ—এতাবানিতি। ইতিশব্দো যথোক্তসংসারগত্যতিরিক্তকর্ম্ম-বিপাকাভাবাত্তদুপসংহারার্থ এবায়মারম্ভ ইত্যুপসংহারার্থঃ।১

অথোদলীখাধিকারে সর্ব্বোঽপি কর্ম্মবিপাকোঽনর্থ এবেত্যুক্তত্বাৎপরিশিষ্টসংসারগত্যভাবাৎ কথং খিলকাণ্ডে তন্নির্দেশসিদ্ধিরত আহ—যদ্যপীতি।

কস্তর্হি বিপাকস্তত্রোক্তস্তত্রাহ—শাস্ত্রীয়স্যেতি। তত্র সুকৃতবিপাকস্যৈবোপন্যাসে হেতুমাহ—ব্রহ্মবিদ্যেতি। অনিষ্টবিপাকাত্তু বৈরাগ্যং সুকৃতাভিমুখ্যাদেব সিদ্ধমিতি ন তত্র তদ্বিবক্ষা। ইহ পুনঃ শাস্ত্রসমাপ্তৌ খিলাধিকারে তদ্বিপাকোঽপ্যুপসংহ্রিয়ত ইতি ভাবঃ। প্রকারান্তরেণ সংগতিং বক্তুমুক্তং স্মারয়তি—তত্রাপীতি। শাস্ত্রীয়-বিপাকবিষয়েঽপীত্যর্থঃ। উত্তরগ্রন্থস্য বিষয়পরিশেষার্থং পাতনিকামাহ—তত্রেতি। লোকদ্বয়ং সপ্তম্যর্থঃ। প্রাগনুক্তমপি দেবযানাদ্যত্র ব্যক্তব্যমিতি কুতো নিয়মসিদ্ধিস্তত্রাহ—তচ্চেতি। বক্তব্যশেষস্য সত্ত্বে ফলিতমাহ—ইত্যত ইতি। যর্হি প্রাগনুক্তং তদ্দেবযানাদি বক্তব্যং, প্রাগেবোক্তং তু ব্রহ্মলোকাদি কস্মাদুচ্যতে? তত্রাহ অস্তে চেতি। শাস্ত্রান্তে চেতি সংবন্ধঃ। ২

ইতশ্চেদং ব্রাহ্মণমগতার্থত্বাদারভ্যমিত্যাহ—অপি চেতি। এতাবদিত্যাত্মজ্ঞানোক্তিঃ। অমৃতত্বং তৎসাধনমিতি। চকারাদুক্তমিত্যনুষঙ্গঃ। জ্ঞানমেবামৃতত্বে হেতুরিত্যুক্তোঽর্থ-স্তত্রেতি সপ্তম্যর্থঃ। তদর্থো হেত্বপদেশার্থঃ। কথং পুনরকামাণা কর্ম্মগতিজ্ঞানমেবা-মৃতত্বসাধনমিত্যত্র হেতুত্বং প্রতিপদ্যতে, তত্রাহ—যস্মাদিত। ব্যাপারোঽস্তি কর্ম্মণ ইতি শেষঃ। সামর্থ্যাজ্জ্ঞানাতিরিক্তস্যোপায়স্য সংসারহেতুত্বনিয়মাদিত্যর্থঃ। ৩

প্রকারান্তরেণ ব্রাহ্মণতাৎপর্য্যং বক্তুমগ্নিহোত্রবিষয়ে জনকযাজ্ঞবল্ক্যসংবাদসিদ্ধমর্থমনু-বদতি—অপি চেত্যাদিনা। এতয়োরগ্নিহোত্রাহুত্যোঃ সায়ং প্রাতশ্চানুষ্ঠিতয়োরিতি যাবৎ। লোকং প্রত্যুত্থায়িনং যজমানং পরিবেষ্টয়োবং লোকং প্রত্যাবৃত্তয়োস্তয়োরমূর্ত্তানো-

পতিতয়োঃ পরলোকং প্রতি স্বাশ্রয়োত্থানহেতুং পরিণামমিত্যেতদিতি প্রশ্নষট্কমগ্নিহোত্রবিষয়ে জনকেন যাজ্ঞবল্ক্যং প্রত্যুক্তমিতি সংবন্ধঃ। তত্রেত্যাক্ষেপগতপ্রশ্নষট্কোক্তিঃ। নমু কলবত্তোঽ-শ্রবণাৎকত্তেদমাহুতিফলং ? ন হি তৎস্বতন্ত্রং সংভবতি, তত্রাহ—তয়েতি। কর্তৃবাচিপদা-ভাবাদাহুত্যপূর্ব্বস্যৈবোৎক্রান্ত্যাদিকার্য্যারম্ভকত্বান্ন তত্র কর্তৃগামিফলমুক্তমিত্যাশঙ্ক্যাহ— ম হীতি। কিংচ কারকাশ্রয়ত্বাৎকর্মণো যুক্তং তৎফলস্ত কর্তৃগামিত্বমিত্যাহ— আধমেতি। স্বাতন্ত্র্যাসংভবাদাহুত্যোঃ সকর্তৃকয়োরেব গত্যাদি বিবক্ষিতং চেত্তর্হি কথং তত্র কেবলাহুত্যোর্গত্যাদি গম্যতে ? তত্রাহ—তত্রেতি। অগ্নিহোত্রপ্রকরণং সপ্তম্যর্থঃ। অগ্নিহোত্রস্তত্যর্থত্বাৎপ্রশ্নপ্রতিবচনরূপস্ত সংদর্ভস্তেতি শেষঃ। তবচ্ছেব-গ্নিহোত্রপ্রকরণস্থিতিঃ, প্রকৃতে তু কিমায়াতং, তত্রাহ—ইহ ত্বিতি। কিমিতি বিদ্যা-প্রকরণে কর্মফলবিজ্ঞানং বিবক্ষ্যতে, তত্রাহ—তদ্দ্বারেণেতি। ব্রাহ্মণারম্ভমুপপাদিতমু-পসংহরতি—এবমিতি। সংসারগত্যুপসংহারেণ কর্মবিপাকস্ত সর্ব্বস্যৈবোপসংহারঃ সিদ্ধো ভবতি, তদতিরিক্তবিপাকাভাবাদিত্যাহ—কর্মকাণ্ডস্যেতি। যথোক্তং বস্তু দর্শয়িতুং ব্রাহ্মণমারভতে চেত্তত্র কিমিত্যাখ্যায়িকা প্রণীয়তে, তত্রাহ—ইত্যেতদ্ব্রয়মিতি। সর্ব্বমেবং পূর্ব্বোক্তং বস্তু দর্শয়িতুমিচ্ছন্বেদঃ সুখাববোধার্থমাখ্যায়িকাং করোতীত্যর্থঃ। ॥ ১

আভাস-ভাষ্যানুবাদ। এই ব্রাহ্মণোক্ত "শ্বেতকেতুর্হ আরুণেয়ঃ" ইত্যাদি বাক্যের সহিত পূর্ব্ব ব্রাহ্মণের সম্বন্ধ [প্রদর্শিত হইতেছে]। ইহাও খিল-কাণ্ড মধ্যে সন্নিবিষ্ট; পূর্ব্বে যাহা বলা হয় নাই, তাহা এখানে কথিত হইতেছে। অতীত সপ্তম অধ্যায়ের (পঞ্চমাধ্যায়ের) শেষে "অগ্নে নয় সুপথা" ইত্যাদি বাক্যে জ্ঞান ও কর্ম্মের সহানুষ্ঠানকারিকর্তৃক কৃত অগ্নির নিকট পথি-প্রার্থনা প্রদর্শিত হইয়াছে। সেই মন্ত্রে 'সুপথা' বিশেষণ দ্বারা কৌশলে অনেকপ্রকার পথের অস্তিত্বও প্রদর্শিত হইয়াছে। সেই সমস্ত পথ যে, স্বকৃত কর্ম্মবিপাক প্রাপ্তির দ্বারস্বরূপ, পরেও তাহা 'যৎকৃত্বা' ইত্যাদি বাক্যে বলা হইবে। তন্মধ্যে কর্ম্মফল প্রাপ্তির দ্বারভূত পথ যে, কতগুলি, তাহা নিরূপণের নিমিত্ত সর্ব্বপ্রকার সংসারপ্রাপ্তির উপসংহারার্থ এই প্রকরণ আরব্ধ হইতেছে। এখানে প্রদর্শিত হইতেছে যে, সংসার-গতি এত প্রকার এবং স্বভাবকৃত ও শাস্ত্রোপদেশপ্রাপ্ত জ্ঞানসহকৃত কর্ম্মের বিপাক বা শেষ ফল এতপ্রকার ইত্যাদি।১

যদিও "দ্বয়া হ প্রাজাপত্যাঃ" এইস্থলে স্বভাবজ পাপকর্ম্মও একপ্রকার কথিতই (সূচিত) হইয়াছে, তথাপি তাহার ফল বা পরিণতি প্রদর্শিত হয় নাই; অধিকন্তু, ব্রহ্মবিদ্যার প্রারম্ভে বৈরাগ্যোপযোগী বিষয় প্রতিপাদন করাও অভীপ্সিত; এই জন্য অন্নত্রয়-প্রতিপাদকপর্য্যন্ত গ্রন্থ দ্বারা কেবল শাস্ত্রীয়

বিপাকই প্রদর্শিত হইয়াছে। সেখানেও বলা হইয়াছে যে, কেবল (জ্ঞানকৃত) কর্ম্ম দ্বারা পিতৃলোক লাভ হয়, আর বিদ্যা (উপাসনা) ও বিদ্যাসংযুক্ত কর্ম্ম দ্বারা দেবলোক লাভ হয়। সে বিষয়টীও এই খিলপ্রকরণে সম্পূর্ণরূপে বলা আবশ্যক; এই জন্যই এই প্রকরণের আরম্ভ হইতেছে। বিশেষতঃ গ্রন্থশেষে সমস্ত শাস্ত্রার্থের উপসংহার করা সকলেরই অভিলষিত; [সুতরাং এখানে সে বিষয় প্রদর্শন করাও অসঙ্গত হইতেছে না]।২

আরও এক কথা, পূর্ব্বে কেবল 'ইহাই একমাত্র অমৃতত্ব' এই কথামাত্র কথিত হইয়াছে; অথচ 'কর্ম্মদ্বারা অমৃতত্বলাভের আশাও নাই' এ কথাও বলা হইয়াছে; কিন্তু সে বিষয়ে কোনও কারণ বলা হয় নাই; তাহার জন্যও এই প্রকরণের আরম্ভ আবশ্যক হইতেছে। যেহেতু ইহাই কর্ম্মের গতি বা ফল; অথচ নিত্য মোক্ষে কোন প্রকার ব্যাপারের (ক্রিয়ার) অপেক্ষা বা উপযোগিতা নাই, সেই হেতু কেবল ইহাই যে, অমৃতত্ব-সাধন, তাহা কথায় বলা না হইয়া থাকিলেও, ফলে ফলে অমৃতত্বের হেতুভাব প্রাপ্ত হইয়া থাকে, অর্থাৎ কথায় বলা না হইয়া থাকিলেও প্রকারান্তরে যে, উহা মোক্ষ-হেতু, তাহা সিদ্ধ হইতেছে।৩

বিশেষতঃ অগ্নিহোত্র-প্রকরণে কথিত হইয়াছে যে, 'তুমি নিশ্চয়ই এতদুভয়ের উৎক্রমণ (গতি প্রকার), প্রতিষ্ঠা, তৃপ্তি (ভোগ), পুনরাবৃত্তি (সংসারে পুনরায় ফিরিয়া আসা), এবং স্বর্গাদি লোকবিশেষের উদ্দেশ্যে গমন-কারীকে অর্থাৎ কে কোন লোকে যাইবে, তাহা জান না,' এই প্রশ্নের প্রত্যুত্তরকালে, 'সেই এই আহুতিদ্বয় আহুত হইয়া উৎক্রমণ করে' ইত্যাদি বাক্যে আহুতির কার্য্য উক্ত হইয়াছে। ইহাই হইতেছে ক্রিয়া-কর্ত্তার আহুতিরূপ কর্ম্মের ফল; কিন্তু কর্ত্তাকে আশ্রয় না করিয়া আহুতিরূপ কর্ম্ম কখনই স্বতন্ত্রভাবে উৎক্রমণাদি কার্য্য সমুৎপাদন করিতে পারে না; কেন না, উপকারার্থই কর্ম্মের ফলারম্ভ হইয়া থাকে, এবং কর্ম্মমাত্রই সাধনকে আশ্রয় করিয়া স্থিতিলাভ করে। সেখানে অগ্নিহোত্রযাগের প্রশংসার্থ ছয়প্রকার কার্য্যকেই অগ্নিহোত্রের ফল বলা হইয়াছে; এখানে আবার সেই ছয়প্রকার কার্য্যকেই কর্ত্তার ফল বলিয়া নির্দ্দেশ করা হইতেছে; কারণ, এখানে কর্ম্মফল-বিজ্ঞানই বিবক্ষিত বা শ্রুতির অভিপ্রেত; এবং তদুপলক্ষেই উত্তরায়ণে গতিসাধন পঞ্চাগ্নি-বিদ্যাও বিবিৎসিত হইয়াছে।

এই প্রকারে সংসারে বহু রকম গতি হইতে পারে, সে সমুদয়ের উপসংহার এবং কর্ম্মকাণ্ডের নিষ্ঠা (ফলের শেষ সীমা), এই দুইটী বিষয় প্রদর্শন করিবার ইচ্ছায় আখ্যায়িকা বিবৃত করিতেছেন—

শ্বেতকেতুর্হ বা আরুণেয়ঃ পঞ্চালানাং পরিষদমাজগাম, স আজগাম জৈবলিং প্রবাহণং পরিচারয়মাণম্, তমুদীক্ষ্যাভ্যুবাদ কুমারা৩ ইতি, স ভো৩ ইতি প্রতিশুশ্রাবানুশিষ্টোঽন্বসি পিত্রেত্যোমিতি হোবাচ ॥৩৭৯॥১॥

সরলার্থঃ। শ্বেতকেতুঃ (তন্নামকঃ) হ (ঐতিহ্যে বৈ (প্রসিদ্ধৌ) আরুণেয়ঃ (অরুণস্য অপত্যং আরুণিঃ, তস্যাপত্যং) পঞ্চালানাং (পঞ্চালপ্রদেশানাং) পরিষদম্ (সভাম্) আজগাম। [আগত্য চ] সঃ (শ্বেতকেতুঃ) পরিচারয়মাণং (স্বভৃত্যৈঃ অঙ্গসংবাহনাদি কারয়ন্তম্) জৈবলিং (জীবলস্য অপত্যং) প্রবাহণং (তন্নামধেয়ং রাজানম্) আজগাম। [রাজা] তং (শ্বেতকেতুম্) উদীক্ষ্য (বিলোক্য) অভ্যুবাদ (উক্তবান্) কুমারা৩ ইতি; [অত্র প্লুতিঃ অনাদরে]; (এবমুক্তঃ) সঃ (শ্বেতকেতুঃ) প্রতিশুশ্রাব ভো৩ ইতি; [অত্রাপি প্লুতিরনাদরার্থা]। [রাজা পপ্রচ্ছ—] [ত্বম্ পিত্রা অনু (অনুগতত্বেন) অনুশিষ্টঃ (সম্যক্ অধ্যাপিতঃ) অসি? ইতি; [শ্বেতকেতুঃ] উবাচ ওম্ (অনুশিষ্টোঽস্মি) ইতি ॥৩৭৯॥১॥

মূলানুবাদ। পুরাকালে শ্বেতকেতু নামে প্রসিদ্ধ আরুণেয় (আরুণির পুত্র) প্রসিদ্ধ পঞ্চালদেশীয় সভায় গমন করিয়াছিলেন। [সেখানে যাইয়া] তিনি জীবলের পুত্র—জৈবলি প্রবাহণনামক পঞ্চাল রাজের নিকট আসিয়াছিলেন; প্রবাহণ তখন ভৃত্যবর্গ দ্বারা শরীর-সংবাহন করাইতেছিলেন। তিনি শ্বেতকেতুকে দর্শন করিয়া অবজ্ঞা প্রকাশার্থ 'কুমারাঃ ৩' বলিয়া সম্বোধন করিলেন। শ্বেতকেতুও বিরক্তি সহকারে 'ভোঃ ৩' বলিয়া প্রত্যুত্তর প্রদান করিলেন। [রাজা বলিলেন—] তুমি তোমার পিতার নিকট উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত হইয়াছ কি? শ্বেতকেতু 'ওম্' বলিয়া শিক্ষাপ্রাপ্তির অঙ্গীকার জ্ঞাপন করিলেন ॥৩৭৯॥১॥

শাঙ্করভাষ্যম্। শ্বেতকেতুঃ নামতঃ, অরুণস্যাপত্যমারুণিঃ, তস্যাপত্যমারুণেয়ঃ। হশব্দ ঐতিহ্যার্থঃ, বৈ নিশ্চয়ার্থঃ। পিত্রা অনুশিষ্টঃ সন্ আত্মনো যশঃপ্রথনায় পঞ্চালানাং পরিষদমাজগাম। পঞ্চালাঃ প্রসিদ্ধাঃ, তেষাং পরিষদমাগত্য, জিত্বা, রাজ্ঞোঽপি পরিষদং জেষ্যামীতি গর্ব্বেণ স আজগাম—জীবলস্যাপত্যং জৈবলিং পঞ্চালরাজং প্রবাহণনামানং স্বভৃত্যৈঃ পরিচারয়মাণম্ আত্মনঃ পরিচরণং কারয়ন্তমিত্যেতৎ।

স রাজা পূর্ব্বমেব তস্য বিদ্যাভিমানগর্ব্বং শ্রুত্বা, বিনেতব্যোঽয়মিতি মত্বা, তমুদীক্ষ্য উৎপ্রেক্ষ্য আগতমাত্রমেব অভ্যুবাদ অভ্যুক্তবান্—কুমারা৩ ইতি সম্বোধ্য; ভৎসনার্থা প্লুতিঃ। এবমুক্তঃ স প্রতিশুশ্রাব—ভো৩ ইতি; ভো৩ ইতি অপ্রতিরূপমপি ক্ষত্রিয়ং প্রতি উক্তবান্ ক্রুদ্ধঃ সন্। অনুশিষ্টঃ অনুশাসিতঃ, অসি ভবসি পিত্রা—ইত্যুবাচ রাজা। প্রত্যাহেতরঃ—ওমিতি, বাঢ়ম্ অনুশিষ্টোঽস্মি; পৃচ্ছ যদি সংশয়সে॥ ৩৭৯॥ ১॥

টীকা। যদা কদাচিদতিক্রান্তে কালে বৃত্তার্থদ্যোতিত্বং নিপাতস্য দর্শয়তি—হশব্দ ইতি। যশঃপ্রথনং বিদ্বৎসু স্বকীয়বিদ্যাসামর্থ্যখ্যাপনং প্রসিদ্ধবিদ্বজ্জনবিশিষ্টত্বেনেতি শেষঃ। কৃচিজ্জয়স্য প্রাপ্তত্বং গর্ব্বে হেতুঃ। কিমিতি রাজা শ্বেতকেতুমাগতমাত্রং তদীয়াভিপ্রায়মপ্রতিপদ্য তিরস্কুর্ব্বন্নিব সংবোধিতবানিত্যাশঙ্ক্যাহ—স রাজেতি। সংবোধ্য ভৎর্সনং কৃতবানিতি শেষঃ। তদবদ্যোতি পদমিহ নাস্তীত্যাশঙ্ক্যাহ—ভৎসনার্থেতি। ভো৩ ইতি প্রতিবচনমাচার্য্যং প্রত্যুচিতং, ন ক্ষত্রিয়ং প্রতি, তস্য হীনত্বাদিত্যাহ—ভো৩ ইতীতি। অপ্রতিরূপবচনে ক্রোধং হেতুকরোতি—ক্রুদ্ধঃ সন্নিতি। পিতুঃ সকাশাত্তব লব্ধানুশাসনত্বে লিঙ্গং নাস্তীত্যাশঙ্ক্যাহ—পৃচ্ছেতি।৩৭৯।১।

ভাষ্যানুবাদ। শ্রুতির হ শব্দটী পুরাবৃত্তবোধক; এবং বৈ শব্দটী নিশ্চয়ার্থক। অরুণের পুত্র—আরুণি, তাহার পুত্র—আরুণেয়, অর্থাৎ অরুণের পৌত্র শ্বেতকেতুনামক ঋষি পিতার নিকট শিক্ষাপ্রাপ্ত হইয়া, আপনার যশঃখ্যাপনের উদ্দেশ্যে পঞ্চালদিগের সভায় গমন করিয়াছিলেন; জগতে পঞ্চালগণ অতি প্রসিদ্ধ; তাহাদের সভায় যাইয়া, বিজয়ী হইয়া, রাজসভাও জয় করিব—এইরূপ গর্ব্ব সহকারে তিনি জীবলের পুত্র—জৈবলি প্রবাহণনামক পঞ্চালরাজ, যে সময় নিজ ভৃত্যগণ দ্বারা আপনার পরিচর্য্যা (অঙ্গসংবাহনাদি) করাইতেছিলেন, সেই সময় তাহার নিকট গিয়াছিলেন।

সেই রাজা অগ্রেই শ্বেতকেতুর বিদ্যাভিমানজ গর্ব্বের কথা শ্রবণ করিয়াছিলেন, এবং মনে করিয়াছিলেন, ইহাকে শিক্ষা দিতে হইবে (বিনীত করিতে

হইবে); এইরূপ মনে করিয়া তাহাকে দেখিয়াই—উপস্থিত হইবামাত্র প্লুতস্বরে 'কুমারা৩' বলিয়া সম্বোধনপূর্ব্বক বলিলেন। ভৎর্সনার জন্য এখানে প্লুতস্বরের ব্যবহার হইয়াছে। শ্বেতকেতু এইরূপ সম্বোধিত হইয়া 'ভোঃ' শব্দে প্রতিবচন দিয়াছিলেন। যদিও, ক্ষত্রিয়ের প্রতি 'ভোঃ', শব্দে প্রত্যুত্তর দেওয়া সঙ্গত হয় নাই সত্য, তথাপি শ্বেতকেতু ক্রোধ বশতঃ ঐরূপ প্রতিবচন দিয়াছিলেন। [রাজা জিজ্ঞাসা করিলেন—] তুমি কি পিতাকর্ত্তৃক যথাযথভাবে অনুশিষ্ট—সম্যক্ শিক্ষাপ্রাপ্ত হইয়াছ? শ্বেতকেতু প্রত্যুত্তরে বলিলেন, ওম্—হাঁ, আমি শিক্ষাপ্রাপ্ত হইয়াছি; যদি তোমার সংশয় থাকে, জিজ্ঞাসা কর ॥৩৭৯॥১॥

বেত্থ যথেমাঃ প্রজাঃ প্রয়ত্যো বিপ্রতিপদ্যন্তা৩ ইতি, নেতি হোবাচ। বেত্থো যথেমং লোকং পুনরাপদ্যন্তা৩ ইতি, নেতি হৈবোবাচ। বেত্থো যথাসৌ লোক এবং বহুভিঃ পুনঃ পুনঃ প্রযদ্ভির্ন সম্পূর্য্যতা৩ ইতি, নেতি হৈবোবাচ। বেত্থো যতিথ্যামাহুত্যাং হুতায়ামাপঃ পুরুষবাচো ভূত্বা সমুত্থায় বদন্তী৩ ইতি; নেতি হৈবোবাচ। বেত্থো দেবযানস্য বা পথঃ প্রতিপদং পিতৃযাণস্য বা, যৎ কৃত্বা দেবযানং বা পন্থানং প্রতিপদ্যন্তে পিতৃযাণং বাপি হি; ন ঋষের্ব্বচঃ শ্রুতং দ্বে স্রুতী অশৃণবং পিতৃণামহং দেবানামুত মর্ত্ত্যানাম্, তাভ্যামিদং বিশ্বমেজৎ সমেতি যদন্তরা পিতরং মাতরঞ্চেতি। নাহমত একঞ্চন বেদেতি হোবাচ ॥৪৮০॥২॥

অন্বলার্থঃ। [ইদানীং রাজ্ঞঃ বচনমেব প্রপঞ্চ্যতে—'বেত্থ' ইত্যাদিনা। ইমাঃ প্রজাঃ (জায়মানা জনাঃ) প্রযত্যঃ (ম্রিয়মাণাঃ সত্যঃ) যথা (যেন রূপেণ) বিপ্রতিপদ্যন্তা৩ (বিপ্রতিপদ্যন্তে—বিভিন্নপথগামিনঃ ভবন্তি), [ইতি] বেত্থ? (জানাসি কিং?) ইতি; ন (ন বেদ্মি) ইতি উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ (ভোঃ), যথা (যেন প্রকারেণ) ইমং লোকং পুনঃ আপদ্যন্তা৩ (আপদ্যন্তে) [পরলোকগতাঃ প্রজাঃ, ইতি] বেত্থ [illegible]; ন ইতি এব উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ (ভোঃ, এবং পুনঃ পুনঃ প্রযদ্ভিঃ বহুভিঃ (জনৈঃ) অসৌ লোকঃ (পরলোকঃ) যথা ন সম্পূর্য্যতা৩ (ন সম্পূর্য্যতে ইতি) বেত্থ? ইতি; ন ইতি এব উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ

(ভোঃ), যতিথ্যাং (যৎসংখ্যাকায়াম্), আহুত্যাং [হুতায়াং সত্যাম্] আপঃ (জলপ্রধানা আহুতয়ঃ) পুরুষবাচঃ (পুরুষপদবাচ্যাঃ) ভূত্বা উত্থায় বদন্তী ৩ (বদন্তি—বাগ্ ব্যবহারং কুর্ব্বন্তি, ইতি) বেত্থ ? ইতি ; ন—এব ইতি উবাচ হ [শ্বেতকেতুঃ]। উ ভোঃ , দেবযানস্য বা পিতৃযাণস্য বা পথঃ প্রতিপদং (প্রতিপদ্যতে অনয়া ইতি প্রতিপদ্—ক্রিয়া বিদ্যা বা ; তাম্), যৎ (যাং প্রতিপদং) কৃত্বা দেবযানং বা পিতৃযাণং বা পন্থানং প্রতিপদ্যন্তে (লভন্তে প্রজাঃ), [তৎ] বেত্থ ? ইতি।

[অস্মিন্ বিষয়ে] হি নঃ (অস্মাকং—অস্মাভিঃ) ঋষেঃ (মন্ত্রস্য) বচঃ (মন্ত্রবাক্যম্)' অপি শ্রুতম্ [অস্তি]—'অহং পিতৃণাং দেবানাম্ উত (অপি) [সম্বন্ধিন্যৌ] মর্ত্ত্যানাং [গন্তব্যভূতে] দ্বে সৃতী (পন্থানৌ) অশৃণবম্ (শ্রুতবান্ অস্মি); যৎ, ইদং বিশ্বং (জগৎ) পিতরং মাতরং চ অন্তরা (দ্যাবাপৃথিব্যোর্মধ্যে), তাভ্যাং (দেবযান-পিতৃযাণপথাভ্যাম্) এজৎ (গচ্ছৎ সৎ) সমেতি (স্বোচিতং কর্ম্মফলং প্রাপ্নোতি) ইতি। অতঃ (এষু প্রশ্নেষু মধ্যে) একংচন (একমপি) অহং ন বেদ (বেদ্মি) ইতি [শ্বেতকেতুঃ] উবাচ হ ॥৩৮০॥২॥

মূলানুবাদ। [এখন প্রবাহণের প্রশ্ন বিবৃত হইতেছে—] তুমি জান কি, এই সমুদয় প্রজা (লোক) মৃত্যুর পর যাইতে যাইতে কোথায় যাইয়া বিচ্ছিন্ন হয় ? [শ্বেতকেতু] বলিলেন—না—আমি জানি না। তবে জান কি, [পরলোকগত লোকেরা] পুনর্ব্বার যে প্রকারে ইহলোকে ফিরিয়া আইসে ? শ্বেতকেতু বলিলেন—না, আমি নিশ্চয়ই জানি না। এখান হইতে বহু লোক বারংবার গমন করিলেও সেই লোকটী (স্থানটী) যে কারণে পূর্ণ হইয়া যায় না, তাহা তুমি জান কি ? শ্বেতকেতু বলিলেন—না, আমি নিশ্চয়ই তাহা জানি না। তুমি জান কি, যজ্ঞীয় আহুতির দ্রব্য সমূহ, যে আহুতিতে আহুত হইয়া, পুরুষ সংজ্ঞা লাভ করতঃ জন্মগ্রহণ করিয়া বাগ্ ব্যবহার করে ? [শ্বেতকেতু] বলিলেন—না—আমি একেবারেই জানি না। তুমি জান কি, দেবযান ও পিতৃযাণ নামক পথের প্রতিপদ্—প্রাপ্তির উপায় কি ? যাহা করিয়া লোকে দেবযান বা পিতৃযাণ পথের একটী লাভ করিয়া থাকে ? আমরা এ বিষয়ে মন্ত্রবাক্যও শ্রবণ করিয়াছি,

আমি শুনিয়াছি—মর্ত্ত্য মানবগণের গমনোপযোগী পিতৃলোকসম্বন্ধী ও দেবলোকসম্বন্ধী দুইটী পথ আছে; এই দ্যাবা-পৃথিবীর (স্বর্গ ও পৃথিবীর) মধ্যবর্ত্তী সমস্ত জগৎ ঐ দুইপথে স্ব স্ব কর্ম্মানুরূপ লোকে গমন করিয়া থাকে; শ্বেতকেতু বলিলেন—ইহার মধ্যে একটীও আমি জানি না ॥৩৮০॥

শাঙ্করভাষ্যম্। যদ্যেবম্, বেথ বিজানাসি কিম্, যথা যেন প্রকারেণ ইমাঃ প্রজাঃ প্রসিদ্ধাঃ, প্রযত্যঃ ম্রিয়মাণাঃ, বিপ্রতিপদ্যন্তা৩ ইতি বিপ্রতিপদ্যন্তে, বিচারণার্থা প্লুতিঃ; সমানেন মার্গেণ গচ্ছন্তীনাং মার্গদ্বৈবিধ্যং যত্র ভবতি, তত্র কাশ্চিৎ প্রজা অন্যেন মার্গেণ গচ্ছন্তি, কাশ্চিদন্যেনেতি বিপ্রতিপত্তিঃ; যথা তাঃ প্রজাঃ বিপ্রতিপদ্যন্তে, তৎ কিং বেথেত্যর্থঃ। নেতি হোবাচ ইতরঃ। ১

তর্হি বেথ উ যথা ইমং লোকং পুনরাপদ্যন্তা৩ ইতি পুনরাপদ্যন্তে, যথা পুনরাগচ্ছন্তি ইমং লোকম্। নেতি হৈবোচ শ্বেতকেতুঃ। বৈথ উ যথা অসৌ লোক এবং প্রসিদ্ধেন ন্যায়েন পুনঃ পুনরসকৃৎ প্রযদ্ভির্ম্রিয়মাণৈঃ যথা যেন প্রকারেণ ন সম্পূর্য্যতা৩ ইতি, ন সম্পূর্য্যতেঽসৌ লোকঃ, তৎ কিং বেথ। নেতি হৈবোবাচ। বেথ উ যতিথ্যাং যৎসঙ্খ্যাকায়াম্ আহুত্যাম্ আহুতৌ হুতায়াম্ আপঃ পুরুষবাচঃ পুরুষস্য যা বাক্, সৈব যাসাং বাক্, তাঃ পুরুষবাচঃ ভূত্বা, পুরুষশব্দবাচ্যা বা ভূত্বা, যদা পুরুষাকারপরিণতাস্তদা পুরুষবাচো ভবন্তি; সমুত্থায় সম্যক্ উত্থায় উদ্ভূতাঃ সত্যঃ বদন্তী৩ ইতি। নেতি হৈবোবাচ। যদ্যেবম্, বেথ উ দেবযানস্য পথো মার্গস্য প্রতিপদম্, প্রতিপদ্যতে যেন, সা প্রতিপৎ, তাং প্রতিপদম্, পিতৃযাণস্য বা প্রতিপদম্; প্রতিপচ্ছব্দবাচ্যমর্থমাহ —যৎ কর্ম্ম কৃত্বা যথা—বিশিষ্টং কর্ম্ম কৃত্বেত্যর্থঃ; দেবযানং বা পন্থানং মার্গং প্রতিপদ্যন্তে, পিতৃযাণং বা যৎ কর্ম্ম কৃত্বা প্রতিপদ্যন্তে, তৎ কর্ম্ম প্রতিপদুচ্যতে; তাং প্রতিপদং কিং বেথ, দেবলোক-পিতৃলোকপ্রতিপত্তিসাধনং কিং বেথেত্যর্থঃ। ২

অপ্যত্র অস্যার্থস্য প্রকাশকম্ ঋষের্মন্ত্রস্য বচঃ বাক্যং নঃ শ্রুতমস্তি, মন্ত্রোঽপ্যস্যার্থস্য প্রকাশকো বিদ্যত ইত্যর্থঃ। কোঽসৌ মন্ত্র ইত্যুচ্যতে— দ্বে সৃতী দ্বৌ মার্গাবশৃণবং শ্রুতবানস্মি; তয়োরেকা পিতৄণাং প্রাপিকা পিতৃলোকসম্বদ্ধা, তয়া সৃত্যা পিতৃলোকং প্রাপ্নোতীত্যর্থঃ। অহমশৃণবমিতি

ব্যবহিতেন সম্বন্ধঃ। দেবানাম্ উত অপি দেবানাং সম্বন্ধিনী অন্যা, দেবান্ প্রাপয়তি সা। ৩

কে পুনস্তাভ্যাং সৃতিভ্যাং পিতৄন্ দেবাংশ্চ গচ্ছন্তীত্যুচ্যতে—উতাপি মর্ত্ত্যানাং মনুষ্যাণাং সম্বন্ধিন্যৌ; মনুষ্যা এব হি সৃতিভ্যাং গচ্ছন্তীত্যর্থঃ। তাভ্যাং সৃতিভ্যামিদং বিশ্বং সমস্তম্ এজদ্ গচ্ছৎ সমেতি সংগচ্ছতে। তে চ যে সৃতী যদন্তরা যয়োরন্তরা যদন্তরা, পিতরং মাতরঞ্চ মাতাপিত্রোরন্তরা মধ্যইত্যর্থঃ। কৌ তৌ মাতাপিতরৌ? দ্যাবাপৃথিব্যাবণ্ড-কপালে "ইয়ং বৈ মাতা, অসৌ পিতা" ইতি হি ব্যাখ্যাতং ব্রাহ্মণেন। অণ্ড-কপালয়োর্ম্মধ্যে সংসারবিষয়ে এবৈতে সৃতী নাত্যন্তিকামৃতত্বগমনায়। ইতর আহ— নাহমতঃ অস্মাৎ প্রশ্নসমুদায়াদেকঞ্চন একমপি প্রশ্নং ন বেদ নাহং বেদেতি হোবাচ শ্বেতকেতুঃ ॥ ৩৮০ ॥ ২ ॥

টীকা। পদার্থমুক্ত্বা বাক্যার্থমাহ—অমামেমেতি। নাড়ীরূপেণ সাধারণেন মার্গেণাভ্যুদয়ং গচ্ছতাম্ যত্র মার্গবিপ্রতিপত্তিস্তৎকিং জানাসীতি প্রশ্নার্থঃ। বিপ্রতিপত্তিমেব বিশদয়তি—তত্রেতি। অধিকৃতপ্রজানির্দ্ধারণার্থা সপ্তমী। প্রথমপ্রশ্নং নিগময়তি—যথেতি। ১

প্রশ্নান্তরমাদত্তে—তস্মীতি। তদেব স্পষ্টয়তি—যথেতি। পরলোকগতাঃ প্রজাঃ পুনরিমং লোকং যথাগচ্ছন্তি, তথা কিং বেত্থেতি যোজনা। প্রশ্নান্তরপ্রতীকমুপাদত্তে— বেত্থেতি। তদ্ব্যাকরোতি—এবমিতি। প্রসিদ্ধো স্যায়োঽজরাম্বরাদিময়ণহেতুঃ। প্রশ্নান্তরমুত্থাপ্য ব্যাচষ্টে—বেত্থেত্যাদিনা। পুরুষশব্দবাচ্যা ভূত্বা সমুত্থায় বদন্তীতি সংবন্ধঃ। কথমপাং পুরুষশব্দবাচ্যত্বং, তদাহ—যদেতি। প্রশ্নান্তরমবতারয়তি— যদ্যোবং বেত্থেতি। পিতৃযাণস্য বা প্রতিপদং বেত্থেতি সংবন্ধঃ। যৎ কৃত্বা প্রতিপদ্যন্তে পন্থানং, তৎকর্ম্ম প্রতিপদিতি যোজনা। বাক্যার্থমাহ—দেবযানমিতি। উক্তমর্থং সংক্ষিপ্যাহ—দেবলোকেতি। ২

মার্গদ্বয়মেব নাস্তি, যয়া তৎপ্রেক্ষামাত্রেণৈব পৃচ্ছ্যতে; তত্রাহ—অপীতি। অত্রেতি কর্ম্মবিপাকপ্রক্রিয়োক্তিঃ। অস্যার্থস্য মার্গদ্বয়স্যেতোত্তৎ। তেবামেব মার্গদ্বয়েঽধিকৃতত্ব-মিতি বক্তুং হীত্যুক্তং, তদেব স্ফুটয়তি—তাভ্যামিতি। বিশ্বং সাধ্যসাধনাত্মকং সংগচ্ছতে গন্তব্যেন গন্তৃত্বেন চেতি শেষঃ। প্রকৃতমন্ত্রব্যাখ্যানপ্রস্তো ব্রাহ্মণশব্দার্থঃ। যদন্তরেত্যাদৌ বিবক্ষিতমর্থমাহ—অণ্ডকপালয়োরিতি। ৩৮০।২

ভাষ্যানুবাদ। ভাল, তুমি যদি পিতার নিকট উত্তম শিক্ষালাভ করিয়া থাক; [তবে জিজ্ঞাসা করিতেছি,] তুমি জান কি, এই সমুদয় প্রজাগণ ম্রিয়মাণ হইয়া অর্থাৎ মৃত্যুর পরক্ষণে কি প্রকারে বিপ্রতিপন্ন হয়? প্রজাগণ সমান পথে যাইলেও, যেখানে তাহাদের পথভেদ ঘটিয়া থাকে; সেখানে

কোন কোন লোক একই পথে যায়, আর কোন কোন লোক ভিন্ন পথেও যায়; এই প্রকার বিপ্রতিপত্তি অর্থাৎ বিভিন্ন পথের কথা অবগত হওয়া যায়; যে প্রকারে সেই প্রজাগণ বিভিন্ন পথে যাইয়া থাকে, তাহা জান কি? এই বিষয়টী যে, বিবেচনীয়, তাহা বুঝাইবার জন্য 'বিপ্রতিপদ্যন্তা ৩' পদে প্লুতস্বর প্রযুক্ত হইয়াছে। শ্বেতকেতু বলিল—না—আমি জানি না।১

তবে তুমি জান কি, প্রজাগণ ইহ লোকে পুনর্ব্বার যে প্রকারে ফিরিয়া আসে? শ্বেতকেতু এবারও নিষেধ করিলেন। পুনশ্চ, তুমি জান কি, প্রজাগণ মৃত্যুর পর পুনঃ পুনঃ প্রয়াণ (গমন) করিলেও, ঐ লোকটী (পরলোক) যে কারণে পরিপূর্ণ হয় না? অর্থাৎ যে কারণে ঐ লোক পরিপূর্ণ হয় না, তাহা তুমি জান কি? শ্বেতকেতু বলিলেন—না, আমি জানি না; তবে, তুমি জান কি, [হবনীয় দ্রব্যের] জল সমূহ যেসংখ্যক আহুতিতে হুত (অর্পিত) হইয়া 'পুরুষবাচঃ'—পুরুষের (মনুষ্যের) যাহা বাক্ (শব্দ), সেই শব্দসম্পন্ন (মনুষ্য) হইয়া, অথবা পুরুষপদবাচ্য হইয়া;—কেন না, যখন পুরুষাকারে পরিণত হয়, তখন ত নিশ্চয়ই পুরুষপদবাচ্যও হয়; সেই প্রকারে সমুত্থিত হইয়া অর্থাৎ জন্ম পরিগ্রহ করিয়া যে,বাগ্‌ব্যবহার করিয়া থাকে,[তাহা তুমি জান কি?]; শ্বেতকেতু 'জানি না' বলিয়া উত্তর করিলেন। যদি ইহাও না জান; তবে তুমি জান কি, দেবযান ও পিতৃযাণ পথের প্রতিপদ্ প্রাপ্তির উপায় কি? শ্রুতি নিজেই 'প্রতিপদ্' শব্দের অর্থ প্রকাশ করিয়া বলিতেছেন—যে কর্ম্ম করিয়া অর্থাৎ প্রজাগণ যে প্রকার বিশিষ্ট কর্ম্ম করিয়া দেবযান পথ প্রাপ্ত হয়, অথবা যেরূপ কর্ম্ম করিয়া পিতৃযাণ পথ প্রাপ্ত হয়, সেই কর্ম্মকে 'প্রতিপদ্' বলা হইয়া থাকে; সেই প্রতিপদ্ তুমি জান কি? অর্থাৎ দেবলোক ও পিতৃলোক লাভের উপায় কি তুমি জান? যথোক্ত বিষয়ের প্রকাশক ঋষিবচনও (মন্ত্রবাক্যও) আমাদের শ্রুত আছে, অর্থাৎ এ বিষয়ের প্রকাশক মন্ত্রও বর্ত্তমান আছে। সেই মন্ত্রটী কি, তাহা কথিত হইতেছে—'আমি দুইটী পথের কথা শুনিয়াছি; তন্মধ্যে একটী পিতৃগণের প্রাপ্তিসাধক অর্থাৎ পিতৃলোক-সম্বন্ধী, সেই পথে গেলে পিতৃলোক প্রাপ্ত হইয়া থাকে। অপর পথটী দেবসম্বন্ধী অর্থাৎ সেই পথটী দেবলোক প্রাপ্তির উপায়।৩

সেই উভয় পথে পিতৃলোকে ও দেবলোকে কাহারা গমন করে, তাহা বলা হইতেছে—সেই দুইটী পথ মর্ত্ত্যগণের অর্থাৎ মনুষ্য সম্বন্ধী; মনুষ্যগণই এই দুই পথে গমন করিয়া থাকে। এই সমস্ত জগৎই ঐ দুই পথে গমন

করিয়া সম্মিলিত হয়। ঐ পথ দুইটী, যে উভয়ের মধ্যে—পিতা ও মাতার মধ্যে অবস্থিত। সেই পিতা ও মাতা কে কে? না, দ্যাবা-পৃথিবী অর্থাৎ ব্রহ্মাণ্ডের কপাল বা আবরণদ্বয়—দ্যুলোক ও ভূলোক; 'এই পৃথিবী মাতা, এবং ঐ দ্যুলোক হইতেছে পিতা' এই ব্রাহ্মণগ্রন্থেও পিতা ও মাতা কথার এইরূপই ব্যাখ্যা রহিয়াছে। অভিপ্রায় এই যে, উক্ত পথ দুইটী অণ্ড-কপাল-দ্বয়ের মধ্যেই—সংসারেরই অন্তর্গত, কিন্তু আত্যন্তিক অমৃতত্ব বা মোক্ষপ্রাপ্তির সাধন নহে। ইহা শুনিয়া শ্বেতকেতু বলিলেন—এই সমুদয় প্রশ্নের মধ্যে একটী প্রশ্নও আমি জানি না ॥৩৮০॥২॥

অথৈনং বসত্যোপমন্ত্রয়াঞ্চক্রেঽনাদৃত্য বসতিং কুমারঃ প্রদুদ্রাব, স আজগাম পিতরম্, তং হোবাচেতি বাব কিল নো ভবান্ পুরানুশিষ্টানবোচইতি; কথং সুমেধ ইতি, পঞ্চ মা প্রশ্নান্ রাজন্যবন্ধুরপ্রাক্ষীত্ততো নৈকঞ্চন বেদেতি; কতমে ত ইতীম-ইতি হ প্রতীকান্যুদাজহার ॥ ৩৮১ ॥ ৩ ॥

অন্বয়ার্থঃ। অথ (শ্বেতকেতোরপ্রতিভানানন্তরম্) [রাজা] এনং শ্বেতকেতুং বসত্যা (বাসনিমিত্তং) উপমন্ত্রয়াঞ্চক্রে (আমন্ত্রণং কৃতবান্); কুমারঃ (শ্বেতকেতুঃ) বসতিং (রাজভবনে স্থিতিং) অনাদৃত্য (উপেক্ষ্য) প্রদুদ্রাব (দ্রুতং প্রতস্থে); সঃ পিতরং আজগাম; [আগত্য চ] তং (পিতরং) উবাচ হ—ভবান্ কিল পুরা (প্রথমং) নঃ (অস্মান্) অনুশিষ্টান্—(সম্যগুপদিষ্টান্) ইতি বাব (অবধারণে) অবোচঃ (অবোচৎ উক্তবান্)। [পিতা আহ—] হে সুমেধঃ (সুবোধ), কথম্ ইতি (কেন কারণেন এবং কথয়সি? ইত্যর্থঃ)। [শ্বেতকেতুঃ আহ—] রাজন্যবন্ধুঃ (রাজন্যাপসদঃ, মা (মাং) পঞ্চ প্রশ্নান্ অপ্রাক্ষীৎ (পৃষ্টবান্); ততঃ (তেষু) একংচন (একমপি) ন বেদ (ন বিজ্ঞাতবানস্মি) ইতি। [পিতা আহ—] কতমে (কে কে) তে প্রশ্নাঃ? ইতি; [এবমুক্তঃ শ্বেতকেতুঃ—] 'ইমে' [তে প্রশ্নাঃ] ইতি [কৃত্বা] প্রতীকানি (প্রশ্নাংশান্) উদাজহার (কথিতবান্) ॥৩৮১॥৩॥

মূলানুবাদ। অতঃপর, [রাজা শ্বেতকেতু বিদ্যাভিমানজ গর্ব্ব এইরূপে খর্ব্ব করিয়া শ্বেতকেতুকে সেখানে বাস করিবার জন্য

অনুরোধ করিয়াছিলেন; (আপনি এখানে বাস করুন; আপনার জন্য আমরা পাদ্য অর্ঘ্য আনয়ন করিতেছি, এইরূপে রাজা তাঁহাকে আমন্ত্রণ করিয়াছিলেন); কিন্তু কুমার শ্বেতকেতু বসতির আমন্ত্রণ অনাদর করিয়া দ্রুতগতিতে প্রস্থান করিলেন; তিনি পিতার নিকট আগমন করিলেন; এবং পিতাকে বলিলেন—আপনি পূর্ব্বে বলিয়াছিলেন যে, আমাদিগকে সম্পূর্ণ শিক্ষা প্রদান করিয়াছেন। [পিতা বলিলেন—] হে সুমেধ (সুবোধ), কেন [এরূপ বলিতেছ?] শ্বেতকেতু বলিলেন—রাজন্যবন্ধু অর্থাৎ নিকৃষ্ট রাজন্য প্রবাহণ আমাকে পাঁচটী প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল, আমি তাহার একটীও বুঝিতে পারি নাই। [পিতা জিজ্ঞাসা করিলেন—] সেই প্রশ্নগুলি কি কি? শ্বেতকেতু সেই প্রশ্নগুলির প্রতীক বা প্রথমাংশ-মাত্র উল্লেখ করিলেন ॥৩৮১॥৩॥

শাঙ্করভাষ্যম্। অথানন্তরম্ অপনীয় বিদ্যাভিমানগর্ব্বম্, এনং প্রকৃতং শ্বেতকেতুং বসত্যা বসতিপ্রয়োজনেনোপমন্ত্রয়াঞ্চক্রে, ইহ বসন্তু ভবন্তঃ; পাদ্যমর্ঘ্যমানীয়তামিত্যুপমন্ত্রণং কৃতবান্ রাজা; অনাদৃত্য তাং বসতিং কুমারঃ শ্বেতকেতুঃ প্রদুদ্রাব প্রতিগতবান্ পিতরং প্রতি। স চাজগাম পিতরম্; আগত্য চ উবাচ তম্, কথমিতি—বাব কিল এবং কিল নঃ অস্মান্, ভবান্ পুরা সমাবর্ত্তনকালে অনুশিষ্টান্ সর্ব্বাভির্বিদ্যাভিঃ, অবোচঃ অবোচৎ—ইতি সোপালম্ভং পুত্রস্য বচঃ শ্রুত্বা আহ পিতা—কথং কেন প্রকারেণ তব দুঃখমুপজাতম্, হে সুমেধঃ, শোভনা মেধা যস্যেতি সুমেধাঃ। ১

শৃণু, মম যথা বৃত্তম্; পঞ্চ পঞ্চসংখ্যাকান্ প্রশ্নান্ মা' রাজন্যবন্ধুঃ—রাজন্যা বন্ধবো যস্যেতি; পরিভববচনমেতৎ—রাজন্যবন্ধুরিতি; অপ্রাক্ষীৎ পৃষ্টবান্। ততস্তেষাং ন একঞ্চন একমপি ন বেদ ন বিজ্ঞাতবানস্মি। কতমে তে রাজ্ঞা পৃষ্টাঃ প্রশ্নাঃ? ইতি পিত্রা উক্তঃ পুত্রঃ—ইমে 'তে' ইতি হ প্রতীকানি মুখানি প্রশ্নানামুদাহরণায় উদাহৃতবান্ ॥ ৩৮১ ॥ ৩ ॥

টীকা। শ্বেতকেতোরভিমাননিবৃত্তিদ্যোতনার্থং বহুবচনম্। [illegible] হেতুমাহ—কুমার ইতি। এবং কিলেতি [illegible] পিতুর্বচো [illegible] দ্যোত্যতে। [illegible]

ভাষ্যানুবাদ। অতঃপর রাজা শ্বেতকেতুর বিদ্যাভিমানজনিত অহঙ্কার বিদূরিত করিয়া, এই শ্বেতকেতুকে সেখানে অবস্থান করিবার জন্য উপমন্ত্রণ করিয়াছিলেন; আপনি এখানে অবস্থান করুন; ভৃত্যগণ, ইহার নিমিত্ত পাদ্য ও অর্ঘ্য আনয়ন কর; এইরূপে রাজা তাহাকে আমন্ত্রণ করিয়াছিলেন; কিন্তু কুমার শ্বেতকেতু সেখানে অবস্থিতি অনাদর করিয়া (উপেক্ষা করিয়া) পিতার নিকট প্রতিগমন করিয়াছিলেন। তিনি পিতার নিকট আগমন করিলেন, এবং আসিয়া পিতাকে বলিলেন—। কি প্রকার বলিলেন? পূর্ব্বে—সমাবর্ত্তন সময়ে আপনি আমাকে সমস্ত বিদ্যার শিক্ষাপ্রাপ্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন; [কিন্তু বাস্তবিক পক্ষে তাহা করেন নাই]। পুত্রের এই প্রকার তিরস্কারগর্ভ বাক্য শ্রবণ করিয়া পিতা বলিলেন—হে সুমেধ, তোমার মেধা—ধারণক্ষম বুদ্ধি অতি উত্তম; অতএব হে সুমেধ, কি কারণে তোমার দুঃখ সমুৎপন্ন হইয়াছে, তাহা বল।

[পুত্র শ্বেতকেতু বলিলেন—] শ্রবণ করুন, যাহা হইয়াছে; রাজন্যগণ যাহার বন্ধু, সেই রাজন্যবন্ধু আমাকে পাঁচটী প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল; এখানে 'রাজন্যবন্ধু' কথাটী পরিভব জ্ঞাপনার্থ প্রযুক্ত হইয়াছে। সেই পঞ্চ প্রশ্নের একটীও আমি বুঝিতে পারি নাই বা জানি না। সেই প্রশ্নগুলি কি কি, ইহা পিতা জিজ্ঞাসা করিলে পর, পুত্র 'এই সেই সমুদয় প্রশ্ন' এই বলিয়া, প্রশ্নগুলির প্রতীক অর্থাৎ প্রথমাংশমাত্র উদাহরণ করিয়াছিলেন—বলিয়াছিলেন ॥৩৮১॥৩

স হোবাচ তথা নস্ত্বং তাত জানীথাঃ, যথা যদহং কিঞ্চ বেদ সর্ব্বমহং তত্তুভ্যমবোচম্, প্রেহি তু তত্র প্রতীত্য ব্রহ্মচর্য্যং বৎস্যাব ইতি। ভবানেব গচ্ছত্বিতি, স আজগাম গৌতমো যত্র প্রবাহণস্য জৈবলেরাস, তস্মা আসনমাহৃত্যোদকমাহারয়াঞ্চকারাথ হাস্মা অর্ঘ্যং চকার, তং হোবাচ বরং ভগবতে গৌতমায় দদ্ম ইতি ॥ ৩৮২ ॥ ৪ ॥

অন্বয়ার্থঃ। এবং বিষণ্ণং পুত্রমুপসান্ত্বয়ন্] পিতা উবাচ হ—হে তাত (পুত্র), [ত্বম্] নঃ (অস্মান্) তথা জানীথাঃ, যথা অহং যৎ কিঞ্চ বেদ (বেদ্মি), অহং তৎ সর্ব্বং তুভ্যম্ অবোচং (উক্তবানস্মি); [অহমপি নৈতৎ প্রশ্নপঞ্চকার্থং জানামীতি ভাবঃ]। তু (পুনঃ) প্রেহি (আগচ্ছ), তত্র

প্রতীত্য (গত্বা) ব্রহ্মচর্য্যং বৎস্যাবঃ [আবাম্] ইতি। [শ্বেতকেতুঃ আহ—]
ভবান্ এব গচ্ছতু ইতি। সঃ গৌতমঃ যত্র প্রবাহণস্য জৈবলেঃ আস
(আসনম্, সাক্ষাৎকারস্থানম্), তত্র আজগাম। তস্মৈ (আগতায়
গৌতমায়) আসনম্ আহৃত্য (আনীয়) উদকং (পাদ্যজলং) আহারয়াঞ্চকার
(আনয়ামাস ভৃত্যৈঃ) [রাজা] ; অথ (অনন্তরং) অস্মৈ (গৌতমায়) অর্ঘ্যং
(পূজাং) চকার হ ; তং উবাচ হ—ভগবতে (পূজনীয়ায়, গৌতমায় (তুভ্যং)
বরং দদ্মঃ (প্রযচ্ছামঃ) [বয়ম্] ইতি ॥৩৮২॥৪॥

মূলানুবাদ। (এই প্রকারে বিষাদগ্রস্ত পুত্রকে সান্ত্বনা
করিবার উদ্দেশ্যে) পিতা বলিলেন—তাত, (বৎস), তুমি আমাদিগকে
সেই প্রকার জানিও, যে, আমরা যাহা কিছু জানি, সে সমস্তই তোমাকে
বলিয়াছি ; (কিছুই বাকি রাখি নাই ; ফলকথা, এই পাঁচটী প্রশ্নের তত্ত্ব
আমিও জানি না) ; অতএব, এস, আমরা উভয়ে সেই রাজার নিকট
যাইয়া ব্রহ্মচর্য্য বাস করিব। (পুত্র বলিলেন), আপনিই গমন
করুন। (অতঃপর) সেই গৌতম ঋষি, যেখানে রাজা প্রবাহণ
জৈবলির বসিবার স্থান অর্থাৎ যেখানে বসিয়া রাজা সকলকে দেখা
দেন, সেইখানে আসিয়া উপস্থিত হইলেন। রাজা তাঁহাকে আসন
প্রদানপূর্ব্বক পাদপ্রক্ষালনের জল আনাইলেন ; শেষে তাঁহার অর্চ্চনা
করিলেন ; এবং তাহাকে বলিলেন যে, হে পূজনীয় গৌতম,
আপনাকে বর প্রদান করিতেছি ; [গ্রহণ করুন] ॥৩৮২॥৪॥

শাঙ্করভাষ্যম্। স হোবাচ পিতা পুত্রং ক্ষুব্ধমুপশময়ন্—তথা
তেন প্রকারেণ নঃ অস্মান্ ত্বম্—হে তাত বৎস, জানীথাঃ গৃহ্ণীথাঃ, যথা যদহং
কিঞ্চ বিজ্ঞানজাতং বেদ, সর্ব্বং তৎ তুভ্যমবোচমিত্যেব জানীথাঃ ; কোঽন্যো
মম প্রিয়তরোঽস্তি ত্বত্তঃ, যদর্থং রক্ষিষ্যে ; অহমপি এতন্ন জানামি, যদ্রাজ্ঞা
পৃষ্টম্ ; তস্মাৎ প্রেহি আগচ্ছ ; তত্র গত্বা রাজ্ঞি ব্রহ্মচর্য্যং বৎস্যাবো বিদ্যার্থ-
মিতি। স আহ,—ভবানেব গচ্ছত্বিতি, নাহং তস্য মুখং নিরীক্ষিতুমুৎসহে।
স আজগাম গৌতমঃ, গোত্রতো গৌতমঃ, আরুণিঃ, যত্র প্রবাহণস্য জৈবলেরাস
আসনম্ আস্থায়িকা ; বসীবয়ং প্রবাহিণে ; তস্মৈ গৌতমায়াগতায় আসন-
মনুরূপমাহৃত্য উদকং ভৃত্যৈরাহারয়াঞ্চকার। অথ হ অস্মৈ অর্ঘ্যং পুরোধস

কৃতবান্ মন্ত্রবৎ, মধুপর্কঞ্চ। কৃত্বা চৈবং পূজাং তং হোবাচ,—বরং ভগবতে গৌতমায় দদ্মঃ ইতি—গোঅশ্বাদিলক্ষণম্ ॥ ৩৮২ ॥ ৪ ॥

টীকা। যত্যং কিংচিদ্বেত্থ, কিঞ্চিত্ বিজ্ঞানমত্রৈব প্রিয়তমায় নাতুং বক্তিতরিত্যা-শঙ্ক্যাহ—কোঽন্যস্তু ইতি। রাজা যৎপৃষ্টং, তদহং ন বিজানামি, তথা চ তদ্বিদিত্বা বয়ং বক্তিতোঽধীত্যাশঙ্ক্যাহ—অহমপীতি। তর্হি তজ্জ্ঞানং কথং সাধ্যতামিত্যাশঙ্ক্যাহ—তদ্ব্যাদিতি ॥৩৮২॥৪॥

ভাষ্যানুবাদ। ক্রুদ্ধ পুত্রের সান্ত্বনার্থ পিতা গৌতম পুত্রকে বলিলেন—হে তাত (হে বৎস', তুমি আমাকে সেইরূপ জানিও—গ্রহণ করিও, যাহাতে বুঝিবে, আমি যাহা কিছু বিজ্ঞের বিষয় জানি, সে সমুদয়ই তোমাকে বলিয়াছি—এইরূপই বুঝিবে; কারণ, তোমা অপেক্ষা অধিক প্রিয়জন আমার আর কে আছে, যাহার জন্য আমি গোপন করিয়া রাখিব; বস্তুতঃ রাজা যাহা জিজ্ঞাসা করিয়াছে, আমিও তাহা জানি না; অতএব এস, সেখানে যাইয়া রাজার নিকট বিদ্যাগ্রহণের জন্য ব্রহ্মচর্য্য বাস করিব। শ্বেতকেতু বলিলেন—আপনিই যান; আমি তাঁহার মুখদর্শন করিতে ইচ্ছা করি না।

অনন্তর গৌতমবংশীয় আরুণি ঋষি আসিয়া সেখানে উপস্থিত হইলেন, যেখানে প্রবাহণ জৈবলির আসন—আস্থায়িকা (যেখানে বসিয়া নৃপতিগণ সাধারণকে দেখা দিয়া থাকেন,) রহিয়াছে। 'প্রবাহণস্য জৈবলেঃ' এই উভয় পদেই প্রথমাবিভক্তির অর্থে ষষ্ঠী বিভক্তি হইয়াছে। রাজা সেই আগত গৌতমকে উপযুক্ত আসন প্রদান করিয়া, ভৃত্যগণ দ্বারা জল আনয়ন করিয়াছিলেন। অনন্তর পুরোহিত দ্বারা মন্ত্রোচ্চারণপূর্ব্বক গৌতমের অর্ঘ্য ও মধুপর্ক প্রদান করিয়াছিলেন। এইরূপ পূজা সমাপন করিয়া তাঁহাকে বলিয়াছিলেন—গৌতমবংশীয় পূজনীয় আপনাকে গো অশ্বাদিরূপ বর প্রদান করিতেছি ॥৩৮২॥৪॥

স হোবাচ প্রতিজ্ঞাতো ম এষ বরো যান্তু কুমারস্যান্তে বাচমভাষথাস্তাং মে ব্রূহীতি। ৩৮৩ ॥ ৫ ॥

অন্বয়ার্থঃ। সঃ (গৌতমঃ) উবাচ হ—এষঃ (বক্ষ্যমাণঃ) বরঃ মে (মম সম্বন্ধে) [ত্বয়া] প্রতিজ্ঞাতঃ; তু (পুনঃ) কুমারস্য (শ্বেতকেতোঃ) অন্তে (সমীপে) যাং বাচং (প্রশ্নরূপাং) অভাষথাঃ (উক্তবানসি), তাম্ এব মে (মহ্যং) ব্রূহি (কথয়) ইতি ॥৩৮৩॥৫॥

মূলানুবাদ। সেই গৌতম বলিলেন—আপনি আমাকে অভিলষিত বর দিতে প্রতিজ্ঞা করিয়াছেন; (এ বিষয়ে আপনি দৃঢ়চিত্ত হউন); আপনি আমার পুত্রের নিকট যে প্রশ্নবাক্য বলিয়াছিলেন, তাহাই আমাকে বলুন; ইহাই আমার প্রার্থনীয় বর ॥৩৮৩॥৫॥

শাঙ্করভাষ্যম্। স হোবাচ গৌতমঃ, প্রতিজ্ঞাতো মে ময়ৈব বরস্তয়া; অস্যাং প্রতিজ্ঞায়াং দৃঢীকুরু আত্মানম্; যাং বাচং কুমারস্য মম পুত্রস্যান্তে সমীপে বাচম্ অভাষথাঃ প্রশ্নরূপাম্, তামেব মে ব্রূহি; স এব নো বর ইতি ॥ ৩৮৩ ॥ ৫ ॥

টীকা। বিবক্ষিতবিদ্যাগৌরবং বিবক্ষিবাহ—অস্যামিতি। তামিতি রাজোক্তা বরো নির্দিশ্যতে ॥৩৮৩॥৫॥

ভাষ্যানুবাদ। সেই গৌতম বলিলেন—আপনি আমার অন্ত এই যে, বর প্রদানের প্রতিজ্ঞা করিয়াছেন; এই প্রতিজ্ঞাতে আপনি আপনাকে দৃঢ়তর করুন। আপনি কুমার—আমার পুত্রের অন্তে—সমীপে যে প্রশ্নবচন বলিয়াছিলেন, আমাকেও সেই বাক্যই বলুন; ইহাই আমার বর ॥৩৮৩॥৫॥

স হোবাচ দৈবেষু বৈ গৌতম তদ্বরেষু, মানুষাণাং ব্রূহীতি ॥ ৩৮৪ ॥ ৬ ॥

অন্বয়ার্থঃ। সঃ (রাজা) উবাচ হ—হে গৌতম, তৎ (নূনং ত্বৎপ্রার্থিতঃ বরঃ) দৈবেষু (দেবসম্বন্ধিষু), বরেষু [অন্তর্গতঃ]; [অতঃ তৎ ন প্রার্থনীয়ম্]; মানুষাণাং (মনুষ্যসম্বন্ধিনং বরং) ব্রূহি (প্রার্থয়) ইতি ॥৩৮৪॥৬॥

মূলানুবাদ। রাজা বলিলেন—হে গৌতম, তোমার প্রার্থিত বরটী হইতেছে—দেবসম্বন্ধী বরের অন্তর্গত; (অতএব, উহা প্রার্থনা না করিয়া) তুমি মনুষ্যসম্বন্ধী বর প্রার্থনা কর ॥৩৮৪॥৬॥

শাঙ্করভাষ্যম্। স হোবাচ—দৈবেষু বরেষু তদ্বৈ গৌতম, যৎ ত্বং প্রার্থয়সে। মানুষাণামন্যতমং প্রার্থয় বরম্ ॥ ৩৮৪ ॥ ৬ ॥

টীকা। ॥৩৮৪॥৬॥

ভাষ্যানুবাদ। রাজা বলিলেন—হে গৌতম, তুমি যাহা প্রার্থনা করিতেছ, তাহা দৈব বরের অন্তর্গত ; তুমি মনুষ্যসম্বন্ধী একটি বর প্রার্থনা কর ॥৩৮৪॥৬॥

স হোবাচ বিজ্ঞায়তে হাস্তি হিরণ্যস্যাপাত্তং গো-অশ্বানাং দাসীনাং প্রবারাণাং পরিদানস্য। মা নো ভবান্ বহোরনন্তস্যা-পর্য্যন্তস্যাভ্যবদান্যো ভূদিতি, স বৈ গৌতম তীর্থেনেচ্ছাসা-ইত্যুপৈম্যহং ভবন্তমিতি, বাচা হ স্মৈব পূর্ব্ব উপযন্তি স হোপায়নকীর্ত্ত্যোবাস ॥ ৩৮৫ ॥ ৭ ॥

অন্বয়ার্থঃ। সঃ (গৌতমঃ) উবাচ হ—বিজ্ঞায়তে হ (যৎ যে যৎ যৎ বিৎসসি, তৎ সর্ব্বং ভবতা ইব ময়াপি) বিজ্ঞায়তে (বিশেষেণ জ্ঞায়তে এব ; নাস্তি মে তেন প্রয়োজনম্ ইতি ভাবঃ) । [মমাপি] হিরণ্যস্য (সুবর্ণস্য), গো-অশ্বানাং (গবাম্ অশ্বানাং চ), দাসীনাং (পরিচারিকাণাং), প্রবারাণাং (পরিবারাণাং, প্রবারাণামিতি দাসীবিশেষণং বা), তথা পরিদানস্য (পরিধানস্য বস্ত্রাদেঃ) অপাত্তং (প্রাপ্তং প্রাপ্তিঃ) অস্তি। ভবান্ নঃ (অস্মান্) অভি (প্রতি) বহোঃ (প্রভূতস্য) অনন্তস্য (অনন্তফলস্য) অপর্য্যন্তস্য (অপরিসীমস্য) [বস্তুনঃ] অবদান্যঃ (অদাতা) মা ভূৎ (সর্ব্বত্র দানশীলো ভূত্বা অস্মাসু কৃপণো ন ভবতু ভবান্-ইত্যাশয়ঃ) ইতি। [রাজা উবাচ—] হে গৌতম, সঃ [ত্বং] তীর্থেন (শাস্ত্রবিধিনা) ইচ্ছাসৈ (মৎসকাশাৎ বিদ্যামধিগন্তুমিচ্ছ) ইতি। [এবমুক্তঃ গৌতম আহ—] অহং ভবন্তং উপৈমি (শিষ্যবৃত্ত্যা উপগচ্ছামি) ইতি। পূর্ব্বে (প্রাচীনাঃ উত্তমবর্ণাঃ পুরুষাঃ) [অধমবর্ণে গুরৌ] বাচা এব উপযন্তি স্ম (শুশ্রূষণাদিকং বিনা কেবলেন শিষ্যত্বস্বীকারেণৈব শিষ্যতাং গতাঃ) হ (ঐতিহে)। [অতঃ] সঃ (গৌতমঃ) উপায়নকীর্ত্ত্যা (উপগমন-কীর্ত্তনমাত্রেণৈব) উবাস (বসতিং চকার, নতু উপগমনং কৃতবান্ ইতি ভাবঃ) ॥৩৮৫॥৭॥

মূলানুবাদ। রাজার কথা শ্রবণ করিয়া (সেই গৌতম বলিলেন— আমার জানা আছে, অর্থাৎ তুমি আমাকে যে সমুদয় বিষয় দিতে চাহিতেছ, আমি সে সমুদয় বিশেষ ভাবেই অবগত আছি, এবং হিরণ্য, গো, অশ্ব, দাসী, পরিজনবর্গ ও পরিধানাদি সমস্তই আমার

নাহে। আপনি আমার প্রতি অনন্তফলপ্রদ অপরিসীম বহুতর বিষয় প্রদানে বিমুখ হইবেন না। [রাজা বলিলেন,] হে গৌতম, বিদ্যার্থী তুমি শাস্ত্রোক্ত বিধান অনুসারে উপদেশ গ্রহণে ইচ্ছা কর। [গৌতম বলিলেন,] আমি আপনার নিকট শিষ্যভাবে উপস্থিত হইতেছি। পূর্ব্ববর্ত্তী [উত্তম বর্ণের] লোকেরা শুশ্রূষণাদি ব্যতীত কেবল বাক্য দ্বারাই অধমবর্ণীয় গুরুর সমীপে উপনত হইতেন ; [এই কথা বলিয়া] তিনি কেবল উপগমনের বা গুরুসমীপে বিনীত ভাবে উপস্থিতির উক্তি দ্বারাই বাস করিয়াছিলেন ॥৩৮৫॥৭॥

শাঙ্করভাষ্যম্। স হোবাচ গৌতমঃ—ভবতাপি বিজ্ঞায়তে হ মমাস্তি সঃ ; ন তেন প্রার্থিতেন কৃত্যং মম, যং ত্বং দিৎসসি মানুষং বরম্ ; যস্মাৎ মমাপ্যস্তি হিরণ্যস্য প্রভূতস্য অপাত্তম্ প্রাপ্তম্ ; গো-অশ্বানাম্ অপাত্ত-মস্তীতি সর্ব্বত্রানুষঙ্গঃ ; দাসীনাম্, প্রবারাণাং পরিবারাণাম্, পরিধানস্য [পরিদানস্য ?] চ ; ন চ যন্মম বিদ্যমানম্, তৎ ত্বত্তঃ প্রার্থনীয়ম্, ত্বয়া বা দেয়ম্ ; প্রতিজ্ঞাতশ্চ বরস্ত্বয়া ; ত্বমেব জানীষে, যদত্র যুক্তম্, প্রতিজ্ঞা রক্ষণীয়া ভবেতি। মম পুনরয়মভিপ্রায়ঃ—মা ভূৎ নঃ অস্মান্ অভি, অস্মানেব কেবলান্ প্রতি, ভবান্ সর্ব্বত্র বদান্যো ভূত্বা অবদান্যো মা ভূৎ কদর্য্যো মা ভূদিত্যর্থঃ ; বহোঃ প্রভূতস্য, অনন্তস্য অনন্তফলস্যেত্যেতৎ, অপর্য্যন্তস্য অপরিসমাপ্তিকস্য পুত্রপৌত্রাদিগামিকস্যেত্যেতৎ, ঈদৃশস্য বিত্তস্য মাং প্রত্যেব কেবলম্ অদাতা মা ভূৎ ভবান্ ; ন চ অন্যত্রাদেয়মস্তি ভবতঃ। এবমুক্ত আহ—স ত্বং বৈ হে গৌতম, তীর্থেন ন্যায়েন শাস্ত্রবিহিতেন বিদ্যাং মত্তঃ ইচ্ছাসে ইচ্ছ অবাপ্তুম্ ; ইত্যুক্তো গৌতম আহ—উপৈমি উপগচ্ছামি শিষ্যত্বেন অহং ভবন্তমিতি। বাচা হ স্ম এব কিল পূর্ব্বে ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়ান্ বিদ্যার্থিনঃ সন্তঃ বৈশ্যান্ বা, ক্ষত্রিয়া বা বৈশ্যান্ আপদি উপযন্তি, শিষ্যবৃত্ত্যা হি উপগচ্ছন্তি, নোপায়নশুশ্রূষাদিভিঃ ; অতঃ স গৌতমঃ হ উপায়নকীর্ত্ত্যা উপগমনকীর্ত্তন-মাত্রেণৈব উবাসোষিতবান্, ন উপায়নং চকার ॥ ৩৮৫ ॥ ৭ ॥

টীকা। মমাস্তি স ইতি বহুত্বং, তদ্গুণপরামর্শঃ—যস্ত্বমাদিত্যাদিনা। ন চ বক্তব্যং [illegible] তদাদিতি পরিহরতি ; কিং তর্হি মম [illegible]—প্রতিজ্ঞা [illegible]। [illegible] ন [illegible]—[illegible]। মা ভূদিত্যস্য [illegible] বাদায় ব্যাচষ্টে—নোহস্মানিতি। [illegible]

ইতি ভেদঃ। পরিশিষ্টং ভাষ্যং স্পষ্টার্থবাক্যার্থমাহ—বহুস্থানিত্যাদিনা। বায় প্রত্যেকমিতি নিয়মত কৃত্যং, সর্ববিধি—মচেতি। কোহসৌ তমেব্রাহ—শাস্ত্রেতি। উপসদনবাক্যং শাস্ত্রবিদ্যাচ্যতে। গৌতমো রাজানং প্রতি শিষ্যবৃত্তিং কুর্বাণঃ শাস্ত্রার্থবিয়োগনাত্তকীর্ত্যাশঙ্ক্যাহ—বাচা হেতি। আপদি সমানধিকাদা বিদ্যাপ্রাপ্ত্য-সংভবাবস্থায়ামিত্যর্থঃ। উপায়নকীর্ত্যাগমনং পাদোপসর্পণমিতি যাবৎ ।৩৮৫।৭।

ভাষ্যানুবাদ। এই কথার পর গৌতম বলিলেন—আপনিও জানেন যে, আমার ঐ বরণীয় বিষয় বিদ্যমানই আছে; আপনি যে, মনুষ্যসম্বন্ধী বর প্রদান করিতে ইচ্ছা করিতেছেন, তাহা প্রার্থনা করিয়া আমার কোনও প্রয়োজন নাই; যেহেতু আমারও প্রভূত পরিমাণে সুবর্ণ অপাত্ত—প্রাপ্ত রহিয়াছে; অপর সকল স্থলেও এই 'অপাত্ত' শব্দটির সম্বন্ধ করিতে হইবে। বহু গো অশ্ব, অনেক দাসী, প্রভূত পরিজন এবং পরিধান বস্ত্রাদি আমার প্রাপ্তই আছে। যাহা আমার বিদ্যমান আছে, তাহা কখনই আপনার নিকট আমার প্রার্থনীয় কিংবা আপনারও প্রদেয় হইতে পারে না। অথচ আপনি বর প্রদানের প্রতিজ্ঞা করিয়াছেন; এ স্থলে কি করা যুক্তিসঙ্গত, তাহা আপনিই জানেন; পালন করা কিন্তু আপনার অবশ্য কর্ত্তব্য! আমার অভিপ্রায় এই যে, আপনি সর্ব্বত্র বদান্য—দানশীল হইয়াও কেবল আমাদের প্রতি অবদান্য—কদর্য্য (অদাতা) হইবেন না। কেবল আমাদের সম্বন্ধেই আপনি বহু—প্রভূত (প্রচুর পরিমাণ) অনন্তফলপ্রদ ও অপর্য্যন্ত অর্থাৎ যাহার পরিসমাপ্তি নাই—পুত্রপৌত্রাদিভোগ্য বিত্তের অদাতা হইবেন না; অথচ অপরের নিকট ত আপনার কিছুই অদেয় হয় না।

এইরূপ উক্তির পর রাজা বলিলেন—হে গৌতম, তুমি আমার নিকট হইতে তীর্থক্রমে অর্থাৎ শাস্ত্রবিহিত নিয়মানুসারে বিদ্যাগ্রহণ করিতে ইচ্ছা কর। এই কথা শ্রবণের পর গৌতম বলিলেন—আমি শিষ্যরূপে আপনার নিকট উপস্থিত হইতেছি। পূর্ব্বতন ব্রাহ্মণগণ বিদ্যালাভের জন্য আপৎ-কালে (যখন সমান বা উৎকৃষ্ট বর্ণ হইতে বিদ্যালাভ সম্ভবপর হয় না, তখন) ক্ষত্রিয় ও বৈশ্যের নিকট, অথবা ক্ষত্রিয়গণ বৈশ্যের নিকট কেবল বাক্য দ্বারাই শিষ্যভাবে উপস্থিত হইতেন, কিন্তু উপায়ন (উপঢৌকন ও শুশ্রূষা প্রভৃতি দ্বারা নহে); এই কারণে সেই গৌতম উপায়নবিষয়ক কেবল বাক্যোচ্চারণ মাত্রেই বাস করিয়াছিলেন, কিন্তু কোন প্রকার উপায়ন ও শুশ্রূষা প্রভৃতির অনুষ্ঠান করিয়াছিলেন না।৩৮৫।৭।

স হোবাচ তথা নস্ত্বং গৌতম মাপরাধস্তব চ পিতামহাঃ, যথেয়ং বিদ্যেতঃ পূর্ব্বন্ন কস্মিংশ্চন ব্রাহ্মণ উবাস, তাং ত্বহং তুভ্যং বক্ষ্যামি, কো হি ত্বৈবং ব্রুবন্তমর্হতি প্রত্যাখ্যাতু-মিতি ॥ ৩৮৬ ॥ ৮ ॥

— **অন্বয়লাার্থঃ**। সঃ (এবমুক্তঃ রাজা) উবাচ হ—হে গৌতম, ত্বং নঃ (অস্মান্ প্রতি) তথা (তদ্বৎ) মা অপরাধাঃ (অপরাধং মা কার্ষীঃ—অস্মিন্ বিষয়ে মম অপরাধঃ ক্ষন্তব্যইত্যর্থঃ); যথা তব পিতামহাঃ (পূর্ব্বপুরুষাঃ) চ (অপি) [অস্মৎপিতামহেষু অপরাধং ন জগৃহুঃ, তথা ইত্যর্থঃ)। ইয়ং বিদ্যা (পঞ্চাগ্নিবিদ্যা) ইতঃ পূর্ব্বং (ত্বয়ি সম্প্রদানাৎ প্রাক্) কস্মিংশ্চন (কস্মিন্নপি) ব্রাহ্মণে ন উবাস (স্থিতবতী বভুব); অহং তু (পুনঃ) তাং (বিদ্যাং) তুভ্যং বক্ষ্যামি (কথয়িষ্যামি); [যুক্তং চৈতৎ, যতঃ] এবং ব্রুবন্তং (কথয়ন্তং) ত্বা (ত্বাং) হি কঃ প্রত্যাখ্যাতুম্ (নিরাকর্ত্তুং) অর্হতি (শক্নোতি, ন কোঽপীতি ভাবঃ) ॥৩৮৬॥৮॥

যাহারা এইরূপ জানে; তাহারা কাহারা? গৃহস্থগণই তাহারা। ভাল, আহাদের সম্বন্ধে ত যজ্ঞাদি সাধনানুষ্ঠানের ফলে ধূমাদি-পথের (দক্ষিণায়ণ) প্রাপ্তিই বিধিৎসিত (বিধান করিবার অভীষ্ট); না, তাহা নহে; কারণ, এবংবিধ জ্ঞানহীন গৃহস্থও বহু আছে, তাহাদের পক্ষেই যজ্ঞাদি সাধনানুষ্ঠান উপপন্ন হইতে পারে; আর অরণ্য-সম্বন্ধ অভিহিত থাকায় ভিক্ষু ও বানপ্রস্থের স্বতন্ত্রভাবেই উল্লেখ রহিয়াছে। বিশেষতঃ এই পঞ্চাগ্নিদর্শন ব্যাপারটী গৃহস্থ-কর্ত্তব্য কর্ম্মের সহিত সম্বন্ধবিশিষ্টও বটে; এই সমুদয় কারণে 'যে বিদুঃ' কথায় গৃহস্থেরই গ্রহণ বুঝিতে হইবে। এই কারণেই 'যে এবং বিদুঃ' কথায় ব্রহ্মচারীও পরিগৃহীত হইতে পারে না; কেননা, স্মৃতিপ্রমাণ হইতে জানা যায় যে, উত্তরপথেই তাহাদের প্রবেশ হইয়া থাকে, যথা—'অষ্টাশীতি-সহস্র-সংখ্যক (৮৮০০০) ঊর্দ্ধরেতা ঋষিদিগের জন্য, সূর্য্যের উত্তরদিগ্বর্ত্তী পথ নির্দ্দিষ্ট আছে; তাঁহারা সেই পথে অমৃতত্ব লাভ করিয়া থাকেন।' অতএব যে সমুদয় গৃহস্থ জানেন যে, আমরা এইরূপে অগ্নি হইতে জাত—অগ্নির সন্তান—অগ্নিস্বরূপই; তাহারা, এবং যে সমুদয় বানপ্রস্থ ও পরিব্রাজক বা ভিক্ষুক অরণ্যবাসী ও শ্রদ্ধাযুক্ত হইয়া সত্যের—হিরণ্যগর্ভনামক ব্রহ্মের উপাসনা করেন, কিন্তু বুদ্ধিবৃত্তিরূপ

শ্রদ্ধার উপাসনা করেন না, তাহারা সকলে অর্চ্চিরাদিপথে গমন করিয়া থাকেন। ৪

গৃহস্থগণ যে পর্য্যন্ত পঞ্চাগ্নিবিদ্যা কিম্বা সত্যব্রহ্ম জানিতে না পারে, ততকাল পূর্ব্বোক্ত শ্রদ্ধাদি আহুতিক্রমে পঞ্চমী আহুতি হুত হইলে পর, যোষাগ্নি (স্ত্রীরূপ অগ্নি) হইতে জন্ম লাভ করে এবং পুনশ্চ জগতে অগ্নিহোত্রাদি কর্ম্মের অনুষ্ঠান করিতে থাকে; সেই কর্ম্মের ফলে ধূমাদিক্রমে (দক্ষিণায়ন পথে) পুনর্ব্বার পিতৃলোকে, আবার পর্জ্জন্যাদিক্রমে ইহলোকে গমনাগমন করিতে থাকে। তাহার পর আবার যোষাগ্নিতে জন্ম লাভ করিয়া—পুনশ্চ কর্ম্মানুষ্ঠান করিয়া ঠিক এইরূপেই ঘটীযন্ত্রের ন্যায় গমনাগমন করত পুনঃপুনঃ আবর্ত্তিত হইতে থাকে। ৫

কিন্তু যখন তাহারা উক্ত প্রকারে জ্ঞানলাভ করিতে সমর্থ হয়, তখন তাহারা ঘটীযন্ত্রাকারে সংসার-ভ্রমি হইতে বিমুক্ত হইয়া অর্চ্চিরাদি পথে উপস্থিত হয়। এখানে 'অর্চ্চিঃ' অর্থ—কেবল অগ্নি-জ্বালা বা অগ্নিশিখা নহে; তবে কিনা, উত্তরায়ণপথে অবস্থিত অর্চ্চিঃ-শব্দবাচ্য অর্চ্চির অভিমানিনী দেবতা। তখন তাহারা সেই অর্চ্চিরভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়; যেহেতু পরিব্রাজকগণের সাক্ষাৎসম্বন্ধে অগ্নিজ্বালার (অগ্নিশিখার) সহিত কোন সম্বন্ধই নাই, সেই হেতু অর্চ্চিঃশব্দে তদভিমানিনী দেবতাই বুঝিতে হইবে। ইহার পর অহর্দেবতাকে [প্রাপ্ত হয়]; [দিনেই মরিতে হইবে], এরূপ কোন নিয়ম না থাকায় 'অহঃ' শব্দেও দিবসাভিমানিনী দেবতাই বুঝিতে হইবে। আয়ুর অবসানেই মৃত্যু হইয়া থাকে; কিন্তু এবংবিধ জ্ঞানসম্পন্ন পুরুষকে যে, কেবল দিবসেই মরিতে হইবে, (রাত্রিতে নহে), এরূপ নিয়ম করিতে পারা যায় না। বিশেষতঃ রাত্রিতে মৃত ব্যক্তিরা যে, [উৎক্রমণের জন্য] দিবসের প্রতীক্ষা করিবে, তাহাও নহে; কারণ, অন্য শ্রুতিতে আছে—'সে যখনই দেহত্যাগ করে, তৎক্ষণাৎ তাহার মন আদিত্যে গমন করে'; [সুতরাং মৃতব্যক্তির সময়-প্রতীক্ষা কল্পনা করা যাইতে পারে না]। ৬

দিবসের (অহর) পর আপূর্য্যমাণ পক্ষে [উপস্থিত হয়], অহর্দ্দেবতাকর্ত্তৃক অতিবাহিত হইয়া আপূর্য্যমাণ পক্ষের দেবতাকে প্রাপ্ত হয়; আপূর্য্যমাণ পক্ষদেবতা অর্থ—শুক্লপক্ষের অধিদেবতা। আপূর্য্যমাণ পক্ষের পর—শুক্লপক্ষীয় দেবগণকর্ত্তৃক অতিবাহিত হইয়া—আদিত্য যে ছয় মাস কাল উত্তরদিকে

গমন করেন, সেই উত্তরায়ণ ছয় মাসের অধিপতি দেবতাগণকে প্রাপ্ত হয়। এখানে 'ষণ্মাস' পদে বহুবচন (মাসান্) থাকায়, বুঝা যায় যে, উত্তরায়ণের দেবতা ছয়টী সংঘচারী অর্থাৎ দলবদ্ধ হইয়া বিচরণ করেন; সেই সমুদয় মাসের পর, ষণ্মাস-দেবতাগণকর্ত্তৃক পরিচালিত হইয়া দেবলোকাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়। দেবলোকের পর আদিত্যকে, আদিত্যের পর বৈদ্যুত পুরুষকে—বিদ্যুতের অভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়। বিদ্যুৎ-দেবতার নিকটে উপস্থিত লোকদিগকে ব্রহ্মলোকবাসী মানস—ব্রহ্মার মানস সংকল্প দ্বারা সৃষ্ট কোন পুরুষ আসিয়া ব্রহ্মলোকে লইয়া যান। 'ব্রহ্মলোকান্' এই বহুবচন হইতে প্রতীতি হয় যে, ব্রহ্মলোকেও উত্তমাধমভেদে ভূমি-বিভাগ আছে; নচেৎ বহুবচনের প্রয়োগ হইত না; বিশেষতঃ উপাসনাগত তারতম্য থাকাও সম্ভব হয়; [সুতরাং উপাসনার তারতম্যানুসারে উত্তমাধম অংশবিশেষে গতি হওয়া অনুচিত নহে]। তাহার পর, সেই ব্রহ্মলোকবাসী পুরুষকর্ত্তৃক নীত হইয়া, সেই ব্রহ্মলোকে নিজেরা উৎকর্ষ লাভ করত প্রকৃষ্ট সংবৎসর অর্থাৎ ব্রহ্মার পরিমাণে বহু কল্প পর্য্যন্ত বাস করিয়া থাকেন (১)। ৭

যাহারা ব্রহ্মলোকে গমন করে, তাহাদের আর পুনরাবৃত্তি হয় না, অর্থাৎ বর্ত্তমান জগতে তাহাদের আর পুনর্ব্বার ফিরিয়া আসিতে হয় না; [কল্পান্তরে ফিরিয়া আসিতেও পারে; ইহার যুক্তি এই যে,] অন্য বেদ-শাখায় এইরূপস্থলে 'ইহ' শব্দ পঠিত হইয়াছে। যদি বল, 'ইহ' শব্দে কেবল আকৃতিমাত্রের গ্রহণ, অর্থাৎ বর্ত্তমান সৃষ্টির অনুরূপ যত সৃষ্টি আছে বা হইবে, 'ইহ' শব্দে সেই সমস্ত সৃষ্টিই বুঝিতে হইবে;

(১) তাৎপর্য্য—অর্চ্চিঃ ও অহঃ প্রভৃতি শব্দগুলি যদিও দ্রব্য ও কালবিশেষের বাচক বলিয়া আপাততঃ মনে হয় সত্য; কিন্তু প্রকৃতপক্ষে ঐ সকল শব্দে অর্চ্চিঃ ও অহঃ প্রভৃতি দ্রব্য ও কালের অধিষ্ঠাত্রী দেবতা বুঝিতে হইবে। ঐ সমুদয় দেবতাকে বেদান্তদর্শনে 'আতিবাহিক' বলা হইয়াছে—"আতিবাহিকস্তল্লিঙ্গাৎ।" (ব্রহ্মসূত্র ৪।৩।৪) ব্রহ্মলোকগামী পুরুষদিগকে পথ দেখাইয়া লইয়া যাওয়াই ইহাদের কার্য্য। যেমন কোন কয়েদীকে দূরদেশে পাঠাইতে হইলে, পুলিশ তাহাকে লইয়া চলে, এবং অপর স্থানের স্থানীয় পুলিশের হস্তে সমর্পণ করিয়া ফিরিয়া আইসে, দ্বিতীয় পুলিশও আবার উহাকে তৃতীয় পুলিশের হস্তে অর্পণ করে, এই প্রকারে কয়েদীকে যথাস্থানে পৌছাইয়া দেয়, তেমনি আতিবাহিক দেবতারাও ব্রহ্মলোকগমনার্থী পুরুষকে ক্রমে ব্রহ্মলোকে লইয়া যায়।

যেমন "শ্বোভূতে পৌর্ণমাসীং যজেত" (কল্য পৌর্ণমাসী যাগ করিবে), এই বাক্যে 'পৌর্ণমাসী' পদটী আকৃতিমাত্রের বোধক, এখানেও তেমনি হউক ; না তাহা বলিতে পার না ; কারণ, তাহা হইলে 'ইহ' বিশেষণের কোন সার্থকতাই থাকে না, (শুধু 'নাবর্ত্তন্তে' বলিলেই হইত) ; কেন না, যদি একেবারেই পুনরাবৃত্তি না হইত, তাহা হইলে 'ইহ' বিশেষণটী সম্পূর্ণ নিরর্থক হইয়া পড়ে। 'শ্বোভূতে পৌর্ণমাসীম্' স্থলে যদি 'শ্বোভূতে' বলা না হইত, তাহা হইলে কিছুতেই উহা বুঝিতে পারা যাইত না ; কাজেই ঐরূপ বিশেষণের প্রয়োগ যুক্তিযুক্ত হইয়াছে ; সেখানেও যদি আকৃতি-বিশেষ শ্বঃশব্দের অর্থ না হয়, তবে সেখানেও শ্বঃশব্দের প্রয়োগ নিরর্থকই হয় ; অনুসন্ধান করিয়াও যেখানে ব্যবহৃত বিশেষণের কোনরূপ সার্থকতা পাওয়া যায় না, সেখানে সেই নিরর্থক বিশেষণ শব্দ পরিত্যাগ করিতে পারা যায় ; কিন্তু বিশেষণের ফলাবগতিসত্বে সেই বিশেষণ ত্যাগ করিতে পারা যায় না। অতএব এখানেও প্রতীতি হইতেছে যে, বর্ত্তমান কল্পের পরে, তাহারা পুনরায় সংসারে আইসে বা আসিতে পারে (১) ॥৬।২।১৫॥

অথ যে যজ্ঞেন দানেন তপসা লোকান্ জয়ন্তি, তে ধূমমভিসম্ভবন্তি, ধূমাদ্রাত্রিং রাত্রেরপক্ষীয়মাণপক্ষমপক্ষীয়মাণপক্ষাদ্ যান্ ষণ্মাসান্ দক্ষিণামাদিত্য এতি, মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাচ্চন্দ্রম্, তে চন্দ্রং প্রাপ্যান্নং ভবন্তি, তাংস্তত্র দেবা যথা সোমং রাজানমাপ্যায়স্বাপক্ষীয়স্বেত্যেবমেনাংস্তত্র ভক্ষয়ন্তি, তেষাং যদা তৎপর্য্যবৈত্যথেমমেবাকাশমভিনিষ্পদ্যন্তে, আকাশাদ্বায়ুং বায়োর্বৃষ্টিং বৃষ্টেঃ পৃথিবীম্, তে পৃথিবীং প্রাপ্যান্নং ভবন্তি, তে পুরুষাগ্নৌ হূয়ন্তে, ততো যোষাগ্নৌ জায়ন্তে লোকান্

(১) তাৎপর্য্য—যাহারা ব্রহ্মলোকে গমন করেন, তাহারা যদি সেখানে জ্ঞানানুশীলনের দ্বারা বাসনাশূন্য শুদ্ধসত্ত্ব হইতে পারেন, তাহা হইলে তাহাদের সেখানেই মুক্তি হয়, আর ফিরিয়া আসিতে হয় না ; কিন্তু যাহাদের সেরূপ অবস্থা না হয়, কেবল তাহাদিগকেই ভবিষ্যৎ কল্পে সংসারে ফিরিয়া আসিতে হয়।

প্রত্যুত্থায়িনস্ত এবমেবানুপরিবর্ত্তন্তেঽথ য এতৌ পন্থানৌ ন বিদুস্তে কীটাঃ পতঙ্গা যদিদং দন্দশূকম্ ॥ ৩৯৪ ॥ ১৬ ॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৬ ॥ ২ ॥

সরলার্থঃ। অথ (পক্ষান্তরে) যে (উৎক্রান্ত্যাদিপদার্থষট্‌কবিদঃ কেবলকর্ম্মিণঃ) যজ্ঞেন (অগ্নিহোত্রাদিনা), দানেন (যজ্ঞাদন্যত্র ধনসম্প্রদানেন), তপসা (ক্লেশাত্মকেন চান্দ্রায়ণাদিনা লোকান্ (স্বর্গাদীন্) জয়ন্তি (ভোগ্যতয়া বশীকুর্ব্বন্তি), তে [প্রথমং] ধূমম্ অভিসম্ভবন্তি (প্রাপ্নুবন্তি); ধূমাৎ রাত্রিম্, রাত্রেঃ অপক্ষীয়মাণপক্ষম্ (কৃষ্ণপক্ষম্); 'অপক্ষীয়মাণপক্ষাৎ [পরম্]—আদিত্যঃ যান্ ষট্ মাসান্ দক্ষিণাং (দক্ষিণাং দিশম্) এতি (গচ্ছতি), [তান্ মাসান্]; মাসেভ্যঃ পিতৃলোকম্, পিতৃলোকাৎ চন্দ্রম্, [অভিসম্ভবন্তি ইতি সর্ব্বত্র সম্বন্ধঃ]। [অত্রাপি ধূমাদিশব্দৈঃ তদভিমানিন্যো দেবতা লক্ষ্যন্তে]।

তে (ধূমাদিপথগামিনঃ) চন্দ্রং প্রাপ্য অন্নং (দেবানাং ভোগ্যং ভবন্তি); তত্র দেবাঃ [যজ্ঞে] সোমং রাজানং যথা 'আপ্যায়স্ব অপক্ষীয়স্ব' ইতি [কৃত্বা ঋত্বিজঃ ভক্ষয়ন্তি], এবং (তথা) তান্ এনান্ (এতান্ চন্দ্রলোকং গতান্) তত্র (চন্দ্রলোকে) ভক্ষয়ন্তি (ভৃত্যবৎ উপভুঞ্জতে)। তেষাং (কর্ম্মিণাং) তৎ (স্বর্গপ্রাপকং কর্ম্ম) যদা পর্য্যবৈতি (পরিক্ষীয়তে), অথ (কর্ম্মক্ষয়ানন্তরম্) ইমম্ এব (প্রসিদ্ধম্) আকাশং অভিনিষ্পদ্যন্তে (সূক্ষ্মতয়া আকাশসাম্যং ভজন্তে); আকাশাৎ বায়ুম্, বায়োঃ বৃষ্টিম্, বৃষ্টেঃ পৃথিবীং [অভিনিষ্পদ্যন্তে]। তে পৃথিবীং প্রাপ্য অন্নং ভবন্তি; তে পুনঃ অন্নরূপেণ পুরুষাগ্নৌ হূয়ন্তে; ততঃ (তদনন্তরম্) যোষাগ্নৌ—[হুতাঃ] লোকান্ প্রতি উত্থায়িনঃ জায়ন্তে (লোকবিশেষে ভোগাধিকারিণঃ সন্তঃ উৎপদ্যন্তে); তে (কর্ম্মিণঃ) এবম্ এব অনুপরিবর্ত্তন্তে (ঊর্দ্ধাধোভাবেন আবর্ত্তন্তে)। অথ (পক্ষান্তরে) যে এতৌ পন্থানৌ (দক্ষিণায়নোত্তরায়ণলক্ষণৌ, ন বিদুঃ (ন জানন্তি), তে কীটাঃ পতঙ্গাঃ, যৎ চ ইদং দন্দশূকং (দংশ-মশকাদি), [তদপি ভবন্তি] ইত্যর্থঃ ॥৩৯৪॥১৬॥

মূলানুবাদ। আর যাহারা যজ্ঞ, দান ও তপস্যা দ্বারা স্বর্গাদি লোক-লাভের অধিকারী হয়, তাহারা প্রথমে ধূমকে প্রাপ্ত হয়;

ধূমের পর রাত্রি, রাত্রির পর অপক্ষীয়মাণপক্ষ (কৃষ্ণপক্ষ), কৃষ্ণপক্ষের পর, যে ছয়মাস কাল আদিত্য দক্ষিণদিকে গমন করেন, সেই ছয়মাস, ছয় মাসের পর, পিতৃলোক, পিতৃলোকের পর চন্দ্রকে প্রাপ্ত হয়; তাহারা চন্দ্রকে প্রাপ্ত হইয়া দেবগণের অন্ন (উপভোগ্য) হইয়া থাকে; সেখানে দেবগণ তাহাদিগকে ভক্ষণ—উপভোগ করিয়া থাকেন। ঋত্বিক্‌গণ যজ্ঞেতে যেমন—'আপ্যায়স্ব অপক্ষীয়স্ব' (তৃপ্তিলাভ কর, সোমরস শেষ করিয়া ফেল) বলিয়া সোম ভক্ষণ করিয়া থাকেন, তেমনি চন্দ্রলোকগত কর্ম্মিদিগকেও দেবতারা উপভোগ করিয়া থকেন। তাহাদের ভোগানুকূল কর্ম্ম যখন পরিসমাপ্ত হইয়া যায়, তখন তাহারা এই আকাশের সমতা প্রাপ্ত হয়; আকাশের পর বায়ুসাম্য, বায়ু হইতে বৃষ্টির সহিত মিলিত হয়; বৃষ্টির পর পৃথিবীকে প্রাপ্ত হয়; তাহারা পৃথিবীকে পাইয়া—পৃথিবীতে পতিত হইয়া অন্নের—শস্যের সহিত মিলিত হয়; সেই অন্নের সহিত তাহারা আবার পুরুষরূপ অগ্নিতে আহুত হইয়া থাকে; পুরুষাগ্নি হইতে [বীর্য্যরূপে] স্ত্রীরূপ অগ্নিতে নিহিত হইয়া জন্মলাভ করে, এবং লোকবিশেষ-প্রাপ্তির উপযুক্ত হয়; তাহারা এই প্রণালাক্রমেই নিরন্তর ঘুরিয়া বেড়ায়। আর যাহারা উক্ত (দক্ষিণায়ন ও উত্তরায়ণ) দুইটী পথই জানে না, তাহারা কীট, পতঙ্গ, এবং ডাঁশ মশক প্রভৃতিরূপে জন্মলাভ করিয়া থাকে ॥৩৯৪॥১৬॥

[ইতি ষষ্ঠাধ্যায়ে দ্বিতীয় ব্রাহ্মণব্যাখ্যা ॥৬॥২॥

শাঙ্করভাষ্যম্। অথ পুনর্যে নৈবং বিদুঃ, উৎক্রান্ত্যাদ্যগ্নিহোত্র-সম্বন্ধ-পদার্থষট্‌কস্যৈব বেদিতারঃ কেবলকর্ম্মিণঃ, যজ্ঞেন অগ্নিহোত্রাদিনা, দানেন বহির্ব্বেদি ভিক্ষমাণেষু দ্রব্যসংবিভাগলক্ষণেন, তপসা বহির্ব্বেদ্যেব দীক্ষাদিব্যতিরেকেণ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিনা, লোকান্ জয়ন্তি; লোকানিতি বহুবচনাৎ তত্রাপি ফলতারতম্যমভিপ্রেতম্। তে ধূমমভিসম্ভবন্তি; উত্তরমার্গ ইব ইহাপি দেবতা এব ধূমাদিশব্দ-বাচ্যাঃ; ধূমদেবতাং প্রতিপদ্যন্ত ইত্যর্থঃ; আতিবাহিকত্বং চ দেবতানাং তদ্বদেব। ধূমাৎ রাত্রিং রাত্রিদেবতাম্,

ততঃ অপক্ষীয়মাণপক্ষম্, অপক্ষীয়মাণ-পক্ষদেবতাম্, ততো যান্ ষণ্মাসান্ দক্ষিণাং দিশমাদিত্য এতি, তান্ মাসদেবতাবিশেষান্ প্রতিপদ্যন্তে। ১

মাসেভ্যঃ পিতৃলোকম্, পিতৃলোকাৎ চন্দ্রম্। তে চন্দ্রং প্রাপ্য অন্নং ভবন্তি; তান্ তত্রান্নভূতান্ যথা সোমং রাজানমিহ যজ্ঞে ঋত্বিজঃ আপ্যায়স্বাপক্ষীয়স্ব—ইতি ভক্ষয়ন্তি,এবমেতান্ চন্দ্রং প্রাপ্তান্ কর্ম্মিণঃ ভৃত্যানিব স্বামিনঃ, ভক্ষয়ন্তি উপভুঞ্জতে দেবাঃ। আপ্যায়স্বাপক্ষীয়স্বেতি ন মন্ত্রঃ, কিন্তর্হি? অপ্যায্যাপ্যায্য চমসস্থম্, ভক্ষণেনাপক্ষয়ঞ্চ কৃত্বা পুনঃপুনর্ভক্ষয়ন্তীত্যর্থঃ। এবং দেবা অপি সোমলোকে লব্ধশরীরান্ কর্ম্মিণ উপকরণভূতান্ পুনঃপুনর্বিশ্রাময়ন্তঃ কর্ম্মানুরূপং ফলং প্রযচ্ছন্তঃ—তদ্ধি তেষামাপ্যায়নং সোমস্যাপ্যায়নমিব, উপভুঞ্জতে উরকরণভূতান্ দেবাঃ। ২

তেষাং কর্ম্মিণাং যদা যস্মিন্ কালে, তৎ যজ্ঞদানাদিলক্ষণং সোমলোকপ্রাপকং কর্ম্ম পর্য্যবৈতি পরিগচ্ছতি পরিক্ষীয়ত ইত্যর্থঃ; অথ তদা ইমমেব প্রসিদ্ধমাকাশমভিনিষ্পদ্যন্তে। যাস্তাঃ শ্রদ্ধাশব্দবাচ্যা দ্যুলোকাগ্নৌ হুতা আপঃ সোমাকারেণ পরিণতাঃ, যাভিঃ সোমলোকে কর্ম্মিণামুপভোগায় শরীরমারব্ধমপ্ময়ম্, তাঃ কর্ম্মক্ষয়াৎ হিমপিণ্ড ইবাতপসম্পর্কাৎ প্রবিলীয়ন্তে। প্রবিলীনাঃ সূক্ষ্মা আকাশভূতা ইব ভবন্তি; তদিদমুচ্যতে—ইমমেবাকাশমভিনিষ্পদ্যন্তইতি। ৩

তেঽপি কর্ম্মিণস্তচ্ছরীরাঃ সন্তঃ পুরোবাতাদিনা ইতশ্চামুতশ্চ নীয়ন্তেঽন্তরিক্ষগাঃ; তদাহ—আকাশাদ্বায়ুমিতি। বায়োর্বৃষ্টিং প্রতিপদ্যন্তে; তদুক্তম্—পর্জ্জন্যাগ্নৌ সোমং রাজানং জুহ্বতীতি। ততো বৃষ্টিভূতা ইমাং পৃথিবীং পতন্তি। তে পৃথিবীং প্রাপ্য ব্রীহিযবাদ্যন্নং ভবন্তি; তদুক্তম্—অস্মিঁল্লোকেঽগ্নৌ বৃষ্টিং জুহ্বতি, তস্যা আহুত্যা অন্নং সম্ভবতীতি। তে পুনঃ পুরুষাগ্নৌ হূয়ন্তে অন্নভূতা রেতঃসিচি। ততো রেতোভূতা যোষাগ্নৌ হূয়ন্তে ততো জায়ন্তে; তে লোকং প্রত্যুত্থায়িনস্তে লোকং প্রত্যুত্তিষ্ঠন্তোঽগ্নিহোত্রাদিকর্ম্ম অনুতিষ্ঠন্তি, ততো ধূমাদিনা পুনঃ পুনঃ সোমলোকং পুনরিমং লোকমিতি—তে এব কর্ম্মিণোঽনুপরিবর্ত্তন্তে ঘটীযন্ত্রবৎ চক্রীভূতা বম্ভ্রমন্তীত্যর্থঃ, উত্তরমার্গায়, সদ্যোমুক্তয়ে বা যাবদ্ ব্রহ্ম ন বিদুঃ "ইতি নু কাময়মানঃ সংসরতি" ইত্যুক্তম্। ৪

অথ পুনর্যে উত্তরং দক্ষিণঞ্চৈতৌ পন্থানৌ ন বিদুঃ, উত্তরস্য দক্ষিণস্য বা পথঃ প্রতিপত্তয়ে জ্ঞানং কর্ম্ম বা নানুতিষ্ঠন্তীত্যর্থঃ। তে কিং ভবন্তীত্যুচ্যতে,—

তে কীটাঃ পতঙ্গাঃ, যদিদং যচ্চ দন্দশূকং দংশমশকমিত্যেতৎ ভবন্তি। এবং হীয়ং সংসারগতিঃ কষ্টা; অস্মিন্ নিমগ্নস্য পুনরুদ্ধার এব দুর্লভঃ। তথা চ শ্রুত্যন্তরম্,—"তানীমানি ক্ষুদ্রাণ্যসকৃদাবর্ত্তীনি ভূতানি ভবন্তি জায়স্ব ম্রিয়স্ব" ইতি। তস্মাৎ সর্ব্বোৎসাহেন যথাশক্তি স্বাভাবিককর্ম্মজ্ঞানহানেন দক্ষিণোত্তর-মার্গপ্রতিপত্তিসাধনং শাস্ত্রীয়ং কর্ম্ম জ্ঞানং বা অনুতিষ্ঠেদিতি বাক্যার্থঃ। তথা-চোক্তম্—"অতো বৈ খলু দুর্নিষ্প্রপতরম্, তস্মাদস্মাজ্জুগুপ্সেত" ইতি শ্রুত্যন্তরাম্নোক্ষায় প্রবর্ত্তেতেত্যর্থঃ। অত্রাপি উত্তরমার্গ-প্রতিপত্তিসাধন এব মহান্ যত্নঃ কর্ত্তব্য ইতি গম্যতে, "এবমেবানুপরিবর্ত্তন্তে" ইত্যুক্তত্বাৎ। ৫

এবং প্রশ্নাঃ সর্ব্বে নির্ণীতাঃ। "অসৌ বৈ লোকঃ" ইত্যারভ্য "পুরুষঃ সম্ভবতি" ইতি চতুর্থঃ প্রশ্নঃ 'যতিথ্যামাহুত্যাম্' ইত্যা দঃ প্রাথম্যেন; পঞ্চমস্তু দ্বিতীয়ত্বেন, দেবযানস্য বা পথঃ প্রতিপদং পিতৃযাণস্য বেতি দক্ষিণোত্তর-মার্গপ্রতিপত্তিসাধনকথনেন; তেনৈব চ প্রথমোঽপি; অগ্নেরারভ্য কেচিদর্চ্চিঃ প্রতিপদ্যন্তে, কেচিদ্ধূমমিতি বিপ্রতিপত্তিঃ। পুনরাবৃত্তিশ্চ দ্বিতীয়ঃ প্রশ্নঃ—আকাশাদিক্রমেণেমং লোকমাগচ্ছন্তীতি; তেনৈবাসৌ লোকো ন সম্পূর্য্যতে, কীটপতঙ্গাদিপ্রতিপত্তেশ্চ কেষাঞ্চিদিতি—তৃতীয়োঽপি প্রশ্নো নির্ণীতঃ ॥৩৯৪॥১৬॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৬ ॥

টীকা। দেবযানং পন্থানমুক্ত্বা পথ্যন্তরং বক্তুং বাক্যান্তরমাদায় পদদ্বয়ং ব্যাকরোতি—অথেত্যাদিনা। কথং তে ফলভাগিনো ভবন্তীত্যাকাঙ্ক্ষায়ামাহ—যজ্ঞেনেতি। নম্নু দানতপসী যজ্ঞগ্রহণেনৈব গৃহীতে, ন পৃথগ্ গ্রহীতব্যে, তত্রাহ—বহির্ব্বেদীতি। দীক্ষাদীত্যাদিপদেন পয়োব্রতাদিযজ্ঞাঙ্গসংগ্রহঃ। তত্রেতি পিতৃলোকোক্তিঃ। অপিশব্দো ব্রহ্মলোকদৃষ্টান্তার্থঃ। ধ্রুবসংপত্তেরপুরুষার্থত্বমাশঙ্ক্যোক্তম্—উত্তরমার্গ ইবেতি। ইহাপীতি পিতৃযাণমার্গেঽপীত্যর্থঃ। তদ্দেবেত্যুত্তরমার্গগামিনীনাং দেবতানামিবেত্যর্থঃ। ১

তত্রেতি প্রকৃতলোকোক্তিঃ। কর্ম্মিণাং তর্হি দেবৈর্ভক্ষ্যমাণানাং চন্দ্রলোকপ্রাপ্তিরনর্থায়ৈ-বেত্যাশঙ্ক্যাহ—উপভুঞ্জত ইতি। অন্যথাপ্রতিভাসং ব্যাবর্ত্তয়তি—আপ্যায়স্বেতি। এবং দেবা অপীতি সংক্ষিপ্তং দার্ষ্টান্তিকং বিবৃণোতি—সোমলোক ইতি। কথং পৌনঃপুন্যেন বিপ্রাপ্তিঃ সংপাদ্যতে, তত্রাহ—কর্ম্মানুরূপমিতি। দৃষ্টান্তবদ্দার্ষ্টান্তিকে কিমিত্যাপ্যায়নং নোক্তং, তত্রাহ—তদ্বদিতি। পুনঃ পুনর্বিপ্রাপ্যাত্যমুক্তানমিতি যাবৎ। ২

লোকদ্বয়প্রাপকৌ পন্থানাবিত্থং ব্যাখ্যায় পুনরেতল্লোকপ্রাপ্তিপ্রকারমাহ—তেষামিত্যাদিনা। কথং, চন্দ্রমণ্ডলস্থিতানাং কর্ম্মিণামাকাশভাবাপত্তিরিত্যাশঙ্ক্যাহ—

যাত্বা ইতি। সোমাকারপরিণতমেব ভোজয়তি—যাবদিতি। তত্র ঝটিতি স্ত্রীভবনযোগ্যত্বাৎ দর্শয়তি—অন্ময়মিতি। বাহ্যাকাশাপত্তিরূপমেবেতি তাদেবাহ—আকাশভূতা ইবেতি। ৩

আকাশাদ্বায়ুপ্রাপ্তিপ্রকারমাহ—তে পুনরিতি। অন্নাবস্থিতৈ পূর্ববদতিদেশাদিতি তাদেবাহ—তে পৃথিবীমিতি। রেতঃসিগ্যোগোঽথেতি তারমাশ্রিত্যাহ—তে পুনরিতি। যোনেঃ শরীরমিতি স্থানমুক্ত্যাহ—তত ইতি। উৎপন্নানাং কেষাংচিদিষ্টাদিকারিত্বমাহ—লোকমিতি। কর্মানুষ্ঠানানন্তরং তৎফলপ্রাপ্তিমাহ—ততো ধূমাদিমেতি। সোমলোকে ফলভোগানন্তরং পুনরেতল্লোকপ্রাপ্তিমাহ—পুনরিতি। পৌনঃপুন্যেন বিপরিবর্তনমাবর্বিং সূচয়তি—উত্তরমার্গায়েতি। প্রাগ্‌জ্ঞানাৎ সংসরণং ষষ্ঠেঽপি ব্যাখ্যাতমিত্যাহ—ইতি ন্বিতি। ৪

স্থানদ্বয়মাবৃত্তিসহিতমুক্ত্বা স্থানান্তরং দর্শয়তি—অথেত্যাদিনা। স্থানদ্বয়াত্তৃতীয়ে স্থানে বিশেষং কথয়তি—এবমিতি। তৃতীয়ে স্থানে ছান্দোগ্যশ্রুতিং সংবাদয়তি—তথা চেতি। অমুষ্যা গতেরতিকষ্টত্বে পরিশিষ্টং বাক্যার্থমাচষ্টে—তস্মাদিতি। সর্বোৎসাহো বাক্যাবচেতসাং প্রযত্নঃ। বহুকষ্টত্বাৎ বিষয়স্থ পুনরুক্তাবয়ো দুর্লভো ভবতীতি, তত্র শ্রুত্যন্তরমমূহতি তথা চেতি। অতো বীহ্যাদিভাবাদিত্যর্থঃ। তস্মাদত্যন্তকষ্টাৎ সংসারাদিত্যর্থঃ। দক্ষিণোত্তরমার্গপ্রাপ্তিসাধনে যত্নসাধ্যমাশঙ্ক্যাহ—অত্রাপীতি। ৫

পঞ্চ প্রশ্নান্ প্রস্তুত্য কিমিতি প্রত্যেকং তেষাং নির্ণয়ো ন কৃত ইত্যাশঙ্ক্যাহ—এবমিতি। নির্ণীতং প্রকারমেব সংগৃহ্ণাতি—অসাবিত্যাদিনা। প্রাথম্যেন নির্ণীত ইতি সংবন্ধঃ। দেবযানস্যেত্যাদিঃ পঞ্চমঃ প্রশ্নঃ। স তু দ্বিতীয়মেব দক্ষিণাদিমার্গাপত্তিসাধনোক্ত্যা নির্ণীত ইত্যর্থঃ। তেনৈব মার্গদ্বয়প্রাপ্তিসাধনোপদেশেনৈবেতি যাবৎ। মৃতানাং প্রজানাং বিপ্রতিপত্তিঃ প্রথমপ্রশ্নস্ত নির্ণয়প্রকারমাহ—অগ্নেরিতি। দ্বিতীয়প্রশ্নস্বরূপমনূদ্য তস্য নির্ণীতপ্রকারং প্রকটয়তি—পুনরাবৃত্তিশ্চেতি। আগচ্ছন্তীতি নির্ণীত ইত্যুত্তরত্র সংবন্ধঃ। তেনৈব পুনরাবৃত্তেঃ সবেনেত্যর্থঃ। অমুষ্য লোকস্যাপূর্তির্হি তৃতীয়ঃ প্রশ্নঃ; স চ যাভ্যাং হেতুভ্যাং প্রাগুক্তাভ্যাং নির্ধারিতো ভবতীতি ভাবঃ। ৬। ২। ১৬।

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং ষষ্ঠাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্। ৬। ২।

ভাষ্যানুবাদ। পক্ষান্তরে, যাহারা এইপ্রকার জানে না,—কেবল অগ্নিহোত্র-যজ্ঞসম্পর্কিত উৎক্রমণাদি ছয়টী বিষয় মাত্র জানে; তাহারা যজ্ঞ—অগ্নিহোত্রাদি কর্ম্ম দ্বারা, দান—বেদীর বাহিরে ভিক্ষার্থীদিগকে দ্রব্য বিতরণ দ্বারা, এবং তপস্যা-বেদীর বাহিরেই দীক্ষাদি ভিন্ন কৃচ্ছ্র-চান্দ্রায়ণাদি দ্বারা স্বর্গাদি লোকসমূহ জয় করে (নিজেদের ভোগযোগ্য করে)। এখানে 'লোকান্' এই বহুবচন থাকায় বুঝিতে হইবে

যে, কর্ম্মানুসারে ফলেরও তারতম্য ঘটিয়া থাকে। সেই কর্ম্মিগণ প্রথমে ধূম প্রাপ্ত হয়। উত্তরায়ণ পথে অর্চ্চিঃপ্রভৃতির ন্যায় এখানেও ধূম প্রভৃতি শব্দে তদভিমানিনী দেবতা বুঝিতে হইবে; পূর্ব্বের ন্যায় ইহারাও আতিবাহিক; অতএব তাহারা প্রথমে ধূমাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়। ধূমের পর রাত্রিকে—রাত্রির দেবতাকে, তাহার পর অপক্ষীয়মাণ পক্ষকে অর্থাৎ কৃষ্ণপক্ষাভিমানিনী দেবতাকে, সেখান হইতে—সূর্য্যদেব যে ছয়মাস কাল দক্ষিণদিকে গমন করেন, সেই ষণ্মাস-দেবতা-দিগকে প্রাপ্ত হয়। ১

মাসের পর পিতৃলোক, পিতৃলোকের পর চন্দ্রলোক প্রাপ্ত হয়; তাহারা চন্দ্রকে পাইয়া অর্থাৎ চন্দ্রলোকে যাইয়া অন্ন হইয়া থাকে। যজ্ঞে ঋত্বিক্‌গণ যেরূপ 'আপ্যায়স্ব, অপক্ষীয়স্ব' বলিয়া সোমরস পান করেন, তদ্রূপ দেবগণও চন্দ্রলোকগত সেই সকল কর্ম্মী পুরুষকে—প্রভুরা যেমন ভৃত্যবর্গকে ভোগ করিয়া থাকেন, তেমনি উপভোগ করেন। এখানে 'আপ্যায়স্ব অপক্ষীয়স্ব' কথাটী মন্ত্র নহে, পরন্তু ইহার অর্থ এই যে, ঋত্বিক্‌গণ চমসস্থিত সোমপান সময়ে যে প্রকার, 'ইহা ভক্ষণ কর, এবং তৃপ্তিলাভ কর', এই বলিয়া ভক্ষণ করত উহার ক্ষয়সাধন করেন, এবং পুনঃ পুনঃ তাহা ভক্ষণ করেন; এই প্রকার দেবগণও চন্দ্রলোকে লব্ধশরীর ও নিজেদের ভোগোপকরণভূত কর্ম্মী পুরুষদিগকে কর্ম্মানুরূপ ফল প্রদানপূর্ব্বক আপ্যায়িত করেন; সোমরসের ন্যায় ইহাদের পক্ষেও উহাই আপ্যায়ন; এইরূপে আপ্যায়িত করিয়া উপভোগ করিয়া থাকেন। ২

যে সময় সেই কর্ম্মীদিগের চন্দ্রলোকপ্রাপ্তি-সাধন যজ্ঞাদি কর্ম্ম অর্থাৎ কর্ম্মজনিত পুণ্য সম্পূর্ণরূপে ক্ষয়প্রাপ্ত হয়, সেই সময় তাহারা এই লোকপ্রসিদ্ধ আকাশ প্রাপ্ত হয়; শ্রদ্ধাশব্দবাচ্য যে জল দ্যুলোকাগ্নিতে আহুত হইয়া সোমাকারে পরিণত হইয়াছিল, এবং যে সমুদয় জল দ্বারা কর্ম্মীদিগের উপভোগের নিমিত্ত সোমলোকে জলময় শরীর আরব্ধ হইয়াছিল, কর্ম্মক্ষয়ের পর সেই সমুদয় জল সূর্য্যকিরণ-সংস্পর্শে হিমপিণ্ডের ন্যায় গলিয়া যায়; গলিবার পর সে সমুদয় জল আকাশের মত সূক্ষ্ম হইয়া থাকে; 'ইমম্ এব আকাশম্ অভিনিষ্পদ্যন্তে' কথায় এই অভিপ্রায়ই ব্যক্ত করা হইয়াছে। ৩

সেই কর্ম্মিগণ পূর্ব্ব শরীরে থাকিয়াই পুরোবাতাদি (পূর্ব্বদিকের বায়ু প্রভৃতি) দ্বারা পরিচালিত হইয়া পুনর্ব্বার আকাশেই এদিকে সেদিকে নীত হইতে থাকে; 'আকাশাৎ বায়ুম্' কথায় তাহাই ব্যক্ত করা হইল। অনন্তর বায়ু হইতে বৃষ্টি প্রাপ্ত হয়; এই কথাই "পর্জ্জন্যাগ্নৌ সোমং রাজানং জুহ্বতি" বাক্যে কথিত হইয়াছে। তাহার পর, বৃষ্টিরূপে এই পৃথিবীতে পতিত হয়; তাহারা পৃথিবীতে পতিত হইয়া ধান্য ও যব প্রভৃতি অন্নরূপে প্রাদুর্ভূত হয়; ইহাই 'অস্মিন্ লোকে অগ্নৌ বৃষ্টিং জুহ্বতি, তস্যা আহুত্যা অন্নং সম্ভবতি" বাক্যে বর্ণিত হইয়াছে। তাহারা অন্নরূপেই আবার রেতঃসেক-সমর্থ পুরুষরূপ অগ্নিতে আহুত হয়; তাহার পর শুক্ররূপে স্ত্রীরূপ অগ্নিতে আহুত হয়; ইহার পর জন্মলাভ করিয়া থাকে; এবং তাহারাই লোকের প্রতি উত্থিত হয়, অর্থাৎ তাহারাই স্বর্গাদি লোকোদ্দেশে ঐরূপে উত্থান করত অগ্নিহোত্রাদি কর্ম্মের অনুষ্ঠান করিতে থাকে। তাহার পর বারংবার সোমলোকে এবং পুনর্ব্বার ইহলোকে,—এইরূপে কর্ম্মিগণ ঘটীযন্ত্রের ন্যায় চক্রাকারে নিরন্তর পরিভ্রমণ করিতে থাকে,—যতকাল তাহারা উত্তরায়ণ পথের জন্য বা সদ্যোমুক্তির নিমিত্ত ব্রহ্মকে জানিতে না পারে। পূর্ব্বেও কথিত হইয়াছে যে, 'কামনাশালী লোক এইরূপে সংসারী হইয়া থাকে' ইত্যাদি। ৪

আর যাহারা উত্তরায়ণ বা দক্ষিণায়ন কোন পথই জানে না, অর্থাৎ উত্তরায়ণ বা দক্ষিণায়ন পথ লাভের জন্য জ্ঞান বা কর্ম্মের অনুষ্ঠান করে না, তাহারা কি হয়? সে কথা বলিতেছেন—তাহারা কীট, পতঙ্গ এবং এই যে, দন্দশূক—পুনঃপুনঃ দংশনশীল ডাঁশ মশক প্রভৃতি, সেই সমুদয় জন্ম প্রাপ্ত হয়। এই যে, সংসারগতি, ইহা এমনই কষ্টকর যে, ইহার মধ্যে নিমগ্ন ব্যক্তির পুনরায় উদ্ধার পাওয়া বড়ই কঠিন। এতদনুরূপ অন্য শ্রুতিও আছে—'তাহারা পুনঃপুনঃ আবৃত্তিস্বভাব 'জায়স্ব-ম্রিয়স্ব' মাত্র পরিচিত এই সমস্ত ক্ষুদ্র প্রাণীরূপে প্রাদুর্ভূত হয়; ইত্যাদি। অতএব মানুষ স্ব স্ব শক্তি অনুসারে পূর্ণ উৎসাহের সহিত স্বাভাবিক জ্ঞান ও কর্ম্মানুষ্ঠান পরিত্যাগপূর্ব্বক দক্ষিণ ও উত্তরায়ণ পথ প্রাপ্তির উপায়ভূত জ্ঞান ও কর্ম্মের অনুষ্ঠান করিবে, ইহাই উক্ত বাক্যের তাৎপর্য্যার্থ। অন্য শ্রুতিতেও এইরূপ কথাই উক্ত হইয়াছে—'ইহা হইতে অর্থাৎ অনুভাব প্রাপ্তি হইতে নিষ্ক্রান্ত হওয়াই বড় কষ্টকর; অতএব এই অবস্থা প্রাপ্তির

উপায়ে ঘৃণা করিবে; এই শ্রুতির উপদেশ হইতে বুঝা যায় যে, মোক্ষ লাভের জন্যই যত্ন করিবে। এখানেও বুঝা যাইতেছে যে, উত্তরমার্গ-প্রাপ্তির উপায় বিষয়েই সমধিক যত্ন করিতে হইবে, ইহাই উক্ত বাক্যের যথার্থ অর্থ; কেন না, এই শ্রুতিতেও উক্ত হইয়াছে যে, 'এই রকমেই বারংবার সংসারে আবর্তিত হইয়া থাকে'; [এই কথাটী বৈরাগ্যেরই উদ্দীপক]। এইরূপে প্রশ্ন পাঁচটীর উত্তর নিরূপিত হইল। ৫

[বিশেষ এই যে,] 'অসৌ বৈ লোকঃ' হইতে আরম্ভ করিয়া 'পুরুষঃ সম্ভবতি' পর্য্যন্ত যে, কয়েকটী প্রশ্ন করা হইয়াছে, তন্মধ্যে 'যতিথ্যাম্ আহুত্যাম্' এই চতুর্থ প্রশ্নটী প্রথম প্রশ্নরূপে, পঞ্চম প্রশ্নটীও 'দেবযান বা পিতৃযাণ পথের প্রাপ্তিসাধন[জান কি ?]' এইরূপে দক্ষিণ ও উত্তরায়ণ পথের প্রাপ্তিসাধন কথন প্রসঙ্গে দ্বিতীয় প্রশ্নোত্তররূপে কথিত হইয়াছে; প্রথম প্রশ্নও তাহা দ্বারাই নিরূপিত হইয়াছে—'কেহ কেহ অগ্নির পর অর্চ্চিঃ প্রাপ্ত হয়, কেহ কেহ বা ধূম প্রাপ্ত হয়' ইত্যাদি; পুনরাবৃত্তি বিষয়ে, যে দ্বিতীয় প্রশ্ন —'আকাশাদিক্রমে ইহলোকে আগমন করিয়া থাকে' ইত্যাদি; এই প্রশ্নের উত্তর দ্বারাই 'কেহ কেহ কীট পতঙ্গাদি দেহ প্রাপ্ত হয় বলিয়াই ঐ চন্দ্রলোক পরিপূর্ণ হইয়া যায় না', এই বাক্যে তৃতীয় প্রশ্নেরও উত্তর নির্ণীত হইল। ॥৩৯৪॥১৬॥

ইতি ষষ্ঠাধ্যায়ে দ্বিতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥৬॥২॥

স যঃ কাময়েত মহৎ প্রাপ্নুয়ামিত্যুদগয়ন আপূর্য্যমাণপক্ষস্য পুণ্যাহে দ্বাদশাহমুপসদ্ব্রতী ভূত্বৌদুম্বরে কংসে চমসে বা সর্ব্বৌষধং ফলানীতি সম্ভৃত্য পরিসমুহ্য পরিলিপ্যাগ্নিমুপসমাধায় পরিস্তীর্য্যাবৃতাজ্যং সংস্কৃত্য পুংসা নক্ষত্রেণ মন্থং সন্নীয় জুহোতি—যাবন্তো দেবাস্ত্বয়ি জাতবেদস্তির্য্যঞ্চো ঘ্নন্তি পুরুষস্য কামান্ তেভ্যোঽহং ভাগধেয়ং জুহোমি, তে মা তৃপ্তাঃ সর্ব্বৈঃ কামৈস্তর্পয়ন্তু স্বাহা। যা তিরশ্চী নিপদ্যতেঽহং বিধরণী ইতি তাং ত্বা ঘৃতস্য ধারয়া যজে সংরাধনীমহং স্বাহা॥ ৩৯৫ ॥ ১ ॥

সরলার্থঃ। সঃ যঃ (যঃ কশ্চিৎ) কাময়েত—মহৎ (মহত্বং—লোকপ্রাধান্যম্) প্রাপ্নুয়াম্ [অহম্] ইতি; [সঃ] উদগয়নে (উত্তরায়ণে) আপূর্য্যমাণপক্ষস্য (শুক্লপক্ষস্য) পুণ্যাহে (পুণ্যতিথৌ) দ্বাদশাহং (পুণ্যাহাৎ প্রাক্ দ্বাদশাহং ব্যাপ্য) উপসদ্ব্রতী (উপসদঃ জ্যোতিষ্টোমযাগে প্রসিদ্ধাঃ; তত্র পয়োভক্ষণরূপং যৎ ব্রতং—নিয়মবিশেষঃ, তদ্ব্রতবিশিষ্টঃ) ভূত্বা, কংসে (কংসাকারে) চমসে (চমসাকারে) বা ঔদুম্বরে (উদুম্বরবৃক্ষনির্ম্মিতে পাত্রে) সর্ব্বৌষধং (গ্রাম্যম্ আরণ্যং চ ওষধিসমূহং) ফলানি (তৎফলানি চ) ইতি (যথাশাস্ত্রং) সংভৃত্য (যথাশক্তি সমাহৃত্য), পরিসমুহ্য (ভূমিং বিশোধ্য) পরিলিপ্য (গোময়াদিভিঃ ভূমিসংস্কারং কৃত্বা), অগ্নিম্ উপসমাধায় (প্রজ্বাল্য) পরিস্তীর্য্য (কুশান্ বিস্তীর্য্য) আবৃতা (স্থালীপাকেন) আজ্যং সংস্কৃত্য (কর্ম্মোপযোগি কৃত্বা), পুংসা (পুরুষজাতীয়েন) নক্ষত্রেণ [উপলক্ষিতে পুণ্যাহে] মন্থং (ঘৃতদধি-মধুসম্মিশ্রং সর্ব্বৌষধিফলবিশিষ্টং) সন্নীয় (আত্মনঃ অগ্নেশ্চ মধ্যে সমানীয়) [বক্ষ্যমাণৈঃ মন্ত্রৈঃ] জুহোতি—

হে জাতবেদঃ (জাতং জাতং বেত্তীতি জাতবেদাঃ, তৎসম্বোধনম্), ত্বয়ি [বিদ্যমানাঃ ত্বদধীনা ইত্যর্থঃ] যাবন্তঃ দেবাঃ তির্য্যঞ্চঃ (বক্রমতয়ঃ সন্তঃ) পুরুষস্য (জনস্য) (কামান্ ইষ্টান্ অর্থান্) ঘ্নন্তি (প্রতিবধ্নন্তি); অহং তেভ্যঃ (দেবেভ্যঃ) ভাগধেয়ং (আজ্যভাগং) জুহোমি। তে (দেবাঃ) তৃপ্তাঃ

(প্রসন্নাঃ সন্তঃ) মা (মাং) সর্ব্বৈঃ কামৈঃ তর্পয়ন্তু স্বাহা ; ['স্বাহা' ইতি হবিস্ত্যাগার্থঃ ; ইতি প্রথমমন্ত্রার্থঃ]।

তিরশ্চী (কুটিলমতিঃ) যা (দেবতা) ত্বা (ত্বাম্ আশ্রিতা সতী) 'অহং বিধরণী' ('সর্ব্বস্যৈব বিধারিকা অহমস্মি,' ইতি [মত্বা] নিপদ্যতে (প্রবর্ত্ততে), অহং তাং সংরাধনীং (সর্ব্বার্থসাধিনীং দেবতাং) ঘৃতস্য ধারয়া যজে স্বাহা [ইতি দ্বিতীয়মন্ত্রার্থঃ] ॥৩১৫॥১॥

মূলানুবাদ। যে কোন লোক যদি কামনা করে যে, আমি মহত্ত্ব (শ্রেষ্ঠত্ব) লাভ করিব ; সেই লোক উত্তরায়ণে শুক্লপক্ষে পুরুষ-জাতীয় নক্ষত্রযুক্ত পুণ্যদিবসে, পূর্ব্ব হইতে দ্বাদশদিবসব্যাপী উপসদ্ব্রত ধারণপূর্ব্বক [কংস এক প্রকার পাত্র,] তদাকার কিংবা চমসাকার ঔডুম্বর (যজ্ঞডুমুর বৃক্ষনির্ম্মিত) পাত্রে শাস্ত্রোক্ত গ্রাম্য ও আরণ্য সমস্ত ওষধি ও ফলসমূহ যথাশক্তি সংস্থাপনপূর্ব্বক ভূমি সংশোধন ও বিলেপন করিয়া অগ্নি আনয়ন করত কুশ বিস্তীর্ণ করিয়া স্থালীপাকপূর্ব্বক আজ্যসংস্কার করিয়া অগ্নি ও নিজের মধ্য স্থলে মন্থ আনয়নপূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রদ্বারা হোম করিবে।—

[প্রথম মন্ত্রের অর্থ এইরূপ—] হে জাতবেদঃ—অগ্নে, তোমাতে আশ্রিত যে সমস্ত দেবতা ক্রূরবুদ্ধিসম্পন্ন হইয়া লোকের অভিলষিত বিষয় সমূহ বিনাশ করে—পাইতে বাধা জন্মায়, আমি তাহাদের উদ্দেশে আজ্যভাগ হোম করিতেছি ; তাহারা পরিতৃপ্ত হইয়া সমস্ত কাম দ্বারা (প্রার্থনীয় বিষয়) দ্বারা আমাকে তৃপ্ত করুক—[এই মন্ত্রোচ্চারণ পূর্ব্বক] 'স্বাহা' বলিয়া হোম করিবে।

[দ্বিতীয় মন্ত্রের অর্থ এইরূপ—] কুটিলমতি যে দেবতা তোমাকে আশ্রয় করিয়া মনে করে যে, 'আমিই সকলের ধারণকর্ত্তা ; আমি সর্ব্বার্থসাধিনী' ; সেই দেবতাকে ঘৃতদ্বারা অর্চ্চনা করিতেছি ; এই বলিয়া 'স্বাহা' শব্দ উচ্চারণপূর্ব্বক হোমীয় দ্রব্য অর্পণ করিবে ॥৩১৫॥১॥

শাঙ্করভাষ্যম্। স যঃ কাময়েত। জ্ঞানকর্ম্মণোর্গতিরুক্তা ; তত্র জ্ঞানং স্বতন্ত্রম্ ; কর্ম্ম তু দৈবমানুষবিত্তদ্বয়ায়ত্তম্ ; তেন কর্ম্মার্থং

বিত্তমুপার্জ্জনীয়ম্; তচ্চ অপ্রত্যবায়কারিণোপায়েনেতি তদর্থং মন্থাখ্যং কর্ম্মারভ্যতে মহত্ত্বপ্রাপ্তয়ে; মহত্ত্বে চ সত্যর্থসিদ্ধং হি বিত্তম্; তদুচ্যতে—স যঃ কাময়েত। স যো বিত্তার্থী কর্ম্মণ্যধিকৃতো যঃ কাময়েত; কিম্? মহৎ মহত্ত্বং প্রাপ্নুয়াং মহান্ স্যামিতীত্যর্থঃ। ১

তত্র মন্থ-কর্ম্মণো বিধিৎসিতস্য কালো বিধীয়তে—উদগয়নে আদিত্যস্য; তত্র সর্ব্বত্র প্রাপ্তৌ, আপূর্য্যমাণপক্ষস্য শুক্লপক্ষস্য; তত্রাপি সর্ব্বত্র প্রাপ্তৌ, পুণ্যাহে অনুকূলে আত্মনঃ কর্ম্মসিদ্ধিকর ইত্যর্থঃ। দ্বাদশাহম্, যস্মিন্ পুণ্যেঽহন্যনুকূলে কর্ম্ম চিকীর্ষতি, ততঃ প্রাক্ পুণ্যাহমেবারভ্য দ্বাদশাহম্ উপসদ্ব্রতী। উপসৎসু ব্রতম্, উপসদঃ প্রসিদ্ধা জ্যোতিষ্টোমে; তত্র চ স্তনোপচয়াপচয়দ্বারেণ পয়োভক্ষণং তদ্ব্রতম্; অত্র চ তৎকর্ম্মানুপসংহারাৎ কেবলমিতিকর্ত্তব্যতাশূন্যং পয়োভক্ষণমাত্রমুপাদীয়তে। নন্ উপসদো ব্রতমিতি যদা বিগ্রহঃ, তদা সর্ব্বমিতিকর্ত্তব্যতারূপং গ্রাহ্যং ভবতি, তৎ কস্মান্ন পরিগৃহ্যতে? ইত্যুচ্যতে—স্মার্ত্তত্বাৎ কর্ম্মণঃ; স্মার্ত্তং হীদং মন্থকর্ম্ম। ২

নন্ শ্রুতিবিহিতং সৎ কথং স্মার্ত্তং ভবিতুমর্হতি? স্মৃত্যনুবাদিনী হি শ্রুতিরিয়ম্; শ্রৌতত্বে হি প্রকৃতি-বিকারভাবঃ, ততশ্চ প্রাকৃতধর্ম্মগ্রাহিত্বং বিকারকর্ম্মণঃ; ন ত্বিহ শ্রৌতত্বম্; অতএব চ আবসথ্যাগ্নাবেতৎ কর্ম্ম বিধীয়তে, সর্ব্বা চ আবৃৎ স্মার্ত্তৈবেতি। উপসদ্ব্রতী ভূত্বা পয়োব্রতী সন্নিত্যর্থঃ। ৩

ঔদুম্বরে উদুম্বরবৃক্ষময়ে, কংসে চমসে বা, তস্যৈব বিশেষণম্—কংসাকারে চমসাকারে বা ঔদুম্বর এবঃ; আকারে তু বিকল্পনঃ, ন ঔদুম্বরত্বে। অত্র সর্ব্বৌষধং সর্ব্বাসামোষধীনাং সমূহং যথাসম্ভবং যথাশক্তি চ সর্ব্বা ঔষধীঃ সমাহৃত্য; তত্র গ্রাম্যাণান্তু দশ নিয়মেন গ্রাহ্যা ব্রীহিযবাদ্যা বক্ষ্যমাণাঃ; অধিকগ্রহণে তু ন দোষঃ; গ্রাম্যাণাং ফলানি চ যথাসম্ভবং যথাশক্তি চ। ইতিশব্দঃ সমস্তসম্ভারোপচয়প্রদর্শনার্থঃ; অন্যদপি যৎ সম্ভরণীয়ম্, তৎ সর্ব্বং সম্ভৃত্যেত্যর্থঃ। ক্রমস্তত্র গৃহ্যোক্তো দ্রষ্টব্যঃ। ৪

পরিসমূহন-পরিলেপনে ভূমিসংস্কারঃ। অগ্নিমুপসমাধায়েতি বচনাৎ আবসথ্যেঽগ্নাবিতি গম্যতে, একবচনাদুপসমাধানশ্রবণাচ্চ; বিদ্যমানস্যৈবোপ-সমাধানম্। পরিস্তীর্য্য দর্ভান্; আবৃতা—স্মার্ত্তত্বাৎ কর্ম্মণঃ স্থালীপাকাবৃৎ পরিগৃহ্যতে, তয়া আজ্যং সংস্কৃত্য; পুংসা নক্ষত্রেণ পুন্নাম্না নক্ষত্রেণ পুণ্যাহসংযুক্তেন, মন্থং সর্ব্বৌষধফলপিষ্টং তত্রৌদুম্বরে চমসে দধনি

মধুনি ঘৃতে চ উপসিচ্য, একয়োপযমন্যা উপসংমথ্য, সমীপ মধ্যে সংস্থাপ্য, ঔদুম্বরেণ স্রুবেণ আবাপস্থানে আজ্যস্য জুহোতি এতৈর্মন্ত্রৈঃ 'যাবন্তো দেবাঃ' ইত্যাদৈঃ ॥ ৩৭৫ ॥ ১ ॥

টীকা। ব্রাহ্মণান্তরমবতার্য্য সংপ্রতিমাহ—স য ইতি। তত্রেতি নির্দ্ধারণে সপ্তমী। কথং তর্হি বিত্তোপার্জ্জনং সম্ভবতি, তত্রাহ—তচ্চেতি। তদর্থং বিত্তমিত্যর্থ-মিতি যাবৎ। ননু মহত্ত্বাদিকার্য্যমিদং কর্ম্মারভ্যতে, মহৎ প্রাপ্নুয়ামিতি শ্রুতেঃ, তৎকথমভয়প্রতিজ্ঞাতমিতি শঙ্কতে—মহত্ত্বেতি। পরিহরতি—মহত্ত্বে চেতি। উক্তেঽর্থে শ্রুত্যক্ষরাণি যোজয়তি—উচ্যতে ইত্যাদিনা। স যো বিত্তার্থী কাময়েত, তস্যেদং কর্ম্মেতি শেষঃ। যস্য কস্যচিদ্বিত্তার্থিনস্তর্হীদং কর্ম্ম স্যাদিত্যাশঙ্ক্যাহ—কর্ম্মণ্যধিকৃত ইতি। তত্র বিত্তার্থিনি পুংসীতি যাবৎ। উপসদো নামেষ্টিবিশেষাঃ। জ্যোতিষ্টোমে প্রবর্গ্যাহঃস্বিতি শেষঃ। কিং পুনস্তাসু ব্রতমিতি, তদাহ—তত্র চেতি। যদুপসৎসু স্তনোপচয়াপচয়াভ্যাং পয়োভক্ষণং যজমানস্য প্রসিদ্ধং, তদত্রোপসদ্ব্রতমিত্যর্থঃ। প্রকৃতেঽপি তর্হি স্তনোপচয়াভ্যাং পয়োভক্ষণং স্যাদিতি চেন্নেত্যাহ—অত্র চেতি। মন্থাখ্যং কর্ম্ম সপ্তম্যর্থঃ। তৎকর্ম্মেত্যুপসংহারকর্ম্মোক্তিঃ। কেবলমিত্যস্যৈবার্থমাহ—ইতি-কর্ত্তব্যতাশূন্যমিতি। সমাসান্তরমাশ্রিত্য শঙ্কতে—মন্থেতি। কর্ম্মধারয়রূপং সমাসবাক্যং তদিত্যুক্তম্। মন্থাখ্যস্য কর্ম্মণঃ স্মার্ত্তত্বাদত্র শ্রুত্যুক্তানামুপসদাদ্যুপসংগ্রহা-ভাবায় কর্ম্মধারয়ঃ সিধ্যতীত্যুত্তরমাহ—উচ্যতে ইতি। ২

মন্থকর্ম্মণঃ স্মার্ত্তত্বমাক্ষিপতি—মন্থেতি। পরিসমূহনপরিলেপনাদ্যুপসমাধানান্তঃ স্মার্ত্তার্থতাত্রোচ্যমানত্বাদিয়ং শ্রুতিঃ স্মৃত্যনুবাদিনী যুক্তা, তথা চৈতৎ কর্ম্ম ভবত্যেব স্মার্ত্তমিতি পরিহরতি—স্মৃতীতি। ননু শ্রুতের্ন স্মৃত্যনুবাদিনীত্বং, বৈপরীত্যাৎ, অতো ভবতীদং শ্রৌতমিত্যাশঙ্ক্যাহ—শ্রৌতত্বে হীতি। যদীদং কর্ম্ম শ্রৌতং, তদা জ্যোতিষ্টোমেনাস্য প্রকৃতিবিকৃতিভাবঃ স্যাৎ। সমগ্রাঙ্গসংযুক্তা প্রকৃতির্বিকলাঙ্গসংযুক্তা চ বিকৃতিঃ। প্রকৃতিবিকৃতিভাবে চ বিকৃতিকর্ম্মণঃ প্রাকৃত-ধর্ম্মগ্রাহিত্বাদুপসদ এব ব্রতমিতি বিগৃহ্য সর্ব্বমিতিকর্ত্তব্যতারূপং শক্যং গ্রহীতুং, ন চাত্র শ্রৌতত্বমস্তি পরিলেপনাদিসংবন্ধাৎ। ন চ পূর্ব্বভাবিন্যাঃ শ্রুতেরুত্তরভাবিস্মৃত্যনু-বাদিত্বানিমিত্তাত্ত্রৈকাল্যবিষয়ত্বাদুপপদ্যাদিতি ভাবঃ। মন্থকর্ম্মণঃ স্মার্ত্তত্বে লিঙ্গমাহ—অত এবেতি। তত্রৈব হেত্বন্তরমাহ—সর্ব্বা চেতি। মন্থগতেতিকর্ত্তব্যতা হ্যাবৃদিত্যুচ্যতে। উপসদ এব ব্রতমিতি বিগ্রহাসংভবাদুপসৎসু, ব্রতমিত্যন্বয়ং সিদ্ধ-মুপসৎস্বিতি শব্দঃ। পয়োব্রতী সন্ বক্ষ্যমাণেন ক্রমেণ জুহোতীতি সংবন্ধঃ। ১

তাম্রমৌদুম্বরমিতি শব্দং বর্ণয়তি—উদুম্বরবৃক্ষময় ইতি। তস্যৈবেতি প্রকৃত-পাত্রপরামর্শঃ। উদুম্বরত্বেঽপি বিকল্পমাশঙ্ক্যাহ—আকার ইতি। অত্রেতি পাত্রনির্দ্দেশঃ, অসংভবাদশক্যত্বাচ্চ সর্ব্বৌষধং যাবদুক্তমিত্যাশঙ্ক্যাহ—যথাসংভবমিতি। ওষধিনিয়মং দর্শয়তি—তত্রেতি। পরিমাণং বর্ণয়তি—অধিকেতি। ইতি

সংস্কৃত্যাজ্যেতির্ণবস্য প্রদর্শনার্থমেব কলিতং বাক্যার্থং কথয়তি—অমুষ্মৈ স্বাহেতি। ভবত্যাদীনাং সংভরণানন্তরং পরিসমূহনাদিক্রমে কিং প্রমাণমিত্যাশঙ্ক্যাহ—ক্রমম ইতি।৪

তত্রেতি পরিসমূহনাদ্যুক্তিঃ। হোমাধারমেব ত্রেতাগ্নিপরিসমূহনং বারয়তি—অগ্নিমিতি। আবসথ্যোঽগ্নৌ হোম ইতি শেষঃ। কথমেতাবতা ত্রেতাগ্নিপরিত্যাগস্তত্রাহ—একবচনাদিতি। কথমুপসমাধানশ্রবণং ত্রেতাগ্নিনিবারকং, তত্রাহ—বিদ্যমানস্যেত্যুক্তি। আহবনীয়াদেস্তাবেয়ত্বাৎ ন প্রাগেব সত্বমিতি ভাবঃ। মধ্যে স্থাপয়েদেতি শেষঃ। আবাপস্থানমাহুতিবিশেষপ্রক্ষেপপ্রদেশঃ। যে জাতবেদস্ত্বদধীনা যাবন্তো দেবা বক্রমতয়ঃ সন্তো মমার্থান্ প্রতিঘ্নন্তি, তেভ্যোঽহমাজ্যভাগং যথার্পয়ামি; তে চ তেন তৃপ্তা তৃপ্তা সর্বৈরপি পুরুষার্থৈর্মাং তর্পয়ন্তু। অহং চ যদধীনোঽর্পিত ইত্যাত্তমন্ত্রার্থঃ। জাতং জাতং বেত্তীতি বা, জাতে জাতে বিদ্যত ইতি বা জাতবেদাঃ। যা দেবতা কুটিলমতির্ভূত্বা সর্বমেবাহমেব ধারয়ন্তীতি মত্বা ত্বামাশ্রিত্য বর্ততে, তাং সর্বসাধনীং দেবতামহং ঘৃতস্য ধারয়া যজে স্বাহেতি পূর্ব্ববেদ দ্বিতীয়মন্ত্রার্থঃ। ৩৫০।১।

ভাষ্যানুবাদ। 'সঃ যঃ কাময়েত' ইত্যাদি। ইতঃপূর্ব্বে জ্ঞান (উপাসনা) ও কর্ম্মের গতি বা ফল উক্ত হইয়াছে; তন্মধ্যে জ্ঞান হইতেছে স্বতন্ত্র অর্থাৎ অন্যের অনধীন, আর কর্ম্ম হইতেছে দৈব ও মানুষ বিত্তসাধ্য; সুতরাং তদুভয়ের অধীন; সেইজন্য কর্ম্মানুষ্ঠানের নিমিত্ত বিত্ত উপার্জ্জন করা আবশ্যক হয়; কিন্তু যাহাতে প্রত্যবায় না জন্মে, এমন উপায়ে তাহা করিতে হয়; এই কারণে মহত্ত্ব বা শ্রেষ্ঠতা লাভের নিমিত্ত 'মন্থ' নামক কর্ম্মের অনুষ্ঠানপদ্ধতি বর্ণিত হইতেছে; কেন না, মহত্ত্ব লাভ হইলে, ধনপ্রাপ্তি অবশ্যম্ভাবিনী; [সুতরাং তাহা না বলিলেও বুঝিতে পারা যায়।] এখন সেই মন্থাখ্য কর্ম্মের কথা বর্ণিত হইতেছে—'স যঃ কাময়েত' ইত্যাদি।১

সেই কর্ম্মের অধিকারী যে ব্যক্তি বিত্তাভিলাষী হইয়া কামনা করে; কি [কামনা করে]? না, আমি যেন মহত্ত্ব প্রাপ্ত হই অর্থাৎ আমি যেন মহান্—বড় লোক হইতে পারি। তদ্বিষয়ে প্রথমতঃ মন্থ কর্ম্মের উপযুক্ত কাল বলা হইতেছে—উদগয়নে অর্থাৎ সূর্য্য যে সময় উত্তর দিকে গমন করেন, সেই উত্তরায়ণে; তন্মধ্যেও আবার আপূর্য্যমাণ পক্ষের শুক্লপক্ষের,—শুক্লপক্ষেরও সকল দিনেই প্রাপ্তির সম্ভাবনা ছিল, [তন্নিবৃত্ত্যর্থ] বলিতেছেন—পুণ্যাহে—আপনার কার্য্য-সিদ্ধিপ্রদ অনুকূল দিবসে; দ্বাদশাহ, অর্থাৎ যে পুণ্য দিনে কর্ম্ম করিতে ইচ্ছা করে, তাহার পূর্ব্ববর্ত্তী পুণ্যাহ লইয়া দ্বাদশ দিবস উপসদ্ব্রতী;

'উপবসদ্ব্রত, অর্থ—উপসদ্ সমূহে নির্দিষ্ট যে ব্রত (নিয়ম), তাহা গ্রহণ করিয়া; 'উপসদ্' কাহাকে বলে, তাহা জ্যোতিষ্টোম যাগে প্রসিদ্ধ আছে। তাহার নিয়ম এই যে, স্তনের উপচয় (বৃদ্ধি বা পুষ্টি) ও অপচয় (হ্রাস) অনুসারে দুগ্ধ ভক্ষণ করিতে হয়; সেই ব্রত-সম্পন্ন হইয়া;—এখানে সেই ক্রিয়ার সম্পূর্ণ উপদেশ না থাকায়, শুধু দুগ্ধপান মাত্র গ্রহণ করিতে হইবে, অন্যান্য 'ইতিকর্ত্তব্যতা' (অনুষ্ঠান প্রণালী) গ্রহণ করিতে হইবে না। এখন প্রশ্ন হইতেছে—['উপসদ্ব্রত' কথায়] যখন উপসদের ব্রত, এইরূপ সমাস-বাক্য প্রয়োগ করা যাইতে পারে, তখন ত উপসদ্-সম্পর্কিত সমস্ত ইতিকর্ত্তব্যতাই গ্রহণীয় হইতে পারে; তবে তাহা গ্রহণ করা হইতেছে না কেন? [এই প্রশ্নের উত্তরে] বলা হইতেছে যে,—এই কর্ম্মের স্মার্ত্তত্বই উহার হেতু, অর্থাৎ এই মন্থাখ্য কর্ম্মটী স্মৃতি-শাস্ত্রোক্ত; [সুতরাং ইহাতে বৈদিক কর্ম্মের সমস্ত ইতিকর্ত্তব্যতা গৃহীত হইতে পারে না] ২

পুনঃ প্রশ্ন হইতেছে—এই মন্থ ক্রিয়াটি যখন শ্রুতিতে বিহিত রহিয়াছে, তখন ইহা স্মার্ত্ত (স্মৃতি-বিহিত) বলিয়া পরিগণিত হইতে পারে কিরূপে? [উত্তর—] মন্থাখ্য-কর্ম্মাববোধক এই শ্রুতিটী হইতেছে—স্মৃতির অনুবাদিকা, অর্থাৎ স্মৃত্যুক্ত কর্ম্মেরই এই শ্রুতিতে অনুবাদ করা হইয়াছে মাত্র; শ্রৌতকর্ম্ম হইলে নিশ্চয়ই ইহার প্রকৃতি-বিকৃতিভাব হইতে পারিত; এবং তাহার ফলে বিকৃতি কর্ম্মে প্রকৃতিভূত ক্রিয়ার ধর্ম্মসমূহও গ্রহণ করিতে হইত; কিন্তু ইহা ত শ্রৌত কর্ম্মই নহে। এই কারণেই এই মন্থ ক্রিয়াটি 'আবসথ্য' বা গার্হপত্য অগ্নিতে কর্ত্তব্যরূপে বিহিত হইয়াছে; আর যত প্রকার 'আবৃৎ' আছে, সে সমস্তই স্মৃত্যুক্ত; [এখানেও সেই আবৃতের কথা রহিয়াছে]। উক্ত বাক্যের অর্থ হইতেছে এই যে, উপসদ্ব্রত গ্রহণপূর্ব্বক পয়োব্রতী হইয়া—।৩

ঔদুম্বরে অর্থ—উদুম্বর (যজ্ঞডুমুর) বৃক্ষনির্ম্মিতে; 'কংসে' ও 'চমসে' শব্দ দুইটি তাহারই বিশেষণ,—কংসাকার কিংবা চমসাকার ঔদুম্বর পাত্রে; সুতরাং এখানে পাত্রটির আকৃতি সম্বন্ধেই বিকল্প, কিন্তু ঔদুম্বরত্ব সম্বন্ধে বিকল্প নহে; অর্থাৎ কংসাকার বা চমসাকার ঔদুম্বর পাত্রে, সর্ব্বৌষধ—সমস্ত ওষধি শক্তি অনুসারে যথাসম্ভব সমাহৃত করিয়া; তন্মধ্যে বক্ষ্যমাণ ব্রীহি যব প্রভৃতি দশপ্রকার গ্রাম্য ওষধি অবশ্যগ্রাহ্য, কিন্তু তদপেক্ষা অধিক গ্রহন করিতে পারিলেও দোষ হইবে না। গ্রাম্য ফল সমূহও যথাশক্তি ও যথাসম্ভব [গ্রহণ করিবে]। 'ইতি' শব্দের অর্থ—কর্ম্মোপযোগী সমস্ত

সম্ভার (উপকরণ দ্রব্য সমূহ) প্রদর্শন করা, অর্থাৎ আরও যাহা কিছু সংগ্রহ করা আবশ্যক, সে সমুদয়ও সংগ্রহ করিয়া। কিরূপ ক্রমানুসারে যে, ঐ সমুদয় ওষধি ও ফল গ্রহণ করিতে হইবে, তাহা গৃহ্যসূত্র হইতে জানিতে হইবে।৪

পরিসমূহন ও পরিলেপন অর্থ—ভূমি-সংস্কার ; [তন্মধ্যে পরিসমূহন অর্থ —ভূমি ঝাড় দেওয়া]। অগ্নি আনয়ন করিয়া ; এখানে 'উপসমাধায়' কথা থাকায় বুঝা যাইতেছে যে, 'আবসথ্য' নামক (গার্হপত্যসংজ্ঞক) অগ্নিতেই কার্য্য করিতে হয় ; কারণ, 'অগ্নি' শব্দের উত্তর এক বচন আছে, সঙ্গে 'উপসমাধায়' কথাও রহিয়াছে ; কেন না, বিদ্যমান অগ্নিরই সমাধান (আনয়ন) সম্ভবপর হয় ; [অতএব এখানে অগ্নিত্রয় বুঝিতে হইবে না]। কুশসমূহ বিস্তীর্ণ করিয়া ; মন্থ কর্ম্মটী স্মৃত্যুক্ত বিধায় 'আবৃৎ' শব্দে স্থালীপাক-রূপ 'আবৃৎ' গ্রহণ করিতে হইবে ; সেই 'আবৃৎ' দ্বারা আজ্যের সংস্কার করিয়া, পুংনক্ষত্রে অর্থাৎ পুরুষজাতীয় নক্ষত্রযুক্ত পুণ্যাহে, পিষ্ট সর্ব্বৌষধ ও ফলাত্মক সেই মন্থ পূর্ব্বোক্ত চমসাকার ঔড়ুম্বর পাত্রে দধি, মধু ও ঘৃত দ্বারা সিক্ত করিয়া (ভিজাইয়া) একটী মন্থন দণ্ড দ্বারা বিমথিত করিয়া, অগ্নি ও নিজের মধ্যস্থলে সংস্থাপনপূর্ব্বক ঔড়ুম্বর স্রুব (হাতার ন্যায় এক প্রকার পাত্র) দ্বারা 'যাবন্তো দেবাঃ' ইত্যাদি মন্ত্রে আজ্যসমর্পণের স্থলে হোম করিবে ॥৩১৫॥১॥

জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রব-মবনয়তি, প্রাণায় স্বাহা বসিষ্ঠায়ৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, বাচে স্বাহা প্রতিষ্ঠায়ৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, চক্ষুষে স্বাহা সম্পদে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, শ্রোত্রায় স্বাহা, আয়তনায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, মনসে স্বাহা প্রজাত্যৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, রেতসে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রব-মবনয়তি ॥ ৩১৬ ॥ ২ ॥

সরলার্থঃ। ইদানীং হোমক্রমমাহ—'জ্যেষ্ঠায়' ইত্যাদিনা। জ্যেষ্ঠায় স্বাহা, শ্রেষ্ঠায় স্বাহা ইতি (আভ্যাং মন্ত্রাভ্যাম্) অগ্নৌ [বারদ্বয়ং] হুত্বা, সংস্রবং (স্রুবসংলগ্নমাজ্যং) মন্থে অবনয়তি (সমর্পয়তি) ; প্রাণায় স্বাহা, বসিষ্ঠায়ৈ

স্বাহা ইতি (মন্ত্রাভ্যাং পূর্ব্ববৎ) অগ্নৌ হুত্বা মন্থে সংস্রবম্ অবনয়তি; বাচে স্বাহা, প্রতিষ্ঠায়ৈ স্বাহা ইতি অগ্নৌ হুত্বা মন্থে সংস্রবম্ অবনয়তি, [ইত্যাগুন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ বেদিতব্যম্।] 'রেতসে স্বাহা' ইত্যারভ্য একৈকশঃ মন্ত্রমুচ্চার্য্য একৈকামাহুতিং হুত্বা মন্থে সংস্রবম্ অবনয়তীতি বিশেষঃ] ॥৩১৬॥২॥

মূলানুবাদ। 'জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহা,' ইত্যাদি মন্ত্রে দুই দুইবার করিয়া আহুতি অর্পণ করিয়া স্রুব-সংলগ্ন আজ্য মন্থে মিশ্রিত করিবে। [এইস্থলে জ্যেষ্ঠ-শ্রেষ্ঠাদি গুণরূপ চিহ্ন থাকায় বুঝিতে হইবে যে, জ্যেষ্ঠ-শ্রেষ্ঠগুণযুক্ত প্রাণবিদেরই এই মন্থাখ্য কর্ম্মে অধিকার, অন্যের নহে]। সেইরূপ "চক্ষুষে স্বাহা, সম্পদে স্বাহা" বলিয়া অগ্নিতে হোম করিয়া স্রুবসংলগ্ন আজ্য মন্থে অর্পণ করিবে। "শ্রোত্রায় স্বাহা, আয়তনায় স্বাহা" বলিয়া অগ্নিতে হোম করিয়া মন্থে স্রুব অবনত করিবে। "মনসে স্বাহা প্রজাত্যৈ স্বাহা" বলিয়া পূর্ব্ববৎ অগ্নিতে হোম করিয়া সংস্রব মন্থে সংক্রামিত করিবে। তদ্রূপ "রেতসে স্বাহা" বলিয়া অগ্নিতে আহুতি প্রদান করিয়া পুনশ্চ মন্থে সংস্রব সমর্পণ করিবে ॥৩১৬॥২॥

অগ্নয়ে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, সোমায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, ভূঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, ভুবঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, স্বঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, ভূর্ভুবঃ স্বঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, ব্রহ্মণে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, ক্ষত্রায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, ভূতায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, ভবিষ্যতে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, বিশ্বায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, সর্ব্বায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, প্রজাপতয়ে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রবমবনয়তি ॥ ৩১৭ ॥ ৩ ॥

অন্বয়ার্থঃ। 'অগ্নয়ে স্বাহা' ইতি (অনেন মন্ত্রেণ) [যথং] অগ্নৌ হুত্বা সংস্রবং (স্রুবলগ্নমাজ্যং) মন্থে অবনয়তি, [ইত্যাদি সর্ব্বং দ্বিতীয়-শ্রুতিবৎ] ৩৯৭॥৩॥

মূলানুবাদ। "অগ্নয়ে স্বাহা" বলিয়া অগ্নিতে হোম করিয়া মন্থে সংস্রব অবনত করিবে। "সোমায় স্বাহা, ভূঃ স্বাহা, ভুবঃ স্বাহা, ভূর্ভুবঃ, স্বঃ স্বাহা, ব্রহ্মণে স্বাহা, ক্ষত্রায় স্বাহা, ভূতায় স্বাহা, বিশ্বায় স্বাহা, সর্ব্বায় স্বাহা, এবং প্রজাপতয়ে স্বাহা" বলিয়া এক একবার অগ্নিতে আহুতি প্রদান করিবে ॥৩৯৭॥৩॥

শাঙ্করভাষ্যম্। জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহেত্যারভ্য দ্বে দ্বে আহুতী হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, স্রুবাবলেপনমাজ্যং মন্থে সংস্রাবয়তি। এতস্মাদেব জ্যেষ্ঠায় শ্রেষ্ঠায়েত্যাদিপ্রাণলিঙ্গাদ্ জ্যেষ্ঠশ্রেষ্ঠাদিপ্রাণবিদ এবাস্মিন্ কর্ম্মণ্যধিকারঃ। 'রেতসে' ইত্যারভ্য একৈকামাহুতিং হুত্বা মন্থে সংস্রবমবনয়তি, অপরয়োপমন্থ্যা পুনর্ম্মথ্নাতি ॥ ৩৯৬—৩৯৭ ॥ ২—৩ ॥

টীকা। জ্যেষ্ঠায়েত্যাদিমন্ত্রেষু ধ্বনিতমর্থমাহ—এতস্মাদেবেতি। দ্বে দ্বে আহুতী হুত্বেত্যুক্তং, তত্র সর্ব্বত্র দ্বিত্বপ্রসক্তং প্রত্যাচষ্টে—রেতস ইত্যারভ্যেতি। সংস্রবঃ স্রুবাবলিপ্তমাজ্যম্ ॥ ৩৯৬—৩৯৭—২ । ৩ ।

ভাষ্যানুবাদ। 'জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহা' এই হইতে আরম্ভ করিয়া দুই দুইটী আহুতি অর্পণ করিয়া স্রুবসংলগ্ন আজ্যটুকু মন্থের মধ্যে অর্পণ করিবে। এখানে জ্যেষ্ঠত্ব শ্রেষ্ঠত্বরূপ প্রাণধর্ম্ম কথিত থাকায় বুঝা যাইতেছে যে, এই মন্থাখ্য কর্ম্মের অনুষ্ঠানে কেবল প্রাণতত্ত্ববিদেরই অধিকার। 'রেতসে স্বাহা' হইতে আরম্ভ করিয়া একবার মাত্র আহুতি অর্পণ করিয়া স্রুবসংলগ্ন আজ্য মন্থে অর্পণ করিবে, এবং অপর একটী মন্থন দণ্ড দ্বারা পুনর্ব্বার তাহা মর্দ্দন করিবে ॥৩৯৬-৭॥২-৩॥

অথৈনমভিমৃশতি—ভ্রমদসি জ্বলদসি পূর্ণমসি প্রস্তব্ধমস্যেক-সভমসি হিঙ্কৃতমসি হিঙ্ক্রিয়মাণমস্যুদ্গীথমসি উদ্গীয়মানমসি শ্রাবিতমসি প্রত্যাশ্রাবিতমস্যার্দ্রে সন্দীপ্তমসি বিভূরসি প্রভূরস্যন্নমসি জ্যোতিরসি নিধনমসি সংবর্গোঽসীতি ॥৩৯৮॥৪॥

অন্বয়লভ্যার্থঃ। অথ (অনন্তরং) [বক্ষ্যমাণেন মন্ত্রেণ] এনং (মন্থং) অভিমৃশতি (স্পৃশতি) [হে মন্থ,] ত্বং ভ্রমৎ (প্রাণস্বরূপতয়া চঞ্চলম্) অসি; জ্বলৎ (অগ্নিরূপত্বাৎ প্রকাশাত্মকম্) অসি; পূর্ণং (ব্রহ্মরূপেণ পরিপূর্ণম্) অসি; প্রস্তব্ধং (নভোরূপেণ নিশ্চলম্) অসি; একসভং (সর্ব্বৈরবিরোধিত্বাৎ সর্ব্বজগদাত্মকম্) অসি; হিংকৃতং (যজ্ঞারম্ভে করণীয়ং হিংকৃতমপি ত্বম্) অসি; হিঙ্ক্রিয়মাণং (যজ্ঞমধ্যে ক্রিয়মাণমপি) অসি; উদ্গীথং (যজ্ঞারম্ভে পঠনীয়ং) অসি; উদ্গীয়মানং (যজ্ঞমধ্যে অনুষ্ঠীয়মানং) অসি; শ্রাবিতং (অধ্বর্য্যুকৃতং শ্রাবিতং চ) অসি; প্রত্যাশ্রাবিতং (আগ্নীধ্রেণ প্রত্যাশ্রাবিতম্) অসি; আর্দ্রে (মেঘোদরে) সংদীপ্তং (বিদ্যুদ্রূপেণ প্রকাশময়ং) অসি; বিভূঃ (বিবিধং ভবতীতি বিভূঃ) অসি; প্রভূঃ (সমর্থঃ) অসি; অন্নং (সোমাত্মকত্বাৎ ভক্ষ্যম্) অসি; জ্যোতিঃ (অগ্নিরূপেণ ভোক্তৃত্বাৎ জ্যোতিঃস্বরূপম্) অসি; নিধনং (কারণত্বাৎ লয়স্বরূপম্) অসি; [বাগাদীনাম্ অগ্ন্যাদীনাং চ সংহরণাৎ] সংবর্গশ্চ অসি ইতি ॥৩৮॥৪॥

মূলানুবাদ। অনন্তর কর্ম্মকর্ত্তা, তুমিই ভ্রমৎ—ভ্রমণকারী জাজ্জ্বল্যমান, পরিপূর্ণ, প্রস্তব্ধ, হিংকৃত, হিঙ্ক্রিয়মাণ, উদ্গীথ, উদ্গীয়মান, শ্রাবিত, প্রত্যাশ্রাবিত, আর্দ্র কাষ্ঠাদিতে প্রদীপ্ত, বিভু, প্রভু, অন্ন, জ্যোতিঃ, নিধন এবং সংবর্গরূপে অবস্থিত রহিয়াছ, এই বলিয়া মন্থদ্রব্য ভ্রক্ষণ (একত্র মিশ্রিত) করিবে ॥৩৯॥৪॥

শাঙ্করভাষ্যম্। অথৈনমভিমৃশতি—'ভ্রমদসি' ইত্যনেন মন্ত্রেণ ॥ ৩৮ ॥ ৪ ॥

টীকা। মন্থদ্রব্যস্য প্রাণদেবতাকত্বাৎ প্রাণেনৈকীকৃত্য সর্ব্বাত্মকত্বং; তথাচ সর্ব্বদেহেষু প্রাণরূপেণ ত্বং ভ্রমদসি, প্রাণস্য চলনাত্মকত্বাত্তদ্রূপত্বাচ্চ। তত্রাগ্নিরূপেণ চ ত্বং জ্বলদসি প্রকাশাত্মকত্বাদগ্নেস্তদ্রূপত্বাচ্চ। তদনু ব্রহ্মরূপেণ ত্বং পূর্ণমসি। নভোরূপেণ প্রস্তব্ধং নিষ্কম্পমসি, সর্ব্বৈরবিরোধিত্বাৎ সর্ব্বমপি জগদেকসভমাত্মতত্ত্বাব্যাপনিচ্ছিন্নতয়া স্থিতং যত্ত্বমসি। প্রস্তোত্রা যজ্ঞারম্ভে ত্বমেব হিংকৃতমসি। তেনৈব যজ্ঞমধ্যে হিংক্রিয়মাণং চাসি। উদ্গাত্রা চ যজ্ঞারম্ভে তন্মধ্যে চোদ্গীথমুদ্গীয়মানং চাসি। অধ্বর্য্যুণা ত্বং শ্রাবিতমসি। আগ্নীধ্রেণ চ প্রত্যাশ্রাবিতমসি। আর্দ্রে মেঘোদরে সম্যগ্দীপ্তমসি। বিবিধং ভবতীতি বিভূঃ। প্রভূঃ সমর্থো. ভোগ্যরূপেণ সোমাত্মনা স্থিতত্বাদন্নং ভোক্তৃরূপেণাগ্ন্যাত্মনা জ্যোতিঃ; কারণত্বান্নিধনং অতোঽধ্যাত্মাধিদৈবয়োর্ব্বাগাদীনামগ্ন্যাদীনাং চ সংহরণাৎ ত্বং সংবর্গোঽসীত্যভিমর্শনমন্ত্রার্থঃ। ৩৮॥ ৪॥

ভাষ্যানুবাদ। অতঃপর 'ভ্রমৎ অসি' ইত্যাদি মন্ত্রপাঠপূর্ব্বক মন্থ দ্রব্য স্পর্শ বা আলোড়ন করিবে ॥৩৯৮॥৪॥

অথৈনমুদযচ্ছত্যামংস্যামংহি তে মহি স হি রাজেশানোঽধিপতিঃ, স মাং রাজেশানোঽধিপতিং করোত্বিতি ॥৩৯৯॥৫॥

অন্বয়ার্থঃ। অথ (অনন্তরং) [অনেন মন্ত্রেণ] এনং (মন্থং) উদ্‌যচ্ছতি (পাত্রেণ সহ উত্থাপ্য হস্তে গৃহ্নাতি—) [হে মন্থ, ত্বং] আমংসি (সর্ব্বং বিজানাসি); তে (তব) মহি [মহত্তরং রূপং] আমংহি (মন্যামহে) [বিয়ম্]। সঃ (প্রাণরূপঃ) রাজা ঈশানঃ অধিপতিশ্চ; সঃ রাজা ঈশানঃ অধিপতিশ্চ [প্রাণঃ] মাম্ অধিপতিং করোতু ইতি ॥৩৯৯॥৫॥

মূলানুবাদ। অনন্তর, হে মন্থ, প্রাণ স্বরূপ তুমি সমস্ত অবগত আছ; আমরাও তোমাকে সেই মহত্তররূপই মনে করি। রাজা ঈশান সেই প্রাণই ইহার অধিপতি; তিনি আমাকে অধিপতি করুন। এই মন্ত্র পাঠপূর্ব্বক উহা হস্তে গ্রহণ করিবে ॥৩৯৯॥৫॥

শাঙ্করভাষ্যম্। অথৈনমুদযচ্ছতি সহ পাত্রেণ হস্তে গৃহ্নাতি—আমংস্যামংহি তে মহি' ইত্যনেন ॥ ৩৯৯ ॥ ৫ ॥

টীকা। আমংসি ত্বং সর্ব্বং বিজানাসি। বয়ং চ তে তব মহি মহত্তরং রূপমামংহি মন্যামহে। স হি প্রাণো রাজাদিগুণঃ, স চ মাং তথাভূতং করোত্বিত্যুক্তমনমন্ত্রতার্থঃ ॥ ৩৯৯॥৫ ॥

ভাষ্যানুবাদ। অতঃপর আমংসি, আমং হি তে মহি' ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া মন্থ পাত্রের সহিত মন্থ হস্তে তুলিয়া লইবে ॥৩৯৯॥৫॥

অথৈনমাচামতি—তৎ সবিতুর্ব্বরেণ্যম্। মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ ভূঃ স্বাহা। ভর্গো দেবস্য ধীমহি। মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা ভুবঃ স্বাহা। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। মধুমান্নো বনস্পতির্মধুমাং, অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। স্বঃ স্বাহেতি। সর্ব্বাঞ্চ সাবিত্রীমন্বাহ সর্ব্বাশ্চ মধুমতীঃ; অহমেবেদং সর্ব্বং ভূয়াসং ভূর্ভুবঃ স্বঃ স্বাহেত্যন্তত আচম্য পাণী প্রক্ষাল্য জঘনেনাগ্নিং প্রাক্‌শিরাঃ সংবিশতি, প্রাতরাদিত্যমুপতিষ্ঠতে—

দিশামেকপুণ্ডরীকমস্যহং মনুষ্যাণামেকপুণ্ডরীকং ভূয়াসমিতি, যথেত্যমেত্য জঘনেনাগ্নিমাসীনো বংশং জপতি ॥ ৪০০ ॥ ৬ ॥

অন্বয়ার্থঃ। অথ (অনন্তরং) এনং (মন্থং) আচামতি (বক্ষ্যমাণেন মন্ত্রেণ ভক্ষয়তি)—[অত্র চ গায়ত্র্যা মধুমত্যাশ্চ প্রথম-পাদাভ্যাম্, ব্যাহৃতেশ্চ প্রথমাবয়বেন প্রথমবারং ভক্ষণম্, দ্বিতীয়-পাদাভ্যাং দ্বিতীয়েন চ ব্যাহৃত্যবয়বেন দ্বিতীয়বারং ভক্ষণম্, তৃতীয়পাদাভ্যাং তৃতীয়েন চ ব্যাহৃত্যবয়বেন তৃতীয়বারং ভক্ষণম্, চতুর্থবারং তু তুষ্ণীং ভক্ষণং কার্য্যমিতি জ্ঞেয়ম্।] দেবস্য (প্রকাশমানস্য) সবিতুঃ (জগৎপ্রসবকর্ত্তুঃ) তৎ (প্রসিদ্ধং) বরেণ্যং (বরণীয়ং) ভর্গঃ (তেজঃ) ধীমহি চিন্তয়ামঃ); যঃ (সবিতা) নঃ (অস্মাকং) ধিয়ঃ (বুদ্ধীঃ) প্রচোদয়াৎ (প্রেরয়েৎ), [তস্য তৎ ধীমহি ইতি সম্বন্ধঃ]। বাতাঃ (বায়ুভেদাঃ) মধু (সুখং যথাস্যাৎ) ঋতায়তে (প্রবহন্তু); সিন্ধবঃ (নদ্যঃ) মধু ক্ষরন্তি (মধুররসং যথা স্যাৎ, তথা স্রবন্তু); ওষধীঃ (তৃণলতাঃ) মাধ্বীঃ (মধুরাঃ) সন্তু; নক্তং (রাত্রিঃ) উষসঃ (দিবসাঃ) উত (অপি) মধু (প্রীতিকরাঃ) [সন্তু]; পার্থিবং রজঃ (ধূলিঃ) মধুমৎ (মধুরং) [অস্তু]; নঃ (অস্মাকং) পিতা দ্যৌঃ (দ্যুলোকঃ) মধু (প্রিয়া) [অস্তু]; বনস্পতিঃ (সোমঃ) নঃ (অস্মাকং সম্বন্ধে) মধুমান্ [অস্তু]; সূর্য্যঃ মধুমান্ অস্তু; গাবঃ (দিশঃ) নঃ (অস্মাকং) মাধ্বীঃ [মধুরাঃ] ভবন্তু। সর্ব্বাং চ সাবিত্রীং সর্ব্বাঃ চ মধুমতীঃ অন্বাহ (উক্ত্বা ব্রবীতি) 'অহম্ এব সর্ব্বং ভূয়াসম্' [এবমুক্ত্বা] ভূর্ভুবঃ স্বঃ স্বাহা ইতি [সর্ব্বং ভক্ষয়েৎ]।

অন্ততঃ (অন্তে) চ আচম্য (আচমনং কৃত্বা) পাণী (হস্তদ্বয়ং) প্রক্ষাল্য, অগ্নিং জঘনেন (অগ্নেঃ পশ্চাৎ) প্রাক্‌শিরাঃ সন্ সংবিশতি (রাত্রৌ শয়ীত); প্রাতঃ উত্থায় (শয্যাম্ পরিত্যজ্য) [বক্ষ্যমাণেন মন্ত্রেণ] আদিত্যং উপতিষ্ঠতে—[হে সূর্য্য, ত্বং] দিশাং একপুণ্ডরীকং (অদ্বিতীয়পদ্মস্বরূপঃ) অসি; অহং [অপি] মনুষ্যাণাং একপুণ্ডরীকং ভূয়াসম্—ইতি [উক্ত্বা] যথেতং (যথাগতং—গমনপদ্ধতিক্রমেণ) এত্য (প্রত্যাগত্য) অগ্নিং জঘনেন (অগ্নেঃ পার্শ্বে) আসীনঃ সন্ বংশং (বংশব্রাহ্মণং) জপতি (জপেৎ) ইত্যর্থঃ ॥৪০০॥৬॥

অনুবাদ। অনন্তর বক্ষ্যমাণ মন্ত্রক্রমে এই মন্থ ভক্ষণ করিবে। [এখানে গায়ত্রীর এক পাদ, মধুমতীর একপাদ এবং ব্যাহৃতির প্রথম অংশ পাঠপূর্ব্বক মন্থের প্রথম অংশ, গায়ত্রী ও

মধুমতীর দ্বিতীয় পাদ ও ব্যাহৃতির দ্বিতীয় অংশ পাঠ ক্রমে দ্বিতীয় অংশ, গায়ত্রী ও মধুমতীর তৃতীয় পাদ ও ব্যাহৃতির তৃতীয় অংশ পাঠপূর্ব্বক তৃতীয় অংশ,এবং বিনামন্ত্রে তুষ্ণীম্ভাবে পাত্র প্রক্ষালনপূর্ব্বক সমস্তটা ভক্ষণ করিবে।] মন্ত্রার্থ এইরূপ—দীপ্তিমান্ সবিতার সেই বরণীয় ভর্গ আমরা চিন্তা করিতেছি, যে ভর্গ আমাদের বুদ্ধিবৃত্তিসমূহ কার্য্যে প্রেরণ করিয়া থাকেন। [মধুমতী মন্ত্রের অর্থ—] বায়ুসমূহ সুখাবহ হইয়া প্রবাহিত হউক, নদী সমূহ মধুর রস ক্ষরণ করুক; ওষধি তৃণ-লতা সমূহ আমাদের নিকট মধুররসযুক্ত হউক; রাত্রি ও দিন মধুময় হউক; পার্থিব ধূলী প্রীতিময় হউক, আমাদের পিতৃস্থানীয় দ্যুলোক প্রিয় হউক, বনস্পতি (চন্দ্র বা সোম) আমাদের পক্ষে মধুমান্ হউক, সূর্য্য ও মধুপূর্ণ হউক; গো—রশ্মিসমূহ আমাদের সম্বন্ধে মাধ্বী (প্রীতিকর) হউক। [ইহার পর] 'স্বাহা' উচ্চারণপূর্ব্বক তিনভাগ ভক্ষণ করিবে। শেষে সমস্ত সাবিত্রী ও সম্পূর্ণ মধুমতী মন্ত্রপাঠ করিয়া 'আমিই যেন এই সমুদয় ভাব প্রাপ্ত হইতে পারি'—বলিয়া সমস্ত ব্যাহৃতি ও 'স্বাহা' শব্দ উচ্চারণপূর্ব্বক পাত্র প্রক্ষালন করিয়া অবশিষ্ট সমস্তটা পান করিবে।

পরে আচমন ও হস্তদ্বয় প্রক্ষালন করিয়া, পূর্ব্বশিরা হইয়া অগ্নির পার্শ্বে শয়ন করিবে। পর দিন প্রাতঃকালে গাত্রোত্থানপূর্ব্বক আদিত্যের উপাসনা করিবে,—[হে সূর্য্য, তুমি] হইতেছ সমস্ত দিকের অদ্বিতীয় পুণ্ডরীক (পদ্ম); আমিও যেন মনুষ্যগণের মধ্যে অদ্বিতীয় পুণ্ডরীকতুল্য হইতে পারি; এই বলিয়া, যেভাবে গমন করিয়াছিল, সেই ভাবে প্রত্যাগমনপূর্ব্বক উপবেশন করিয়া বংশব্রাহ্মণ জপ করিবে॥ ৪০০ ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্। অথৈনমাচামতি ভক্ষয়তি, গায়ত্র্যাঃ প্রথমপাদেন মধুমত্যৈকয়া ব্যাহৃত্যা চ প্রথময়া প্রথমগ্রাসমাচামতি। তথা গায়ত্রীদ্বিতীয়পাদেন, মধুমত্যা দ্বিতীয়য়া দ্বিতীয়য়া চ ব্যাহৃত্যা দ্বিতীয়ং গ্রাসম্; তথা তৃতীয়েন গায়ত্রীপাদেন, তৃতীয়য়া মধুমত্যা, তৃতীয়য়া চ ব্যাহৃত্যা

তৃতীয়ং গ্রাসম্। সর্ব্বাং সাবিত্রীং সর্ব্বাশ্চ মধুমতীরুক্ত্বা 'অহমেবেদং সর্ব্বং ভূয়াসম্', ইতি চ অন্তে 'ভূর্ভুবঃ স্বঃ স্বাহা' ইতি সমস্তং ভক্ষয়তি। যথা চতুর্ভির্গ্রাসৈস্তদ্দ্রব্যং সর্ব্বং পরিসমাপ্যতে, তথা পূর্ব্বমেব নিরূপয়েৎ। যৎ পাত্রাবলিপ্তম্, তৎ পাত্রং সর্ব্বং নির্ণিজ্য তূষ্ণীং পিবেৎ। পাণী প্রক্ষাল্য আপ আচম্য, জঘনেনাগ্নিং পশ্চাদগ্নেঃ, প্রাক্‌শিরাঃ সংবিশতি। প্রাতঃসন্ধ্যামুপাস্য আদিত্যমুপতিষ্ঠতে—'দিশামেকপুণ্ডরীকম্' ইত্যনেন মন্ত্রেণ। যথেতং যথাগতম্, এত্যাগত্য জঘনেনাগ্নিম্ আসীনো বংশং জপতি॥ ৪০০॥ ৬॥

টীকা। তৎ সবিতুর্ব্বরেণ্যং বরণীয়ং শ্রেষ্ঠং পদং ধীমহীতি সংবন্ধঃ। বাতা বায়ুভেদা মধু সুখমৃতায়তে বহন্তি। সিন্ধবো নদ্যো মধু ক্ষরন্তি মধুররসানুস্রবন্তি। তবদীক্ষামান্ প্রতি মাধ্বীর্মধুররসাঃ সন্তু। দেবস্য সবিতুর্ভর্গস্তেজোঽয়ং বা প্রস্তুতং পদং চিন্তয়ামঃ। নক্তং রাত্রিরুতোষসো দিবসাশ্চ মধু প্রীতিকরাঃ সন্তু। পার্থিবং রজো মধুবদনুদ্বেগকরমস্তু। দ্যৌশ্চ পিতা নোঽস্মাকং মধু সুখকরোঽস্তু। যঃ সবিতা নোঽস্মাকং ধিয়ো বুদ্ধীঃ প্রচোদয়াৎ প্রেরয়েত্তস্য তবরেণ্যমিতি সংবন্ধঃ। বনস্পতিঃ সোমোঽস্মাকং মধুমানস্তু। গাবো রশ্ময়ো দিশো বা মাধ্বীঃ সুখকরাঃ সন্তু। অন্ত-শব্দাদিতিশব্দাচ্চোপরিষ্টাদুক্তোঽর্থঃ। এবং গ্রাসচতুষ্টয়ে নির্বৃত্তে সত্যবশিষ্টে দ্রব্যে কিং কর্ত্তব্যং, তত্রাহ-যথেতি। পাত্রাবশিষ্টস্য পরিত্যাগং বারয়তি—যদিতি। নির্ণিজ্য প্রক্ষাল্যেতি যাবৎ। পাণিপ্রক্ষালনসামর্থ্যাৎপ্রাপ্তং শুদ্ধ্যর্থং স্মার্ত্তমাচমনমনূদ্যাহ—অপ আচম্যেতি। একপুণ্ডরীকশব্দোঽখণ্ডশ্রেষ্ঠবাচী। ৪০০॥৬।

ভাষ্যানুবাদ। অনন্তর গায়ত্রীর প্রথম পাদ, মধুমতীর প্রথম পাদ এবং ব্যাহৃতির প্রথমাবয়ব দ্বারা প্রথম গ্রাস ভক্ষণ করিবে; তদ্রূপ গায়ত্রীর দ্বিতীয় পাদ, মধুমতীর দ্বিতীয় পাদ এবং ব্যাহৃতির দ্বিতীয় অংশ পাঠ করিয়া দ্বিতীয় গ্রাস ভক্ষণ করিবে; সেইরূপ গায়ত্রী ও মধুমতীর তৃতীয় পাদ ও তৃতীয় ব্যাহৃতি দ্বারা তৃতীয় গ্রাস ভক্ষণ করিবে। পরিশেষে সমস্ত গায়ত্রী এবং সম্পূর্ণ মধুমতী ও ব্যাহৃতি উচ্চারণপূর্ব্বক 'আমিই যেন এই সমস্ত জগৎ-স্বরূপ' এইরূপ জ্ঞান করত "ভূর্ভুবঃ স্বঃ স্বাহা" বলিয়া সমস্ত গ্রাস ভক্ষণ করিবে। এখানে জানা উচিত যে, ভক্ষণের পূর্ব্বেই ভক্ষণীয় দ্রব্য সমুদয় এমন ভাবে সজ্জিত রাখিতে হইবে, যাহাতে চারি গ্রাসেই সে সমস্ত নিঃশেষরূপে ভক্ষিত হইতে পারে; আর পাত্র-লিপ্ত যাহা কিছু থাকিবে, তৎসমস্তও পাত্র প্রক্ষালন করিয়া তূষ্ণীভাবে অর্থাৎ মন্ত্র ব্যতিরেকে পান করিবে। অনন্তর, হস্ত প্রক্ষালন ও জল পান করিয়া, অগ্নির পশ্চাৎ দিকে পূর্ব্বশিরা হইয়া

শয়ন করিবে। শেষে প্রাতঃকালে সন্ধ্যা-উপাসনার পর "দিশামেকপুণ্ডরীকম্" ইত্যাদি মন্ত্র দ্বারা সূর্য্যোপস্থাপন করিবে ; পশ্চাৎ যে ভাবে গমন করিয়াছিল, ঠিক সেই ভাবে প্রত্যাগত হইয়া অগ্নির পশ্চাৎভাগে উপবিষ্ট হইয়া 'বংশ-ব্রাহ্মণ' জপ করিবে॥ ৪০০ ॥ ৬ ॥

তং হৈতমুদ্দালক আরুণির্ব্বাজসনেয়ায় যাজ্ঞবল্ক্যায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০১ ॥ ৭ ॥

সন্বলার্থঃ। অতঃপরং মন্থকর্ম্মণঃ স্তুত্যর্থমুচ্যতে—"তং হৈতম্" ইত্যাদি। আরুণিঃ (অরুণিপুত্রঃ) উদ্দালকঃ (তন্নামধেয় ঋষিঃ) তং (প্রসিদ্ধং) এতং (মন্থং) বাজসনেয়ায় (বাজসনেয়ীশাখাপ্রবর্ত্তকায়) অন্তেবাসিনে (শিষ্যায়) যাজ্ঞবল্ক্যায় উক্ত্বা (উপদিশ্য) উবাচ হ—যঃ এনং (মন্থং) শুষ্কে অপি স্থাণৌ (বৃক্ষে) নিষিঞ্চেৎ (বিসৃজেৎ), [তত্রাপি] শাখাঃ জায়েরন্ (উৎপদ্যেরন্) পলাশানি (পত্রাণিচ) প্ররোহেয়ুঃ (প্রাদুর্ভবেয়ুঃ) ইত্যর্থঃ ॥৪০১॥৭॥

মূলানুবাদ। এখন উক্ত মন্থ কর্ম্মের প্রশংসার্থ বলিতেছেন—আরুণি উদ্দালক ঋষি বাজসনেয় (বাজসনেয়ী শাখার প্রবর্ত্তক) স্বশিষ্য যাজ্ঞবল্ক্যকে এই মন্থ ক্রিয়ার উপদেশ করিয়া বলিয়াছিলেন—যদি কেহ এই মন্থ শুষ্ক বৃক্ষেও ন্যস্ত করে, [তাহা হইলে, সেই শুষ্ক বৃক্ষেও] শাখা জন্মে এবং পল্লব প্রাদুর্ভূত হয় ॥ ৪০১ ॥ ৭ ॥

এতমু হৈব বাজসনেয়ো যাজ্ঞবল্ক্যো মধুকায় পৈঙ্গ্যায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি,য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০২ ॥ ৮ ॥

সন্বলার্থঃ। বাজসনেয়ঃ যাজ্ঞবল্ক্যঃ উ (অপি) অন্তেবাসিনে পৈঙ্গ্যায় মধুকায় এতং (মন্থম্) এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং (মন্থং) শুষ্কে স্থাণৌ অপি নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্ পলাশানি চ প্ররোহেয়ুঃ। [ব্যাখ্যা পূর্ব্ববৎ] ইতি ॥ ৪০২॥৮॥

মূলানুবাদ। বাজসনেয় যাজ্ঞবল্ক্য ঋষি আবার স্বশিষ্য পৈঙ্গ্য মধুককে উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ এই মন্ত্র শুষ্ক স্থাণুতেও ন্যস্ত করে, [তবে তাহাতেও] শাখা জন্মে এবং পত্ররাশি সমুৎপন্ন হয় ॥ ৪০২ ॥ ৮ ॥

এতমু হৈব মধুকঃ পৈঙ্গ্যশ্চূলায় ভাগবিত্তয়েঽন্তেবাসিন উক্ত্বোবাচাপি, য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০৩ ॥ ৯ ॥

অন্বয়ার্থঃ। পৈঙ্গ্যঃ মধুকঃ উ (অপি) অন্তেবাসিনে (স্বশিষ্যায়) ভাগবিত্তয়ে চূলায় এতং (মন্ত্রং) এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং শুষ্কে স্থাণৌ অপি নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পলাশানি চ প্ররোহেয়ুঃ ইতি ॥ ৪০৩॥৯॥

মূলানুবাদ। পৈঙ্গ্য মধুক আবার স্বশিষ্য ভাগবিত্তি চূলকে এই মন্ত্রের সম্বন্ধে উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ এই মন্ত্র শুষ্ক স্থাণুতেও নিক্ষেপ করে, [তাহা হইলে সেখানেও] শাখা প্রাদুর্ভূত হয়, এবং পত্ররাশি উৎপন্ন হয় ॥ ৪০৩ ॥ ৯ ॥

এতমু হৈব চূলো ভাগবিত্তির্জ্জানকয়ে আয়স্থূণায়ান্তেবাসিন-উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০৪ ॥ ১০ ॥

অন্বয়ার্থঃ। ভগবিত্তিঃ চূলঃ উ (অপি) অন্তেবাসিনে আয়স্থূণায় জানকয়ে এতম্ এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং শুষ্কে স্থাণৌ অপি নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পলাশানি চ প্ররোহেয়ুঃ ইতি ॥৪০৪॥১০॥

মূলানুবাদ। ভাগবিত্তি চূল ঋষি আবার স্বশিষ্য আয়স্থূণ জানকিকে এই মন্ত্রেরই উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ শুষ্ক স্থাণুতেও এই মন্ত্র নিষিক্ত করে, তবে তাহাতেও শাখা জন্মে এবং পত্ররাশি সমুৎপন্ন হয় ॥৪০৪॥১০॥

এতমু হৈব জানকিরায়স্থূণঃ সত্যকামায় জাবালায়ান্তেবাসিন উক্তোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৪০৫ ॥ ১১ ॥

অন্বয়ার্থঃ। আয়স্থূণঃ জানকিঃ উ (অপি) অন্তেবাসিনে জাবালায় সত্যকামায় এতম্ এব উক্ত্বা উবাচ হ—যঃ এনং শুষ্কে স্থাণৌ অপি নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পলাশানি প্ররোহেয়ুঃ ইতি ॥৪০৫॥১১॥

মূলানুবাদ। আয়স্থূণ জানকি আবার নিজশিষ্য জাবাল সত্যকামকে এই মন্ত্রের উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ ইহা শুষ্ক স্থাণুতেও নিক্ষেপ করে, [সেখানেও] শাখা সমুৎপন্ন হয়, এবং পত্ররাশি প্রকাশ পায় ॥৪০৫॥১১॥

এতমু হৈব সত্যকামো জাবালোঽন্তেবাসিভ্য উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি, তমেতন্নাপুত্রায় বান্তেবাসিনে বা ব্রূয়াৎ ॥৪০৬॥১২॥

অন্বয়ার্থঃ। জাবালঃ সত্যকামঃ উ (অপি) এতং (মন্থং) এব অন্তেবাসিভ্যঃ (স্বশিষ্যেভ্যঃ) উক্ত্বা উবাচ হ—যঃ এনং (মন্থং) শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেৎ, [তত্রাপি] শাখাঃ জায়েরন্, পালাশানি চ প্ররোহেয়ুঃ ইতি ॥ ৪০৬ ॥ ১২ ॥

মূলানুবাদ। জবালাপুত্র সত্যকামও শিষ্যগণকে এই মহাবিদ্যা-উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ শুষ্ক স্থাণুতেও ইহা ত্যাগ করে, তবে তাহাতেও শাখা প্রাদুর্ভূত হয় এবং পত্ররাশি সমুদ্গত হয় ॥৪০৬॥১২॥

শাঙ্করভাষ্যম্। "তং হৈতমুদ্দালকঃ" ইত্যাদি। সত্যকামো জাবালঃ অন্তেবাসিভ্য উক্ত্বা উবাচ—অপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেৎ, জায়েরন্নেব অস্মিন্ শাখাঃ, প্ররোহেয়ুঃ পলাশানীত্যেবমন্তম্ এনং মন্থম্ উদ্দালকাৎপ্রভৃত্যেকৈকাচার্য্য-ক্রমাগতং সত্যকাম আচার্য্যো বহুভ্যোঽন্তেবাসিভ্য উক্ত্বা। উবাচ। কিমন্যদুবাচেত্যুচ্যতে,—অপি য এনং

শুষ্কে স্থাণৌ গতপ্রাণেঽপি এনং মন্থং ভক্ষণায় সংস্কৃত্য নিষিঞ্চেৎ প্রক্ষিপেৎ, জায়েরন্ উৎপদ্যেরন্নেব অস্মিন্ স্থাণৌ শাখা অবয়বা বৃক্ষস্য, প্ররোহেয়ুঃ পলাশানি পর্ণানি, যথা জীবতঃ স্থাণোঃ ; কিমুত অনেন কর্ম্মণা কামঃ সিধ্যেদিতি। ধ্রুবফলমিদং কর্ম্মেতি কর্ম্মস্তুত্যর্থমেতৎ। বিদ্যাধিগমে ষট্ তীর্থানি ; তেষামিহ সপ্রাণদর্শনস্য মন্থবিজ্ঞানস্যাধিগমে দ্বে এব তীর্থে অনুজ্ঞায়েতে—পুত্রশ্চান্তেবাসী চ ॥ ৪০১—৪০৬॥১২॥

টীকা। তমেতং নাপুত্রায়েত্যাদেরর্থমাহ—বিদ্যেতি। শিষ্যঃ শ্রোত্রিয়ো মেধাবী ধনদায়ী প্রিয়ঃ পুত্রো বিদ্যয়া বিদ্যাদাতেতি ষট্ তীর্থানি সংপ্রদানানি ॥৪০১—৪০৬॥ ৭—১২॥

ভাষ্যানুবাদ। জবালাপুত্র সত্যকাম শিষ্যগণকে উপদেশ দিয়া বলিয়াছিলেন—যিনি ইহা শুষ্ক স্থাণুতেও নিক্ষিপ্ত করে, নিশ্চয়ই তাহাতেও শাখা সমূহ সমুৎপন্ন হয়, এবং পত্ররাশি প্রাদুর্ভূত হয়। এই প্রকারে উদ্দালক ঋষি হইতে আরম্ভ করিয়া এক এক আচার্য্যক্রমে আগত এই মন্থের বিষয়, আচার্য্য সত্যকাম বহুসংখ্যক শিষ্যগণকে উপদেশ করিয়া বলিয়াছিলেন। তিনি আর কি বলিবেন ; [তিনি বলিয়াছিলেন—]

যিনি ভক্ষণের জন্য পরিশোধিত এই মন্থকে শুষ্ক—প্রাণহীন (মৃত) স্থাণুতেও (বৃক্ষেও) নিষেক—প্রক্ষেপ করে, [তাহা হইলে,] জীবিত বৃক্ষের ন্যায় সেই স্থাণুতেও শাখা সমূহ—বৃক্ষের অবয়ব সমূহ নিশ্চয়ই জন্মে—উৎপন্ন হয় এবং পলাশসমূহ—পত্ররাশিও প্রাদুর্ভূত হয় ; [সুতরাং] ইহা দ্বারা যে কামনা সিদ্ধ হইবে, তাহাতে আর কথা কি। এই কর্ম্মের ফল যে, ধ্রুব, তাহা জ্ঞাপনের নিমিত্ত এই প্রশংসাপর বাক্যটী প্রযুক্ত হইয়াছে। বিদ্যালাভের পাত্র বা অধিকারী ছয় জন ; এই মন্থবিদ্যালাভে তাহাদের মধ্যে পুত্র ও শিষ্য—এই দুই জনকে মাত্র অনুমতি দেওয়া হইতেছে (১) ॥৪০৬॥১২॥

চতুরৌদুম্বরো ভবত্যৌদুম্বরঃ স্রুব ঔদুম্বরশ্চমস ঔদুম্বর ইধ্ম ঔদুম্বর্য্যা উপমন্থন্যৌ দশ গ্রাম্যাণি ধান্যানি ভবন্তি

(১) তাৎপর্য্য—তীর্থ অর্থ বিদ্যাসম্প্রদানের যোগ্য পাত্র ; সাধারণতঃ শিষ্য, শ্রোত্রিয় (বেদবিৎ), মেধাবী, ধনদাতা, প্রিয়পুত্র ও বিদ্যা বিনিময়ে বিদ্যাদাতা, এই ছয়জন বিদ্যাসম্প্রদানের যোগ্যপাত্র বলিয়া নির্দ্দিষ্ট আছে ; তন্মধ্যে এখানে প্রিয় পুত্র ও শিষ্য এই দুইজনকে মাত্র এই মন্থবিদ্যাদানের অনুমতি দেওয়া হইল।

ব্রীহিযবাস্তিলমাষা অণুপ্রিয়ঙ্গবো গোধূমাশ্চ মসূরাশ্চ খল্বাশ্চ খলকুলাশ্চ, তান্ পিষ্টান্ দধনি মধুনি ঘৃত উপসিঞ্চত্যাজ্যস্য জুহোতি ॥ ৪০৭ ॥ ১৩ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥ ৬ ॥ ৩ ॥

সরলার্থঃ। [অয়ং মন্থঃ] চতুরৌদুম্বরঃ (উদুম্বরময়ৈঃ চতুর্ভিঃ পাত্রৈঃ নিষ্পাদ্যঃ) ভবতি; [তথাহি—] স্রুবঃ (যজ্ঞীয়পাত্রবিশেষঃ) ঔদুম্বরঃ (উদুম্বরকাষ্ঠনির্ম্মিতঃ); তথা, চমসঃ ঔদুম্বরঃ, ইধ্মঃ (কাষ্ঠং) ঔদুম্বরঃ, ঔদুম্বর্য্যা উপমন্থন্যৌ (মন্থনদণ্ডৌ); গ্রাম্যাণি (গ্রামে ভবানি) দশ (দশ-প্রকারাণি) ধান্যানি ভবন্তি—ব্রীহি-যবাঃ (ব্রীহয়ঃ হৈমন্তিকধান্যানি, যবাঃ প্রসিদ্ধাঃ), তিল-মাষাঃ (তিলাঃ, মাষাশ্চ) অণু-প্রিয়ঙ্গবঃ (অণবঃ অণুসংজ্ঞিতাঃ, প্রিয়ঙ্গবশ্চ-কঙ্গুশব্দবাচ্যাঃ), গোধূমাঃ চ, মসূরাঃ চ, খল্বাঃ (নিষ্পাবাঃ), খল-কুলাঃ (কুলত্থাঃ), পিষ্টান্ (চূর্ণীকৃতান্) তান্ দধনি, মধুনি, ঘৃতে [চ] উপসিঞ্চতি (দধ্যাদিভিরার্দ্রীকরোতি); [অনন্তরম্] আজ্যস্য জুহোতি (আজ্যরূপেণ অগ্নৌ প্রক্ষিপতি) ॥ ৪০৭॥১৩॥

মূলানুবাদ। উক্ত মন্থহোম চারিটী ঔদুম্বর পাত্র দ্বারা সম্পাদন করিতে হয়; মন্থহোমের স্রুব ঔদুম্বর—উদুম্বর কাষ্ঠময়, চমস ঔদুম্বর, কাষ্ঠও ঔদুম্বর এবং মন্থনের দণ্ডদুইটীও ঔদুম্বর, দশপ্রকার গ্রামের ধান্য থাকিবে—ব্রীহি, যব, তিল, মাষ, অণু, প্রিয়ঙ্গু (কাঐন ?), গোধূম, মসূর, খল্ব ও খলকুল (কুলত্থ কড়াই), এই দশ প্রকার দ্রব্য পেষণ (চূর্ণ) করিয়া, দধি, ঘৃত ও মধুমিশ্রিত করিবে, এবং পরে আজ্যরূপে হোম করিবে ॥ ৪০৭ ॥ ১৩ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণব্যাখ্যা ॥৬॥৩॥

শাঙ্করভাষ্যম্। চতুরৌদুম্বরো ভবতীতি ব্যাখ্যাতম্। দশ গ্রাম্যাণি ধান্যানি ভবন্তি; গ্রাম্যাণাস্তু ধান্যনাং দশ নিয়মেন গ্রাহ্যা ইত্য-বোচাম। কে তে ইতি নির্দ্দিশ্যন্তে,—ব্রীহীযবাঃ তিলমাষাঃ, অণুপ্রিয়ঙ্গবঃ অণবশ্চ অণুশব্দবাচ্যাঃ; কচিদ্দেশে প্রিয়ঙ্গবঃ প্রসিদ্ধাঃ কঙ্গুশব্দেন; খল্বা

নিষ্পাবাঃ বল্লশব্দবাচ্যা লোকে ; খলকুলাঃ কুলথাঃ। এতদ্ব্যতিরেকেণ যথাশক্তি সর্ব্বৌষধয়ো গ্রাহ্যাঃ ফলানি চেত্যবোচাম, অযাজ্ঞিকানি বর্জ্জয়িত্বা ॥৪০৭॥১৩ ॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয়ব্রাহ্মণভাষ্যম্ ॥ ৬ ॥ ৩ ॥

টীকা ।০॥৪০।৭।১৩॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং ষষ্ঠাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্ । ৬।৩ ।

ভাষ্যানুবাদ। 'চতুরৌদুম্বরো ভবতি' কথার অর্থ পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। গ্রাম্য ধান্য দশপ্রকার ; গ্রাম্য ধান্যের মধ্যে দশপ্রকার ধান্য যে, অবশ্য গ্রহণ করিতে হইবে, একথা আমরা পূর্ব্বেই বলিয়াছি। সেই দশ প্রকার ধান্য কি কি, তাহাই এখন নির্দ্দেশ করা হইতেছে—ব্রীহি, যব, তিল, মাষ, অণুপ্রিয়ঙ্গু—অণু অর্থ—অণুশব্দবাচ্য, অর্থাৎ 'অণু' বলিলে যাহাকে বুঝায় ; কোন কোন দেশে 'প্রিয়ঙ্গু' কঙ্গু নামে প্রসিদ্ধ; খল্ব—নিষ্পাব, লোকে যাহাকে 'বল্ল' নামে অভিহিত করিয়া থাকে, খলকুল অর্থ—কুলথ কড়াই। শক্তি অনুসারে এতদতিরিক্তও সর্ব্বৌষধি ও ফল সমূহ যে, গ্রহণ করিতে হইবে, তাহা আমরা প্রথমেই বলিয়াছি ; অবশ্য, অযজ্ঞীয় বস্তুমাত্রই বর্জ্জন করিতে হইবে ॥৪০৭॥১৩॥

ইতি ষষ্ঠাধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৬।৩॥

এষাং বৈ ভূতানাং পৃথিবী রসঃ পৃথিব্যা আপোঽপামোষধয় ওষধীনাং পুষ্পাণি পুষ্পাণাং ফলানি ফলানাং পুরুষঃ পুরুষস্য রেতঃ ॥ ৪০৮ ॥ ১ ॥

সম্বন্ধার্থঃ। [প্রাগুক্তং শ্রীমন্থং কৃতবতঃ প্রাণদর্শিনঃ পুত্রমন্থে অধিকারং জ্ঞাপয়িতুং ব্রাহ্মণমিদমারভ্যতে—'এষাং বৈ ভূতানাম্' ইত্যাদি।] পৃথিবী বৈ (এব) এষাং (চরাচরাণাং) ভূতানাং রসঃ (সারঃ, পৃথিব্যুপাদানকত্বাদ্ ভূতানাম্) ; আপঃ (জলানি) পৃথিব্যাঃ [রসঃ] ; ওষধয়ঃ অপাং [রসঃ] ; পুষ্পাণি ওষধীনাং রসঃ, ফলানি পুষ্পাণাং [রসঃ] ; পুরুষঃ (মনুষ্যাদিদেহঃ) ফলানাং (ব্রীহিযবাদীনাং) [রসঃ, তৎপরিণামত্বাৎ] ; পুরুষস্য চ রেতঃ [রসঃ ; সর্ব্বাঙ্গনির্য্যাসরূপত্বাৎ] ৪০৮।১॥

মূলানুবাদ। প্রাণদর্শী পুরুষেরই পূর্ব্বোক্ত মন্থকর্ম্মানুষ্ঠানে অধিকার, এবং শ্রীমন্থকর্ম্মানুষ্ঠাতা অধিকারী পুরুষেরই যে, এই

"ব্রহ্মসূত্র"-বেদান্ত দর্শন

প্রাচ্য ও পাশ্চাত্য জগতে পূজ্য, মানব জাতীর সর্ব্বশ্রেষ্ঠ দর্শন-শাস্ত্র ব্রহ্মসূত্র, সাধারণ জ্ঞানপিপাসু বঙ্গবাসীর হৃদয়ঙ্গম করাইবার জন্য আর একবার বিশেষ চেষ্টা হইতেছে। মহামহোপাধ্যায় পণ্ডিত—শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ অনুবাদের ভার গ্রহণ করিয়াছেন। ইহা একমাস অন্তর খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। পাঁচখণ্ড প্রকাশিত হইয়াছে।

ইহাতে মূলসূত্র, মূলানুবাদ, শঙ্করভাষ্য, ভাষ্যানুবাদ ভামতীর টীকা ও তাহার অনুবাদ, রত্নপ্রভা এবং তাৎপর্য্য ব্যাখ্যা দেওয়া হইতেছে। প্রতি খণ্ডে ১৬ হইতে ১৮ ফর্ম্মা, মূল্য ১৲ টাকা। মফঃস্বলে গ্রাহকদিগের ডাকমাশুল লাগিবে না। নয় খণ্ড মুদ্রিত হইয়াছে।

নিম্নে মুদ্রিত গ্রাহক হইবার নিয়মানুযায়ী ব্রহ্ম সূত্রের গ্রাহকদিগকে গ্রাহক শ্রেণীভুক্ত করিব। যাহারা উক্ত গ্রন্থ লইতে ইচ্ছা করেন অনুগ্রহ পূর্ব্বক পত্র লিখুন।

বেদান্ত—ব্রহ্মসূত্র এবং উপনিষদের গ্রাহক হইবার নিয়মাবলী।

১। যাঁহারা যে সময়ে উপনিষদের (অগ্রিম এক টাকা জমা দিয়া) গ্রাহক হইবেন তাঁহারা সেই সময় হইতে প্রকাশিত উপনিষদ কিছু কম মূল্যে পাইবেন, পূর্ব্ব প্রকাশিত গ্রন্থগুলি সাধারণ মূল্যে লইতে হইবে। পুস্তক সম্পূর্ণ হইলে ঐ টাকা হিসাবে শোধ দিব। পুস্তক সম্পূর্ণ হইবার পূর্ব্বে কোন গ্রাহক পুস্তক লওয়া বন্ধ করিলে জমার টাকা ফেরৎ পাইবেন না।

২। গ্রাহকগণের নিকট হইতে কোন কারণে যদি ভিঃ পিঃ ফেরৎ আসে তাহা হইলে ঐ টাকা হইতে ভিঃ পিঃ খরচ বাদ যাইবে এবং সংবাদ না পাওয়া পর্য্যন্ত পুস্তক পাঠান বন্ধ থাকিবে।

৩। ঠিকানা পরিবর্ত্তন হইলে সংবাদ দিবেন।

৪। উপনিষদ্ ও ব্রহ্মসূত্র খণ্ডে খণ্ডে মুদ্রিত হইলেই সহরে ও মফঃস্বলে গ্রাহকগণের নিকট ভিঃ পিঃ ডাকে পাঠান হয়, সেই খণ্ডের ভিঃ পিঃ খরচ গ্রাহককে দিতে হয় না।

৫। গ্রন্থগুলি ডিমাই ৮ পেজী আকারে ভাল কাগজে মুদ্রিত হইতেছে। উপস্থিত কাগজের দর অতিরিক্ত বৃদ্ধি হওয়াতে ডাকমাশুলসহ ১৬ ফর্ম্মা (একখণ্ড) একটাকা ধার্য্য করিয়াছি। কোন গ্রন্থ আংশিক হিসাবে বিক্রয় হয় না।

১। উপদেশ সহস্রী।

এই গ্রন্থখানি আচার্য্যদেবের স্বরচিত গ্রন্থ। ইহা জ্ঞানযোগী সাধক শ্রেষ্ঠ সন্ন্যাসীর জন্যই আচার্য্য রচনা করিয়াছিলেন। ইহাতে সাধক সাধনকালে কিরূপ পথে ব্রহ্মতত্ত্ব অনুভব করিবেন তাহা অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। এই উপদেশগুলি শাঙ্কর সম্প্রদায়ভুক্ত সন্ন্যাসীদের প্রথম অবলম্বন।

পণ্ডিত শ্রীযুক্ত অক্ষয়কুমার শাস্ত্রী বেদান্ত-মীমাংসা দর্শনতীর্থ কর্ত্তৃক অনূদিত ও সম্পাদিত।

মূল, অন্বয়, বাঙ্গালা প্রতিশব্দ, রামতীর্থ টীকা বঙ্গানুবাদ এবং তাৎপর্য্যসহ সুন্দর ডিমাই ৮ পেজী কাগজে মুদ্রিত ৬৫৭ পৃষ্ঠায় সম্পূর্ণ মূল্য ৪৲।

যেমন বৈরাগ্যযুক্ত স্থির-চিত্ত সন্ন্যাসীর পক্ষে উপদেশ সহস্রী তেমনি জ্ঞান পিপাসু, সংসার প্রপীড়িত মোক্ষইচ্ছু সকল ব্যক্তির পক্ষেই—

২। সর্ব্ববেদান্ত সিদ্ধান্ত-সারসংগ্রহঃ

ইহাতে মনুষ্যত্ব লাভের উপায় বলা হইয়াছে এবং সর্ব্বশেষে বেদান্ত মতটি সহজ ও সরল ভাষায় বর্ণিত হইয়াছে। প্রথম শিক্ষার্থীর পক্ষে সহজে বেদান্তের সুগভীর তত্ত্বটি আয়ত্ত করিবার জন্য এই উপদেশ গুলি একটি সুন্দর উপায়।

মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ—
ও এবং
পণ্ডিত শ্রীযুক্ত অক্ষয়কুমার শাস্ত্রী, সাংখ্য-বেদান্ত-মীমাংসা দর্শনতীর্থ কর্ত্তৃক অনূদিত ও সম্পাদিত।

ইহা মূল, অন্বয়, বাঙ্গালা প্রতিশব্দ, বঙ্গানুবাদ এবং তাৎপর্য্য মণ্ডিত। ভাল ডিমাই ৮ পেজী কাগজে মুদ্রিত ৪৩৪ পৃষ্ঠায় সম্পূর্ণ মূল্য ২৷৷৹

৩। শ্রীমদ্ ভগবদ্ গীতা—

ইহা জগতের সুপরিচিত প্রসিদ্ধ গ্রন্থ অতএব ইহার পরিচয় অনাবশ্যক মৎপ্রকাশিত গীতার বিশেষত্ব—শঙ্করভাষ্যের সম্পূর্ণ অনুবাদ প্রদত্ত হইয়াছে। ইহাতে মূল, অন্বয়, মূলানুবাদ, শঙ্করভাষ্য, আনন্দগিরিকৃত টীকা, শঙ্কর ভাষ্যানুবাদ এবং তাৎপর্য্য আছে।

সম্পাদক মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ কর্ত্তৃক অনূদিত।

সুন্দর ডিমাই ৮ পেজী কাগজে মুদ্রিত দুই খণ্ডে ১১৫৭ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ৫৲।

অষ্টম খণ্ড।

বৃহদারণ্যকোপনিষদ্

(ত্রয়োদশ ভাগ)

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য বেদান্ত-তীর্থ

কর্ত্তৃক

অনূদিত ও সম্পাদিত।

স্বত্বাধিকারী, প্রকাশক ও সহকারী সম্পাদক

শ্রীঅনিল চন্দ্র দত্ত।

লোটাস্ লাইব্রেরী,

২৮।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

সন ১৩২৭ সাল।

[All rights reserved.]

মূল্য—গ্রাহক-পক্ষে— —৸৵০
সাধারণ-পক্ষে—৸০

বেদান্ত-দর্শন

শ্রীভাষ্য।

জ্ঞান ও ভক্তির অপূর্ব্ব সমন্বয়।

ইহাতে আছে—(১ বেদব্যাসকৃত ব্রহ্মসূত্র। (২ পদচ্ছেদ,—সূত্রস্থ শব্দগুলির বিশ্লেষণ, এবং বঙ্গভাষায় তাহার অর্থ। (৩) সরলার্থ; ভাষ্যের সাহায্য ব্যতীতও ইহা হইতে অনায়াসে ভাষ্যের মর্ম্ম গ্রহণ করা যায়। (৫) ভাষ্যোদ্ধৃত প্রমাণগুলির আকর নির্দ্দেশ। (৬) বিস্তৃত অনুবাদ; অনুবাদ যতদূর সম্ভব সরল ও ভাষ্যানুযায়ী হইয়াছে। (৭) তাৎপর্য্য; যুক্তি ও প্রমাণের সাহায্যে ভাষ্যের জটিল বিষয়গুলি সাধারণের বোধগম্য করিয়া দেওয়া হইয়াছে। শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ কর্ত্তৃক অনুদিত ও সম্পাদিত। মূল্য ১০৲।

নব্যন্যায়—ব্যাপ্তিপঞ্চকম্।

বঙ্গের অতুল গৌরবের সামগ্রী নব্যন্যায়ের প্রকৃত আকরগ্রন্থে এই প্রথম অনুবাদ প্রকাশিত হইল। ব্যাপ্তিপঞ্চকের মূল, অনুবাদ ও ব্যাখ্যা (২০ পৃষ্ঠা) মাথুরী মূল, অনুবাদ ও সুবিস্তৃত ব্যাখ্যা (৪৫৮ পৃষ্ঠা), দীধিতি মূল ও অনুবাদ (৩পৃষ্ঠা) এবং সুবিস্তৃত ভূমিকা (১২৪ পৃষ্ঠা) মধ্যে এই শাস্ত্রের বহু জ্ঞাতব্য বিষয় ও জগদীশের তর্কামৃতের বঙ্গানুবার সন্নিবিষ্ট করা হইয়াছে। ব্যাখ্যা সহজ করিবার জন্য বহু অধুনিক কৌশল অবলম্বিত হইয়াছে অনুবাদক "আচার্য্য শঙ্কর ও রামানুজ" প্রণেতা শ্রীরাজেন্দ্রনাথ ঘোষ, সংশোধক—পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পার্ব্বতীচরণ তর্কতীর্থ। রয়াল ৮ পেজী ৬০৫ পৃষ্ঠা, উত্তম বাঁধাই মূল্য ৫৲ টাকা।

সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ
কর্ত্তৃক অনূদিত।

১।২।৩।	ঈশ, কেন, কঠ,	(একত্রে)	মূল্য	২৸০
৩।	কঠ	... ...	,,	৷৷/০
৪।	প্রশ্ন	... ...	,,	৸/০
৫।	মুণ্ডক	... ...	,,	১৲০
৬।	মাণ্ডূক্য	(কারিকা সমেত)	,,	২৲
৭।	ছান্দোগ্য	... ...	,,	৮৷৵০

ক্রোমপ্যাথি বা বর্ণ-চিকিৎসা।

শ্রীযুক্ত সুরেন্দ্রকৃষ্ণ দত্ত বি, এল্ প্রণীত মূল্য ।০

বঙ্গভাষায় ও দেশে ইহা একটী অমূল্য চিকিৎসা-শাস্ত্র; কেবলমাত্র ৪।৫টি রঙ্গিন শিশি, কাচ ও আলো আবশ্যক। ইহা দরিদ্রদিগের পরম বন্ধু প্রত্যেক গৃহস্থ পরিবারের এই পুস্তক অত্যন্ত প্রয়োজনীয়।

শ্রীমন্মথনাথ দাস দ্বারা মুদ্রিত, দি, ইউনিয়ান প্রেস। ৩৭।১ বলরাম দের ষ্ট্রীট, কলিকাতা।

পুত্রমন্থে অধিকার, ইহা আপনের নিমিত্ত এই ব্রাহ্মণ আরব্ধ হইতেছে।

পৃথিবীই এই স্থাবর জঙ্গম ভূতবর্গের রস অর্থাৎ সারভূত; কারণ, পৃথিবীই উহাদের দেহোপাদান; জল আবার পৃথিবীর সার; কারণ, জল হইতেই পৃথিবীর জন্ম; জলের সার আবার ওষধি—তৃণ লতাসমূহ; ওষধির সার হইতেছে—পুষ্প সমূহ; পুষ্পের সার ধান্য যবাদি ফল সমূহ; ফলের সার পুরুষ; কেননা, পুরুষের দেহ অন্নময়; পুরুষের সার আবার শুক্র; কারণ, উহা পুরুষের সর্ব্বাঙ্গ হইতে নিঃসৃত হইয়া থাকে॥৪০৮॥১॥

শাঙ্করভাষ্যম্। যাদৃগ্‌জন্মা যথোৎপাদিতো যৈর্ব্বা গুণৈর্ব্বিশিষ্টঃ পুত্র আত্মনঃ পিতুশ্চ লোক্যো ভবতীতি, তৎসম্পাদনায় ব্রাহ্মণমারভ্যতে। প্রাণদর্শিনঃ শ্রীমন্থং কর্ম্ম কৃতবতঃ পুত্রমন্থেঽধিকারঃ; যদা পুত্রমন্থং চিকীর্ষতি, তদা শ্রীমন্থং কৃত্বা ঋতুকালং পত্ন্যাঃ প্রতীক্ষত ইত্যেতৎ রেতস ওষধ্যাদিরসতমত্বশ্রুত্যা অবগম্যতে।

এষাং বৈ চরাচরাণাং ভূতানাং পৃথিবী রসঃ সারভূতা সর্ব্বভূতানাং মধ্বিতি হি উক্তম্। পৃথিব্যা আপো রসঃ, অপ্সু হি পৃথিবী ওতা চ প্রোতা চ; অপাম্ ওষধয়ো রসঃ, কার্য্যত্বাৎ রসত্বমোষধ্যাদীনাম্; ওষধীনাং পুষ্পাণি; পুষ্পাণাং ফলানি; ফলানাং পুরুষঃ; পুরুষস্য রেতঃ; "সর্ব্বেভ্যোঽঙ্গেভ্যস্তেজঃ সম্ভূতম্" ইতি শ্রুত্যন্তরাৎ॥৪০৮॥১॥

টীকা। প্রাণোপাসকস্য বিত্তার্থিনো মন্থাখ্যং কর্ম্মোক্ত্বা ব্রাহ্মণান্তরমুত্থাপয়তি—যাদৃগিতি। উক্তগুণঃ স কথং স্যাদিত্যপেক্ষায়ামিতি শেষঃ। তচ্ছব্দো যথোক্তপুত্র-বিষয়ঃ। যদস্মিন্‌ব্রাহ্মণে পুত্রমন্থাখ্যং কর্ম্ম বক্ষ্যতে, তত্রেতি সর্ব্বাধিকারবিষয়মিত্যাশঙ্ক্যাহ—প্রাণেতি। পুত্রমন্থস্য কালনিয়মাভাবমাশঙ্ক্যাহ—যদেতি। কিমত্র গময়কমিত্যা-শঙ্ক্য রেতঃশ্রুতিরিত্যাহ—ইত্যেতদিতি। পৃথিব্যাঃ সর্ব্বভূতসারত্বে মধুব্রাহ্মণং প্রমাণয়তি—সর্ব্বভূতানামিতি। তত্র গার্গিব্রাহ্মণং প্রমাণমিত্যাহ—অপ্সু হীতি। অপাং পৃথিব্যাশ্চ রসত্বং কারণত্বাদযুক্তমোষধ্যাদীনাং কথমিত্যাশঙ্ক্যাহ—কার্য্যত্বাদিতি। রেতোঽস্যমতেতি শ্রুত্য রেতসত্র তেজঃশব্দপ্রয়োগাত্তৎ পুরুষে সাঙ্গবৈতন্মেয়কে বিবক্ষিতমিত্যাহ—সর্ব্বেভ্য ইতি॥৪০৮॥১॥

ভাষ্যানুবাদ। যে প্রকার জন্ম, যে প্রকার উৎপাদন এবং যে সমস্ত গুণবিশেষবিশিষ্ট হইলে পুত্র নিজের ও পিতার লোকহিতকর হইয়া

থাকে, তাহা সম্পাদনের অর্থাৎ সেই প্রকার জন্ম, উৎপাদন ও গুণবিশেষ লাভের উপায় নির্দ্দেশের নিমিত্ত এই ব্রাহ্মণ আরব্ধ হইতেছে। যে প্রাণদর্শী পুরুষ পূর্ব্বোক্ত শ্রীমন্থকর্ম্ম করিয়াছেন, বক্ষ্যমাণ পুত্রমন্থ কর্ম্মে তাহারই অধিকার। এখানে পুরুষের রেতকে ওষধিপ্রভৃতির সারভূত বলিয়া স্তুতি করায় বুঝা যাইতেছে যে, পুরুষ যখন পুত্রমন্থ কর্ম্ম করিতে ইচ্ছুক হয়, তখন অগ্রেই শ্রীমন্থ কর্ম্ম করিয়া পত্নীর ঋতুকালের প্রতীক্ষা করিবে।

এই যে, চরাচরাত্মক (স্থাবর-জঙ্গম) ভূতবর্গ, পৃথিবী তাহাদের রস সারভূত; পূর্ব্বেও পৃথিবীকে সর্ব্বভূতের 'মধু' বলা হইয়াছে। জল আবার পৃথিবীর রস; কেন না, এই পৃথিবী জলের মধ্যে ওত-প্রোত রহিয়াছে; ওষধি (তৃণলতাসমূহ) জলের রস; কারণ, ওষধি সমূহ জল হইতে উৎপন্ন; এই জন্য উহারা জলের সারভূত; ওষধির সার পুষ্প সমূহ; পুষ্পের সার ফলসমূহ; ফলের রস হইতেছে পুরুষ (জীবদেহ); পুরুষের রস রেতঃ (শুক্র); কারণ, অপর শ্রুতিতে আছে 'শুক্ররূপ তেজঃ সমস্ত দেহাবয়ব হইতে প্রাদুর্ভূত হইয়াছে' ইতি ॥ ৪০৮॥১॥

স হ প্রজাপতিরীক্ষাঞ্চক্রে হন্তাস্মৈ প্রতিষ্ঠাং কল্পয়ানীতি; স স্ত্রিয়ং সসৃজে, তাং সৃষ্ট্বাধ উপাস্ত, তস্মাৎ স্ত্রিয়মধ উপাসীত, স এতং প্রাঞ্চং গ্রাবাণমাত্মন এব সমুদপারয়ত্তেনৈনামভ্যসৃজৎ ॥ ৪০৯ ॥ ২ ॥

সরলার্থঃ। [ইদানীং সারতমস্য রেতসঃ প্রতিষ্ঠা-নির্ম্মাণপ্রকারমাহ—"স হ" ইত্যাদিনা।] সঃ (প্রসিদ্ধঃ) প্রজাপতিঃ (প্রজানাং স্রষ্টা) হ ঈক্ষাংচক্রে (রেতসঃ প্রতিষ্ঠাবিষয়ে আলোচনং কৃতবান্); হন্ত (উৎসাহে) অস্মৈ (রেতসে) প্রতিষ্ঠাং (আশ্রয়ং) কল্পয়ানি (নির্ম্মাণং করবাণি), ইতি (এবমালোচ্য) সঃ (প্রজাপতিঃ) স্ত্রিয়ং (রেতোধারণপাত্রং) সসৃজে (সৃষ্টবান্); তাং (স্ত্রিয়ং) সৃষ্ট্বা অধঃ (অধস্তাৎ স্থাপয়িত্বা) উপাস্ত (উপাসনং মিথুনসাধ্যং কর্ম্ম কৃতবান্); তস্মাৎ (প্রজাপতিনা এবমুপাসিতত্বাৎ) স্ত্রিয়ম্ অধ উপাসীত; [শ্রেষ্ঠজনানুসারিণ্যো হি প্রজাঃ]। সঃ (প্রজাপতিঃ) এতং (প্রসিদ্ধং) প্রাঞ্চং (স্পন্দমানং) আত্মন এব গ্রাবাণং (পাষাণবৎ কঠিনং পুংচিহ্নং) সমুদপারয়ৎ (স্ত্রীয়া জননেন্দ্রিয়ং প্রতি পূরিতবান্); তেন (প্রকারেণ) এনাং (স্ত্রিয়ং) অভ্যসৃজৎ (সম্যক্ সংসর্গং কৃতবান্) ॥ ৪০৯॥২॥

মূলানুবাদ। [অতঃপর সর্ব্বভূতের সারভূত শুক্রের আধানপাত্র নির্ম্মাণের প্রণালী কথিত হইতেছে—] সেই প্রজাপতি (বিধাতা) উক্ত রেতের প্রতিষ্ঠা সম্বন্ধে চিন্তা করিয়াছিলেন,—ভাল, ইহার (রেতের) প্রতিষ্ঠা বা আধানপাত্র নির্ম্মাণ করিব; তিনি স্ত্রী সৃষ্টি করিলেন; সেই স্ত্রীকে সৃষ্টি করিয়া নীচে রাখিয়া উপাসনা (মিথুন ব্যাপার) করিয়াছিলেন; সেই হেতু এখনও স্ত্রীকে অধে রাখিয়াই উপাসনা করিবে। সেই প্রজাপতি নিজেরই স্পন্দমান এই পাষাণতুল্য পুং-চিহ্নটী [স্ত্রী চিহ্নে] পূরণ করিয়াছিলেন; তিনি সেই প্রকারেই স্ত্রী সংসর্গ করিয়াছিলেন ॥ ৪০৯॥২॥

শাঙ্করভাষ্যম্। যত এবং সর্ব্বভূতানাং সারতমমেতদ্রেতঃ, অতঃ কা মু খল্বস্ত যোগ্যা প্রতিষ্ঠেতি স হ স্রষ্টা প্রজাপতিঃ ঈক্ষাঞ্চক্রে; ঈক্ষাং কৃত্বা স্ত্রিয়ং সসৃজে। তাং চ সৃষ্ট্বা অধ উপাস্ত—মৈথুনাখ্যং কর্ম্ম অধঃ উপাসনং নাম কৃতবান্। তস্মাৎ স্ত্রিয়ম্ অধ উপাসীত; শ্রেষ্ঠানুসরণা হি প্রজাঃ।

অত্র বাজপেয়সামান্যকৢপ্তিমাহ—স এতং প্রাঞ্চং প্রকৃষ্টগতিযুক্তম্ আত্মনো গ্রাবাণং সোমাভিষবোপলস্থানীয়ং কাঠিন্যসামান্যাৎ প্রজননেন্দ্রিয়ম্, উদপারয়ৎ উৎপূরিতবান্ স্ত্রী-ব্যঞ্জনং প্রতি; তেন এনাং স্ত্রিয়মভ্যসৃজৎ অভিসংসর্গং কৃতবান্ ॥ ৪০৯ ॥ ২ ॥

টীকা। শ্রেষ্ঠমনুসরন্তেঽনুসরন্তীতি শ্রেষ্ঠানুসরণাঃ। পশুকর্ম্মণি যাবজ্জেন প্রাণিমাত্রস্য প্রবৃত্তের্যা বিধিরিত্যাশঙ্ক্যাহ—অত্রেতি। অধ্যাত্মং কর্ম্ম সপ্তম্যর্থঃ ॥ ৪০৯॥২ ॥

ভাষ্যানুবাদ। যেহেতু এই রেতঃ হইতেছে সমস্ত ভূতের সারতম, সেই হেতু প্রজাপতি চিন্তা করিয়াছিলেন যে, ইহার উপযুক্ত প্রতিষ্ঠা বা আধানপাত্র কি হইতে পারে? তিনি এইরূপ আলোচনা করিয়া স্ত্রীমূর্ত্তি সৃষ্টি করিয়াছিলেন; তিনি সেই স্ত্রী সৃষ্টি করিয়া তাহাকে অধে রাখিয়া উপাসনা করিয়াছিলেন—মৈথুন কর্ম্মরূপ অধ-উপাসনা করিয়াছিলেন; সেই হেতু অপর লোকেও স্ত্রীর অধ-উপাসনাই করিবে; কেননা, সাধারণ লোকে শ্রেষ্ঠ লোকেরই আচরণের অনুসরণ করিয়া থাকে।

এ বিষয়ে বাজপেয়-যাগের সাধারণ ধর্ম্মের পরিকল্পনা প্রদর্শন করিতেছেন—তিনি (প্রজাপতি) কাঠিন্যরূপ তুল্য ধর্ম্ম থাকায় [যজ্ঞীয়]

সোমনিপেষণের পাষাণখণ্ডস্থানীয় প্রাক্—উত্তম গতিযুক্ত বা স্পন্দনসম্পন্ন আপনার এই পাষাণ খণ্ডটী অর্থাৎ কাঠিন্যযুক্ত জননেন্দ্রিয়টী স্ত্রীচিহ্নকে লক্ষ্য করিয়া উৎপূরণ করিয়াছিলেন; তাহা দ্বারাই এই স্ত্রীর সহিত সংসর্গ করিয়াছিলেন॥ ৪০৯॥২॥

তস্যা বেদিরুপস্থো লোমানি বর্হিশ্চর্ম্মাধিষবণে সমিদ্ধো মধ্যতস্তৌ মুষ্কৌ, স যাবান্ হ বৈ বাজপেয়েন যজমানস্য লোকো ভবতি তাবানস্য লোকো ভবতি, য এবং বিদ্বানধোপহাসঞ্চরত্যা-সাং স্ত্রীণাং সুকৃতং বৃঙ্ক্তেঽথ য ইদমবিদ্বানধোপহাসঞ্চরত্যাস্য স্ত্রিয়ঃ সুকৃতং বৃঞ্জতে ॥ ৪১০ ॥ ৩ ॥

সরলার্থঃ। ইদানীং তত্র যজ্ঞরূপতাং কল্পয়তি "তস্যাঃ" ইত্যাদিনা। তস্যাঃ (স্ত্রিয়াঃ) উপস্থঃ (জননেন্দ্রিয়ং) বেদিঃ (যজ্ঞবেদিস্থানীয়ঃ); লোমানি বর্হিঃ (কুশঃ); চর্ম্ম (আভ্যন্তরং চর্ম্ম) [আনডুহং চর্ম্ম], সমিদ্ধঃ (প্রদীপ্তঃ অগ্নিঃ) মধ্যতঃ (স্ত্রীচিহ্নস্য মধ্যে) [দ্রষ্টব্যঃ); তৌ (প্রসিদ্ধৌ) মুষ্কৌ (জনেন্দ্রিয়স্য পার্শ্বস্থৌ মাংসখণ্ডৌ) অধিষবণে (সোম-পেষণোপল-খণ্ডৌ)। [স্ত্রিয়াঃ তত্তৎস্থানেষু বেদ্যাদিদৃষ্টিঃ কর্ত্তব্যা ইতি ভাবঃ]। ইদানীং বিজ্ঞানফলমুচ্যতে—] বাজপেয়েন (তন্নাম্না যজ্ঞেন) যজমানস্য সঃ যাবান্ (যৎপরিমাণঃ) হ বৈ (প্রসিদ্ধৌ) লোকঃ (ভোগঃ) ভবতি, অস্য (বিদুষঃ) তাবান্ লোকঃ ভবতি; [তস্মাৎ অত্র বীভৎসা ন কার্য্যা]; যঃ এবং (যথোক্তং) বিদ্বান্ (জানন্) অধোপহাসং চরতি, [সঃ] আসাং (ভোগ্যানাং) স্ত্রীণাং সুকৃতং (পুণ্যং) বৃঙ্ক্তে (আয়ত্তং করোতি); অথ (পক্ষান্তরে) যঃ ইদং (যথোক্তং বিজ্ঞানং) অবিদ্বান্ সন্ অধোপহাসং চরতি; স্ত্রিয়ঃ অস্য (অবিদুষঃ) সুকৃতং আবৃঞ্জতে (আবর্জয়ন্তি) ইত্যর্থঃ॥ ৪১০॥৩॥

মূলানুবাদ। স্ত্রীর উপস্থটীকে (জননেন্দ্রিয়কে) বেদি [বলিয়া চিন্তা করিবে]; লোম সমূহকে কুশ বলিয়া, চর্ম্মকে [চর্ম্ম বলিয়া] এবং মুষ্কদ্বয়কে (উভয় পার্শ্বের স্থূল মাংসখণ্ড দুইটাকে) অধিষবণদ্বয় (সোম-পেষণের পাষাণখণ্ড দুইটী) [বলিয়া চিন্তা করিবে]। যজমান (যাজ্ঞিক পুরুষ) বাজপেয় যাগের দ্বারা যে পরিমাণ লোক বা ফল প্রাপ্ত হন, যথোক্তপ্রকার বিজ্ঞানসম্পন্ন পুরুষেরও সেই

পরিমাণই ফল লাভ হয়। [অতএব এ বিষয়ে ঘৃণা বা কুৎসা করিতে নাই]। যে ব্যক্তি এই প্রকার বিজ্ঞানসম্পন্ন হইয়া অধোপহাস (উক্ত কর্ম্ম) আচরণ করে, সেই লোক সেই স্ত্রীদিগের পুণ্য সঞ্চয় করে; পক্ষান্তরে, যে লোক এইরূপ বিজ্ঞানবর্জ্জিত—যথেচ্ছাচারী হইয়া উক্ত অধোপহাস কর্ম্ম আচরণ করে, স্ত্রীগণ তাহার পুণ্য আবৃত করে ॥৪১০॥৩॥

শাঙ্করভাষ্যম্। তস্যা বেদিরিত্যাদি সর্ব্বং সামান্যং প্রসিদ্ধম্। সমিদ্ধোঽগ্নির্মধ্যতঃ—স্ত্রীব্যঞ্জনস্য; তৌ মুষ্কৌ অধিষবণফলকে ইতি ব্যবহিতেন সম্বধ্যতে। বাজপেয়যাজিনো যাবান্ লোকঃ প্রসিদ্ধঃ, তাবান্ বিদুষো মৈথুনকর্ম্মণঃ লোকঃ ফলমিতি স্তূয়তে। তস্মাদ্বীভৎসা নো কার্য্যেতি। য এবং বিদ্বান্ অধোপহাসং চরতি, আসাং স্ত্রীণাং সুকৃতং বৃঙ্ক্তে আবর্জ্জয়তি; অথ পুনর্যঃ বাজপেয়সম্পত্তিং ন জানাতি, অবিদ্বান্ রেতসো রসতমত্বঞ্চ, অধোপহাসং চরতি, অস্য স্ত্রিয়ঃ সুকৃতম্ আ বৃঞ্জতে অবিদুষঃ ॥ ৪১০ ॥ ৩ ॥

টীকা। মুষ্কৌ বৃষণৌ যোনিপার্শ্বয়োঃ কঠিনৌ মাংসখণ্ডৌ, তত্রাধিষবণশব্দিতসোমফলকদৃষ্টিঃ। বচ্চানডুহং চর্ম্ম সোমকণ্ডনার্থং, তদ্বৎ ঈ মধ্যদেশস্য চর্ম্মণি কর্ত্তব্যেত্যাহ—ত্বাঙ্গিতি। উপাস্তিপ্রকারমুক্ত্বা ফলোক্তেস্তাৎপর্য্যমাহ—বাজপেয়েতি। স্তূয়তে মৈথুনাখ্যং কর্ম্মেতি শেষঃ। স্তুতিফলমাহ—তস্মাদিতি। ইতিশব্দঃ স্তুতিফলদর্শনার্থঃ। উপাস্তেরধিকং ফলমাহ-য এবমিতি। অবিদুষো দুর্ব্যাপারনিরতস্য প্রত্যবায়ং দর্শয়তি—অস্যেতি। ৪১০।৩।

ভাষ্যানুবাদ। 'তস্যা বেদিঃ' ইত্যাদি শ্রুতিতে বাজপেয় যাগের যে সমুদয় সাধর্ম্ম্য কথিত হইয়াছে, সে সমুদয় প্রসিদ্ধই আছে। সমিদ্ধ—স্ত্রীচিহ্নের অভ্যন্তরগত অগ্নি; 'তৌ মুষ্কৌ'—(প্রসিদ্ধ কোষদ্বয়—উভয় পার্শ্বস্থ কঠিন মাংস খণ্ড দুইটা), এই কথাটীর সম্বন্ধ—ব্যবধানস্থিত 'অধিষবণে' শব্দের সহিত করিতে হইবে; ['অধিষবণ' অর্থ—সোম-নিষ্পেষণ করিবার পাষাণখণ্ড। বাজপেয় যজ্ঞকর্ত্তার যে পরিমাণ লোক প্রাপ্য বলিয়া প্রসিদ্ধ, যথোক্ত প্রকার মৈথুন কর্ম্মকারী বিদ্বানেরও সেই পরিমাণ লোকই—ফলই সিদ্ধ হইয়া থাকে। যখন এইরূপে ঐ কর্ম্মের প্রশংসা করা হইতেছে; তখন এ বিষয়ে বীভৎসা বা নিন্দা করা উচিত নহে।

এইরূপ বিজ্ঞানসম্পন্ন যে লোক 'অধোপহাস' আচরণ করে, সে লোক সেই সকল স্ত্রীর পুণ্য অধিকার করে, আর যে লোক যথোক্তপ্রকার বাজপেয় যাগ-সম্পাদনক্রম জানে না এবং রেতঃ যে, রসতম, ইহাও অবগত নহে, অথচ অধোপহাস আচরণ করে, স্ত্রীগণ সেই অবিদ্বানের সুকৃতি বা পুণ্যরাশি আবৃত করিয়া থাকে ॥ ৪১০॥৩॥

এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানুদ্দালক আরুণিরাহৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্নাকো মৌদ্গল্য আহৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্ কুমারহারিত আহ বহবো মর্য্যা ব্রাহ্মণায়না নিরিন্দ্রিয়া বিসুকৃতোঽস্মাল্লোকাৎ প্রযন্তি, য ইদমবিদ্বাংসোঽধোপহাসঞ্চরন্তীতি, বহু বা ইদং সুপ্তস্য বা জাগ্রতো বা রেতঃ স্কন্দতি ॥ ৪১১ ॥ ৪ ॥

সম্বন্ধার্থঃ। তৎ এতৎ (বাজপেয়সম্পন্নং মৈথুনাখ্যং কর্ম্ম) বিদ্বান্ (জানন্) আরুণিঃ উদ্দালকঃ হ বৈ (ঐতিহ্যে) আহ স্ম (উক্তবান্ কিল); তথা তৎ এতৎ বিদ্বান্ কুমারহারিতঃ হ বৈ আহ স্ম। [তে কিমাহুরিত্যাহ] বহবঃ মর্য্যাঃ (মরণশীলাঃ ব্রাহ্মণায়নাঃ) ব্রাহ্মণ্য-জাতিমাত্রোপজীবিনশ্চ, নিরিন্দ্রিয়াঃ (শিথিলেন্দ্রিয়াঃ) বিসুকৃতঃ (পুণ্যবর্জ্জিতাঃ সন্তঃ) অস্মাৎ লোকাৎ প্রযন্তি। [কে?] যে ইদং (বাজপেয়সম্পদ্যুক্তং কর্ম্ম) অবিদ্বাংসঃ অধোপহাসং চরন্তি ইতি।

[শ্রীমন্থং কর্ম্ম সমাপ্য পত্ন্যা ঋতুকালং প্রতীক্ষমাণস্য] অস্য সুপ্তস্য বা জাগ্রতঃ বা [যদি] বহু বা [অল্পং বা] রেতঃ স্কন্দতি (ক্ষরতি)—॥৪১১॥৪॥

মূলানুবাদ। অরুণের নন্দন (আরুণি) উদ্দালক ঋষি এই কর্ম্মতত্ত্ব অবগত হইয়া বলিয়াছিলেন ; মুদ্‌গলপুত্র (মৌদ্‌গল্য) নাক-নামক ঋষি সেই এই কর্ম্মতত্ত্ব অবগত হইয়া বলিয়াছিলেন ; এবং কুমারহারিত ঋষিও সেই এই রহস্য জানিয়া বলিয়াছিলেন— বিকলেন্দ্রিয়, পুণ্যহীন ও ব্রাহ্মণাপসদ বহুতর মর্ত্ত্য—মরণশীল মনুষ্য, বর্ত্তমান লোক হইতে প্রস্থান করিয়া থাকে ; যাহাদের জাগ্রৎ বা স্বপ্ন সময়ে বহু বা অল্প রেতঃস্খলন হয় ॥৪১১॥৪॥

শাঙ্করভাষ্যম্। এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানুদ্দালক আরুণিরাহ, অধোপহাসাখ্যং মৈথুনকর্ম্ম বাজপেয়সম্পন্নং বিদ্বানিত্যর্থঃ। তথা নাকো মৌদ্গল্যঃ কুমারহারিতশ্চ। কিং তৌ আহতুরিত্যুচ্যতে, বহবো মর্ত্যা মরণধর্ম্মিণো মনুষ্যাঃ, ব্রাহ্মণা অয়নং যেষাং তে ব্রাহ্মণায়নাঃ—ব্রহ্মবন্ধবো জাতিমাত্রোপজীবিন ইত্যেতৎ। নিরিন্দ্রিয়া বিশ্লিষ্টেন্দ্রিয়াঃ,বিসুকৃতো বিগত-সুকৃতকর্ম্মাণোঽবিদ্বাংসো মৈথুনকর্ম্মাসক্তা ইত্যর্থঃ। তে কিম্? অস্মাল্লোকাৎ প্রযন্তি পরলোকাৎ পরিভ্রষ্টাইতি। মৈথুনকর্ম্মণোঽত্যন্তপাপহেতুত্বং দর্শয়তি—য ইদমবিদ্বাংসোঽধোপহাসং চরন্তীতি। শ্রীমন্থং কৃত্বা পত্ন্যা ঋতুকালং ব্রহ্মচর্য্যেণ প্রতীক্ষতে; যদীদং রেতঃ স্কন্দতি, বহু বা অল্পং বা, সুপ্তস্য জাগ্রতো বা রাগপ্রাবল্যাৎ—॥ ৪১১ ॥ ৪ ॥

টীকা। অবিদুষামতিগর্হিতমিদং কর্ম্মেত্যত্রাচার্য্যপরম্পরাসংমতিমাহ—এতদ্ধেতি। পশুকর্ম্মণো বাজপেয়সংপন্নত্বমিদংশব্দার্থঃ। অবিদুষামবাচ্যে কর্ম্মণি প্রবৃত্তানাং দোষিত্বমুপ-সংহর্তু মিতিশব্দঃ। বিদুষো জাতমবিদুষস্ত দোষং দর্শয়িত্বা ক্রিয়াকালাৎ প্রাগেব রেতঃ-স্খলনে প্রায়শ্চিত্তং দর্শয়তি—শ্রীমন্থমিতি। যঃ প্রতীক্ষতে, তস্য রেতো যদি স্কন্দতীতি যোজনা। ॥ ৪১১ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ। সেই এই মন্থকর্ম্মাভিজ্ঞ অর্থাৎ অধোপহাস নামক মৈথুন-ক্রিয়ার বাজপেয় যজ্ঞরূপে অনুষ্ঠান প্রণালীতে অভিজ্ঞ আরুণি উদ্দালক ঋষি বলিয়াছেন; সেইরূপ মুদ্গলবংশীয় নাক ও কুমারহারিত ঋষিও [বলিয়াছেন]। তাহারা কি বলিয়াছেন, তাহা বলা হইতেছে—ব্রাহ্মণায়ন—ব্রাহ্মণগণ যাহাদের অয়ন—আশ্রয়,তাহারা ব্রাহ্মণায়ন—ব্রহ্মবন্ধু অর্থাৎ ব্রাহ্মণত্ব জাতিই যাহাদের একমাত্র উপজীব্য, তাহারা; নিরিন্দ্রিয়—শিথিলেন্দ্রিয়, পুণ্যানুষ্ঠানবর্জ্জিত, অবিদ্বান্ অথচ মৈথুন কর্ম্মে আসক্ত, এরূপ বহু মর্ত্য—মরণশীল—মনুষ্য; তাহারা কি? না, তাহারা পরলোক পরিভ্রষ্ট হইয়া ইহলোক হইতে প্রয়াণ করিয়া থাকে। 'যে ইদমবিদ্বাংসঃ অধোপহাসং চরন্তি" এই বাক্যটী মৈথুন ক্রিয়ার অত্যন্ত পাপজনকত্ব প্রদর্শন করিতেছে।

পূর্ব্বোক্ত শ্রীমন্থ কর্ম্ম সম্পন্ন করিয়া, ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক পত্নীর ঋতুকাল প্রতীক্ষা করিতে হয়; এই সময়ের মধ্যে যদি অনুরাগের প্রবলতা বশতঃ তাহার সুপ্তাবস্থায়ই হউক, আর জাগ্রৎ অবস্থায়ই হউক, এবং অল্পই হউক, আর অধিকই হউক, রেতঃস্খলন হয়—॥৪১১॥৪॥

তদভিমৃশেদনু বা মন্ত্রয়েত যন্মেঽদ্য রেতঃ পৃথিবীমস্কান্‌ৎ-সীদযদোষধীরপ্যসরদযদপঃ। ইদমহং তদ্রেত আদদে পুনর্মামৈত্বিন্দ্রিয়ং পুনস্তেজঃ পুনর্ভগঃ। পুনরগ্নির্ধিষ্ণ্যা যথাস্থানং কল্পন্তামিত্যনামিকাঙ্গুষ্ঠাভ্যামাদায়ান্তরেণ স্তনৌ বা ভ্রুবৌ বা নিমৃজ্যাৎ॥ ৪১২॥ ৫॥

অন্বয়ার্থঃ। তৎ (স্বয়ং—নির্গতং রেতঃ) অভিমৃশেৎ (মার্জয়েৎ), অনুমন্ত্রয়েত বা (মন্ত্রং বা অনুজপেৎ)। [তত্রাদৌ আদানম্,' অদ্য মম যৎ রেতঃ পৃথিবীম্ অস্কান্‌ৎসীৎ (পৃথিব্যাং নির্গতম্), যৎ (রেতঃ) ওষধীঃ অপি অসরৎ (অগচ্ছৎ), [তথা] যৎ (রেতঃ) অপঃ (জলানি) [অসরৎ]; অহং তৎ রেতঃ ইদং (এবং যথা স্যাৎ, তথা) আদদে (গৃহ্লামি) ইতি (অনেন মন্ত্রেণ) অনামিকাঙ্গুষ্ঠাভ্যাম্ আদায় (গৃহীত্বা), ইন্দ্রিয়ং (রেতোরূপেণ নির্গতম্) পুনঃ মা (মাম্) এতু (প্রত্যাগচ্ছতু); তেজঃ (রেতসা সহ নির্গতা কান্তিঃ) পুনঃ [মাম্ এতু]; ভগঃ (সৌভাগ্যং জ্ঞানং বা) পুনঃ [মাম্ প্রত্যাগচ্ছতু]। অগ্নির্ধিষ্ণ্যাঃ (অগ্নিঃ ধিষ্ণ্যং স্থানং যেষাং, তে অগ্নিধিষ্ণ্যাঃ দেবাঃ); [রেতোরূপেণ বহির্নিঃসৃতং তৎ সর্ব্বং] যথাস্থানং কল্পন্তাং (স্থাপয়ন্তু) [ইত্যনেন মন্ত্রেণ] স্তনৌ (স্তনয়োঃ) বা ভ্রুবৌ (ভ্রুবোঃ) বা মধ্যে নিমৃজ্যাৎ (মার্জয়েৎ) ইত্যর্থঃ॥৪১২॥৫॥

মূলানুবাদ। সেই নির্গত রেতটুকু মার্জ্জনা করিবে এবং এই মন্ত্র জপ করিবে। [প্রথমতঃ] 'অদ্য আমার যে রেতঃ পৃথিবীতে স্খলিত হইয়াছে, অথবা যে রেতঃ ওষধি ও জলেতে নির্গত হইয়াছে, আমি সেই এই রেতঃ গ্রহণ করিতেছি' এই মন্ত্র পাঠপূর্ব্বক অনামিকা ও অঙ্গুষ্ঠ অঙ্গুলি দ্বারা সেই রেতঃ গ্রহণ করিয়া, '[রেতোরূপে নির্গত আমার] ইন্দ্রিয় পুনর্ব্বার আমাতে প্রত্যাগত হউক, এবং তেজঃ (কান্তি) ও সৌভাগ্য বা জ্ঞানও পুনশ্চ আমাতে আসুক; অগ্নিধিষ্ণ্য (অগ্নিতে আশ্রিত দেবগণ) সেই সমুদয় ইন্দ্রিয় প্রভৃতিকে পুনর্ব্বার যথাস্থানে স্থাপন করুন', এই মন্ত্র দ্বারা সেই রেতঃ স্তনদ্বয়ে বা ভ্রূদ্বয়ের মধ্যস্থলে মার্জ্জনা করিবে (ঘসিয়া দিবে)॥৪১২॥৫॥

শাঙ্কর-ভাষ্যম্। তদভিমৃশেদনুমন্ত্রয়েত বা অনুজপেদিত্যর্থঃ। যদা অভিমৃশতি, তদা অনামিকাঙ্গুষ্ঠাভ্যাং তৎ রেত আদত্তে 'আদদে' ইত্যেবমনেন মন্ত্রেণ; 'পুনর্মাম্' ইত্যনেন নিমৃজ্যাৎ, অন্তরেণ মধ্যে ভ্রুবৌ ভ্রুবোর্ব্বা, স্তনৌ স্তনয়োর্ব্বা ॥ ৪১২ ॥ ৫ ॥

টীকা। যে মহাভাগ্যপ্রাপ্তকালে যদ্রেতঃ পৃথিবীং প্রত্যস্কান্ৎসীন্মমাপাতিরেকেণ করমাসীদোষধীঃ প্রত্যপ্যসরদপসৎ, যচ্চাপঃ যদোষধিং প্রতি গতমভূৎ, তদিদং রেতঃ সংপ্রতাপ-দেহহমিত্যাদানমন্ত্রার্থঃ। কেনাভিপ্রায়েণ তদাদানং, তদাহ—পুনরিতি। তৎপুনা রেতোরূপেণ বহির্নির্গতমিন্দ্রিয়ং মাং প্রত্যেতু সমাগচ্ছতু। তেজস্তগ্‌গতা কান্তিঃ। ভগঃ সৌভাগ্যং জ্ঞানং বা। তদপি সর্ব্বং রেতোনির্গমাত্তদাত্মনা বহির্নির্গতং সন্মাং প্রত্যাগচ্ছতু। অগ্নিধিষ্ণ্যাং স্থানং যেষাং, তে দেবাস্তদ্রেতো যথাস্থানং কল্পয়ন্ত্বিতি মার্জ্জনমন্ত্রার্থঃ। ৪১২॥৫।

ভাষ্যানুবাদ। সেই নিসৃত রেতঃ অভিমর্শন বা মার্জ্জনা করিবে, এবং এই মন্ত্র জপ করিবে। যখন অভিমর্শন করিবে, তখন 'আদদে' ইত্যক্ত মন্ত্র দ্বারা অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলি দ্বারা সেই নির্গত রেতঃ গ্রহণ করিবে, আর 'পুনঃ মাম্' ইত্যাদি মন্ত্র দ্বারা স্তনদ্বয়ের কিংবা ভ্রূদ্বয়ের মধ্যে ঐ রেতঃ মার্জ্জনা করিবে ॥৪১২॥৫॥

অথ যদ্যুদক আত্মানং পরিপশ্যেত্তদভিমন্ত্রয়েত—ময়ি তেজ ইন্দ্রিয়ং যশো দ্রবিণং সুকৃতমিতি; শ্রীর্হ বা এষা স্ত্রীণাং যন্মলোদ্বাসাস্তস্মান্মলোদ্বাসসং যশস্বিনীমভিক্রম্যোপমন্ত্রয়েত ॥ ৪১৩ ॥ ৬ ॥

সরলার্থঃ। [প্রসঙ্গতোঽরিষ্টপ্রতিকারোপায়মাহ—'অথ যদি' ইত্যাদিনা।] অথ যদি (সম্ভাবনায়াং) [কশ্চিৎ] উদকে (জলমধ্যে) আত্মানং (স্বদেহচ্ছায়াং) পশ্যেৎ, তৎ (তদা) অভিমন্ত্রয়েত (বক্ষ্যমাণং মন্ত্রং জপেৎ),—ময়ি তেজঃ ইন্দ্রিয়ম্, যশঃ দ্রবিণম্, (ধনম্) সুকৃতং (পুণ্যং) ইতি। [অন্যচ্চ], এষা (মম পত্নী) স্ত্রীণাং মধ্যে শ্রীঃ (লক্ষ্মীঃ) হ বৈ (প্রসিদ্ধৌ); যৎ (যস্মাৎ) [এষা] মলোদ্বাসাঃ মলবদ্বাসঃপরিহিতা ; তস্মাৎ হেতোঃ, মলোদ্বাসসং (মলিনবাসসং) যশস্বিনীং [প্রতিষ্ঠাবতীং] [ত্রিরাত্রান্তে কৃতস্নানাং তাম্] অভিক্রম্য (উপগম্য) উপমন্ত্রয়েত [মন্ত্র ইহ অনুক্তোঽপি তাত্ত্বে দ্রষ্টব্যঃ] ॥৪১৩॥৬॥

মূলানুবাদ। যদি কখনও জলমধ্যে আপনার প্রতিচ্ছায়া দর্শন করে, তাহা হইলে 'ময়ি তেজঃ ইন্দ্রিয়ম্' ইত্যাদি মন্ত্র জপ করিবে। এই স্ত্রী নারীগণের মধ্যে লক্ষ্মীরূপা; যেহেতু ইনি মলোদ্বাসাঃ, অর্থাৎ রজস্বল বস্ত্রপরিহিতা; সেই হেতু রজস্বল বস্ত্রসমন্বিতা সেই স্ত্রী [ত্রিরাত্রের পর কৃতস্নানা হইলে পর,] তাহাকে গমন করিয়া মন্ত্র জপ করিবে ['আমাদিগকে পুত্র সমুৎপাদন করিতে হইবে' ইত্যাদি] ॥৬১৩॥৬॥

শাঙ্করভাষ্যম্। যদি কদাচিদুদকে আত্মানমাত্মচ্ছায়াং পশ্যেৎ, তত্রাপি অভিমন্ত্রয়েত অনেন মন্ত্রেণ—'ময়ি তেজঃ' ইতি। শ্রীর্হ বা এষা পত্নী স্ত্রীণাং মধ্যে, যৎ যস্মাৎ মলোদ্বাসা উদ্গতমলবদ্বাসাঃ, তস্মাত্তাং মলোদ্বাসসং যশস্বিনীং শ্রীমতীং অভিক্রম্যাভিগত্যোপমন্ত্রয়েত ইদম্—অদ্য আবাভ্যাং কার্য্যং যৎ পুত্রোৎপাদনমিতি, ত্রিরাত্রান্তে আপ্লুতাম্ ॥ ৪১৩ ॥ ৬ ॥

টীকা। অযোন্যৌ রেতঃস্খলনে প্রায়শ্চিত্তমুক্তং, রেতোযোনাবুদকে রেতঃসিচচ্ছায়া-দর্শনে প্রায়শ্চিত্তং দর্শয়তি—অথেত্যাদিনা। নিমিত্তান্তরে প্রায়শ্চিত্তান্তরপ্রদর্শন-প্রক্রমার্থোঽথশব্দঃ। ময়ি তেজঃপ্রভৃতি দেবাঃ কল্পয়ন্ত্বিতি মন্ত্রযোজনা। প্রকৃতেন রেতঃসিচা যস্যাং পুত্রো জনয়িতব্যস্তাং স্ত্রিয়ং স্তৌতি—শ্রীরিত্যাদিনা। কথং সা যশস্বিনী, ন হি তস্যাঃ খ্যাতিরস্তি, তত্রাহ—যদীতি। রজস্বলাভিগমনাদি প্রতিষিদ্ধমিত্যাশঙ্ক্য বিশিনষ্টি—ত্রিরাত্রেতি। ৪১৩॥৬।

ভাষ্যানুবাদ। যদি কখনও জলমধ্যে আপনাকে—আপনার ছায়া দর্শন করে, তখনও 'ময়ি তেজঃ' ইত্যাদি মন্ত্র জপ করিবে। এই পত্নী হইতেছে—স্ত্রীগণের মধ্যে শ্রীস্বরূপা (লক্ষ্মীরূপা); যেহেতু ইনি মলোদ্বাসাঃ—অর্থাৎ ইহার বস্ত্র হইতে রজোমল অপনীত হইয়াছে; সেই হেতু ত্রিরাত্রের পর কৃতস্নানা সেই মলোদ্বাসা (ঋতুমতী) পত্নীকে উপগতা হইয়া 'অদ্য আমাদিগকে পুত্রোৎপাদন করিতে হইবে' এইরূপ চিন্তা করিবে ॥৪১৩॥৬॥

সা চেদস্মৈ ন দদ্যাৎ কামমেনামবক্রীণীয়াৎ, সা চেদস্মৈ নৈব দদ্যাৎ কামমেনাং যষ্ট্যা বা পাণিনা বোপহত্যাভিক্রামেদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদদ ইত্যযশা এব ভবতি ॥ ৪১৪ ॥ ৭ ॥

অন্বয়ার্থঃ। সা (পত্নী) চেৎ (যদি) অস্মৈ (যথোক্তায় পুরুষায়) ন দদ্যাৎ (মৈথুনাখ্যং কর্ম্ম ন অনুমন্যেত); [তদা] এনাং (অপ্রিয়কারিণীং) কামং (যথেচ্ছং) অবক্রীণীয়াৎ (অলঙ্কারাদিনা বশীকুর্য্যাৎ; [তথাপি] সা চেৎ অস্মৈ নৈব দদ্যাৎ, তদা এনাং যষ্ট্যা বা (যষ্টিদ্বারা বা) পাণিনা (হস্তেন) বা কামং (যথেচ্ছং) উপহত্য (অভিতাড্য) অভিক্রামেৎ [বক্ষ্যমাণং মন্ত্রং জপন্] (উপগচ্ছেৎ)—ইন্দ্রিয়েণ যশসা (করণেন) তে যশঃ (সৌভাগ্যং) আদদে (গৃহ্লামি) ইতি। [এবং সতি বিপ্রিয়কারিণী সা স্ত্রী] অযশাঃ এব ভবতি ॥৪।১৪।৭॥

মূলানুবাদ। সেই স্ত্রী যদি এই পুরুষকে [স্বদেহ] দান না করে, তাহা হইলে ইচ্ছানুসারে তাহাকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা বশীভূত করিবে। তাহাতেও যদি ইহার প্রতি অঙ্গদান না-ই করে, তবে ইচ্ছামত যষ্টি বা হস্ত দ্বারা ইহাকে তাড়না করিয়া, 'আমি ইন্দ্রিয়রূপ যশঃ দ্বারা তোমার যশঃ (সৌভাগ্য) গ্রহণ করিতেছি' বলিয়া তাহাতে উপগত হইবে; [এইরূপ করিলে] সে নিশ্চয়ই যশোহীনা হইবে ॥৪।১৪।৭॥

শাঙ্করভাষ্যম্। সা চেদস্মৈ ন দদ্যান্মৈথুনং কর্ত্তুং, কামমেনাম্ অবক্রীণীয়াৎ আভরণাদিনা জ্ঞাপয়েৎ। তথাপি সা নৈব দদ্যাৎ, কামমেনাং যষ্ট্যা বা পাণিনা বোপহত্য অভিক্রামেন্মৈথুনায়; শপ্স্যামি ত্বাং দুর্ভগাং করিষ্যামীতিপ্রখ্যাপ্য; তামনেন মন্ত্রেণোপগচ্ছেৎ—ইন্দ্রিয়েণ যশসা যশ আদদে' ইতি। স তস্মাত্তদভিশাপাৎ বন্ধ্যা দুর্ভগেতি খ্যাতা অযশা এব ভবতি ॥ ৪।১৪ ॥ ৭ ॥

টীকা। জ্ঞাপয়েদাত্মীয়ং প্রেমাতিরেকমিতি শেষঃ। বলাদেব বশীকৃতাং ভার্য্যাং পশুকর্ম্মার্থং কথমুপগচ্ছেদিত্যাকাঙ্ক্ষায়ামাহ—শপ্স্যামীতি। ৪।১৪।৭।

ভাষ্যানুবাদ। সেই স্ত্রী যদি ইহাকে মিথুন ব্যাপার করিতে না দেয়, তাহা হইলে নিশ্চয় ইহাকে অবক্রয় করিবে অর্থাৎ অলঙ্কারাদি দ্বারা [অভিপ্রায়] জ্ঞাপন করিবে; তাহাতেও যদি সে না দেয় অর্থাৎ সম্মত না হয়, তাহা হইলে, ইচ্ছানুসারে যষ্টি বা হস্ত দ্বারা আঘাত করিয়া মৈথুনের জন্য ইহাকে অতিক্রম করিবে, অর্থাৎ 'আমি তোমাকে শাপ দিব—দুর্ভগা করিব' ইত্যাদি কথা বলিয়া—এই মন্ত্রে তাহাতে উপগত হইবে—

'আমি ইন্দ্রিয় যশ দ্বারা তোমার যশ আহরণ করিতেছি' ইতি। সেই কারণে—সেইরূপ অভিশাপ প্রদানের ফলে, সেই স্ত্রী নিশ্চয়ই বন্ধ্যা—দুর্ভগা নামে প্রসিদ্ধা; সুতরাং যশোহীনা হইয়া থাকে ॥৪।১৪।৭॥

সা চেদস্মৈ দদ্যাদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদধামীতি যশস্বিনাবেব ভবতঃ ॥৪।১৫।৮॥

অন্বয়ার্থঃ। [পক্ষান্তরে] সা (পত্নী) চেৎ (যদি) দদ্যাৎ (দেহদানেন ভর্তারম্ অনুরঞ্জয়েৎ), [তদা] 'ইন্দ্রিয়েণ যশসা তে (তুভ্যং) যশঃ আদধামি (সন্নিবেশয়ামি') ইতি [উপমন্ত্রয়ন্ উপগচ্ছেৎ]; [এবং সতি তৌ] যশস্বিনৌ এব ভবতঃ ॥৪।১৫।৮॥

মূলানুবাদ। আর যদি সেই স্ত্রী [স্বামীর জন্য স্বদেহ] দান করে, [তাহা হইলে] 'আমি ইন্দ্রিয় যশঃ দ্বারা তোমাতে যশ আধান করিতেছি' এই বলিয়া [তাহাতে উপগত হইবে]; ইহার ফলে, তাহারা উভয়েই যশস্বী হইয়া থাকে ॥৪।১৫।৮॥

শাঙ্করভাষ্যম্। সা চেদস্মৈ দদ্যাৎ অনুগুণা এব স্যাদ্ভর্তুঃ, তদা অনেন মন্ত্রেণোপগচ্ছেৎ—'ইন্দ্রিয়েণ তে যশসা যশ আদধে' ইতি, তদা যশস্বিনাবেবোভাবপি ভবতঃ ॥৪।১৫।৮॥

ভাষ্যানুবাদ। আর সেই স্ত্রী যদি দান করে, অর্থাৎ স্বামীর অনুকূলই হয়, তাহা হইলে 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে তাহাতে উপগত হইবে। তাহা হইলে তদ্দ্বারা উভয়েই যশস্বী হইয়া থাকে ॥৪।১৫।৮॥

টীকা। ।০।৮।৪।১৫।৮।

স যামিচ্ছেৎ কাময়েত মেতি, তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়োপস্থমস্যা অভিমৃশ্য জপেৎ অঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে। স ত্বমঙ্গকষায়োঽসি দিগ্ধবিদ্ধমিব মাদয়েমামমূং ময়ীতি ॥৪।১৬।৯॥

অন্বয়ার্থঃ। সঃ যাং (ভার্য্যাং) ইচ্ছেৎ [ইয়ং] মা (মাং) কাময়েত (প্রার্থয়েত) ইতি; তস্যাং (ভার্য্যায়াং) অর্থং (স্বপ্রয়োজনং জননেন্দ্রিয়ং বা).

নিষ্ঠায় (নিধায়) মুখেন [তস্যাঃ] মুখং সন্ধায় (সংযোজ্য), অস্যাঃ উপস্থম্ অভিমৃশ্য (স্পৃষ্ট্বা) জপেৎ—'অঙ্গাদঙ্গাৎ' ইত্যাদি ॥৪১৬॥৯॥

মূলানুবাদ। যথোক্তগুণসম্পন্ন পুরুষ যাহাকে ইচ্ছা করেন যে, এই স্ত্রী আমাকে কামনা করুক; সেই স্ত্রীতে আপনার জননেন্দ্রিয় নিক্ষেপ করত নিজের মুখের সহিত তাহার মুখ মিলিত করিয়া, তাহার জননেন্দ্রিয় স্পর্শ করিয়া—'অঙ্গাদঙ্গাৎ' ইত্যাদি মন্ত্র জপ করিবে ॥৪১৬॥৯॥

শাঙ্করভাষ্যম্। স যাং স্বভার্য্যামিচ্ছেৎ—ইয়ং মাং কাময়েতেতি, তস্যামর্থং—প্রজননেন্দ্রিয়ং নিষ্ঠায় নিক্ষিপ্য, মুখেন মুখং সন্ধায়, উপস্থম্ অস্যা অভিমৃশ্য জপেদিমং মন্ত্রম্—'অঙ্গাদঙ্গাৎ' ইতি ॥৪১৬॥৯॥

টীকা। ভর্ত্তুর্ভার্য্যাবশীকরণপ্রকারমুক্ত্বা পুরুষদ্বেষিণ্যাস্তস্যাস্তদ্বিষয়ে প্রীতিসংপাদনপ্রক্রিয়াং দর্শয়তি—স যামিত্যাদিনা। হে রেতস্ত্বং মদীয়াৎসর্ব্বস্মাদঙ্গাৎ সম্ভবসি, বিশেষতশ্চ হৃদয়াদন্নরসদ্বারেণ জায়সে, স ত্বমঙ্গানাং কষায়ো রসঃ সবিষদিগ্ধবাণবিদ্ধাং মৃগীমিবামূং মদীয়াং প্রিয়াং মে মাদয় মদ্বশাং কুর্ব্বিত্যর্থঃ। ৪১৬॥৯।

ভাষ্যানুবাদ। তিনি যাহাকে—আপনার ভার্য্যাকে ইচ্ছা করেন যে, এই স্ত্রী আমাকে কামনা করুক; সেই স্ত্রীতে আপনার জননেন্দ্রিয় নিবেশপূর্ব্বক মুখের সহিত মুখ মিলাইয়া এবং তাহার জননেন্দ্রিয় স্পর্শ করিয়া 'অঙ্গাদঙ্গাৎ' ইত্যাদি মন্ত্র জপ করিবে ॥৪১৬॥৯॥

অথ যামিচ্ছেন্ন গর্ভং দধীতেতি, তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াভিপ্রাণ্যাপান্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদদ-ইত্যরেতা এব ভবতি ॥৪১৭॥১০॥

অন্বয়ার্থঃ। অথ (পক্ষান্তরে) যাং (স্বভার্য্যাম্) ইচ্ছেৎ গর্ভং ন দধীত (ন গৃহ্ণীয়াৎ) ইতি; [সঃ পূর্ব্ববৎ] তস্যাম্ অর্থং নিষ্ঠায়, মুখেন মুখং সন্ধায়, অভিপ্রাণ্য (প্রাণনব্যাপারং—স্ত্রীদেহে বায়ুরেচনং কৃত্বা) অপান্যাৎ (অপানব্যাপারং—তস্যৈব বায়োরাকর্ষণং কুর্য্যাৎ—'ইন্দ্রিয়েণ তে' [ইত্যাদিনা মন্ত্রেণ]। [এবং চ সতি] সা অরেতা এব ভবতি (গর্ভিণী নৈব ভবতীত্যর্থঃ) ॥৪১৭॥১০॥

মূলানুবাদ। সে যদি ইচ্ছা করে যে, এই স্ত্রী যেন গর্ভধারণ

না করে; তাহা হইলে, পূর্ব্বের ন্যায় তাহাতে জননেন্দ্রিয় অর্পণ-পূর্ব্বক, মুখে মুখ মিলাইয়া এবং প্রাণনব্যাপার—স্ত্রীদেহে বায়ুপ্রেরণ সম্পাদনপূর্ব্বক 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে অপান-ব্যাপার করিবে। এইরূপ করিলে সেই স্ত্রী নিশ্চয়ই গর্ভিণী হইবে না ॥৪।১৭॥১০॥

শাঙ্করভাষ্যম্। অথ যামিচ্ছেৎ ন গর্ভং দধীত ন ধারয়েৎ গর্ভিণী মা ভূদিতি, তস্যামর্থমিতি পূর্ব্ববৎ। অভিপ্রাণনং প্রথমং কৃত্বা পশ্চাদপান্যাৎ—'ইন্দ্রিয়েণ তে রেতসা রেত আদদে' ইত্যনেন মন্ত্রেণ; অরেতা এব ভবতি, ন গর্ভিণী ভবতীত্যর্থঃ ॥৪।১৭॥১০॥

টীকা। তত্তাঃ স্ববিষয়ে প্রীতিসাপাদ্যাবাচ্যকর্ম্মানুষ্ঠানমধ্যায়ামভিপ্রায়বিশেষানুষ্ঠানবিশেষং দর্শয়তি—অথেত্যাদিনা। তত্র তত্রাথশব্দস্তত্ত্বপক্রমার্থো নেতব্যঃ। পশুকর্ম্মকালে প্রথমং স্বকীয়পুংস্বারা তদীয়স্ত্রীদেহে বায়ুং বিসৃজ্য তেনৈব মার্গেণ তত্তদা-দানাভিমানং কুর্য্যাদিত্যাহ—অভিপ্রাণ্যেতি। ৪।১৬॥১০॥

ভাষ্যানুবাদ। "অথ যামিচ্ছেৎ" ইত্যাদি। [এই স্ত্রী] গর্ভধারণ না করুক, অর্থাৎ গর্ভিণী না হউক, এইরূপ যাহার প্রতি ইচ্ছা করেন, তাহাতে—'অর্থ সন্নিবেশ' প্রভৃতি কথার অর্থ পূর্ব্বের ন্যায়। প্রথমে অভিপ্রাণন—বায়ুপ্রেরণ করিয়া, পরে আবার 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে অপানন করিবে অর্থাৎ স্ত্রীতে নিবেশিত বায়ু আকর্ষণ করিবে। [এইরূপ করিলে] সেই স্ত্রী নিশ্চয়ই 'অরেতা' হয়, গর্ভিণী হয় না ॥৪।১৭॥১০॥

অথ যামিচ্ছেদ্দধীতেতি, তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াপান্যাভিপ্রাণ্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদধামীতি, গর্ভিণ্যেব ভবতি ॥৪।১৮॥১১॥

সরলার্থঃ। অথ (পক্ষান্তরে), স যাম্ ইচ্ছেৎ—ইয়ং 'দধীত' ইতি; 'তস্যাং অর্থং নিষ্ঠায়, মুখেন মুখং সন্ধায়, [পূর্ব্ববিপর্য্যয়েণ] অপান্য (তদন্তর্বায়ুমাকৃষ্য) [পশ্চাৎ] 'ইন্দ্রিয়েণ তে' [ইত্যাদিমন্ত্রেণ] অভি-প্রাণ্যাৎ (তস্মিন্ স্থানে বায়ুং প্রেরয়েৎ) ইতি। (এবং সতি) [সা স্ত্রী] গর্ভিণী এব ভবতি ॥৪।১৮॥১১॥

মূলানুবাদ। আর তিনি যে স্ত্রীকে গর্ভধারণ করুক, এইরূপ ইচ্ছা করেন, পূর্ব্বের ন্যায় অর্থ নিবেশনাদি করিয়া প্রথমে স্ত্রীদেহ হইতে বায়ু আকর্ষণ করিবেন, পশ্চাৎ 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে অভিপ্রাণন (স্ববায়ু স্ত্রীদেহে সঞ্চারণ) করিবেন; এইরূপ করিলে সেই স্ত্রী নিশ্চয়ই গর্ভিণী হইবে ॥৪।১৮॥১১॥

শাঙ্করভাষ্যম্। অথ যামিচ্ছেৎ—দধীত গর্ভমিতি; তস্যামর্থমিত্যাদি পূর্ব্ববৎ। পূর্ব্ববিপর্য্যয়েণ অপান্য অভিপ্রাণ্যাৎ—'ইন্দ্রিয়েণ তে রেতসা রেত আদধামি' ইতি গর্ভিণ্যেব ভবতি ॥৪।১৮॥১১॥

টীকা। গর্ভবেবাভিপ্রায়ানুসারিণং বিধিমাহ—অথ যামিত্যাদিনা। স্বকীয়পঞ্চমেন্দ্রিয়েণ তদীয়পঞ্চমেন্দ্রিয়াদ্রেতঃ স্বীকৃত্য তৎপুত্রোৎপত্তিসমর্থং কৃতমিতি মত্বা স্বকীয়রেতসা সহ তস্মিন্নিক্ষিপেৎ, তদিদমপাননং প্রাণনং চ; তৎপূর্ব্বকং রেতঃসেচনম্ ॥৪।১৭॥১১॥

ভাষ্যানুবাদ। পক্ষান্তরে, তিনি যাহাকে ইচ্ছা করেন যে, এই স্ত্রী গর্ভধারণ করুক; পূর্ব্বের ন্যায় তাহাতে অর্থনিবেশনাদি করিয়া বিপরীত ক্রমে প্রথমে অপানন (বায়ু আদান) করিয়া 'ইন্দ্রিয়েণ তে' ইত্যাদি মন্ত্রে অভিপ্রাণন করিবে অর্থাৎ আত্মবায়ু স্ত্রীদেহে প্রেরণ করিবে। সেই স্ত্রী নিশ্চয়ই গর্ভিণী হইবে ॥৪।১৮॥১১॥

অথ যস্য জায়ায়ৈ জারঃ স্যাৎ, তঞ্চেদ্দ্বিষ্যাৎ আমপাত্রেঽগ্নিমুপসমাধায় প্রতিলোমং শরবর্হিস্তীর্ত্বা তস্মিন্নেতাঃ শরভৃষ্টীঃ প্রতিলোমাঃ সর্পিষাক্তা জুহুয়াৎ মম সমিদ্ধেঽহৌষীঃ প্রাণাপানৌ ত আদদেঽসাবিতি, মম সমিদ্ধেঽহৌষীঃ পুত্রপশূংস্ত আদদেঽসাবিতি, মম সমিদ্ধেঽহৌষীরিষ্টাসুকৃতে ত আদদেঽসাবিতি, মম সমিদ্ধেঽহৌষীরাশাপরাকাশৌ ত আদদেঽসাবিতি। স বা এষ নিরিন্দ্রিয়ো বিসুকৃদস্মাঁল্লোকাৎ প্রৈতি যমেবং বিদ্বান্ ব্রাহ্মণঃ শপতি, তস্মাদেবংবিচ্ছ্রোত্রিয়স্য দারেণ নোপহাসমিচ্ছেদুত হ্যেবংবিৎ পরো ভবতি ॥৪।১৯। ১২॥

সরলার্থঃ। অথ যস্য (পুরুষস্য) জায়ায়ৈ (পত্নীমুদ্দিশ্য) জারঃ (উপপতিঃ) স্যাৎ, চেৎ (যদি), তং (পুরুষং) দ্বিষ্যাৎ (অপকর্তুমিচ্ছেৎ),

[তদা] আমপাত্রে (অপকমৃৎপাত্রে) অগ্নিং উপসমাধায় (সংস্থাপ্য), প্রতিলোমং (বিপরীতং যথা স্যাৎ, তথা) শর-বর্হিঃ তীর্ত্বা (বিস্তীর্য্য) তস্মিন্ (অগ্নৌ) সর্পিরাক্তাঃ (ঘৃতসিক্তাঃ) এতাঃ শরভৃষ্টীঃ (শরেষীকাঃ) প্রতিলোমাঃ—'মম সমিদ্ধেহ হৌষীঃ' ইত্যাদিনা মন্ত্রেণ জুহুয়াৎ। [এবংসতি] স এব (বিদ্বিষ্টঃ) নিরিন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়শক্তিবিহীনঃ) বিসুকৃতঃ (পুণ্যহীনঃ সন্) অস্মাৎ লোকাৎ প্রৈতি (ম্রিয়তে) ; [কঃ ?] এবংবিৎ ব্রাহ্মণঃ যং শপতি (যং প্রত্যভিচরতি, সঃ) ; তস্মাৎ হেতোঃ এবংবিচ্ছ্রোত্রিয়স্য (যথোক্তবিজ্ঞান-সম্পন্নস্য শ্রোত্রিয়স্য) দারেণ (পত্ন্যা সহ) উপহাসং ন ইচ্ছেৎ [কিমুত অধোপহাসম্]; হি (যস্মাৎ) এবংবিদ্ উত (অপি) (তাদৃশেন কর্ম্মণা) পরঃ (শত্রুঃ) ভবতি ; [অতঃ এবংবিদঃ পত্ন্যা সহ অসদাচারং ন কুর্য্যাদিত্যাশয়ঃ] ॥ ৪।১১॥১২॥

মূলানুবাদ। যাহার পত্নীর প্রতি উপপতি হয় ; এবং সে যদি তাহাকে দ্বেষ করে অর্থাৎ সেই উপপতির অনিষ্ট করিতে ইচ্ছা করে, তাহা হইলে, কাঁচা মৃৎপাত্রে অগ্নি সংস্থাপনপূর্ব্বক বিপরীত ক্রমে শর-কুশ বিস্তীর্ণ করিয়া, সেই অগ্নিতে এই সমুদয় শরগুচ্ছ ঘৃতাক্ত করিয়া বিপরীতভাবে "মম সমিদ্ধে অহৌষীঃ, প্রাণাপানৌ তে আদদে অসৌ' ইত্যাদিক্রমে হোম করিবে। ['অসৌ' স্থানে কর্ত্তা নাম গ্রহণ করিবে]।

এবংবিধ বিদ্বান্ শ্রোত্রিয় ব্রাহ্মণ যাহার প্রতি শাপ প্রদান করেন অর্থাৎ অভিচার করেন, সেই লোক ইন্দ্রিয়শক্তি রহিত হইয়া এবং সমস্ত পুণ্য শূন্য হইয়া ইহ লোক হইতে প্রস্থান করে অর্থাৎ দেহত্যাগ করে। অতএব এবংবিধ শ্রোত্রিয়ের পত্নীর সহিত কখনও উপহাস করিতে ইচ্ছাও করিবে না, [দুষ্কর্ম্ম ত দূরের কথা]; কারণ, [ঐ প্রকার কার্য্য দ্বারা].এবংবিধ জ্ঞানী ব্যক্তিও শত্রু হইতে পারেন॥

৪।১৭॥১২॥

শাঙ্করভাষ্যম্। অথ পুনর্যস্য জায়ায়ৈ জারঃ উপপতিঃ স্যাৎ, তঞ্চেদ্ দ্বিষ্যাদভিচরিষ্যাম্যেনমিতি মন্যেত, তস্যেদং কর্ম্ম। আমপাত্রেঽগ্নিমুপসমাধায় সর্ব্বং প্রতিলোমং কুর্য্যাৎ ; তস্মিন্নগ্নাবেতাঃ শরভৃষ্টীঃ শরেষীকাঃ প্রতিলোমাঃ

সর্পিষাক্তাঃ ঘৃতাভ্যক্তা জুহুয়াৎ 'মম সমিদ্ধেঽহৌষীঃ' ইত্যাস্যা আহুতীঃ; অন্তে সর্ব্বাসামসাবিতি নামগ্রহণং প্রত্যেকম্; স এষ এবংবিৎ, যং ব্রাহ্মণঃ শপতি, স বিসুকৃতঃ বিগতপুণ্যকর্ম্মা প্রৈতি। তস্মাদেবংবিচ্ছ্রোত্রিয়স্য দারেণ নোপহাসমিচ্ছেৎ নর্ম্মাপি ন কুর্য্যাৎ, কিমুতাধোপহাসম্; যস্মাদেবংবিদপি তাবৎ পরো ভবতি শত্রুর্ভবতীত্যর্থঃ ॥৪১৯॥১২॥

টীকা। সংপ্রতি প্রাসঙ্গিকমাভিচারিকং কর্ম্ম কথয়তি—অথ পুনরিতি। দ্বেষবতাঽনুষ্ঠিতমিদং কর্ম্ম ফলবদিতি বক্তুং দ্বিষ্যাদিত্যধিকারিবিশেষণম্। আমবিশেষণং পাত্রস্য প্রকৃতকর্ম্মযোগ্যত্বখ্যাপনার্থম্। অগ্নিমিত্যেকবচনাদুপসমাধানবচনাচ্চাবসথ্যাগ্নিরত্র বিবক্ষিতঃ। সর্ব্বং পরিস্তরণাদি, তস্য প্রতিলোমত্বে কর্ম্মণঃ প্রতিলোমত্বং হেতুকর্ত্তব্যম্। মম স্বভূতে যোষাগ্নৌ যৌবনাদিনা সমিদ্ধে রেতো হুতবানসি, ততোঽপরাধিনস্তব প্রাণা-পানাবাদদে ষড়িত্যুক্ত্বা হোমো নির্ব্বর্ত্তয়িতব্যঃ। তদন্তে চাসাবিত্যাত্মনঃ শত্রোর্ব্বা নাম গৃহ্নীয়াৎ। ইষ্টং শ্রৌতং কর্ম্ম, সুকৃতং স্মার্ত্তম্। আশা প্রার্থনা, বাচা যৎপ্রতিজ্ঞাতং, কর্ম্মণা নোপপাদিতং, তস্য প্রতীক্ষা পরাকাশঃ। যথোক্তহোমদ্বারা শাপদানস্য ফলং দর্শয়তি—স এষ ইতি। এবংবিত্ত্বং মন্ত্রকর্ম্মদ্বারা প্রাণবিদ্যাবত্ত্বম্। তস্মাদেবংবিত্ত্বং পরদারগমনে যথোক্তদোষজ্ঞাতৃত্বম্। তচ্ছদ্বোপাত্তং হেত্বন্তরমাহ—এবংবিদপীতি ॥৪১৮।.২

ভাষ্যানুবাদ। যাহার পত্নীতে উপপতি হয়, সে যদি তাহাকে দ্বেষ করে, অর্থাৎ আমি ইহার প্রতি অভিচার ক্রিয়া (মারণক্রিয়া) করিব বলিয়া মনে করে, তাহা হইলে, তাহার পক্ষে এইরূপ কর্ম্ম করিতে হইবে।

কাঁচা মৃৎপাত্রে অগ্নি সংস্থাপনপূর্ব্বক বিপরীতভাবে সমস্ত কর্ম্ম করিবে। সেই অগ্নিতে এই সমুদয় শরভৃষ্টি—ঈষীকা ঘৃতাক্ত করিয়া "মম সমিদ্ধে অহৌষীঃ" ইত্যাদি মন্ত্রে আহুতি প্রদান করিবে। প্রত্যেক আহুতির শেষে 'অসৌ' বলিয়া নামোচ্চারণ করিতে হইবে। সেই এই বিদ্বান্ ব্রাহ্মণ যাহাকে শাপ দেন, সেই লোক বিসুকৃত—পুণ্যরহিত হইয়া প্রয়াণ করে, অর্থাৎ মরিয়া যায়। সেইহেতু এবংবিধ জ্ঞানী শ্রোত্রিয়ের পত্নীর সহিত উপহাস ইচ্ছা করিবে না,—ক্রীড়া-কৌতুকও করিবে না, অধোপহাসের আর কথা কি; যেহেতু এবংবিধ বিদ্বান্‌ও পর—শত্রু হইয়া থাকেন ॥ ৪১৯।১২ ॥

অথ যস্য জায়ামার্ত্তবং বিন্দেৎ ত্র্যহং কংসেন পিবেদহতবাসাঃ, নৈনাং বৃষলো ন বৃষল্যুপহন্যাৎ, ত্রিরাত্রান্ত আপ্লুত্য ব্রীহীনব-ঘাতয়েৎ ॥৪২০॥১৩॥

অন্বয়ার্থঃ। অথ যস্য জায়াং (পত্নীং) আর্ত্তবং বিন্দেৎ (রজঃ প্রাপ্নুয়াৎ); সা ত্র্যহং (দিবসত্রয়ং ব্যাপ্য) কংসেন (পাত্রবিশেষেণ) [জলং পিবেৎ; বৃষলঃ (শূদ্রঃ) বৃষলী (শূদ্রা বা) এনাং ন উপহন্যাৎ (স্পৃশেৎ); ত্রিরাত্রান্তে আপ্লুত্য (স্নাত্বা) অহতবাসাঃ (অচ্ছিন্নবস্ত্রা ভবেৎ); ব্রীহীন্ (ধান্যানি) অবঘাতয়েৎ (ধান্যাবঘাতায় তাং বিনিযুঞ্জ্যাৎ ইত্যর্থঃ)॥ ॥৪২০॥১৩॥

মূলানুবাদ। যাহার স্ত্রী ঋতুদর্শন করে, সেই স্ত্রী তিন দিন পর্য্যন্ত কংসনামক পাত্রে জলপান করিবে; শূদ্র বা শূদ্রা তাহাকে স্পর্শ করিবে না; ত্রিরাত্রের পর স্নান করিয়া অচ্ছিন্ন বস্ত্র পরিধান করিবে; তাহাকে ধান্যাবঘাতে (তণ্ডুল নিষ্কাষণে) নিযুক্ত করিবে॥ ৪২০॥১৩॥

শাঙ্করভাষ্যম্। অথ যস্য জায়ামার্ত্তবং বিন্দেৎ ঋতুভাবং প্রাপ্নুয়াদিত্যেবমাদিগ্রন্থঃ শ্রীর্হ বা এষা স্ত্রীণামিত্যতঃ পূর্ব্বং দ্রষ্টব্যঃ, সামর্থ্যাৎ; ত্র্যহং কংসেন পিবেদহতবাসাশ্চ স্যাৎ, নৈনাং স্নাতামস্নাতাঞ্চ বৃষলো বৃষলী বা নোপহন্যান্নোপস্পৃশেৎ, ত্রিরাত্রান্তে ত্রিরাত্রব্রতসমাপ্তাবাপ্লুত্য স্নাত্বা অহতবাসাঃ স্যাদিতি ব্যবহিতেন সম্বন্ধঃ। তামাপ্লুতাং ব্রীহীনবঘাতয়েৎ ব্রীহ্যবঘাতায় তামেব বিনিযুঞ্জ্যাৎ॥৪২০॥১৩॥

টীকা। আভিচারিকং কর্ম্ম প্রসঙ্গাগতমুক্তং। পূর্ব্বোক্তমৃতুকালং জ্ঞাপয়তি—অথেতি। শ্রীর্হ বা এষা স্ত্রীণামিত্যেতদপেক্ষ্য পূর্ব্বত্বম্। পাঠক্রমাদর্থক্রমস্য বলবত্ত্বে হেতুমাহ—সামর্থ্যাদিতি। অর্থবশাদিতি যাবৎ॥ ৪২০॥১৩॥

ভাষ্যানুবাদ। 'যাহার পত্নী আর্ত্তব লাভ করে অর্থাৎ ঋতুভাব প্রাপ্ত হয়,' ইত্যাদি শ্রুতিটী পূর্ব্বোক্ত "শ্রীর্হ বা এষা স্ত্রীণাম্" ইত্যাদি শ্রুতির পূর্ব্বে পঠিত বুঝিতে হইবে। কারণ, পাঠক্রম অপেক্ষা শব্দক্রম দুর্ব্বল। তিনদিন কাংসপাত্রে জলপান করিবে। সে স্নাতাই হউক আর অস্নাতাই হউক, কোন শূদ্র বা শূদ্রা তাহাকে স্পর্শ করিবে না। ত্রিরাত্রের পর অর্থাৎ ঐরূপ ত্রিরাত্রব্রত সমাপ্ত হইলে পর, স্নান করিয়া অচ্ছিন্নবস্ত্র পরিধান করিবে। ঋতুস্নাতা সেই স্ত্রীকে ব্রীহি (ধান্য) অবঘাত করাইবে অর্থাৎ তণ্ডুল প্রস্তুত করিবার নিমিত্ত তাহাকেই নিযুক্ত করিবে॥৪২০॥১৩॥

স য ইচ্ছেৎ পুত্রো মে শুক্লো জায়েত বেদমনুব্রুবীত, সর্ব্ব-মায়ুরিয়াদিতি ক্ষীরৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ।৪২১। ১৪॥

সরলার্থঃ। স যঃ (যঃ কশ্চিৎ) ইচ্ছেৎ মে (মম) পুত্রঃ শুক্লঃ জায়েত, বেদং অনুব্রুবীত (পঠেৎ), সর্ব্বম্ আয়ুঃ (বর্ষশতং) ইয়াৎ (প্রাপ্নুয়াৎ) ইতি; [তর্হি দম্পতী] ক্ষীরৌদনং (পায়সং) পাচয়িত্বা [তৎ] সর্পিষ্মন্তং [কৃত্বা] অশ্নীয়াতাং (ভোজনং কুর্য্যাতাম্); [এবং কৃতে] জনয়িতবৈ (তাদৃশং পুত্রং জনয়িতুং) ঈশ্বরৌ (সমর্থৌ) স্যাতাম্ ॥৪২১॥১৪॥

মূলানুবাদ। যদি যে কোন লোক ইচ্ছা করে যে, আমার পুত্র শুক্লবর্ণ হউক, একটী বেদ অধ্যয়ন করুক, এবং সম্পূর্ণ আয়ু লাভ করুক; তাহা হইলে স্বামী ও স্ত্রী উভয়ে ক্ষীরৌদন অর্থাৎ পায়স পাক করাইয়া, তাহা ঘৃতযুক্ত করিয়া ভোজন করিবে; [এই কর্ম্ম দ্বারা ঐরূপ পুত্র] সমুৎপাদন করিতে সমর্থ হইবে ॥৪২১॥১৪॥

শাঙ্করভাষ্যম্। স য ইচ্ছেৎ—পুত্রো মে শুক্লো বর্ণতো জায়েত, বেদমেকমনুব্রুবীত, সর্ব্বমায়ুরিয়াৎ—বর্ষশতম্, ক্ষীরৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্ত-মশ্নীয়াতাম্, ঈশ্বরৌ সমর্থৌ জনয়িতবৈ জনয়িতুম্ ॥৪২১॥১৪॥

টীকা। কিং পুনরবঘাতনিষ্পন্নৈস্তণ্ডুলৈরমুষ্ঠেয়ং, তদাহ—স য ইতি। বলদেব-সাদৃশ্যং বা শুভ্রত্বং বা শুক্লত্বম্ ॥৪২১।।১৪।

ভাষ্যানুবাদ। যে লোক ইচ্ছা করে যে, আমার পুত্র শুক্লবর্ণ হউক; একটী বেদ অধ্যয়ন করুক, এবং সম্পূর্ণ আয়ু—একশত বৎসর জীবন লাভ করুক, [তাহা হইলে], দুগ্ধমিশ্রিত অন্ন পাক করাইয়া সেই পায়স ঘৃতমিশ্রিত করিয়া উভয়ে ভোজন করিবে। 'ঈশ্বরৌ' অর্থ সমর্থ; 'জনয়িতবৈ' অর্থ জন্মাইতে ॥৪২১॥১৪॥

অথ য ইচ্ছেৎ পুত্রো মে কপিলঃ পিঙ্গলো জায়েত দ্বৌ বেদাবনুব্রুবীত সর্ব্বমায়ুরিয়াদিতি, দধ্যোদনং পাচয়িত্বা সর্পিষ্মন্ত-মশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥৪২২॥১৫॥

সরলার্থঃ। অথ (পক্ষান্তরে) যঃ ইচ্ছেৎ—মে (মম) পুত্রঃ কপিলঃ পিঙ্গলঃ জায়েত; দ্বৌ বেদৌ অনুব্রুবীত, সর্ব্বম্ আয়ুঃ ইয়াৎ ইতি; [সঃ তৎপত্নী চ উভৌ] দধ্যোদনং (দধ্না চরুং) পাচয়িত্বা সর্পিষ্মন্তং [কৃত্বা] অশ্নীয়াতাম্; [এবঞ্চ তৌ] জনয়িতবৈ (জনয়িতুম্) ঈশ্বরৌ [ভবেতাম্] ॥৪২২॥১৫॥

মূলানুবাদ। যে লোক ইচ্ছা করে যে, আমার পুত্র কপিল পিঙ্গলবর্ণ হউক, দ্বিবেদাধ্যায়ী হউক এবং সম্পূর্ণ আয়ু লাভ করুক; [সে এবং তাহার পত্নী] দধ্যোদন অর্থাৎ দধিদ্বারা চরু পাক করাইয়া ঘৃত মিশ্রিত করিয়া ভোজন করিবে; [তাহা হইলে তাহারা] ঐরূপ সন্তান সমুৎপাদন করিতে সমর্থ হয় ॥৪২২॥১৫॥

শাঙ্কর ভাষ্যম্। দধ্যোদনং দধ্না চরুং পাচয়িত্বা, দ্বিবেদঞ্চেদিচ্ছতি পুত্রম্, তদেবমশননিয়মঃ ॥৪২২॥১৫॥

ভাষ্যানুবাদ। দধ্যোদন অর্থ—দধিমিশ্রিত চরু পাক করাইয়া; পুত্রকে যদি দ্বিবেদাধ্যায়ী দেখিতে ইচ্ছা করে, তাহা হইলে এই প্রকার ভোজনের নিয়ম জানিবে ॥৪২২॥১৫॥

অথ য ইচ্ছেৎ পুত্রো মে শ্যামো লোহিতাক্ষো জায়েত ত্রীন্ বেদাননুব্রুবীত সর্ব্বমায়ুরিয়াদিত্যুদৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥৪২৩॥১৬॥

সরলার্থঃ। অথ যঃ ইচ্ছেৎ—মে পুত্রঃ শ্যামো বর্ণতঃ, লোহিতাক্ষশ্চ জায়েত, ত্রীন্ বেদান্ অনুব্রুবীত, সর্ব্বম্ আয়ুঃ ইয়াৎ ইতি; [সঃ] উদৌদনং (জলেন ওদনং) পাচয়িত্বা সর্পিষ্মন্তম্ অশ্নীয়াতাম্; [এবং কৃতে তাদৃশং পুত্রং] জনয়িতবৈ (জনয়িতুং) ঈশ্বরৌ [স্যাতাম্] ॥৪২৩॥১৬॥

মূলানুবাদ। যে লোক ইচ্ছা করে যে, আমার পুত্র শ্যামবর্ণ ও লোহিতলোচন হউক, এবং পূর্ণ একশত বৎসর আয়ু প্রাপ্ত হউক; তাহা হইলে, জলদ্বারা অন্ন পাক করাইয়া এবং তাহা ঘৃতযুক্ত করিয়া [পতি ও পত্নী] ভোজন করিবে। [এইরূপে তাহারা ঐরূপ পুত্র] সমুৎপাদন করিতে সমর্থ হয় ॥৪২৩॥১৬॥

শাঙ্করভাষ্যম্। কেবলমেব স্বাভাবিকমোদনম্; উদকগ্রহণমন্যাসঙ্গনিবৃত্ত্যর্থম্ ॥৪২৩॥১৬॥

টীকা। স্বাভাবিকমোদনং পাচয়তি চেৎ কিমর্থমুদগ্রহণং? তদ্ব্যতিরেকেণৌদনপাকাসংভবাদিত্যাশঙ্ক্যাহ—উদগ্রহণমিতি। ক্ষীরাদেরিতি শেষঃ। ৪২৩॥১৬॥

ভাষ্যানুবাদ। [উদৌদন অর্থ—] কেবলই স্বাভাবিক—ওদন (অন্ন)। ওদনে অন্য পদার্থের সম্বন্ধ নিবৃত্তির উদ্দেশ্যে এখানে 'উদ' শব্দ প্রযুক্ত হইয়াছে ॥৪২৩॥১৬॥

অথ য ইচ্ছেদ্দুহিতা মে পণ্ডিতা জায়েত সর্ব্বমায়ুরিয়াদিতি, তিলৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥৪২৪॥১৭॥

সরলার্থঃ। অথ (পক্ষান্তরে) যঃ ইচ্ছেৎ—মে পণ্ডিতা (বিদুষী) দুহিতা জায়েত; সর্ব্বম্ আয়ুশ্চ ইয়াৎ ইতি, [সঃ তৎপত্নী চ] তিলৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তম্ [কৃত্বা] অশ্নীয়াতাম্; জনয়িতবৈ ঈশ্বরৌ [স্যাতাম্] ॥৪২৪॥১৭॥

মূলানুবাদ। যে লোক ইচ্ছা করে যে, আমার বিদুষী কন্যা জন্মলাভ করুক, এবং সম্পূর্ণ আয়ু প্রাপ্ত হউক; [সে এবং তাহার পত্নী] তিলৌদন (তিলতণ্ডুলের অন্ন) পাক করাইয়া ঘৃত মিশ্রিত করিয়া ভোজন করিবে; [তাহা হইলে] ঐরূপ কন্যোৎপাদনে সমর্থ হয় ॥ ৪২৪॥১৭॥

শাঙ্করভাষ্যম্। দুহিতুঃ পাণ্ডিত্যং গৃহতন্ত্রবিষয়মেব, বেদেঽনধিকারাৎ। তিলৌদনং কৃশরম্ ॥৪২৪॥১৭॥

টীকা। বেদবিষয়মেব তৎপাণ্ডিত্যং কিং ন স্যাদত আহ—বেদ ইতি ॥৪২৪॥১৭॥

ভাষ্যানুবাদ। দুহিতার পাণ্ডিত্য কথায় গার্হস্থ্য-শাস্ত্রবিষয়ক বিদ্যাই বুঝিতে হইবে; কারণ, স্ত্রীলোকের বেদে অধিকার নাই। তিলৌদন অর্থ—কৃশর (তিলের পায়স) ॥৪২৪॥১৭॥

অথ য ইচ্ছেৎ পুত্রো মে পণ্ডিতো বিগীতঃ সমিতিংগমঃ শুশ্রূষিতাং বাচং ভাষিতা জায়েত সর্ব্বান্ বেদাননুব্রুবীত সর্ব্বমায়ুরিয়াদিতি, মাংসৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবা ঔক্ষেণ বার্ষভেণ বা ॥৪২৫॥১৮॥

সরলার্থঃ। অথ (পক্ষান্তরে) য ইচ্ছেৎ পণ্ডিতঃ বিগীতঃ (প্রসিদ্ধঃ) সমিতিঙ্গমঃ (সভাসদ্ বাগ্মী), শুশ্রূষিতাং (শ্রুতিপ্রিয়াং) বাচং ভাষিতা (সুবক্তা) পুত্রঃ মে (মম) জায়েত ; [সঃ] সর্ব্বান্ বেদান্ অনুব্রুবীত, সর্ব্বম্ আয়ুঃ ইয়াৎ ইতি। [সঃ তৎপত্নী চ] মাংসৌদনং (মাংসমিশ্রিতম্ ওদনং) পাচয়িত্বা সর্পিষ্মন্তং কৃত্বা আশ্নীয়াতাম্ ; ঔক্ষেণ (উক্ষা – রেতঃসেকসমর্থঃ পুংগবঃ, তদীয়েন) বা, আর্ষভেণ বা (ঋষভঃ অধিকবয়াঃ, তদীয়েন বা মাংসেন) । জনয়িতবৈ (জনয়িতুং) ঈশ্বরৌ ॥৪২৫॥১৮॥

মূলানুবাদ। যে লোক ইচ্ছা করে যে, আমার পুত্র পণ্ডিত, দেশবিখ্যাত, সভাসদ্ এবং শ্রুতিপ্রিয় বচনভাষী হউক ; এবং সে সমস্ত বেদ অধ্যয়ন করুক, সম্পূর্ণ আয়ু লাভ করুক। [সে ও তাহার পত্নী] মাংসমিশ্রিত অন্ন পাক করিয়া ঘৃতযুক্ত করিয়া ভোজন করিবে; যৌবনাবস্থ কিংবা ততোঽধিকবয়স্ক ষাঁড়ের মাংস দ্বারা [মিশ্রিত ওদন ভক্ষণ করিবে, তাহা হইলে, ঐরূপ পুত্র] সমুৎপাদনে সমর্থ হয় ॥৪২৫॥১৮॥

শাঙ্করভাষ্যম্। বিবিধং গীতো বিগীতঃ প্রখ্যাত ইত্যর্থঃ। স সমিতিংগমঃ সভাং গচ্ছতীতি, প্রগল্ভ ইত্যর্থঃ, পাণ্ডিত্যস্য পৃথগ্‌গ্রহণাৎ ; শুশ্রূষিতাং শ্রোতুমিষ্টাং রমণীয়াং বাচং ভাষিতা—সংস্কৃতায়া অর্থবত্যা বাচো ভাষিতেত্যর্থঃ। মাংসমিশ্রমোদনং মাংসৌদনম্ ; তন্মাংসনিয়মার্থমাহ—ঔক্ষেণ বা মাংসেন ; উক্ষা সেচনসমর্থঃ পুঙ্গবঃ, তদীয়ং মাংসম্ ; ঋষভস্ততোঽপ্যধিকবয়াঃ, তদীয়মার্ষভং মাংসম্ ॥৪২৫॥১৮॥

টীকা। সমিতি বিদ্বৎসভা, তাং গচ্ছতীতি বিদ্বানেবোচ্যতামিতি চেন্নেত্যাহ—পাণ্ডিত্যস্যেতি। সর্ব্বশব্দো বেদচতুষ্টয়বিষয়ঃ। ঔক্ষেণেত্যাদিতৃতীয়া সহার্থে। দেশবিশেষাপেক্ষয়া কালবিশেষাপেক্ষয়া বা মাংসনিয়মঃ। অথশব্দস্তু পূর্ব্ববাক্যেষু যথারুচি বিকল্পার্থঃ ॥ ৪২৫॥১৮ ॥

ভাষ্যানুবাদ। 'বিগীত' অর্থ নানা প্রকারে গীত অর্থাৎ লোক সমাজে প্রসিদ্ধ ; 'সমিতিংগম' অর্থ—যে লোক সভাতে গমন করে অর্থাৎ প্রগল্ভ (বাগ্মী) ; 'শুশ্রূষিতা' অর্থ শ্রবণ করিতে অভীষ্ট অর্থাৎ রমণীয় ; তাদৃশ বচনের 'ভাষিতা' অর্থাৎ বিশুদ্ধ ও অর্থযুক্ত বাক্যের বক্তা ; 'মাংসৌদন' অর্থ মাংসমিশ্রিত ওদন ; যে মাংস গ্রহণ করিতে হইবে, তাহা নিয়মিত করিয়া

বলিতেছেন যে, ঔক্ষ মাংস, উক্ষা অর্থ রেতঃসেকসমর্থ পুংগো (ষাঁড়); তাহার মাংস (ঔক্ষ); তদপেক্ষাও অধিকবয়স্ক ষাঁড় ঋষভ; তাহার মাংস আর্ষভ ॥৪২৫॥১৮॥

অথাভিপ্রাতরেব স্থালীপাকাবৃতাজ্যং চেষ্টিত্বা স্থালীপাকস্যোপঘাতং জুহোত্যগ্নয়ে স্বাহাঽনুমতয়ে স্বাহা দেবায় সবিত্রে সত্যপ্রসবায় স্বাহেতি হুত্বোদ্ধৃত্য প্রাশ্নাতি, প্রাশ্যেতরস্যাঃ প্রযচ্ছতি, প্রক্ষাল্য পাণী উদপাত্রং পূরয়িত্বা তেনৈনাং ত্রিরভ্যুক্ষত্যুত্তিষ্ঠাতো বিশ্বাবসোঽন্যামিচ্ছ প্রপূর্ব্ব্যাং সং জায়াং পত্যা সহেতি ॥৪২৬॥১৯॥

সরলার্থঃ। [সম্প্রতি যথোক্তদ্রব্যোপযোগ-পদ্ধতিমাহ—'অথাভিপ্রাতরেব' ইত্যাদিনা]। অথ প্রাতঃ (প্রাতঃকালে) এব স্থালীপাকাবৃতা (স্থালীপাকবিধিনা) আজ্যং চেষ্টিত্বা (আজ্যসংস্কারং কৃত্বা, চরুং শ্রপয়িত্বা) স্থালীপাকস্য উপঘাতং (উপহত্য উপহত্য) 'অগ্নয়ে স্বাহা, অনুমতয়ে স্বাহা, দেবায় সবিত্রে সত্যপ্রসবায় স্বাহা' ইতি জুহোতি। হুত্বা [চরুশেষং] উদ্ধৃত্য প্রাশ্নাতি ; প্রাশ্য (স্বয়ং ভুক্ত্বা শেষং) ইতরস্যাঃ (ইতরস্যৈ পত্ন্যৈ) প্রযচ্ছতি ; পাণী (হস্তৌ) প্রক্ষাল্য উদপাত্রং (জলপাত্রং) পূরয়িত্বা, তেন (উদকেন) এনাং (পত্নীং) 'উত্তিষ্ঠাতঃ' ইত্যাদিনা মন্ত্রেণ ত্রিঃ (বারত্রয়ং) অভ্যুক্ষতি (সিঞ্চতি) ॥৪২৬॥১৯॥

মূলানুবাদ। প্রাতঃকালেই স্থালীপাকের প্রণালীক্রমে আজ্যসংস্কার চরুপাক করিয়া পুনঃপুনঃ আঘাত করিয়া 'অগ্নয়ে স্বাহা' ইত্যাদি মন্ত্রে আহুতিপ্রদান করিবে। হোমের পর চরুশেষ উদ্ধৃত করিয়া স্বয়ং ভোজন করিবে; নিজে ভোজন করিয়া অবশিষ্ট অংশ অপরকে (পত্নীকে) প্রদান করিবে। শেষে হস্তদ্বয় প্রক্ষালন করিয়া জলদ্বারা উদকপাত্র পরিপূর্ণ করিবে, অনন্তর 'উত্তিষ্ঠাতঃ' ইত্যাদি মন্ত্র পড়িয়া সেই জলদ্বারা সেই পত্নীকে তিনবার অভ্যুক্ষণ করিবে ॥৪২৬॥১৯॥

শাঙ্করভাষ্যম্। অথাভিপ্রাতরেব কালে অবঘাতনির্বৃত্তান্ তণ্ডুলানাদায় স্থালীপাকাবৃতা স্থালীপাকবিধিনা আজ্যং চেষ্টিত্বা আজ্যসংস্কারং কৃত্বা, চরুং শ্রপয়িত্বা, স্থালীপাকস্যাহুতীর্জুহোতি। উপঘাতং উপহত্যোপহত্য 'অগ্নয়ে স্বাহা' ইত্যাদ্যাঃ। গার্হ্যঃ সর্ব্বো বিধির্দ্রষ্টব্যোঽত্র; হুত্বোদ্ধৃত্য চরুশেষং প্রাশ্নাতি; স্বয়ং প্রাশ্যেতরস্যাঃ পত্ন্যৈ প্রযচ্ছত্যুচ্ছিষ্টম্। প্রক্ষাল্য পাণী আচম্য, উদপাত্রং পূরয়িত্বা তেনোদকেনৈনাং ত্রিরভ্যুক্ষতি অনেন মন্ত্রেণ 'উত্তিষ্ঠাতঃ' ইতি, সকৃন্মন্ত্রোচ্চারণম্ ॥৪২৬॥১৯॥

টীকা। কদা পুনরিদমোদনপাকাদি কর্ত্তব্যং, তদাহ—অথেতি। কোঽসৌ স্থালীপাকবিধিঃ কথং বা তত্র হোমস্তত্রাহ—গার্হ্য ইতি। গৃহ্যে প্রসিদ্ধো গার্হ্যঃ। অত্রেতি পুত্রমন্থকর্ম্মোক্তিঃ। অতো মন্ত্রার্থাতঃ সকাশাত্তো বিশ্বাবসো গন্ধর্ব্ব ত্বমুত্তিষ্ঠান্যাং চ জায়াং প্রপূর্ব্যাং তরুণীং পত্যা সহ সংক্রীড়মানামিচ্ছাহং পুনঃ স্বামিনাং জায়াং সমুপৈমীতি মন্ত্রার্থঃ ॥ ৪২৬॥১৯॥

ভাষ্যানুবাদ। অতঃপর প্রাতঃকালেই অবঘাতের জন্য সম্পাদিত তণ্ডুলসমূহ লইয়া স্থালীপাকের বিধান অনুসারে আজ্য-চেষ্টা করিয়া—আজ্য সংস্কার করিয়া অর্থাৎ চরু পাক করিয়া বারংবার অবঘাত করিয়া 'অগ্নয়ে স্বাহা' ইত্যাদি মন্ত্রে স্থালীপাক আহুতি প্রদান করিবে। এখানে গৃহ্যসূত্রোক্ত সমস্ত বিধি গ্রহণ করিতে হইবে। হোমের পর হুতশেষ চরু উঠাইয়া ভোজন করিবে। নিজে ভোজন করিয়া উচ্ছিষ্ট ভাগ অপরকে—পত্নীকে প্রদান করিবে। হস্তদ্বয় প্রক্ষালন করিয়া আচমনপূর্ব্বক জলপাত্র পূর্ণ করিয়া সেই জল দ্বারা 'উত্তিষ্ঠাতঃ' ইত্যাদি মন্ত্রে পত্নীকে তিনবার অভ্যুক্ষণ করিবে (জল সেচন করিবে) 'উত্তিষ্ঠাতঃ' ইত্যাদি মন্ত্র একবার মাত্র উচ্চারণ করিবে ॥৪২৬॥১৯॥

অথৈনামভিপদ্যতেঽমোঽহমস্মি সা ত্বং সা ত্বমস্যমোঽহং সামাহমস্মি ঋক্ ত্বং দ্যৌরহং পৃথিবী ত্বং তাবেহি সংরভাবহৈ সহ রেতো দধাবহৈ পুংসে পুত্রায় বিত্তয় ইতি ॥৪২৭॥২০॥

সরলার্থঃ। অথ (যথাপত্যকামং ক্ষীরৌদনাদি ভুক্ত্বা) [সংবেশন-কালে] 'অমোঽহমস্মি' ইত্যাদি মন্ত্রেণ এনাং (পত্নীং) অভিপদ্যতে (উপগচ্ছতি) ইতি ॥৪২৭॥২০॥

মূলানুবাদ। অতঃপর যাহার যেরূপ সন্তান কামনা, তদনুসারে ক্ষীরৌদনাদি ভোজন করিয়া 'অমোঽহমস্মি' ইত্যাদি মন্ত্রোচ্চারণপূর্ব্বক সেই স্ত্রীতে উপগত হইবে ॥৪২৭॥২০॥

শাঙ্করভাষ্যম্। অথৈনামভিমন্ত্র্য ক্ষীরৌদনানি যথাপত্যকামং ভুক্তে তি ক্রমো দ্রষ্টব্যঃ। সংবেশনকালে 'অমোঽহমস্মি' ইত্যাদিমন্ত্রেণাভিপদ্যতে ॥৪২৭॥২০॥

টীকা। অভিপত্তিরালিঙ্গনম্। কদা ক্ষীরৌদনাদিভোজনং, তদাহ—ক্ষীরেতি। ভুক্ত্বাভিপদ্যত ইতি সংবন্ধঃ। অহং পতিরমঃ প্রাণোঽস্মি, সা ত্বং বাগসি। কথং তব প্রাণত্বং, মম বাক্ত্বমিত্যাশঙ্ক্য বাচঃ প্রাণাধীনত্ববত্তব মদধীনত্বাদিত্যভিপ্রেত্য সা ত্বমিত্যাদি পুনর্বচনম্। ঋগাধারং হি সাম গীয়তে; অতি চ মদাধারত্বং তব। তথা চ মম সামত্বমৃক্ত্বং চ তব। দ্যৌরহং পিতৃত্বাৎ, পৃথিবী ত্বং মাতৃত্বাৎ, তয়োর্মাতাপিতৃত্বাসিদ্ধেরিত্যর্থঃ। তাবাবাং সংরভাবহৈ সংরম্ভমুদ্যমং করবাবহৈ। এহি ত্বমাগচ্ছ। কোঽসৌ সংরম্ভস্তমাহ—সহেতি। পুংস্ত্বযুক্তপুত্রলাভায় রেতোধারণং কর্ত্তব্যমিত্যর্থঃ॥ ৪২৭॥২০ ॥

ভাষ্যানুবাদ। অতঃপর সেই স্ত্রীকে মন্ত্রপূত করিয়া, যেমন সন্তান কামনা করে, তদনুসারে ক্ষীরৌদনাদি ভোজন করিয়া—এইরূপ ক্রমে বুঝিতে হইবে। শয়ন সময়ে 'অমোঽহমস্মি' ইত্যাদি মন্ত্রে ঐ স্ত্রীতে উপগত হইবে ॥৪২৭॥২০॥

অথাস্যা উরূ বিহাপয়তি বিজিহীথাং দ্যাবাপৃথিবী ইতি, তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায় ত্রিরেনামনুলোমামনুমাষ্টি— বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংশতু আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে। গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি পৃথুষ্টুকে। গর্ভং তে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ ॥৪২৮॥২১॥

সরলার্থঃ। অথ (অনন্তরম্) অস্যাঃ (স্ত্রিয়াঃ) উরূ (উরুদ্বয়ং) 'বিজিহীথাং দ্যাবা পৃথিবী' ইত্যনেন মন্ত্রেণ বিহাপয়তি (বিযোজয়তি)। তস্যাং) অর্থং (পুংচিহ্নং) নিষ্ঠায় (নিবেশ্য) মুখেন মুখং সংধায় (সংযোজ্য) অনুলোমাম্ এনাং (স্ত্রিয়ং) "বিষ্ণুর্যোনিং কল্পয়তু" ইত্যাদিনা মন্ত্রেণ শিরঃপ্রভৃতি সর্ব্বাবয়বেষু] ত্রিঃ (বারত্রয়ং) অনুমাষ্টি (মার্জ্জনং করোতি)। মন্ত্রার্থস্তু— বিষ্ণুঃ তে (তব) যোনিং কল্পয়তু (গর্ভগ্রহণযোগ্যং করোতু), ত্বষ্টা রূপাণি (অবয়বান্) পিংশতু (ঘটয়তু), প্রজাপতিঃ আসিঞ্চতু (রেতঃ সেচনং করোতু), ধাতা গর্ভং দধাতু (ধারয়তু); সিনীবালি (হে অমাদেবি), গর্ভং ধেহি

(আধৎস), হে পৃথুষ্টুকে [ত্বমপি] গর্ভং ধেহি ; পুষ্করস্রজৌ (রশ্মিমালাধরৌ) অশ্বিনৌ দেবৌ তে (তব) গর্ভং আধত্তাম্ (গর্ভাধানং করোতু) ॥২৪৮॥২১॥

মূলানুবাদ। অতঃপর 'বিজিহীথাং দ্যাবা পৃথিবী' এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক ঐ স্ত্রীর উরুদ্বয় বিযুক্ত করিবে। তাহার পর পূর্ব্বের ন্যায় পত্নীতে সংসর্গ করতঃ মুখে মুখ সংযোজিত করিয়া 'বিষ্ণুর্যোনিং কল্পয়তু' ইত্যাদি মন্ত্রপাঠপূর্ব্বক তিনবার অনুলোম ক্রমে আপাদ মস্তক তাহার গাত্র মার্জ্জনা করিবে ॥৪২৬॥২১॥

শাঙ্করভাষ্যম্। অথাস্য উরূ বিহাপয়তি 'বিজীহীথাং দ্যাবা-পৃথিবী' ইত্যনেন। তস্যামর্থমিত্যাদি পূর্ব্ববৎ। ত্রিরেনাং শিরঃপ্রভৃতি অনু-লোমাম্ অনুমাষ্টি 'বিষ্ণুর্যোনিম্' ইত্যাদি প্রতিমন্ত্রম্ ॥৪২৮॥২১॥

টীকা। উর্ব্বোঃ সংবোধনং দ্যাবাপৃথিবী ইতি। বিজিহীথাং বিশ্লিষ্টে ভবেতং যুবামিত্যর্থঃ। বিষ্ণুর্ব্যাপনশীলো ভগবান্ ভবত্যা যোনিং কল্পয়তু পুত্রোৎপত্তিসমর্থাং করোতু। ত্বষ্টা সবিতা তব রূপাণি পিংশতু বিভাগেন দর্শনযোগ্যানি করোতু। প্রজাপতির্বিরাড়াত্মা মদাত্মনা স্থিত্বা ত্বয়ি রেতঃ সমাসিঞ্চতু প্রক্ষিপতু। ধাতা পুনঃ সূত্রাত্মা ত্বদীয়ং গর্ভং ত্বদাত্মনা স্থিত্বা দধাতু ধারয়তু পুষ্ণাতু চ। সিনীবালী দর্শাহর্দ্দেবতা ত্বদাত্মনা বর্ত্ততে। সা চ পৃথুষ্টুকা বিস্তীর্ণস্তুতির্ভোঃ সিনীবালি পৃথুষ্টুকে গর্ভমিমং ধেহি ধারয়। অশ্বিনৌ দেবৌ সূর্য্যাচন্দ্রমসৌ স্বকীয়রশ্মিমালিনৌ তব গর্ভং ত্বদাত্মনা স্থিত্বা সমাধত্তাম্ ॥ ৪২৮॥২১ ॥

ভাষ্যানুবাদ। ইহার পর 'বিজিহীথাং দ্যাবা পৃথিবী' এই মন্ত্রে সেই স্ত্রীর উরুদ্বয় বিযোজিত করিবে। 'তস্যাম্ অর্থম্ নিষ্ঠায়' ইত্যাদি কথার অর্থ পূর্ব্ববৎ। তাহার পর, 'বিষ্ণুর্যোনিং কল্পয়তু' ইত্যাদি প্রত্যেক মন্ত্র পাঠ-পূর্ব্বক তিনবার তাহাকে মস্তক প্রভৃতি সর্ব্বাঙ্গে অনুলোম ক্রমে মার্জ্জনা করিবে ॥৪২৮॥২১॥

হিরণ্ময়ী অরণী যাভ্যাং নির্ম্মন্থতামশ্বিনৌ। তং তে গর্ভং হবামহে দশমে মাসি সূতয়ে। যথাগ্নিগর্ভা পৃথিবী যথা দ্যৌরিন্দ্রেণ গর্ভিণী। বায়ুর্দিশাং যথা গর্ভ এবং গর্ভং দধামি তেঽসাবিতি ॥৪২॥২২॥

সরলার্থঃ। হিরণ্ময়ী (হিরণ্ময্যৌ) অরণী [প্রাক্ আসতুঃ] ; অশ্বিনৌ

যাভ্যাং নির্মন্থতাম্; দশমে মাসি সূতয়ে (প্রসবায়) তে (তব) তং গর্ভং হবামহে (আহুতিরূপেণ অর্পয়ামঃ)। পৃথিবী যথা অগ্নিগর্ভা, দ্যৌঃ যথা ইন্দ্রেণ গর্ভিণী (গর্ভবতী), বায়ুঃ যথা দিশাং (প্রাচ্যাদীনাং) গর্ভঃ, অহং এবং (তদ্বদেব) তে গর্ভং দধামি ইতি ॥৪২৯॥২২॥

মূলানুবাদ। অশ্বিনদ্বয় যেই হিরণ্ময় অরণীদ্বয় দ্বারা মন্থন করেন, আমি দশম মাসে প্রসবার্থ তাহাতে গর্ভ আধান করিতেছি। পৃথিবী যেরূপ অগ্নিগর্ভা, আকাশ যেমন সূর্য্য দ্বারা গর্ভবতী, দিক্ সকল যেমন বায়ু দ্বারা গর্ভিণী, সেইরূপ আমি তোমায় এই গর্ভ অর্পণ করিয়া গর্ভবতী করিতেছি; এই বলিয়া নামগ্রহণ পূর্ব্বক গর্ভাধান করিবে ॥৪২৯॥২২॥

শাঙ্করভাষ্যম্। অন্তে নাম গৃহ্লাতি—অসাবিতি তস্যাঃ ॥৪২৯॥২২॥

টীকা। জ্যোতির্ময্যাবরণী প্রাগাসতুর্যাভ্যাং গর্ভমশ্বিনৌ নির্মথিতবন্তৌ, তং তথাভূতং গর্ভং তে জঠরে দধাবহৈ দশমে মাসি প্রসবার্থম্। আধীয়মানং গর্ভং দৃষ্টান্তেন দর্শয়তি—যথেত্যি। ইন্দ্রেণ সূর্য্যেণেতি যাবৎ। অসাবিতি পত্ন্যর্থা নির্দ্দেশঃ। তস্যা নাম গৃহ্লাতীতি পূর্ব্বেণ সংবন্ধঃ। ৪২৯॥২২॥

ভাষ্যানুবাদ। মন্ত্রের শেষে 'অসৌ' বলিয়া সেই স্ত্রীর নাম গ্রহণ করিবে ॥৪২৯॥২২॥

সোষ্যন্তীমদ্ভিরভ্যুক্ষতি। যথা বায়ুঃ পুষ্করিণীং সমিঙ্গয়তি সর্ব্বতঃ। এবা তে গর্ভ এজতু সহাবৈতু জরায়ুণা। ইন্দ্রস্যায়ং ব্রজঃ কৃতঃ সার্গলঃ সপরিশ্রয়ঃ। তমিন্দ্র নির্জ্জহি গর্ভেণ সাবরাং সহেতি ॥৪৩০॥২৩॥

অন্বয়ার্থঃ। [অনন্তরং] সোষ্যন্তীং (আসন্নপ্রসবাং) [স্ত্রিয়ং] 'যথা বায়ুঃ পুষ্করিণীম্' ইত্যাদিনা মন্ত্রেণ অদ্ভিঃ (জলৈঃ) অভ্যুক্ষতি (সিঞ্চতি)। মন্ত্রার্থস্তু—বায়ুঃ যথা পুষ্করিণীং (পদ্মিনীং) সর্ব্বতঃ সমিঙ্গয়তি (কম্পয়তে), এবা (এবং) তে (তব) গর্ভঃ এজতু (পরিস্পন্দতাম্ নির্গচ্ছতু); [স্বাংচ] জরায়ুণা সহ অবতু (রক্ষতু)। ইন্দ্রস্য (প্রাণস্য) অয়ং ব্রজঃ (নির্গমনপথঃ) সার্গলঃ সপরিশ্রয়ঃ চ (পরিশ্রয়েণ জরায়ুণা সহিতঃ) কৃতঃ [অস্তি]; হে

ইন্দ্র, তং (পন্থানং প্রাপ্য) গর্ভেণ সহ নির্জহি (গর্ভনির্গমোপযোগিনং কুরু), সাবরাং (মাংসপেশীং) চ নির্জহি ইতি ॥৪৩০॥২৩॥

মূলানুবাদ। পরে, সুখ প্রসবের নিমিত্ত "সোষ্যন্তীমদ্ভিঃ" ইত্যাদি মন্ত্র দ্বারা স্ত্রীকে অভ্যুক্ষণ (জলসেক) করিবে, এবং বলিবে যে, বায়ু যেমন পদ্মিনীকে অর্থাৎ পুষ্করিণীকে সর্ব্বতোভাবে পরিচালিত করে, তেমন তোমার গর্ভও জরায়ুর সহিত পরিস্পন্দিত হউক; এবং [তোমাকে] রক্ষা করুক। গর্ভের জন্য একটী অর্গলযুক্ত ব্রজ অর্থাৎ পথ নির্ম্মিত আছে; হে ইন্দ্র (প্রাণ), তুমি যাহাতে সেই পথ অবলম্বন করিয়া গর্ভের সহিত নির্গত হও, এবং গর্ভনিঃসরণের সময় যে মাংসপেশী নির্গত হইয়া থাকে, তাহাও নির্গত কর ॥৪৩০॥২৩॥

শাঙ্করভাষ্যম্। সোষ্যন্তীমদ্ভিরভ্যুক্ষতি—প্রসবকালে সুখপ্রসবনার্থমনেন মন্ত্রেণ—"যথা বায়ুঃ পুষ্করিণীং সমিঙ্গয়তি সর্ব্বতঃ; এবাতে গর্ভ এজতু" ইতি ॥৪৩০॥২৩॥

টীকা। সমিঙ্গয়তি স্বরূপোপঘাতমকৃত্বৈব চালয়তীত্যেতৎ। এবা ত এবমেব স্বরূপোপঘাতমকুর্ব্বন্নেজতু গর্ভশ্চলতু। জরায়ুণা গর্ভবেষ্টনমাংসখণ্ডেন সহৈবৈতু নির্গচ্ছতু। ইন্দ্রস্য প্রাণস্যায়ং ব্রজো মার্গঃ সর্গকালে গর্ভাধানকালে বা কৃতঃ। সার্গল ইত্যস্য ব্যাখ্যা সপরিশ্রয় ইতি, পরিবেষ্টনেন জরায়ুণা সহিত ইত্যর্থঃ। তং মার্গং প্রাপ্য হমিন্দ্র গর্ভেণ সহ নির্জহি নির্গচ্ছ। গর্ভনিঃসরণানন্তরং যা মাংসপেশী নির্গচ্ছতি, সাবরা, তাং চ নির্গময়েত্যর্থঃ ॥৪৩০॥ ২৩।

ভাষ্যানুবাদ। প্রসবকালে সুখপ্রসবের জন্য আসন্নপ্রসবা সেই স্ত্রীকে 'যথা বায়ুঃ পুষ্করিণীম্' ইত্যাদি মন্ত্রে অভ্যুক্ষণ করিবে ॥৪৩০॥২৩॥

জাতেঽগ্নিমুপসমাধায়াঙ্ক আধায় কংসে পৃষদাজ্যং সন্নীয় পৃষদাজ্যস্যোপঘাতং জুহোত্যস্মিন্ সহস্রং পুষ্যাসমেধমানঃ স্বে গৃহে। অস্যোপসন্দ্যাং মা চ্ছৈৎসীৎ প্রজয়া চ পশুভিশ্চ স্বাহা। ময়ি প্রাণাংস্ত্বয়ি মনসা জুহোমি স্বাহা। যৎ কর্ম্মণাত্যরীরিচং যদ্বা ন্যূনমিহাকরম্। অগ্নিষ্টৎ স্বিষ্টকৃদ্বিদ্বান্ স্বিষ্টং সুহুতং করোতু নঃ স্বাহেতি ॥৩৩১॥২৪॥

অন্বয়ার্থঃ। [ইদানীং জাতকর্ম্ম নিরূপ্যতে—] 'জাতে' ইত্যাদিনা। জাতে (পুত্রে ভূমিষ্ঠে সতি), অগ্নিং উপসমাধায় (সমানীয়) [পুত্রং] অঙ্কে আধায় কংসে (পাত্রবিশেষে) পৃষদাজ্যং (দধিঘৃতে) সংনীয় (সংযোজ্য) 'অস্মিন্ সহস্রম্' ইত্যাদিনা মন্ত্রেণ পৃষদাজ্যস্য উপঘাতং জুহোতি ॥৪৩১॥২৪॥

মূলানুবাদ। অনন্তর পুত্র জন্মিলে পর, অগ্নি আনয়নপূর্ব্বক পুত্রকে ক্রোড়ে ধারণ করিয়া কংসে (আজ্যস্থালীতে) পৃষদাজ্য অর্থাৎ দধি ও ঘৃত সংযোজিত করিয়া অল্প অল্প পৃষদাজ্য গ্রহণ করতঃ পুনঃ পুনঃ এই বলিয়া হোম করিবে যে, এই নিজগৃহে আমি পুত্ররূপে বর্দ্ধিত হইয়া সহস্র সহস্র মনুষ্যকে পরিপোষণ করিব। আমার এই পুত্রের সন্তান সন্ততিতে, লক্ষ্মী ও পশু-সম্পত্তি যেন অবিচ্ছিন্ন থাকে। এই আমাতে (পিতাতে) যে সমস্ত প্রাণ (ইন্দ্রিয়) বর্ত্তমান আছে, আমি তৎসমস্তই মনে মনে তোমাতে (পুত্রেতে) অর্পণ করিতেছি। আমি কার্য্যতঃ যে কিছু ন্যূনতা কিংবা অতিরিক্ততা করিয়াছি, বিদ্বান্ অগ্নি স্বিষ্টকৃৎ হইয়া আমার হোমকর্ম্ম উত্তম করুন ॥৪৩১॥২৪॥

শাঙ্করভাষ্যম্। অথ জাতকর্ম্ম। জাতেঽগ্নিমুপসমাধায় অঙ্কে-আধায় পুত্রম্, কংসে পৃষদাজ্যং সন্নীয় সংযোজ্য দধিঘৃতে, পৃষদাজ্যস্যোপঘাতং জুহোতি 'অস্মিন্ সহস্রম্' ইত্যাদ্যাবাপস্থানে ॥৪৩১॥২৪॥

টীকা। ঘৃতমিশ্রং দধি পৃষদাজ্যমিত্যুচ্যতে। উপঘাতমিত্যাভীক্ষ্ণ্যং পৌনঃপুণ্যং বিবক্ষিতম্। পৃষদাজ্যস্যাল্পমল্পমাদায় পুনঃ পুনর্জুহোতীত্যর্থঃ। অস্মিন্ স্বে গৃহে পুত্ররূপেণ বর্দ্ধমানো মনুষ্যাণাং সহস্রং পুষ্যাসমনেকমনুষ্যপোষকো ভূয়াসম্, অস্য মৎপুত্রস্যোপসন্দ্যাং সংততৌ প্রজয়া পশুভিশ্চ সহ শ্রীর্মা বিচ্ছিন্না ভূয়াদিত্যাহ—অস্যৈস্মিতি। ময়ি পিতরি যে প্রাণাঃ সন্তি, তান্ পুত্রে ত্বয়ি মনসা সমর্পয়ামীত্যাহ—ময়ীতি। অত্যরীরিচমিত্যতিরিক্তং কৃতবানস্মীহ কর্ম্মণ্যকরমন্নকবং তৎ সর্ব্বং বিদ্বানগ্নিঃ স্বিষ্টং করোতীতি স্বিষ্টকৃদ্ ভূত্বা স্বিষ্টমনধিকং সুহুতমন্যূনং চাস্মাকং করোত্বিত্যর্থঃ। ৪৩১ ॥ ২৪।

ভাষ্যানুবাদ। অতঃপর জাতকর্ম্ম [কথিত হইতেছে—] পুত্র জন্মিলে পর, অগ্নিসমানয়নপূর্ব্বক পুত্রকে ক্রোড়ে লইয়া, কংসে পৃষদাজ্য—দধি ও ঘৃত মিশ্রিত করিয়া উপঘাতপূর্ব্বক 'অস্মিন্ সহস্রম্' ইত্যাদি মন্ত্রে সেই পৃষদাজ্য হোম করিবে ॥৪৩১॥২৪॥

অথাস্য দক্ষিণং কর্ণমভিনিধায় বাগ্বাগিতি ত্রিরথ দধিমধুঘৃতং সন্নীয়ানন্তর্হিতেন জাতরূপেণ প্রাশয়তি। ভূস্তে দধামি, ভুবস্তে দধামি, স্বস্তে দধামি, ভূর্ভুবঃ স্বঃ সর্ব্বং ত্বয়ি দধামীতি॥৪৩২॥২৫॥

অন্বয়ার্থঃ। অথ (যথোক্ত হোমানন্তরম্) অস্য (বালকস্য) দক্ষিণং কর্ণম্ অভি (দক্ষিণকর্ণে) [স্বমুখং] নিধায় 'বাক্‌বাক্' ইতি ত্রিঃ (বারত্রয়ং) [জপেৎ]। অথ দধি, মধু, ঘৃতং সংনীয় (একীকৃত্য) অনন্তর্হিতেন (অব্যবহিতেন মুখলগ্নেন) জাতরূপেণ (সুবর্ণপাত্রেণ) 'ভূস্তে দধামি' ইত্যাদিভিঃ মন্ত্রৈঃ প্রাশয়তি (ভোজয়তি)॥৪৩২॥২৫॥

মূলানুবাদ। অনন্তর, পিতা বালকের দক্ষিণ কর্ণে নিজ মুখ সংলগ্ন করিয়া "বাক্ বাক্" এই প্রকারে বারত্রয় জপ করিবে। তাহার পর দধি, মধু ও ঘৃত মিশ্রিত করিয়া অদূরস্থিত হিরণ্ময় পাত্র দ্বারা প্রত্যেকবার "ভূস্তে দধামি" ইত্যাদি মন্ত্র উচ্চারণপূর্ব্বক ভোজন করাইবে॥৪৩২॥২৫॥

শাঙ্করভাষ্যম্। অথাস্য দক্ষিণকর্ণমভিনিধায় স্বং মুখং বাগ্বাগিতি ত্রির্জপেৎ। অথ দধি মধু ঘৃতং সন্নীয়ানন্তর্হিতেনাব্যবহিতেন জাতরূপেণ হিরণ্যেন প্রাশয়ত্যেতৈর্ম্মন্ত্রৈঃ প্রত্যেকং ভূরিতি॥৪৩২॥২৫॥

টীকা। অস্য জাতস্য শিশোরিত্যর্থঃ। ত্রয়ীলক্ষণা বাক্ ত্বয়ি প্রবিশত্বিতি জপতোঽভিপ্রায়ঃ। এতৈর্ম্মন্ত্রৈর্ভূস্তে দধামীত্যাদিভিরিতি শেষঃ॥৪৩২॥২৫॥

* ভাষ্যানুবাদ। অতঃপর পিতা বালকের দক্ষিণকর্ণে নিজমুখ সংলগ্ন করিয়া 'বাক্‌বাক্' এই কথা তিনবার জপ করিবে। তাহার পর দধি, মধু ঘৃত একত্রিত করিয়া সুবর্ণপাত্র নিকটে লইয়া তাহা দ্বারা একএকটী মন্ত্রোচ্চারণপূর্ব্বক ভোজন করাইবে॥৪৩২॥২৫॥

অথাস্য নাম করোতি বেদোঽসীতি, তদস্য তদ্গুহ্যমেব নাম ভবতি॥৪৩৩॥২৬॥

অন্বয়ার্থঃ। অথ (ঘৃতাদি প্রাশনানন্তরম্) অস্য (বালকস্য) নাম করোতি—'বেদোঽসি' ইতি। তচ্চ 'বেদনাম' অস্য (বালকস্য) তৎ গুহ্যম্ এব নাম ভবতি॥৪৩৩॥২৬॥

মূলানুবাদ। অনন্তর, পিতা সেই জাত-পুত্রের "বেদোঽসি" বলিয়া নামকরণ করিবে; এই নাম অতি গোপনীয়, সাধারণে প্রকাশ্য নহে ॥৪৩৩॥২৬॥

শাঙ্করভাষ্যম্। অথাস্য নামধেয়ং করোতি বেদোঽসীতি। তদস্য তদ্ গুহ্যং নাম ভবতি বেদ ইতি ॥৪৩৩॥২৬॥

টীকা। বেদনাম্না ব্যবহারী লোকে নাস্তীত্যাশঙ্ক্যাহ—তদস্যেতি। যদ্বেদ ইতি নাম তদস্য গুহ্যং ভবতি। বেদনং বেদোঽনুভবঃ সর্ব্বস্য নিজং স্বরূপমিত্যর্থঃ ॥৪৩৩॥২৬॥

ভাষ্যানুবাদ। অনন্তর, 'বেদঃ অসি' বলিয়া এই বালকের নামকরণ করিবে; এই 'বেদ' নামটাই বালকের গোপনীয় নাম হয় ॥৪৩৩॥২৬॥

অথৈনং মাত্রে প্রদায় স্তনং প্রযচ্ছতি। যস্তে স্তনঃ শশয়ো যো ময়োভূর্যো রত্নধা বসুবিদ্যঃ সুদত্রঃ। যেন বিশ্বা পুষ্যসি বার্য্যাণি সরস্বতি তমিহ ধাতবে করিতি ॥৪৩৪॥২৭।

সরলার্থঃ। অথ (অনন্তরং) এনং (বালকং) মাত্রে প্রদায় (সমর্প্য) 'যস্তে স্তনঃ' ইত্যাদিনা মন্ত্রেণ স্তনং প্রযচ্ছতি ॥৪৩৪॥২৭॥

মূলানুবাদ। ইতঃপর স্বীয় অঙ্ক-স্থিত সেই বালককে মাতৃ-ক্রোড়ে সমর্পণ করিয়া এই মন্ত্র পাঠ পূর্ব্বক স্তনপ্রদান করিবে,— 'হে সরস্বতি, তোমার যে স্তন লোকস্থিতির হেতুভূত অন্ন হইতে জাত, যে স্তন ভুক্ত ও পিত অন্ন-জলের ধারক, এ যে স্তন কর্ম্মফলরূপী বসুর প্রদাতা, এবং যে স্তন দ্বারা এই সমস্ত বিশ্বই বরণীয় হয়, তুমি সেই স্তন পোষণ করিতেছ; অতএব তুমি আমার পুত্রের জীবনধারণার্থ সেই স্তন আমার ভার্য্যাতে প্রবিষ্ট কর ॥৪৩৪॥২৭॥

শাঙ্করভাষ্যম্। অথৈনং মাত্রে প্র[illegible] স্বাঙ্কস্থম্, স্তনং প্রযচ্ছতি "যস্তে স্তনঃ" ইত্যাদিমন্ত্রেণ ॥৪৩৪॥২৭॥

টীকা। হে সরস্বতি যস্তে স্তনঃ শশয়ঃ শয়ঃ ফলং, তেন সং বর্ত্তমানো যশ্চ সর্ব্বপ্রাণিনাং স্থিতিহেতুন্নভাবেন জাতো যশ্চ রত্নধা অন্নস্য পয়সো বা ধাতা যশ্চ বসু কর্ম্মফলং তদ্বিন্দতীতি বসুবিৎ। যঃ সুষ্ঠু দদাতীতি সুদত্রো যেন চ স্তনেন [illegible]

বিশ্বানি বার্য্যাণি বরণীয়ানি দেবাদীনি ভূতানি ত্বং পুষ্যসি, তং স্তনং মদীয়পুত্রস্য ধাতবে পানায় মদীয়ভার্য্যাস্তনে প্রবিষ্টং কুর্ব্বিত্যর্থঃ ॥৪৩৪॥২৭॥

ভাষ্যানুবাদ। অনন্তর, পিতা নিজক্রোড়স্থিত সেই বালককে মাতার ক্রোড়ে সমর্পণ করিয়া 'যস্তে স্তনঃ' ইত্যাদি মন্ত্রোচ্চারণ পূর্ব্বক স্তনপ্রদান করিবে ॥৪৩৪॥২৭॥

অথাস্য মাতরমভিমন্ত্রয়তে ইলাসি মৈত্রাবরুণী বীরে বীরমজীজনৎ, সা ত্বং বীরবতী ভব। যাঽস্মান্ বীরবতোঽকরদিতি। তং বা এতমাহুরতিপিতা বতাভূরতিপিতামহো বতাভূঃ পরমাং বত কাষ্ঠাং প্রাপচ্ছ্রিয়া যশসা ব্রহ্মবর্চ্চসেন, য এবংবিদো ব্রাহ্মণস্য পুত্রো জায়ত ইতি। ৪৩৫॥৩৮॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥৬॥৪॥

সরলার্থঃ। অথ অস্য (বালকস্য) মাতরম্ 'ইলাসি মৈত্রাবরুণী' ইত্যাদিনা মন্ত্রেণ অভিমন্ত্রয়তে (অভিমুখী করোতি)। এবংবিদঃ ব্রাহ্মণস্য যঃ পুত্রঃ জায়তে, তম্ (পুত্রম্) আহুঃ (কথয়ন্তি) [পণ্ডিতাঃ]—বত (হর্ষে) [ত্বং] অতিপিতা (পিতরম্ অতিক্রান্তঃ) অভূঃ, [ত্বং] অতিপিতামহঃ (পিতামহমতিক্রান্তঃ) অভূঃ; বত শ্রিয়া, যশসা, ব্রহ্মবর্চ্চসেন চ পরমাং কাষ্ঠাং প্রাপৎ (প্রাপিতবানিত্যর্থঃ)।

মন্ত্রার্থস্তু—হে বীরে, ত্বং ইলা (লোকস্তুতা) মৈত্রাবরুণী (মিত্রাবরুণিঃ—বশিষ্ঠঃ, তৎপত্নী অরুন্ধতী—মৈত্রাবরুণী, তৎসমা অসি, বীরং (পুত্রং) অজীজনৎ (উৎপাদিতবতী); [যা ত্বম্] অস্মান্ বীরবতঃ (বীরপুত্রজননাৎ বীরযুক্তান্) অকরৎ (কৃতবতী), সা ত্বং বীরবতী ভব ইতি ॥৪৩৫॥২৮॥

মূলানুবাদ। অতঃপর বালকের মাতাকে সম্বোধনপূর্ব্বক বলিবে যে, তুমিই স্তবনীয়া মৈত্রাবরুণী (অরুন্ধতী) রূপে অবস্থান করিতেছ; [মিত্র—সূর্য্য ও বরুণ হইতে সমুৎপন্ন বশিষ্ঠের নাম মিত্রাবরুণ. তাঁহার পত্নী অরুন্ধতীকে মৈত্রাবরুণী বলিয়া উল্লেখ করা হইয়াছে]। হে বীরে, তুমি বীর পুত্র প্রসব করিয়া আমাদিগকে বীরবান্ করিয়াছ, অতএব তুমিও বীরবতী হও।

এই প্রকার বিধিবোধিত সংস্কারবিশিষ্ট পুত্রগণই শ্রী যশঃ ও ব্রহ্মবর্চ্চস দ্বারা পিতা পিতামহ প্রভৃতিকেও অতিক্রম করিয়াছে। অতএব ইতঃপরও এই প্রকার বিশিষ্ট জ্ঞানবানের যে পুত্র হয়, সেই পুত্র যশ ও ব্রহ্মবর্চ্চস প্রভৃতি প্রাপ্ত হইয়া এই প্রকারই সকলের স্তুতিভাজন হয় ॥৪৩৫॥২৮॥

শাঙ্করভাষ্যম্। অথাস্য মাতরমভিমন্ত্রয়তে 'ইলাসি' ইত্যনেন। তং বা এতমাহুরিতি অনেন বিধিনা জাতঃ পুত্রঃ পিতরং পিতামহং অতিশেত-ইতি। শ্রিয়া যশসা ব্রহ্মবর্চ্চসেন পরমাং নিষ্ঠাং প্রাপৎ ইত্যেবং স্তুত্যো ভবতীত্যর্থঃ। যস্য চৈবংবিদো ব্রাহ্মণস্য পুত্রো জায়তে, স চৈবং স্তুত্যো ভবতীত্যধ্যাহার্য্যম্ ॥৪৩৫॥২৮॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥৬॥৪॥

টীকা। ইলা স্তুত্যা ভোগ্যাসি। মিত্রাবরুণাভ্যাং সংভূতো মৈত্রাবরুণো বসিষ্ঠস্তস্য ভার্য্যা মৈত্রাবরুণী, সা চারুন্ধতী, তদ্বৎ তিষ্ঠসীতি ভার্য্যাং সংবোধয়তি—মৈত্রাবরুণীতি। বীরে পুরুষে ময়ি নিমিত্তভূতে ভবতী বীরং পুত্রমজীজনৎ। সা ত্বং বীরবতী জীববৎপুত্রা ভব। যা ভবতী বীরবতঃ পুত্রসংপন্নানস্মানকরং কৃতবতীতি মন্ত্রার্থঃ। পিতরমতীত্য বর্ত্তত ইত্যতিপিতা। অহো মহানেব বিস্ময়ো যৎপিতরং পিতামহং চ সর্ব্বমেব বংশমতীত্য সর্ব্বস্মাদধিকস্ত্বং জাতোঽসীত্যর্থঃ। ন কেবলং পুত্রস্তৈবেয়ং স্তুতিরপি তু যথোক্তপুত্রসংপন্নস্য পিতুরপীত্যাহ—যস্যেতি ॥ ৪৩৫॥২৮ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং ষষ্ঠাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥৬॥ ৪ ॥

ভাষ্যানুবাদ। ইহার পর 'ইলাসি' ইত্যাদি বাক্যে পত্নীকে আমন্ত্রণ—আত্মসম্মুখীন করিবে। 'তং বৈ এতম্ আহুঃ' ইতি এই প্রকার বিধানক্রমে জাত পুত্র স্বীয় পিতা ও পিতামহকেও অতিক্রম করে; এই জন্যই বলা হইল যে, শ্রী, যশ ও ব্রহ্মবর্চ্চস দ্বারা পরম উৎকর্ষ প্রাপ্ত হইয়াছ—এইরূপে স্তুতিযোগ্য হইয়া থাকে। এই প্রকার জ্ঞানসম্পন্ন যে ব্রাহ্মণের এই প্রকার পুত্র সমুৎপন্ন হয়, তিনি নিজেও যে, এই প্রকারে স্তুতিভাজন হইয়া থাকেন, ইহা ধরিয়া লইতে হইবে ॥৪৩৫॥২৮।

ইতি ষষ্ঠাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণের ভাষ্যানুবাদ ॥৬॥৪॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥ ৬॥৪॥

পঞ্চমং ব্রাহ্মণম্।

অথ বংশঃ। পৌতিমাষীপুত্রঃ কাত্যায়নীপুত্রাৎ কাত্যায়নী-পুত্রো গৌতমীপুত্রাদ্গৌতমীপুত্রো ভারদ্বাজীপুত্রাদ্ভারদ্বাজীপুত্রঃ পারাশরীপুত্রাৎ পারাশরীপুত্র ঔপস্বস্তীপুত্রাদৌপস্বস্তীপুত্রঃ পারাশরীপুত্রাৎ পারাশরীপুত্রঃ কাত্যায়নীপুত্রাৎ কাত্যায়নীপুত্রঃ কৌশিকীপুত্রাৎ কৌশিকীপুত্র আলম্বীপুত্রাচ্চ বৈয়াঘ্রপদীপুত্রাচ্চ বৈয়াঘ্রপদীপুত্র; কাণ্বীপুত্রাচ্চ কাপীপুত্রাশ্চ কাপীপুত্রঃ—॥৪৩৬॥১॥

সরলার্থঃ। [অত্র স্ত্রীণাং গুণোৎকর্ষমহিম্না গুণবৎপুত্রোৎপত্তেঃ প্রস্তুতত্বাৎ স্ত্রীপ্রাধান্যেনৈবাচার্য্যক্রমো নির্দ্দিষ্টঃ।] প্রজাপতিরিহ অগ্রিম আচার্য্যঃ পৌতিমাষীপুত্রশ্চান্তিমো বিজ্ঞেয়ঃ। ইমানি শুক্লানি (শুদ্ধানি) যজূংষি যাজ্ঞবল্ক্যেন আ সাংজীবীপুত্রাৎ সামানম্ আখ্যায়ন্তে (প্রোচ্যন্তে)। প্রজাপতিমারভ্য পৌতিমাষীপুত্রপর্য্যন্তমাচার্য্যক্রমো নিয়ত এব, যাজ্ঞবল্ক্য-সাংজীবীপুত্রয়োর্মধ্যে তু বিভিদ্যতে, পরম্। ব্রহ্মণঃ স্বয়ম্ভূবিশেষণং জাত্যা-ত্তর্থান্তরবারণায়। স্বয়ম্ভু ব্রহ্ম চ প্রবচনাখ্যম্ অনাদ্যনন্তম্ নিত্যসিদ্ধম্, তস্মৈ ব্রহ্মণে নম ইত্যর্থঃ ॥৪৩৬—৪৩৯॥১—৪॥

সেয়মল্পপদোপেতা শ্রীশঙ্করমতে স্থিতা।
ভাষ্যার্ণব-মহারত্নজিঘৃক্ষূণাং কৃতে কৃতা।
সাংখ্য-বেদান্ততীর্থ-শ্রীদুর্গাচরণশর্ম্মণা।
বৃহদারণ্যকে পূর্ণা সরলা স্যাৎ সতাং মুদে॥

মূলানুবাদ। সম্প্রতি স্ত্রীপ্রধান বংশব্রাহ্মণ বর্ণিত হইতেছে,—স্ত্রীপ্রাধান্য বশতঃ গুণবান্ পুত্র জন্ম লাভ করে, এ কথা পূর্ব্বে উক্ত হইয়াছে; সেই কারণে এখানেও স্ত্রীরূপ বিশেষণে বিশেষিত আচার্য্যেরই পারম্পর্য্য বর্ণিত হইতেছে। পৌতিমাষী-তনয় শেষ আচার্য্য; তিনি কাত্যায়ণীপুত্র হইতে, কাত্যায়ণীপুত্র গৌতমীপুত্র হইতে, গৌতমীপুত্র ভারদ্বাজী-পুত্র হইতে, ভারদ্বাজীপুত্র পারাশরী-

পুত্র হইতে, পারাশরীপুত্র ঔপস্বস্তীপুত্র হইতে, ঔপস্বস্তীপুত্র পারাশরী-পুত্র হইতে, পারাশরীপুত্র কাত্যায়নীপুত্র হইতে, কাত্যায়নীপুত্র কৌশিকীপুত্র হইতে, কৌশিকীপুত্র আলম্বীপুত্র ও বৈয়াঘ্রপদীপুত্র হইতে, বৈয়াঘ্রপদীপুত্র কাণ্বীপুত্র ও কাপীপুত্র হইতে, কাপীপুত্র আবার—॥৪৩৬॥১॥

শাঙ্করভাষ্যম্। অথেদানীং সমস্তপ্রবচনবংশঃ। স্ত্রীপ্রাধান্যাৎ গুণবান্ পুত্রো ভবতীতি প্রস্তুতম্ ; অতঃ স্ত্রীবিশেষণেনৈব পুত্রবিশেষণাদাচার্য্য-পরম্পরা কীর্ত্ত্যতে। তানীমানি শুক্লানীতি অব্যামিশ্রাণি ব্রাহ্মণেন। অথবা, অযাতযামানীমানি যজুংষি, তানি শুক্লানি শুদ্ধানীত্যেতৎ। প্রজাপতিমারভ্য যাবৎ পৌতিমাষীপুত্রঃ, তাবদধোমুখো নিয়তাচার্য্যপূর্ব্বক্রমো বংশঃ সমানম্ আ সাংজীবীপুত্রাৎ। ব্রহ্মণঃ প্রবচনাখ্যস্য। তচ্চৈতদ্ ব্রহ্ম প্রজাপতি-প্রবন্ধ-পরম্পরয়া আগত্য অস্মাস্বনেকধা বিপ্রসৃতম্, অনাদ্যনন্তম্ স্বয়ম্ভু ব্রহ্ম নিত্যম্ ; তস্মৈ ব্রহ্মণে নমঃ। নমস্তদনুবর্ত্তিভ্যো গুরুভ্যঃ ॥৪৩৬—৪৩৯॥১॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য পঞ্চমং ব্রাহ্মণম্ ॥৩॥৫॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যে ষষ্ঠোঽধ্যায়ঃ সম্পূর্ণঃ ॥

টীকা। সান্নিধ্যাৎ খিলকাণ্ডস্য বংশোঽয়মিতি শঙ্কাং নিবর্ত্তয়ন্ বংশব্রাহ্মণতাৎপর্য্যমাহ—অথেতি। বিদ্যাভেদাদতীতস্য কাণ্ডদ্বয়স্য প্রত্যেকং বংশভাক্ত্বেঽপি নাস্য পৃথক্-ভাগিত্বং খিলত্বেন তচ্ছেষত্বাৎ। তথা চ সমাপ্তৌ পঠিতো বংশঃ সমস্তস্যৈব প্রবচনস্য ভবিষ্যতীত্যর্থঃ। পূর্ব্বৌ বংশৌ পুরুষবিশেষিতৌ, তৃতীয়ঃ স্ত্রীবিশেষিতস্তত্র কিং কারণমিত্যাশঙ্ক্যাহ—স্ত্রীপ্রাধান্যাদিতি। তদেব স্ফুটয়তি—গুণবানিতি। কীর্ত্ত্যতে ব্রাহ্মণেনেতি সংবন্ধঃ। শুক্লানি যজুংষীত্যস্য ব্যাখ্যানমব্যামিশ্রাণীতি দোষৈর-সংকীর্ণানি পৌরুষেয়ত্বদোষবারাভাবাদিত্যর্থঃ। অযাতযামান্যদুষ্টান্যগতার্থানীত্যর্থঃ। পাঠ-ক্রমেণ মনুষ্যাদিঃ প্রজাপতিপর্য্যন্তো বংশো ব্যাখ্যাতঃ। সংপ্রত্যর্থক্রমমাশ্রিত্যাহ—প্রজাপতিমিতি। অধোমুখত্বং পাঠক্রমাপেক্ষয়োচ্যতে। তত্রাপি প্রজাপতি-মারভ্য সাংজীবীপুত্রপর্য্যন্তং বাজসনেয়িশাখাসু সর্ব্বাস্বেকো বংশ ইত্যাহ—সমানমিতি। প্রবচনাখ্যস্য বংশাবধেঃ ব্রহ্মণঃ সংবন্ধাৎপ্রজাপতির্বিদ্যাং লব্ধবানিত্যাহ—ব্রহ্মণ ইতি। তত্রাবিকারিভেদাদবান্তরভেদং দর্শয়তি—তচ্চেতি। প্রজাপতিমুখপ্রবন্ধঃ •প্রপঞ্চঃ

সৈব পরম্পরা ভবেতি যাবৎ। তস্য পরমাত্মরূপং স্বয়ম্ভুবমভিদধাতি—'অমাদ্দীতি'। তস্যাপৌরুষেয়ত্বেনাসংভাবিতদোষতয়া প্রামাণ্যমভিপ্রেত্য বিশিনষ্টি—'নিত্যমিতি'। আদিমধ্যান্তেষু কৃতমঙ্গলা গ্রন্থাঃ প্রচারিণো ভবন্তীতি মন্বানঃ সন্নাহ—তস্মৈ ব্রহ্মণে নম ইতি॥ ৪৩৬—৪৩৯॥ ১—৪॥

ইতি বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং ষষ্ঠাধ্যায়স্য পঞ্চমং বংশব্রাহ্মণম্ ৬॥ ৫॥

নমো জন্মাদিসংবন্ধহেতুনিধ্বংসহেতবে। হরয়ে পরমানন্দপরিব্রাজনবপূর্ত্তয়ে॥ ১॥

নমস্ত্রস্তসংমোহসরসীরুহভানবে। গুরবে পরপক্ষৌঘধ্বান্তধ্বংসপটীয়সে॥ ২॥

ইতি শ্রীপরমহংসপরিব্রাজকশুদ্ধানন্দপূজ্যপাদশিষ্যভগবদানন্দজ্ঞানকৃতায়াং বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যটীকায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥ ৬॥

ভাষ্যানুবাদ। অতঃপর এখন সমস্ত উপনিষদের (আচার্য্যক্রম) বর্ণিত হইতেছে। স্ত্রীলোকের উৎকর্ষানুসারে গুণবান্ পুত্র সমুৎপন্ন হয়, এই বিষয়ই পূর্ব্বে বর্ণিত হইয়াছে; সেইজন্য স্ত্রীর (মাতার) বিশেষণানুসারে পুত্রকে বিশেষিত করিয়া আচার্য্য-পরম্পরা বর্ণিত হইতেছে। সেই এই যজুঃসমূহ শুক্ল অর্থাৎ ব্রাহ্মণ ভাগের সহিত মিশ্রিত নহে; অথবা এই যে সকল যজুঃ কথিত হইল, এ সমুদয় যজুঃ শুক্ল অর্থাৎ শুদ্ধ নির্দ্দোষ। প্রজাপতি হইতে আরম্ভ করিয়া পৌতিমাষীপুত্র পর্য্যন্ত যে আচার্য্য-পরম্পরাক্রম প্রদর্শিত হইল, তাহা অধোমুখ অর্থাৎ প্রতিলোমক্রমে বুঝিতে হইবে। সাংজীবীপুত্র পর্য্যন্ত স্ত্রীপ্রাধান্যক্রম অব্যাহত আছে। 'ব্রহ্মণঃ' অর্থ—বেদভাগের; সেই এই প্রবচনাত্মক ব্রহ্ম প্রজাপতির উপদেশ পরম্পরাক্রমে আমাদের নিকট আসিয়া বহুভাগে বিস্তৃতি লাভ করিয়াছে। এখানে স্বয়ম্ভু অর্থ অনাদি অনন্ত নিত্য ব্রহ্ম; সেই ব্রহ্মের উদ্দেশে নমস্কার, এবং তাহার অনুগামী গুরুগণকেও নমস্কার॥৪৩৬—৪৩৯॥১—৪॥

ইতি ষষ্ঠাধ্যায়ে পঞ্চম ব্রাহ্মণের ভাষ্যানুবাদ সমাপ্ত॥৬॥৫॥

বৃহদারণ্যকোপনিষদের ভাষ্যানুবাদ সমাপ্ত॥০॥

আত্রেয়ীপুত্রাদাত্রেয়ীপুত্রো গৌতমীপুত্রাদ্গৌতমীপুত্রো ভারদ্বাজীপুত্রাদ্ভারদ্বাজীপুত্রঃ পারাশরীপুত্রাৎ পারাশরীপুত্রো বাৎসীপুত্রাদ্বাৎসীপুত্রঃ পারাশরীপুত্রাৎ পারাশরীপুত্রো বার্কারুণীপুত্রাদ্বার্কারুণীপুত্রো বার্কারুণীপুত্রাদ্বার্কারুণীপুত্র আর্ত্তভাগীপুত্রাদার্ত্তভাগীপুত্রঃ শৌঙ্গীপত্রাচ্ছৌঙ্গীপুত্রঃ সাঙ্কৃতীপুত্রাৎ সাঙ্কৃতীপুত্র আলম্বায়নীপুত্রাদালম্বায়নীপুত্র আলম্বীপুত্রা দালম্বীপুত্রো জায়ন্তীপুত্রাজ্জায়ন্তীপুত্রো মাণ্ডূকায়নীপুত্রান্মাণ্ডূকায়নীপুত্রো মাণ্ডূকীপুত্রান্মাণ্ডূকীপুত্রঃ শাণ্ডিলীপুত্রাচ্ছাণ্ডিলীপুত্রো রাথীতরীপুত্রাদ্রাথীতরীপুত্রো ভালুকীপুত্রাদ্ভালুকীপুত্রঃ ক্রৌঞ্চিকীপুত্রাভ্যাং ক্রৌঞ্চিকীপুত্রৌ বৈদভৃতীপুত্রাদ্বৈদভৃতীপুত্রঃ কার্শকেয়ীপুত্রাৎ কার্শকেয়ীপুত্রঃ প্রাচীনযোগীপুত্রাৎ প্রাচীনযোগীপুত্রঃ সাঞ্জীবীপুত্রাৎ সাঞ্জীবীপুত্রঃ প্রাশ্নীপুত্রাৎ প্রাশ্নীপুত্র আসুরিবাসিন-আসুরায়ণাদাসুরায়ণ আসুরেরাসুরিঃ—॥৪৩৭২॥২॥

মুলানুবাদ। আত্রেয়ীপুত্র হইতে, আত্রেয়ীপুত্র গৌতমীপুত্র হইতে, গৌতমীপুত্র ভারদ্বাজীপুত্র হইতে, ভারদ্বাজীপুত্র পারাশরী-পুত্র হইতে, পারাশরী-পুত্র বাৎসীপুত্র হইতে, বাৎসী পুত্র পারাশরী-পুত্র হইতে, পরাশরীপুত্র বার্কারুণীপুত্র হইতে, বার্কারুণী-পুত্র পুনশ্চ বার্কারুণীপুত্র হইতে, বার্কারুণীপুত্র আর্ত্তভাগীপুত্র হইতে, আর্ত্তভাগীপুত্র শৌঙ্গীপুত্র হইতে, শৌঙ্গীপুত্র সাঙ্কৃতীপুত্র হইতে, সাঙ্কৃতীপুত্র আলম্বায়নী-পুত্র হইতে, আলম্বায়নী-পুত্র আলম্বীপুত্র হইতে, আলম্বী-পুত্র জায়ন্তীপুত্র হইতে, জায়ন্তীপুত্র মাণ্ডূকায়নী-পুত্র হইতে, মাণ্ডূকায়নী-পুত্র মাণ্ডূকীপুত্র হইতে, মাণ্ডূকীপুত্র শাণ্ডিলীপুত্র হইতে, শাণ্ডিলীপুত্র রাথীতরী-পুত্র হইতে, রাথীতরীপুত্র ভালুকীপুত্র হইতে, ভালুকীপুত্র ক্রৌঞ্চিকীর পুত্রদ্বয় হইতে, ক্রৌঞ্চিকীর পুত্রদ্বয় বৈদভৃতীপুত্র হইতে,

বৈদভৃত্তীপুত্র কার্শকেয়ীপুত্র হইতে, কার্শকেয়ীপুত্র প্রাচীনযোগীপুত্র হইতে, প্রাচীনযোগীপুত্র সাঞ্জীবীপুত্র হইতে, সাঞ্জীবীপুত্র প্রাশ্নী-পুত্র হইতে, প্রাশ্নী-পুত্র আসুরিবাসী আসুরায়ণ হইতে, আসুরায়ণ আসুরি হইতে, আসুরি—॥৪৩৭॥২॥

যাজ্ঞবল্ক্যাদ্‌যাজ্ঞবল্ক্য উদ্দালকাদুদ্দালকোঽরুণাদরুণ উপবেশে-রুপবেশিঃ কুশ্রেঃ কুশ্রির্বাজশ্রবসো বাজশ্রবা জিহ্বাবতো বাধ্যোগাজ্জিহ্বাবান্ বাধ্যোগোঽসিতাদ্বার্ষগণাদসিতো বার্ষগণো হরি-তাৎ কশ্যপাৎ হরিতঃ কশ্যপঃ শিল্পাৎ কশ্যপাৎ, শিল্পঃ কশ্যপঃ কশ্যপান্নৈধ্রুবেঃ, কশ্যপো নৈধ্রুবির্বাচো বাগম্ভিণ্যা অম্ভিণ্যা-দিত্যাৎ; আদিত্যানীমানি শুক্লানি যজূংষি বাজসনেয়েন যাজ্ঞবল্ক্যেনাখ্যায়ন্তে ॥৪৩৭৩॥৩॥

মুলানুবাদ। যাজ্ঞবল্ক্য হইতে, যাজ্ঞবল্ক্য উদ্দালক হইতে, উদ্দালক অরুণ হইতে, অরুণ উপবেশি হইতে, উপবেশি কুশ্রি হইতে, কুশ্রি বাজশ্রবা হইতে, বাজশ্রবা জিহ্বাবান্ বাধ্যোগ হইতে, জিহ্বাবান্ বাধ্যোগ অসিত বার্ষগণ হইতে, অসিত বার্ষগণ হরিতকশ্যপ হইতে, হরিত কশ্যপ, শিল্প-কশ্যপ হইতে, শিল্প-কশ্যপ নৈধ্রুবিকশ্যপ হইতে, নৈধ্রুবিকশ্যপ বাক্ হইতে, বাক্ অম্ভিনী হইতে, অম্ভিনী আদিত্য হইতে। আদিত্য হইতে প্রাপ্ত এই সমস্ত শুক্ল যজু বাজসনেয় যাজ্ঞবল্ক্য কর্তৃক ব্যাখ্যাত হইয়াছে॥৪৩৮॥৩॥

সমানমা সাঞ্জীবীপুত্রাৎ, সাঞ্জীবীপুত্রো মাণ্ডূকায়নের্মাণ্ডূকায়-নির্মাণ্ডব্যাম্মাণ্ডব্যঃ কৌৎসাৎ কৌৎসো মাহিত্থের্মাহিত্থির্বা-মকক্ষায়ণাদ্বামকক্ষায়ণঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যো বাৎস্যাদ্বাৎস্যঃ কুশ্রেঃ-কুশ্রির্যজ্ঞবচসো রাজস্তম্বায়নাদ্‌যজ্ঞবচা রাজস্তম্বায়নস্তুরাৎ

কাবষেয়াৎ তুরঃ কাবষেয়ঃ প্রজাপতেঃ, প্রজাপতির্ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভু, ব্রহ্মণে নমঃ ॥৪৩৭॥৪॥

ইতি পঞ্চমং ব্রাহ্মণম্ ॥৬॥৫॥

ইতি বাজসনেয়ক-বৃহদারণ্যকোপনিষৎসু ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

ব্রাহ্মণক্রমেণ তু অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

সমাপ্তঃ ॥

॥ ওঁ তৎসৎ ॥

মূলানুবাদ। সাঞ্জীবীপুত্র পর্য্যন্ত আচার্য্য ক্রম সমান। সাঞ্জীবীপুত্র মাণ্ডূকায়নি হইতে, মাণ্ডূকায়নি মাণ্ডব্য হইতে, মাণ্ডব্য কৌৎস হইতে, কৌৎস মাহিত্থি হইতে, মাহিত্থি বামকক্ষায়ণ হইতে, বামকক্ষায়ণ শাণ্ডিল্য হইতে, শাণ্ডিল্য বাৎস হইতে, বাৎস কুশ্রি হইতে, কুশ্রি যজ্ঞবচস্ রাজস্তম্বায়ন হইতে, যজ্ঞবচা রাজস্তম্বায়ন তুর কাবষেয় হইতে, তুর কাবষেয় প্রজাপতি হইতে, এবং প্রজাপতি ব্রহ্ম হইতে বিদ্যালাভ করিয়াছিলেন। ব্রহ্ম অর্থ স্বয়ম্ভু। তাহার উদ্দেশে নমস্কার ॥৪৩৭॥৪॥

ইতি ষষ্ঠ অধ্যায়ে পঞ্চম ব্রাহ্মণ ব্যাখ্যা ॥৬॥৫॥

ইতি শ্রীবৃহদারণ্যকোপনিষদের মূলানুবাদ সমাপ্ত ॥০॥

সম্পূর্ণেয়ং বৃহদারণ্যকোপনিষদ্ ॥

বৃহদারণ্যকোপনিষদ্

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ত-তীর্থ-

কর্ত্তৃক

অনূদিত ও সম্পাদিত।

স্বত্বাধিকারী, প্রকাশক ও সহকারী সম্পাদক

শ্রীঅনিল চন্দ্র দত্ত।

লোটাস্ লাইব্রেরী,

২৮।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

সন ১৩২৭ সাল।

[All rights reserved.]

মূল্য—গ্রাহক-পক্ষে——১২॥০
সাধারণ-পক্ষে—১৪৲

শ্রীমন্মথনাথ দাস দ্বারা মুদ্রিত,
দি ইউনিয়ন প্রেস।
৬৭।১ বলরাম দের ষ্ট্রীট, কলিকাতা।

ভূমিকা

—:০:—

অপার করুণাময় পরমেশ্বরের কৃপায় টীকা, ভাষ্য, অনুবাদ ও টিপ্পনী সহকারে সম্পূর্ণ বৃহদারণ্যকোপনিষদ্ অদ্য মুদ্রিত হইয়া প্রচারিত হইল। উপনিষদ্ সমূহের মধ্যে বৃহদারণ্যকোপনিষদ্ যে, আয়তনে ও অর্থগৌরবে সর্ব্বাপেক্ষা অতি মহান্, বোধ হয়, তদ্বিষয়ে কাহারো সন্দেহ নাই। সুতরাং এত বড় গ্রন্থের মুদ্রণাদি কার্য্যে যে, কিঞ্চিৎ কালবিলম্ব ঘটিয়াছে; আশা করি, তজ্জন্য সহৃদয় পাঠকগণ আমাদের যত্নের ক্রটী মনে করিবেন না।

উপনিষদ্মাত্রই যে, ব্রহ্মবিদ্যাপ্রকাশক বা ব্রহ্মবিদ্যাত্মক, 'উপনিষদ্' সংজ্ঞাই তদ্বিষয়ে সাক্ষ্য প্রদান করিতেছে; কারণ, 'উপনিষদ্' শব্দের অর্থবিশ্লেষণ করিলে ঐরূপ অর্থই প্রতীতিগোচর হইয়া থাকে। উপনিষদ্ শব্দ হইতে কিপ্রকারে যে, ঐরূপ অর্থ লাভ করা যায়, তাহা আমরা ইতঃ পূর্ব্বে বহুবার বলিয়াছি; সুতরাং এখানে আর তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। এখন বৃহদারণ্যকোপনিষদ্ সম্বন্ধে যাহা কিছু বিশেষ বক্তব্য আছে, এখানে আমরা সংক্ষেপতঃ কেবল তাহারই আলোচনা করিতেছি।

প্রসিদ্ধ যজুর্ব্বেদ দুই ভাগে বিভক্ত—এক শুক্ল, অপর কৃষ্ণ। অন্যান্য বেদের ন্যায় শুক্ল যজুর্ব্বেদও বহু শাখায় বিভক্ত; তন্মধ্যে কাণ্ব ও মাধ্যন্দিন নামক শাখা দুইটী এদেশে সমধিক প্রসিদ্ধ। অন্যান্য বেদশাখার ন্যায় এই কাণ্ব ও মাধ্যন্দিন শাখার সহিত দুইটী স্বতন্ত্র 'ব্রাহ্মণ' সংযোজিত আছে। ঐ ব্রহ্মণদ্বয় 'শতপথ ব্রাহ্মণ' নামে পরিচিত; তন্মধ্যে কাণ্বশাখীয় ব্রাহ্মণটী সপ্তদশ কাণ্ডে সমাপ্ত, আর মাধ্যন্দিন-শাখীয় ব্রাহ্মণটী পঞ্চদশ কাণ্ডে সম্পূর্ণ হইয়াছে। উক্ত উভয় ব্রাহ্মণেরই কাণ্ডদ্বয় 'আরণ্যক' নামে প্রসিদ্ধ, এবং তাহারই শেষাংশে আবার দুইখানি উৎকৃষ্ট উপনিষদ্ সন্নিবদ্ধ আছে। এই ব্রাহ্মণদ্বয়ের মধ্যে কেবল যে, নামেরই একমাত্র সাম্য আছে, তাহা নহে; উভয়ের মধ্যে ভাষা ও বিষয়গত সাম্যও যথেষ্ট রহিয়াছে। অধিক কি, অনেক স্থলে একই শ্রুতি উভয় ব্রাহ্মণের মধ্যে অবিকলভাবে সন্নিবদ্ধ রহিয়াছে, দেখিতে পাওয়া যায়। কোথাও বা একই অভিপ্রায়-প্রকাশক একাকার শ্রুতিদ্বয়ের মধ্যে, দুই একটী

শব্দের ন্যূনাধিক্য ব্যতীত আর কিছুমাত্র প্রভেদ পরিদৃষ্ট হয় না। এই কারণেই, উভয়ের মধ্যে, এক ব্রাহ্মণস্থিত কোন শ্রুতির প্রকৃতার্থ নির্দ্ধারণে সংশয় উপস্থিত হইলে, আচার্য্যগণ অপর ব্রাহ্মণগত অনুরূপ শ্রুতির সাহায্যে প্রকৃতার্থ নির্দ্ধারণ করিতে যত্নপর হইয়াছেন।

আমরা প্রথমেই বলিয়াছি যে, কাণ্ব ও মাধ্যন্দিন-শাখীয় দুইটী ব্রহ্মণেরই শেষাংশে দুইটী উৎকৃষ্ট উপনিষদ্ সংযোজিত রহিয়াছে। তন্মধ্যে আলোচ্য বৃহদারণ্যকোপনিষদ্‌খানি কাণ্ব-শাখীয় শতপথ ব্রাহ্মণের সপ্তদশ কাণ্ডের তৃতীয় অধ্যায় হইতে আরব্ধ হইয়া ছয় অধ্যায়ে সমাপ্ত হইয়াছে।

এই বৃহদারণ্যকোপনিষদের নাম-নির্ব্বচন প্রসঙ্গে আচার্য্য শঙ্কর বলিয়াছেন—"সেয়ং ষড়ধ্যায়ী অরণ্যে অনূচ্যমানত্বাৎ—'আরণ্যকম্'; বৃহত্ত্বাৎ পরিমাণতঃ—বৃহদারণ্যকম্।" অর্থাৎ ছয় অধ্যায়ে পরিপূর্ণ এই উপনিষদ্‌খানি অরণ্যমধ্যে উপদিষ্ট হইয়া থাকে বলিয়া 'আরণ্যক', আর পরিমাণে সর্ব্বাপেক্ষা বড় বলিয়া বৃহৎ; [সুতরাং ইহার নাম হইয়াছে—] 'বৃহদারণ্যক'। এ কথা নিঃশঙ্কচিত্তে বলিতে পারা যায় যে, চতুর্ব্বেদান্তর্গত ছোট বড় যতগুলি উপনিষদ্ আছে, তন্মধ্যে এই বৃহদারণ্যক-উপনিষদ্ খানি যে, আয়তনে ও অর্থগৌরবে সর্ব্বাপেক্ষা বৃহৎ, তদ্বিষয়ে কোনও সন্দেহ নাই, এবং ইহার মধ্যে যে সমুদয় দুরূহ বিষয়—জীব, জগৎ ও ব্রহ্মতত্ত্ব সন্নিবদ্ধ, আলোচিত ও মীমাংসিত হইয়াছে; সে সমুদয় তত্ত্ব হৃদয়ঙ্গম বা অনুভবগোচর করিতে হইলে জনকোলাহলশূন্য পুণ্য অরণ্যভূমিই যে একান্ত উপযোগী, সে বিষয়েও কাহার বিবাদ নাই। অতএব আচার্য্য-প্রদর্শিত নাম-নির্ব্বচন হইতেই ইহার প্রকৃত স্বরূপ ও গৌরব মহিমা প্রকাশ পাইতেছে।

আলোচ্য বৃহদারণ্যকোপনিষদের প্রধান প্রতিপাদ্য বিষয় দুইটী—জ্ঞান ও কর্ম্ম। জীব, জগৎ ও ব্রহ্মতত্ত্ব প্রায় প্রত্যেক উপনিষদেই অল্পাধিক পরিমাণে প্রতিপাদিত ও আলোচিত হইয়াছে; কিন্তু বৃহদারণ্যকোপনিষদ্ কেবল সেই কয়টীমাত্র বিষয়ের উপদেশ করিয়াই বিরত হন নাই; পরন্তু মোক্ষলাভের একমাত্র উপায়ভূত ব্রহ্মবিদ্যা বা তত্ত্বজ্ঞানের সহিত কর্ম্মকাণ্ডের যে, একটা ঘনিষ্ঠ সম্বন্ধ আছে, তাহাও অতি উত্তমরূপে নির্ণীত করিয়াছেন। শ্রুতির অভিপ্রায় এই যে, সাধারণতঃ মনুষ্যমাত্রই সকাম; সুতরাং কর্ম্মপরতন্ত্র; সকাম কর্ম্মমাত্রই ভোগাসক্তি বৃদ্ধি করিয়া দেয়; এইজন্য উহা সর্ব্বোত্তম অদ্বৈত ব্রহ্মজ্ঞানের নিতান্ত পরিপন্থী; সুতরাং ভোগাসক্ত সকাম মানবগণের পক্ষে নিষ্কাম অদ্বৈত-

তত্ত্বের উপদেশ কখনই চিত্তাকর্ষক হইতে পারে না; এবং সে উপদেশে কিছুমাত্র ফলোদয়ও হয় না, বা হইতে পারে না; অথচ পরম সত্য অদ্বৈতবিদ্যা ব্যতিরেকে সংসার-সাগরমগ্ন কোন মানবেরই উদ্ধারের দ্বিতীয় উপায় নাই। শ্রুতি বলিতেছেন—

"তমেব বিদিত্বাতি মৃত্যুমেতি, নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়"।

অর্থাৎ মুমুক্ষু জীব সেই একমাত্র পরমাত্মাকে জানিয়াই মৃত্যুভয় অতিক্রম করিতে (মুক্তিলাভে) সমর্থ হয়; নচেৎ মোক্ষধামে যাইবার আর দ্বিতীয় পথ নাই। তাই জননীর ন্যায় লোকহিতৈষিণী শ্রুতি কর্ম্মাসক্ত সকাম জীবগণের জন্য যেরূপ উপায় অবলম্বন করিলে ব্রহ্মবিদ্যা সুলভ হইতে পারে—বিবেচনা করিয়াছেন; এখানে সেই পদ্ধতিই গ্রহণ করিয়াছেন; কিন্তু কর্ম্মের নিন্দা বা উপেক্ষণীয়তা প্রতিপাদন দ্বারা অজ্ঞ লোকদিগের বুদ্ধিভেদ ঘটাইয়া জ্ঞান-কর্ম্ম উভয় পথই কণ্টকিত করেন নাই; পরন্তু প্রথমেই কর্ম্মাঙ্গ উপাসনার অবতারণা করিয়া কর্ম্মাসক্ত জীবগণকেও জ্ঞান-সুধাস্বাদনের যথেষ্ট সুযোগ করিয়া দিয়াছেন।

উপনিষদের প্রথমেই সর্ব্বলোক-বিদিত যাগশ্রেষ্ঠ অশ্বমেধীয় অশ্বের অঙ্গ-প্রত্যঙ্গে উষা-কাল প্রভৃতির চিন্তা করিতে উপদেশ করা হইয়াছে; পক্ষান্তরে, যে সকল লোকের অশ্বমেধ যাগে অধিকার নাই, তাহাদের জন্যও উক্ত উষা-কাল প্রভৃতিতে যজ্ঞীয় অশ্বের অঙ্গ-প্রত্যঙ্গ দৃষ্টির বিধান করা হইয়াছে। এইরূপ কর্ম্মাঙ্গ স্তোত্রজাতীয় উদ্‌গীথাদি অবলম্বনেও উদ্‌গীথ-বিদ্যা প্রভৃতির উপদেশ করা হইয়াছে। উদ্দেশ্য—কর্ম্মাসক্ত মানবগণ এইরূপে স্থূল বস্তু অবলম্বনে চিন্তা করিতে অভ্যস্ত হইয়া, ক্রমে ব্রহ্মচিন্তায়ও অধিকারী হইতে পারিবে।

অনন্তর সোপানারোহক্রমে ক্রমশঃ সগুণ ব্রহ্মবিষয়ে সম্পদ্ ও প্রতীক প্রভৃতি (১) নানাপ্রকার সগুণোপাসনা নিরূপণ করিয়া, চরম লক্ষ্য নির্গুণ ব্রহ্মবিদ্যার অবতারণা করিয়াছেন। প্রসঙ্গক্রমে সৃষ্টিতত্ত্ব ও জড়তত্ত্ব প্রভৃতি অবশ্যজ্ঞাতব্য নানাবিধ বিষয়েরও অবতারণা করিয়া আপনার উদ্দেশ্য সিদ্ধির পথ প্রশস্ত করিয়াছেন।

(১) সম্পদ্ ও প্রতীক নামে দুইপ্রকার উপাসনা আছে। তন্মধ্যে, স্বল্পগুণসম্পন্ন কোন একটী আলম্বনের (ধ্যেয় বস্তুর) ক্ষুদ্রভাব গোপন রাখিয়া যে, তদপেক্ষা অধিকগুণ সম্পন্ন কোন বস্তুর সহিত অভিন্নভাবে উপাসনা, তাহার নাম সম্পদ্ উপাসনা। যেমন—প্রতিমাতে বিষ্ণুর উপাসনা। আর ধ্যেয় বস্তুর কোন একটী অংশকে যে, সম্পূর্ণ ধ্যেয় বস্তুরূপে উপাসনা, তাহা প্রতীক উপাসনা। যেমন ব্রহ্ম-নামে ব্রহ্মচিন্তা।

মহামতি আচার্য্য শঙ্কর স্বকৃতভাষ্যমধ্যে এই সমুদয় বিষয়ের বিবৃতি প্রসঙ্গে এমন সমুদয় জটিল তত্ত্বের আলোচনা ও মীমাংসা করিয়া গিয়াছেন, যাহা অন্যত্র কুত্রাপি সেরূপ বিশদভাবে আলোচিত হয় নাই। অধিক কি, একমাত্র বৃহদারণ্যকোপনিষদের শাঙ্কর ভাষ্যটী উত্তমরূপে বুঝিতে পারিলে, বেদান্তের প্রতিপাদ্য তাবৎ বিষয় ও বেদান্ত সম্বন্ধে শঙ্করের অভিমত সিদ্ধান্ত যে কিপ্রকার, তাহাও জানিতে বা বুঝিতে বাকী থাকে না। আচার্য্য শঙ্কর বেদান্তদর্শন বা ব্রহ্মসূত্রের ভাষ্য-ব্যাখ্যার অধিকাংশ স্থলেই, ছান্দোগ্যের স্থায় বৃহদারণ্যকের বাক্যসমূহ উদ্ধৃত করিয়া স্বমত-সংস্থাপনে সফলতা লাভ করিয়াছেন।

এই বৃহদারণ্যকোপনিষদের শাঙ্কর-ভাষ্যের উপর আচার্য্য সুরেশ্বর একটী প্রকাণ্ড ব্যাখ্যাগ্রন্থ রচনা করিয়াছেন। তাহার নাম বৃদারণ্যক-বার্ত্তিক। ভাষ্যমধ্যে যে সমুদয় বিষয় বলা হয় নাই, অথবা সংক্ষেপে বলা হইয়াছে, সে সমুদয়ের বিবৃতি বিধান করাই ঐ বার্ত্তিকের প্রধান কার্য্য। দুঃখের বিষয় এই যে, আমরা পাঠকবর্গকে তাহার রসাস্বাদনের ব্যবস্থা করিতে পারিলাম না।

বৃহদারণ্যকোপনিষদ্ সম্বন্ধে আরও অনেক কথা বলিবার আছে, কিন্তু এখন সে সমুদয়ের অবতারণা করিব না। ভগবদিচ্ছা থাকিলে, সর্ব্বশেষে আমরা ঐ সমুদয় বিষয়ের বিশদভাবে আলোচনা করিয়া নিজের ও পাঠক-বর্গের কৌতুহল চরিতার্থ করিব।

পরিশেষে বক্তব্য এই যে, আধি-ব্যাধিসমাকুল সংসারে এরূপ বৃহদায়তন জটিল গ্রন্থের সম্পাদনে ও অনুবাদাদি কার্য্যে পদে পদে ত্রুটী ঘটিতে পারে; বিশেষতঃ যেখানে অপরের সহায়তা গ্রহণ ব্যতীত চলিবার উপায় নাই, সেখানে ত ত্রুটীসংঘটন একান্তই সম্ভবপর; অতএব সহৃদয় পাঠকগণ, সেরূপ কোনও ত্রুটী দেখিয়া আমাদিগকে জানাইলে, আমরা পরম আনন্দ লাভ করিব এবং বিশেষ উপকৃত হইব।

ভবানীপুর,
ভাগবত-চতুষ্পাঠী
কলিকতা।
১৩২৬। শুভ কার্ত্তিক।

শ্রীদুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ
সম্পাদক ও অনুবাদক।

বৃহদারণ্যক-শ্রুতি ও ভাষ্যোক্ত বিষয়ের সূচী।

প্রথম অধ্যায়।

দ্বিতীয় অধ্যায়।

তৃতীয় অধ্যায়।

চতুর্থ অধ্যায়।

পঞ্চম অধ্যায়।

বিষয়।	ব্রাহ্মণ।	পত্রাঙ্ক।

ষষ্ঠ অধ্যায়।

বৃহদারণ্যকোপনিষদের সূচী-পত্র সম্পূর্ণ।

বৃহদারণ্যকোপনিষদের বর্ণানুক্রমে

মন্ত্র-সূচী।

অ

জ

ত